৪৩। কোন ব্যক্তির বাটীতে কোন পশু মরিলে তাহার মৃত্যুর পর ৩ ঘণ্টার অথবা রাত্রে মৃত্যু হইলে রাত্রি প্রভাত হইলে ২ ঘণ্টার মধ্যে সেই মৃত পশুকে নিজে স্বীয় খরচে মিউনিসিপল কমিস্যনরগণকর্ত্তৃক পশ্বাদির মৃত দেহ নিক্ষেপ করিবার জন্য নিরূপিত স্থানে ফেলিয়া দিবেক। অথবা যে ডিবিজানে তাহার বাটী সেই ডিবিজানের কন্সারভেন্সী ওবরসিয়রের নিকট সংবাদ দিবেক। কিন্তু উক্ত মৃত দেহ স্থানান্তর করণের নিমিত্তে মিউনিসিপল কমিস্যনরগণ যে খরচ নির্দ্ধারিত করিবেন তাহা উল্লিখিত ওবরসিয়রের নিকট দিতে হইবেক। পরন্তু সে পশু যদি উপরি উক্ত ব্যক্তির না হয় এবং যাহার পশু তাহাকে জানিতে পারিলে সমুদয় খরচ তাহাকেই দিতে হইবেক এবং ঐ খরচ মিউনিসিপল কমিস্যনরগণ তাহাদিগের প্রাপ্য টাকার ন্যায় আদায় করিবেন এবং কোন ওবরসিয়র ঐরূপ প্রকার মৃত দেহ স্থানান্তর করিতে গাফিলি করিবেন না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৪। কোন ব্যক্তি কোন রোগগ্রস্ত বা জীর্ণ পশুকে কোন সাধারণ রাস্তায় অথবা যথা হইতে সাধারণ রাস্তায় যাইতে পারে এমত স্থানে ছাড়িয়া দিতে বা দেওয়াইতে কিম্বা আপনি খুলিয়া যাইতে দিবে না।

বিধি লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৪৫। কেহ কোন শব বা শবাংশ কমিস্যনরেরা সময়েং যে স্থান নির্দ্দিষ্ট করিবেন তদ্ব্যতীত অন্য কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৬। কেহ কোন নির্দ্ধারিত শ্মশানে বা গোরস্থানে কোন শব কিম্বা শবাংশ দাহ কিম্বা মৃত্তিকাসাৎ ভিন্ন কোনরূপ প্রকারে ফেলিতে পারিবে না।

বিধি লংঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৭। কোন গোরস্থানের কোন ইষ্টক নির্ম্মিত কবরে মৃত দেহ মৃত্তিকাসাৎ করাইতে হইলে এরূপে প্রবেশিত করাইতে হইবে যে, উক্ত মৃত দেহ কিম্বা তাহার সিন্দুকের উপরিভাগ তথাকার জমির উপরিভাগ হইতে ৪ ফিটের অনধিক নিম্নে না থাকে।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

48. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or part of a corpse in a grave not constructed of masonry which shall be less than 6 feet deep.

Penalty for infringement, Rupees 10.

49. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than 2 feet from any other existing grave.

Penalty for infringement, Rupees 20.

50. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

51. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

52. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within 6 hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

53. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or other articles connected with the burning of such corpse, to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

54. No one shall carry a corpse, or part of a corpse through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

55. No person while carrying any corpse, or part of a corpse, through the precincts falling within municipal limits, shall deposit it on or near any public highway for any purpose whatever.

Penalty for infringement, Rupees 10.

56. Every corpse, or part of a corpse that has been kept or used for purposes of dissection, must be removed in a closed vehicle.

Penalty for infringement, Rupees 20.

57. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground, without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

[*Government Gazette*, 1st *January* 1867.]

৪৮। কোন গোরস্থানে ইষ্টক নির্ম্মিত কবর না হইলে ছয় ফিটের কম গভীর কবরে কেহ কোন মৃত দেহ কবরিত করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৪৯। কোন গোরস্থানে কেহ কোন বর্ত্তমান কবরের দুই ফিটের অনধিক দূরেতে অন্য এক কবর নির্ম্মাণ বা খনন করিতে অথবা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫০। কোন গোরস্থানে মিউনিসিপল কমিস্যনরগণের দ্বারা নির্দ্দিষ্ট পংক্তির বহির্ভূত স্থানে কেহ কোন কবর নির্ম্মাণ বা খনন করিতে বা করাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫১। মিউনিসিপল কমিস্যনরগণের অনুমতি ভিন্ন অন্য যে কবর একবার ব্যবহৃত হইয়াছে তাহা পুনর্ব্বার অন্য শব প্রবেশ করণার্থ কেহ খুলিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫২। যে কোন ব্যক্তি কোন শবদাহ ভূমিতে কোন শব বা শবাংশ আনিবে বা আনাইবে তাহা উক্ত দাহ ভূমিতে উপস্থিত হইবার পর ৬ ঘণ্টার মধ্যে দাহন করিতে বা করাইতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৩। কোন ব্যক্তি কোন শবদাহ-স্থানে কোন শব বা শবাংশ দাহন করিতে বা করাইতে হইলে তাহা এরূপে পোড়াইবে যে তাহার কোন অংশ সর্ব্বোতোভাবে ভস্মাবশেষীকৃত হইতে বাঁকী না থাকে। উক্ত শব সম্বন্ধীয় বস্ত্র ও অন্যান্য দ্রব্যাদি সর্ব্বোতাবে ভস্মসাৎ না করিয়া দাহন স্থানে বা তাহার সন্নিকটে কোন স্থানে রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৪। কেহ কোন শব বা শবাংশ উত্তমরূপে আচ্ছাদিত ভিন্ন কেহ কোন সাধারণ রাস্তা দিয়া লইয়া যাইতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৫। মিউনিসিপল সীমার মধ্য দিয়া কেহ কোন শব বা শবাংশ লইয়া যাইতে হইলে কোন কারণবশতঃ সাধারণ রাস্তার উপর রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৫৬। যে সকল শব বা শবাংশ ছেদ বিদ্যা শিক্ষার্থে রক্ষিত বা ব্যবহৃত হয় তাহা আবরিত গাড়িতে করিয়া লইয়া যাইতে হইবেক।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৫৭। কমিস্যনরদিগের অনুমতি ব্যতিরেকে কোন সাধারণ ভূমির উপরে পশু ও শকট জমা করিয়া রাখিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

Miscellaneous.

58. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any house, building, wall, or place in any highway the name by which such highway is to be known. Any person pulling down, destroying, or defacing such name shall be liable to a penalty of Rupees 5.

59. The Commissioners may fix a number in a conspicuous place on the outerside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying, pulling down, or defacing any such number shall be liable to a fine of Rupees 5.

60. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under Act or Bye-laws, and the fees to be so charged shall be, from time to time, adjusted by the Commissioners with the sanction of Government.

61. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and shew his license when required to do so by any Commissioner or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

62. The owner of any vehicle registered under Sections 49, 51 of the District Municipal Improvement Act shall affix, or cause to be affixed, the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

63. The penalty laid down for infringing bye-laws is in each case the maximum.

H. Ulick Browne,
Chairman.

The 11th December 1866.

নানাবিষয়ক।

৫৮। সাধারণ রাস্তার উপর যে সকল ঘর ইমারত প্রাচীর বা স্থান থাকিবেক মিউনিসিপল কমিস্যনরগণ ইচ্ছা করিলে তাহার প্রকাশ্য অংশে উক্ত রাস্তার নামধেয় কোন দ্রব্য স্থাপন করিতে অথবা তথায় তাহার নাম লেখাইতে পারিবেন কোন ব্যক্তি সেই নাম নষ্ট উন্মোচন অথবা মুছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডার্হ হইবেক।

৫৯। মিউনিসিপল কমিস্যনরগণ ইচ্ছা করিলে কোন ঘরের বা ইমারতের অথবা তদ্বেষ্টনের বহির্ভাগে কোন প্রকাশ্যস্থানে উক্ত ঘর বা ইমারতের সংখ্যা স্থাপন করিতে পারিবেন এবং কেহ সেই সংখ্যা নষ্ট উন্মোচন বা মুছিয়া ফেলিলে ৫৲ টাকা দণ্ডার্হ হইবেক।

৬০। আইন বা উপবিধি সমূহের অনুযায়িক মিউনিসিপল কমিস্যনরগণ তাহাদিগের প্রদত্ত অনুজ্ঞাপত্রের কর গ্রহণ করিতে পারিবেন এবং উক্ত করের হার গবর্ণমেণ্টের অনুমত্যনুসারে সময়ে২ পরিবর্ত্তিত বা নির্দ্ধারিত করিতে পারিবেন।

৬১। উক্ত আইনের বা আইনঅনুসারে যে সকল উপবিধি প্রস্তুত হইবেক তাহার অনুযায়িক যে সকল ব্যক্তিদিগের অনুজ্ঞাপত্র লইবার প্রয়োজন হইবে তাহারা সেই২ অনুজ্ঞাপত্র কোন মিউনিসিপল কমিস্যনর অথবা তাহাদিগের নিয়োজিত লিখিত উপযুক্ত ক্ষমতা বিশিষ্ট কোন ব্যক্তি দেখিতে চাহিলে তৎক্ষণাৎ দেখাইতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা।

৬২। ডিস্ট্রিক্ট মিউনিসিপল ইমপ্রুভমেণ্ট আক্টের ৪৯ ও ৫১ ধারানুসারে যে সকল শকটাদি রেজিস্টর হইবেক তাহার স্বামী উক্ত রেজিস্টরির টিকিট থান প্রকাশ্যস্থানে লাগাইবেক কিম্বা লাগাইতে দিবেক।

বিধি লংঘনের দণ্ড ৫৲ টাকা।

৬৩। এই উপবিধি সকল লঙ্ঘনের যে২ পরিমাণ জরিমানা নির্দ্ধারিত করা হইয়াছে প্রত্যেক মোকদ্দমায় উহার অনূন দণ্ড হইবেক না।

এচ ইউলিক ব্রৌন,
চ্যারমান।

১৮৬৬ সাল ১১ ডিসেম্বর।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

নীলামের দ্বারা ভুমি সম্পত্তি

এবং

নীলকুঠী বিক্রয়।

১। সুবিখ্যাত খালবোওয়ালিয়া কানসরণের অন্তর্গত সমস্ত তালুক পত্তনি দরপত্তনি তালুক দোএম কামুন মহল খরিদা বৃত্তি মৌরুসী জমা এবং পাট্টাই জমী ও নীলকর্ম্ম চলিতে পারে এমত ৮ আট কুঠী ও ছোট দুই কুঠী ও মোকাম কৃষ্ণগঞ্জের দুইটি উৎকৃষ্ট পাকাঘর সমুদয় ইষ্টেট এক লাট অথবা সুবিধা বুঝিলে পৃথক২ লাট প্রকাশ্য নীলামে বিক্রয় হইবেক।

২। সন ১৮৬৭ সালের ১৭ জানুআরি বৃহস্পতিবার দিবা দুই প্রহর একটার সময় খালবোওয়ালিয়ার কুঠী মোকামে নীলাম আরম্ভ হইয়া যে পর্য্যন্ত সমুদয় বিষয় বিক্রয় না হয় তাবৎ প্রত্যহ ঐ একই সময়ে নীলাম হইবেক।

৩। এককালীন সমুদয় নীল কানসরণ অথবা সমুদয় জমীদারী কিম্বা তাহার কতকাংশ আপোসে বিক্রয়

বিষয়ক দরখাস্ত ও প্রস্তাবাদি ১০ জানুআরি তারিখ পর্য্যন্ত গ্রহণ করা যাইবেক।

৪। অপর বৃত্তান্ত নিম্ন স্বাক্ষরকারির নিকট তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

শ্রীমেং আর টি হীল সাহেব।
ব্যালফোর কোম্পানির
বাটী।
কলিকাতা।

বিক্রয়ের নিয়ম।

১। যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা উচ্চ মূল্য ডাকিবেন তাঁহার নিকট বিক্রয় করা যাইবেক। কিন্তু প্রত্যেক নীলামে বিক্রেতাদিগের কর্ম্মাধ্যক্ষ এক ডাক ডাকিতে পারিবেন। বিক্রেতার অধ্যক্ষ প্রত্যেক ডাকের উপর যে পরিমাণ বৃদ্ধি ডাকিতে হইবেক তাহা অবধারণ করিয়া দিবেন। যদি ডাকসম্বন্ধে কোন বিরোধ উপস্থিত হয় তবে ঐ বিরোধি ডাকের পূর্ব্বে যে ডাক হইয়াছিল সেই ডাকহইতে পুনরায় ডাক হইবেক। কেহ কোন ডাক ডাকিয়া তাহা অপহ্নব কি অস্বীকার করিতে পারিবেন না।

২। যে মূল্যে ডাক সাব্যস্ত হয় তাহার চতুর্থাংশের একাংশ খরিদ্দার ডাক বন্দ হইবামাত্র তৎক্ষণাৎ বিক্রেতার অধ্যক্ষকে দিবেন এবং অবশিষ্ট সমুদয় টাকা নীলামের দিন অবধি ১০ দিন মধ্যে পরিশোধ করিবেন। তাহা না করিলে নীলাম রদ এবং কিচের যে টাকা দেওয়া গিয়া থাকে তাহা বেবাক বিক্রেতার হইবেক। এবং বিক্রেতা ঐ বন্দ আপোসে বা প্রকাশ্য নীলামে পুনর্ব্বার বিক্রয় করিতে পারিবেন। দ্বিতীয় বিক্রয়ে প্রথম ডাকাপেক্ষা যে মূল্য কমি বা ক্ষতি খেসারত ও যে কিছু খরচপত্র হয় তাহা সমুদয় ত্রুটিকারি প্রথম ডাকনিয়া পুরণ করিবেন। যদি দ্বিতীয় বিক্রয়ে পূর্ব্বাপেক্ষা লভ্য হয় তাহাও বিক্রেতা পাইবেন। বিক্রয়ের পরক্ষণেই খরিদ্দার এই সমস্ত নিয়মে আবদ্ধ হইয়া একরার লিখিয়া দিবেন।

৩। যেহেতু বিক্রেতা বাঙ্গাল ইণ্ডিগো কোম্পানির বন্ধকগৃহীতার নিকট সন ১৮৬১ সালে সম্পত্তি খরিদ করিবার সময় হকিয়ত সম্পূর্ণরূপে তহকীক তদন্ত করা হইয়াছিল অতএব বুঝিতে হইবেক যে বিক্রেতা যে কোবালা প্রাপ্ত হইয়াছেন তদ্দ্বারা তাঁহারা সম্পত্তির সম্যকরূপে স্বত্ববান এবং মালিক হইয়াছেন এতাবতা ঐ সম্পত্তি সম্বন্ধে পূর্ব্বকার কোন দায় বা আপত্তি উত্থাপন হইবার নহে।

৪। খরিদা সম্পত্তির হস্তান্তর করণপত্র লিখিত পড়িতের সমুদয় ব্যয় মূল দর্লালের খশড়া বা জাবেতা নকলের ও রেজিষ্টরী খরচ ইষ্টাম্প কাগজের মূল্য এবং খরিদ্দারের নাম জমিদারী সেরেস্তায় খারিজ দাখিলের খরচ ইত্যাদি যে কিছু ব্যয় তাহা সমুদয় খরিদ্দার দিবেন।

৫। পত্তনি দরপত্তনি প্রভৃতি যাহাদিগের নিকট লওয়া হইয়াছিল তাহাদিগের মূল হকিয়তের দলিল অনুসন্ধান ব্যতিরেকে ঐ সমস্ত বস্তু বন্দোবস্ত করিয়া দিতে তাহাদিগের সম্পূর্ণ ক্ষমতা ছিল এমত অনুভব করিতে হইবেক। এবং ঐ সমস্ত পত্তনি দরপত্তনি মহালাতের দস্তাবেজ অনুসারে শেষ কিস্তির খাজানা পরিশোধের দাখিলাজাত বা ঐ খাজানা পরিশোধের অপর সন্তোষজনক প্রমাণ প্রদর্শিত হইলে তাহা ঐ সমস্ত পত্তনি দরপত্তনি সংক্রান্ত তাবৎ স্বত্বের ও নিয়মের সম্পন্ন হওয়া বলিয়া অথবা খরিদ হওয়ার সময় পর্য্যন্তের সমস্ত ওজর মিটিয়াছে বলিয়া কিম্বা ঐ পত্তনি প্রভৃতি ও অন্যান্য দস্তাবেজাৎ ঐ সময় সিদ্ধ এবং বলবৎ বলিয়া স্বীকার করিতে হইবেক।

৬। বিক্রেতাদিগের অন্যান্য বিষয়ের সহিত এক যোগে যে বিষয় বিক্রয় হয় তাহার দস্তাবেজ বিক্রেতা আপন হস্তে রাখিবেন। যে বস্তু সম্যগরূপে বিক্রয় করা যাইবেক তাহার দলিল বিক্রয়ের পরে যিনি অধিক মূল্যে খরীদ করিবেন অর্থাৎ যিনি প্রধান খরিদ্দার হইবেন তাঁহাকে সমর্পণ করা যাইবেক এবং বিক্রেতা বা প্রধান ক্রেতা এই উভয়ের মধ্যে দস্তাবেজ যাঁহার নিকট থাকিবেক তিনি অন্যান্য খরিদ্দারগণের প্রার্থনামতে তাহাদিগের নিকট খরচপত্র লইয়া মূল দস্তাবেজ দাখিল করা ও তাহার নকল দেওয়ার একরার লিখিয়া দিবেন।

৭। সন ১২৭০। ১২৭১। ১২৭২ সালের জমাওয়াসিল বাকি কাগজের লিখিত যে বকেয়া খাজানা বিক্রয়ের দিনে প্রজার নিকট পাওনা হয় তাহার দশ আনা রকম বিক্রয়ের দিন হইতে ছয় মাসের মধ্যে কিস্তিবন্দি সুরত খরিদ্দার বিক্রেতাকে দিবেন এবং ঐ বাকি পরিশোধের তারিখ নির্ণায়ক বোধস্বরূপ দলিল লিখিয়া দিবেন।

৮। বর্ত্তমান সনের যে খাজানা হস্তান্তরের দিনে প্রজার নিকট পাওনা থাকে তাহার মধ্যে সরঞ্জামি শতকরা দশ টাকা হিসাবে মিনাহ বাদে বাকি সমুদয় টাকা নাগাইদ সন ১২৭৩ সালের ৩০ চৈত্র তুল্যাংশে কিস্তিবন্দির দ্বারায় খরিদ্দার বিক্রেতাকে দিবেন।

৯। খতিকর্জ্জা ও ডিক্রী ও নীল দাদনি লহনা বাবদ যে সমস্ত টাকা প্রজা ও অন্যান্য লোকের নিকট পাওনা আছে তাহা বিক্রেতার স্বেচ্ছানুসারে কুঠীর সহিত এক যোগে বা পৃথকরূপে বিক্রয় হইবেক ইতি।

[*Government Gazette*, 1st January 1867.] J

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এক জে ম্যুর্লো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 8, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ৮ জানুআরি।

FOREIGN DEPARTMENT.

POLITICAL.

Fort William, the 2nd January 1867.

No. 4.

NOTIFICATIONS.

His Excellency the Governor General in Council is pleased to declare that the provisions of Act VIII. of 1863 are applicable to the following offences :—" Waging war against the Government of any Asiatic power in alliance with the Queen, or committing depredation on the territories of any such power, or attempting to commit these offences, or abetting the same."

The 3rd January 1867.

No. 9.

In recognition of the munificent charity displayed by Baboo Rajendro Lall Mullick, of Calcutta, towards the sufferers from the late famine, the Right Hon'ble the Viceroy and Governor General is pleased to confer on him the title of " Rai Bahadoor."

J. W. S. WYLLIE,
Offg. Secy. to the Govt. of India.

ফরিন্ ডিপার্টমেণ্ট।

পোলিটিকাল।

ফোর্ট উলিয়ম ১৮৬৭ সাল ২ জানুআরি।

৪ নম্বর।

বিজ্ঞাপন।

মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব আজ্ঞা করিতেছেন যে ১৮৬৩ সালের ৮ আইনের বিধান নিম্ন লিখিত অপরাধের প্রতি বর্ত্তিবে, যথা— "শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ আসিয়া দেশীয় কোন রাজ্যাধিপতির গবর্ণমেণ্টের বিরুদ্ধে যদি কেহ যুদ্ধ করে কি তাঁহার দেশে উপদ্রব করে কিম্বা ঐ ঐ অপরাধ করিবার উদ্যোগ কি সহায়তা করে।"

১৮৬৭ সাল ৩ জানুআরি।

৯ নম্বর।

কলিকাতার শ্রীযুত বাবু রাজেন্দ্রলাল মল্লিক দুর্ভিক্ষপ্রপীড়িত ব্যক্তিদের প্রতি বিপুল বদান্যতা প্রকাশ করাতে মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর রাজপ্রতিনিধি শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাঁহাকে রায় বাহাদুর উপাধি প্রদান করিলেন।

জে ডবলিউ এস উইলী,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

FINANCIAL DEPARTMENT.

Fort William, the 29th December 1866.

No. 2610.

Read the following:—

From the Right Hon'ble the Secretary of State for India, to His Excellency the Right Hon'ble the Governor General of India in Council,—No. 264, dated London, 16th November 1866.

I HAVE received and considered in Council your Financial Letter dated the 25th July last, No. 164, enquiring whether an Uncovenanted Servant may be allowed accumulated leave on private affairs for one year after a service of twelve years, or an accumulated furlough of two years after a service of eighteen years.

2. I concur in the opinion of your Government that the present rule, under which an Officer may be granted leave on private affairs for six months, with half pay at intervals of six years, is sufficiently liberal, and I am unable to sanction the accumulation of such leave to twelve months; but I have no objection to an Officer being allowed the option of taking his two years' furlough in two periods as at present, or in one period after eighteen year's service.

E. H. LUSHINGTON,
Secretary to the Government of India.

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

ফোর্ট উলিয়ম ১৮৬৬ সাল ২৯ ডিসেম্বর।

২৬১০ নম্বর।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকটে ভারতবর্ষের পক্ষে মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের লণ্ডন নগর লিখিত ১৮৬৬ সালের ১৬ নবেম্বর তারিখের ২৬৪ নম্বরের পত্র পাঠ করা গেল। পত্র এই—

আপনি গত জুলাই মাসের ২৫ তারিখের ১৬৪ নম্বরের যে রাজস্ব সংক্রান্ত পত্র পাঠাইয়াছিলেন তাহা প্রাপ্ত হইয়া তাহার তাৎপর্য্য আমি মন্ত্রিসভায় বিচার করিয়াছি। অচিহ্নিত কার্য্যকারকেরা ছুটী গ্রহণ না করিয়া দ্বাদশ বৎসর কর্ম্ম করিলে পর স্বীয় কর্ম্মোপলক্ষে এক বৎসর ছুটী এবং অষ্টাদশ বৎসর কর্ম্ম করিলে পর দুই বৎসরের নিয়মিত ছুটী পাইতে পারিবেন কি না এই কথা জিজ্ঞাসা করিয়াছেন।

২। উক্ত কর্ম্মকারকেরা ছয়২ বৎসরান্তে অর্দ্ধ বেতন ভোগি হইয়া স্বীয় কর্ম্মোপলক্ষে ছয় মাসের ছুটী পাইতে পারেন, এই যে বিধি এইক্ষণে প্রবল আছে আপনি তাহাই পর্য্যাপ্ত জ্ঞান করিয়াছেন। আমিও তাহাতে সম্মত। পূর্ব্বোক্ত প্রকারের দ্বাদশ মাসের ছুটীর অনুমতি দিতে পারি না। কিন্তু উক্ত কর্ম্মকারকেরা অষ্টাদশ বৎসর কর্ম্ম করিলে পর যে দুই বৎসরের ছুটী পাইতে পারেন, তাহা বর্ত্তমান বিধিমতে দুইবারে অথবা ইচ্ছা করিলে অষ্টাদশ বৎসরের পর একবারে লইতে পারেন, এই বিধি করিতে আমার আপত্তি নাই।

ই এচ লশিংটন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 2913.

APPOINTMENTS.

The 19th December 1866.

Mr. J. M. Paul to be an Ensign in the Assam Golaghat Rifle Volunteer Corps.

The 22nd December 1866.

Dr. T. Duka to be Civil Surgeon of Monghyr.

The 24th December 1866.

Mr. H. H. Metcalfe, Assistant Commissioner, Godda, is transferred to Doomka, where he will continue to exercise the powers of a Magistrate and District Superintendent of Police.

Mr. J. M. Blumhardt to be Assistant Commissioner of Godda, and to exercise, in addition to the powers of a Subordinate Magistrate of the First Class with which he is already vested, those

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

২৯১৩ নম্বর।

নিয়োগ।

১৮৬৬ সাল ১৯ ডিসেম্বর।

শ্রীযুত জে এম পাল সাহেব আসামস্থ গোলাঘাট রাইফল বলণ্টিয়র সৈন্যদলের এন্‌সাইন্‌ হইবেন।

১৮৬৬ সাল ২২ ডিসেম্বর।

ডাক্তর শ্রীযুত টি ডিউকা সাহেব মুঙ্গেরের সিবিল চিকিৎসক হইবেন।

১৮৬৬ সাল ২৪ ডিসেম্বর।

গদ্দার আসিষ্টাণ্ট কমিসনর শ্রীযুত এচ এচ মেট্‌কাফ সাহেব ডুমকাতে নিযুক্ত হইয়াছেন তথায় তিনি মাজিষ্ট্রেটের এবং পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের ক্ষমতাক্রমে কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত জে এম ব্লুমহার্ট সাহেব গদ্দার আসিষ্টাণ্ট কমিসনর হইবেন এবং স্বীয় অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাতিরিক্ত পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো

of a District Superintendent of Police. Mr. Blumhardt is further empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or by the High Court, to commit or to hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

The 27th December 1866.

The following Officers are appointed to the Fourth Grade of the Bengal Educational Service, *viz.:*—

Mr. W. Masters, Professor, Kishnaghur College.

Mr. J. K. Rogers, Professor, in charge, Patna College.

Mr. D. Carnduff, Professor, Berhampore College.

Baboo Issen Chunder Banerjee, Professor, Hooghly College.

The 28th December 1866.

Coomar Brojendra Narain Deb, Deputy Magistrate and Deputy Collector, Purneah, is transferred to Nuddea, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the latter District.

Mr. A. E. Russell to officiate, temporarily, as Additional Judge of Hooghly, Burdwan, and 24-Pergunnahs, and to exercise the powers of a Sessions Judge in Howrah.

Mr. R. H. Renny, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Cox's Bazar, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, and the powers of a Deputy Collector, in Chittagong. Mr. Renny is further empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or by the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

Moulvie Mahomed Kamil, Deputy Magistrate and Deputy Collector, Cox's Bazar, is transferred to the Sudder Station of Noakhally, and vested with the powers of a Magistrate in that District.

The Reverend E. Kemble to be Chaplain of Cuttack.

The Reverend G. T. Carruthers to be Chaplain of Dinapore.

Dr. T. Duka to officiate as Civil Surgeon of Howrah, during the absence, on leave, of Dr. R. Bird, or until further orders.

Dr. J. M. Cameron to officiate as Civil Assistant Surgeon of Monghyr.

[*Government Gazette*, *8th January* 1867.]

তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান লইতে কিম্বা উক্ত সেশন আদালতের কিম্বা হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে এবং তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

১৮৬৬ সাল ২৭ ডিসেম্বর।

নিম্ন লিখিত কার্য্যকারকেরা বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের চতুর্থ শ্রেণীতে নিযুক্ত হইয়াছেন, যথা—

কৃষ্ণনগর কালেজের অধ্যাপক শ্রীযুত ডবলিউ মাষ্টর্স সাহেব।

পাটনা কালেজের কর্ম্মের ভারপ্রাপ্ত অধ্যাপক শ্রীযুত জে কে রজার্স সাহেব।

বহরমপুর কালেজের অধ্যাপক শ্রীযুত ডি কার্ণডফ সাহেব।

হুগলী কালেজের অধ্যাপক শ্রীযুত বাবু ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

১৮৬৬ সাল ২৮ ডিসেম্বর।

পুরণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত কুমার ব্রজেন্দ্রনারায়ণ দেব নদীয়ায় নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত এ ই রসল সাহেব কিয়ৎকালের নিমিত্তে হুগলীর ও বর্দ্ধমানের ও চব্বিশপরগনার আডিসনল জজের কর্ম্ম করিবেন। এবং হাবড়ায় সেশন জজের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর এচ রেণী সাহেব কক্সবাজার শাখাখণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত হইবেন এবং চট্টগ্রামে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান লইতে এবং উক্ত সেশন আদালতের কিম্বা হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে এবং তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

কক্স বাজারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ কামেল নওয়াখালীর সদর মোকামে নিযুক্ত হইয়াছেন এবং ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

পাদরী শ্রীযুত ই কেম্বল সাহেব কটকের ধর্ম্মোপদেশক হইবেন।

পাদরী শ্রীযুত জি টি কাৰুথর্স সাহেব দানাপুরের ধর্ম্মোপদেশক হইবেন।

ডাক্তর শ্রীযুত আর বর্ড সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ডাক্তর শ্রীযুত টি ডিউকা সাহেব হাবড়ার সিবিল চিকিৎসকের কর্ম্ম করিবেন।

ডাক্তর শ্রীযুত জে এম কেমিরণ সাহেব মুঙ্গেরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম করিবেন।

Mr. W. Wavell to officiate as Magistrate and Collector of Bograh, until further orders.

Baboo Madhub Chunder Moitra, Deputy Magistrate and Deputy Collector, Bograh, is vested with the powers of a Magistrate in that District.

Baboo Protap Narain Sing, Deputy Magistrate and Deputy Collector of Burdwan, to have charge of the Sub-Division of Culna.

Mr. J A. Ricketts, Deputy Magistrate and Deputy Collector, Midnapore, is transferred to Burdwan, and vested with the powers of Magistrate in the latter District.

Captain J. Sconce, Revenue Surveyor, Lohardugga, is vested with the powers of a Deputy Collector, under Regulation IX. of 1833, in the Chota Nagpore Division.

The following gentlemen to be Members of the Local Committee for the management of the Dispensary recently established at Dowlutpore, in the Sub-Division of Khoolna, *viz:*—

The Officer in charge of the Sub-Division of Khoolna for the time being.

Baboo Khetter Gopal Banerjee.
,, Kalikant Chatterjee.
,, Nyan Chand Mozoomdar.
,, Dinobundhoo Mitter.
,, Parbutty Churn Mozoomdar.
,, Promotho Nath Sen, Secretary.

The 29th December 1866.

Moulvie Golam Batool Tumkin to be Sudder Ameen of Bancoorah and Moonsiff of the Sudder Station of that District.

Baboo Gunga Kant Mookerjee to be Sudder Ameen of Beerbhoom and Moonsiff of the Sudder Station of that District.

Baboo Biddoo Bhooshun Bannerjee to officiate as Sudder Ameen of Jessore and Moonsiff of the Sudder Station of that District.

The following Moonsiffs are promoted to the First Grade, *viz:*—

Moulvie Dubeeroodleen Ahmed, Moonsiff of Shazadpore, in Rajshahye.

Baboo Bisheshur Sen, Moonsiff of Selimabad, in Burdwan.

Baboo Ram Gobind Deb, Moonsiff of Cachar.

The 31st December 1866.

Mr. J. Birkmyre to be Sub-Registrar of Assurances at Silchar, with effect from the 5th July last.

Lieutenant W. L. Samuells to be Sub-Registrar of Assurances at Hazareebaugh, with effect from the 18th June last.

Mr. W. M. Souttar to be Sub-Registrar of Assurances at Jessore, with effect from the 5th instant.

শ্রীযুত ডবলিউ ওয়েবেল সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত বগুড়ার মাজিষ্ট্রেটের ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

বগুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মাধবচন্দ্র মৈত্র ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

বর্দ্ধমানের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রতাপনারায়ণ সিংহ কালনাশাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

মেদিনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এ রিকেটস সাহেব বর্দ্ধমানে নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

লোহারডগার রাজস্বের জরীপী কার্য্যকারক কাপ্তান শ্রীযুত জে স্কন্স সাহেব ছোট নাগপুর খণ্ডে ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

খুলনা শাখাখণ্ডের অন্তর্গত দৌলতপুরে সম্প্রতি যে চিকিৎসালয় স্থাপিত হইয়াছে নিম্নলিখিত মহাশয়েরা তাহার কার্য্য সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

যিনি যে সময়ে খুলনা শাখাখণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত হন তিনি।

শ্রীযুত বাবু ক্ষেত্রগোপাল বন্দোপাধ্যায়।
,, ,, কালীকান্ত চট্টোপাধ্যায়।
,, ,, নয়ানচাঁদ মজুমদার।
,, ,, দীনবন্ধু মিত্র।
,, ,, পার্ব্বতীচরণ মজুমদার।
,, ,, প্রমথনাথ সেন, সেক্রেটারী হইবেন।

১৮৬৬ সাল ২৯ ডিসেম্বর।

শ্রীযুত মৌলবী গোলাম বতুল তমকীন বাঁকুড়ার সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু গঙ্গাকান্ত মুখোপাধ্যায় বীরভূমের সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু বিধুভূষণ বন্দ্যোপাধ্যায় যশোহরের সদর আমীনের ও ঐ জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

নিম্ন লিখিত মুনসেফেরা প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন—

রাজশাহীর শাহাজাদপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী দবীরুদ্দীন আহম্মদ।

বর্দ্ধমানের সেলিমাবাদের মুনসেফ শ্রীযুত বাবু বিশ্বেশ্বর সেন।

কাছাড়ের মুনসেফ শ্রীযুত বাবু রামগোবিন্দ দেব।

১৮৬৬ সাল ৩১ ডিসেম্বর।

শ্রীযুত জে বার্কমিয়র সাহেব শিলচরের নিদর্শনপত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন। উক্ত নিয়োগ গত জুলাই মাসের ৫ তারিখ অবধি প্রবল হইবে।

লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ এল সামুএলস সাহেব হাজারীবাগের নিদর্শনপত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন। উক্ত নিয়োগ গত জুন মাসের ১৮ তারিখ অবধি প্রবল হইবে।

শ্রীযুত ডবলিউ এম সুটর সাহেব যশোহরের নিদর্শনপত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন। উক্ত নিয়োগ এই মাসের ৫ তারিখ অবধি প্রবল হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৮ জানুআরি।]

Mr. J. Anderson to be Sub-Registrar of Assurances at Rungpore, with effect from the 28th ultimo.

Mr. W. C. Muller to be Sub-Registrar of Assurances at Darjeeling.

Leave of Absence.

The 24th December 1866.

Mr. A. W. Cosserat, Assistant Commissioner, Doomka, for three months, from the 15th proximo, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865.

Baboo Punchanun Bannerjee, Judge of the Small Cause Court, Hooghly, for fourteen days, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

The 28th December 1866.

Moulvie Anwarooddeen Ahmed, Supernumerary Deputy Magistrate and Deputy Collector, recently transferred from Dinagepore to Rajshahye, for four months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

Baboo Obhoy Churn Bose, Deputy Magistrate and Deputy Collector of Culna, for six months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. A. B. Falcon, Officiating Magistrate and Collector, Bograh, for three months, from the 21st instant, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

Notifications.

The 21st December 1866.

Mr. R. H. G. Irvine, District Superintendent of Police, Cachar, having returned to India, the unexpired portion of the leave granted to him, under orders of the 24th November 1865, namely, from the 13th instant to the 23rd February next, is cancelled.

The 28th December 1866.

The leave granted to Baboo Bhugwan Chunder Bose, Deputy Magistrate and Deputy Collector, Furreedpore, under orders of the 11th August last, is cancelled at his own request.

Notification.

The 29th December 1866.

The notifications dated the 31st August 1864, and published in the *Calcutta Gazette* of the 7th September of that year, extending Act XX. of 1856 to the Panam and Dhurmgunge unions in the District of Dacca, are hereby cancelled, the provisions of the Act having been found to be unsuited to the condition of the villages composing those unions.

শ্রীযুত জে আণ্ডারসন সাহেব রঙ্গপুরের নিদর্শনপত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন। উক্ত নিয়োগ গত মাসের ২৮ তারিখ অবধি প্রবল হইবে।

শ্রীযুত ডবলিউ সি মলর সাহেব দার্জ্জিলিঙ্গের নিদর্শনপত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন।

ছুটী।

১৮৬৬ সাল ২৪ ডিসেম্বর।

দুমকার আসিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত এ ডবলিউ কসিরাট সাহেব ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে আগামি মাসের ১৫ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

হুগলীর ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু পঞ্চানন বন্দ্যোপাধ্যায় যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৬ সাল ২৮ ডিসেম্বর।

অতিরিক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আনওয়ার উদ্দীন আহম্মদ সম্প্রতি দিনাজপুরহইতে রাজশাহীতে নিযুক্ত হইয়াছেন, তিনি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে চারি মাসের ছুটী পাইয়াছেন।

কালনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অভয়াচরণ বসু অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বগুড়ার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ বি ফাল্কন সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এই মাসের ২১ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২১ ডিসেম্বর।

কাছাড়ের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত আর এচ জি অর্ব্বিন সাহেব ভারতবর্ষে প্রত্যাগমন করাতে ১৮৬৫ সালের নবেম্বর মাসের ২৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান, তাহার অবশিষ্টাংশ অর্থাৎ এই মাসের ১৩ তারিখ অবধি আগামি ফেব্রুআরি মাসের ২৩ তারিখ পর্য্যন্ত রহিত হইল।

১৮৬৬ সাল ২৮ ডিসেম্বর।

ফরীদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভগবানচন্দ্র বসু গত আগষ্ট মাসের ১১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ২৯ ডিসেম্বর।

১৮৬৪ সালের আগষ্ট মাসের ৩১ তারিখের যে বিজ্ঞাপন ঐ সালের সেপ্টেম্বর মাসের ১৩ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তদ্দ্বারা ১৮৫৬ সালের ২০ আইন ঢাকা জিলার অন্তর্গত পানাম ও ধর্ম্মগঞ্জ সংযোগ স্থানে প্রচলিত হইয়াছিল, তাহা রহিত করা গেল, কেননা উক্ত সংযোগের মধ্যে যে২ গ্রাম আছে তাহার অবস্থা দৃষ্টে বোধ হইল যে উক্ত আইনের বিধান সুবিধামতে বর্ত্তান যায় না।

DECLARATION UNDER SECTION II., ACT VI. OF 1857.

The 31st December 1866.

Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government for a public purpose, namely, for the Calcutta Water-works, it is hereby declared that a plot of land, measuring one beegah, ten cottahs, ten chittacks, and thirty-two square feet, more or less, being the property of Moonshee Ameenut Jumma and Rajkisto Mitter, and recorded as Holding No. 27 and part of Holding No. 71, Block No. 13, South Division, is required.

It is bounded on the North by a public drain; on the South by a lane leading from Wellington Street to Baparectollah Lane; on the East, partly by Wellington Street and partly by Holding No. 28, being the property of the Calcutta Municipality; and on the West by Baparectollah Lane.

This Declaration is made, under the provisions of Section II., Act VI. of 1857, to all whom it may concern.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ৩১ ডিসেম্বর।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতায় জলের কার্য্যের নিমিত্তে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ১৷৷০৷৷৴৩২ বর্গফুট পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমি মুন্‌শী আমিনৎ জম্মার ও রাজকৃষ্ণ মিত্রের সম্পত্তি এবং দক্ষিণ খণ্ডের ২৭ নং যোত ও ৭১ নং যোতের অংশের ১৩ কিস্তা বলিয়া উল্লিখিত।

উক্ত ভূমির উত্তর সীমা রাজকীয় নর্দ্দমা, দক্ষিণ সীমা ওয়েলিংটন ষ্ট্রীটহইতে বেপারিটোলার পথ পর্য্যন্ত যে গলি পথ আছে তাহা, পূর্ব্ব সীমা অংশতঃ ওয়েলিংটন ষ্ট্রীট ও অংশতঃ কলিকাতার মনিসিপলিটীর ২৮ নং যোত, পশ্চিম সীমা বেপারিটোলার পথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এ ইডেন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

PUBLIC WORKS DEPARTMENT.

LOCAL,—COMMUNICATIONS.

No. 318.

The 29th December 1866.

Declaration under Sections II. and XXXIII. of Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for the widening of the main road running through the town of Naraingunge, in the district of Dacca, so as to give it an average breadth of 20 feet, it is hereby notified that sundry strips of land, amounting in all to 10 cottahs, more or less, and bordering the present road, are required for the said purpose.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

স্থানীয় গমনাগমন বিষয়ক।

৩৪৮ নম্বর।

১৮৬৬ সাল ২৯ ডিসেম্বর।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ঢাকা জিলার অন্তর্গত নারায়ণগঞ্জ দিয়া যে বড় পথ আছে তাহা প্রশস্ত করণার্থে, অর্থাৎ গড়ে ২০ ফুট পরিশর করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত পথের ধারে স্থিত ন্যূনাধিক সর্ব্বসুদ্ধ ৷৷০ কাঠা ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

MILITARY.

No. 319.

The 29th December 1866.

Declaration under Section II. of Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for

সমর সম্পর্কীয়।

৩১৯ নম্বর।

১৮৬৬ সাল ২৯ ডিসেম্বর।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ইছাপুরের বারুদখানা বৃদ্ধি করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণ-

a public purpose, *viz.*, for the extension of the Gun Powder Factory Premises at Ishapore, it is hereby declared that, for the above purpose, land is required, measuring 167 beegahs, 14 cottahs, and 12 chittacks, more or less, situated in Mouzah Ishapore, Pergunnah Calcutta, 24-Pergunnahs' District.

2. The land required is situated in two strips about 200 (two hundred) yards wide, the one abutting on the northern boundary of the present factory premises, and the other on the eastern boundary of the said premises.

3. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

J. E. T. Nicolls, *Lieut.-Col., R. E.,*
Offg. Secy. to the Govt. of Bengal,
P. W. D.

মেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ২৪ পরগনা জিলার অন্তর্গত কলিকাতা পরগনার ইছাপুর মৌজায় স্থিত ন্যূনাধিক ১৬৭।।৫৩০ ছটাক পরিমিত ভূমির প্রয়োজন।

২। প্রয়োজনীয় ভূমি দ্বিখণ্ডে প্রায় ২০০ দুইশত গজ করিয়া পরিসর। একখণ্ড বর্ত্তমান বারুদখানার উত্তর সীমার নিকটস্থ, দ্বিতীয় খণ্ড উক্ত বারুদখানার পূর্ব্ব সীমার নিকটস্থ।

৩। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

জে. ই, টি, নিকলস, লেপ্টেনেন্ট কর্ণেল, আর, ই.
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে বঙ্গদেশের
গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

PUBLIC WORKS RAILWAY DEPARTMENT, BENGAL.

Revised Draft Declaration under Section 2, Act VI. of 1857.

Fort William, the 31st December 1866.

Notification.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz.*, for a Branch Line of Railway from the Chord Line, called the Kurhurballee Branch, and for a Branch Line from the Kurhurballee Branch, called the Serampore Branch, it is hereby declared that, for the above purposes, two strips of land are required between the villages of Modhoopore, in Pergunnah Saruth Deoghur, in the District of Beerbhoom, and Porsorabhia, in Pergunnah Khurruckdeeha, in the District of Hazareebaugh, for the former being, more or less, 24 miles and 2,415 feet in length, and of Joreagadee and Booreadeeh, in Pergunnah Khurruckdeeha, in the District of Hazareebaugh, for the latter being, more or less, 1 mile and 2,015 feet in length, with a breadth of 600 feet, more or less, common to both.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

By Order of the Lieutenant-Governor of Bengal,

F. S. Taylor, *R. E.,*
Joint-Secy. to Govt. of Bengal.

বঙ্গদেশের রেলওয়ে সম্পর্কীয় পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপনের সংশোধিত পাণ্ডুলিপি।

ফোর্ট উলিয়ম, ১৮৬৬ সাল ৩১ ডিসেম্বর।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ করহর বালী শাখা নামক রেল পথ হইতে শাখা রেলপথ, এবং শ্রীরামপুর শাখা নামক করহর বালী শাখা পথ হইতে শাখা রেল পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে বীরভূম জিলার অন্তর্গত সারথ দেওঘর পরগনার মধুপুর গ্রামের এবং হাজারীবাগ জিলার অন্তর্গত খরকডিহ পরগনার পরসরাভিয়া গ্রামের মধ্যে দ্বিখণ্ড ভূমির প্রয়োজন। প্রথম খণ্ডভূমি ন্যূনাধিক ২৪ মাইল ও ২,৪১৫ ফুট দীর্ঘ এবং হাজারীবাগ জিলার অন্তর্গত খরকডিহা পরগনার জোরিয়াগাদী ও বুরিয়াডিহাতে দ্বিতীয় খণ্ড ভূমি ন্যূনাধিক ১ মাইল ও ২,০১৫ ফুট দীর্ঘ উভয়েরই প্রশস্ততা ন্যূনাধিক ৬০০ ফুট।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

এফ এস টেলর, কাপ্তান, আর, ই,
বঙ্গদেশের গবর্ণমেন্টের জাইন্ট সেক্রেটারী।

[*Government Gazette, 8th January* 1867.]

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

The 24th December 1866.

Baboo Benee Madhub Mitter, Officiating Moonsiff of Gopalpore, to be Moonsiff of Gopalpore, Zillah Beerbhoom.

Baboo Kylash Chunder Mitter, Officiating Moonsiff of Kusba, to Moonsiff of Sultah, Zillah Purneah, but to be continue for the present in charge of both Moonsiffees, *viz.*, Sultah and Kusba.

Baboo Buloram Mullick, B. A. and B. L., Pleader of the Judges Court of Hooghly, to officiate as Moonsiff of Satkhirah, Zillah 24-Pergunnahs, until further orders.

LEAVE OF ABSENCE.

The 4th January 1867.

Baboo Raj Rajessur Bhuttacharjee, Moonsiff of Diamond Harbour, Zillah 24-Pergunnahs, for three weeks, from the 13th ultimo, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules.

L. R. TOTTENHAM,
Registrar.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৬ সাল ২৪ ডিসেম্বর।

গোপালপুরের একটিং মুনসেফ শ্রীযুত বাবু বেণীমাধব মিত্র বীরভূম জিলার গোপালপুরের মুনসেফ হইবেন।

কশবার একটিং মুনসেফ শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র মিত্র পূরণিয়া জিলার সুলতার মুনসেফ হইবেন। কিন্তু এইক্ষণে সুলতা ও কশবা উভয় মুনসেফীর কার্য্যেরভার প্রাপ্ত থাকিবেন।

হুগলীর জজ আদালতের উকীল শ্রীযুত বাবু বলরাম মল্লিক বি এ, ও বি এল, অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ২৪ পরগনা জিলার সাতক্ষীরার মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৭ সাল ৪ জানুআরি।

চব্বিশপরগনা জিলার কলাগাছির মুনসেফ শ্রীযুত বাবু রাজরাজেশ্বর ভট্টাচার্য্য অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত মাসের ১৩ তারিখ অবধি তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

এল আর টটেনহাম,
একটাং রেজিষ্ট্রার।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

নিদর্শনপত্র রেজিষ্টরী সম্পর্কীয় জ্ঞাপনপত্র।

স্থাবর সম্পত্তিতে স্বত্বানুসন্ধানের কার্য্য সুবিধা করণাভিপ্রায়ে সকল রেজিষ্টরী কার্য্যকারককে এই আদেশ করা গেল। কোন ব্যক্তি রেজিষ্টরী করিবার জন্যে নিদর্শনপত্র উপস্থিত করিলে সেই সম্পত্তির বিষয়ে ইতিপূর্ব্বে যে পত্র রেজিষ্টরী হইয়াছে যদি তাহার আবশ্যক সংবাদ দিতে পারেন তবে উপস্থিত নিদর্শনপত্রের প্রতিলিপি সম্পর্কীয় বৃত্তান্তের যে সুচিপত্র লেখা যায় উক্ত কার্য্যকারক তাহাতে ঐ সংবাদও লিখিবেন তাহা লিখিবার কোন খরচ লাগিবে না কিন্তু প্রয়োজনীয় বৃত্তান্ত নিশ্চিতমতে জানিবার জন্যে অন্বেষণের প্রার্থনা হইলে সেই অন্বেষণের খরচ দিতে হইবে।

এই প্রকার কার্য্য হইলে কোন পত্র রেজিষ্টরী হইবার জন্যে উপস্থিত করা গেল তদ্বিষয়ের পূর্ব্ব রেজিষ্টরী বিষয়ক সংবাদ জানা যাইবে সুতরাং ইহাতে ভাবিকালে অনেক বিলম্ব ও সন্দেহ নিবারণ হয় এই কারণে এতদ্বিষয়ে সর্ব্ব সাধা[illegible]র সহকারিতার প্রার্থনা হইতেছে।

H. BEVERLEY,
Offg. Registrar-General, L. P.

১৮৬৬ সাল ৩১ ডিসেম্বর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৮ জানুআরি।]

Notice.

CALCUTTA MUNICIPALITY.

Notice under Section 220 *of Act VI. of* 1863.

BYE-LAW 33, made by the Justices of the Peace for the Town of Calcutta, under Act VI. (B. C.) of 1863, is hereby repealed, and the following Bye-Law is passed in lieu thereof :—

33. No person shall, after the provisions of Section 118 of Act VI. B. C. of 1863 have been complied with by the Justices, deposit or cause, or permit to be deposited any dust, dirt, dung, ashes, garden, kitchen, and stable refuse, or other rubbish in any street on which the deposit of such rubbish has been or shall hereafter be prohibited by the Justices, except with special permission of Justices, and on payment of a fixed sum calculated at the rate of 1 Rupee per diem for each pony cart load, the lowest charge being ½ anna per day. In streets against which such prohibition does not exist, all such matters as aforesaid shall, if deposited between 4 A. M. and 6 A. M., at a distance of not more than three yards from the entrance gate, be removed by the Justices free of charge, except in the case provided by the following Bye-Law (No. 34.)

34. No refuse, resulting from any business, trade, or profession, shall be removed by the Justices, except on payment at such rate for removal, as the Justices may from time to time fix, and no such refuse as aforesaid shall be deposited in the public streets without permission of the Justices.

R. TURNBULL,
Secy. to the Justices of the Peace.

The 4th December 1866.

বিজ্ঞাপন।

কলিকাতা মিউনিসিপালিটি।

১৮৬৩ সালের ৬ আইনের ২২০ ধারামত বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় ১৮৬৩ সালের ৬ আইন অনুসারে কলিকাতা নগরের শান্তিরক্ষকেরা যে উপবিধি করিয়াছিলেন তাহার ৩৩ ধারা রহিত করা গেল ও তৎপরিবর্ত্তে নিম্ন লিখিত বিধি প্রচলিত হইয়াছে।

৩৩। জষ্টিসেরা বঙ্গদেশীয় ১৮৬৩ সালের ৬ আইনের ১১৮ ধারার বিধানানুসারে কার্য্য করিলে পর তাঁহারা যেং পথে কোন আবর্জ্জনা কি জঞ্জাল কি গোবর কি ছাই কিম্বা বাগানের ও রন্ধনাগারের কি আস্তাবলের উচ্ছিষ্ট দ্রব্য কি অন্য রাবিষ ফেলিতে নিষেধ করিয়াছেন কি করেন কোন ব্যক্তি জষ্টিসদের বিশেষ অনুমতি না পাইলে এবং এক টাট্টুর গাড়ীতে যত আবর্জ্জনা প্রভৃতি ধরিতে পারে তাহার জন্যে দিন প্রতি এক টাকার হিসাবে কিন্তু দিন প্রতি অর্দ্ধআনার অন্যূন না দিলে ঐ আবর্জ্জনা প্রভৃতি সেই পথে ফেলিতে কি ফেলাইতে পারিবেন না। যেং পথের বিষয়ে তদ্রূপ নিষেধ না থাকে সেইং পথে যদি পূর্ব্বাহ্নের চারিটা ও ছয়টার মধ্যে সেই আবর্জ্জনা প্রভৃতি প্রবেশ দ্বারহইতে তিন গজের অনধিক দূরে ফেলা যায় তবে জষ্টিসেরা খরচ না লইয়া তাহা স্থানান্তর করাইবেন, কিন্তু নিম্নলিখিত ৩৪ নং বিধির স্থলে তাঁহারা খরচ লইবেন।

৩৪। কোন বাণিজ্য কি ব্যবসায় কি কর্ম্ম জন্য যে ওঁচলা রাস্তার ধারে ফেলা যায় তাহা স্থানান্তর করিবার জন্যে জষ্টিসেরা সময়েং যত নিরূপণ করেন তত না দেওয়া গেলে তাহা স্থানান্তর করাইবেন না ও জষ্টিসদের অনুমতি না হইলে উক্ত প্রকারের ওঁচলা সাজ পথে ফেলিতে হইবে না।

রবার্ট টর্ণবুল,
শহর কলিকাতার শান্তিরক্ষার্থ জষ্টিসদের
সেক্রেটরী।

কলিকাতা, ১৮৬৬ সাল ৪ ডিসেম্বর।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা শ্রীহট্ট।

১৮৫৯ সালের ১১ একাদশ আইনের ৬ ধারাক্রমে এহার দ্বারা সংবাদ দেওযা যাইতেছে যে জেলা শ্রীহট্টের নীচের লিখিত মহালাত ১৮৬৬। ৬৭ সালের কিস্ত আগষ্ট পর্য্যন্তের বাকি মালগুজারি নিমিত্ত এবং চলিত আইন ও আকুটের দ্বারা অন্য যেং দাওয়া বাকি মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৬৭ সালের জানুআরি মাসের ৮ দিবস মোতাবিক ১২৭৩ বাঙ্গালার পৌষ মাসের ২৫ তারিখ মঙ্গলবার ঐ জেলার কালেকুটরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বীমাবাধাতে নীলাম হইবেক।

ইস্তমরারি জমা ধার্য্যহওয়া মহাল।

পরগনে জুয়ার বালিয়া চুঙ্গ।

২১১০৪ নম্বর তালুক আছদরজা জমিদার রেজিষ্টরিহওযা মালিক কৃষ্ণচরণ দাস সদর জমা ৭৫৩৶০

এহার মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১১ ধারার মর্ম্মানুযায়, স্বরূপচন্দ্র শর্ম্মা ও সর্ব্বমঙ্গলা দেব্যা ও তোরিণী দেব্যা ও বিশ্বনাথ নন্দি ও মাং হাশীম ও অচিন্তরাম শর্ম্মা ও চেকুব রাম শাহা ও বলরাম পাল ও বিনাশ দব্যা ও গোলোকচন্দ্র দাস ও গোলোকচন্দ্র শাহা ও ইদন বিবি ও সেখ নাছির ও সেখ কাঙ্গালি ও সেখ

সাহেবদী ও মাং আছগর ও মাং আবজন ও মাং আনফর ও মাং সাদক ও ব্রজচন্দ্র মহন্ত নামে পৃথক্ হিসাবহওয়া ও তাহা উসুল হওয়াতে ছাড়িয়া দেওয়ার অভিপ্রায় জমা ২১১॥/৮

বাকি ... ৫৩০।।/৪

পরগনে ঐ।

৩১১৮৫ নম্বর তালুক আদমরজা জমিদার রেজিষ্টরিহওয়া মালিক নিজ গএরহ সদর জমা ১৩৩৫।১

এহার মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১১ ধারার মর্ম্মানুযায় মুলুকচন্দ্র দাস ও রাজকিশোর দাস ও মদনমোহন দাস ও নবকিশোর দাস ও শিবপ্রসাদ দত্ত ও সৈদউল্লা ও সফর চান্দ বাসু ও নবদুর্গা বৈদ্যানী ও মহেশ্বরী বৈদ্যানী ও কাশীনাথ বৈদ্য ও মুছমাত ফাদিমা বিবি অলি জানিবে আপন নাবালগ পুত্র ছাদত আলি খাঁ ও সেখ আদাই ও মাং আনি ও সেখ ইয়াজ ও মাং আনছর ও আয়াতউল্লা ও রাধারাম মেশুবি ও চন্দ্রনাথ মেশুবি দুর্গারাম মেশুবি ও তারাচাঁদ দাস নামে পৃথক হিসাব হওয়া ও তাহা উসুল হওয়াতে ছাড়িয়া দেওয়ার অভিপ্রায় জমা ২৩২৸/৩

বাকী ১১০২।৵১০

পরগনে তরফ

৫৪৭২১ নম্বর তালুক সৈদমাং নাজির হিশ্বে সৈদমাং বাত্তির রেজিষ্টরি হওয়া মালিক নবকৃষ্ণ মজুমদার গএরহ সদর জমা ৩১৬৪।/৪

এহার মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারার মর্ম্মানুযায় উচ্ছবরাম পাল ও দুর্গাচরণ উম চৌধুরী ও তারিণীচরণ উম চৌধুরী ও রামকুমার উম চৌধুরী ও অভয়াচরণ কর ও সৈদ আবদুল ছুবানু নামে পৃথক হিসাব হওয়া ও তাহা উসুল হওয়াতে ছাড়িয়া দেওয়ার অভিপ্রায় জমা ২১৫৮৸৶১১

বাকী ... ১০০৫।/৫

পরগনে গদাহাসননগক

৫৬৫০৬ নম্বর তালুক সৈয়দ আবুন হাসন হিশ্বে শৈয়দ আছগর হাসন রেজিষ্টরী হওয়া মালিক মাং আরিপ গএরহ সদর জমা ৬৫৮৲

এহার মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১১ ধারার মর্ম্মানুযায় হরসুন্দরী দেব্যা ও সেখতাবিব মাং ও কালীচরণ শর্ম্মা ও হরিচরণ দেব নামে পৃথক হিসাব হওয়া ও তাহা উসুল হওয়াতে ছাড়িয়া দেওয়ার অভিপ্রায় জমা ৬॥/২

বাকী ৬৫১।৵১০

T. WALTON,
Collector.

NOTICE

Is hereby given that a Sale of 82 serviceable and 19 unserviceable logs of Saul wood, lying at Dhamrah Ghât, belonging to the Madras Government, measuring about 10 to 15 feet long and varying in circumference from 4 to 6 feet, will be put up to Public Auction at the Cutcherry of the Collector of Balasore on Tuesday, the 15th January 1867, at noon, and sold to the highest bidders.

BALASORE;
COLLR.'s OFFICE,
The 28th November 1866.

H. MUSPRATT,
Collector.

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণ লোকেদের জানান যাইতেছে যে ধামরাঘাটে মান্দ্রাজ গবর্ণমেণ্ট এলাকায় ৮২ টা কর্ম্মালিম ও ১৯ টা অকর্ম্মলিম কাষ্ঠ কি তাহার পরিমাণ ১০ ফুট হইতে ১৫ ফুট লম্বা ও ৪ ফুট হইতে ৬ ফুট মোটা যাহা উক্ত স্থানে আছে তাহা আগত সন ১৮৬৭ সালের জানুআরি মাসের ১৫ তারিখ মঙ্গলবার দুই প্রহরের সময়ে বালেশ্বর জেলার কালেকুটর সাহেবের কাছারিতে নীলাম হইবেক যে ব্যক্তি বেশী দর ডাকিবেক তাহাকে দেওয়া যাইবেক ইতি।

এচ· মসপ্রাট,
কালেকুটর।

NOTICE.

THE undersigned is prepared to grant licenses (with effect from 1st April 1867 to 31st March 1868), to catch Elephants in the Western Dooars of Bhootan.

The license fee is Rupees 20, for each Kunki employed. The right of pre-emption of captured elephants is reserved to Government.

Further particulars may be obtained by application (personal or by letter) to the undersigned.

J. TWEEDIE,
Dy. Commissioner, Western Dooars.

MYNAGOREE, BHOOTAN.
The 12th December 1866.

RANAGHAT MUNICIPALITY.

His Honor the Lieutenant-Governor of Bengal, in accordance with the provisions of Section 85, Act III. (B. C.) of 1864, having directed the publication of the following Bye-laws for the Municipality of Ranaghat in supersession of the existing ones, in the *Bengalli Gazette*, they are hereby published for general information :—

For regulating the time and mode of collecting the Rate and Taxes.

1. Each quarterly instalment of the rate and taxes mentioned in the Act shall be considered to have become due at the commencement of the quarter on account of which such instalment is payable, and may be levied at any time after the commencement of such quarter, that is to say :—

The instalment payable on account of the quarter ending	31st July. " Oct. " Jan. 30th April.	May be levied on and after.	1st May. " Aug. " Nov. " Feb.

2. From the lists prepared under the provisions of Sections 29 and 39 of the Act, the collecting Officer shall prepare the bills prescribed by Section 44. The bills so prepared shall be issued under the signature of the Commissioners or their Secretary, if there be one or of the Chief Collecting Officer to the subordinate Officers on the collecting establishment, and shall be by them presented to the persons named therein, in the manner hereinafter described.

3. Every collecting Officer shall be provided with a certificate of his authority to collect; and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman. Every collecting Officer at the time of demanding payment shall be bound to show this certificate if required.

4. The collecting Officer taking the money in payment of any demand shall give the receipt for it.

5. When the name of any owner is not known, it shall be sufficient to designate him in any notice, bill, or other proceeding under the Act, as the owner of the property on which the rate is assessed, without further description.

6. Every bill, for any sum due on account of the rate or taxes leviable under the Act, shall, if possible, be presented to the individual named

[*Government Gazette*, 8*th January* 1867.]

রাণাঘাট মিউনিসিপালীটি।

বঙ্গদেশের কৌন্সেলের ১৮৬৪ সালের ৩ আইনের ৮৫ ধারার মর্ম্মমতে শ্রীলশ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব রাণাঘাট শহরের নিমিত্ত প্রচলিত উপবিধির পরিবর্ত্তে নিম্ন লিখিত উপবিধি সকল বাঙ্গলা গেজেটে প্রকাশ করণের অনুমতি প্রদান করায় ঐ সকল উপবিধি সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে এতদ্দ্বারা প্রকাশিত হইল।

যে সময়ে যেমতে টেক্স ও রেট আদায় করিতে হইবে তাহার নিয়ম।

১। উক্ত আইনের উল্লিখিত রেট এবং টেক্স ত্রৈমাসিক কিস্তিঅনুসারে আদায় করিতে হইবেক যে তিন মাসের জন্যে ঐ কিস্তি আদায় হইবে তাহার আরম্ভেতেই টাক্স দেনা গণ্য হইবেক এবং তাহার আরম্ভের পর যে কোন সময়ে হউক ঐ টাকা আদায় করা যাইবেক। যথা

টাক্সের কিস্তি যেং ত্রৈমাসিকের শেষে দেয় হইবেক	৩১ জুলাই ৩১ অক্টোবর ৩১ জানুআরি ৩০ এপ্রেল	যে তারিখে কিম্বা যে তারিখের পর আদায় হইবে	১ মে ১ আগস্ট ১ নবেম্বর ১ ফেব্রুআরি

২ ধারা। রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত কোন আদালতের আজ্ঞাক্রমে যে ব্যক্তির কারাদণ্ডের আজ্ঞা হয়, যদি স্থানীয় গবর্ণমেণ্ট সেই ব্যক্তিকে ক্ষিপ্তমনা জানিতে পান, তবে অনুজ্ঞাপত্রদ্বারা ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটীতে কিম্বা ঐ গবর্ণমেণ্টের অধীন দেশের মধ্যে তাহাকে নির্ব্বিঘ্নে রক্ষা করিবার অন্য উপযুক্ত স্থানে পাঠাইবার আজ্ঞা করিবেন। ঐ বন্দী ক্ষিপ্তমনা এমত বিশ্বাস করিবার হেতু সেই অনুজ্ঞাপত্রে প্রকাশ হইবে। এবং আদালতের আজ্ঞামতে যত কাল তাহার কারাদণ্ড হইবে সেই কালের অবশিষ্ট সময় তাহাকে সেই স্থানে রাখা যাইবে, ও স্থানীয় গবর্ণমেণ্ট যেমত আজ্ঞা করেন তাহার প্রতি তদ্রূপ ব্যবহার হইবে। ঐ বন্দীর কিম্বা অন্য ব্যক্তিদের নিরাপদের জন্যে যদি চিকিৎসক সাহেব তাহার ঔষধ চিকিৎসাদির আবশ্যকতার সংশিতপত্র দেন, তবে আইন অনুসারে যত দিন মুক্ত না করা যায় তত দিন পর্য্যন্ত তাহাকে সেই স্থানে রাখিতে হইবে। পশ্চাৎ যদি স্থানীয় সেই গবর্ণমেণ্ট সেই ব্যক্তিকে প্রকৃতিস্থ জানিতে পান, তবে যাঁহার তত্ত্বাবধানে থাকে ঐ গবর্ণমেণ্ট তাঁহাকে অনুজ্ঞাপত্র দিয়া, তৎকালেও সেই ব্যক্তির কারাদণ্ডের সময় উত্তীর্ণ না হইলে তাহাকে যে কারাগারহইতে বাহির করা গিয়াছিল সেই স্থানে পাঠাইবার অথবা সময় উত্তীর্ণ হইলে তাহাকে মুক্ত করিবার আজ্ঞা করিবেন। কারাদণ্ডের আজ্ঞাক্রমে দণ্ডভোগ করণের কাল অতীত হইলে পর যদি কোন ব্যক্তি এই ধারামতে ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটীতে বদ্ধ থাকে, তবে ক্ষিপ্তব্যক্তিদের আশ্রয় বাটী বিষয়ক ১৮৫৮ সালের ৩৬ আইনের ৯ ধারার বিধান তাহার প্রতি বর্ত্তিবে এবং সেই স্থানে যত কাল বদ্ধ থাকে তাহা ঐ কারাদণ্ডের সময়ের মধ্যে গণ্য হইবে ইতি।

[কোন আদালতের আজ্ঞাক্রমে কোন বন্দীকে ব্রিটনীয় ভারতবর্ষের এক কারাগারহইতে অন্য কারাগারে পাঠাইতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ক্ষমতার কথা।]

৩ ধারা। যখন কোন আদালতের আজ্ঞাক্রমে কোন ব্যক্তির কারাদণ্ডের আজ্ঞা হইয়া থাকে কি হয় তখন উক্ত ব্যক্তি যে কারাগারে কি স্থানে বদ্ধ হয়

India in Council to order the removal of such person during the period prescribed for his or her imprisonment, from the Jail or place in which he or she is confined to any other Jail or place of imprisonment in the territories which are or may become vested in Her Majesty or Her Successors by the Statute 21 and 22 Vic., Cap. 106 *(An Act for the better Government of India.)*

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব তাহাকে তথাহইতে লইয়া ভারতবর্ষের সুশাসনার্থ আইন নামে মহারাণী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের ১৭৬ অধ্যায়ের আইনক্রমে শ্রীশ্রীমতী মহারাণীর কি তাঁহার উত্তরাধিকারিদের প্রতি যে দেশ বর্ত্তে কি বর্ত্তিবে সেই দেশের অন্তর্গত অন্য কোন কারাগারে কি বন্দিশালায় তাহার কারাদণ্ডের নির্দ্ধারিত কালের নিমিত্তে তাহাকে বদ্ধ করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

উইটলী ষ্টোকস,
দেশীয় কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATIONS.

Fort William, the 24th January 1867.

No. 401.

Read a letter from the Accountant-General, British Burmah, No. 3025, dated the 27th November 1866, enquiring "whether an Uncovenanted Medical Officer is entitled to travelling expense when joining his first appointment."

RESOLUTION.

The Governor General in Council is pleased to rule that whenever any person not in the public service is appointed by the Government of India or a Local Government to an office which he cannot join except by sea, he will be allowed passage at the Government expense subject to the usual deductions on account of table money.

E. H. LUSHINGTON,
Secretary to the Government of India.

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম ১৮৬৭ সাল ২৪ জানুআরি।

৪০১ নম্বর।

অচিহ্নিত কোন চিকিৎসক প্রথম কর্ম্মে নিযুক্ত হইয়া নির্দ্দিষ্ট স্থানে পঁহুছিবার নিমিত্তে পাথেয় পাইবার স্বত্ববান্ কি না এতদ্বিষয়ক ব্রিটনীয় ব্রহ্মদেশের আকৌণ্টাণ্ট জেনরল সাহেবের ১৮৬৬ সালের নবেম্বর মাসের ২৭ তারিখের ৩০২৫ নম্বরের পত্র পাঠ করা গেল।

নির্দ্ধারণ।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব এই বিধি করিলেন যে কোন ব্যক্তি ভারতবর্ষের গবর্ণমেন্টের কিম্বা স্থানবিশেষের গবর্ণমেন্টের দ্বারা রাজকীয় কোন কার্য্যে নিযুক্ত হইলে যদি তিনি সমুদ্রপথভিন্ন অন্যরূপে কর্ম্মস্থানে পঁহুছিতে না পারেন তবে তাঁহার সকল পথখরচ গবর্ণমেণ্ট হইতে দেওয়া যাইবে। ও আহারের খরচ পশ্চাৎ তাঁহার বেতন হইতে কাটিয়া লওয়া যাইবে।

ই এচ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATION.

The 22nd January 1867.

No. 25.

The Governor General in Council having resolved to create a special Office, under the Public Works Department of the Government of India, for the better supervision of measures for the spread of Irrigation, is pleased to appoint Colonel R. Strachey, R. E., thereto, with the designation of Inspector General of Irrigation.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২২ জানুআরি।

২৫ নম্বর।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বিস্তারিত জলযোগাওনের কার্য্য আরো উত্তমরূপে তত্ত্বাবধান করণার্থে ভারতবর্ষের গবর্ণমেন্টের পবলিক ওর্কস ডিপার্টমেন্টের অধীনে আর একটি বিশেষ কার্য্যালয় সংস্থাপন স্থির করিয়া কর্ণেল শ্রীযুত আর ষ্ট্রেকি আর, ই, সাহেবকে সেই কার্য্যালয়ে নিযুক্ত করিলেন। "ইনিস্পেক্টর জেনরল অফ্ ইরিগেশন্" তাঁহার খ্যাতি হইবে।

This appointment will date from the period of Colonel Strachey's return to India, subject to the approval of the Secretary of State for India.

C. H. DICKENS, *Lieut.-Colonel, R. A.,*
Secy. to the Govt. of India.

কর্ণেল শ্রীযুত ষ্ট্রেচি সাহেবের ভারতবর্ষে প্রত্যাগমনের তারিখ অবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের অনুমোদনক্রমে এই নিয়োগ প্রবল হইবে।

সি এচ ডিকিন্স, লেপ্টেনেণ্ট কর্ণেল আর, ই,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

HIGH COURT.

NOTIFICATION.

The 12th December 1866.

Mr. R. Belchambers, Registrar of the High Court in its Original Jurisdiction, having returned from leave, is permitted to resume charge of his duties.

R. BELCHAMBERS,
Registrar.

হাই কোর্ট।

বিজ্ঞাপন।

১৮৬৬ সাল ১২ ডিসেম্বর।

আদ্যো বিচারাধিপত্য বিশিষ্ট হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত আর বেলচেম্বর্স সাহেব ছুটী হইতে প্রত্যাগমন করাতে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণের অনুমতি পাইয়াছেন।

আর বেলচেম্বর্স,
রেজিষ্ট্রার।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 254.

APPOINTMENTS.

The 14th January 1867.

Mr. H. Beveridge to be Secretary to the Local Committee of Public Instruction at Noakhally.

Moulvie Russecooddeen Mahomed to officiate as a Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, in Bancoorah, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class, in that district, during the absence, on leave, of Moulvie Ali Mahomed, or until further orders.

The 16th January 1867.

The following gentlemen to be Members of the Local Committee for the management of the Charitable Dispensary at Maldah :—

Mr. R. W. King.
Baboo Poresh Nath Chowdry.

Mr. A. C. Woodward, Deputy Magistrate and Deputy Collector, Bhuddruck, is vested, temporarily and as a special case, with the powers of a Magistrate in Balasore.

Moulvie Abool Hossein is appointed to officiate as Special Sub-Registrar of Assurances, under Act XX. of 1866, and as a Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector,

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

২৫৪ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ১৪ জানুআরি।

শ্রীযুত এচ বেবরিজ সাহেব নওয়াখালীর সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারী হইবেন।

মৌলবী আলী মহম্মদের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত মৌলবী রসীউদ্দীন মহম্মদ বাঁকুড়ায় ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেটের ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন। এবং ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ১৬ জানুআরি।

নিম্ন লিখিত মহাশয়েরা মালদহের দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন,—

শ্রীযুত আর ডবলিউ কিং সাহেব।
,, বাবু পরেশনাথ চৌধুরী।

ভদ্রকের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ সি উডওয়ার্ড সাহেব কিয়ৎকালের নিমিত্তে ও বিশেষকর্ম্মার্থে বালেশ্বরে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

রাজকীয় কার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু দীনবন্ধু সান্যালের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত মৌলবী আবুল হুসেন মুঙ্গের জিলাতে ১৮৬৬ সালের ২০ আইনমতে নিদর্শনপত্রাদির বিশেষ

under Regulation IX. of 1843, in the district of Monghyr, during the absence, on deputation, of Baboo Dinobundhoo Sandyal, or until further orders. Moulvie Abool Hossein is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in Monghyr.

The 18th January 1867.

Subject to the sanction of the Government of India, Baboo Kristo Chunder Roy is appointed to officiate, temporarily, as Special Sub-Registrar of Assurances, under Act XX. of 1866, in the sub-districts of Balasore and Bhudruck.

The following gentlemen to be Members of the Local Committee for the management of the Charitable Dispensary at Pubna.—

Baboo Baney Mudub Shome.
„ Nobin Kristo Sircar.

Baboo Hitlal Misser, Honorary Magistrate of Burdwan, is vested with the powers of a Subordinate Magistrate of the First Class in that district.

Baboo Dinobundhoo Sandyal, Officiating District Registrar of Calcutta, to officiate also as Registrar of Joint-Stock Companies, under Act X. of 1866, during the absence, on leave, of Baboo Chunder Mohun Chatterjee, or until further orders.

Baboo Mohesh Chunder Sen, Officiating Principal Sudder Ameen of Sylhet, is appointed, under Section 7, Act XXIII of 1863, to be a Member of the Court for the investigation and trial of claims to waste lands in that district.

The 19th January 1867.

Lieutenant S. H. Cowan to be an Assistant Revenue Surveyor in the Second Division, Lower Provinces.

Lieutenant W. P. Arnot to officiate as Conservator of Port Canning, during the absence, on deputation, of Lieutenant F. Warden, or until further orders.

Dr. J. Cleghorn to officiate, temporarily, as Civil Assistant Surgeon of Howrah, with effect from the 1st instant.

Mr. W. H. Verner, Assistant Magistrate and Collector, to have temporary charge of the subdivision of Gurbetta, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, and those of a Deputy Collector in Midnapore and Bancoorah. Mr. Verner is further empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such

সব-রেজিষ্ট্রারের এবং ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেটের ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন। তিনি মুঙ্গেরে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৭ সাল ১৮ জানুআরি।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের অনুমোদন অপেক্ষায় শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র রায় কিয়ৎকালের নিমিত্তে বালেশ্বর ও ভদ্রক সব-ডিষ্ট্রিক্টে ১৮৬৬ সালের ২০ আইনমতে নিদর্শনপত্রাদির বিশেষ সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন।

নিম্ন লিখিত মহাশয়েরা পাবনার দাতব্য ঔষধালয়ের কর্ম্ম সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন, —

শ্রীযুত বাবু বেণীমাধব সোম ।
„ „ নবীনকৃষ্ণ সরকার।

বর্দ্ধমানের অনরারি মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু হিতলাল মিশ্র ঐ জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু চন্দ্রমোহন চট্টোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কলিকাতার একটিং ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রার শ্রীযুত বাবু দীনবন্ধু সান্যাল ১৮৬৬ সালের ১০ আইনমতে জাইণ্ট ষ্টাক কোম্পানির রেজিষ্ট্রারের কর্ম্মও করিবেন।

শ্রীহট্টের একটিং প্রধান সদর আমীন শ্রীযুত বাবু মহেশচন্দ্র সেন ১৮৬৩ সালের ২৩ আইনের ৭ ধারামতে উক্ত জিলাস্থ পতিত ভূমির দাওয়ার অনুসন্ধান ও বিচার করণার্থ আদালতের এক জন মেম্বর হইবেন।

১৮৬৭ সাল ১৯ জানুআরি।

লেপ্টেনেণ্ট শ্রীযুত এস এচ কোয়ন সাহেব বঙ্গপ্রভৃতি দেশের দ্বিতীয় খণ্ডে অসিষ্টাণ্ট রেবিনিউ সরবেয়র হইলেন।

রাজকীয় কার্য্যোপলক্ষে লেপ্টেনেণ্ট শ্রীযুত এফ ওয়ার্ডন সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত লেপ্টেনেণ্ট শ্রীযুত ডব্লিউ পি আর্নট সাহেব কানিং বন্দরের রক্ষকের কর্ম্ম করিবেন।

ডাক্তর শ্রীযুত জে ক্লেগরন সাহেব কিয়ৎকালের নিমিত্তে হাবড়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম করিবেন। উক্ত নিয়োগ এই মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডব্লিউ এচ বর্নর সাহেব কিয়ৎকালের নিমিত্তে গড়বেতা সাবডিবিজনের কর্ম্মের ভার পাইলেন এবং মেদিনীপুরে ও বাঁকুড়ায় অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরও তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম তদন্তীয় অনুসন্ধান লইতে ও উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে ও তাহাদের জামিন

Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

This cancels the appointment of Baboo Ruttun Lall Ghose to the sub division of Gurbetta, notified in the *Calcutta Gazette* of the 9th instant He will continue to be employed in the Sunderbuns until further orders.

Mr. R. H Pawsey to officiate as Joint-Magistrate and Deputy Collector of Balasore.

Mr E. J. Barton to officiate as Joint-Magistrate and Deputy Collector of Pooree.

Mr. J. S. Armstrong to officiate as Joint-Magistrate and Deputy Collector of Cuttack.

Mr V Irwin to have charge of the Sub-Division of Bhuddruck, and to exercise the powers of a Magistrate in Cuttack and Balasore

Mr. W. M Souttar, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Nurail, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class and those of a Deputy Collector in Jessore Mr. Souttar is further empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, or by the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court and to exercise all the powers necessary for that purpose.

The 21st January 1867.

The following gentlemen are appointed to be Special Deputy Magistrates under Act XV. of 1843, and Deputy Collectors und r Regulation IX. of 1833, in the Cuttack Division, and are vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in all the districts of that Division, *viz.* :—

Mr J. White.
„ J F. Harrison.
„ C. A. Nickle.
Baboo Nursing Churn Das.
„ Bhagwat Mahantee.
„ Radhagobind Das.

Leave of Absence.

The 14th January 1867.

Moulvie Ali Mahomed, Deputy Magistrate and Deputy Collector at Raneegunge, for two months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 11th ultimo.

The 15th January 1867.

Baboo Gopeenath Bose, Principal Sudder Ameen of East Burdwan, is allowed leave of absence from the 17th to the 23rd ultimo, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৯ জানুআরি।]

উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

শ্রীযুত বাবু রতনলাল ঘোষের গড়বেটা শাখাখণ্ডে নিযুক্ত হইবার যে কথা এই মাসের ৯ই তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল। অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি সুন্দরবনে নিযুক্ত থাকিবেন।

শ্রীযুত আর এচ পসে সাহেব বালেশ্বরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ই জে বার্টন সাহেব পুরীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে এস আর্ম্মষ্ট্রং সাহেব কটকের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বি আর্বিন সাহেব ভদ্রক শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং কটকে ও বালেশ্বরে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ এম স্টর সাহেব নড়াইল শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং যশোহর অন্তঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে কিম্বা উক্ত সেশন আদালতের কিম্বা হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

১৮৬৭ সাল ২১ জানুআরি।

নিম্নলিখিত মহাশয়েরা কটকখণ্ডে ১৮৪৩ সালের ১৫ আইনমতে বিশেষ ডেপুটী মাজিষ্ট্রেটের ও ১৮৩৩ সালের ৯ম আইনমতে ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়াছেন, এবং উক্ত খণ্ডের সকল জিলাতে অন্তঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন,—

শ্রীযুত জে ওয়াইট সাহেব।
„ জে এফ হারিসন সাহেব।
„ সি এ নিকল সাহেব।
„ বাবু নরসিংহচরণ দাস।
„ বাবু ভাগবত মহন্তী।
„ বাবু রাধাগোবিন্দ দাস।

ছুটী।

১৮৬৭ সাল ১৪ জানুআরি।

রাণীগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আলী মহম্মদ গত মাসের ১১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ১৫ জানুআরি।

পূর্ব্ববর্দ্ধমানের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু গোপীনাথ বসু অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত মাসের ১৭ তারিখ অবধি ২৩ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

The 18th January 1867.

Mr. H. M. Cockerell, c. s., is allowed leave of absence, for the 10th April 1865, preparatory to proceeding to Europe on sick certificate, in extension of the leave granted to him under orders of the 28th February preceding.

The 19th January 1867.

Mr. H. C. Richardson. Judge of Tipperah, for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave, making over charge of his office to the Principal Sudder Ameen of the district.

The 22nd January 1867.

Mr. C. H. Campbell, Commissioner of Rajshahye, for fifteen months, under paragraph 11 of the Covenanted Service Absentee Rules.

Mr. Campbell is also allowed privilege leave from the 12th to the 16th instant.

NOTIFICATIONS.

The 16th January 1867.

Major J. Emerson reported his return to the Presidency on the 12th instant, per steam-ship *Nubia.*

The 17th January 1867.

Mr. W. E. Kinsey, c. s., reported his return to the Presidency on the 12th instant.

Mr. R. Porch, c. s., reported his departure from India per steam-ship *Candia,* which was left at sea by the Pilot on the 10th instant.

Coomar Brojendra Narain Deb having returned to his duty on the 3rd instant, the unexpired portion of the leave granted to him on the 11th August last is cancelled.

The 18th January 1867.

The services of Dr. T. Duka, Civil Surgeon of Monghyr, are placed at the disposal of the Government of India in the Home Department.

NOTIFICATION.

The 22nd January 1867.

On the report of the Board of Examiners, the following Officers are declared to have passed the Examinations prescribed in the Government Resolution of the 19th November 1851 :—

By the Second or Higher Standard.

Mr. D. R. Lyall.
" F. Grant.
" G. E. Porter.
Baboo Umachurn Gangooly.

[*Government Gazette*, *29th January* 1867.]

১৮৬৭ সাল ১৮ জানুআরি।

সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত এচ এ কক্রেল সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে ১৮৬৫ সালের আপ্রিল মাসের ১০ তারিখের ছুটী পান। তৎপূর্ব্ব ফেব্রুআরি মাসের ২৮ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা উক্ত ছুটীর অতিরিক্ত।

১৮৬৭ সাল ১৯ জানুআরি।

ত্রিপুরার জজ শ্রীযুত এচ সি রিচর্ডসন সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন। তিনি আপন কার্য্যালয়ের কর্ম্মের ভার উক্ত জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিবেন।

১৮৬৭ সাল ২২ জানুআরি।

রাজশাহীর কমিসানর শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে পনের মাসের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত কাম্বেল সাহেব এই মাসের ১২ তারিখ অবধি ১৬ তারিখপর্য্যন্ত অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৬ জানুআরি।

মেজর শ্রীযুত জে এমার্শন সাহেব নিউবিয়া নামক বাষ্পীয় জাহাজে এই মাসের ১২ তারিখে রাজধানীতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

১৮৬৭ সাল ১৭ জানুআরি।

সিবিল কার্য্য সম্পর্কীয় শ্রীযুত ডবলিউ ই কিন্সি সাহেব এই মাসের ১২ তারিখে রাজধানীতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত আর পোর্চ সাহেব কাণ্ডিয়ানামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন, আড়কাটী সাহেব উক্ত জাহাজ এই মাসের ১০ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

শ্রীযুত কুমার ব্রজেন্দ্রনারায়ণ দেব এই মাসের ৩ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত আগষ্ট মাসের ১১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

১৮৬৭ সাল ১৮ জানুআরি।

মুঙ্গেরের সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত টি ডিউকা সাহেব হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২২ জানুআরি।

পরীক্ষক বোর্ডের রিপোর্টমতে প্রকাশ করা যাইতেছে যে নিম্নলিখিত কার্য্যকারকেরা ১৮৫১ সালের ১৯ নবেম্বর তারিখের গবর্ণমেণ্টের নির্দ্ধারণের নির্দ্দিষ্ট পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন।

উচ্চতর কল্পিতে।

শ্রীযুত ডি আর লায়েল সাহেব।
" এফ গ্রাণ্ট সাহেব।
" জি ই পোর্টর সাহেব।
" বাবু উমাচরণ গঙ্গোপাধ্যায়।

Mr F. W V. Peterson.
„ F. Wyer.
„ E S. Moseley.
Lieutenant E G. Lillingston.
Mr. D M Barbour.
„ T W Gribble.
„ A Yardley.
„ O G. R. McWilliam.
„ J. M. Blumhardt
Baboo Jogessur Mookerjee.
„ Gopal Chunder Das.
Moulvy Ameer Hossein.

Mr. W. M Souttar ..
„ C. C. Quinn ...
„ J. Birkmyre ...
Baboo Poorno Chunder Ghose .
} Still liable to a further Examination in Urdu.

By the First or Lower Standard

Mr. H. J. Newbery.
„ T. E. Coxhead
„ F. J. G Campbell.
„ W. H Verner.
„ G. J. B T. Dalton.
„ W. F. Meres
„ G. J S Hodgkinson.
„ J. F Stevens.
„ G. S Andrew.
„ J G Charles
„ C. A S. Bedford.
Lieutenant W. J. Williamson.
Baboo Bhuggwan Chunder Sen.
„ Kedar Nath Pundit
Moulavy Willyat Hossein
Mr. C. N. Banerjee
Baboo Tariny Churn Mitter.
Shah Mahomed Ishaq
Baboo Gooroopersad Sen, M. A. and B. L.
„ Chunder Narain Sing, M. A.
„ Bhoobuneshwar Sing
„ Kissen Chunder Dutt.
„ Bemola Churn Bhuttacharjee.

APPOINTMENTS.

The 22nd January 1867

The following Officers are vested with the powers of a Magistrate and Deputy Collector in the districts mentioned, *viz*: —

Mr. F. Wyer, Purneah
„ E. S Moseley, Purneah
„ D. M Barbour, Tirhoot.
„ T W Gribble, Shahabad.
„ O G. R. McWilliam, Mymensing.

„ এফ ডবলিউ বি পিটরসন সাহেব।
„ এফ ওয়ায়র সাহেব।
„ ই এস মোসলী সাহেব।
লেফটেনেন্ট শ্রীযুত ই জি লিলিংষ্টন সাহেব।
শ্রীযুত ডি এম বারবর সাহেব।
„ টি ডবলিউ গ্রিবল সাহেব।
„ এ ইয়াডলী সাহেব।
„ ও জি আর মাকুউলিয়ম সাহেব।
„ জে এম ব্লুমহার্ট সাহেব।
„ বাবু যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়।
„ বাবু গোপালচন্দ্র দাস।
„ মৌলবী আমীর হুসেন।

শ্রীযুত ডবলিউ এম স্টর সাহেব
„ সি সি কুইন সাহেব
„ জে বার্কমেয়র সাহেব
„ বাবু পূর্ণচন্দ্র ঘোষ
} পুনর্ব্বার ইঁহাদের উর্দ্দু ভাষায় পরীক্ষা দিতে হইবে।

নিম্নতর কক্ষিতে।

শ্রীযুত এচ জে নিউবেরি সাহেব।
„ টি ই কক্সহেড সাহেব।
„ এফ জে জি কাম্বেল সাহেব।
„ ডবলিউ এচ বর্ণর সাহেব।
„ জি জে বি টি ডালটন সাহেব।
„ ডবলিউ এফ মিয়র্স সাহেব।
„ জি জে এস হজকিন্সন সাহেব।
„ জে এফ ষ্টীবন্স সাহেব।
„ জি এস আণ্ড্রু সাহেব।
„ জে জি চার্লস সাহেব।
„ সি এ এস বেডফর্ড সাহেব।
লেফটেনেন্ট শ্রীযুত ডবলিউ জে উলিয়মসন সাহেব।
শ্রীযুত বাবু ভগবানচন্দ্র সেন।
„ বাবু কেদারনাথ পণ্ডিত।
„ মৌলবী বিলায়ৎ হুসেন।
„ সি এন বন্দ্যোপাধ্যায়।
„ বাবু তারিণীচরণ মিত্র।
„ শাহ মহম্মদ ইসাক।
„ বাবু গুরুপ্রসাদ সেন এম এ ও বি এল।
„ বাবু চন্দ্রনারায়ণ সিংহ এম এ।
„ বাবু ভুবনেশ্বর সিংহ।
„ বাবু কৃষ্ণচন্দ্র দত্ত।
„ বাবু বিমলাচরণ ভট্টাচার্য্য।

নিয়োগ।

১৮৬৭ সালের ২২ জানুআরি।

নিম্ন লিখিত কার্য্যকারকেরা আপনং নামের পার্শ্বে লিখিত জিলাতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন, —

শ্রীযুত এফ ওয়ায়র সাহেব পুরণিয়াতে।
„ ই এস মোসলী সাহেব পুরণিয়াতে।
„ ডি এম বারবর সাহেব ত্রিহুতে।
„ টি ডবলিউ গ্রিবল সাহেব শাহাবাদে।
„ ও জি আর মাকুউলিয়ম সাহেব ময়মনসিংহে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৯ জানুআরি।]

the road, and thence to a hollow on the Dholie khâl, one hundred yards south of the suspension bridge. On the west, the Dholie khâl from the abovementioned hollow to the Booreegunga river. On the south, the Booreegunga river.

NOTIFICATION.

The 14th January 1867.

It is hereby notified that, pending the completion of the sub-divisional scheme for the Burdwan Division, the Lieutenant-Governor is pleased, as a temporary arrangement, to constitute in each of the following districts a sudder or principal sub-division as follows:—

Name of Sub-Division.	*Names of Thannahs comprised in each Sub-Division.*
Burdwan Sub-Division ...	1. Burdwan. 2. Khundghose. 3. Indoss. 4. Selimabad. 5. Gangoorea. 6. Shahibgunge.
Hooghly Sub-Division ...	1. Hooghly and Chinsurah. 2. Bansberriah. 3. Bullaghur. 4. Pundooah. 5. Dhuneakhally.
Midnapore Sub-Division ...	1. Dantoon. 2. Narainghur. 3. Subbung. 4. Debbrah. 5. Midnapore. 6. Dospore. 7. Keshpore. 8. Talbunee. 9. Beenpore. 10. Gopeebullubpore.

NOTIFICATION.

The 18th January 1867.

In supersession of paragraph 2 of the Notification, dated the 16th November 1865, published in the *Calcutta Gazette* of the 20th December following, it is hereby notified that the tax levied within the cantonments of Barrackpore under the operation of Act XX., 1856, shall be a rate on houses and grounds according to the annual value thereof.

NOTIFICATION.

The 21st January 1867.

Whereas one Parbutty Debbea Bowah, of Kistonundpore, Thannah Belgacheo, in the district

সীমা ধলুইখাল পূর্ব্বোক্ত খাত হইতে বুরীগঙ্গা পর্য্যন্ত। দক্ষিণ সীমা বুরীগঙ্গা নদী।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৪ জানুআরি।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বর্দ্ধমান খণ্ডের শাখাখণ্ড নিরূপণ না হওন পর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কিয়ৎকালের নিমিত্তে নিম্ন লিখিত জিলাতে সদর অর্থাৎ প্রধান এক২ শাখাখণ্ড স্থাপন করিলেন। যথা—

শাখাখণ্ডের নাম।	প্রত্যেক শাখাখণ্ডের থানার নাম।
বর্দ্ধমান শাখাখণ্ড ...	১ বর্দ্ধমান। ২ খণ্ডঘোষ। ৩ ইন্দস্। ৪ সেলিমাবাদ। ৫ গাঙ্গুড়িয়া। ৬ সাহেবগঞ্জ।
হুগলী শাখাখণ্ড ...	১ হুগলী ও চুঁচড়া। ২ বাঁশবাড়িয়া। ৩ বলাগড়। ৪ পাণ্ডুয়া। ৫ ধন্যাখালী।
মেদিনীপুর শাখাখণ্ড ...	১ দাঁতুন্। ২ নারায়ণগড়। ৩ সবঙ্গ। ৪ দেবরা। ৫ মেদিনীপুর। ৬ দশপুর। ৭ কেশপুর। ৮ তালবনি। ৯ বীণপুর। ১০ গোপীবল্লভপুর।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৮ জানুআরি।

১৮৬৫ সালের নবেম্বর মাসের ১৬ তারিখের যে বিজ্ঞাপন তৎপরের ডিসেম্বর মাসের ২৬ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহার দ্বিতীয় ভাগ রহিত করিয়া ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বারাকপুরের সৈন্যাবাসে ১৮৫৬ সালের ২০ আইন মতে যে টাক্স আদায় হইবে তাহা তথাকার বাটীর ও জমির বার্ষিক মূল্যানুসারে ধরিতে হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২১ জানুআরি।

ফরীদপুর জিলার অন্তর্গত বেলগাছী থানার কৃষ্ণনন্দপুর নিবাসিনী পার্ব্বতী দেব্যা বেওয়া চরমপত্র না

of Furreedpore, died intestate in the year 1860, leaving some Brommuttur lands measuring 2 Khadas and 5 Pakees, and whereas no claim has been put forward to the said land within the period of twelve months, after the issue of the necessary notification by the Judge the land aforesaid is hereby declared to be escheated to Government.

NOTIFICATION.

The 18th January 1867.

The following Rules passed by the Lieutenant-Governor of Bengal, persuant to the provisions of Section 6, Act XX. of 1865, for conducting the examination of applicants for admission as Pleaders or Mooktears in the Courts of the Provinces of Chota Nagpore and Assam, are published for general information :—

REGULATIONS made by His Honor the Lieutenant-Governor of Bengal, pursuant to the provisions of Section 6, Act XX. of 1865, for conducting the examination of applicants for admission as Pleaders or Mookhtears in the Courts of the Provinces of Chota Nagpore and Assam.

For the higher grade of Pleaders.

1. In order to facilitate the ascertainment of the qualifications of candidates for admission as Pleaders in the Courts abovementioned, the Lieutenant-Governor of Bengal will, from time to time, appoint examiners, to be called Government Examiners of Pleaders. Such persons are hereinafter referred to by the words, the Government Examiners.

2. A local examination of candidates for the higher grade of Pleaders shall be held on the last Monday in January in each year.

3. The local examination of candidates for Pleaderships of the higher grade shall be held at the head-quarters of the division before a Local Committee, consisting of the Judicial Commissioner who shall preside, the Deputy Commissioner and any other officer of Government whom the Lieutenant-Governor may think fit to appoint. The Deputy Commissioner of the district may in the unavoidable absence of the Judicial Commissioner preside at the examination.

4. The examination shall be conducted in English.

5. There shall be an examination by written questions, and answers in writing thereto, and also a *viva voce* examination.

6. Previously to each examination the Government Examiners shall prepare written questions, of which there shall be three papers, one paper shall be upon Criminal Law and Procedure.

[*Government Gazette*, 29*th January* 1867.]

লিখিয়া ২ খাদা ৫ পাকী পরিমিত ব্রহ্মোত্র ভূমি রাখিয়া ১৮৬০ সালে লোকান্তর্গত হওয়াতে এবং জজ সাহেব প্রয়োজনীয় বিজ্ঞাপন প্রকাশ করিলেও দ্বাদশমাসের মধ্যে উক্ত ভূমির উপর কোন দাওয়া না হওয়াতে তাহা গবর্ণমেন্টে গৃহীত হইল।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৮ জানুআরি।

আসাম ও ছোট নাগপুর প্রদেশের আদালতে যে ব্যক্তিরা প্লীডর কি মোখ্তারস্বরূপ গ্রাহ্য হওনাকাঙ্ক্ষী হন তাঁহাদের পরীক্ষা করিবার জন্যে বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৬৫ সালের ২০ আইনের ৬ ধারার বিধানমতে নিম্ন লিখিত বিধি প্রণয়ন করিয়াছেন। তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

আসাম ও ছোট নাগপুর প্রদেশের আদালতে প্লীডর কি মোখ্তারস্বরূপ গ্রাহ্য হওনাকাঙ্ক্ষি ব্যক্তিদের পরীক্ষার জন্যে বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের ১৮৬৫ সালের ২০ আইনের ৬ ধারার বিধানমত প্রণীত ব্যবস্থা।

উচ্চ শ্রেণীর উকীলের বিধি।

১। যে ব্যক্তিরা পূর্ব্বোক্ত আদালতে প্লীডরস্বরূপে গ্রাহ্য হইবার আকাঙ্ক্ষী হন তাঁহাদের যোগ্যতা নির্ণয় কার্য্য সহজ করিবার জন্যে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব পরীক্ষক নিযুক্ত করিবেন। তাঁহারা গবর্ণমেন্টের উকীল পরীক্ষক নামে খ্যাত হইবেন। এই বিধির মধ্যে "গবর্ণমেন্ট পরীক্ষক" এই শব্দেতে তাঁহাদিগকে বুঝাইবে।

২। প্রতি বৎসর জানুআরি মাসের শেষ সোমবারে স্থানে২ উচ্চ শ্রেণীর প্লীডরের কর্ম্মাকাঙ্ক্ষির পরীক্ষা হইবে।

৩। উচ্চ শ্রেণীর প্লীডরের কর্ম্মাকাঙ্ক্ষিদের পরীক্ষা দেশের ভিন্ন২ খণ্ডের সদর স্থানে স্থানীয় কমিটীর সম্মুখে হইবে। সেই কমিটীতে জুডিসাল কমিসানর সাহেব অধিপতি, এবং ঐ স্থানের ডেপুটী কমিসানর সাহেব এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব গবর্ণমেন্টের অন্য যে কোন কার্য্যকারককে নিযুক্ত করা উচিত বোধ করেন তিনি কমিটী হইবেন। জুডিসাল কমিসানর সাহেব অনিবার্য্য কোন কারণে পরীক্ষাতে উপস্থিত হইতে না পারিলে ডেপুটী কমিসানর সাহেব অধ্যক্ষতা করিবেন।

৪। ইংলণ্ডীয় ভাষায় পরীক্ষা হইবে।

৫। লিখিত প্রশ্ন দ্বারা পরীক্ষা হইয়া তাহার লিখিত উত্তর লওয়া যাইবে। তদ্ভিন্ন বাচনিক পরীক্ষাও হইবে।

৬। পরীক্ষা হইবার প্রত্যেকবার পূর্ব্বে গবর্ণমেণ্ট পরীক্ষকেরা লিখিত প্রশ্নের তিন পত্র প্রস্তুত করিবেন। এক পত্রেতে ফৌজদারী আইন ও কার্য্যবিধানের প্রশ্ন থাকিবে।

7. Each paper shall contain twelve questions. The number of marks to which a candidate shall be entitled for a full answer, shall be separately specified for each question by the Government Examiners at the time of preparing the questions.

8. The aggregate number of marks for full answers to the whole of the twelve questions shall be 160.

9. The full number of marks for the *viva voce* examination in which candidates shall be asked at least four questions, shall be 50.

10. The written questions, and also the questions which shall be put upon the *viva voce* examination, shall be so framed as to test the knowledge of the candidates in the subjects mentioned in Clause 2, Section 6 of the Rules passed by the High Court, for the qualification, admission, and enrolment of Pleaders and Mookhtears in Mofussil Courts, and published in the *Calcutta Gazette* of the 9th of May 1866, and they shall be so prepared that a candidate may be enabled to pass by studying the Regulations, Enactments, and Text-Books set opposite to the respective subjects in the said Clause. Where two or more Text-Books are mentioned in the alternative, the questions shall be framed in such a manner that they can be answered by persons who have studied any one of such Text-Books.

11. The written questions shall be sent by the Government Examiners to the Registrar of the High Court, who shall forward them to the President of the Local Committee of Examiners.

12. The number of marks, whether full or less than full, to which each candidate shall be entitled for his answers to the written questions, shall be determined by the Government Examiners. The number of marks to which each candidate shall be entitled for his answer, on the *viva voce* examination shall be determined by the Local Committee.

13. To be entitled to pass as a Pleader of the higher grade, a candidate must obtain not less than 100 marks in each of the three written papers, and not less than 30 marks in the *viva voce* examination.

14. A candidate who shall obtain not less than 80 marks in each of the written papers, and not less than 20 marks in the *viva voce* examination shall be qualified as a Pleader of the lower grade.

15. After the local examination shall have been concluded, the Committee shall forward to the Government Examiners, through the Registrar of the High Court, the answers of the several candidates to the written questions, together with a certificate, signed by the President of the Local

৭। প্রত্যেক পত্রে দ্বাদশটি প্রশ্ন থাকিবে। প্রত্যেক প্রশ্নের সম্পূর্ণ উত্তর দিলে পদাকাঙ্ক্ষির নামে যত অঙ্কপাত হইবে গবর্ণমেণ্ট পরীক্ষকেরা প্রশ্ন প্রস্তুত করণকালে তাহা নিরূপণ করিবেন।

৮। দ্বাদশ প্রশ্নের সম্পূর্ণ উত্তর হইলে সর্ব্বসুদ্ধ ১৬০ অঙ্ক হইবে।

৯। বাচনিক পরীক্ষাতে পদাকাঙ্ক্ষিদিগকে চারি প্রশ্নের ন্যূন করা যাইবে না। সম্পূর্ণ উত্তরের ৫০ অঙ্ক পাত হইবে।

১০। হাই কোর্টের সাহেবেরা মফঃসল আদালতের প্লীডর ও মোক্তারদিগের কর্ম্মোপযোগিতার ও গ্রাহ্য হওনের ও নাম লেখাইবার যে বিধি প্রণয়ন করিয়া ১৮৬৬ সালের মে মাসের ৯ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ করেন, সেই বিধির ৬ ধারার ২ প্রকরণে যেং বিষয়ের উল্লেখ হইয়াছে ঐ লিখিত প্রশ্ন এবং বাচনিক পরীক্ষার প্রশ্নও এই ভাবের হইবে যে পদাকাঙ্ক্ষিদের সেইং বিষয়ের জ্ঞানানুভূতি হয়। ও সেই প্রশ্ন এমন প্রস্তুত করিতে হইবে যে উক্ত প্রকরণের নির্দ্দিষ্ট বিষয়ের পার্শ্বে যেং আইন ও বিধান ও পুস্তকের উল্লেখ হইয়াছে তাহা আলোচনা করিলে পদাকাঙ্ক্ষী উত্তীর্ণ হইতে পারেন। যদি দুই কি অধিক পুস্তকের উল্লেখ হইয়া স্বেচ্ছামতে অন্যতর পুস্তকের আলোচনা হইতে পারে, তবে এমত প্রশ্ন লিখিতে হইবে যে উক্ত অন্যতর পুস্তক আলোচনা করিলে প্রশ্নের উত্তর দেওয়া যায়।

১১। গবর্ণমেণ্টের পরীক্ষকেরা ঐ লিখিত প্রশ্ন হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে পাঠাইবেন, তিনি স্থানীয় পরীক্ষক কমিটীর অধিপতির নিকটে প্রেরণ করিবেন।

১২। লিখিত প্রশ্নের উত্তর দেওয়া গেলে পদাকাঙ্ক্ষির নামে সম্পূর্ণ কি ন্যূন যত অঙ্ক পাত হইবে তাহা গবর্ণমেণ্ট পরীক্ষকেরা নিরূপণ করিবেন। বাচনিক পরীক্ষার উত্তরের জন্য প্রত্যেক পদাকাঙ্ক্ষির নামে যত অঙ্ক পাত হইবে তাহা স্থানীয় কমিটী নিরূপণ করিবেন।

১৩। কোন পদাকাঙ্ক্ষী লিখিত তিন পত্রের প্রত্যেক পত্রেতে ১০০ অঙ্কের ন্যূন ও বাচনিক পরীক্ষাতে ৩০ অঙ্কের ন্যূন পাইলে তিনি উচ্চ শ্রেণীর প্লীডরস্বরূপ উত্তীর্ণ হইবেন না।

১৪। কোন পদাকাঙ্ক্ষী লিখিত প্রত্যেক পত্রের উপলক্ষে ৮০ অঙ্কের অন্যূন ও বাচনিক পরীক্ষাতে ২০ অঙ্কের অন্যূন প্রাপ্ত হইলে তিনি দ্বিতীয় শ্রেণীর প্লীডরের পদযোগ্য হইবেন।

১৫। স্থানীয় পরীক্ষা সমাপ্ত হইলে পর কমিটী হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের দ্বারা গবর্ণমেণ্ট পরীক্ষকদের নিকটে প্রত্যেক পদাকাঙ্ক্ষির ঐ লিখিত প্রশ্নের উত্তর এবং বাচনিক পরীক্ষাতে প্রত্যেক পদাকাঙ্ক্ষির নামে যত অঙ্ক পাত হইয়াছে, স্থানীয় কমিটীর অধিপতির স্বাক্ষরিত সেই বিষয়ের সংশিত-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৯ জানুআরি।]

Committee, of the number of marks awarded to each candidate in the *viva voce* examination; whereupon the Government Examiners shall proceed to examine the answers to the written questions and determine to what number of marks each candidate is entitled for such answers, and declare as to each candidate whether, according to the rules above laid down, he has or has not passed the examination; provided that the Local Committee shall not forward to the Government Examiners the written answers of any candidate who shall fail to obtain 20 marks in the *viva voce* examination.

16. As soon as the examination shall have been concluded, the Government Examiners shall submit a report of their proceedings to the Registrar of the High Court, who shall transmit the same to the Government.

17. The names of the successful candidates shall be published in the *Government Gazette.*

Examinations for the lower grade of Pleaders.

18. An examination shall be held once in each year, at the head-quarters of each district, on the last Monday in January.

19. The examination shall be conducted in English, or in the Vernacular of the district, at the option of the candidate.

20. The examination shall be held by the Deputy Commissioner, assisted, if he think fit, by any other officer whom he may call in.

21. Previously to each examination the Government Examiners shall prepare two written papers of questions, of which one shall be on Criminal Law and Procedure, and one on Civil Law and Procedure, and shall forward them to the Deputy Commissioner.

22. There shall also be a *viva voce* examination conducted by the Deputy Commissioner assisted as abovementioned, if he think fit to call in assistance.

23. There shall be twelve questions in each paper. The number of marks to which a candidate shall be entitled for a full answer to each question shall be separately specified by the Government Examiners at the time of preparing the questions.

24. The aggregate number of marks for full answers to the whole of the twelve questions shall be 160.

25. The full number of marks for the *viva voce* examination, in which candidates shall be asked at least four questions, shall be 50.

26. The written questions, and also the questions upon the *viva voce* examination, shall be so framed as to test the knowledge of the candidates in the subjects mentioned in Rule 18 of the rules passed by the High Court, for the quali-

পত্র প্রেরণ করিবেন। তাহা হইলে গবর্ণমেণ্ট পরীক্ষকেরা লিখিত প্রশ্নের উত্তর সমালোচনা করিয়া ঐ উত্তরের উপলক্ষে যাঁহার নামে যত অঙ্ক পাত হইবে তাহা নিরূপণ করিয়া পূর্ব্বোক্ত বিনিয়মে প্রত্যেক পদাকাঙ্ক্ষির নামে ইনি পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন ইনি হন নাই ইহা ব্যক্ত করিবেন। কিন্তু কোন পদাকাঙ্ক্ষী বাচনিক পরীক্ষা দিয়া যদি ২০ অঙ্ক পাইতে না পারেন, তবে স্থানীয় কমিটী গবর্ণমেণ্ট পরীক্ষকেদের নিকটে তাঁহার লিখিত উত্তর পাঠাইবেন না।

১৬। পরীক্ষা সমাপ্ত হইলে পর গবর্ণমেণ্ট পরীক্ষকেরা হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে আপনারদের কার্য্যের রিপোর্ট অর্পণ করিবেন, তিনি গবর্ণমেণ্টে তাহা পাঠাইবেন।

১৭। পরীক্ষোত্তীর্ণ ব্যক্তিদের নাম গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইবে।

নিম্ন শ্রেণীর প্লীডরের পরীক্ষা।

১৮। প্রতি বৎসর জানুআরি মাসের শেষ সোমবারে প্রত্যেক জিলার সদর মোকামে পরীক্ষা হইবে।

১৯। ঐ পরীক্ষা পদাকাঙ্ক্ষির ইচ্ছামতে ইংলণ্ডীয় ভাষায় কি জিলার প্রচলিত ভাষায় হইবে।

২০। ডেপুটী কমিসানর সাহেব পরীক্ষা গ্রহণ করিবেন। তিনি উচিত বোধ করিলে অন্য কোন কর্ম্মকারককে সহায়স্বরূপ আহ্বান করিবেন।

২১। পরীক্ষা হইবার প্রত্যেকবার পূর্ব্বে গবর্ণমেণ্ট পরীক্ষকেরা লিখিত প্রশ্নের দুই পত্র প্রস্তুত করিয়া ডেপুটী কমিসানর সাহেবের নিকটে প্রেরণ করিবেন: এক পত্রে ফৌজদারী আইন ও কার্য্যবিধানের ও অন্য পত্রে দেওয়ানী আইন ও কার্য্যবিধানের প্রশ্ন থাকিবে।

২২। তদ্ভিন্ন ডেপুটী কমিসানর সাহেব বাচনিক পরীক্ষা লইবেন ও উচিত বোধ করিলে স্বীয় সাহায্যার্থে পূর্ব্বোক্ত সহায়কে আহ্বান করিবেন।

২৩। প্রত্যেক পত্রে দ্বাদশটি প্রশ্ন থাকিবে। প্রত্যেক প্রশ্নের সম্পূর্ণ উত্তর হইলে পদাকাঙ্ক্ষির নামে যত অঙ্ক পাত হইবে গবর্ণমেণ্ট পরীক্ষকেরা প্রশ্ন প্রস্তুত করণ কালে তাহা নিরূপণ করিবেন।

২৪। দ্বাদশ প্রশ্নের সম্পূর্ণ উত্তর হইলে সর্ব্বসুদ্ধ ১৬০ যাইট অঙ্ক হইবে।

২৫। বাচনিক পরীক্ষাতে পদাকাঙ্ক্ষকদের নিকটে চারি প্রশ্নের ন্যূন করা যাইবে না। সম্পূর্ণ উত্তরের ৫০ অঙ্ক পাত হইবে।

২৬। হাই কোর্টের সাহেবেরা পূর্ব্বোক্ত মফঃসল আদালতে প্লীডর ও মোক্তারদিগের কর্ম্মোপযোগিতার ও গ্রাহ্য হওনের ও নাম লেখাইবার যে বিধি প্রণয়ন করিয়াছেন তাহার ১৮ ধারাতে যেং বিষয়ের উল্লেখ হইয়াছে ঐ লিখিত প্রশ্ন এবং বাচনিক পরী-

fication, admission, and enrolment of Pleaders and Mookhtears in Mofussil Courts abovementioned, and they shall be so prepared that a candidate may be enabled to pass by studying the Regulations, Enactments, and Text-Books set opposite to the respective subjects in the said section.

ক্ষার প্রশ্নও এই ভাবের হইবে যে পদাকাঙ্ক্ষিদের সেই২ বিষয়ের জ্ঞানানুভূতি হয় ও সেই প্রশ্ন এমন প্রস্তুত করিতে হইবে যে উক্ত ধারার নির্দ্দিষ্ট বিষয়ের পার্শ্বে যেং আইন ও বিধান ও পুস্তকের উল্লেখ হইয়াছে তাহা আলোচনা করিলে পদাকাঙ্ক্ষী উত্তীর্ণ হইতে পারেন।

27. To be entitled to pass, a candidate must obtain 100 marks at least in each of the written papers, and 30 marks in the *viva voce* examination.

২৭। লিখিত প্রত্যেক পত্রোপলক্ষে পদাকাঙ্ক্ষির নামে ১০০ শত অঙ্ক ও বাচনিক পরীক্ষোপলক্ষে ৩০ অঙ্কপাত না হইলে তিনি উত্তীর্ণ হইবেন না।

28. The number of marks, whether full or less than full, to which each candidate shall be entitled for his answers, as well to the written questions as upon the *viva voce* examination, shall be determined by the Deputy Commissioner with such assistance as abovementioned, if called in; and the Deputy Commissioner shall thereupon declare as to each candidate, whether he has or has not passed the examination, and report the result to the Registrar of the High Court, who shall transmit the same to the Government.

২৮। লিখিত প্রশ্নের এবং বাচনিক পরীক্ষার উত্তরের উপলক্ষে প্রত্যেক পদাকাঙ্ক্ষির নামে সম্পূর্ণ অঙ্ক কি ন্যূন অঙ্ক পাত হইবে ডেপুটী কমিস্যনর সাহেব পূর্ব্বোক্ত সহায় ব্যক্তি আহূত হইলে তাঁহার সহায়তাতে এই কথা নিরূপণ করিবেন, এবং প্রত্যেক পদাকাঙ্ক্ষির বিষয়ে ইনি উত্তীর্ণ হইয়াছেন, ইনি হন নাই ইহা ব্যক্ত করিয়া হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে ঐ পরীক্ষার ফলের রিপোর্ট করিবেন। রেজিষ্ট্রার সাহেব তাহা গবর্ণমেণ্টে পাঠাইবেন।

29. The names of the successful candidates shall be published in the *Calcutta Gazette.*

২৯। পরীক্ষোত্তীর্ণ পদাকাঙ্ক্ষিদের নাম কলিকাতা গেজেটে প্রকাশ হইবে।

EXAMINATION OF MOOKHTEARS.

মোক্তারদের পরীক্ষা।

30. The examination of Mookhtears, under Section 34 of the abovementioned rules passed by the High Court, shall be held by the Deputy Commissioner in every district.

৩০। হাই কোর্টের সাহেবেরা পূর্ব্বোক্ত যে বিধি প্রণয়ন করিয়াছেন তাহার ৩৪ ধারামতে প্রত্যেক জিলার ডেপুটী কমিস্যনর সাহেব মোক্তারেরদের পরীক্ষা লইবেন।

31. The examination shall be held once in each year, on the second Monday in February, and shall be by questions in writing and *viva voce.*

৩১। পরীক্ষা প্রতিবৎসর ফেব্রুআরি মাসের দ্বিতীয় সোমবারে লিখিত ও বাচনিক প্রশ্নদ্বারা হইবে।

32. The examination shall be conducted in English, or in the Vernacular of the district, at the option of the candidate.

৩২। পদাকাঙ্ক্ষির ইচ্ছামতে ইংলণ্ডীয় ভাষায় কি জিলার চলিত ভাষায় পরীক্ষা হইবে।

33. Previously to each examination the Government Examiners shall prepare two written papers of questions, of which one shall be on Criminal Law and Procedure, and one on Civil Law and Procedure, and shall forward them to the Deputy Commissioner.

৩৩। পরীক্ষা হইবার প্রত্যেকবার পূর্ব্বে গবর্ণমেণ্ট পরীক্ষকেরা লিখিত প্রশ্নের দুই পত্র প্রস্তুত করিয়া ডেপুটী কমিস্যনর সাহেবের নিকটে পাঠাইবেন। এক পত্রে ফৌজদারী আইন ও কার্য্যবিধানের অন্য পত্রে দেওয়ানী আইন ও কার্য্যবিধানের প্রশ্ন হইবে।

34. There shall also be a *viva voce* examination.

৩৪। বাচনিক পরীক্ষাও হইবে।

35. There shall be six questions in each paper. The number of marks to which a candidate shall be entitled for a full answer to each question shall be separately specified by the Government Examiners at the time of preparing the questions.

৩৫। প্রত্যেক পত্রে ছয় প্রশ্ন থাকিবে। এক২ প্রশ্নের সম্পূর্ণ উত্তরের উপলক্ষে পদাকাঙ্ক্ষির নামে যত অঙ্কপাত হইবে গবর্ণমেণ্ট পরীক্ষকেরা প্রশ্ন প্রস্তুত করণ কালে তাহা নিরূপণ করিবেন।

36. The aggregate number of marks for full answers to the whole of the six questions shall be 160.

৩৬। ছয় প্রশ্নের সম্পূর্ণ উত্তর উপলক্ষে সর্ব্বশুদ্ধ ১৬০ অঙ্ক হইবে।

37. The full number of marks for the *viva voce* examination, in which candidates shall be asked at least four questions, shall be 50.

৩৭। বাচনিক পরীক্ষাতে পদাকাঙ্ক্ষিরদের নিকট চারি প্রশ্ন করা যাইবে তাহার সম্পূর্ণ উত্তর উপলক্ষে ৫০ অঙ্ক হইবে।

38. The written questions, and also the questions upon the *viva voce* examination, shall be so

৩৮। পূর্ব্বোক্ত বিধির ৩৪ ধারাতে যেং বিষয়ের উল্লেখ হইয়াছে ঐ লিখিত প্রশ্ন এবং বাচনিক পরীক্ষার

framed as to test the knowledge of the candidates in the subjects mentioned in Rule 34 of the aforesaid rules.

প্রশ্ন এই ভাবে করিতে হইবে যে সেই২ বিষয়ে পরীক্ষার্থিরদের জ্ঞানানুভূতি হয়।

39. To be entitled to pass, a candidate must obtain 100 marks at least in the written paper, and 30 in the *viva voce* examination.

৩৯। লিখিত পত্রে ১০০ অঙ্কের ন্যূন ও বাচনিক পরীক্ষাতে ৩০ অঙ্কের ন্যূন হইলে পদাকাঙ্ক্ষী উত্তীর্ণ হইবেন না।

40. The number of marks, whether full or less than full, to which each candidate shall be entitled for his answers, as well to the written questions as upon the *viva voce* examination, shall be determined by the Deputy Commissioner, who shall thereupon declare as to each candidate, whether he has or has not passed the examination, and report the result to the Registrar of the High Court, who shall transmit the same to the Government.

৪০। লিখিত ও বাচনিক পরীক্ষাতে প্রশ্নের উত্তরোপলক্ষে যে পদাকাঙ্ক্ষির নামে সম্পূর্ণ কি ন্যূন যত অঙ্কপাত হইবে তাহা ডেপুটী কমিস্যনর সাহেব নিরূপণ করিবেন। ও প্রত্যেক পদাকাঙ্ক্ষির বিষয়ে ইনি উত্তীর্ণ হইয়াছেন ইনি হন নাই ইহা ব্যক্ত করিয়া হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে পরীক্ষার ফলের রিপোর্ট করিবেন। তিনি গবর্ণমেণ্টে সেই রিপোর্ট প্রেরণ করিবেন।

41. The names of the successful candidates shall be published in the *Calcutta Gazette.*

৪১। পরীক্ষোত্তীর্ণ পদাকাঙ্ক্ষিদের নাম কলিকাতা গেজেটে প্রকাশ হইবে।

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

The 16th January 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for the accommodation of the Post Office building at Kissengunge, it is hereby declared that for the above purpose a piece of land is required, measuring about 10 cottahs, situated at Kissengunge, being the present site of the Post Office, and being bounded as follows :—

East.—Mal land uncultivated, in possession of Bengal Indigo Company.

North.—The Ferry Fund Road from Kishnaghur to Kissengunge.

West.—River Echamutty.

South.—Mal land uncultivated, in possession of Bengal Indigo Company.

2. This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৬ জানুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কৃষ্ণগঞ্জস্থ ডাকঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কৃষ্ণগঞ্জে ||০ কাঠা পরিমিত ভূমির প্রয়োজন। ডাকঘর এখন সেই স্থানে আছে, উক্ত ভূমির সীমা এই২—

পূর্ব্ব সীমা—বেঙ্গল ইণ্ডিগো কোম্পানির অধিকৃত অকর্ষিত মাল ভূমি।

উত্তর সীমা—কৃষ্ণনগর অবধি কৃষ্ণগঞ্জপর্য্যন্ত ফেরিফণ্ডের পথ।

পশ্চিম সীমা—ইচ্ছামতী নদী।

দক্ষিণ সীমা—বেঙ্গল ইণ্ডিগো কোম্পানির অধিকৃত অকর্ষিত মাল ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

DECLARATION UNDER SECTION II., ACT VI. OF 1857.

The 19th January 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken at the public expense, for a public purpose, *viz.*, for the construction of a strand road from Maddarbarree road to the Goaldangah road in continuation of the Maddarbarree strand road, it is hereby declared that for the above purpose, a strip of land is required, measuring about 1¾ miles in length, and about 96 feet in width on an average, or more or less, and

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৯ জানুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ মাদারবাড়ীর রাস্তা অবধি গোয়ালডাঙ্গার রাস্তা পর্য্যন্ত নদীর ধারের পথ দীর্ঘ করিয়া পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ১৷৷৷ মাইল দীর্ঘ ও গড়ে ৯৬ ফুট প্রশস্ত এবং কাণীতে ন্যূনাধিক ১ দ্রোণ ১৪ কাহন ১৮ গণ্ডা ২ কড়া ০ কণ্ট ৪ দন্ত ভূমি। উক্ত ভূমি চট্টগ্রাম জিলার অন্তর্গত ইস্লামাবাদ থানার মাদার-

containing an area of about 1*d.* 14*k.* 18*g.* 2*c.* 0*k.* 4*d.*, more or less, situated in Mouzahs Maddarbarree and Gouldangah, Thannah Islamabad, in the district of Chittagong, and passing generally parallel to the right bank of the Koornafolee River.

বাড়ী ও গোয়ালডাঙ্গা মৌজায় স্থিত ও সামান্যতঃ কর্ণফুলী নদীর ধারে২ সমান্তরালে চলে।

This declaration is made, under the provisions of Section II., Act VI. of 1857, to all whom it may concern.

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক রাছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টের আজ্ঞা।

APPOINTMENTS.

নিয়োগ।

The 22nd January 1867.

১৮৬৭ সাল ২২ জানুআরি।

Moulvie Kazim Hossien to officiate as Moonsiff of Kishengunge, Zillah Bhaugulpore, on the full salary of a Moonsiff of the second grade.

শ্রীযুত মৌলবী কাজিমহুসেন ভাগলপুর জিলার কৃষ্ণগঞ্জের মুন্সেফের কর্ম্ম করিবেন। তিনি দ্বিতীয় শ্রেণীর মুন্সেফের সম্পূর্ণ বেতন পাইবেন।

Baboo Radha Kisno Sein to officiate as Moonsiff of Hurhurparah, Zillah Moorshedabad, from the 12th instant.

শ্রীযুত বাবু রাধাকৃষ্ণ সেন এই মাসের ১২ তারিখ অবধি মুরশিদাবাদ জিলার হরহড়পাড়ার মুন্সেফের কর্ম্ম করিবেন।

LEAVE OF ABSENCE.

ছুটী।

The 26th January 1867.

১৮৬৭ সাল ২৬ জানুআরি।

Baboo Joogul Pershad, Moonsiff of Sewan, Zillah Sarun, for four months, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules, placing the Serishtadar in charge of the current duties of his office until further orders.

সারণ জিলার সেওয়ানের মুন্সেফ শ্রীযুত যুগলপ্রসাদ বাবু অচিহ্নত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে চারি মাসের ছুটী পাইয়াছেন। অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত তিনি আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার সিরাস্তাদারের প্রতি অর্পণ করিবেন।

L. R. TOTTENHAM,
Registrar.

এল আর টটনহাম,
রেজিষ্ট্রার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৯ জানুআরি।]

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

NOTICE.

To be sold to the highest bidder, at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack, on Friday, the 8th day of February 1867, at the hour of 12 o'clock noon, the Rights and Interests of the Defendant Rajah Puddonath Deb of Killah Aul, in the said Killah of Aul in satisfaction of certain decrees held by Peary Deyee, mother and guardian of Sahib Surrun Lall, Plaintiff, and execution of which has been taken out against him.

The Killah in question is a fixed Tributary Estate the permanent *Jumma* of which is Rupees 28,139-2-7 per annum.

Twenty-five per cent. on the amount bid will be required to be paid in at the time of purchase and the balance within a fortnight from the date of sale.

W. Wright,
Principal Sudder Ameen.

জিলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জিলে চট্টগ্রাম।

এহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জেলাহার নীচের লিখিত মহাল মালগুজারির বাকি বাবত ইংরেজী সন ১৮৬৭ সালের ১১ ফেব্রুআরি তারিখে মোতাবেক সন ১২৭৩ বাঙ্গলা তারিখ ৩০ মাঘ রোজ সোমবার এই কালেক্টরী কাছারিতে বিনা ওজর নীলামে ধর যাইবেক ইতি। সন ১৮৬৭ ইংরাজী তারিখ ১৭ জানুআরি।

প্রথম শ্রেণীর কাএমি মহাল।

তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত তারিণীচরণ দত্ত যিনি সম্প্রতি চট্টগ্রামের ঔষধালয়ে নিযুক্ত হইয়াছেন, তিনি যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার চিকিৎসক ডাক্তর শ্রীযুত জে এ গ্রীন্ সাহেব ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ২৪ জানুআরি।

পাবনার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ বি জি টেলর সাহেব আগামি মাসের ৭ তারিখ অবধি অথবা তাহার পর অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ২৫ জানুআরি।

কটকের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে ওয়ার্ড সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

পাটনার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত এ সি হোয়ার্ড সাহেব অচিহ্নিত কার্য্যকারক-

11 of the Uncovenanted Service Absentee Rules.

The 28th January 1867.

Lieutenant N. Lowis, late Officiating Cantonment Magistrate of Dinapore, for one month, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency.

The 29th January 1867.

Mr. H. R. Madocks, Judge of Bhaugulpore, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 5th proximo, or any subsequent date on which he may avail himself of the leave.

দের ছুটীর বিধির ১১ ধারামতে কুড়ি মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ২৮ জানুআরি।

দানাপুরের সৈন্যাবাসের ভূতপূর্ব্ব একটিংস মাজিষ্ট্রেট লেপ্টেনেণ্ট শ্রীযুত এন লোইস সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ২৯ জানুআরি।

ভাগলপুরের জজ শ্রীযুত এচ আর মাডক সাহেব আগামি মাসের ৫ তারিখ অবধি অথবা তাহার পর যে কোন তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

Notifications.

The 22nd January 1867.

Baboo Madhub Chunder Moitra, Deputy Magistrate and Deputy Collector of Bograh, having returned to his duties on the 29th December last, the unexpired portion of the leave granted to him under orders of the 18th ultimo, and of which he availed himself on the 26th idem, is cancelled.

The 26th January 1867.

A supplementary Commission of the Peace for Bengal, Behar, and Orissa was issued, on the 19th instant, by the High Court of Judicature at Fort William in Bengal, directed to Captain Edmund Yeamans Walcott, Officiating Cantonment Magistrate of Barrackpore.

The 28th January 1867.

The leave granted to Baboo Kristo Chunder Dutt, Deputy Magistrate and Deputy Collector of Mymensing, under orders of the 15th October last, is commuted to privilege leave.

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২২ জানুআরি।

বগুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মাধবচন্দ্র মৈত্র গত ডিসেম্বর মাসের ২৯ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত মাসের ১৮ তারিখের আজ্ঞামতে প্রাপ্ত যে ছুটী ঐ মাসের ২৬ তারিখ অবধি লইতে আরম্ভ করেন তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

১৮৬৭ সাল ২৬ জানুআরি।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট কর্ত্তৃক বারাকপুরের সৈন্যাবাসের একটিং মাজিষ্ট্রেট কাপ্তান শ্রীযুত এডমণ্ড ইয়ামন্স ওয়ালকট সাহেবের নামে এই মাসের ১৯ তারিখে বঙ্গ বেহার ও উড়িষ্যার শান্তিরক্ষার্থে অতিরিক্ত কমিসান প্রদত্ত হইল।

১৮৬৭ সাল ২৮ জানুআরি।

ময়মনসিংহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র দত্ত গত অক্টোবর মাসের ১৫ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা অনুগ্রহের ছুটী বলিয়া গণ্য হইবে।

Notification.

The 29th January 1867.

In continuation of Notification dated the 22nd instant, published in the *Calcutta Gazette* of the 23rd idem, Baboo Madhub Chunder Moitra is declared, on the report of the Board of Examiners, to have passed by the Second or Higher Standard of Examination, prescribed in the Government Resolution of the 19th November 1851.

The following Police Officers also are declared, on the report of the Board of Examiners, to have passed, *viz.*:—

By the Higher Standard.

Mr. Auley.
„ Daly.
„ Blair.
„ Patch.
„ Ridsdale.
„ Lambert.
„ Masters.
Baboo Isree Pershad.

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৯ জানুআরি।

এই মাসের ২২ তারিখের যে বিজ্ঞাপন এই মাসের ২৯ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশিত হয় তদতিরিক্ত পরীক্ষক বোর্ডের রিপোর্টক্রমে ইহাতে প্রকাশ করা যাইতেছে যে শ্রীযুত বাবু মাধবচন্দ্র মৈত্র গবর্ণমেণ্টের ১৮৫১ সালের ১৯ নবেম্বর তারিখের নির্দ্ধারণের নির্দ্দিষ্ট উচ্চতর কল্পির পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন।

পরীক্ষক বোর্ডের রিপোর্টমতে প্রকাশ করা যাইতেছে যে নিম্ন লিখিত পোলীসের কার্য্যকারকেরাও উত্তীর্ণ হইয়াছেন, যথা—

উচ্চতর কল্পিতে।

শ্রীযুত আম্লী সাহেব।
„ ডেলি সাহেব।
„ ব্লের সাহেব।
„ পাচ সাহেব।
„ রিডস্‌ডেল সাহেব।
„ লাম্বর্ট সাহেব।
„ মাষ্টর্স সাহেব।
„ ঈশ্বরী প্রসাদ বাবু।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৫ ফেব্রুআরি।]

By the Lower Standard.

Mr. Birch.
,, Rattray.
,, Bolst.
,, Jerdon.
,, Dawson.
,, Masters.
,, Cawley.
,, Wilkins.
,, Campbell.

NOTIFICATION.

The 21st January 1867.

It is hereby notified, for general information, that the LieutenantGovernor has been pleased to sanction the following changes of subordinate civil jurisdictions in the district of Dinagepore, *viz.*:—the abolition of the office of Sudder Ameen; the abolition of the separate Moonsiffee of Rajarampore, and its incorporation with the Sudder Moonsiffee; and the abolition of the Moonsiffee of Ghoraghat; Thannahs Ghoraghat and Nawabgunge from the jurisdiction of the last named Moonsiffee being added to the jurisdiction of the Moonsiff of Chintamun, who will henceforth have his head-quarters at Phoolbaree, and the remaining two Thannahs, Khetlall and Lallbazar, being assigned to the jurisdiction of the Moonsiff of Putneetollah, whose head-quarters will be at Baboo Ghaut.

NOTIFICATION.

The 24th January 1867.

It is hereby notified, for general information, that small-pox in a very virulent and fatal form is now raging at Pooree, and intending pilgrims to Juggernath are warned of the serious danger which they will incur in visiting the town at the present time.

All Magistrates are desired to make this notification as widely known as possible without any delay.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

The 25th January 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken at the public expense, for a public purpose, *viz.*, for the site of Post Office at Bongong, it is hereby declared that, for the above purpose, a piece of ground, measuring five cottahs, more or less, situated in Mouzah Khoshdoha, *alias* Bongong, Pergunnah Khoshdoha, District of Nuddea, is required.

The land required is within a plot of land measuring about one beegah, bounded on the East

নিম্নতর কল্পিতে।

শ্রীযুত বর্চ সাহেব।
,, রাট্রে সাহেব।
,, বোলস্ট সাহেব।
,, জের্ডন সাহেব।
,, ডাসন্ সাহেব।
,, মাষ্টর্স সাহেব।
,, কলে সাহেব।
,, উইলকিন্স সাহেব।
,, ক্যাম্বেল সাহেব।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২১ জানুআরি।

ইহাতে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব দিনাজপুর জিলার অধঃস্থ দেওয়ানী আদালতের বিচারাধিপত্য নিম্ন লিখিত মতে পরিবর্ত্তন বিষয়ে অনুমোদন করিয়াছেন, যথা—সদর আমীনের পদ উঠাইয়া দেওয়া গেল, রাজারামপুরের স্বতন্ত্র মুনসেফী পদ রহিত হইয়া সদর মুনসেফীর সহিত সংযোগ হইবে এবং গোড়াঘাটের মুনসেফী পদ উঠাইয়া দেওয়া গেল। গোরাঘাট ও নবাবগঞ্জের থানা শেষোক্ত মুনসেফীর বিচারাধিপত্য হইতে লইয়া চিন্তামনের মুনসেফের বিচারাধিপত্যে ভুক্ত হইবে, এই মুনসেফের সদর স্থান এই অবধি ফুলবাড়ীতে হইবে এবং অবশিষ্ট দুই থানা অর্থাৎ ক্ষেত লাল ও লালবাজার পত্নীটোলার মুনসেফের বিচারাধিপত্যে ভুক্ত হইবে তাঁহার সদর স্থান বাবুঘাটে হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৪ জানুআরি।

সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে পুরীতে এখন বসন্ত রোগ অতি প্রবল ও মারাত্মক হইয়া উঠিয়াছে অতএব জগন্নাথের যাত্রিদিগকে সাবধান করা যাইতেছে। কেমনা উক্ত নগরে এখন গমন করিলে তাঁহাদের সেই গুরুতর বিপদ ঘটিবার সম্ভাবনা।

সকল মাজিষ্ট্রেট সাহেব এই বিজ্ঞাপন অবিলম্বে বিস্তারিতরূপে প্রকাশ করুন এই আদেশ হইল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৫ জানুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বনগায়ে ডাকঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে নদীয়া জিলার অন্তর্গত খোসদহ পরগনার খোসদহ অথবা বনগাঁ মৌজায় ।০ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

প্রয়োজনীয় ভূমিখণ্ড এই সীমাবেষ্টিত এক বিঘা ভূমির মধ্যে, অর্থাৎ পূর্ব্ব সীমা কলিকাতা ও যশোহরের

by the Calcutta and Jessore Road; South by Bona-Beel; West by land belonging to the village zemindars and unoccupied; and North by Chamar Bazar.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

DECLARATION UNDER ACT VI. OF 1857.

The 25th January 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken at the public expense, for a public purpose, *viz.*, for Sub-Divisional buildings at Kurreemgunge, it is hereby declared that, for the above purpose, one plot of land measuring as below is required, situated in Mouzahs Khola Cherra and Bammalee, Pergunnah Cooseearcool, Zillah Sylhet.

A plot of land called old Kurreemgunge Bazar, with an area of about twenty beegahs, bounded on the North by the Kussara River, and on the other three sides by the cultivated lands of Talooks, Nos. 166, 338.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

DECLARATION UNDER ACT VI. OF 1857.

The 25th January 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken at the public expense, for a public purpose, *viz.*, for the construction of Sub-Divisional buildings at Hubbeegunge, it is hereby declared that, for the above purpose, a plot of land is required measuring four kears, three powas, one and a half jeyts, situated on the South of Hubbeegunge, in Village Nateerpore, Pergunnah Turrup, Zillah Sylhet, appertaining to Talook Syud Mahomed Nateer, Hissa Syud Mahomed Nateer and Bateer, No. 1050.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

DECLARATION UNDER ACT VI. OF 1857.

The 25th January 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is erquired to be taken at the public expense, for a public purpose, *viz.*, for the construction of Sub-Divisional buildings at Sonamgunge, it is hereby declared that, for the above purpose, one or more of the three plots of land measuring as below, and situated to the West of Bongong Police Station, Zillah Sylhet:—

Plot No. 1, extent from North to South 100 cubits, and East to West 130 cubits. Area two kears, three powas, and three jeyts.

পথ দক্ষিণ সীমা বোনাবিল, পশ্চিম সীমা গ্রামের জমীদারের শূন্য ভূমি, উত্তর সীমা চামার বাজার।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

১৮৫৭ সালের ৬ আইনমতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৫ জানুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ করিমগঞ্জে শাখাখণ্ডের বাটী প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শ্রীহট্ট জিলার অন্তর্গত কুশীয়ারকুল পরগনার খোলাচেরা ও বামালি মৌজায় স্থিত নিম্ন লিখিত পরিমাণের ভূমি খণ্ড প্রয়োজন।

পুরাতন করিমগঞ্জ নামে খ্যাত ২০/ বিঘা পরিমিত এক খণ্ড ভূমি। ইহার উত্তর সীমা কুসরা নদী অন্য তিন দিগের সীমা ১৬৬ ও ৩৩৮ নং তালুকের কর্ষিত ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

১৮৫৭ সালের ৬ আইনমতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৫ জানুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ হবিবগঞ্জের শাখাখণ্ডের বাটী প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ৪ কিয়র ৩ পোয়া ১।।০ জৈত্ত পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমি শ্রীহট্ট জিলার অন্তর্গত তরপ পরগনার নাতিপুর গ্রামস্থ হবিগঞ্জের দক্ষিণদিগে স্থিত ও সৈয়দ মহাম্মদ নাতীর ও হিস্যা সৈয়দ মহম্মদ নাতীরও বাটীর ১০৫০ নং তালুক সংক্রান্ত।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

১৮৫৭ সালের ৬ আইনমতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৫ জানুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ সুনামগঞ্জে শাখাখণ্ডের বাটী প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শ্রীহট্ট জিলার অন্তর্গত বনগাঁয়ের পোলীস থানার পশ্চিমদিগে স্থিত নিম্ন লিখিত ৩ খণ্ড ভূমির মধ্যে এক কি ততোধিক খণ্ড ভূমির প্রয়োজন।

১ খণ্ড—উত্তর দক্ষিণ ১০০ হাত ও পূর্ব্বপশ্চিম ১৩০ হাত। কালীতে দুই কিয়র তিন পোয়া তিন জৈত্ত।

Plot No. 2, extent from North to South 105 cubits, and East to West 95 cubits. Area one kear, one powa.

Plot No. 3, extent from North to South 105 cubits, and East to West 100 cubits. Area two kears, one powah, one jeyt.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

২ খণ্ড—উত্তর দক্ষিণ ১০৫ হাত ও পূর্ব্বপশ্চিম ৯৫ হাত। কালীতে এক কিয়র এক পোয়া।

৩ খণ্ড—উত্তর দক্ষিণ ১০৫ হাত ও পূর্ব্বপশ্চিম ১০০ হাত। কালীতে দুই কিয়র এক পোয়া এক জৈত।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

PUBLIC WORKS DEPARTMENT.

CIVIL BUILDINGS.

No. 39.

The 29th January 1867.

Declaration under Section II. of Act VI. of 1857.—*(In supersession of Declaration dated 14th January* 1862.)—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up, at the public expense, for a public purpose, *viz.*, for the Buildings of the Sub-Division of Chooadangah, in the District of Nuddea, it is hereby notified that a piece of land, beegahs 14-5 in extent, situated in Mouzah Buziukgorgori, Pergunnah Shahaoujiyal, bounded on the North by the land of Jeebun Doss; on the South by the land of Sharoop Mundul, Okhoy Mundul, Jeebun Doss and Doulat Joardar, on the East by the land of Sharoop Mundul and Jeebun Doss; and on the West by the public road from Damoorhoda to Chooadangah, and on which the Sub-Divisional Residence and Out-houses, Cutcherries, Small Cause Court, Hajut, Guard-house and Pound are situated, is required for the said purpose.

2. This Declaration is made, under Section II. of Act VI. of 1857, to all whom it may concern.

J. E. T. NICOLLS, *Lieut.- Col., R. E.,*
Offg. Secy to the Govt of Bengal,
P. W. D.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

বিচারালয় বিষয়ক।

৩৯ নম্বর।

১৮৬৭ সাল ২৯ জানুআরি।

(১৮৬২ সালের জানুআরি মাসের ১৪ তারিখের বিজ্ঞাপন রহিত করিয়া) ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের এই বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ নদীয়া জিলার অন্তর্গত চুয়াডাঙ্গার শাখাখণ্ডের বাটী প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে শাহা উজ্যাল পরগনার বুজরক গরগরী মৌজার স্থিত ১৪।০ কাঠা ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা জীবন দাসের ভূমি, দক্ষিণ সীমা স্বরূপমণ্ডলের ও অক্ষয় মণ্ডলের ও জীবন দাসের ও দৌলৎ জোয়ারদারের, ভূমি, পূর্ব্ব সীমা স্বরূপমণ্ডলের ও জীবনদাসের ভূমি, পশ্চিম সীমা দামুরহুদা অবধি চুয়াডাঙ্গাপর্য্যন্ত রাজপথ, তাহার মধ্যে শাখাখণ্ডের সব ও বাহির বাটী, ও কাছারী ও ক্ষুদ্র মোকদ্দমার আদালত ও হাজত, ও চৌকী ও খোঁয়াড়।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

জে. ই, টি, নিকলস, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENT.

The 30th January 1867.

Baboo Sheo Churn Lal to officiate as Moonsiff of Sewan, Zillah Sarun.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৭ সাল ৩০ জানুআরি।

শ্রীযুত বাবু শিবচরণ লাল জিলা সারণের অন্তর্গত সেওয়ানের মুনসেফের কর্ম্ম করিবেন।

[*Government Gazette, 5th February* 1867.]

LEAVE OF ABSENCE.

The 29th January 1867.

Moulvie Adilooddeen Mahomed, Moonsiff of Manbazar, Chota Nagpore, for one month under paragraph 16 of the Uncovenanted Absentee Rules.

L. R. Tottenham,
Registrar.

ছুটী।

১৮৬৭ সাল ২৯ জানুআরি।

ছোট নাগপুরের অন্তর্গত মানবাজারের মুনসেফ শ্রীযুত মৌলবী আদিলুদ্দীন মাহম্মদ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

এল আর টটনহাম,
রেজিষ্ট্রার।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জেলা ২৪ পরগনা।

এস্তেহারনামা কাছারি কালেকুটরি জেলা ২৪ পরগনা। এই যে

সন ১৮১৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশ পরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকি বাবত ইংরাজী সন ১৮৬৭ সালের ১৪ ফেব্রুআরি ঐ জেলার কালেকুটরি কাছারিতে বিনা ওজর নীলাম করা যাইবেক ইংরাজী সন ১৮৬৭ সাল তারিখ ২৬ জানুআরি।

প্রথম শ্রেণীর এস্তমরারি জমাধার্য্য হওয়া মহাল।

১৭১ নং কিঃ পঃ বরিদহাটীওং কিঃ চকহাটুরিয়াওং লিখিত মালিক ভগবতী দাসীওং সদর জমা কোং ৪০০৭৩৷৵৬

৩৩৯ নং কিঃ পঃ দক্ষিণসাগর মৌঃ মধুসূদনপুরওং লিখিত মালিক বৈদ্যনাথ বসু সদর জমা কোং ১৪৪৩/৮

অন্য দেনার জন্য এই মহাল নীলাম হইবেক।

১৩৬৭ নং পঃ বুড়ন মৌঃ ভৈরবপুরওং লিখিত মালিক জহিরদ্দীন খাঁ সদর জমা কোঃ ৭৯৬/৩

দ্বিতীয় শ্রেণী গএর বন্দবস্তি হওয়া মহাল।

১৮২৮ নং ১৬৬ নং সুন্দরবন লাট চক কাশীমারী লিখিত মালিক প্রাণনাথ চৌধুরীওং সদর জমা মায় রোড ফণ্ড ২১২৫/৬

২২০৮ নং খাস রমজান নগর লিখিত মালিক তারাশঙ্কর রায় চৌধুরীওং সদর জমা মায় রোড ফণ্ড ১৫০৬৷৶০

A. Smith,
Collector.

জেলা পাবনা।

এস্তাহারনামা কাছারি কালেকুটরী জেলা পাবনা অত্র কালেকুটরির ইস্তমরারি জমা ধার্য্য হওয়া মহাল মধ্যে পং জাঙ্গিরাবাদের অন্তর্গত তরফ মেঘনা, রায় রামবল্লভ ও সদাশিব সরকার, হরগোবিন্দ ঘোষ, জয়নারায়ণ বসুর নামে বার্ষিক ৮৬৪৭৸/১০ পাই জমায় তালুক লিখা যায়, ১৩৪ নং যাহার হিস্যা ৶৬৷৹ ক্রান্তী রায় রামবল্লভ ও সদাশিব সরকারের হকিয়ত তাহার সদর জমা ২৮৮২৷৶১০ পাই ও রং ৶৬৷৹ ক্রান্তী জয়নারায়ণ বসুর তাহার সদর জমা ২৮৮২৷৵০ আনা ও রং ৶৬৷৹ ক্রান্তী হরগোবিন্দ ঘোষের তাহার সদর জমা ২৮৮২৷৵০ আনার স্বতন্ত্র২ রূপে হিসাব পৃথক আছে, তন্মধ্যে রায় রামবল্লভ ও সদাশিবের হিস্যার দরুণ ১২৭৩ সালের অগ্রহায়ণ পর্য্যন্তের বাকি রাজস্ব ৭৭৮৵৯ পাই সদর বোর্ডের নির্দ্ধারিত গত ১২ জানুআরি সূর্য্যাস্তের পূর্ব্ব পর্য্যন্ত বাকিদার অথবা অন্য কেহ দাখিল করে নাই যেহেতু এই মহালের হিসাব ১৮৫৯ সালের ১১ আইনের বিধানক্রমে স্বতন্ত্র হইয়াছে এবং ঐ বাকি রায় রামবল্লভ দিগরের অংশের দরুন বটে অতএব রায় রামবল্লভদিগরের উক্ত অংশ নীলামের দিবস আগামী ১৮৬৭ সালের ৭ ফেব্রুআরি বাঙ্গলা ১২৭৩ সালের ২৬ শে মাঘ অবধার্য্য পূর্ব্বক ঘোষণা দেওয়া যাইতেছে যে, ঐ দিবস মালিক রায় রামবল্লভদিগরের উপরোক্ত অংশ নীলাম করণ দ্বারা উক্ত বাকি আদায় করা যাইবেক এবং নিতান্ত পক্ষেই ক্ষমা হইবেক না। পরন্তু ইহা অপ্রকাশ না থাকে যে এই মহালের অপরাপর অংশীগণের অংশ এই নীলাম হইতে রক্ষিত হইবেক, এবিষয় সর্ব্ব সাধারণের বিজ্ঞাপনার্থ এই এস্তাহার প্রচার করা গেল ইতি ১৮৬৭। ১৫ জানুআরি।

W. V. G. Tayler,
Collector.

জিলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জিলে চট্টগ্রাম।

এহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জেলাহার নীচের লিখিত মহাল মালগুজারির বাকি বাবত ইংরেজী সন ১৮৬৭ সালের ১১ ফেব্রুআরি তারিখে মোতাবেক সন ১২৭৩ বাঙ্গলা তারিখ ৩০ মাঘ রোজ সোমবার এই কালেক্টরী কাছারিতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক ইতি। সন ১৮৬৭ ইংরাজী তারিখ ১৭ জানুআরি।

প্রথম শ্রেণীর কাএমি মহাল।

৫৭।৩৫ নং তৌজি আয়দেবাকছ মালিক নিত্যানন্দ রক্ষিত ও শ্রীমতী আনন্দময়ী ও প্রাণকৃষ্ণ ও দুর্গাদাস ও গিরিশচন্দ্র ও গুরুদাস ও জীবনকৃষ্ণ ও নবকৃষ্ণ ও রাজকৃষ্ণ রায়ের মধ্যে প্রাণকৃষ্ণ রক্ষিত ও নবকৃষ্ণ রক্ষিত ও রাজকৃষ্ণ রক্ষিত ও দুর্গাদাস রক্ষিত ও আনন্দময়ী ও পরমেশ্বরী ও নিত্যানন্দ রক্ষিতের হিস্যা জের বাটওয়ারা সূত্রে আদায় করাতে তাহাদিগের হিস্যা দেওয়ায় গিরিশচন্দ্র রক্ষিত ও গুরুদাস রক্ষিতের হিস্যা নীলাম হইবেক মোফলম মহালের সদর জমা ১০১০৪৫৲

P. Hurley,
Asst. Collector in charge.

জিলা দিনাজপুর।

এস্তেলানামা কাছারি কালেক্টরি জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহা দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৭। ১২ জানুআরি তকের বাকি মালগুজারির নিমিত্তক ১৮৬৭ সনের ১৬ ফেব্রুআরি মোং ১২৭৩। ৫ ফাল্গুন রোজ শনিবার এই জেলার কালেক্টরী কাছারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৪৬ নম্বর। মৌজে অমৃতপুর ওগয়রহ পরগনে মহসিংহপুর লিখিত মালিক হামত হুসেন চৌধুরী সালিয়ানা সদর জমা ৬৫৮২/১১ পাই।

কৈফিয়ৎ—সরকারী রাজস্ব কিস্তি আশ্বিন হইতে অগ্রহায়ণ পর্য্যন্তের বাকি ২০৬০৲ টাকা আদায় জন্য।

২১৪ নম্বর। মৌজে কাকড সিংহ পরগনে মহেশো লিখিত মালিক কমললোচন রায় ও হাদি মাহাম্মদ ও মুরাদ মাহাম্মদ সাহা ও বিবি ফেলানী মাদরে আলাবকুস ও আজীম সাহা সালিয়ানা সদর জমা ২৬৩০।/৭।। পাই।

কৈফিয়ৎ—১৮৫৯। ১০ আইনের ডিক্রীদার যদুনন্দন কুণ্ডুর প্রাপ্য ৪৭৫৲ টাকা আদায় জন্য মুরাদ মাহাম্মদ ও বিবি ফেলানী মাদরে আলাবকুস ও আজীম সাহার এই মহালের ২১৯৩/৬ পাই সদর জমাতে উক্ত দেনদারের যে স্বত্ব ও লাভ আছে তাহাই নীলামে ধরা হইল।

৪৫১ নম্বর। মৌজে ভবেকি ওগয়রহ পরগনে পাজরা লিখিত মালিক রাসবেহারী ও দীনবন্ধু ও জগবন্ধু ও শ্রীনারায়ণ ও দেবেন্দ্রনারায়ণ ও লক্ষ্মীনারায়ণ ঘোষ সালিয়ানা সদর জমা ১৫২৪৲৬।। পাই।

কৈফিয়ৎ—১৮১৪। ১৯। ৩৩ ধারামত রাসবেহারী ও জগবন্ধু ও দীনবন্ধু ঘোষের হিস্যা ।।০ আনা যাহার সদর জমা ৭৬২৲৩। পাই তাহার ইস্তক আশ্বিন লাগাএদ কিস্তী অগ্রহায়ণের ২৬৪৲ টাকা সরকারী রাজস্ব বাকীর দায়ে নীলামে ধরা গেল।

৭৯৬ নম্বর। মৌজে হরেকৃষ্ণপুর পরগনে বিহি নগর লিখিত মালিক বিবি পরধন ও বিবি মেরকণ সালিয়ানা সদর জমা ২১১৫৲৬ পাই।

কৈফিয়ৎ—১৮৫৯। ১০ আইনের ডিক্রীদার রাজচন্দ্র খাশনবিসের প্রাপ্য ১৩৭৩।।০ আনা আদায় জন্য বিবি মেরকন মাদরে মশরুফ আলী চৌধুরী ও বিবি পরধন মাদরে কেরমতউল্লা ও এনাউল্লা চৌধুরির যে স্বত্ব লাভ আছে তাহা নীলামে ধরা গেল।

C. D. Field,
Offg. Collector.

সন ১৮৬৭। ২১ জানুআরি।

NOTICE.

To be sold to the highest bidder, at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack, on Friday, the 8th day of February 1867, at the hour of 12 o'clock noon, the Rights and Interests of the Defendant Rajah Puddonath Deb of Killah Aul, in the said Killah of Aul in satisfaction of certain decrees held by Peary Deyee, mother and guardian of Sahib Surrun Lall, Plaintiff, and execution of which has been taken out against him.

The Killah in question is a fixed Tributary Estate the permanent *Jumma* of which is Rupees 28,139-2-7 per annum.

Twenty-five per cent on the amount bid will be required to be paid in at the time of purchase and the balance within a fortnight from the date of sale.

W. Wright,
Principal Sudder Ameen.

NOTICE.

The undersigned is prepared to grant licenses (with effect from 1st April 1867 to 31st March 1868), to catch Elephants in the Western Dooars of Bhootan.

The license fee is Rupees 20, for each Kunki employed. The right of pre-emption of captured elephants is reserved to Government.

Further particulars may be obtained by application (personal or by letter) to the undersigned.

J. Tweedie,
Dy. Commissioner, Western Dooars.

Mynagorie, Bhootan.
The 12th December 1866.

TO RAILWAY CONTRACTORS, &c., &c., &c.

Notice is hereby given that a Sale of Sál Wood, now growing in the "Roopuspoor Jungle," appertaining to the Hetampore Wards' Estate, situated in the district of Beerbhoom, will take place on Monday, the 11th day of March 1867, at Roopuspoor.

The number of trees, measuring over twenty (20) inches in circumference has been estimated to amount to nearly thirty thousand (30,000), and it is supposed they will answer the purpose of Railway sleepers, light timber, &c.

The Jungle will be sold in twelve (12) different and distinct Lots, each comprising an average area of about three hundred and fifty (350) beegahs, for the convenience of purchasers, each of whom will be required to pay down, at the conclusion of the sale, a deposit of twenty-five (25) per cent. on the amount of his bid, which deposit will be liable to forfeiture in the event of the purchaser not paying the balance of the purchase money within three (3) months from the date of the Sale.

The purchaser of each separate Lot will also clearly have to understand that the wood must be cut and removed within six (6) months of the date of the Sale, otherwise, whatever wood may remain uncut and unremoved will be considered the property of the said Hetampore Wards' Estate again, and be liable to be re-sold.

Railway Contractors, dealers in timber, and others, are invited to inspect the said Jungle before hand, and to communicate with the Collector of the district or the undersigned, who will supply any further information that may be required.

A. Hume Smith,
Manager, Hetampore Estate.

Soorie, Beerbhoom;
The 31st January 1867.

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৬৭ । ৫ ফেব্রুআরি ।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এফ জে বার্কো সাহেবকর্ত্তৃক
মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 12, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ১২ ফেব্রুআরি।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 1st February 1867 and is hereby promulgated for general information :—

ACT NO. IV OF 1867.

An Act to enlarge the meaning of the word 'offence' in certain Sections of the Indian Penal Code, and for other purposes.

[Preamble.]

WHEREAS it is expedient to enlarge the meaning of the word 'offence' in certain Sections of the Indian Penal Code so as to make it denote not only anything made punishable by the said Code, but also anything made punishable by any special or local law as therein defined; It is hereby enacted as follows :—

['Offence' in certain Sections of Penal Code to include anything punishable only by a special or local law.]

I. Sections 187, 194, 195, 203, 211, 213, 214, 221, 222, 223, 224, 225, 327, 328, 329, 330, 331, 347, 348, 388, 389 and 445 of the Indian Penal Code shall be construed as if the word 'offence' denoted anything made punishable by the said

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক সভা।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্ন লিখিত আইন বিষয়ে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ১ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিয়াছেন, এইক্ষণে তাহা সকলের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৭ সালের ৪ আইন।

ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের কোনং ধারাগত "অপরাধ" শব্দের অর্থ বৃদ্ধিকরণার্থ ও অন্যান্য অভিপ্রায়ার্থ আইন।

[হেতুবাদ।]

ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের কোনং ধারাতে অপরাধ শব্দের ব্যবহার হইলে তাহা কেবল উক্ত আইনমত দণ্ডনীয় কার্য্যের প্রতি বর্ত্তে, কিন্তু ঐ আইনের নির্দ্ধারিত বিশেষ কি স্থানীয় কোন আইনমত দণ্ডনীয় কার্য্যের প্রতি বর্ত্তিবার জন্যে ঐ শব্দের অর্থ বিস্তৃত করা বিহিত এই হেতুক নিম্ন লিখিত বিধান করা গেল।

[দণ্ডবিধির আইনের কোনং ধারার লিখিত অপরাধ শব্দে বিশেষ কি স্থানীয় আইনমত দণ্ডনীয় কার্য্যও গণ্য হইবার কথা।]

১ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৮৭ ও ১৯৪, ১৯৫, ২০৩, ২১১, ২১৩ ২১৪, ২২১, ২২২, ২২৩, ২২৪, ২২৫, ৩২৭, ৩২৮, ৩২৯, ৩৩০, ৩৩১, ৩৪৭, ৩৪৮, ৩৮৮, ৩৮৯, ও ৪৪৫ ধারার অর্থ করিলে, তন্মধ্যে অপরাধ শব্দে ঐ আইনের দণ্ডনীয় এবং সেই আইনের নির্দ্ধা-

Code, or by any special or local law as therein defined; and Sections 141, 176, 177, 201 202, 212, 216 and 441 of the said Code shall be construed in the same way when the thing made punishable by the special or local law is punishable by such law with imprisonment for a term of six months or upwards whether with or without fine.

[Sections 222 and 223 of Penal Code to apply to commitments to custody.]

II. Sections 222 and 223 of the said Code shall be construed as if after the word 'offence' the following words were inserted; (that is to say), 'or lawfully committed to custody,' and Section 222 of the said Code shall also be construed as if the following words were added to the same Section; (that is to say), 'or if the person was lawfully committed to custody.'

[Punishment for escape by person in custody for failing to furnish security.]

III. Whoever escapes or attempts to escape from any custody in which he is lawfully detained for failing to furnish any security required under Chapter XIX of the Code of Criminal Procedure, shall be punished with imprisonment of either description as defined in the Indian Penal Code for a term which may extend to one year, or with fine, or with both.

[Saving of provisions of special and local laws.]

IV. Nothing contained in this Act shall be taken to affect any of the provisions of any special or local law.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislature).

চিত বিশেষ কি স্থানীয় কোন আইনমত দণ্ডনীয় কার্য্যও ব্যক্ত হইয়াছে, ঐ ধারার অর্থ এই ভাবে করিতে হইবে। আরো যদি সেই বিশেষ কি স্থানীয় আইনমতে দণ্ডনীয় কার্য্যহেতুক অর্থদণ্ডসহিত কি তদ্ভিন্ন ছয় মাস কি তদধিক কাল কারাদণ্ড হয়, তবে দণ্ডবিধির আইনের ১৪১, ১৭৬, ১৭৭, ২০১, ২০২, ২১২, ২১৬, ও ৪৪১ ধারার অর্থ পূর্ব্বোক্ত প্রকারে করিতে হইবে ইতি।

[স্থানাসেধে অর্পণের কার্য্যপ্রতি দণ্ডবিধির আইনের ২২২ ও ২২৩ ধারা বর্ত্তিবার কথা।]

২ ধারা। উক্ত আইনের ২২২ ধারার মধ্যে "আদালতের হুকুমমতে" এই কথার পরিবর্ত্তে "আদালতের দণ্ডাজ্ঞার অধীন কিম্বা আইনমতে স্থানাসেধে অর্পিত" এই কথা প্রয়োগ করিয়া, এবং "ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করে" এই কথার পরে "কিম্বা সেই ব্যক্তি আইনমতে স্থানাসেধে অর্পিত হইলে যদি" এই কথা প্রয়োগ করিয়া, এবং ২২৩ ধারাতে "যাহার অপরাধ প্রমাণ হইয়াছে" এই কথার পরে "কিম্বা যাহাকে আইনমতে স্থানাসেধে অর্পিত হইয়াছে" এই কথা প্রয়োগ করিয়া, ঐ ধারার অর্থ করিতে হইবে ইতি।

[কোন ব্যক্তি প্রতিভূ না দেওনপ্রযুক্ত স্থানাসিদ্ধ হইয়া পলায়ন করিলে তাহার দণ্ডের কথা।]

৩ ধারা। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১৯ অধ্যায়মতে যে প্রতিভূ দিতে হয়, তাহা না দেওয়া প্রযুক্ত যদি কোন ব্যক্তি আইনমতে কোন স্থানে আসিদ্ধ হইয়া পলায়ন করে কি পলায়ন করিবার উদ্যোগ করে, তবে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের নির্দ্দিষ্ট একতর প্রকারে তাহার এক বৎসর পর্য্যন্ত কারাদণ্ড কি অর্থদণ্ড কি উভয় দণ্ড হইবে ইতি।

[বিশেষ ও স্থানীয় আইনের বিধান রক্ষা করিবার কথা।]

৪ ধারা। এই আইনের কোন কথা দ্বারা বিশেষ কি স্থানীয় কোন আইনের বিধানের বৈলক্ষণ্য হইল এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

উইটলী ষ্টোক্‌স্‌,
দেশীয় কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 1st February 1867, and is hereby promulgated for general information :—

ACT No. VII OF 1867.

An Act to reduce the pecuniary penalty for purchasing from Soldiers arms, ammunition, clothes, and other articles.

[Preamble.]

WHEREAS by the Act for punishing mutiny and desertion, and for the better payment of the

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্ন লিখিত আইন বিষয়ে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৭ সালের ১ ফেব্রুআরি তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন, তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থ প্রকাশ করা যাইতেছে।

১৮৬৭ সালের ৭ আইন।

সৈন্যেরদের স্থানে অস্ত্রশস্ত্রাদি যুদ্ধোপকরণ ও বস্ত্রপ্রভৃতি নানাদ্রব্য ক্রয় করিলে যে অর্থদণ্ড হয় তাহা ন্যূন করিবার আইন।

[হেতুবাদ।]

রাজদ্রোহিতা ও সৈন্যদলহইতে পলায়ন করিবার দণ্ড এবং সৈন্যদের বেতন দানের ও তাহাদের

Army and their quarters, it is enacted as follows:—

[Penalty on purchasing soldiers' necessaries, stores, &c.]

" Any person who shall knowingly detain, buy, exchange, or receive from any soldier or deserter or any other person acting for or on his behalf, on any pretence whatsoever, or who shall solicit or entice any soldier, or shall be employed by any soldier, knowing him to be such, to sell any arms, ammunition, medals for good conduct or for distinguishment or other service clothes or military furniture, or any provisions, or any sheets or other articles used in Barracks provided under Barrack regulations, or regimental necessaries, or any article of forage provided for any horses belonging to Her Majesty's service, or who shall have in his or her possession or keeping any such arms, ammunition, medals, clothes, furniture, provisions, spirits, articles, necessaries or forage, and shall not give a satisfactory account how he or she came by the same, or shall change the colour of any clothes as aforesaid, shall forfeit for every such offence any sum not exceeding twenty pounds, together with treble the value of all or any of the several articles of which such offender shall so become or be possessed; and if any person having been so convicted shall afterwards be guilty of any such offence, he shall for every such offence forfeit any sum not exceeding twenty pounds, but not less than five pounds and the treble value of all or any of the several articles of which such offender shall have so become possessed, and shall in addition to such forfeiture be committed to the Common Goal or House of Correction, there to be imprisoned, with or without hard labour, for such term, not exceeding six calendar months, as the convicting Justice or Justices shall think fit; and upon any information against any person for a second or any subsequent offence, a copy of the former conviction, certified by the proper officer having the care or custody of such conviction, or any copy of the same proved to be a true copy, shall be sufficient evidence to prove such former conviction; and if any credible person shall prove on oath before a Justice of the Peace, or person exercising like authority according to the laws of the part of Her Majesty's dominions in which the offence shall be committed, a reasonable cause to suspect that any person has in his or her possession, or on his or her premises, any property of the description hereinbefore described, on or with respect to which any such offence shall have been committed, such Justice may grant a warrant to search for such property, as in the case of stolen goods; and if upon such search any such property shall be found, the same

[*Government Gazette*, 12*th February* 1867.]

থাকিবার স্থানের সুনিয়ম বিধায়ক আইনের নিম্ন লিখিত আজ্ঞা,—

[সৈন্যেরদের প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী ক্রয় করিবার দণ্ডের কথা।]

সৈন্যেরদের যে অস্ত্রশস্ত্র ও যুদ্ধোপকরণ এবং সদাচারের কিম্বা প্রসিদ্ধ কর্ম্মের কি অন্য কার্য্যের যে পদক কিম্বা বারিকের বিধানমতে যে বস্ত্র কি সৈনিক দ্রব্য কি আহারীয় সামগ্রী কি চাদর কি অন্য দ্রব্য বারিকে তাঁহারদের ব্যবহারের নিমিত্তে দেওয়া যায়, কিম্বা সৈন্যদলসংক্রান্ত যে আবশ্যক দ্রব্য থাকে কিম্বা শ্রীশ্রীমতীর কর্ম্মার্থে নিযুক্ত কোন অশ্বের আহারাদির জন্যে যে দ্রব্য দেওয়া যায়, যদি কোন ব্যক্তি কোন সেনার কি পলাতক সেনার স্থানে, কিম্বা তজ্জন্যে কি তৎপক্ষে কর্ম্মকারি অন্য ব্যক্তির স্থানে কোন কৌশলে ঐ দ্রব্য জ্ঞানপূর্ব্বক আটক কি ক্রয় কি বিনিময় কি গ্রহণ করেন, কিম্বা তাহা বিক্রয় করণার্থে কোন সেনাকে প্ররোচনা করেন কি প্রবৃত্তি দেন, কিম্বা যদি কেহ অন্য ব্যক্তিকে সৈন্য জানিয়া তাঁহার দ্বারা ঐ দ্রব্য বিক্রয় করণার্থে নিযুক্ত করেন, অথবা তদ্রূপ কোন অস্ত্রশস্ত্র ও যুদ্ধোপকরণ ও পদক ও বস্ত্র ও সামগ্রী ও আহারীয় দ্রব্য ও মদ্য ও বিষয় ও আবশ্যক দ্রব্য ও অশ্বভোজ্য দ্রব্য কোন ব্যক্তির নিকটে থাকিলে, সেই ব্যক্তি তাহা কিপ্রকারে পাইলেন, ইহার সন্তোষজনক বিবরণ যদি করিতে না পারেন, কিম্বা যদি পূর্ব্বোক্ত কোন বস্ত্রের বর্ণ পরিবর্ত্তন করেন, তবে উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ঐ ব্যক্তির ২০ পৌণ্ড (অর্থাৎ ২০০৲ টাকার) অনধিক অর্থদণ্ড ও পূর্ব্বোক্ত যে সকল কি যে কোন দ্রব্য উক্ত প্রকারে প্রাপ্ত হন কি অধিকার করেন তাহার মূল্যের ত্রিগুণ দণ্ড হইবে। ও কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে অপরাধি নিশ্চয় হইলে পর যদি পুনশ্চ উক্ত কোন অপরাধের অপরাধী হন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার ২০ পৌণ্ডের (অর্থাৎ ২০০৲ টাকার) অনধিক ও ৫ পৌণ্ডের (অর্থাৎ ৫০৲ টাকার) অন্যূন অর্থদণ্ড, এবং ঐ অপরাধী উক্ত যে সকল কি যে কোন দ্রব্য প্রাপ্ত হন তাহার মূল্যের ত্রিগুণ দণ্ড হইবে। ও সেই অর্থদণ্ডাতিরিক্ত সামান্য কারাগারে কি হরিণবাড়ীতে সমর্পিত হইয়া অপরাধ নির্ণায়ক বিচারকর্ত্তার কি বিচারকর্ত্তারদের বিবেচনামতে ছয় মাসের অনধিককাল কঠিন পরিশ্রম সহিত কি তদ্ভিন্ন বদ্ধ হইবেন। কোন ব্যক্তির নামে দ্বিতীয়বার কি তৎপরে উক্ত কোন অপরাধসূচক হইলে, পূর্ব্ব অপরাধনির্ণয়পত্র উপযুক্ত যে কর্ম্মচারির রক্ষণে কি অধিকারে থাকে তাঁহার সংশিতপত্রসহিত সেই নির্ণয়পত্র কিম্বা ঐ পত্রের যথার্থ প্রতিলিপি এই প্রমাণসিদ্ধ প্রতিলিপি পূর্ব্ব অপরাধের প্রচুর প্রমাণ হইবে। অথবা পূর্ব্বোক্ত প্রকারের যে দ্রব্য সম্পর্কে পূর্ব্বোক্ত কোন অপরাধ করা গেল তন্মধ্যে কোন দ্রব্য কোন ব্যক্তির অধিকারে কি বাটীতে থাকিবার অনুভবের উপযুক্ত কারণ আছে যদি বিশ্বাসযোগ্য কোন ব্যক্তি কোন শান্তিরক্ষার্থ জষ্টিসের সম্মুখে কিম্বা শ্রীশ্রীমতীর শাসিত দেশের যে স্থানে ঐ অপরাধ করা গেল সেই স্থানের ব্যবস্থানুসারে যে ব্যক্তি জষ্টিসের তুল্য ক্ষমতাক্রমে কার্য্য করেন তাঁহার সম্মুখে শপথ পূর্ব্বক পূর্ব্বোক্ত কথার প্রমাণ করেন, তবে উক্ত জষ্টিস চোরা দ্রব্যের ন্যায় সেই দ্রব্যের অন্বেষণ করিবার আজ্ঞাপত্র দিতে পারিবেন। এবং সেই অন্বেষণ হইলে যদি উক্ত কোন দ্রব্য পাওয়া যায়, তবে যে কর্ম্মচারী ঐ আজ্ঞাপত্র সাধনার্থে প্রাপ্ত হইয়াছিলেন তিনি ঐ

shall and may be seized by the officer charged with the execution of such warrant, who shall bring the offender in whose possession the same shall be found before the same or any other Justice of the Peace, to be dealt with according to law: Provided always, that it shall be lawful for the legislature of any of Her Majesty's foreign dominions, on the recommendation of the officer or officers for the time being administering the government thereof, but not otherwise, to make provision by law for reducing such pecuniary penalty, if not exceeding twenty pounds, to such amount as may to such legislature appear to be better adapted to the ability and pecuniary means of Her Majesty's subjects and others inhabiting the same, which reduced penalty shall be sued for and recovered in such and the same manner as the full penalty hereby imposed: Provided also, that it shall be competent to Her Majesty, or to the person or persons administering the government of any such foreign dominions as aforesaid, to exercise in respect of the laws so to be passed as aforesaid, all such powers and authorities as are by law vested in Her Majesty or in any such officer or officers as aforesaid in respect of any other law made or enacted by any such legislature."

And whereas the officers now administering the government of British India have recommended that the pecuniary penalty aforesaid, if not exceeding twenty pounds, shall be reduced to the amount hereinafter mentioned as being better adapted to the ability and pecuniary means of Her Majesty's subjects and others inhabiting British India; And whereas it is expedient to give effect to such recommendation;—In exercise of the said power for this purpose contained in the said Act and of every other power enabling the Governor General of India in Council in this behalf, and on the recommendation aforesaid; It is hereby enacted as follows:—

[Reduction of pecuniary penalties provided by Mutiny Act.]

1. From and after the passing of this Act, wherever the pecuniary penalty which might have been imposed under the said recited Section if this Act had not been passed shall not exceed twenty pounds or two hundred rupees, the first part of the said Section shall be read as if for the words "twenty pounds," wherever they occur, the words "fifty rupees" were substituted, and as if for the words "five pounds," the words "five rupees" were substituted.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

দ্রব্য ধৃত করিতে পারিবেন ও করিবেন, এবং যে অপরাধির নিকটে তাহা পাওয়া যায় তাহাকে সেই কি অন্য শান্তিরক্ষার্থ অফিসের সম্মুখে আনিবেন তাহাতে তাহার পক্ষে ব্যবস্থানুসারে কার্য্য হইবে। কিন্তু শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর অধিকৃত ভিন্নদেশের শাসন কার্য্যের ভার যৎকালে যে কার্য্যকারকের কি কার্য্যকারকেরদের প্রতি অর্পিত হয় তাঁহারা পরামর্শ দিলে ঐ দেশের ব্যবস্থাপনীয় কর্ম্মকারকেরা বিশ পৌণ্ডের অনধিক উক্ত অর্থদণ্ড ন্যূন করিয়া শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর উক্ত দেশ নিবাসি প্রজাপ্রভৃতির ক্ষমতা ও সঙ্গতি বিবেচনায় যত টাকা উপযুক্ত বোধ করেন তত টাকা দণ্ড নির্দ্ধার্য্য করিবেন, উক্ত পরামর্শ ভিন্ন করিবেন না। করিলে এই আইনের অবধারিত সম্পূর্ণ দণ্ডের ন্যায় সেই ন্যূনীকৃত দণ্ডের নিমিত্ত অভিযোগ ও সেই টাকা আদায় হইতে পারিবে। আরো পূর্ব্বোক্ত ব্যবস্থাপনায় কর্ম্মকারকেরা অন্য যে আইন প্রণয়ন কি প্রচলিত করেন তৎসম্পর্কে শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর কিম্বা তাঁহার অধিকৃত পূর্ব্বোক্ত ভিন্ন দেশের শাসন কার্য্যের ভার যে ব্যক্তির কি ব্যক্তিদের প্রতি অর্পিত হইল তাঁহার কি তাঁহাদের প্রতি আইনক্রমে কার্য্য করিবার যে সকল শক্তি ও ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে পূর্ব্বোক্ত যে আইন প্রচলিত হয় তদ্বিষয়েও শ্রীশ্রীমতী মহারাণী কিম্বা উক্ত কার্য্যকারক কি কার্য্যকারকেরা সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন।

এইক্ষণে ব্রিটনীয় ভারতবর্ষের শাসন কার্য্য নিরূপণাধিকারিরা দুই শত টাকার অনধিক পূর্ব্বোক্ত অর্থদণ্ড ন্যূন করিবার এবং শ্রীশ্রীমতী মহারাণীর ব্রিটনীয় ভারতবর্ষ নিবাসি প্রজাপ্রভৃতির ক্ষমতা ও সঙ্গতির সাধ্য নিম্ন লিখিত দণ্ড ধার্য্য করিবার পরামর্শ দিয়াছেন এবং সেই পরামর্শ বলবৎ করা বিহিত এতদর্থে পূর্ব্বোক্ত আইনেতে যে ক্ষমতা ব্যক্ত হইয়াছে তদনুসারে এবং এতদ্বিষয়ে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অন্য প্রত্যেক ক্ষমতানুসারে ও পূর্ব্বোক্ত পরামর্শানুসারে নিম্নলিখিত বিধান করা গেল।

[রাজদ্রোহ বিষয়ক আইনের নির্দ্দিষ্ট অর্থদণ্ড ন্যূন করণের কথা।]

১ ধারা। এই আইন প্রচলিত না হইলে যেং স্থলে অর্থদণ্ড পূর্ব্বোক্ত বিধানানুসারে বিশ পৌণ্ডের কি দুই শত টাকার অনধিক হইতে পারিত, এই আইন প্রচলিত হইবার পরে সেইং স্থলে উক্ত ধারার প্রথম ভাগে যে স্থানে বিশ পৌণ্ড লেখা আছে সেই স্থানে পঞ্চাশ টাকা ও যে স্থানে পাঁচ পৌণ্ড লেখা আছে সেই স্থানে পাঁচ টাকা লিখিত হওয়ার ন্যায় ঐ ভাগ পাঠ করিতে হইবে ইতি।

উইটলী ষ্টোকস,
দেশীয় কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১২ ফেব্রুয়ারি।]

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 1st February 1867, and is hereby promulgated for general information :—

ACT NO. VIII. OF 1867.

An Act to amend the law regarding Horse-racing in India.

[Preamble.]

WHEREAS it is expedient to exempt certain transactions connected with horse-racing from the operation of Act No. XXI of 1848 *(for avoiding wagers)* ; It is hereby enacted as follows :—

[Subscriptions or agreements to subscribe to plates, &c., may be lawful notwithstanding Act No. XXI of 1848.]

I. No subscription or contribution, or agreement to subscribe or contribute, made or entered into after the passing of this Act, for or toward any plate, prize, or sum of money, of the value or amount of five hundred rupees or upwards, to be awarded to the winner or winners of any horse-race, shall be deemed unlawful by reason of anything contained in the said Act No. XXI of 1848.

[Nothing in this Act to legalize lotteries.]

II. Nothing in this Act shall be deemed to legalize any transaction connected with horse-racing to which the provisions of Act No. V of 1844 *(for the suppression of all lotteries not authorized by Government)*, apply.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্ন লিখিত আইন বিষয়ে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৭ সালের ১ ফেব্রুআরি তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন, তাহা সর্ব্ব-[illegible]রণের জ্ঞানার্থ প্রকাশ করা যাইতেছে।

১৮৬৭ সালের ৮ আইন।

ভারতবর্ষের মধ্যে ঘোড়দৌড় করণ বিষয়ক আইন সংশোধন করণার্থ আইন।

[হেতুবাদ]

বাজি রাখা ব্যর্থ করণের আইন নামে ১৮৪৮ সালের যে ২১ আইন প্রচলিত আছে ঘোড়দৌড় সম্পর্কীয় কোন২ ব্যাপার তাহার বিধান হইতে মুক্ত করা বিহিত। এহেতুক নিম্ন লিখিত বিধি করা গেল।

[১৮৪৮ সালের ২১ আইন প্রবল হইলেও রৌপ্য পাত্রাদি ক্রয় করণার্থ টাকা দিবার কিম্বা চাঁদা করিবার অনুমতির কথা।]

১ ধারা। কোন ঘোড়দৌড়েতে যে ব্যক্তি কি ব্যক্তিরা জয়ী হন তাঁহাকে কি তাঁহাদিগকে এই আইন প্রচলিত হইবার পর পুরস্কারস্বরূপে পাঁচ শত কি অধিক টাকা কিম্বা তত টাকা মূল্যের রৌপ্যাদির পাত্র কি পুরস্কার দিবার জন্যে যে টাকার চাঁদা কি দান হয়, কিম্বা চাঁদা কি দান করিবার যে নিয়ম হয় তাহা ১৮৪৮ সালের উক্ত ২১ আইনের কোন কথা হেতুক আইন-বিরুদ্ধ জ্ঞান হইবে না ইতি।

[এই আইনের কোন কথাদ্বারা শর্ত্তি খেলা আইন-সিদ্ধ কার্য্য জ্ঞান না হইবার কথা।]

২ ধারা। গবর্ণমেন্টের বিনানুমতির সকল শর্ত্তি নিবারণার্থ আইন নামে ১৮৪৪ সালের যে ৫ আইন প্রচলিত আছে, তাহার বিধান ঘোড়দৌড় সম্পর্কীয় যে কোন ব্যাপারের প্রতি বর্ত্তে, সেই ব্যাপার এই আইনের কোন কথাতে আইনসিদ্ধ জ্ঞান হইবে না ইতি।

উইটলী ষ্টোকস,
দেশীয় ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
ভারতবর্ষের গবর্ণমেন্টের আসিস্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 492.

APPOINTMENTS.

The 22nd January 1867.

The following Officiating Deputy Magistrates and Deputy Collectors are confirmed in the Sixth Grade of the Subordinate Executive Service, *viz.* :—

Moulvie Willyut Hossein.
Shah Mahomed Ishaq.
Mr. C. N. Banerjee.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৪৯২ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ২২ জানুআরি।

নিম্ন লিখিত একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা অধঃস্থ ষষ্ঠ শ্রেণীর বিচারকর্ত্তৃপদে স্থির-তর হইয়াছেন।

শ্রীযুত বিলায়ত হুসেন।
" শাহ মহম্মদ ইসাক।
" সি, এন, বন্দ্যোপাধ্যায়।

The 25th January 1867.

The following gentlemen are appointed to form a Committee for the management of the Charitable Dispensary at Khoolnah, *viz.* :—

The Deputy Magistrate and Deputy Collector ... }
The Additional Deputy Magistrate and Deputy Collector ... } Ex-officio.
The Assistant Superintendent of Police ... }
The Moonsiff ... }

Baboo Saturam Mozoomdar.
,, Pranhurri Das.
,, Prosonno Chunder Mitter.
,, Preo Nath Sircar.
,, Umesh Chunder Mitter.
Mr. Duell.

The 29th January 1867.

Dr. J. Anderson to officiate as Professor of Botany at the Calcutta Medical College, during the absence, on duty, of Dr. T. Anderson, or until further orders, with effect from the 1st ultimo.

Baboo Umbica Churn Roy Chowdry, Deputy Magistrate and Deputy Collector of Rungpore, to have temporary charge of the Sub-Division of Bhowanigunge.

The 30th January 1867.

Mr. A. C. Woodward, Deputy Magistrate and Deputy Collector, Bhuddruck, is vested with the powers of a Magistrate in Balasore.

The following gentlemen to be Members of the Municipal Committee at Pubna, *viz.* :—

Baboo Baney Madhub Shome.
,, Nobin Krishna Sircar.
,, Bishnoo Chunder Dutt.
,, Onath Bundhoo Sen.

The following gentlemen to be Members of the Local Committee for the management of the Charitable Dispensary at Pubna :—

Baboo Brijonath Shaha.
,, Bishnoo Chunder Dutt.
Moulvie Abdool Jubber.

Mr. C. H. James to be Assistant Superintendent of Police in the Garrow Hills.

Mr. J. Masters, Assistant Superintendent of Police, Seebsaugor, is transferred to Mymensing.

Baboo Hurrochunder Ghose, Deputy Magistrate and Deputy Collector of Cuttack, on leave, is transferred to Bancoorah, and vested with the powers of a Magistrate in the latter District.

The 31st January 1867.

Mr. J. W. McCrindle, M. A., is promoted to the Third Grade of the Bengal Educational Service,

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৭ । ১২ ফেব্রুআরি ।]

১৮৬৭ সাল ২৫ জানুআরি ।

নিম্ন লিখিত মহাশয়েরা খুলনার দাতব্য ঔষধালয়ের কর্ম্ম সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন ।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর ... }
আডিসনল ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর ... } আপনং পদোপলক্ষে ।
পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট ... }
মুনসেফ ... }

শ্রীযুত বাবু সাতুরাম মজুমদার ।
,, বাবু প্রাণহরি দাস ।
,, বাবু প্রসন্নচন্দ্র মিত্র ।
,, বাবু প্রিয়নাথ সরকার ।
,, বাবু উমেশচন্দ্র মিত্র ।
,, ডুয়েল সাহেব ।

১৮৬৭ সাল ২৯ জানুআরি ।

কার্য্যোপলক্ষে ডাক্তর শ্রীযুত টি আণ্ডরসন সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ডাক্তর শ্রীযুত জে আণ্ডরসন সাহেব কলিকাতার মেডিকাল কালেজে উদ্ভিদ্ বিদ্যার অধ্যাপকের কর্ম্ম করিবেন । উক্ত নিয়োগ গত মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে ।

রঙ্গপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অম্বিকাচরণ রায় চৌধুরী কিয়ৎকালের নিমিত্তে ভবানীগঞ্জ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন ।

১৮৬৭ সাল ৩০ জানুআরি ।

ভদ্রকের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ সি উডওয়ার্ড সাহেব বালেশ্বরে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন ।

নিম্ন লিখিত মহাশয়েরা পাবনাস্থ মুনিসিপল কমিটীর মেম্বর হইবেন ।

শ্রীযুত বাবু বেণীমাধব সোম ।
,, বাবু নবীনকৃষ্ণ সরকার ।
,, বাবু বিষ্ণুচন্দ্র দত্ত ।
,, বাবু অনাথবন্ধু সেন ।

নিম্ন লিখিত মহাশয়েরা পাবনাস্থ দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন ।

শ্রীযুত বাবু ব্রজনাথ শাহা ।
,, বাবু বিষ্ণুচন্দ্র দত্ত ।
,, মৌলবী আবদুল জব্বর ।

শ্রীযুত সি এচ জেমস সাহেব গারো পর্ব্বতে পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন ।

শিবসাগরের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে মাষ্টর্স সাহেব ময়মনসিংহে নিযুক্ত হইয়াছেন ।

কটকের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ বাঁকুড়ায় নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন । তিনি ছুটী লইয়াছেন ।

১৮৬৭ সাল ৩১ জানুআরি ।

শ্রীযুত জে ডবলিউ মাক্‌ক্রিণ্ডেল সাহেব এম, এ, বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের তৃতীয় শ্রেণীভুক্ত

and appointed to be Principal of the Patna College.

The Reverend J. Nesfield, M. A., to be a Professor in the Kishnaghur College.

The 1st February 1867.

Baboo Kali Prosonno Chowdry to be a Member of the Municipal Committee at Serajgunge.

Mr. P. T. Carnegy, Extra Assistant Commissioner, Kamroop, is vested with the powers of a Principal Sudder Ameen in Assam.

The Reverend C. H. Hesselmeyer to be a Member of the Local Committee of Public Instruction at Tezpore.

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Gya:—

The Reverend W. Macfarlane.
Baboo Umesh Chunder Sircar.
Mr. J. Lambert.

Lieutenant E. H. Steel to be an Assistant Revenue Surveyor in the Lower Provinces, on probation.

The 2nd February 1867.

The Reverend R. Bion, Dacca, is licensed to solemnize marriages, under Clause 4, Section 6, Act V. of 1865, and is authorized, under Section 47, Part V. of the Act, to grant certificates of marriage between Native Christians being converts from any religion in India.

The Reverend W. J. Wilkins, Calcutta, is licensed to solemnize marriages, under Clause 4, Section 6, Act V. of 1865.

The 4th February 1867.

Third Grade Sub-Assistant Surgeon Ramlall Dey to have charge of the Charitable Dispensary at Berhampore, during the absence, on leave, of Baboo Obhoy Churn Newgee, or until further orders.

Mr. J. A. Hopkins, Assistant Magistrate and Deputy Collector, Raneegunge, is vested temporarily, and as a special case, with the powers of a Magistrate in the District of Bancoorah.

The 5th February 1867.

Mr. A. E. Russell to be Civil and Sessions Judge of Burdwan.

Mr. E. C. Craster to be Magistrate and Collector of Rungpore, but to continue to officiate as Civil and Sessions Judge of Bhaugulpore, during the absence, on leave, of Mr. H. R. Madocks, or until further orders.

Mr. S. C. Bayley to be Magistrate and Collector of Monghyr, and on the First Grade, but to continue to officiate temporarily as Junior Secretary to the Government of Bengal.

The above three appointments will have effect from the date of departure from India of Mr. J. E. S. Lillie.

[*Government Gazette,* 12*th February* 1867.]

হইয়া পাটনা কালেজের প্রিন্সিপলের পদে নিযুক্ত হইলেন।

পাদরী শ্রীযুত জে নেস্‌ফিল্‌ড সাহেব এম, এ, কৃষ্ণনগর কালেজের অধ্যাপক হইবেন।

১৮৬৭ সাল ১ ফেব্রুআরি।

শ্রীযুত বাবু কালীপ্রসন্ন চৌধুরী শেরাজগঞ্জস্থ মুনিসিপল কমিটীর এক জন মেম্বর হইবেন।

কামরূপের অতিরিক্ত আসিষ্টান্ট কমিসানর শ্রীযুত পি টি কার্ণেগী সাহেব আসামে প্রধান সদর আমীনের ক্ষমতা পাইয়াছেন।

পাদরী শ্রীযুত সি এচ হেসেলমেয়র সাহেব তেজপুরস্থ সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর এক জন মেম্বর হইবেন।

নিম্ন লিখিত মহাশয়েরা গয়ার সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

পাদরী শ্রীযুত ডবলিউ মাকফারলেন সাহেব।
শ্রীযুত বাবু উমেশচন্দ্র সরকার।
,, জে লাম্বর্ট সাহেব।

Captain W. Howey, District Superintendent of Police, Maldah, for six months, on Medical Certificate, under the Financial Resolution of the Government of India, dated 22nd February 1856, from the 15th March next, or any other date on which he may avail himself of the leave.

The 16th February 1867.

Mr. D. Lacey, Assistant Superintendent of Police, for eight days, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave allowed to him by the Right Hon'ble the Secretary of State for India on the 2nd October last.

The 18th February 1867.

Mr. E. S. Pearson, Civil and Sessions Judge of Tirhoot, is allowed leave of absence for six months, under Section 9 of the Covenanted Service Absentee Rules, together with the usual preparatory leave, from the 1st April next, or any other date on which he may avail himself of it.

Captain H. P. W. Wynch, District Superintendent of Police, Hazareebaugh, for eight months, from the 15th instant, under the Financial Orders of the 22nd February 1856.

Notification.

The 11th February 1867.

Lieutenant-Colonel J. C. Haughton, C. S. I., Commissioner of the Cooch Behar Division, having returned to India on the 11th December last, the unexpired portion of the leave granted to him on the 10th July 1865, under the orders of the Government of India, in the Military Department, is cancelled.

ছুটী।

১৮৬৭ সাল ১৪ ফেব্রুআরি।

বর্দ্ধমানের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ এল হারিসন সাহেব যে তারিখে তাঁহার পদগ্রাহীদ্বারা অবকাশ প্রাপ্ত হন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

চাম্পারণের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এ সি হোয়ার্ড সাহেব চিকিৎসকের সর্টিফিকট ক্রমে ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার নিমিত্তে এগার দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ১৫ ফেব্রুআরি।

ভাগলপুরের সদর আমীন শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র সান্ন্যাল অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে দশ দিনের ছুটী পাইয়াছেন।

মজঃফরপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুক্ত সৈয়দ এমদাদ আলী অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এই মাসের ১১ তারিখ অবধি সাত দিনের ছুটী পাইয়াছেন।

মালদহের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত ডবলিউ হোয়ে সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি মার্চ মাসের ১৫ তারিখ অবধি অথবা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের নির্দ্ধারণমতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ১৬ ফেব্রুআরি।

ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব পোলীসের আসিস্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডি লেসী সাহেবকে গত অক্টোবর মাসের ২ তারিখে যে ছুটী দেন তদতিরিক্ত তিনি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে আট দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ১৮ ফেব্রুআরি।

ত্রিহুতের সিবিল ও শেসন জজ শ্রীযুত ই এস পিয়র্সন সাহেব আগামি আপ্রিল মাসের ১ তারিখ অবধি অথবা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারদের ছুটীর বিধির ৯ ধারামতে ছয় মাসের ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন প্রস্তুত হইবার নিমিত্তে রীতিমত ছুটী পাইয়াছেন।

হাজারীবাগের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত এচ পি ডবলিউ উইঞ্চ সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের আজ্ঞামতে এই মাসের ১৫ তারিখ অবধি আট মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১১ ফেব্রুআরি।

কুচবেহার খণ্ডের কমিস্যনর লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত জে সি হটন সাহেব সি, এস, আই, গত ডিসেম্বর মাসের ১১ তারিখে ভারতবর্ষে প্রত্যাগমন করাতে মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৫ সালের জুলাই মাসের ১০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৬ ফেব্রুআরি।]

The 13th February 1867.

Mr. R. V. Cockerell, Officiating Additional Judge of Chittagong, having resumed charge of his office on the 24th ultimo, the unexpired portion of the leave granted to him under the orders of the 4th idem, and of which he availed himself on the 14th January last, is cancelled.

The 18th February 1867.

Mr. C. A. Kelly, of the Civil Service, reported his return from leave by the Steam-ship *Bengal*, which reached the Sandheads on the 14th instant.

NOTIFICATION.

The 8th February 1867.

Whereas it appears that the inhabitants of the village of Punnessur, in the District of Monghyr, have for some time past aided and abetted one Gammundi Singh, an outlaw, in opposing by force his arrest by the Police, and whereas it is deemed expedient to increase the Police force in the neighbourhood of the aforesaid village, in accordance with the provisions of Section 15, Act V. of 1861, it is hereby notified that the Lieutenant-Governor, under the power vested in him by that Section, has been pleased to direct that a guard of two Head Constables and eight Constables, at a cost of Rupees 90 per mensem, as shewn below, be quartered in the said village for such time as may be deemed necessary :—

		Rs.
2 Head Constables, at Rs. 15 each	...	30
4 Constables, at Rs. 8 each	...	32
4 Ditto, at Rs. 7 each	...	28
Total	...	90

NOTIFICATION.

The 8th February 1867.

With reference to the Notification of His Excellency the Viceroy and Governor General of India, Grand Master of the Most Exalted Order of the Star of India, dated Simla, the 12th June 1866, (published in the *Calcutta Gazette* of the 4th July 1866), it is requested that all Officers under this Government, when addressing any of the Native gentlemen upon whom the dignity of the Order has been conferred, will add the initials which he is entitled to affix to his name.

NOTIFICATION.

The 15th February 1867.

Under Section 14, Act XI., 1865, notice is hereby given that the Judge of the Small Cause

১৮৬৭ সাল ১৩ ফেব্রুআরি।

চট্টগ্রামের একটিং আডিসানল জজ শ্রীযুত আর বি কক্রেল সাহেব গত মাসের ২৪ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করাতে ঐ মাসের ৪ তারিখের আজ্ঞামতের যে ছুটী গত জানুআরি মাসের ১৪ তারিখে গ্রহণ করেন তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

১৮৬৭ সাল ১৮ ফেব্রুআরি।

সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত সি এ কেলি সাহেব বেঙ্গাল নামক বাষ্পীয় জাহাজে ছুটী হইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। উক্ত জাহাজ এই মাসের ১৪ তারিখে গঙ্গাসাগরে পঁহুছে।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৮ ফেব্রুআরি।

কিয়ৎকালাতীত হইল মুঙ্গের জিলার অন্তর্গত পুন্নেশ্বর গ্রামের লোকেরা ব্যবহার বহির্ভূত গুমন্দী সিংহ নামক ব্যক্তিকে সাহায্য ও সহায়তা করতঃ পোলীস কর্ত্তৃক তাহার ধৃত হওনের বলপূর্ব্বক বাধা করিয়াছে এই কথা অবগত হওয়াতে ১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারার বিধানমতে উক্ত গ্রামের নিকটস্থ পোলীসদল বৃদ্ধি করা বিহিত বোধ হইল। অতএব ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি প্রয়োজনীয় কালের নিমিত্তে নিম্নলিখিত মতে মাসিক ৯০৲ টাকা বেতনে দুই জন হেড কনষ্টেবল ও ৮ জন কনষ্টেবলের চৌকী উক্ত গ্রামে অবস্থিতি করিবার আজ্ঞা করিলেন।

		টাকা।
২ জন হেড কনষ্টেবল ১৫৲ টাকা করিয়া	..	৩০৲
৪ জন কনষ্টেবল ৮৲ টাকা করিয়া	..	৩২৲
৪ জন ঐ ৭৲ টাকা করিয়া	..	২৮৲
মোট		৯০৲

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৮ ফেব্রুআরি।

ইণ্ডিয়ার অত্যন্ত সম্মানসূচক ষ্টার উপাধির প্রাণ্ড মাষ্টর মহিমবর শ্রীলশ্রীযুক্ত রাজপ্রতিনিধি ভারতবর্ষের গবর্ণর জেনরল সাহেবের সিমলাহইতে লিখিত ১৮৬৬ সালের জুন মাসের ১২ তারিখের যে বিজ্ঞাপন ১৮৬৬ সালের জুলাই মাসের ৪ তারিখের কলিকাতা গেজেটে প্রকাশ হয় তদুপলক্ষে জ্ঞাত করা যাইতেছে যে এদেশীয় যে মহাশয় ব্যক্তিদের প্রতি উক্ত অর্ডরের সম্মান প্রদত্ত হইয়াছে তাঁহাদিগকে যখন এই গবর্ণমেন্টের অধীন কর্ম্মকারকেরা পত্রাদি লিখিবেন তখন তাঁহাদের নামের উত্তরে সেই সম্মানসূচক উপাধির আদ্যাক্ষর লিখিবেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৫ ফেব্রুআরি।

১৮৬৫ সালের ১১ আইনের ১৪ ধারামতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে হুগলী ও শ্রীরামপুর ও

Court of Hooghly, Serampore, and of the Cantonments of Chinsurah will sit in the Small Cause Court of Serampore on the following days, in addition to the days notified in the *Calcutta Gazette* of the 12th July 1865, in order to clear off the accumulation of cases now on the file of that Court :—

Monday, 25th February 1867.
Tuesday, 26th ,, ,,
Monday, 11th March ,,
Tuesday, 12th ,, ,,

DECLARATION UNDER SECTION II. OF ACT VI. OF 1857.

The 8th February 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for the construction of a Police Out-post at Takee, it is hereby declared that, for the above purpose, a piece of land is required, measuring eight cottahs, more or less, situated in Pergunnah Augurparrah, Zillah 24-Pergunnahs, and bounded on the North by a tank belonging to Calla Chand Kausaree; on the West by the house and lands belonging to Soobul Kausaree; on the South by the drain of Takee Bazaar, and on the East by Takee Bazaar Road.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

DECLARATION UNDER ACT VI. OF 1857.

The 16th February 1867.

Whereas it is necessary to take up lands at the public expense, for a public purpose, *viz.*, for widening the south-east extremity of the road commencing from the Uttarnallah Bridge to Gunnesh Gooroog, in the Town of Pooree, it is hereby declared that, for the above purpose, a plot of land, measuring 238 superficial feet, more or less, in Dandimal Saee, in the Town of Pooree, is required.

The plot required is bounded on the North by the Juggernathbullub Garden; on the South by Burodaud; East by the Uttarnallah Road; and West by the Nirmohee Akhra.

This Declaration is made, under Section II., Act VI. of 1857, to all whom it may concern.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

চুঁচড়ার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ, ১৮৬৫ সালের জুলাই মাসের ১২ তারিখের বাঙ্গলা গেজেটে যেং দিন নিরূপিত হইয়াছে তদতিরিক্ত শ্রীরামপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের নথীতে যে সকল মোকদ্দমা জমিয়াছে তাহা নিষ্পত্তি করণার্থে নিম্নলিখিত দিনে শ্রীরামপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতে উপবিষ্ট হইবেন।

১৮৬৭ সালের ২৫ ফেব্রুআরি সোমবার।
,, ২৬ ঐ মঙ্গলবার।
,, ১১ মার্চ সোমবার।
,, ১২ ঐ মঙ্গলবার।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৮ ফেব্রুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ টাকিতে পোলীস ফাঁড়ি প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভুমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পুর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ২৪ পরগনা জিলার অন্তর্গত আগড়পাড়া পরগনায় ন্যূনাধিক ।৩ কাঠা পরিমিত ভুমির প্রয়োজন। উক্ত ভুমির উত্তর সীমা কালাচাঁদ কাঁসারীর পুষ্করিণী পশ্চিম সীমা সুবল কাঁসারীর বাটী ও ভূমি, দক্ষিণ সীমা টাকির বাজারের নরদমা, পুর্ব্ব সীমা টাকির বাজারের পথ।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

১৮৫৭ সালের ৬ আইনমতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৬ ফেব্রুআরি।

পুরীনগরস্থ উত্তর নালা অবধি গণেশ গুরুগ পর্য্যন্ত যে পথ আছে তাহার দক্ষিণ পুর্ব্ব সীমা পরিশর করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভুমি লওয়া আবশ্যক, অতএব ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে পুর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে পুরীনগরের অন্তর্গত দণ্ডিমাল সাহীতে ন্যূনাধিক ২৩৮ ফুট কালীতে পরিমিত ভুমির প্রয়োজন।

প্রয়োজনীয় ভুমি খণ্ডের উত্তর সীমা জগন্নাথ বল্লভ বাগান, দক্ষিণ সীমা বরদাদ, পুর্ব্ব সীমা উত্তর নালার পথ, পশ্চিম সীমা নির্ম্মহী আকড়া।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT.

No. 67.

The 19*th February* 1867.

Declaration under Sections II. and XXXIII. of Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for the excavation, by the East India Irrigation and Canal Company, of a distributary Irrigation Channel No. 14, leading off from the main Canal from Midnapore to Ooloobaria, it is hereby declared that, for the above purpose, a strip of land is required, seven miles in length, more or less, and of width varying from 70 feet at the upper to 50 feet at the lower end of the Canal, covering a total area of 49 acres, 2 roods, 10 poles, more or less, standard beegahs 150, in the District of Midnapore. The channel commences from the Panchkoora head of the main Canal on the eastern side of the Cossye and runs south-eastward through the following villages:—Gopalpore, Soorah, Athbarea, where it crosses the Tumlook road, and extends through Ahamudpore, Hari Jhanuna, Gourangpore, Seetarampore, Dhobapookhur, Joyram Chuch, Sadoopotha, and Poschim Chillka, in Pergunnah Kasseejora.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

J. E. T. Nicolls, *Lieut.-Col., R. E.,*
Secy. to the Govt. of Bengal., P. W. D.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

৬৭ নম্বর।

১৮৬৭ সাল ১৯ ফেব্রুআরি।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ মেদিনীপুর অবধি উলুবেড়িয়া পর্য্যন্ত যে প্রধান খাল আছে তাহা হইতে স্থানেং জলসিঞ্চনার্থ ইষ্ট ইণ্ডিয়া ইরিগেশন ও কেনাল কোম্পানিকর্ত্তৃক ১৪ নং খাল কাটাইবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে মেদিনীপুর জিলার মধ্যে ন্যূনাধিক ৭ মাইল দীর্ঘ ও খালের উজান ৭০ ফুট ও ভাটি ক্রমশঃ ৫০ ফুট একুনে কালিতে ৪৯ একর ২ রুড ১০ পোল অর্থাৎ ১৫০/ বিঘা পরিমিত ভূমির প্রয়োজন। কাঁসাইর পূর্ব্ব দিগে উক্ত খাল প্রধান খালের পাঁচকুড়ার শিরস্থানহইতে আরম্ভ হইয়া গোপালপুর ও সুরা ও আথবাড়িয়া (এই স্থানে তমলুকের পথের উপর দিয়া যায়) ও আহম্মদপুর ওহরি ঝাঙ্গুয়া ও গৌরাঙ্গপুর ও সীতারামপুর ও ধোপা পুকুর ও জয়রাম চক ও সাধুপোতা ও কাশীযোড় পরগনার অন্তর্গত পশ্চিম চিলকা গ্রাম দিয়া দক্ষিণপূর্ব্ব দিগে যায়।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

জে. ই. টি. নিকলস, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

৩২৬ নং।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৭ সাল তারিখ ১১ মার্চ সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোং কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৪। ৬৫ ও ৬৫। ৬৬ সালের উৎপন্ন আফিমের তৃতীয় নীলাম হইবেক এবং ঐ নীলামে ৪,০০০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

সন ১৮৬৫। ৬৬ সালের বেহার এজেন্সীর উৎপন্ন আফিম	২,০০০
সন ১৮৬৪। ৬৫ সালের বানারস এজেন্সীর উৎপন্ন আফিম	২,০০০
জুমলা সিন্দুক	৪,০০০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল চলিতমত গবর্ণমেণ্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৬ সালের ১ অক্টোবর তারিখের লিখিত ইশ্‌তেহার দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং ক্লিয়ারেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬৭ সালের ১৬ এবং ২৬ মার্চ এই দুই দিবস

ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামী খরিদারগণ যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা অন্য কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬৭ সালের ১৬ মার্চ শনিবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিম্মতের পুরা টাকার দরুণ বাঙ্গাল বেঙ্কের রসিদ সন ১৮৬৭ সালের ২৬ মার্চ মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরোক্ত এই নীলামের ইশ্‌তেহারের লিখিত পরিমাণ আফিম ভিন্ন বর্ত্তমান বর্ষে উৎপন্ন নীচের লিখিত পরিমাণ বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হায়ে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতু প্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থা কল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন।

						বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬৭ সাল	তারিখ	১০ এপ্রেল	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ		২,০০০	২,০০০	৪,০০০
ঐ	ঐ	৯ মে	বৃহস্পতিবার	ঐ	...	২,০০০	২,০০০	৪,০০০
ঐ	ঐ	৭ জুন	শুক্রবার	ঐ	...	২,০০০	২,০০০	৪,০০০
ঐ	ঐ	১০ জুলাই	বুধবার	ঐ	...	২,০০০	২,০০০	৪,০০০
ঐ	ঐ	৯ আগষ্ট	শুক্রবার	ঐ	...	২,০০০	২,০০০	৪,০০০
ঐ	ঐ	৯ সেপ্টেম্বর	সোমবার	ঐ	...	২,০০০	২,০০০	৪,০০০
ঐ	ঐ	১৬ অক্টোবর	বুধবার	ঐ	...	২,০০০	২,০০০	৪,০০০
ঐ	ঐ	১১ নবেম্বর	সোমবার	ঐ	...	২,০০০	২,০০০	৪,০০০
ঐ	ঐ	৬ ডিসেম্বর	শুক্রবার	ঐ	...	২,০০০	২,০০০	৪,০০০
					একুন	১৮,০০০	১৮,০০০	৩৬,০০০

আর এল মাঙ্গলস্‌।
একটিং ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ,
ফোর্ট উলিয়ম সন ১৮৬৭ সাল তারিখ ৫ ফেব্রুআরি।

NOTICE.

The undersigned is prepared to grant licenses (with effect from 1st April 1867 to 31st March 1868), to catch Elephants in the Western Dooars of Bhootan.

The license fee is Rupees 20, for each Kunki employed. The right of pre-emption of captured elephants is reserved to Government.

Further particulars may be obtained by application (personal or by letter) to the undersigned.

J. Tweedie,
Dy. Commissioner, Western Dooars.

Mynagoree, Bhootan.
The 12th December 1866.

TO RAILWAY CONTRACTORS, &c., &c., &c.

Notice is hereby given that a Sale of Sâl Wood, now growing in the "Roopuspoor Jungle," appertaining to the Hetampore Wards' Estate, situated in the district of Beerbhoom, will take place on Monday, the 11th day of March 1867, at Roopuspoor.

The number of trees, measuring over twenty (20) inches in circumference has been estimated to amount to nearly thirty thousand (30,000), and it is supposed they will answer the purpose of Railway sleepers, light timber, &c.

The Jungle will be sold in twelve (12) different and distinct Lots, each comprising an average area of about three hundred and fifty (350) beegahs, for the convenience of purchasers, each of whom will be required to pay down, at the conclusion of the sale, a deposit of twenty-five (25) per cent. on the amount of his bid, which deposit will be liable to forfeiture in the event of the purchaser not paying the balance of the purchase money within three (3) months from the date of the Sale.

The purchaser of each separate Lot will also clerly have to understand that the wood must be cut and removed within six (6) months of the date of the Sale, otherwise, whatever wood may remain uncut and unremoved will be considered the property of the said Hetampore Wards' Estate again, and be liable to be re-sold.

Railway Contractors, dealers in timber, and others, are invited to inspect the said Jungle before hand, and to communicate with the Collector of the district or the undersigned, who will supply any further information that may be required.

A. Hume Smith,
Manager, Hetampore Estate.

Soorie, Beerbhoom;
The 31st January 1867.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৬ ফেব্রুআরি।]

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার

জিলা মেদিনীপুর।

ইস্তাহারনামা কাছারি কালেকটরি জেলা মেদিনীপুর।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলার নিম্নের লিখিত মহাল সন ১৮৬৭ সালের ১২ জানুআরি পর্য্যন্তের বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারায় অন্যান্য যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে চলিত আইনমতে সন ১৮৬৭ সালের ২ মার্চ মোতাবেক বাঙ্গলা সন ১২৭৩ সালের ১৯ ফাল্গুণ মোওয়া-ককে আমলী সন ১২৭৪ সালের ২০ ফাল্গুণ রোজ শনিবার এজেলার কালেকটরি কাছারিতে নীলামে ধরা যাই-বেক ও বিনা বাধায় বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭ সাল তাং ১১ ফেব্রুআরি।

প্রথম শ্রেণীর চির বন্দোবস্তী মহাল।

১৮৪৮ নং মং ঘুনহাওা পং জুঞ্জামুঠা তাং রত্নাকর পাহাড়ি ও গুরুপ্রসাদ জানা ও কমলমণি দেবী মোট সদর জমা ১৩২৮৷৷১১ ইহার মধ্যে রত্নাকর মজুকুরের অংশের সদর জমা ৬৬৪৷৫৷৷

পং মাজনামুঠা ওগয়রহর ইজারাদার রত্নাকর পাহাড়ির নিকট সন ১২৭৩ সালের ইজারার বাকী আদায় কারণ ইজাদ্দারের এই তশকীশে যে স্বত্ব লভ্য আছে তাহা নীলাম হইবেক।

W. J. Herschel,
Collector.

জিলা রাজশাহী।

ইস্তাহারনামা কাছারি কালেকটরি জেলা রাজশাহী এই যে।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুযায়ি সংবাদ দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মহালের ১৮৬৬ সালের নাগাএদ কিস্তী ডিসেম্বরের বাকী রাজস্ব রেবিনিউ বোর্ডের নির্দ্ধারণ করা ১৮৬৭ সালের ১২ জানুআরি পূর্ব্যান্ত পর্য্যন্ত দাখিল না হওয়ায় তাহা আদায় জন্য কথিত মহাল ইংরেজী ১৮৬৭ সালের ৮ মার্চ মোতাবেক বাঙ্গলা ১২৭৩ সালের ২৫ ফাল্গুণ শুক্রবার এই কালেকটরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও নিতান্তই বিক্রয় হইবেক সন ১৮৬৭ ইং তারিখ ২৬ জানুআরি মোং ১২৭৩ বাঙ্গলা তারিখ ১৪ মাঘ।

তফসীল।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

নং ৪৩৩ তৌজী।

ডিহি ছিলীল নওগাঁও তপ্পে চাপৈনা মালিক রঘুনাথ চন্দ্রনাথ শম্ভুনাথ কাশীনাথ বিশী উম্মত ছকিয়া চৌধুরাণী স্বয়ং ও নাদর অলি পক্ষে হেফাজউল্লা কেরাম্তউল্লা কেরামউল্লা চৌধুরী বিবি উম্মত ফাতেমা বিবি উম্মত ছোলেমা নাবালগান কালীপ্রসাদ ভূঞা ভগবান চৌধুরী কৃষ্ণজয় সিংহ রাজা গোবিন্দনাথ রায় ইহারদি-গের অংশের বাকী জের বাটওয়ারা ও ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারা অনুযায়ি স্বতন্ত্র হিসাবে আদায় হওয়ায় তাহা বাদে অবশিষ্ট রাণী আনন্দময়ী শ্রীশ্রী৺ রামচন্দ্র দেব ঠাকুর সেবাইত রাণী লক্ষ্মী কোঙরী রাম-কেশব নবকান্ত কৃষ্ণনাথ সরকার নারায়ণ বাগচী কমলা চৌধুরাণী কালীপ্রসাদ বিশী ভগবতী দাস্যা জওজে গঙ্গাগোবিন্দ সিংহ মাদরে কালীনাথ দ্বারকানাথ সিংহ আনন্দময়ী দাস্যা জওজে যাদবেন্দ্র সিংহ মাদরে বিশ্বে-শ্বর রত্নেশ্বর সিংহ হারাধন সান্ন্যাল গোপালকৃষ্ণ মৈত্র কমলনারায়ণ মৈত্র শম্ভুনাথ মজুমদার বিজয়সুন্দরী দেব্যা হরেন্দ্রনাথ আনন্দনাথ সান্ন্যাল নাবালগান গোপীনাথ তালুকদারের অংশ যাহার সদর জমা ৬৩৯৶০ আনা ও পুলীস ৫৶০ আনা একুনে ৬৪৪৷০ আনা নীলাম হইবেক মোট মহালের সদর জমা ৩৪১২৷০ আনা ও পুলীস ৩১৶০ আনা একুন মং ৩৪৪৬৷৶০ আনা।

P. A. Humphrey,
For Collector.

জিলা হুগলী।

ইস্তাহারনামা কাছারি কালেকটরি জিলা হুগলী।

১৮৫৯ সালের ১১ আইনের ৯ ধারাক্রমে এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা হুগলীর নিম্নলিখিত মহাল ১৮৬৭ সালের ১২ই জানুআরির তলবী রাজস্বের বাকী ও অন্যান্য বাকী যাহা রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় কারণ ১৮৬৭ সালের ২৬ সে ফিব্রুআরি মোতাবেক বাঙ্গলা ১২৭৩ সালের ১৫ই ফাল্গুণ মঙ্গল-বার জিলা হুগলীর কালেকটরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনাবাধায় বিক্রয় হইবেক ১৮৬৬ সাল ৫ই ফিব্রুআরি।

মোদামী বন্দবস্তী মহাল।

তৌজীর নম্বর	মহালের নাম ও পরগনা	মালিকের নাম	সদর জমা	বাকী
২৪	মানকুণ্ডু পং বোরো	হলধর অধিকারিদিগর	৮৫১৸৶৬	১৫২৶৪

G. S. Park,
Offg. Collector.

[*Government Gazette, 26th February* 1867.]

জিলা কটক।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরির জেলা কটক মধ্যম প্রদেশ এই যে।

যে হেতু কেল্লা কনিকা মাহাল তাবে কোর্ট আবওয়ার্ডস রাজ পদ্মনাভ ভঞ্জ বাহাদুরের কিস্মত জনুবি জেলা পুরী মোং দাণ্ডীমাল সাহি ও কুণ্ডাইবেট সাহিতে নীচের লিখিত নকুসানুসারে দুই মঠ থাকা ও তাহার এলাকার কাঁচা ও পোক্ত বাটী সকল ও ভূমি ও বাগান সকল চৌহদ্দী মোতাবক ও বাগতদিগের বাটী যের চৌহদ্দীর অনুর্গত আছে সেই২ চৌহদ্দীর নম্বর-ওয়ারি অনুসারে রাজ প্রশংসিতের মহাজনদিগের দেনা তাদায় পরিশোধ কারণ বাজমান শ্রীযুত কমিস্যনর সাহেবের ৪৩।০ নম্বর ও সন ১৮৬১ সাল আগষ্ট মাহার ১৭ তারিখের লিখিত ৫০৮ নম্বর চিঠী ও অত্র মহকুমার সন মজকুরের ডিসেম্বর মাহার ৫ তারিখের লিখিত হুকুমানুক্রমে এই কালেক্টরী কাছারিতে সন ১৮৬৭ সাল আপ্রিল মাহার তাং ৮ মোতাবক সন ১২৭৪ সাল চৈত্র মাহার ২৮ তারিখ সোমবার বারঘণ্টার সময় নীলাম হইবেক একারণ ইস্তাহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মঠ ওগয়রহকে উপর লিখিতঅনুসারে যে কেহ খরিদ করণের বাঞ্ছা রাখিতে থাকে উপর উক্ত তারিখে এই কালেক্টরী কাছারিতে হাজীর হইয়া ডাক নীলামে খরিদ করিবেক প্রকাশ যে সমুদয় মূল্য তৎক্ষণাৎ দিতে হইবেক অতএব অত্র বিষয় সমস্ত লোকদিগকে জ্ঞাত কারণ লেখা গেল তাং ২৯ মাহ জানুআরি সন ১৮৬৭ সাল।

ইয়াদদাস্ত রাজে বিনাএক ভঞ্জ মৃত্যুহাল দখলকার রাজে পদ্মনাভ ভঞ্জ রাজা কেল্লা কনিকা এলাকে মঠ পুরুষোত্তমক্ষেত্র মঠ ও বাগানের চৌহদ্দী নকুস জেলা জনুবি।

১	২	৩	৪	৫	৬	৭	৮
				সরহদ্দ সীমানা			
নামশাহি	নম্বর	রকম	তাএন ভূমি	পূর্ব্ব	পশ্চিম	দক্ষিণ	উত্তর
১ দাণ্ডীমালসাহি	৩১০	কাঁচা পাকাবাটী ৬৭ নম্বরা	মাং ।৭৭/	গোবিন্দভারথির বাগান	বডদণ্ড	মনাই রাজগুরু ও পণ্ডিত মঠের মোহন্ত বরদ্ধ রামানুজদাস …	ভিঙ্গারপুর নিবাসি রঘুনাথদাসের খরিদা
ঐ	৩১১	বাড়ি ঘর ফসল …	মাং ।৮।/				
ঐ	৩১২	ঐ …	মাং ।৩৬৩				
ঐ	৩১৩	গলি রাস্তা	মাং ।০৩/।৩				
একসাহির এক মঠ			মাং ।১৯।৩/।২৬				
২ কুণ্ডাই বেটসাহি	১১	বাগান …	মাং ।৯।।৩/	রামগোপাল চট্টোপাধ্যায়ের খরিদা ও কাণ্ডারাকোটের জায়গা	শ্যামাসুন্দরীদাসী ও গোবিন্দ পহরাজ ও গোপীনাথদাস ও ফলহারির মঠেরজায়গা ও শিবপূজীর খরিদা ও মানমাইতি …	রাজদাণ্ড …	রামগোপাল চট্টোপাধ্যায়ের খরিদা
ঐ	১২	ঐ …	মাং ।১১২				
ঐ	১৩	ঐ …	মাং ।১৩।।/				
			মাং ১।৯৫/				

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ২৬ ফেব্রুআরি।]

ঐ	৪২	ঐ ..	মাং ।১৮	বোষ্টম চতুর্ভুজদাসের দত্ত বাগান ..	লক্ষ্মীভদ্রের মঠের বাগান মার রাজদাও ..	দাও ...	লক্ষ্মীভদ্রের মঠের বাগান
ঐ	৪৩	ঐ ...	মাং ৷৭৷।০				
		একটা বাগান ইহার মধ্যে আদালতের নাজীর ও চাপরাশী ও জাগীরদারদিগের বাশাবাটী ও বাউরির এক ঘর আছে ...	মাং ১২৷।০				
৪ ঐ	৬৫	গলী রাস্তা .. একটা বাগান তাহাতে বাউরি ২ ঘর আছে ...	মাং ।৩৵১৫	নিজ কনিকার বাগান ..	রাজদাও ...	দীনবন্ধু দাসের বাটী ..	কালীচরণ চৌধুরির খরীদা বাটী
ঐ	৮১০	রাএত আবথ মহাপাত্রের বসন বাটী ও ভুবনী শাহুর কামার সালের ঘর সহিত দুই বখরা ...	মাং ।১৵	রাজদাও ..	ঐ ...	বাবন মাহারনার খরিদা মেলাঘর ...	রাজদাও
ঐ	৮৫২	একমঠ ৮ বখরা ..	মাং ।৯৫৵	অলপদ্ম ঠাকুরাণীর দেউল মার রাজদাও ..	গোবিন্দভারথীর বাগান	বাবন পাঠনায়েকের বাটী	বিশ্বনাথ মাইতির বাটী
ঐ	৮৫৩	মঠের বারেণ্ডা ১ বখরা ...	মাং ।০।৵১০				
একমঠ			মাং ।১০৩৵১০				
৫ ঐ	৮৬৮	রাএত জয়রাম সিংহের বাটী ১ বখরা ।৮৫৵	মাং ।০ ৮৵	রাজ দাও ...	বলভদ্র বল্লভের জাগা	রামদেব দাস ও গোপী দাস ...	দিবাকর মিস্ত্রী।
ঐ	৮৬৯	বালারায়ের মঠের জমাদারের ঘর ১ বখরা ।৮৫৵	মাং ।০ ৮৵				
ঐ	৮৭০	রাএত মধুসিংহের বাটী ঘর ১ ঐ ১।০	মাং ।০ ।।৵				
		৩ বঃ ৫৵	মাং ।২।।				

১	২	৩	৪	৫ সরহদ্দ সীমানা	৬	৭	৮
নাম শাকি	নম্বর	রকম	তাএন ভূমি	পূর্ব্ব	পশ্চিম	দক্ষিণ	উত্তর
ঐ	৯০০	বাএত কেনাই মহাপাব বাটী ১ বঃ ২।৶ ইহাতে একটা বাবী	মাং ।৭৻৮	নবীন দাসের বাটী ...	রাজ দাণ্ড ...	পদ্মচরণ চৌধুরির খরিদা	রাম সাহুর খরিদা।
ঐ	১০৭৪	একটা বাগান ... ৩ ঘর বাউরি	মাং ২।২৩।	তাণ্ডীরমঠ গোবিন্দ দাস ও ভজনি দাস ...	দীনবন্ধু দাস ও নিজ কনিকার গলি ও কালীচরণ চৌধুরির খরিদা ও সুকদেব দাস ও দীনবন্ধু মিছর ও কাঙ্গালি ভেহাড়ি ও লোকীমিছর ও নীলকণ্ঠ দাস ও লোকনাথ সতপস্তী ও অনাম মিছর ও আরথ মিছর ও লোকীমিছর ও ভগবান ভেহাড়ি ও আলকমিছর ও গোপনী সতপস্তী ও গোবিন্দ দাস ও দৈত্তাবিদাসীর জায়গা ...	গঙ্গাধর দাস বৈষ্ণব ও ঘুমশর মঠের মোহন্ত সরজু দাস ও শত্রুঘ্নদাস ব্রাহ্মণের বাগান ...	আবকারির কাছারির ঘর ও সরকারি সড়ক।
	১১২৪	রাএত সুদর্শন দাসের ... আখড়া ঘর ১টা বঃ ২	মাং ।২৬	রাজ দাণ্ড ...	মহারাজা দিব্যসিংহ দেব নাবালগের বাগান ...	কৌশল্যা দাস মৃত্যুর চেলা জগন্নাথ দাসের মঠ বাগান ...	গলী রাস্তা।
কুলাই কৌপাই ...			মাং ১।৪॥৶৩				

চুকুজ সাহি এলাকে পুরী	১৯৭	দাল ভূমি ...	মাং ।১৯।৶	নিজ কনিকার বাগান ...	হরি মহাপাত্রের খরিদা ও গদাধর বড়ু মহাপাত্র...	গদাধর বড়ু মহাপাত্র ...	গোবৰ্দ্ধন দাসের ভূমি
ঐ	১৯৮	ঐ	মাং ।১১৮৴				
			মাং ১।৬৶				
ঐ	২০১	বাগান ...	মাং ।২২।।	নবিন্দ্র পুষ্করিণীর পাড়..	গোবৰ্দ্ধন দাস ও নিজ কনিকা ...	ঐ	নদী ও মরচাই ঠাকুরাণীর জায়গা।
ঐ	২০২	ঐ	মাং ১।০।।৶				
		এক বাগান ...	মাং ১।২৩৶				
ঐ	২০৭	বাগান একটা ...	মাং ২।৬	ঐ	গলী রাস্তা ...	রাজ দাণ্ড ...	গদাধরবড়ু মহাপাত্র।
চুকুজ সাহি ..			মাং ৫।১০।৶				
মোট ও সাহিকে ...			মাং ১২।৯।৶/১৯				

W. MACPHERSON,
Collector.

[*Government Gazette, 26th February 1867.*]

NOTICE.

NOTICE is hereby given, under Section VI., Act XI. of 1859, that the undermentioned Estate in Zillah Burdwan, will be put up to public and unreserved sale at the Collector's Office of that District, on Thursday, the 7th March 1867, corresponding with the 24th Falgoon 1273, B. S., for arrears of Revenue and other demands due on the 12th January 1867, corresponding with 29th Pous, 1273, B. S., which by the Regulations and Acts in force, are directed to be realized in the same manner as arrears of Revenue.

Class 1, *Permanently Settled Estates.*

No. 158. Soomudhurgoree, Pergunnah Shatsyka, recorded proprietors Rohimnessa Bebee and Kylash Chundra Dey Choudhary, Government Revenue, Rs. 2,710-5-11.

No 5177. Chur Chundeepore, Pergunnah Jehengerabad, recorded proprietor Syed Atawar Rohoma, Government Revenue, Rs. 511-13-1.

A. J. R. BAINBRIDGE,
Collector.

BURDWAN COLLECTORATE,
The 14th February 1867.

জেলা বৰ্দ্ধমান ।

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বৰ্দ্ধমান ।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা পুর্ব্বাংশ বৰ্দ্ধমানের নীচের লিখিত মহাল সকল সন ১৮৬৭ সালের নাং ১২ জানুআরি মোং সন ১২৭৩ সালের ২৯ পৌষ তলবের সরকারি বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে সন ১৮৬৭ সালের ৭ মার্চ মোং সন ১২৭৩ সালের ২৪ ফাল্গুণ বৃহস্পতিবার দিবসে দিবা ২ দ্বিতীয় প্রহরের পর অত্র জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭ সাল তারিখ ১২ ফেব্রুআরি ।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমাধার্য্য হওয়া মহাল ।

১৫৮ নং সমুদ্রগড়ি পং সাতসৈকা মালিক রহিমন্নেছা বিবি ও কৈলাশচন্দ্র দে চৌধুরী সদর জমা ২৭১০।।১১ টাকা ।

৫১৭৭ নং চরচণ্ডীপুর পরগনে জাহাঙ্গীরাবাদ মালিক সৈয়দ আতাওর রহমা সদর জমা ৫১১৸/১১ টাকা ।

W. A. HAY,
Deputy Collector.

বিজ্ঞাপন ।

কলিকাতার মনিসিপলিটী ।

কলিকাতার শান্তিরক্ষার্থ জষ্টিসেরা বঙ্গদেশের ১৮৬৩ সালের ৬ আইনমতে যে উপবিধি প্রণয়ন করিয়াছিলেন তাহার ৩৩ ধারা ইহাতে রহিত করিয়া তৎপরিবর্ত্তে নিম্ন লিখিত উপবিধি প্রচার করিলেন ।

৩৩। জষ্টিসেরা বঙ্গদেশের ১৮৬৩ সালের ৬ আইনের ১১৮ ধারার বিধানমতে কর্ম্ম করিলে পর, কেহ ধূল্য কি আবর্জ্জনা কি গোবর কি ছাই কিম্বা বাগানের কি রন্ধনাগারের কি আস্তাবলের ঝাটনী কি অন্য ময়লা আদি জষ্টিসেরা যে পথে ফেলিতে নিষেধ করিয়াছেন কি পরে করেন তাহাতে ফেলিবে কি ফেলাইবে না কি কাহারো অনুমতি দিবে না। কিন্তু জষ্টিসদের বিশেষ অনুমতি লইয়া টাটু ঘোড়ার গাড়ির বোঝাই যদি প্রতি দিনে ১৲ টাকা হারে ও দিনে অতিন্যূন ৷১০ আনা দেয় তবে পারিবে। যে পথের বিষয় তদ্রূপ কোন নিষেধ নাই সে পথে ঐ জঞ্জালাদি পুর্ব্বাহ্ণ ৪ ঘন্টা অবধি ৬ ঘন্টার মধ্যে বাটীর বহির্দ্বারহইতে ৩ গজের মধ্যে ফেলিলে নিম্ন লিখিত (৩৫) উপবিধিতে যাহা বর্জ্জিত হইল তদ্ভিন্ন ঐ সকল ধূলাদি জষ্টিসেরা বিনা ব্যয়ে স্থানান্তর করিবেন।

৩৫। জষ্টিসেরা সময়ে২ আবর্জ্জনাদি স্থানান্তর করিবার যত মূল্য ধার্য্য করেন তাহা না দেওয়া গেলে কার্য্যের কি বাণিজ্যের কি কারবারের আবর্জ্জনাদি স্থানান্তর করা যাইবে না, এবং জষ্টিসদের অনুমতি বিনা উপরোক্ত আবর্জ্জনাদি কোন পথে ফেলিতে হইবে না।

বঙ্গদেশের ১৮৬৩ সালের ৬ আইনের ২২১ ধারামতে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল ।

আর টর্ণবুল,
শান্তিরক্ষার্থ জষ্টিসদের সেক্রেটারী ।

শান্তিরক্ষার্থ জষ্টিসদের
কার্য্যালয় ১ নং চৌরঙ্গী রোড ।
১৮৬৭ সাল ১২ ফেব্রুআরি ।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৭ । ২৬ ফেব্রুআরি ।]

নুটিশ।

যেহেতুক পরগনে সুজাবাদ কিসামত নারিকাটী চান্দপুর পরগনে মবারক উজিয়ান কিসামত নারিকাটী কাথুতী ও পরগনে বৈকণ্ঠপুর কিসামত ঘোস্তা দিঘলিয়া পরগনে মামুদপুর কিসামত দিঘলিয়া তর্পে খোদ্দ ধামরাই মৌজে বকজ্বা কিসামত জয়নগর ইত্যাদি মহালের প্রজাগণকে জ্ঞাত করা যাইতেছে যে শস্যের মূল্য বৃদ্ধি হওয়াতে প্রচলিত বিধিমতে এবং হাই কোর্টের মজিরের মর্ম্মমতে জমা বৃদ্ধির যোগ্য হইয়াছে অতএব লালজমীর ।।৬ পাই নিরিখস্থলে ফি বিঘা ১৲ টাকা নিরিখে ধার্য্যে কবুলিয়ত দিতে হইবেক অদ্যহইতে এক মাসমধ্যে কবুলিয়ত না দিলে যোতের জমী অন্যকে পত্তন কিম্বা খামারে নেওয়া যাইবেক পশ্চাৎ কোন আপত্য শ্রাব্য হইবেক না ইহা সর্ব্ব সাধারণের জ্ঞাতার্থে বিজ্ঞাপন ইতি সন ১২৭৩ তাং ২৫ মাঘ।

শ্রীতারিণীকুমার বসু।

বৎসর শতকে ৫৲ টাকা সুদে পঞ্চ সহস্র মুদ্রা প্রদান করিলে ২৫০৲ টাকার স্থিত সম্পত্তি পঞ্চম বৎসরের নিমিত্তে অর্পণ করিতে পারি ঐ সম্পত্তিতে যে লাভ দর্শিবে তৎপ্রতি হস্ত নিক্ষেপ করিব না ইহা প্রতিজ্ঞা করিতেছি কোন মহোদয়গণের প্রয়োজন হইলে অদ্যাবধি ৩ মাস মধ্যে বিজ্ঞাপন দিবেন ইতি সন ১২৭৩। ২৫ মাঘ।

শ্রী তারিণীকুমার বসু।
নিবাস বকজ্বা থানে মাণিকগঞ্জ জিলে ঢাকা।

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুক্ত এক জে বাকো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 5, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ৫ মার্চ।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 22nd February 1867, and was referred to a Select Committee with instructions to make their report thereon in a fortnight :—

No. 6 OF 1867.

A Bill to provide for the preservation of copies of books published in British India, and for the registration of such publication.

[Preamble.]

WHEREAS it is expedient to provide for the preservation of copies of every book published in British India, and for the registration of such publications; It is hereby enacted as follows :—

[Interpretation clause.]

I. In this Act—unless there shall be something repugnant in the subject or context—

[" Book."]

" Book" means and includes every volume, part or division of a volume, pamphlet, newspaper and sheet of letter press, whether in English,

হোম ডিপাটমেণ্ট।

ব্যবস্থাপক।

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ২২ তারিখে পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়াছে। দুই সপ্তাহের পর তাঁহাদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবে।

১৮৬৭ সালের ৬ নম্বর।

ব্রিটনীয় ভারতবর্ষে প্রকাশিত পুস্তকের কএক প্রস্থ রক্ষা ও ঐ পুস্তক রেজিস্টরী করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ]

ব্রিটনীয় ভারতবর্ষে যে প্রত্যেক পুস্তক প্রকাশ হয় তাহার কএক প্রস্থ রক্ষা করিবার এবং ঐ পুস্তক রেজিস্টরী করিবার বিধান করা বিহিত, এই হেতু নিম্ন লিখিত বিধান করা যাইতেছে।

[অর্থ করণের ধারা।]

১ ধারা। পূর্ব্বাপর কথায় কিম্বা উল্লিখিত বিষয়ের বিপরীত ভাব না থাকিলে এই আইনে

[" পুস্তক"]

পুস্তক শব্দে ইংরাজী কি সংস্কৃত কি এতদ্দেশীয় কোন ভাষায় মুদ্রিত প্রত্যেক খণ্ড পুস্তক ও ঐ খণ্ডের অংশ ও পামফ্লেট ও সংবাদপত্র ও প্রত্যেক তা কাগজ বুঝাইবে।

Sanscrit, or any of the vernacular languages and every sheet of music, map, chart or plan separately published:

["British India."]

"British India" means the territories which are or shall be vested in Her Majesty or Her Successors by the Statute 21 & 22 Vic., cap. 106 *(An Act for the better Government of India)* other than the Settlement of Prince of Wales' Island, Singapore and Malacca:

[Number.]

Words in the singular include the plural and *vice versa*;

["Local Government."]

And in every part of British India to which this Act shall extend, "Local Government" shall mean the person authorized by law to administer Executive Government in such part.

[Three copies of books published after this Act comes into force and of all subsequent editions, to be delivered to Government within a month.]

II. Three printed or lithographed copies of the whole of every book which shall be published after this Act shall come into force, together with all maps, prints or other engravings belonging thereto, finished and coloured in the same manner as the best copies of the same shall be published, and also of any second or subesquent edition which shall be so published with any additions or alterations, whether the same shall be in letter-press or in the maps, prints or other engravings belonging thereto, and whether the first edition of such book shall have been published before or after this Act shall come into force, shall within one calendar month after the day on which any such book shall first be sold, published or offered for sale, be delivered, on behalf of the publisher thereof, bound, sewed or stitched together, and upon the best paper on which the same shall be printed or lithographed, at such place and to such officer as the Local Government shall, by notification in the official *Gazette*, from time to time direct.

[Receipt and payment for copies.]

III. Such officer shall thereupon give a receipt in writing for the copies so received, and shall pay for the same at the rate as which the book shall be *bonâ fide* sold for cash to the public.

[Disposal of copies.]

IV. One of such copies shall be transmitted to the Secretary of State for India, and the other two copies shall, after a memorandum containing the particulars hereinafter mentioned respecting

[গবর্ণমেণ্ট গে.জট। ১৮৬৭। ৫ মার্চ।]

এবং স্বতন্ত্ররূপে মুদ্রিত সংগীতের কি মানচিত্রের কি নক্সার কি আলেখ্যের প্রত্যেক তাকাগজকেও বুঝাইবে।

[ব্রিটনীয় ভারতবর্ষ।]

শ্রীশ্রীমতী মহারাজ্ঞী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের ১০৬ অধ্যায়ের আইন (অর্থাৎ ভারতবর্ষ আরো উত্তমরূপে শাসন করিবার আইন) মতে পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মালাকা উপনিবেশ ভিন্ন যে সমস্ত দেশ শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর কি তাঁহার উত্তরাধিকারিদের প্রতি বর্ত্তিয়াছে কি বর্ত্তিবে "ব্রিটনীয় ভারতবর্ষ" শব্দে তাহা বুঝাইবে।

[বচন।]

এক বচনান্ত শব্দে বহুবচনান্ত সেই শব্দ ও বহুবচনান্ত শব্দে এক বচনান্ত সেই শব্দও গণ্য।

[স্থানীয় গবর্ণমেণ্ট।]

এবং এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন অংশে প্রচলিত হয় সেই অংশে যে ব্যক্তি কি ব্যক্তিরা আইনমতে রাজকর্ত্তৃত্ব কার্য্য করিতে ক্ষমতাপন্ন হন "স্থানীয় গবর্ণমেণ্ট" শব্দে তাঁহাকে কি তাঁহাদিগকে বুঝাইবে ইতি।

[এই আইন প্রচলিত হইলে পর, যে সকল পুস্তক প্রকাশ করা যায় তাহার তিন২ প্রস্থ ও পূর্ব্বে প্রকাশ হইয়া তাহার নূতন সংস্করণের তিন২ প্রস্থ এক মাসের মধ্যে গবর্ণমেণ্টে দিবার কথা।]

২ ধারা। এই আইন প্রচলিত হইবার পরে যে সকল পুস্তক অক্ষরে কি প্রস্তরে মুদ্রিত হইয়া প্রকাশ করা যায়, ও ঐ২ পুস্তকের সর্ব্বাপেক্ষা উত্তম২ প্রস্থে মানচিত্র ও চিত্রপট ও খোদিত অন্য ছবি যে প্রকারে সম্পাদিত ও রঞ্জিত হয়, সেই প্রকারে উত্তম চিত্রাদির সহিত ঐ সম্পূর্ণ পুস্তক, এবং যদি দ্বিতীয়বার ও পরে অন্যবার মুদ্রিত হয়, তবে প্রথমবার প্রকাশ এই আইন প্রচলিত হওনের পূর্ব্বে কি পরে হউক ও তাহাতে অতিরিক্ত কথা দেওয়া যাউক কি পূর্ব্ব কথা পরাবৃত্ত হউক ও সেই বৃদ্ধি কি পরিবর্ত্তন পুস্তকের মূল পাঠে কি মানচিত্রে কি চিত্রপটে কি খোদিত অন্য ছবিতে হউক ঐ দ্বিতীয় কি অন্য সংস্করণ, যে প্রথম দিবসে বিক্রয় কি প্রকাশ করা যায় কি বিক্রয়ার্থে প্রচারিত হয় সেই দিবসের পর এক মাসের মধ্যে যে উত্তম কাগজে অক্ষরে কি প্রস্তরে মুদ্রিত হয় সেই কাগজে তাহার তিন২ প্রস্থ বাঁধা কি সেলাই করা কি ষ্টিচ হইয়া, বঙ্গদেশের গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করণদ্বারা যে স্থান ও যে ব্যক্তি নিরূপণ করেন সেই স্থানে সেই কার্য্যকারকের নিকটে ঐ প্রকাশকের পক্ষে প্রদত্ত হইবে ইতি।

[ঐ২ প্রস্থের রসীদ ও মূল্য দিবার কথা।]

৩ ধারা। ঐ কার্য্যকারক ঐ পুস্তকের যত খানি পান তাহার রসীদ লিখিয়া দিবেন। এবং সাধারণ ব্যক্তিরদের নিকট ঐ পুস্তক যে প্রকৃত নগদ মূল্যে বিক্রয় হয় ঐ কার্য্যকারক তাহার সেই মূল্য দিবেন ইতি।

[ঐ পুস্তক লইয়া যাহা করা যাইবে তাহার কথা।]

৪ ধারা। উক্ত পুস্তকের এক২ প্রস্থ ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকট প্রেরণ করা যাইবে। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে পুস্তকালয় নিরূপণ করেন ঐ২ পুস্তক বিষয়ের নিম্নলিখিত

the book shall have been registered as hereinafter provided, be deposited in such public libraries, or be otherwise disposed of, as the Local Government shall from time to time determine.

[Penalty for non-delivery of publications.]

V. If any publisher of any such book or of any second or subsequent edition of such book, shall neglect to deliver three copies of the same pursuant to this Act, he shall for every such default forfeit, besides the value of the copies which he ought to have delivered, a sum not exceeding fifty rupees to be recovered by the said officer on conviction before a Magistrate.

[Registration of memoranda of publications.]

VI. There shall be kept at such office and by such officer as the Local Government shall appoint in this behalf, a book to be called a Catalogue of Publications, wherein shall be registered a memorandum of every book which shall have been delivered pursuant to Section 2 of this Act. Such memorandum shall (so far as may be practicable) contain the following particulars ; (that is to say) :—

(1.) The title of the book and the contents of the title page, with a translation into English of such title and contents, when the same are not in the English language :

(2.) The language in which the book is written :

(3.) The name of the author, translator, or editor of the book or any part thereof :

(4.) The subject :

(5.) The place of publication :

(6.) The name or firm of the publisher :

(7.) The date of the publication :

(8.) The number of sheets, leaves, of pages :

(9.) The size :

(10.) The first, second or other number of the edition :

(11.) Whether the book is printed or lithographed ; and

(12.) The price at which the book is sold for cash to the public.

Such memorandum shall be made and registered in the case of each book as soon as practicable after the delivery of the copies thereof in manner aforesaid.

[Publication of memoranda registered.]

VII. The memoranda registered during each quarter in the Catalogue of Publications shall be published in the official *Gazette* at the end of such quarter.

[Power to make rules.]

VIII. The Local Government shall have power to make such rules as may be necessary or desirable for carrying out the object of this Act, and from time to time to repeal, alter and add

[*Government Gazette*, 5th *March* 1867.]

পরিচয়লিপি নিম্নলিখিত বিধানমতে রেজিষ্টর করা গেলে পর অন্য দুই গ্রন্থ সেই আলয়ে অর্পিত হইবে কিম্বা অন্য যে প্রকারে আজ্ঞা করেন তাহা লইয়া তদ্রূপ কার্য্য হইবে ইতি।

[পুস্তক না দিবার দণ্ডের কথা।]

৫ ধারা। তদ্রূপ কোন পুস্তক, কি পুস্তকের দ্বিতীয় কি তৎপশ্চাৎ কোন সংস্করণ যে ব্যক্তি প্রকাশ করেন, তিনি যদি এই আইনঅনুসারে ঐ পুস্তকের তিনগ্রন্থ সমর্পণ না করেন, তবে তাঁহার সেই দোষের নিমিত্তে তাঁহার ঐ পুস্তকের তিন গ্রন্থের মূল্য দণ্ড হইবে। তদতিরিক্ত ৫০ টাকার অনধিক অর্থদণ্ড হইবে। ঐ কার্য্যকারক মাজিষ্ট্রেটের সম্মুখে উক্ত কার্য্যের প্রমাণ করিয়া ঐ দণ্ডের টাকা আদায় করিবেন ইতি।

[পুস্তকের পরিচয় লিপির রেজিষ্টরী করণের কথা।]

৬ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট যে কার্য্যালয় ও যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি সেই কার্য্যালয়ে পুস্তকাদির নামনির্ঘণ্ট নামক এক পুস্তক রাখিবেন। এই আইনের ২ ধারামতে যে সকল পুস্তক অর্পণ করা যায় তাহার পরিচয় লিপি তাহাতে লিখিতে হইবে। ঐ পরিচয় লিপিতে সাধ্যমতে এই২ বিবরণ থাকিবে যথা,

(১) পুস্তকের নাম ও নামপত্রের লিখিত কথা। তাহা যদি ইঙ্গলণ্ডীয় ভাষাতে না হয়, তবে ইঙ্গলণ্ডীয় ভাষায় তাহার অনুবাদ করিতে হইবে।

(২) পুস্তক যে ভাষায় লিখিত হইয়াছে।

(৩) পুস্তকের কি তাহার কোন অংশের লেখকের কি অনুবাদকের কি সম্পাদকের নাম।

(৪) মর্ম্ম।

(৫) প্রকাশ করণের স্থান।

(৬) প্রকাশকের নাম কি কুঠিপ্রভৃতি।

(৭) প্রকাশ হইবার তারিখ।

(৮) যত তা কি পত্র কি পৃষ্ঠা।

(৯) যে পরিমাণ।

(১০) প্রথম বার প্রকাশিত কি দ্বিতীয় কি অন্য সংস্করণ।

(১১) পুস্তক অক্ষরে মুদ্রিত কি প্রস্তরে মুদ্রিত।

(১২) নগদ যে মূল্যে সাধারণের নিকটে বিক্রয় হয়।

প্রত্যেক পুস্তকের পূর্ব্বোক্ত তিন গ্রন্থ অর্পণ করা গেলে পর উক্ত পরিচয় লিপি সাধ্যমতে ত্বরায় করা ও রেজিষ্টর করা যাইবে ইতি।

[ঐ পরিচয় লিপি প্রকাশ করিবার কথা।]

৭ ধারা। পুস্তকাদির নামনির্ঘণ্ট পুস্তকে তিন২ মাসে যে পরিচয় লিপি লেখা যায়, তাহা সেই তিন মাসান্তে রাজকীয় গেজেটে প্রকাশ হইবে ইতি।

[বিধি করিবার ক্ষমতার কথা।]

৮ ধারা। এই আইনের অভিপ্রায় সফল করিবার জন্যে যে সকল বিধি আবশ্যক কি বিহিত হয়, স্থানীয় গবর্ণমেণ্ট তাহা করিতে ক্ষমতাপন্ন হইবেন, এবং ঐ বিধি সময়ে২ অন্যথা কি পরিবর্ত্তন কি বৃদ্ধি করিতে

to such rules. All such rules and all repeals and alterations thereof and additions thereto shall be published in the official *Gazette*.

[Extent of Act.]

IX. This Act shall, in the first instance, apply only to the territories under the government of the Lieutenant Governor of Bengal; but it may be extended, by order of the Local Government notified in the official *Gazette*, to any other part of British India.

[Continuance of Act.]

X. This Act shall remain in force for two years and for such further time (if any) as the Governor General of India in Council shall declare by notification in the *Gazette of India*.

Statement of Objects and Reasons.

It has for many years been the endeavour of the authorities to make a collection of the books and other publications emanating from the various printing presses at work throughout the country.

It was an instruction of the late Court of Directors of the East India Company, that copies of every important and interesting work published should be despatched to England to be deposited in the library at the India House.

And again, on the urgent requisition of the Royal Asiatic Society in London, the Secretary of State for India repeated the instructions of the late Court of Directors, and desired also that catalogues of all works published in India should be sent to England.

The above instructions had special referrence to the province of Lower Bengal, and the local authorities of this province were set in motion, and on a plan suggested by Mr. Talboys Wheeler of the Home Office, and matured by Mr. Robinson, Bengalee Translator to the Government of Bengal, a system of registration of books on terms advantageous to publishers was notified, and a catalogue of books published in the province of Lower Bengal was prepared.

But this catalogue had necessarily to be prepared by its editor, not with the books before him, but from such imperfect and scattered notices and advertisements of such books as he could collect from newspapers and other such sources, and was found therefore to be to a great extent, and essentially, incorrect, and the registration system completely broke down, there having been but three applications for registration in the course of some nine months.

To send to England catalogues essentially and to a considerable extent incorrect of only such

পারিবেন। ঐ সকল বিধি এবং তাহা রহিত করণের কথা ও তৎপরিবৃত্ত ও বর্দ্ধিতাংশ রাজকীয় গেজেটে প্রকাশ হইবে ইতি।

[আইন যে দেশে বর্ত্তিবে তাহার কথা।]

৯ ধারা। এই আইন আদৌ কেবল বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশে বর্ত্তিবে। কিন্তু কোন স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া ব্রিটনীয় ভারতবর্ষের অন্য কোন স্থানে প্রচলিত করিতে পারিবেন ইতি।

[এই আইন যত কাল প্রবল থাকিবে তাহার কথা।]

১০ ধারা। এই আইন দুই বৎসর প্রবল থাকিবে ও মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ পূর্ব্বক যদি অধিক কাল নিরূপণ করেন, তবে তাঁহার নিরূপিত ঐ কাল পর্য্যন্ত প্রবল থাকিবে ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

এতদ্দেশে অনেক ছাপাখানা আছে। তাহাতে যে পুস্তকাদি প্রকাশ হয় কর্ত্তৃপক্ষেরা বহু বৎসরাবধি তাহা সংগ্রহ করিতে চেষ্টা করিতেছেন।

গুরুমর্ম্মাত্মক ও মনোরম্য যত পুস্তক প্রকাশ করা যায় তাহার কএক গ্রন্থ ইণ্ডিয়া হৌসের পুস্তকালয়ে রাখিবার জন্যে ইঙ্গলণ্ডে পাঠান যায় কোম্পানি বাহাদুরের ভূত পূর্ব্ব কোর্ট অফ ডৈরেকটর সাহেবেরদের এই আদেশ ছিল।

লণ্ডন নগরস্থ রয়াল এসিয়াটিক সোসাইটির নির্ব্বন্ধসহ কৃত প্রার্থনামতে ভারতবর্ষের পক্ষ শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব ভূত পূর্ব্ব কোর্ট অফ ডৈরেক্টর সাহেবদিগের ঐ আদেশ পুনরুক্তি করিয়াছেন এবং ভারতবর্ষে যত পুস্তক প্রকাশ হয় তাহার নামনির্ঘণ্ট ইঙ্গলণ্ডে প্রেরণ করা যায় এই আজ্ঞা করিয়াছেন।

বঙ্গপ্রভৃতি দেশের প্রতি বিশেষমতে লক্ষ করিয়া ঐ আদেশ হইয়াছিল। তাহাতে এদেশীয় কর্ত্তৃপক্ষদিগকে উত্তেজিত করা গেল। হোম আফিসের শ্রীযুত টালবয়স উইলর সাহেব একটি নিয়মের প্রস্তাব করিলেন, পরে বঙ্গদেশের গবর্ণমেণ্টের অনুবাদক শ্রীযুত রাবিনসন সাহেব তাহা পরিপক্ব করিলে পুস্তক প্রকাশকদিগের লভ্যজনক ভাবে পুস্তক রেজিষ্টর করিবার নিয়মের সম্বাদ প্রকাশ হইল, এবং বঙ্গপ্রভৃতিদেশে প্রকাশিত পুস্তকের নামনির্ঘণ্ট প্রস্তুত হইল।

কিন্তু ঐ নামনির্ঘণ্ট যিনি প্রস্তুত করিয়াছিলেন পুস্তক তাঁহার দৃষ্টি গোচর ছিল না। সম্বাদ পত্রাদিতে প্রকাশিত জ্ঞাপনপত্র ও ইশতিহার দ্বারা পুস্তকের নাম ও অন্যং বিষয় অপূর্ণরূপে জ্ঞাত হইয়া ঐ নির্ঘণ্ট প্রস্তুত করিলেন। তাহা অনেক অংশে অবশ্য অশুদ্ধ ইহা বলিবার প্রয়োজন নাই। রেজিষ্টর করিবার নিয়মও নিষ্ফল হইল, নয় মাসের মধ্যে কেবল তিন জন পুস্তক রেজিষ্টর করিবার জন্যে আসিলেন।

সাধারণ ব্যক্তি যে কোন প্রকারে সন্ধান লইয়া যেং পুস্তকের নাম জানিতে পারেন তাহার নির্ঘণ্ট অবশ্যই

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৫ মার্চ।]

books as can be rooted out by private and perfunctory enquiries, is manifestly of no sort of use.

Yet the catalogue prepared in 1862, imperfect as it was, showed a list of some one thousand and five hundred books of more or less interest and importance, all published within the last ten or fifteen years, and it is notorious that, in the province of Lower Bengal at least, there has been of late years very great activity in the literary world, and every year shows no inconsiderable increase in the number of works, original or reprinted, published, and in the number of printing presses established.

The literature of a country is no doubt an index of the opinions and condition of the people, and such an index it is essential to good government that the rulers of a country should possess.

In the interests, too, of history and of the scholars of Europe, it is undoubtedly wise to provide that complete collection of the publications of the press of this country should be made as well in this country as in England.

It cannot, too, but be of benefit to authors and publishers that catalogues of their works, and to a very limited extent copies of the works themselves, should be accessible to the public at certain well-known places.

Systems of voluntary registration of publications have been found to fail, and it is therefore proposed by this Bill to establish a system of compulsory sale to Government of three copies of each book or similar work printed in India. These copies will be paid for at the rate at which the book is *bonâ fide* sold for cash to the public.

One copy of the work will be sent to England, and the two others, after the book has been registered, will be kept in this country, to be deposited in places—the proposed new Museum for instance—where they will be carefully preserved.

A list of works registered will be published each quarter in the official *Gazette*.

It is not quite clear that the provisions of the proposed Bill are as yet required in any province other than that of Lower Bengal, but inasmuch as the said provisions are reasonable and simple, and inasmuch as it is certain that with the spread of education there will arise in the other provinces of the Empire, as there has arisen in Bengal, a correspondig activity in literature, it is provided that the Bill may be extended by notification to any part of the Empire.

C. P. HOBHOUSE.

The 16th February 1867.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative)

বহুলাংশে অশুদ্ধ। সুতরাং সেই প্রকারের নির্ঘণ্ট ইঙ্গলণ্ডে প্রেরণ করাও ব্যর্থ।

পরন্তু ১৮৬২ সালের প্রকাশিত নির্ঘণ্টপত্র অশুদ্ধ হইলেও, তদ্দ্বারা স্পষ্ট হইল যে গত দশ পনের বৎসরের মধ্যে ন্যূনাধিক দেড় সহস্র মনোরম্য ও গুরুমর্ম্মাত্মক পুস্তক প্রকাশ হইয়াছে। বিশেষতঃ বঙ্গপ্রভৃতিদেশে গত বৎসরাবধি পুস্তকাদি প্রকাশ করিবার অত্যন্ত উৎসাহ বৃদ্ধি হইয়াছে ইহা অতি প্রসিদ্ধ। এবং প্রথম প্রকাশিত পুস্তকের ও পূর্ব্ব প্রকাশিত পুস্তক সংস্করণের সংখ্যা এবং ছাপাখানার সংখ্যা প্রতিবৎসর অত্যন্ত বৃদ্ধি হইতেছে।

কোন দেশে যে পুস্তকাদি প্রকাশ করা যায়, তাহাতে সাধারণ লোকদেরমত ও অবস্থা জানা যাইতে পারে সন্দেহ নাই। সুশাসন করিবার জন্যে দেশীয়কর্ত্তৃগণের সেই মত ও অবস্থা অবগত হওয়া অতি কর্ত্তব্য।

আরো ইতিবৃত্তের জন্যে এবং ইউরোপ দেশস্থ নানা ভাবাবিদ ব্যক্তিদের উপকারার্থে এদেশমুদ্রিত পুস্তক ইঙ্গলণ্ডে এবং এতদ্দেশে শুদ্ধরূপে সংগ্রহ করা অত্যন্ত বিহিত বোধ হইল।

আরো প্রকাশিত সকল পুস্তকের নামনির্ঘণ্ট এবং ঐ পুস্তকের কএক গ্রন্থ সর্ব্বসাধারণ লোকের বিদিত কোন স্থানে রাখিলে ও লোকেরা ইচ্ছামতে তাহা দৃষ্টি করিতে পারিলে পুস্তক লেখকের এবং প্রকাশকেরও অত্যন্ত লভ্য সম্ভাবনা।

পুস্তক স্বেচ্ছামতে রেজিষ্টর করিবার নিয়ম করিলে তাহাতে অভিপ্রায় সিদ্ধ হইল না। অতএব যাঁহারা ভারতবর্ষে পুস্তক মুদ্রিত করান তাঁহাদের সেই২ পুস্তকের তিন২ গ্রন্থ গবর্ণমেণ্টের নিকটে বিক্রয় করিতেই হইবে উপস্থিত পাণ্ডুলিপির এই নিয়ম। নগদ দিলে সাধারণের নিকটে প্রকৃত যে মূল্যে পুস্তক বিক্রয় হয় সেই মূল্য দেওয়া যাইবে।

পুস্তক রেজিষ্টর করা গেলে পর তাহার এক গ্রন্থ ইঙ্গলণ্ডে পাঠান যাইবে অন্য গ্রন্থ এই দেশের প্রস্তাবিত নূতন চিত্রশালিকা প্রভৃতি যে স্থানে উপযুক্ত মতে রক্ষা পাইবে এমন স্থানে রাখা যাইবে।

যে সকল পুস্তক রেজিষ্টর করা যায় তাহার নির্ঘণ্ট তিন২ মাসান্তে রাজকীয় গেজেটে প্রকাশ হইবে।

বঙ্গদেশভিন্ন অন্য কোন প্রদেশে এই প্রস্তাবিত আইনের বিধান বর্ত্তাইবার প্রয়োজন আছে কি না, ইহা স্পষ্ট বলা যায় না। কিন্তু উক্ত বিধান যুক্তিসিদ্ধ ও সরল। বিদ্যাশিক্ষা যেমন বিস্তারিতরূপে ব্যাপ্ত হয় তেমনি বঙ্গদেশের ন্যায় অন্যান্য দেশেও পুস্তকাদি প্রকাশ করিবার উদ্যম বর্দ্ধিত হইবে সন্দেহ নাই। এই হেতুক বিজ্ঞাপনপত্রক্রমে এই আইন রাজ্যের কোন অংশে প্রচলিত করিবার বিধান করা গেল।

সি পি হবহৌস।

১৮৬৭ সাল ১৬ ফেব্রুআরি।

হুইট্‌লী ষ্টোক্‌স,
দেশীয় ব্যবস্থাপন কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

GOVERNMENT OF BENGAL.

Legislative Department.

The following Report of the Select Committee on the Bill to provide from the Municipal Fund of the Town of Calcutta the expense of the Municipal Police of that Town, and to enable the Corporation of the Justices of the Peace for the Town of Calcutta to apply a portion of the said Fund to certain purposes, is, by order of the President, published for general information :—

We, the undersigned, the Members of the Select Committee appointed to consider the Bill "to provide from the Municipal Fund of the Town of Calcutta the expense of the Municipal Police of that Town, and to enable the Corporation of the Justices of the Peace for the Town of Calcutta to apply a portion of the said Fund to certain purposes," have the honor to report that we have considered the Bill and the papers as below.*

It did not appear to us that the discretionary powers of the Justices in the application of the Municipal Fund should be extended to any objects save those mentioned in the Bill itself; and we thought that, as the rates raised under the former Acts had been pledged to debenture-

* From the Under-Secretary to Government of Bengal, dated 13th October 1866, and enclosures.

From ditto, dated 30th November 1866, and enclosures.

From ditto, dated 14th December 1866, and enclosures.

From the Commissioner of Police, Calcutta, dated 31st December 1866, and enclosures.

From Secretary to the Justices of the Peace for Calcutta, dated 5th November 1866, and enclosures.

From the Honorary Secretary, British Indian Association, dated 12th January 1867.

From Secretary, Calcutta Trades' Association, dated 16th January 1867.

From Secretary, Government of India, Financial Department, dated 14th January 1867.

From the Commissioner of Police, Calcutta, dated 19th January 1867, and enclosures.

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

কলিকাতা নগরের মুনিসিপল ফণ্ডহইতে ঐ নগরের মুনিসিপল পোলীসের ব্যয়ের বিধান করণার্থ এবং কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদিগের সমবায়িত দলের প্রতি কার্য্য বিশেষে ঐ ফণ্ডের একাংশ প্রয়োগ করিবার ক্ষমতা দানার্থ আইনের যে পাণ্ডুলিপি হইয়াছিল, সেই পাণ্ডুলিপির বিষয়ে মনোনীত কমিটীর নিম্নলিখিত রিপোর্ট সভাপতি সাহেবের আজ্ঞাক্রমে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

কলিকাতা নগরের মুনিসিপল ফণ্ডহইতে ঐ নগরের মুনিসিপল পোলীসের ব্যয়ের বিধান করণার্থ এবং কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদিগের সমবায়িত দলের প্রতি ঐ ফণ্ডের একাংশ কার্য্যবিশেষে প্রয়োগ করিবার ক্ষমতা দানার্থ আইনের পাণ্ডুলিপি বিবেচনা করিবার জন্যে আমরা মনোনীত কমিটীস্বরূপ নিযুক্ত হইয়া ঐ পাণ্ডুলিপি এবং নিম্নলিখিত পত্রাদি* বিবেচনা করিয়াছি।

জষ্টিসদের বিবেচনামতে মুনিসিপল ফণ্ড প্রয়োগ করিবার যে ক্ষমতা তাঁহাদের প্রতি প্রদানের প্রস্তাব হয়, তাহা পাণ্ডুলিপিতে যে কার্য্য ব্যক্ত আছে তদ্ভিন্ন অন্য কার্য্যে বর্ত্তান বিহিত বোধ হইল না। আরো পূর্ব্বং আইনক্রমে যে রেট লওয়া গিয়াছে তাহা ডিবেনচুর প্রাপ্ত ব্যক্তিদের নিকট বন্ধক রাখা

* বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী সাহেবের ১৮৬৬ সালের অক্টোবর মাসের ১৩ তারিখের পত্র ও তৎসংযুক্ত পত্রাদি।

ঐ সাহেবের ১৮৬৬ সালের নবেম্বর মাসের ৩০ তারিখের পত্র ও তৎসহিত পত্রাদি।

ঐ সাহেবের ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ১৪ তারিখের পত্র ও তৎসহিত পত্রাদি।

কলিকাতা পোলীসের কমিস্যনর সাহেবের ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ৩১ তারিখের পত্র ও তৎসহিত পত্রাদি।

কলিকাতার শান্তিরক্ষার্থ জষ্টিসদিগের সেক্রেটারী সাহেবের ১৮৬৬ সালের নবেম্বর মাসের ৫ তারিখের পত্র ও তৎসহিত পত্রাদি।

ব্রিটিশ ইণ্ডিয়ান আসোসিয়েশনের অনরবি সেক্রেটারী মহাশয়ের ১৮৬৭ সালের জানুআরি মাসের ১২ তারিখের পত্র।

কলিকাতা ট্রেড আসোসিয়েশনের সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের জানুআরি মাসের ১৬ তারিখের পত্র।

ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের জানুআরি মাসের ১৪ তারিখের পত্র।

কলিকাতা পোলীসের কমিস্যনর সাহেবের ১৮৬৭ সালের জানুআরি মাসের ১৯ তারিখের পত্র ও তৎসহিত পত্রাদি।

holders, those discretionary powers ought to be confined to sums to be raised by rates imposed under the authority of this Act; we have, therefore, modified the preamble of the Bill as originally presented in this respects.

As we came to the conclusion that it is not desirable to empower the Justices to apply the Municipal Fund to any unspecified purposes, we have materially modified the 1st Section, and have merely provided that the Justices shall have power to contribute to the support of Pauper Hospitals, that being the charitable purpose for which they requested power. The exercise of this power has been made to depend upon the fulfilment of the conditions which the Justices mentioned as those upon which they wished their support of an Hospital to depend.

We have inserted Sections 2, 3, 4, 5, and 6, by which provision is made for giving to the Justices, an opportunity of discussing and considering the estimates of the Police Force required in Calcutta, and of bringing their opinions to the notice of the Local Government, but we have provided that with the Local Government shall rest the power of determining what the amount and cost of that Police Force shall be.

We have by the 7th Section provided for the payment to the Local Government by the Justices, of the expense of the Calcutta Police Force, but have limited the amount which shall be so payable: and by the 8th Section have provided for accounts of the expenditure in respect of the Police being annually rendered. We have omitte in this Act any provision for the Port Police, inasmuch as another Act now before the Council makes arrangements respecting them.

By the 9th Section we have provided for the imposition of a rate applicable to the purposes of this Act. By the 10th Section we have set at rest doubts which have been felt by the Members of the Calcutta Police Force entitled to the benefit of the Uncovenanted Service Pension Rules as to their future position in respect of pensions. By the 11th, 12th, and 13th Sections, we have given power to raise money by debentures for procuring buildings required for Police purposes.

In the 14th Section we have defined the mode of payment of rates imposed under this Act; and by the 15th and 16th Sections we have taken precautions to prevent any injustice to owners of lands from the imposition of an additional tax during the pendency of an existing lease.

By the 17th Section we have given power to pay a salary to a Justice of the Peace who shall sit for the disposal of Conservancy cases. By the

Government Gazette, 5*th March* 1867.]

গিয়াছে, এই হেতুক বোধ করিলাম এই আইনের শক্তিক্রমে তাঁহারা যে টাকা তোলেন তদ্ভিন্ন কোন টাকার প্রতি এই আইনক্রমে তাঁহাদের বিবেচনামতে টাকা প্রয়োগ করিবার ক্ষমতা বর্ত্তান উচিত নয়। তদনুসারে আমরা পূর্ব্ব পাণ্ডুলিপির হেতুবাদ মতান্তর করিয়াছি।

জষ্টিসদিগকে অনিশ্চিত কার্য্যে মুনিশিপল ফণ্ড ব্যয় করিবার ক্ষমতা দান করা অবিহিত বিবেচনায়, আমরা প্রথম ধারা গুরুতররূপে মতান্তর করিয়াছি, তাঁহারা দুঃস্থ ব্যক্তিরদের চিকিৎসালয়ের রক্ষণাবেক্ষণার্থে টাকা দান করিবার ক্ষমতা প্রার্থনা করিয়াছিলেন, কেবল সেই পক্ষে দান করিবার ক্ষমতার বিধান করিয়াছি। জষ্টিসেরা ইচ্ছা করিয়াছিলেন যে বিশেষ কোন নিয়ম হইলে তাঁহাদের প্রতি ঐ চিকিৎসালয়ের ব্যয় পোষণ করিবার অনুমতি হয় সেই নিয়ম না হইলে তাঁহাদের ঐ ক্ষমতাক্রমে কার্য্য না করিবার বিধান করিয়াছি।

২, ৩, ৪, ৫, ৬ ধারা প্রণয়ন করিলাম। তাহার মর্ম্ম এই। কলিকাতার পোলীস দলে যত জন সৈন্য ভুক্ত করা প্রয়োজন জষ্টিসেরা তর্ক ও বিবেচনাপূর্ব্বক ইহার অনুমান করিয়া স্থানীয় গবর্ণমেণ্টের নিকট আপনারদের মত জানাইতে পারিবেন। কিন্তু ঐ দলে যত লোক যত অর্থ ব্যয়ে নিযুক্ত হইবে ইহার শেষ নির্ণয় করিবার ক্ষমতা স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি থাকিবে।

কলিকাতা পোলীস দলে যত টাকা ব্যয় হয় জষ্টিসেরা স্থানীয় গবর্ণমেণ্টকে সেই টাকা দিবেন ৭ ধারাতে ইহার বিধান করিয়া তদ্রূপে যত টাকা ব্যয় হইতে পারিবে তাহার সীমা ধার্য্য করিলাম। এবং ৮ ধারাতে পোলীস সংক্রান্ত অর্থব্যয়ের বাৎসরিক হিসাব দিবার বিধি করিলাম। এই আইনে বন্দরীয় পোলীসের বিধি করি নাই তদ্বিষয়ের অন্য আইন এইক্ষণে মন্ত্রিসভার বিবেচনাধীন আছে।

৯ ধারাতে এই আইনের কার্য্যোপযুক্ত রেট ধার্য্য করিবার বিধান করিয়াছি। কলিকাতা পোলীস দলের অন্তর্গত যে ব্যক্তিরা অচিহ্নিত কার্য্যকারকদিগের পেনস্যনের বিধি দ্বারা সাহায্য পাইতে না পারেন, ঐ পেনস্যন সম্পর্কে ভাবিকালে তাঁহারদের যে গতি হইবে ১০ ধারাতে তাঁহারদের এই বিষয়ের সন্দেহ ভঙ্গ করিয়াছি। ১১, ১২, ১৩ ধারাতে পোলীসের জন্যে গৃহাদি করিবার টাকা ডিবেনচুর দ্বারা তুলিবার ক্ষমতা দান করিলাম।

এই আইনমতে যে রেট ধার্য্য হইল তাহা দিবার নিয়ম ১৪ ধারাতে নিরূপণ করিলাম। ভূম্যধিকারিদের কোন পাট্টা প্রবল থাকিতে তাহারদের উপর অধিক টাক্স বসাইয়া তাঁহারদের প্রতি অত্যাচার না হয়, ১৫, ১৬ ধারাতে ইহার নিয়ম করিয়াছি।

শান্তিরক্ষার্থ যে জষ্টিস নগরের সৌষ্ঠব কার্য্য সংক্রান্ত মোকদ্দমার বিচার করেন, ১৭ ধারাতে তাঁহার বেতন দিবার ক্ষমতার বিধান করিয়াছি। ১৮ ধারাতে

18th Section we have provided for the construction of the Act; and by the 19th Section for the commencement of its operation.

The provision respecting the appointment of a Stipendiary Justice has been the subject of some conflict of opinion amongst us; but, as an application for power to appoint one had been made by the Justices, we thought it advisable to insert such a provision in the Bill as amended, in order to give the Council an opportunity of considering this application. As to all other portions of the Bill, we humbly recommend that it should pass as amended.

H. T. Prinsep.
T. H. Cowie.
V. H. Schalch.
A. T. T. Peterson.
J. B. Knight.
Harendra Krishna.
Ramanauth Tagore.

The 16th February 1867.

I have signed the Report, reserving to myself the right of stating my objections to the Bill in Council.

Ramanauth Tagore.
Harendra Krishna.

AMENDED BILL.

A Bill to provide from the Municipal Fund of the Town of Calcutta the expense of the Police of that Town, and to enable the Corporation of the Justices of the Peace for the Town of Calcutta to apply a portion of the said Fund to certain purposes.

[Preamble.]

Whereas it is expedient that the expense of maintaining the Police Force of Calcutta, of maintaining Pauper Hospitals in the said Town, and of providing a stipendiary Magistrate for the disposal of charges of offences against the Municipal Acts of the said Town, should be defrayed by rates to be levied upon the said Town; It is enacted as follows:—

[Justices may apply a certain sum for the support of Pauper Hospitals.]

1. On and after the commencement of this Act, it shall be lawful for the Justices, during such time as the Local Government shall maintain the Calcutta Medical College Hospital and the Calcutta Native Hospital as the same are constituted at the time of the passing of this Act, and shall provide suitable buildings, medical supervision, and European medicines for Pauper Hospital or Pauper Hospitals within the Town for the benefit of the poor inhabitants of the Town, to

এই আইনের অর্থ করিবার বিধান ও ১৯ ধারাতে তাহার কার্য্যারম্ভের সময় নিরূপণ করিলাম।

বেতন ভোগী জষ্টিসকে নিযুক্ত করিবার বিধান লইয়া আমারদের মধ্যে অনেক বাকবিতণ্ডা হইয়াছে। কিন্তু জষ্টিসেরা তদ্রূপ ব্যক্তিকে নিযুক্ত করিবার ক্ষমতা প্রার্থনা করিয়াছিলেন, এই হেতুক মন্ত্রিসভাধিষ্ঠিত মহাশয়েরা সেই প্রার্থনার বিবেচনা করেন এই আশয়ে সংশোধিত পাণ্ডুলিপির মধ্যে তদ্ঘটিত বিধান অর্পণ করিয়াছি। অংশান্তরে ঐ পাণ্ডুলিপি যেমন সংশোধন করিলাম তাহা তেমনি প্রচলিত হয় আমারদের এই সবিনয় পরামর্শ।

এচ টি প্রিন্‌সেপ।
টি এচ কৌই।
বি এচ শক।
এ টি টি পিটরসন।
জে বি নাইট।
হরেন্দ্র কৃষ্ণ।
রমানাথ ঠাকুর।

১৮৬৭ সাল ১৬ ফেব্রুয়ারি।

আমি এই রিপোর্টে স্বাক্ষর করিলাম। কিন্তু ইহাতে আমার যে আপত্তি থাকে তাহা মন্ত্রিসভায় ব্যক্ত করিবার স্বত্বক্রমে কার্য্য করিব।

রমানাথ ঠাকুর।
হরেন্দ্র কৃষ্ণ।

সংশোধিত পাণ্ডুলিপি।

কলিকাতার মুনিসিপল ফণ্ড হইতে ঐ নগরের পোলীসের ব্যয়ের বিধান করিবার, এবং কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদিগের সমবায়িতগণকে ঐ ফণ্ডের একাংশ কার্য্য বিশেষে প্রয়োগ করণের ক্ষমতা প্রদান করিবার আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

কলিকাতার পোলীস দলের রক্ষণাবেক্ষণ করিবার, এবং উক্ত নগরের দুঃস্থ ব্যক্তিদের চিকিৎসালয়ের রক্ষণাবেক্ষণ করিবার এবং উক্ত নগরসংক্রান্ত মুনিসিপল আইনের বিরুদ্ধে যে অপরাধ হয় তাহার বিচার করিবার জন্যে বেতনভোগি মাজিষ্ট্রেটকে নিযুক্ত করিবার ব্যয়, নগরাদেয় টাকুস হইতে শোধ করা বিহিত। এই হেতুক নিম্নলিখিত বিধান হইল।

[পাপর হাস্পাতালের রক্ষণাবেক্ষণ জষ্টিসদিগের কর্তৃক টাকা প্রয়োগ করিবার ক্ষমতার কথা।]

১ ধারা। কলিকাতাস্থ মেডিকাল কালেজ হাস্পাতাল ও কলিকাতা নেটিব হাস্পাতাল এই আইন প্রচলিত হইবার সময়ে যে নিয়মে সংস্থাপিত আছে, স্থানীয় গবর্ণমেণ্ট সেই নিয়মানুসারে যত কাল ঐ হাস্পাতালের রক্ষণাবেক্ষণ করেন এবং নগরবাসি দুঃস্থ লোকেরদের উপকারার্থ ঐ নগরের মধ্যে এক কি অধিক পাপর হাস্পাতালের উপযুক্ত ঘর ও চিকিৎসাসংক্রান্ত তত্ত্বাবধান ও ইউরোপীয় ঔষধ যত কাল প্রদান করেন, তত কালপর্য্যন্ত এই আইন প্রচলিত হওনের কালাবধি এই আইনের শক্তিক্রমে যে রেট

apply out of the rate to be imposed under the authority of this Act such sum, not exceeding the sum of thirty thousand Rupees per annum, as to them shall seem proper in or towards the maintenance and support of such Pauper Hospital or Pauper Hospitals.

[Commissioner of Police to prepare Budget.]

II. So soon as conveniently may be after the passing of this Act, the Commissioner of Police for the Town of Calcutta shall present to the Chairman of the Justices a Budget or Estimate of the expense of the Police Force of the Town of Calcutta, from the commencement of this Act up to the first day of January then next ensuing, and on or before the first of September in each year, the said Commissioner shall present to the said Chairman a Budget or Estimate of the expense of the said Police Force for the year commencing on the first day of January then next ensuing.

[Form of Budget.]

III. Such Budget shall shew the various heads of the estimated expenditure of the said Police Force, and the intended distribution of the said Police Force in the said Town during the period to which it relates.

[Chairman to lay the Budget before the Justices.]

IV. The Chairman of the Jutices shall forthwith, upon the receipt of any such Budget or of any such supplemental Budget as hereinafter is mentioned, cause the same to be printed, and a copy thereof sent by post or otherwise to each of the Justices of the Peace resident within twenty miles of Government House, and not less than ten nor more than twenty days after the receipt of the first of such Budgets, or of any such supplemental Budget as hereinafter is mentioned, shall lay the same before a Special General Meeting of the Justices, and shall lay every subsequent yearly Budget before the Justices at the Quarterly Meeting of the Justices to be held in the month of October next, after the receipt of the same.

[Justices to have the power of passing the Budget or of referring it for the approval of the Lieutenant-Governor.]

V. The Justices shall pass the estimates of all or any of the sums entered in the Budget which they shall think fit, and shall refer all such estimates as they may not pass, for the consideration of the Lieutenant-Governor of Bengal, who may approve, or reject, or modify, and approve as modified, all or any of the estimates so referred to him.

ধার্য্য হইবে জষ্টিসেরা সেই রেটহইতে ঐ এক কি অধিক গরিব হাস্পাতালের রক্ষণাবেক্ষণ ও ব্যয় পোষণার্থে কি তদুদ্দেশে বৎসরে ত্রিশ সহস্র টাকার অনধিক যত বিহিত বোধ করেন তত টাকা প্রয়োগ করিতে সক্ষম হইবেন ইতি।

[পোলীসের কমিস্যনর সাহেবের দ্বারা বজেট প্রস্তুত হইবার কথা।]

২ ধারা। এই আইন প্রচলিত হইবার তারিখঅবধি আগামী জানুআরি মাসের প্রথম দিবস পর্য্যন্ত কলিকাতা নগরের পোলীস দলের নিমিত্তে যত টাকা ব্যয় সম্ভাবনা, উক্ত নগরের পোলীসের কমিস্যনর সাহেব এই আইন প্রচলিত হইবার পর জষ্টিসদের সভাপতি সাহেবের সম্মুখে সুবিধামতে ত্বরা করিয়া ইহার বজেট কি অনুমানপত্র অর্পণ করিবেন। এবং উক্ত কমিস্যনর সাহেব প্রতি বৎসরের আরম্ভস্বরূপ জানুআরি মাসের যে প্রথম দিবস সেই দিবসাবধি উক্ত পোলীস দলের এক বৎসরের যত ব্যয় সম্ভাবনা উহার পূর্ব্ব সেপ্টেম্বর মাসের প্রথম দিবসে কি তৎপূর্ব্বে ঐ সভাপতির নিকটে তাহার অনুমানপত্র অর্পণ করিবেন ইতি।

[অনুমানপত্রের পাঠের কথা।]

৩ ধারা। কথিত পোলীস দলসংক্রান্ত যে কার্য্যের জন্যে যত টাকার ব্যয় সম্ভাবনা ঐ অনুমানপত্রে তাহা, এবং ঐ পত্র যে কালের উদ্দেশে হইয়াছে সেই কালে ঐ পোলীস দল নগরের স্থানে২ কিরূপে বিলি করা যাইবে তাহা লেখা থাকিবে ইতি।

[সভাপতির সেই অনুমানপত্র জষ্টিসদের সম্মুখে অর্পণ করিবার কথা।]

৪ ধারা। জষ্টিসেরদের সভাপতি ঐ অনুমানপত্র কিম্বা তাহার নিম্নলিখিত প্রকারের ক্রোড়পত্র প্রাপ্ত হইলে, অবিলম্বে মুদ্রিত করাইবেন। এবং শান্তিরক্ষার্থ যে সকল জষ্টিস গবর্ণমেণ্ট হৌসহইতে বিশ মাইলের মধ্যে বাস করেন তাঁহারদের প্রত্যেক জনের নিকটে উহার একং খানি পত্র ডাকযোগে কি প্রকারান্তরে প্রেরণ করাইবেন। এবং ঐ প্রথম অনুমানপত্র কিম্বা তাহার নিম্নলিখিত প্রকারের ক্রোড়পত্র প্রাপ্ত হইবার দশ দিনের অন্যূন ও বিশ দিনের অনধিক কালের মধ্যে, জষ্টিসদের বিশেষ সাধারণ সভার সম্মুখে ঐ অনুমানপত্র অর্পণ করিবেন। তৎপরে প্রতিবৎসর যে অনুমানপত্র পান তাহা পাইলে পর অক্টোবর মাসে জষ্টিসদের যে ত্রৈমাসিক সভা হইবে তাহাতে তাঁহাদের সম্মুখে ঐ অনুমানপত্র অর্পণ করিবেন ইতি।

[ঐ অনুমানপত্র গ্রাহ্য করিতে কিম্বা লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদনার্থে অর্পণ করিতে জষ্টিসদের ক্ষমতার কথা।]

৫ ধারা। অনুমানপত্রে যে বিষয়ের যে আয়ব্যয় ধরা গিয়াছে, তন্মধ্যে জষ্টিসেরা যাহা উপযুক্ত বোধ করেন তাহা গ্রাহ্য করিবেন। ও যাহা গ্রাহ্য না করেন তাহা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের বিবেচনার্থে সমর্পণ করিবেন। তিনি আপনার প্রতি অর্পিত ঐ সকল কি তন্মধ্যে কোন আয়ব্যয়ের অনুমোদন কি গ্রাহ্য কি মতান্তর করিতে এবং মতান্তরিত ভাবে অনুমোদন করিতে পারিবেন ইতি।

[Power to bring in a supplemental Budget.]

VI. In case during any period for which a Police Budget shall have been passed or approved, it shall appear that the amount provided by such Budget is insufficient to defray the necessary expense of the said Police Force for such period, it shall be lawful for the said Commissioner of Police to prepare a supplemental Budget for such period and to present the same to the Chairman of the Justices, who shall proceed thereupon as hereinbefore is enacted, and all the provisions herein contained respecting the passing, referring, and approving of any original Budget to be laid before the Justices as aforesaid, shall apply to such supplemental Budget.

[Estimates to be the expense of Police Force.]

VII. The total amount of such estimates as shall be passed by the Justices, or approved as aforesaid by the Lieutenant-Governor, shall be paid to the Local Government by the Justices out of the proceeds of the rate to be imposed as hereinafter is mentioned: such payments to be made by equal quarterly instalments on the first day of May, the first day of August, the first day of November, and the first day of February in every year. Provided that the annual expense so to be payable shall not exceed the annual proceeds of the Police rate to be imposed as hereinafter is mentioned, after deducting therefrom the interest from time to time payable in respect of any debentures which may be issued as hereinafter is mentioned, and such sums as may be payable under the provisions hereinbefore contained in or towards maintaining the said Pauper Hospitals.

[Commissioner to give accounts of expenditure.]

VIII. On or before the first day of February in every year, the said Commissioner of Police shall represent to the Chairman of the Justices, to be laid before the Justices at their next general meeting, an account of the expense of the Police Force of Calcutta for the year ending the thirty-first day of December then next preceding, and in case the entire amount which shall, during such year, have been paid to the Local Government under the provisions hereinbefore contained, shall not have been expended in the maintenance of the said Force, the balance remaining unexpended, shall be deemed to have been paid by the Justices in or towards discharging the expense of the said Police Force during the ensuing year.

[Police rate to be paid in respect of property in Calcutta.]

IX. Such annual Police rate, not exceeding five per centum of their annual value, as may be necessary for providing the amount of the said

[অনুমানপত্রের ক্রোড়পত্র উপস্থিত করিবার ক্ষমতার কথা।]

৬ ধারা। পোলীস বজেট যত কালের নিমিত্তে গ্রাহ্য কি অনুমোদিত হইয়াছে তন্মধ্যে যদি দৃষ্ট হয় যে ঐ কালের নিমিত্তে উক্ত পোলীসদলের আবশ্যক ব্যয়ের জন্যে যত টাকা লাগিবে ঐ বজেটে তত টাকার বিধান হয় নাই, তবে পোলীসের উক্ত কমিস্যনর সাহেব ঐ কালের নিমিত্তে বজেটের ক্রোড়পত্র প্রস্তুত করিয়া জষ্টিসদিগের সভাপতির সম্মুখে অর্পণ করিবেন। তাহা লইয়া তিনি প্রোক্ত বিধানমতে কার্য্য করিবেন। এবং জষ্টিসদের সম্মুখে যে মূল বজেট অর্পিত হয়, তাহার গ্রাহ্য ও অর্পণ ও অনুমোদন করণের যে বিধান হইয়াছে ঐ ক্রোড়বজেটের প্রতি সেই বিধান বর্ত্তিবে ইতি।

[অনুমানপত্র পোলীসদলের ব্যয়ের অনুমানপত্র হইবার কথা।]

৭ ধারা। ঐ অনুমানপত্রে ধরা যে টাকা জষ্টিসদের দ্বারা গ্রাহ্য হয় কিম্বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকর্ত্তৃক পূর্ব্বোক্তমতে অনুমোদিত হয়, নিম্নলিখিত মতে যে রেট ধার্য্য হইবে তাহার উপস্বত্ব টাকাহইতে জষ্টিসেরা সেই অনুমানপত্রের মোট টাকা স্থানীয় গবর্ণমেণ্টকে দিবেন। ঐ টাকা সমান চারি ভাগ করিয়া তিনং মাসে অর্থাৎ প্রতি বৎসর মে মাসের প্রথম দিনে, আগস্ট মাসের প্রথম দিনে, নবেম্বর মাসের প্রথম দিনে ও ফেব্রুআরি মাসের প্রথম দিনে দিতে হইবে। কিন্তু পোলীসের যে রেট নিম্নলিখিতমতে ধার্য্য হইবে, পশ্চাৎ লিখিতমতে কোন ডিবেঞ্চুর প্রচারিত হইয়া তাহার উপর সময়েং যে সুদ দিতে হয় তাহা, এবং প্রোক্ত বিধানমতে উক্ত পাপর হাস্পাতালের রক্ষণাবেক্ষণের জন্যে যত টাকা দিতে হয় তাহা সেই রেটের টাকাহইতে বাদ দিতে হইবে। পরে প্রতি বৎসর যাহা অবশিষ্ট থাকে পূর্ব্বোক্তমতে দাতব্য বার্ষিক ব্যয় তাহার অধিক হইবে না ইতি।

[অর্থ ব্যয়ের হিসাব কমিস্যনরের দিবার কথা।]

৮ ধারা। পোলীসের উক্ত কমিস্যনর সাহেব প্রতি বৎসর ফেব্রুআরি মাসের প্রথম দিবসে কি তাহার অগ্রে তৎপূর্ব্ব ডিসেম্বর মাসের ৩১ তারিখপর্য্যন্ত কলিকাতার পোলীস দলের এক বৎসরের খরচের হিসাব জষ্টিসদের সভাপতির প্রতি অর্পণ করিবেন। তৎপরে যে সাধারণ সভা হয় সেই সভায় ঐ হিসাব জষ্টিসদের সম্মুখে অর্পিত হইবে। পূর্ব্বোক্ত বিধানমতে স্থানীয় গবর্ণমেণ্টকে যত টাকা ঐ বৎসরে দেওয়া যায়, যদি উক্ত দলের রক্ষণাবেক্ষণে তত টাকা ব্যয় না হইয়া থাকে, তবে জষ্টিসেরা উক্ত পোলীস দলের আগামি বৎসরের খরচের উপলক্ষে ঐ উদ্বৃত্ত টাকা দিয়াছেন জ্ঞান হইবে ইতি।

[কলিকাতাস্থ সম্পত্তির উপর পোলীস রেট লইবার কথা।]

৯ ধারা। পোলীস দলের পূর্ব্বোক্ত খরচ, এবং নিম্নলিখিতমতে যে কোন ডিবেঞ্চুর প্রচারিত হইবে, তাহার উপর সময়েং যে সুদ দিতে হয় তাহা দিবার

expense of the Police Force and of the interest which shall, from time to time, be payable in respect of any debentures which may be issued as hereinafter is mentioned, and for raising such sum for the maintenance of the said Pauper Hospitals as may from time to time be applicable thereunto under the provisions of the 1st Section of this Act, shall be imposed by the Justices upon all houses. buildings, and lands in the Town in addition to any rates payable under the said Act VI. of 1863. Provided that it shall be at the option of the Justices, in lieu of such rate, to levy upon any lands unappropriated to any building or premises, or upon any native huts with their appurtenances, a fixed annual rate not exceeding two Rupees for every cottah of land so unappropriated, or occupied by such last-mentioned huts with their appurtenances.

[Provision for payment of pensions not provided for by Section XVI., Act IV. of 1866, B. C.]

X. All pensions which shall be payable to members of the said Police Force for which provision is not made under Section XVI. of Act IV, 1866 passed by the Lieutenant-Governor of Bengal in Council, shall be payable out of any fund applicable to the payment of the pensions of the Uncovenanted Service of Bengal.

[Power to borrow money on the security of the Police rate.]

XI. The Justices may, with the sanction of the Lieutenant-Governor of Bengal, from time to time borrow by way of debenture on the security of the Police rate imposed under this Act, and at such rate of interest and upon such terms as to the time of repayment and otherwise as the said Lieutenant-Governor may approve, such sum or sums of money, not exceeding on the whole fifteen lakhs of Rupees, as may be required for the purchase and construction of lands and buildings for the purposes of the Police Force of the Town of Calcutta.

[Form of debenture.]

XII. All debentures aforesaid issued under the authority of this Act, shall be in the Form contained in the Schedule to this Act, and shall be transferable by endorsement; and the right to sue in respect of the monies secured by any of such debentures shall be vested in the holders thereof for the time being without any preference by reason of some of such debentures being prior in date to others.

[Power to pay off and re-borrow.]

XIII. The Justices may at any time, with such consent as aforesaid, raise by the issue of new debentures any money that may be required

[*Government Gazette, 5th March* 1867.]

জন্যে এবং এই আইনের ১ ধারার বিধানমতে উক্ত পাপর হাস্পাতালের রক্ষণাবেক্ষণের জন্য যত টাকা প্রয়োগ হইবে জষ্টিসেরা তাহা তুলিবার নিমিত্তে, ১৮৬৩ সালের উক্ত ৬ আইনমতের রেটের অতিরিক্ত নগরস্থ সকল ঘরের ও কোটার ও ভূমির বাৎসরিক মূল্যের উপর শত করা ৫ টাকার অনধিক ঐ বার্ষিক পোলীস রেট ধার্য্য করিবেন। কিন্তু যে ভূমি কোন কোটা কি বাড়ী সংক্রান্ত নহে তাহার উপর ও খোলার ঘর বাড়ীর উপর জষ্টিসেরা ইচ্ছা করিলে সেই রেট না বসাইয়া তদ্রূপ ভূমির কিম্বা শেষোক্ত ঘর বাড়ীর ভূমির উপর প্রতি কাঠায় দুই টাকার অনধিক অবধারিত বার্ষিক রেট ধার্য্য করিতে পারিবেন ইতি।

[১৮৬৬ সালের বঙ্গদেশীয় ৪ আইনের ১৬ ধারাতে যে ব্যক্তিরদের পেনশ্যনের বিধান নাই তাঁহারদের পেনশ্যন পাইবার কথা।]

১০ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৬ সালের ৪ আইনের ১৬ ধারাতে উক্ত পোলীসদলভুক্ত যে ব্যক্তিদের পেনশ্যনের বিধান নাই, তাঁহাদের পেনশ্যন দিতে হইলে বঙ্গদেশের অচিহ্নিত কার্য্যকারকদের পেনশ্যনের নিমিত্তে অবধারিত ফণ্ড হইতে দেওয়া যাইবে ইতি।

[পোলীসের রেটের প্রাতিভাব্যে ঋণ লইবার ক্ষমতার কথা।

১১ ধারা। কলিকতা নগরের পোলীসদলসংক্রান্ত কর্য্যের নিমিত্তে ভূমি ও কোটা ক্রয় ও নির্ম্মাণ করিবার জন্যে টাকার প্রয়োজন হইলে, জষ্টিসেরা বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে এই আইনের অনধারিত পোলীস রেট প্রতিভূ রাখিয়া এবং উক্ত শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে সুদ এবং ঋণ প্রতিদানের সময় প্রভৃতির যে নিয়ম অনুমোদন করেন সেই সুদের উপর ও সেই নিয়ম অনুসারে ডিবেঞ্চরস্বরূপ ঐ টাকা সময়ের ঋণ লইতে পারিবেন। কিন্তু সর্ব্বসুদ্ধ পনের লক্ষ টাকার অধিক লইবেন না ইতি।

[ডিবেঞ্চরের পাঠ।]

১২ ধারা। এই আইনের ক্ষমতাক্রমে পূর্ব্বোক্ত যে ডিবেঞ্চর প্রচারিত হয় তাহা এই আইনের তফসীলের নির্দ্দিষ্ট পাঠে লেখা যাইবে ও তাহা পৃষ্ঠলিপিক্রমে হস্তান্তর করা যাইতে পারিবে। তদ্রূপ কোন ডিবেঞ্চরদ্বারা যে টাকা রক্ষিত হয় তজ্জন্যে ঐ ডিবেঞ্চর তৎকালে যাহার হাতে থাকে তাঁহারই নালিশ করিবার স্বত্ব হইবে। ইহাতে অন্য ডিবেঞ্চরের অগ্রের তারিখ থাকা প্রযুক্ত কোন ডিবেঞ্চরের অগ্রগণ্যতা হইবে না ইতি।

[ঋণ শোধ পূর্ব্বক পুনঃ গ্রহণের কথা।]

১৩ ধারা। এই আইন অনুসারে প্রচারিত কোন ডিবেঞ্চরের টাকা যে সময়ে শোধ করিতে হয় সেই সময়ে টাকার প্রয়োজন হইলে জষ্টিসেরা পূর্ব্বোক্ত

to pay any monies for the time being due on any debentures issued in pursuance of this Act.

[Mode of levying Police rate]

XIV. Every rate imposed under this Act shall be payable by the owners of the houses, buildings, lands, and huts, respectively, subject thereto by equal quarterly instalments: the first of such instalments to be due and payable forthwith upon the imposition of such rate, and such rate shall be assessed and levied in like manner as the rate for the imposition of which authority is given to the Justices by Section LV. of the said Act VI. of 1863.

[Where leases are in existence, lessor to recover rates paid by him.]

XV. Whenever any lands, houses, tenements, or premises shall, at the time of the commencement of this Act, be held for any legal or equitable term of lives or years which shall be then unexpired, it shall be lawful for the owner of such lands, tenements, hereditaments, or premises during the remainder of such term, by all or any of such ways or means as those by which he can or may recover any rent reserved by the instrument under which such term may have been created, to recover from his immediate lessee all and every such sums of money as shall be paid by such owner in discharge of the said Police rate.

[Mesne lessors to recover sums paid by them to owners in respect of rates.]

XVI. Whenever any lessee of lands, from whom any sum shall have been recovered under the provisions of Section IX. of this Act or of this Section, shall not be entitled to the immediate occupation of such lands by reason of the subsistence of some legal or equitable term of lives or years in such lands which shall have been in existence at the commencement of this Act, it shall be lawful for such lessee during the remainder of such last-mentioned term, by all or any of such ways or means as those by which he can or may recover any rent reserved by the instrument under which such last-mentioned term may have been created, to recover from his immediate lessee all and every such sums of money as shall have been paid under the provisions of this Section or of Section IX of this Act.

[Justice appointed to hear cases under Municipal Acts, may receive salary out of Municipal Fund.]

XVII. It shall be lawful for any Justice of the Peace who may be appointed by the Lieutenant-Governor of Bengal as stipendiary Justice for the hearing and trial of such charges of offences against Act VI of 1863 and Act VI of 1866 passed by the Lieutenant-Governor of Bengal in Council, as are triable under those Acts or either

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৫ মার্চ।]

সাহেবের অনুমতিক্রমে নূতন ডিবেঞ্চর প্রচার করিয়া ঐ টাকা তুলিতে পারিবেন ইতি।

[পোলীস রেট আদায় করিবার নিয়মের কথা।]

১৪ ধারা। যে সকল ঘরের ও কোটার ও ভূমির ও খোলার ঘরের উপর এই অনুযায়ি রেট বসাইতে হয় সেই গৃহাদির স্বামিদের ঐ রেট চারি সমান ভাগ করিয়া তিন২ মাসে দিতে হইবে। তাহার প্রথম কিস্তি ঐ রেট ধার্য্য করিবার সময়েতেই দেনা পড়িবে ও দিতে হইবে এবং ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের ৫৫ ধারাতে জষ্টিসদের প্রতি যে রেট ধার্য্য করিবার ক্ষমতা দেওয়া গেল তাহা যে রূপে আদায় করা যায় পূর্ব্বোক্ত রেটও সেইরূপে ধার্য্য হইয়া আদায় হইবে ইতি।

[গৃহাদির পাট্টা দেওয়া গেলে ঐ পাট্টাদারি ব্যক্তির সেই রেটের টাকা গ্রহণ করিবার কথা।]

১৫ ধারা। এই আইনের প্রারম্ভকালে যদি কোন ভূমি কি ঘর কি বাসস্থান কি বাটী আইন কি ন্যায় নিয়মমতে কোন ব্যক্তির জীবন পর্য্যন্ত কিম্বা কএক বৎসর মিয়াদে তাহার অধিকারে থাকে এবং সেই মিয়াদ তৎকালে অতীত না হয়, তবে যে পাট্টাক্রমে ঐ মিয়াদ নির্দ্ধারিত হইয়াছিল তদ্দ্বারা সেই ভূমির কি বাসস্থানের কি অধিকারের কি বাটীর স্বামী যেরূপে খাজানা কি ভাড়া আদায় করিতে পারেন উক্ত পোলীস রেটের পরিশোধে ঐ স্বামির যত টাকা দিতে হয় তাহা তিনি সেই পাট্টাদারের স্থানে আদায় করিতে পারিবেন ইতি।

[যাঁহারা মধ্যস্থ হইয়া পাট্টা দিয়াছেন তাঁহারা স্বামিদিগকে রেটের যে টাকা দেন তাহা তাহারদের ফিরিয়া লইবার কথা।]

১৬ ধারা। এই আইনের ৯ ধারার কি এই ধারার বিধানমতে ভূমির যে পাট্টাদারের স্থানে কোন টাকা গ্রহণ করা গেল সেই পাট্টাদার এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে অন্য ব্যক্তিকে জীবনপর্য্যন্ত কি কোন মিয়াদের নিমিত্তে আইন কি ন্যায্যমতে ঐ ভূম্যাদি দিয়া তৎকালে অব্যবহিত অধিকারী না হন, তবে যে লেখ্যক্রমে শেষোক্ত নিয়ম করা যায় তদ্দ্বারা তিনি যে কোন প্রকারে ভাড়া কি খাজানা আদায় করিতে পারেন এই আইনের এই কি ৯ ধারার বিধানমতে যে রেটের টাকা দিয়াছেন তাহাও সেই প্রকারে আপনার অধীন ঐ অব্যবহিত পাট্টাদারের স্থানে আদায় করিয়া লইতে পারিবেন ইতি।

[যে জষ্টিসেরা মুনিসিপল আইনমতে মোকদ্দমা শুনিতে নিযুক্ত হন মুনিসিপল ফণ্ড হইতে তাঁহাদের বেতন পাইবার কথা।]

১৭ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ১৮৬৩ সালের ৬ আইনের ও ১৮৬৬ সালের ৬ আইনের বিপক্ষ অপরাধের যেং অভিযোগ উক্ত দুই কি একতর আইনক্রমে শান্তিরক্ষার্থ জষ্টিসের বিচার্য্য হয়, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা শ্রবণ ও বিচার করণার্থে শান্তিরক্ষার্থ যে জষ্টিসকে বেতনভোগি

of them by a Justice of the Peace, to receive out of the Municipal Fund such allowance, not exceeding three hundred Rupees per mensem as shall from time to time be fixed by the Justices at a special general meeting.

[Construction.]

XVIII. This Act shall be construed with, and as part of, the said Act VI of 1863.

[Commencement of Act.]

XIX. This Act shall commence and take effect on the 1st day of April 1867.

SCHEDULE.—(*Referred to in Section VI.*)

FORM OF DEBENTURE.

The Justices of the Peace for the Town of Calcutta.

Calcutta, the *day of* 186 .

No.

By virtue of the Act of 1867 of the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations, we, the Justices of the Peace for the Town of Calcutta, incorporated under Act VI of 1863 of the same Council, in consideration of the sum of Rupees paid to us by (*A. B.*) of promise to pay to the said (*A. B.*) or order, the sum of Rupees, one year after the date hereof, together with interest thereon at the rate of per centum per annum payable half-yearly on the day of and the day of In witness whereof ( ) the Chairman and two of the Justices have hereunto set their hands.

(*Signature of the Chairman and two Justices of the Peace.*)

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Dept.

জষ্টিস স্বরূপ নিযুক্ত করেন জষ্টিসেরা বিশেষ সাধারণ সভাতে সময়ে২ যত টাকা নির্দ্ধার্য্য করেন তিনি মুনিসিপল ফণ্ড হইতে মাসে তিন শত টাকার অনধিক তত টাকা পাইবেন ইতি।

[অর্থ করিবার ধারা।]

১৮ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের সহিত ও তাহার অংশ জ্ঞানে এই আইনের অর্থ করিতে হইবে ইতি।

[এই আইনের প্রারম্ভের কথা।]

১৯ ধারা। এই আইন ১৮৬৭ সালের আপ্রেল মাসের ১ দিবস অবধি প্রচলিত হইবে ইতি।

---

৬ ধারার উল্লিখিত তফসীল।

[ডিবেঞ্চুরের পাঠ।]

কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিস

কলিকাতা সাল তাং

নং। আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মন্ত্রিসভার ১৮৬৭ সালের অমুক আইনের বলেতে উক্ত মন্ত্রিসভার ১৮৬৩ সালের ৬ আইনদ্বারা সমবায়িত কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিস আমরা অমুক স্থান নিবাসি শ্রী অমুকের স্থানে এত টাকা প্রাপ্ত হইলাম তদুপলক্ষে আমরা অদ্যকার তারিখের এক বৎসর পরে উক্ত শ্রী অমুক কিম্বা তাঁহার আজ্ঞামতে অন্য ব্যক্তিকে এত টাকা দিতে ও তদ্ভিন্ন বার্ষিক শত করা এত টাকার হিসাবে সুদ দিতে প্রতিজ্ঞা করিলাম। সুদ ছয় মাস অন্তর অর্থাৎ অমুক মাসের অমুক তারিখে ও অমুক মাসের অমুক তারিখে দেওয়া যাইবে। এতৎ প্রমাণে সভাপতি শ্রী অমুক এবং জষ্টিসদের মধ্যে দুই জন শ্রী অমুক ও শ্রী অমুক এই পত্রে স্বাক্ষর করিয়াছেন।

সভাপতি ও শান্তিরক্ষার্থ
দুই জন জষ্টিসের স্বাক্ষর।

জে পিট কেনেডী,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগের বঙ্গদেশের গবর্ণমেণ্টের,
আসিষ্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

HOME DEPARTMENT.

NOTIFICATION.

Fort William, the 25th February 1867.

No. 1926.

Under Section 64 of Act XIV of 1866, the Governor General in Council is pleased to declare that the following Sections of that Act shall be applicable to the District Dâks in India, and to the persons employed in connection therewith:—

Sections 25, 27, 35, 42, 43, 44, 45, 47, 48, 49, 50, 51, 52.

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম। ১৮৬৭ সাল ২৫ ফেব্রুয়ারি।

১৯২৬ নম্বর।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৬ সালের ১৪ আইনের ৬৪ ধারার বিধানমতে আজ্ঞা করিতেছেন যে উক্ত আইনের ২৫ ও ২৭ ও ৩৫ ও ৪২ ও ৪৩ ও ৪৪ ও ৪৫ ও ৪৭ ও ৪৮ ও ৪৯ ও ৫০ ও ৫১ ও ৫২ ধারা ভারতবর্ষস্থ জিলার ডাকের ও তৎসংক্রান্ত কার্য্যে নিযুক্ত ব্যক্তিদের প্রতি বর্ত্তিবে।

ই সি বেলি,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 804.

APPOINTMENTS.

The 9th February 1867.

Mr. J. P. Grant to be Magistrate and Collector of Bancoorah, and to be in the First Grade.

Mr. H. Hankey to be Deputy Collector of Customs, Calcutta, but to continue to officiate, until further orders, as Magistrate and Collector of Moorshedabad.

Mr. J. D. Maclean to officiate as Deputy Collector of Customs, Calcutta.

The above appointments will have effect from the 23rd instant.

The 18th February 1867.

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Dinagepore, *viz.*:—

Captain C. T. Hitchins.
Mr. D. W. M. Testro, B. A.
Baboo Otool Churn Mullick, M. A.
„ Khetter Mohun Sing.

The Reverend F. R. Michell to be a Member of the Local Committee of Public Instruction at Debrooghur.

The 19th February 1867.

Mr. E. W. Molony to be a Special Commissioner to superintend Famine Operations in Cuttack, to exercise the powers of a Commissioner in that Division, and of a Magistrate and Collector in the districts of Cuttack, Pooree and Balasore.

The 20th February 1867.

Moulvy Golam Batool Tumkin, Sudder Ameen of Bancoorah, is vested with the powers of a Magistrate in that district.

The 21st February 1867.

Mr. T. Norman to be Vice-Chairman of the Municipal Commissioners for the Towns of Hooghly and Chinsurah.

Mr. H. T. Prinsep to officiate as Civil and Sessions Judge of Moorshedabad.

The 22nd February 1867.

Mr. G. Smeaton, Assistant Magistrate and Collector of Jajipore, is vested, temporarily, with the powers of a Magistrate and Deputy Collector in Cuttack.

Mr. G. Toynbee to be Sub-Registrar of Assurances of the Sub-district of Pooree.

The 23rd February 1867.

Mr. H. A. Cockerell to officiate as Magistrate and Collector of Tirhoot, during the absence, on deputation, of Mr. A. J. Elliot, or until further orders.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৫ মার্চ।]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৮০৪ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ৯ ফেব্রুআরি।

শ্রীযুত জে পি গ্রাণ্ট সাহেব বাঁকুড়ার প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত হান্‌কী সাহেব কলিকাতার কষ্টমের ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত জে ডি মাকুলীন সাহেব কলিকাতার কষ্টমের ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

উপরোক্ত তিন নিয়োগ এই মাসের ২৩ তারিখঅবধি প্রবল হইবে।

১৮৬৭ সাল ১৮ ফেব্রুআরি।

নিম্নলিখিত মহাশয়েরা দিনাজপুরের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন,—

কাপ্তান শ্রীযুত সি টি হিচিন্স সাহেব।
শ্রীযুত ডি ডবলিউ এম ষ্টেট্রো সাহেব বি, এ।
,, বাবু অতুলচরণ মল্লিক এম, এ।
,, বাবু ক্ষেত্রমোহন সিংহ।

পাদরী শ্রীযুত এফ আর মিচেল সাহেব দেব্রুগড়ের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

১৮৬৭ সাল ১৯ ফেব্রুআরি।

শ্রীযুত ই ডবলিউ মলনী সাহেব কটকের দুর্ভিক্ষ সম্পর্কীয় কার্য্যের অধ্যক্ষতা করণার্থে বিশেষ কমিস্যনর হইবেন ও উক্ত খণ্ডে কমিস্যনরের ক্ষমতাক্রমে এবং কটক ও পুরী ও বালেশ্বর জিলাতে মাজিষ্ট্রেটের ও কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ২০ ফেব্রুআরি।

বাঁকুড়ার সদর আমীন শ্রীযুত মৌলবী গোলাম বতুল তমকীন ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৭ সাল ২১ ফেব্রুআরি।

শ্রীযুত টি নর্ম্মান্ সাহেব হুগলী ও চুঁচড়ানগরের মুনিসিপল কমিস্যনরদের প্রতিনিধি সভাপতি হইবেন।

শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেব মুরশিদাবাদের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ২২ ফেব্রুআরি।

যাজিপুরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জি স্মীটন সাহেব কিয়ৎকালের নিমিত্তে কটকে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত জি টয়নবি সাহেব পুরী সব-ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন।

১৮৬৭ সাল ২৩ ফেব্রুআরি।

রাজকীয় কার্য্যোপলক্ষে শ্রীযুত এ জে এলিয়ট সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এচ এ কক্রেল সাহেব ত্রিহুতের মাজিষ্ট্রেটের ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

Baboo Goonabhiram Surma Burroa, Extra Assistant Commissioner, Nowgong, is vested with the powers of a Subordinate Magistrate of the First Class in Assam.

The 26th February 1867.

Mr. W. H. Thompson, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Kendraparah, and to exercise the powers of a Magistrate in Cuttack.

Mr. W. B. Oldham, Assistant Magistrate and Collector, Cuttack, to have temporary charge of the Sub-Division of Kendraparah, until the arrival of Mr. Thompson, or until further orders.

Baboo Nobin Kristo Sircar, Deputy Magistrate and Deputy Collector of Pubna, to have charge of the Sub-Division of Coomercolly.

Baboo Kali Prosonno Sircar, B. A., to officiate, temporarily, as a Deputy Magistrate under Act XV. of 1843, and a Deputy Collector under Regulation IX. of 1833, in the Rajshahye Division, to be posted to Pubna, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in any or all the districts of that Division.

Mr. C. Sinclair to officiate, temporarily, as a Special Deputy Magistrate under Act XV. of 1843, and a Deputy Collector under Regulation IX. of 1833, in the Cuttack Division, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in all the districts of that Division.

Mr. W. H. Verner to officiate, temporarily, as Assistant Secretary to the Board of Revenue, Lower Provinces.

LEAVE OF ABSENCE.

The 18th February 1867.

Mr. R. H. C. Ridsdale, late Assistant Superintendent of Police, Cachar, is allowed leave of absence from the 5th to the 26th October last, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

The 20th February 1867.

Baboo Brohmonath Sen, Deputy Magistrate and Deputy Collector of Khoolna, on special duty, for two months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Moulvy Dillawur Hossein Ahmed, B. A., Deputy Magistrate and Deputy Collector, Jumooie, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from any date in April next, on which he may avail himself of the leave.

Mr. C. O'Flaherty, Assistant Superintendent of Police, Mungledye, for three months, under

নৌগাঁয়ের অতিরিক্ত আসিষ্টান্ট কমিস্যনর শ্রীযুক্ত বাবু গুণাভিরাম শর্ম্মা বড়ুয়া আসামে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৭ সাল ২৬ ফেব্রুআরি।

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুক্ত ডবলিউ এচ তামসন সাহেব কেন্দ্রপাড়া শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন ও কটকে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুক্ত তামসন সাহেবের না পঁহুছন কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কটকের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুক্ত ডবলিউ বি ওলডহাম সাহেব কিয়ৎ-কালের নিমিত্তে কেন্দ্রপাড়া শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু নবীনকৃষ্ণ সরকার কুমারখালী শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন সরকার বি, এ, কিয়ৎকালের নিমিত্তে রাজশাহীখণ্ডে ১৮৪৩ সালের ১৫ আইনমতে মাজিষ্ট্রেটের ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে পাবনায় অবস্থিত হইবেন, এবং উক্ত খণ্ডের কোন কি সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুক্ত সি সিন্‌ক্লেয়র সাহেব কিয়ৎকালের নিমিত্তে কটকখণ্ডে ১৮৪৩ সালের ১৫ আইনমতে বিশেষ ডেপুটী মাজিষ্ট্রেটের ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন এবং উক্ত খণ্ডের সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা-মতে কর্ম্ম করিবেন।

শ্রীযুক্ত ডবলিউ এচ বর্ণর সাহেব কিয়ৎকালের নি-মিত্তে বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের আসিষ্টান্ট সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৭ সাল ১৮ ফেব্রুআরি।

কাছাড়ের পোলীসের ভূত পূর্ব্ব আসিষ্টান্ট সুপ-রিণ্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত আর এচ সি রীডসডেল সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত অকুটোবর মাসের ৫ তারিখ অবধি ২৬ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ২০ ফেব্রুআরি।

বিশেষ কার্য্যে নিযুক্ত খুলনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু ব্রহ্মনাথ সেন যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

জমুইয়ের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত মৌলবী দেলওয়ার হুসেন আহম্মদ বি, এ, আগামি আপ্রিল মাসের যে কোন তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়া-ছেন।

মঙ্গলদাইর পোলীসের আসিষ্টান্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত সি ও'ফ্লহার্টী সাহেব অচিহ্নিত কার্য্যকারক-

paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. H. F. Blanford, a Professor in the Presidency College, for six months, under paragraph 12, clause 1, of the Uncovenanted Service Absentee Rules, from the 23rd April next, or any other date on which he may avail himself of the leave.

Dr. R. A. Lattey, Officiating Medical Officer at Motebaree, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Baboo Kali Kinker Roy, Judge of the Court of Small Causes in Chittagong, for four months, under paragraph 12, clause 1, of the Uncovenanted Service Absentee Rules.

Baboo Nobin Kristo Sircar, Deputy Magistrate and Deputy Collector of Pubna, for five weeks, from the 25th ultimo, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865.

Mr. D. Cunliffe, Magistrate and Collector of Bancoorah, is allowed privilege leave of absence from the 8th to the 23rd instant.

The 21st February 1867.

Lieutenant N. Lowis, Assistant Commissioner of Luckimpore, on leave, is allowed an extension of preparatory leave from the 20th to the 24th instant.

Mr. A. T. Maclean, Officiating Magistrate and Collector of Tirhoot, for fifteen days, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency.

The 22nd February 1867.

Lieutenant C. Hayter, Assistant Commissioner of North Luckimpore, for three months, from the 4th ultimo, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

The 25th February 1867.

Mr. F. C. Fowle, Judge of Rungpore, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave, making over charge of his office to the Principal Sudder Ameen of the district.

NOTIFICATIONS.

The 22nd February 1867.

On the report of the Board of Examiners, Mr. W. D. Pratt, Assistant Superintendent of Police, Tipperah, is declared to have passed the higher standard of examination in Urdu, at the examination held in November last.

Mr. A. C. Howard, District Superintendent of Police, Chumparun, reported his departure from

দের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

প্রেসিডেন্সী কালেজের অধ্যাপক শ্রীযুত এচ এফ ব্লাণ্ডফর্ড সাহেব আগামি আপ্রিল মাসের ২৩ তারিখ অবধি অথবা অন্য তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

মতিহারির একটিং চিকিৎসক ডাক্তর শ্রীযুত আর এ লাটি সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

চট্টগ্রামের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু কালীকিঙ্কর রায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে চারি মাসের ছুটী পাইয়াছেন।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ সরকার ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে গত মাসের ২৫ তারিখঅবধি পাঁচ সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বাঁকুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডি কনলিফ সাহেব এই মাসের ৮ তারিখ অবধি ২৩ তারিখ পর্য্যন্ত অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ২১ ফেব্রুআরি।

লক্ষ্মীপুরের আসিষ্টান্ট কমিসানর লেপ্টেনেন্ট শ্রীযুত এন লৌইস সাহেব ছুটীপ্রাপ্ত হওয়াতে এই মাসের ২০ অবধি ২৪ তারিখ পর্য্যন্ত প্রস্তুত হওনার্থে অতিরিক্ত ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ টি মাকলীন সাহেব রাজধানীস্থ স্থায়ী চিকিৎসক সভার সম্মুখে উপস্থিত হইতে পারিবার নিমিত্তে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ২২ ফেব্রুআরি।

উত্তর লক্ষ্মীপুরের আসিষ্টান্ট কমিসানর লেপ্টেনেন্ট শ্রীযুত সি হেটর সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে গত মাসের ৪ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ২৫ ফেব্রুআরি।

রঙ্গপুরের জজ শ্রীযুত এফ সি ফৌল সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি আপন কার্য্যালয়ের কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২২ ফেব্রুআরি।

পরীক্ষক বোর্ডের রিপোর্টমতে প্রকাশ করা যাইতেছে যে গত নবেম্বর মাসে যে পরীক্ষা হইয়াছিল তাহাতে ত্রিপুরার পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ ডি প্রাট সাহেব উর্দ্দুভাষায় উচ্চতর কঠিনতর পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন।

চাম্পারণের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এ সি হৌয়ার্ড সাহেব নিউবিরা নামক বাষ্পীয় জাহা-

India per steam-ship *Nubia*, which was left at sea by the Pilot on the 10th instant.

The 25th February 1867.

Mr. A. D. Larymore officiated as District Superintendent of Police, 24-Pergunnahs, from the 5th September to the 5th November last, during the absence, on leave, of Captain Q. D. Parsons.

The 26th February 1867.

The services of the following officers are placed at the disposal of the Government of India in the Military Department:—

Hospital Steward F. W. Hall, late House-Surgeon to the Medical College Hospital.

Hospital Steward H. R. Jackson, late House Surgeon to the Calcutta Police Hospital.

The Lieutenant-Governor has been pleased to accept the resignation tendered by Mr. H T Prinsep of his appointment as a Member of the Council of the Lieutenant-Governor of Bengal, for the purpose of making Laws and Regulations.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

The 20th February 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, *viz.*, for the site of a School-house at Ranchee, in zillah Lohardugga, in the Province of Chota Nagpore, it is hereby declared that for the above purpose a plot of land measuring 12½ beegahs, more or less, situated in Mouzah Churree, Pergunnah Khokra, Zillah Lohardugga, is required.

The aforesaid plot is bounded on the North by a garden belonging to the Rajah of Pachete; West and South by the Public road, and East by some land belonging to Ramkanie Roy, Pleader, and also some Government land.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

The 20th February 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, namely, for the purpose of making improvements in the Central Distillery in the Town of Soodharam, in the district of Noakhally, it is hereby declared that for the

যে ভারতবর্ষীয়েতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। আডকাসী সাহেব সেই ডাকের এই মাসের ১০ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

১৮৬৭ সাল ২৫ ফেব্রুআরি।

কাপ্তান শ্রীযুত কিউ ডি পারসন্স সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে শ্রীযুত এ ডি লারিমুর সাহেব গত সেপ্টেম্বর মাসের ৫ তারিখঅবধি নবেম্বর মাসের ৫ তারিখপর্য্যন্ত ২৪-পরগনার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিয়াছেন।

১৮৬৭ সাল ২৬ ফেব্রুআরি।

নিম্নলিখিত কার্য্যকারকেরা মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

মেডিকাল কালেজ হাস্পাতালের ভূত পূর্ব্ব হৌস সর্জন হাস্পাতাল ষ্টুয়ার্ট শ্রীযুত এফ ডবলিউ হাল সাহেব।

কলিকাতার পোলীস হাস্পাতালের হৌস সর্জন হাস্পাতাল ষ্টুয়ার্ট শ্রীযুত এচ আর জাকসন সাহেব।

আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সভ্যের পদ ত্যাগ করণার্থ শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেব যে পত্র অর্পণ করেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রাহ্য করিয়াছেন।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২০ ফেব্রুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন, যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ছোট নাগপুর প্রদেশের লোহারডগা জিলার অন্তর্গত রাঞ্চিতে বিদ্যালয় প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে লোহারডগা জিলার খোকরা পরগনা চুরি মৌজায় স্থিত ন্যূনাধিক ১২৷৷০ বিঘা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উপরোক্ত ভূমি খণ্ডের উত্তর সীমা পাচেটের রাজার বাগান, পশ্চিম ও দক্ষিণ সীমা রাজপথ, পূর্ব্ব সীমা উকীল রামকানাই রায়ের কতক ভূমি ও গবর্ণমেণ্টের কতক ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

২০,০০০৲ টাকার অধিক ১,০০,০০০৲ টাকার অনধিক হইলে ...	১০৫০ টাকা এবং ২০,০০০ টাকার ঊর্দ্ধ একং শত টাকার ও তাহার কোন অংশের উপর ১৲ টাকা। উদাহরণ। ৪৩,৪৫০।।০ টাকার মোকদ্দমা হইলে, ১২৮৫৲ টাকার ইষ্টাম্পো লাগিবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ১২ মার্চ।]

১,০০,০০০৲ টাকার অধিক হইলে .. — ১৮৫০ টাকা ও ১০,০০,০০০ টাকার ঊর্দ্ধ একং শত টাকার ও তাহার কোন অংশের উপর ।।০

উদাহরণ। ৫,৯৩,১৫০।।০ টাকার মোকদ্দমা লইলে, ৪৩১৬৲ টাকার ইষ্টাম্প লাগিবে।

মোকদ্দমা সৈন্যসম্পর্কীয় কোর্ট রিকেস্টে কিম্বা ১৮৫৯ সালের ৩ আইনমতে সৈন্যাবাসের জাইন্ট মাজিষ্ট্রেট সাহেবের আদালতে কিম্বা ১৮৬৪ সালের ২২ আইনের (অর্থাৎ সৈনিক ছাউনী স্থানের কার্য্য নির্ব্বাহের বিধান করণের আইনের ৬ ধারামতে ক্ষুদ্র মোদ্দমার যে আদালত সংস্থাপিত হয় তাহাতে উপস্থিত করা গেলে, ও টাকা কি মোকদ্দমার মূল্য ৮৲ টাকার অধিক না হইলে ... ।০

৮৲ টাকার অধিক হইয়া ১৬৲ টাকার অনধিক . ।।০

১৬৲ টাকার অধিক হইয়া ৩০৲ টাকার অধিক না হইলে .. ১৲

যদি ৩০৲ টাকার অধিক হয় তবে . — অন্য কোন আদালতে মোকদ্দমা হইলে যত ইষ্টাম্প লাগে তত।

১৮৫৯ সালের ১৪ আইনের ১১ ধারামতে অধিকার পাইবার মোকদ্দমা উপস্থিত হইলে ... — উপরোক্ত নির্দ্দিষ্ট হারের চতুর্থাংশ মূল্যের ইষ্টাম্প লাগিবে।

মন্তব্য কথা।—(a) গবর্ণমেণ্টের মালগুজারী কি অন্য স্থাবর সম্পত্তির মোকদ্দমা হইলে, যত টাকার ইষ্টাম্প লাগিবে তাহা বিবাদীয় সম্পত্তির বাজার মূল্যানুসারে নিরূপণ হইবে। যত কাল প্রকারান্তরে প্রমাণ না হয় তত কাল পর্য্যন্ত সম্পত্তির বাজার মূল্য নিরূপণের নিয়ম এই। গবর্ণমেণ্টের মালগুজারী স্থাবর সম্পত্তির মোকদ্দমা হইলে, যদি মেয়াদী বন্দোবস্ত হয়, তবে উক্ত প্রকারে যে রাজস্ব দিতে তাহার আট গুণ, যদি চিরকালীন বন্দোবস্ত হয় তবে ঐ রাজস্বের দশ গুণ, ও যে স্থাবর সম্পত্তি গবর্ণমেণ্টের মালগুজারী নয়, তাহার খরচ বাদে বৎসরের নিট উপস্বত্বের বিশগুণ টাকা বাজার মূল্য জ্ঞান হইবে। তদ্রূপ সম্পত্তির যে বাজার মূল্য হয় কিম্বা বৎসরে যত টাকা ঠিক উপস্বত্ব হয় ইহা নিশ্চয়মতে জানিবার জন্যে আদালত কোন উপযুক্ত ব্যক্তিকে ক্ষমতাপত্র দিয়া তাঁহাকে স্থানীয় কি অন্য যে অনুসন্ধান আবশ্যক হয় তাহা করিয়া আদালতে জ্ঞাত করিবার আজ্ঞা করিতে পারিবেন। আদালত ঐ সম্পত্তির যে বিক্রেয় মূল্য কি বৎসরে তাহার যে নিট উপস্বত্ব ধার্য্য করেন, তাহা সিদ্ধান্ত হইবে।

(b) অন্য সকল প্রকারের মোকদ্দমায় ইষ্টাম্পের মাসুল নিরূপণ করিবার নিয়ম এই।

(১) টাকা ভিন্ন অস্থাবর সম্পত্তি হইলে প্রার্থনা উপস্থিত করিবার তারিখে বিবাদীয় বিষয়ের যে বাজার মূল্য হয়, তদনুসারে। অধিকার সংক্রান্ত লেখা কি হিসাব প্রভৃতি যে বিষয়ের বিক্রেয় মূল্য নাই যদি তদ্রূপ বিষয় লইয়া বিবাদ হয়, তবে প্রার্থনাপত্রে কি আপীলে বিবাদীয় বিষয়ের যে মূল্য ধরা গিয়াছে তদনুসারে ইষ্টাম্পের মূল্য নিরূপণ হইবে।

(২) টাকা পাইবার মোকদ্দমায় যত টাকার দাওয়া হয় তদনুসারে ইষ্টাম্পের মূল্য নিরূপণ হইবে। হানি পূরণের ও ক্ষতিপূরণের মোকদ্দমা ইহার মধ্যে ধরিতে হইবে।

ওয়াসিলাতের কিম্বা স্থাবর সম্পত্তির ও ওয়াসিলাতের জন্যে মোকদ্দমা হইলে, যত লভ্যের দাওয়া হয় যদি তাহার অধিকের ডিক্রী হয়, তবে ইষ্টাম্পের যত মাসুল দেওয়া গেল, এবং যে লভ্যের ডিক্রী হয় তৎসমুদয় মোকদ্দমায় ধরা গেলে যত মাসুল দিতে হইত ইহার যে বিশেষ তাহা উপযুক্ত কর্ম্মচারিকে না দেওয়া গেলে ঐ ডিক্রী সাধন হইবে না। আদালত পূর্ব্বোক্ত নিয়মমতে ঐ বিশেষের হিসাব করিবেন ও তাহা মোকদ্দমার খরচার মধ্যে আসিবে।

(৩) ১৮৬৬ সালের ২১ আইনমত মোকদ্দমা ভিন্ন দম্পতি স্বত্ব পুনঃপ্রাপণের যে মোকদ্দমার মূল্য টাকাক্রমে নিরূপণ হইতে পারে না তাহার ... ৩২৲

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১৮০ ধারার মধ্যে "কিম্বা কোন ওয়াসিলাতের" এই শব্দের পূর্ব্বে "কিম্বা বিবাদীয় সম্পত্তির বিক্রেয় মূল্য" এবং "খেসারতের টাকা" এই কথার পরে "কিম্বা বৎসরের নিট উপস্বত্ব" এই কথা প্রয়োগ করিয়া ঐ ধারা পাঠ করিতে হইবে।

(c) দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের লিখিত কোন কারণে কোন আপীল কি প্রার্থনা নিম্ন আদালতকর্ত্তৃক অগ্রাহ্য হইলেও যদি তাহা গ্রাহ্য করিবার আজ্ঞা হয়, কিম্বা যদি আপীল হইয়া কোন মোকদ্দমা নিম্ন আদালতে দ্বিতীয়বার নিষ্পত্তি হইবার নিমিত্তে ফিরিয়া পাঠান যায়, তবে আপীলের দরখাস্তের উপর ইষ্টাম্পের যত মাসুল দেওয়া গেল আপেলাণ্ট তাহা কালেক্টর সাহেবের স্থানে ফিরিয়া পাইতে পারিবেন, আপীল আদালত তাঁহাকে এই মর্ম্মের সংশিতপত্র দিবেন। কিন্তু আপীল হইয়া মোকদ্দমা ফিরিয়া পাঠান গেলেও যদি পুনর্ব্বিচার করিবার আজ্ঞা বিবাদীয় সম্পূর্ণ বিষয়ের প্রতি না বর্ত্তে, তবে বিবাদীয় বিষয়ের যে অংশ কি যে২ অংশ সম্পর্কে মোকদ্দমা ফিরিয়া পাঠান গেল, তাহার উপর আদৌ যত মাসুল লাগিত, আপেলাণ্ট পূর্ব্বোক্ত সংশিতপত্রক্রমে তাহার অধিক গ্রহণ করিতে ক্ষমতাপন্ন হইবেন না।

(d) দেওয়ানী আদালতে যে আপীল উপস্থিত করা যায় তাহা যদি সম্পূর্ণ নিষ্পত্তির উপর না হইয়া তাহার যে অংশ বিবাদীয় বিষয়ের এক কি কএক অংশ সম্পর্কীয় হয় কেবল সেই অংশের উপর আপীল হয় এবং আপীল শুনিবার সময়ে যদি রেস্পাণ্ডেণ্ট দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৪৮ ধারানুসারে ঐ সম্পত্তির যে অংশের উপর আপীল হয় তদ্ভিন্ন অন্য কোন অংশের প্রতি আপত্তি করেন, তবে নিষ্পত্তির উক্ত যে অংশের প্রতি আপত্তি করেন তাহাও আপীলের মধ্যে ধরা গেলে অধিক যত ইষ্টাম্পের মাসুল লাগিত রেস্পাণ্ডেণ্ট যত কাল তাহা না দেন আদালত তত কাল ঐ আপত্তি শুনিবেন না। ঐ অধিক যত ইষ্টাম্প দিতে হইবে আদালত পূর্ব্বোক্ত বিধিমতে তাহার হিসাব করিবেন ও তাহা মোকদ্দমার খরচার মধ্যে আসিবে।

১২। কোন আদালতের দত্ত প্রোবেটের কি দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্রের কিম্বা বোম্বাই দেশের চলিত ১৮২৭ সালের ৮ আইনক্রমে (অর্থাৎ উত্তরাধিকারি ও অছি ও আডমিনিষ্ট্রেটরদিগের দাড়ামতে স্বীকৃত হইবার, ও আদালতকর্ত্তৃক সম্পত্তির আডমিনিষ্ট্রেটর ও কর্ম্মনির্ব্বাহক ব্যক্তিদিগের নিযুক্ত হইবার বিধান করিবার আইনক্রমে) কিম্বা ১৮৫৮ সালের ৪০ আইনক্রমে (অর্থাৎ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বঙ্গদেশস্থ নাবালগদিগের ও তাহারদের সম্পত্তির রক্ষণার্থে সুবিধান করিবার আইনক্রমে) যে সংশিতপত্র দেওয়া যায় তাহার .. ৫৲

১৩। রাজীনামা ও রফানামা ও সোলেনামাপ্রভৃতি। অর্থাৎ

লিখিত যে কোন প্রার্থনাপত্রক্রমে কোন মোকদ্দমার ডিক্রীভিন্ন মীমাংসা হইবার নিয়ম প্রকাশ হয় তাহার .. ।৹

বোম্বাই প্রসীডেন্সীর নিমিত্তে বিশেষ বিধি।

বোম্বাই দেশের চলিত ১৮৩৮ সালের ১৬ আইনক্রমে মতান্তরিত ১৮২৭ সালের ১৭ আইনের (অর্থাৎ বোম্বাইয়ের অধীন দেশে ভূমির জমা ধার্য্য ও আদায় করণের বিধান নির্দ্দিষ্ট করিবার, ও ভূমিতে ও তদুৎপন্ন দ্রব্যেতে গবর্ণমেণ্টের এবং ভূম্যধিকারির অধীন ব্যক্তির ও প্রজার স্বত্ব নির্ণয় করিবার, ও ভূমি ও তাহার খাজানা ও উৎপন্ন দ্রব্যবিষয়ী মোকদ্দমার বিচার করিতে কালেক্টর সাহেবকে ক্ষমতা দিবার ও যে গতিকে ভূমি নিষ্কররূপে ভোগ হইতে পারে তাহা নির্ণয় করিবার আইনের) ৮ অধ্যায়ক্রমে কালেক্টর সাহেবের বিচার্য্য সকল মোকদ্দমাতে ইষ্টাম্প সম্পর্কে দেওয়ানী আদালতে যে বিধি প্রবল আছে সেই বিধি চলিবেক।

সাধারণ বিধি।

কোন নালিশী আরজীর কি লিখিত বর্ণনার কি প্রার্থনাপত্রের কিম্বা ডিক্রীর কি হুকুমের নকলের সমুদয় কথা যদি এই তফসীলের নির্দ্দিষ্ট মূল্যের একি ইষ্টাম্প কাগজে অনায়াসে না ধরে, তবে অবশিষ্ট কথা দরখাস্ত যত মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হয় তত মূল্যের অন্য এক কি অধিক ফর্দ্দ কাগজে লেখা যাইতে পারিবে। এই বিধি নিষ্পত্তির নকলের বিষয়ে খাটে না। সেই নকলের জন্যে অধিক যত ফর্দ্দ লাগে তাহাতে ইষ্টাম্পের প্রয়োজন নাই।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১২ মার্চ।]

[Written examinations of complainants.]

VI. When the first or only examination of a complainant who has not already presented a petition containing a complaint of an offence, stamped as required by Article 10 of Section 5 of this Act, shall be reduced to writing under the provisions of the Code of Criminal Procedure, such examination shall be written upon stamp paper of the value of one rupee to be supplied by the complainant, unless the Magistrate shall think fit to write such examination upon plain paper.

[Certain Sections of this Act to be read with Act No. X of 1862.]

VII. Sections 1, 4, 5, and 6, of this Act shall be read with and taken as part of Act No. X of 1862: provided that nothing contained in this Act shall have a retrospective operation.

[Act not to extend to Straits' Settlement.]

VIII. Nothing in this Act shall apply to the Settlement of Prince of Wales' Island, Singapore and Malacca.

[বাদিদের লিখিত পরীক্ষার কথা।]

৬ ধারা। এই আইনের ৫ ধারার ১০ প্রকরণেতে অপরাধের অভিযোগপত্রে যে ইষ্টাম্প দিবার আজ্ঞা হইল বাদী যদি সেই ইষ্টাম্পযুক্ত অভিযোগপত্র না দেন, তবে তাহার প্রথম কি একমাত্র যে পরীক্ষা হয় তাহা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধানমতে লিখিয়া লওয়া গেলে এক টাকা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে সেই কাগজ বাদির দিতে হইবে। কিন্তু যদি মাজিষ্ট্রেট সাহেব বোধ করেন যে ঐ পরীক্ষা শাদা কাগজে লেখা উচিত তবে শাদা কাগজে লেখা যায় ইতি।

[এই আইনের কএক ধারা ১৮৬২ সালের ১০ আইনের সঙ্গে পাঠ্য হইবার কথা।]

৭ ধারা। এই আইনের ১, ৪, ৫, ৬, ধারা ১৮৬২ সালের ১০ আইনের সহিত তাহার একাংশ স্বরূপ পাঠ করিতে হইবে। কিন্তু এই আইনের কোন কথা অতীত কালাবধি প্রবল হইবে না ইতি।

[এই আইন ষ্ট্রেট সেটেলমেণ্টে না বর্ত্তিবার কথা।]

৮ ধারা। এই আইনের কোন কথা পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মালাকা উপনিবেশে বর্ত্তিবে না ইতি।

STATEMENT OF OBJECTS AND REASONS.

The Judges of the lower Courts of first instance, and the ministerial officers universally of the Courts throughout the country, are notoriously underpaid, and the admitted results of this state of things are, that men of talent and probity are discouraged from seeking employment in such Courts, and that peculation and the exaction of illegal fees prevail extensively amongst the ministerial officers of such Courts.

It is proposed, therefore, by the Government or India, gradually and as funds are available, to raise the emoluments of such Judges and ministerial officers, so as that, eventually, their Courts may be presided over and administered by such an intelligent and upright class of men as cannot fail to give satisfaction, or at least confidence, to the public.

It is not contended that the expenditure on the Courts of Justice should be met in full by a tax on such individuals of the community as alone resort to the Courts, because it is manifest that all classes of the community have a more or less direct interest in the administration of justice, especially to justice in the Criminal Courts.

But it is only reasonable that those who resort to the Court should contribute in a larger proportion than the general public to the support of them, as institutions by which they are more then others immediately benefited.

It has been found, too, that some tax upon litigants is absolutely necessary, to restrain the special tendency of the public in India to resort

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাপন্ন নিম্নতর আদালতের বিচারকর্ত্তারা এবং দেশ ব্যাপ্ত সকল আদালতের আমলারা অতি অল্প বেতন পাইয়া থাকেন ইহা সকলেই জানে। ফলতঃ ক্ষমতাপন্ন ও বিশ্বাস যোগ্য ব্যক্তিরা ঐ২ আদালতে কর্ম্মের চেষ্টা করিতে উৎসাহ পান না এবং ঐ২ আদালতের আমলাগণের মধ্যে অপহরণ এবং অত্যাচার করিয়া অন্যায় ফী হরণ দোষ অত্যন্ত প্রবল আছে তাহার এই ফল সকলেই স্বীকার করেন।

এই হেতুক ভারতবর্ষের গবর্ণমেণ্ট ক্রমশ অধিক টাকা পাইতে পারিলে ঐ বিচারকর্ত্তাদের ও আমলাগণের বেতন বৃদ্ধি করিতে ইচ্ছা করিয়াছেন তদ্দারা পরিণামে সুবিজ্ঞ ও সরল জনশ্রেণীতে ঐ আদালতের কর্ত্তৃত্ব ও কার্য্য নিরূপণ হইলে সর্ব্বসাধারণ লোকের সন্তোষ কিম্বা অন্ততঃ অবশ্যই বিশ্বাস জন্মিবে।

যে লোকেরা আদালতে মোকদ্দমা উপস্থিত করিয়া থাকেন কেবল তাঁহাদেরই স্থানে অধিক টাক্স গ্রহণ করিয়া ঐ২ আদালতের সমুদয় ব্যয় পোষণ করা উদ্দেশ্য নহে, যেহেতুক যথার্থ বিচার সম্পাদনে বিশেষতঃ ফৌজদারী আদালতে বিচার সম্পাদন কার্য্যে সর্ব্ব শ্রেণীস্থ লোকদের ন্যূনাধিক লাভ হইয়া থাকে।

কিন্তু যাঁহারা আদালতে মোকদ্দমা উপস্থিত করিয়া থাকেন তাঁহারাই সেই২ আদালতদ্বারা অধিক উপকার প্রাপ্ত হন অতএব সেই২ আদালতের ব্যয় সাধনের জন্যে সাধারণ লোক অপেক্ষা তাঁহাদের অধিক দান করা যুক্তিসিদ্ধ।

আরো। স্বল্প দাওয়া কি বিবাদ থাকিলে দেওয়ানী কি ফৌজদারী আদালতে গমনপূর্ব্বক ভারতবর্ষস্থ সাধারণ লোকদের সাহায্য চেষ্টা করিবার যে

either to the Civil or to the Criminal Court, on the occasion of every petty claim or dispute.

The total expenditure upon the Courts in India is about 2¼ millions Sterling, and will, with the additional expenditure now in contemplation, be about 2½ millions, and the present contribution towards this expenditure, of suitors, is, upon the best figures available, some £500,000 only.

It is proposed, therefore, by this Bill, so to amend Schedule B of the Stamp Act (X of 1862) as that a larger revenue may be derived from suitors in this Courts of Justice, and it is believed that this end can be attained rather by providing for the more equal incidence of the stamp duty than by providing for any sweeping alterations of such duty.

For instance.—It will be observed that the scale in Article 11 imposes a comparatively high rate of duty on the poorer classes of suitors, and a comparatively low rate on the richer classes, and the same scale exacts as much duty on a suit for Rupees 50,001 as on a suit for a lakh of rupees.

And again, whilst suitors, say for money due on bonds, under note *e*, are rated on the full amount of their claims, other suitors, for more substantial persons, *viz.*, landholders, are rated as if their property was worth, in the majority of cases (notes *a* to *c*,) but one year's purchase of the assessment, whilst, as a matter of notoriety, such property is really worth perhaps ten years' purchase of the assessment.

And again, whilst suitors for money due on bonds are rated as above, other suitors, landlords, suing for money in the hands of agents are, under note *g*, rated at only one-fourth the value of the money claimed.

It is proposed, then, to get rid of these unequal incidences, and to provide for certain evasions of the stamp duty, and it is believed that, in doing so, there will accrue to the State a very considerable increase of revenue.

C. P. Hobhouse.

The 15th February 1867.

Whitley Stokes,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

বিশেষ প্রবৃত্তি প্রকাশ হইতেছে তাহা রোধ করণার্থে তাঁহারদে উপর কিছু টাকুস বসান অত্যন্ত আবশ্যক।

ভারতবর্ষের আদালতে সর্ব্বসুদ্ধ দুই কোটি পঁচিশ লক্ষ টাকা ব্যয় হয়। এইক্ষণে যে ব্যয় বৃদ্ধি করিবার কল্পনা হইতেছে তাহাতে দুই কোটি পঞ্চাশ লক্ষ টাকা খরচ হইবে। কিন্তু হিসাব করিবার যে সদুপায় থাকে তদনুসারে হিসাব করিলে দেখা যায় যে বাদিরা ঐ ব্যয়ের মধ্যে কেবল পঞ্চাশ লক্ষ টাকা দিয়া থাকেন।

এই প্রযুক্ত ইষ্টাম্পের আইন অর্থাৎ ১৮৬২ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীল সংশোধন করিয়া যাঁহারা আদালতে মোকদ্দমা উপস্থিত করিয়া থাকেন তাঁহাদের স্থানে অধিক রাজস্ব প্রাপ্ত হওয়া এই পাণ্ডুলিপির উদ্দেশ্য। এবং ইষ্টাম্পের মাসুল সম্যকপ্রকারে পরিবর্ত্তন না করিয়া তাহা অপেক্ষাকৃত ন্যায্য হারে গ্রহণ করণদ্বারা সেই অভিপ্রায় সিদ্ধ হওনের সম্ভাবনা।

ইহার উদাহরণ ১১ প্রকরণে ইষ্টাম্পের যে মাসুল ধার্য্য হইয়াছে তদ্দ্বারা দরিদ্র শ্রেণীর বাদিদের অপেক্ষাকৃত অধিক হারে এবং ধনাঢ্য শ্রেণীদের অপেক্ষাকৃত ন্যূন হারে ঐ মাসুল দিতে হয় এবং সেই হারানুসারে লক্ষ টাকার মোকদ্দমায় যত ইষ্টাম্প লাগে পঞ্চাশ হাজার এক টাকার মোকদ্দমাতেও তত মাসুল লাগে।

পুনশ্চ। e চিহ্নিত মন্তব্যক্রমে যাঁহারা খতের উপর টাকার দাওয়া করেন আপনাদের দাওয়ার সম্পূর্ণ টাকার উপর তাঁহাদের ইষ্টাম্পের মাসুল দিতে হইত কিন্তু তদপেক্ষা ভূম্যধিকারী প্রভৃতি ধনাঢ্য ব্যক্তিদের সম্পত্তির উপর যে কর ধার্য্য আছে তাহার মূল্য কোন এক বৎসরের রাজস্বের তুল্য হওয়ার ন্যায় তাঁহাদের উপর ইষ্টাম্পের মাসুল বসান যায় (ক, খ, গ, নোট দেখ।) ফলতঃ তাঁহাদের সেই সম্পত্তির মূল্য, দশ বৎসরের রাজস্বের তুল্য ইহা সকলেই জানেন।

পুনশ্চ যাঁহারা খতের উপর টাকা দাওয়া করেন তাঁহাদের পূর্ব্ববৎ ইষ্টাম্পের মাসুল লাগিলেও যখন ভূম্যধিকারিরা আপনাদের গোমাস্তাদের হস্তগত টাকা পাইবার মোকদ্দমা করেন তখন (ভ) নোটমতে তাঁহাদের সেই দাবীকৃত টাকার কেবল চতুর্থাংশের ইষ্টাম্প দিতে হয়।

অতএব এই সকল অন্যায় বিধি রহিত করিয়া ইষ্টাম্পের মাসুল হইতে নিষ্কৃত নিবারণার্থে কোনং বিধান করিবার প্রস্তাব হইয়াছে, তাহা করিলে বোধ হয় রাজ্যের রাজস্বের অত্যন্ত বৃদ্ধি হইবে।

সি পি হবহৌস।

১৮৬৭ সাল ৫ ফেব্রুআরি।

উইটলী ষ্টোক্‌স,
দেশীয় ব্যবস্থাপক কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেন্টের আসিষ্ট্যান্ট সেক্রেটারী।

John Robinson, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১২ মার্চ।]

GOVERNMENT OF BENGAL.

Legislative Department.

The following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 23rd February 1867, and was referred to a Select Committee, who are to report thereon after the 27th of March next:—

A Bill for the better regulation of the Police in Towns and Municipalities in the Territories under the control of the Lieutenant-Governor of Bengal.

[Preamble.]

Whereas it is expedient to make better provision for the regulation and maintenance of the Police Force employed in Towns and Municipalities in the Territories under the control of the Lieutenant-Governor of Bengal: It it enacted as follows:—

[Interpretation.]

I. The following words and expressions in this Act shall have the several meanings hereby assigned to them, except where a different intention shall appear from the context, that is to say:—

["Magistrate."]

The word "Magistrate" shall include the Magistrate of a District, or a Magistrate in charge of a Division of a District.

["House."]

The word "House" shall include any shop or warehouse.

["Town."]

The word "Town" shall mean any city, town, suburb, station, or bazaar, or union, to which the provisions of Act XX of 1856, passed by the Governor General of India in Council, shall have been extended, and to which the provisions of Act III. of 1864, passed by the Lieutenant-Governor of Bengal in Council, shall not have been extended.

["Municipality."]

The word "Municipality" shall mean any town, suburb, station, bazaar, village, or tract of country to which the said Act III of 1864 shall have been extended.

[Gender.]

Words importing the masculine gender shall include the feminine.

[Number.]

Words importing the singular number shall include the plural, and words importing the plural number shall include the singular.

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের নিম্ন লিখিত পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ২৩ তারিখে পাঠ করা গিয়াছিল। তাহা বিশেষ কমিটীর প্রতি অর্পিত হইয়াছে, ও তাঁহারা আগামি মার্চ মাসের ২৭ তারিখের পর তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের অন্তর্গত নগরের ও মুনিসিপালিটীর পোলীসের অপেক্ষাকৃত সুবিধান করিবার আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের অন্তর্গত নগরে ও মুনিসিপালিটীতে যে পোলীসদল নিযুক্ত থাকেন তাঁহাদের ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণ করিবার অপেক্ষাকৃত সুবিধান করা বিহিত এই হেতুক নিম্ন লিখিত বিধান করা যাইতেছে।

[অর্থ করণের ধারা।]

১ধারা। এই আইনগত নিম্নলিখিত শব্দের ও কথার যে অর্থ এই ধারাতে করা গেল পূর্ব্বাপর কথার দ্বারা অভিপ্রায়ান্তর প্রকাশ না হইলে ঐ২ শব্দের ও কথার সেই অর্থ হইবে।

[মাজিস্ট্রেট।]

"মাজিস্ট্রেট" শব্দেতে জিলার মাজিস্ট্রেট কিম্বা জিলার কোন খণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত মাজিস্ট্রেটকে বুঝাইবে।"

[ঘর।]

"ঘর" শব্দেতে দোকান ও গোলা গণ্য।

[নগর।]

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রচলিত ১৮৫৬ সালের ২০ আইনের বিধান যে কোন শহরে কি নগরে কি শাখানগরে কি স্থানে কি বাজারে কি গ্রামসমাহারে বর্ত্তে এবং মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৪ সালের ৩ আইনের বিধান যে নগরাদিতে বর্ত্তান যায় নাই "নগর" শব্দে সেই নগরাদি বুঝাইবে।

[মুনিসিপালিটী।]

১৮৬৪ সালের উক্ত ৩ আইন যে নগরে কি শাখানগরে কি স্থানে কি বাজারে কি গ্রামে কি দেশখণ্ডে বর্ত্তান গিয়াছে মুনিসিপালীটী শব্দে সেই নগরাদি বুঝাইবে।

[লিঙ্গ।]

পুংলিঙ্গ বোধক শব্দেতে স্ত্রীলিঙ্গ বোধক সেই শব্দ গণ্য।

[বচন।]

এক বচনান্ত শব্দেতে বহু বচনান্ত সেই শব্দ ও বহু বচনান্ত শব্দেতে এক বচনান্ত সেই শব্দ গণ্য।

[Police in Towns and Municipalities to be part of Government Police Establishment.]

II. From and after the commencement of this Act, all Police Chowkeydars and Police Officers appointed in the Territories subject to the control of the Lieutenant-Governor of Bengal under the provisions of Act XX. of 1856 or of Act V. of 1861, passed by the Governor General of India in Council, or under the provisions of Act III. of 1864 or of Act II. of 1866, passed by the Lieutenant-Governor of Bengal in Council, shall be deemed to be a portion of the Police Establishment under the Local Government of the Lieutenant-Governor of Bengal, and shall, save as hereinafter appears, be subject to the provisions of the said Act V. of 1861.

[নগরের ও মুনিসিপালিটীর পোলীস গবর্ণমেণ্টের পোলীস কার্য্যকারকদের মধ্যে গণ্য হইবার কথা।]

২ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রচলিত ১৮৫৬ সালের ২০ আইনের ও ১৮৬১ সালের ৫ আইনের কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৪ সালের ৩ আইনের ও ১৮৬৬ সালের ২ আইনের বিধানমতে পোলীসের যে সকল চৌকীদার ও পোলীসের যে সকল কর্ম্মচারী বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশে নিযুক্ত থাকেন তাঁহারা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণরসাহেবের স্থানীয় গবর্ণমেণ্টের অধীন পোলীসের কর্ম্মকারকদের একাংশ জ্ঞান হইবেন এবং এই আইনের নিম্নভাগে অন্য অভিপ্রায় দৃষ্ট না হইলে ১৮৬১ সালের উক্ত ৫ আইনের বিধানের অধীন থাকিবেন ইতি।

[Repeal of Clauses.]

III. From and after the commencement of this Act, the various portions of Acts set forth in the Schedule hereto, shall stand and be repealed, except as to any act which shall have been done, or any liability which shall have been incurred, before the passing of this Act, and except so far as they repeal the whole or any part of any other Act, or ordinance, or regulation.

[প্রকরণ রহিত করিবার কথা।]

৩ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি আইনের যে২ অংশ ইহার তফসীলে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা রহিত হইবে কিন্তু এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে কোন কার্য্য করা গিয়া থাকে কি যে কোন দায় বর্ত্তিয়া থাকে তৎসম্পর্কে ঐ২ আইনের সেই সকল অংশ বলবৎ থাকিবে এবং সেই২ অংশের যে কোন কথার দ্বারা অন্য কোন আইন কি বিধান কি ব্যবস্থা রহিত করা গেল সেই কথা প্রবল থাকিবে ইতি।

[District Superintendent of Police to prepare a Budget.]

IV. From and after the commencement of this Act, the District Superintendent of Police shall, on or before the first day of November in each year, prepare, in such form as may from time to time be directed by the Lieutenant-Governor of Bengal, a Budget or Estimate of the expense of the Police Force in every Town and Municipality within his District, for the year to commence on the first day of January next after the preparation of such Budget, and shall present the Budget of every such Town to the Magistrate thereof, and the Budget of every such Municipality to the Chairman of the Municipal Commissioners thereof.

[পোলীসের ডিষ্ট্রিক্‌ট সুপরিণ্টেণ্ডেণ্টের বজেট প্রস্তুত করিবার কথা।]

৪ ধারা। এই আইন প্রচলিত হইবার কালাবধি পোলীসের ডিষ্ট্রিক্‌ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ যে পাঠ নিরূপণ করেন সেই পাঠে প্রতি বৎসর নবেম্বর মাসের ১ দিবসে কি তৎপূর্ব্বে তদনুগামি জানুআরি মাসের ১ দিনসাবধি আপনার ডিষ্ট্রিক্‌টের প্রত্যেক নগরের ও মুনিসিপালিটীর পোলীস দলের এক বৎসরের খরচের বজেট কি অনুমানপত্র প্রস্তুত করিবেন এবং ঐ২ নগরের বজেট মাজিষ্ট্রেট সাহেবকে ও উক্ত প্রত্যেক মুনিসিপালিটীর বজেট মুনিসিপল কমিসানরেরদের সভাপতিকে দিবেন ইতি।

[Contents of Budget.]

V. Every such Budget shall shew the number, constitution, and salaries of the Police Force to be maintained in any such Town or Municipality, and shall state whether the whole or some and what part of such expense is to be borne by rates to be levied in the Town or Municipality to which the same refers. Provided that the expense so to be borne shall not exceed such sum as would provide the pay of one Police Officer of the lowest grade for every twenty-five houses.

[বজেটের মর্ম্মের কথা।]

৫ ধারা। তদ্রূপ কোন নগরে কি মুনিসিপালিটীতে পোলীসের যে দলের রক্ষণাবেক্ষণ করিতে হইবে উক্ত প্রত্যেক বজেটে তাহাদের সংখ্যা ও সংস্থাপনের বিধি ও বেতন লেখা থাকিবে এবং বজেট যে নগর কি মুনিসিপালিটীসম্পর্কীয় হয় ঐ নগরাদিতে রেট ধার্য্য করিয়া সমুদয় ব্যয় কি তাহার একাংশ ও যে অংশ পোষণ করিতে হইবে তাহাও সেই বজেটে লেখা থাকিবে। কিন্তু যে ব্যয় তদ্রূপে পোষণ হইবে তাহা পঁচিশ২ ঘরের নিমিত্তে পোলীসের নিম্নতর শ্রেণীর এক২ জন কার্য্যকারকের বেতনের অধিক ধার্য্য হইবে না ইতি।

[Magistrate to consider Budget.]

VI. The Magistrate of every such Town shall forthwith proceed to consider such Budget,

[সেই বজেট মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনা করিবার কথা।]

৬ ধারা। তদ্রূপ প্রত্যেক নগরের মাজিষ্ট্রেট সাহেব ঐ বজেট অগৌণে বিবেচনা করিতে প্রবর্ত্ত হইবেন ও

and shall on or before the first day of December next, after receiving the same, either approve the same in whole or in part or refer the same in whole or in part, for the consideration of the said Lieutenant-Governor.

[Budget to be laid before Commissioners.]

VII. Every Chairman of the Municipal Commissioners to whom any such Budget shall be presented, shall forthwith cause copies of the said Budget to be circulated among such Commissioners, and shall lay the said Budget before such Commissioners at some Meeting of such Commissioners to be held not less than seven nor more than twenty-eight days after such Budget shall have been presented to him.

[Commissioners to consider Budget.]

VIII. Such Commissioners shall consider such Budget, and shall either pass the same in whole or in part, or shall refer the same in whole or in part, for the consideration of the said Lieutenant-Governor.

[Lieutenant-Governor to decide on Budget.]

IX. It shall be lawful for the said Lieutenant-Governor to consider so much of such Budget as shall be so referred, and to approve, or to reject, or to modify and approve as modified, the same or any part thereof.

[Amount of estimate in Budget to be deemed expense of Police Force.]

X. The total amount of such estimate as may be passed or approved as aforesaid so far as the same may, by such Budget as passed or approved, be directed to be borne by the rates to be levied in such Town or Municipality, shall, for the purposes of this Act, be deemed to be the expense of the Police of such Town or Municipality for the year for which such Budget shall have been presented.

[Municipal Commissioners to pay amount of expense to Lieutenant-Governor.]

XI. The Municipal Commissioners in every Municipality shall, out of the annual rate of such Municipality, cause to be paid to the said Lieutenant-Governor the expense of the Police Force of such Municipality, by equal quarterly instalments on the first day of January, the first day of April, the first day of July, and the first day of October in every year.

[Magistrate to raise amount of expense.]

XII. The Magistrate of every Town shall, by the ways and means in and by the said Act XX. of 1856, provided for raising the amount of the expense of Chowkeydars appointed under the same Act, cause to be levied and raised in such Town the amount of the expense

[Government Gazette, 12th March 1867.]

তাহা পাইবার পর ডিসেম্বর মাসের প্রথম দিনে কি তৎপূর্ব্বে সেই সম্পূর্ণ বজেট কি তাহার একাংশ অনুমোদন করিবেন অথবা সেই সম্পূর্ণ বজেট কি তাহার একাংশ উক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বিবেচনার্থে সমর্পণ করিবেন ইতি।

[কমিস্যনরেরদের সম্মুখে বজেট অর্পণ করিবার কথা।]

৭ ধারা। তদ্রূপ কোন বজেট মুনিসিপল কমিস্যনরদের যে সভাপতির প্রতি অর্পণ করা যায় তিনি সেই বজেটের কএক খান প্রতিলিপি করাইয়া ঐ কমিস্যনরদের মধ্যে অগৌণে বিলি করিবেন। এবং তাঁহার ঐ বজেট প্রাপ্ত হইবার পর সাত দিনের অন্যূন ও আটাইশ দিনের অনধিক কোন কালের মধ্যে ঐ কমিস্যনরদের কোন সভাতে ঐ বজেট তাঁহারদের সম্মুখে অর্পণ করিবেন ইতি।

[সেই বজেট কমিস্যনরদের বিবেচনা করিবার কথা।]

৮ ধারা। ঐ কমিস্যনরেরা সেই বজেট বিবেচনা করিবেন এবং তৎসমুদয় কি তাহার একাংশ গ্রাহ্য করিবেন কিম্বা তৎসমুদয় কি তাহার একাংশ উক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বিবেচনার্থে সমর্পণ করিবেন ইতি।

[লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সেই বজেটের নিষ্পত্তি করিবার কথা।]

৯ ধারা। উক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি ঐ বজেটের যে অংশ অর্পিত হয় তিনি তাহা বিবেচনা করিয়া তৎসমুদয় কি তাহার কোন অংশ অনুমোদন কি অগ্রাহ্য কি মতান্তর করিতে এবং মতান্তরিত-মতে অনুমোদন করিতে পারিবেন ইতি।

[বজেটের অনুমিত টাকা পোলীসদলের ব্যয় জ্ঞান হইবার কথা।

১০ ধারা। ঐ অনুমানপত্র পূর্ব্বোক্ত মতে গ্রাহ্য কি অনুমোদিত হইলে পর ঐ বজেট অনুসারে ঐ টাকার যে অংশ গ্রাহ্য কি অনুমোদিত হইয়া উক্ত নগরের কি মুনিসিপলিটির মধ্যে রেট ধার্য্য করণ-দ্বারা আদায় করিবার আজ্ঞা হয় এই আইনের কার্য্য সফল করণার্থে ঐ বজেট যে বৎসরের নিমিত্তে অর্পিত হইয়াছে ঐ মোট টাকা সেই বৎসরের নিমিত্তে সেই নগরের কি মুনিসিপলিটির পোলীসের খরচ জ্ঞান হইবে ইতি।

[সেই খরচের টাকা লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকে মুনিসিপাল কমিস্যনরদের দিবার কথা।]

১১ ধারা। প্রত্যেক মুনিসিপলিটির মুনিসিপল কমিস্যনরেরা ঐ মুনিসিপলিটির বার্ষিক রেট হইতে উক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকে ঐ মুনিসিপালিটির পোলীসদলের খরচ চারি সমান ভাগ করিয়া তিনং মাসে অর্থাৎ প্রতিবৎসর জানুআরি মাসের প্রথম দিবসে, আপ্রেল মাসের প্রথম দিবসে, জুলাই মাসের প্রথম দিবসে ও অক্টোবর মাসের প্রথম দিবসে দেওয়াইবেন ইতি।

[ঐ খরচের টাকা মাজিষ্ট্রেটের তুলিবার কথা।]

১২ ধারা। ১৮৫৬ সালের উক্ত ২০ আইনমতে যে চৌকীদারেরা নিযুক্ত হয় তাহাদের খরচের টাকা তুলিবার জন্যে উক্ত আইনেতে যে উপায়ের ও পথের বিধান হইয়াছে প্রত্যেক নগরের মাজিষ্ট্রেট সাহেব সেই পথে ও উপায়ে ঐ নগরের পোলীসের খরচ সেই নগরের মধ্যে আদায় করিবেন ও তুলিবেন। কিন্তু যে

of the Police of such Town. Provided always that in case such expense shall be levied by an assessment according to the circumstances and the property to be protected of the persons liable to the same, the aggregate sum to be raised by such tax shall not exceed the average rate of four annas per mensem for each house, and the amount assessed in respect to any one house shall not be more than the pay of a Chowkeydar of the lowest grade, and that in case such expense shall be levied by a rate on houses and grounds, it shall not exceed five per centum of the annual value thereof.

[Saving powers of Police Commissoner in Calcutta.]

XIII. Nothing in this Act shall deprive the Commissioner of Police for the Town of Calcutta of any power or authority over the Police within the Town of Calcutta and the Suburbs thereof, in him vested by the said Act IV. of 1866, or Act II. of 1866 of the Bengal Council, or otherwise; and the Inspector-General of Police shall not exercise over the Police within the said Town or Suburbs, any of the powers or authorities to him confided by the said Act V. of 1861.

[Deputy Commissioner to perform duties of District Superintendent under this Act.]

XIV. The Deputy Commissioner of Police for the Suburbs of Calcutta shall, for the purposes of this Act, be deemed to be the District Superintendent of the said Suburbs.

[Commencement of Act.]

XV. This Act shall, so far as respects the preparation, presentation, consideration, passing, and approval of Budgets, commence and take effect upon the first day of September now next ensuing, and as to the residue thereof shall commence and take effect upon the first day of January 1868.

ব্যক্তিদের ঐ টাক্স দিতে হয় যদি তাঁহাদের অবস্থা ও রক্ষণীয় সম্পত্তি অনুসারে টাক্স ধার্য্য হইয়া সেই খরচ আদায় করিতে হয়, তবে ঘরপ্রতি মাসে চারি আনার হার ধরিলে যত টাকা হয় ঐ টাক্সদ্বারা জোটে তাহার অধিক তুলিতে হইবে না। এবং কোন এক ঘরের উপর নিম্নতর শ্রেণীর এক চৌকীদারের বেতনের অধিক ধার্য্য হইবে না। যদি বাটীর ও ভুমির উপর রেট ধার্য্য করিয়া ঐ খরচ আদায় করিতে হয়, তবে গৃহাদির বার্ষিক মূল্যের উপর শতকরা ৫৲ টাকার অধিক হইবে না ইতি।

[কলিকাতার পোলীস কমিস্যনরের ক্ষমতা রক্ষার কথা।]

১৩ ধারা। কলিকাতা নগরের পক্ষে যিনি পোলীসের কমিস্যনর হন কলিকাতা নগরের ও শাখা নগরের পোলীসের উপর বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬৬ সালের উক্ত ৪ আইন কিম্বা ১৮৬৬ সালের ২ আইনমতে কি প্রকারান্তরে তাঁহার প্রতি যে কোন শক্তি ও ক্ষমতা অর্পিত হইয়াছে এই আইনের কোন কথার দ্বারা তিনি তাহাতে বঞ্চিত হইবেন না, এবং পোলীসের ইন্স্পেক্‌টর জেনরল সাহেবের প্রতি ১৮৬১ সালের উক্ত ৫ আইনের দ্বারা যে কোন ক্ষমতা কি শক্তি অর্পিত হইয়াছে তদনুসারে তিনি উক্ত নগর কি শাখা নগরের অন্তর্গত পোলীসের পক্ষে কার্য্য করিবেন না ইতি।

[এই আইনমত ডিষ্ট্রিক্‌ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের কর্ত্তব্য কর্ম্ম ডেপুটী কমিস্যনরের সম্পাদন করিবার কথা।]

১৪ ধারা। এই আইনের কার্য্য সফল হওনার্থে কলিকাতার শাখানগরের পোলীসের ডেপুটী কমিস্যনর সাহেব উক্ত শাখানগরের ডিষ্ট্রিক্‌ট সুপরিন্টেণ্ডেণ্ট জ্ঞান হইবেন ইতি।

[আইনের প্রারম্ভের কথা।]

১৫ ধারা। বজেট প্রস্তুত ও সমর্পণ ও বিবেচনা ও গ্রাহ্য করণ পক্ষে এই আইন আগামি সেপ্টেম্বর মাসের ১ দিবসে আরম্ভ হইয়া প্রচলিত হইবে এবং এই আইনের অবশিষ্ট কার্য্যপক্ষে ১৮৬৮ সালের জানুআরি মাসের ১ দিবসে আরম্ভ হইয়া প্রচলিত হইবে ইতি।

Schedule above referred to.

Number and Date of Act.	Title.	Extent of Repeal.
Act XX. of 1856 ...	An Act to make better provision for the appointment and maintenance of Police Chowkeydars in cities, towns, stations, suburbs, and bazaars, in the Presidency of Fort William in Bengal.	Sections 7, 8, 9, 11, 32, 33, 35, 50, 51, 52, 53, 54, 55, and 56.
Act III. of 1864 passed by the Lieutenant-Governor of Bengal in Council.	An Act to provide for the appointment of Municipal Commissioners in towns and other places in the Provinces under the control of the Lieutenant-Governor of Bengal, and to make better provision for the conservancy, improvement, and watching thereof, and for the levying of rates and taxes therein.	Section 34.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ১২ মার্চ।]

পূর্ব্ব উল্লিখিত তফসীল।

আইনের নম্বর ও তারিখ।	নাম।	যে অংশ রহিত হইল।
১৮৫৬ সালের ২০ আইন ..	বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অন্তঃপাতী শহরে ও নগরে ও মোকামে ও শহর তলীতে ও বাজারে পোলীসের চৌকীদারদিগকে নিযুক্ত ও প্রতিপালন করিবার উত্তম বিধান করিবার আইনের	৭, ৮, ৯, ১১, ৩২, ৩৩, ৩৫, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ও ৫৬ ধারা।
ব্যবস্থাপক সভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৪ সালের ৩ আইন	বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অধীনস্থ প্রদেশের নগরপ্রভৃতি স্থানে মুনিসিপল কমিসানরদিগকে নিযুক্ত করণের এবং সেই নগরাদির পারিপাট্য ও শ্রীবৃদ্ধি করিবার ও চৌকী দিবার ও তাহাতে কর ও টাক্স আদায় করিবার অপেক্ষাকৃত সুবিধান করণের আইনের ...	৩৪ ধারা।

Statement of Objects and Reasons.

The intention of the Legislature in passing Act V. of 1861, was to bring the entire Police of Bengal under a uniform system, and under the direct control of the Police Department. Inasmuch, however, as it omitted to make provisions in substitution for those of Act XX of 1856, or to repeal those Sections; it seems necessary, in order to carry out the intention of the first mentioned Act, to take away from the Magistrate or governing body in Towns and Municipalities all power of direct interference with the Police. The increased rate of wages now commonly paid, also makes it necessary to increase the maximum of the rate leviable for Police purposes; and the Act provides for giving to the Magistrate or governing body the power of considering the extent and cost of the Police Force, while it reserves for the Lieutenant-Governor the power of final decision upon those matters.

H. T. Prinsep.

The 16th February 1867.

J. Pitt Kennedy,

Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

১৮৬১ সালের ৫ আইন প্রচলিত করণে সাধারণ একি নিয়ম করণপূর্ব্বক বঙ্গদেশের সমুদয় পোলীস অব্যবহিতরূপে পোলীস কর্ম্মবিভাগের শাসনাধীন করা ব্যবস্থাপক গণের উদ্দেশ্য ছিল। কিন্তু ১৮৫৬ সালের ২০ আইনের যে বিধান ছিল তৎপরিবর্ত্তে অন্য বিধান করিবার কিম্বা ঐ২ ধারা রহিত করিবার ক্রটি হইয়াছে, এই হেতুক প্রথমোক্ত আইনের উদ্দেশ্য সফল করণাভিপ্রায়ে নগরের ও মুনিসিপালিটি সকলের মাজিষ্ট্রেট সাহেবের কি কর্ত্তা ব্যক্তিদের হইতে পোলীসের প্রতি অব্যবহিতরূপে হস্তক্ষেপ করিবার সকল ক্ষমতা হরণ করা আবশ্যক বোধ হইল। আরো এক্ষণে সাধারণমতে পূর্ব্বাপেক্ষা বর্দ্ধিত হারে বেতন দেওয়া গিয়া থাকে, অতএব পোলীস কার্য্যের নিমিত্তে যে অত্যুর্দ্ধ রেট আদায় করা যায় তাহাও বৃদ্ধি করা আবশ্যক হইল। এই আইনক্রমে মাজিষ্ট্রেট সাহেবের ও কর্ত্তা ব্যক্তিদের প্রতি পোলীসদলের সংখ্যা ও খরচ বিবেচনা করিবার ক্ষমতা দিবার বিধান হইয়াছে। কিন্তু শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি সেই২ বিষয়ের চূড়ান্ত নিষ্পত্তির ক্ষমতা অর্পিত হইয়াছে।

এচ টি প্রিন্সেপ।

১৮৬৭ সাল ১৬ ফেব্রুআরি।

জে পিট কেনেডি,

ব্যবস্থাপক কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 23rd February 1867, and was referred to a Select Committee, who are to report thereon after the 27th of March next —

A Bill to provide for the recovery of rates for water supplied by the East India Irrigation and Canal Company.

[Preamble.]

WHEREAS by a certain Indenture bearing date the 16th day of June 1862, and made between the Secretary of State for India in Council of the one part and the East India Irrigation and Canal Company of the other part, it was, amongst other things, agreed that the Company should construct certain works for irrigation, navigation, and the supply of water in the Districts and Deltas of the Rivers Mahanuddy, Byturni, and Brahmany, and their attributaries, and that when and so soon as any part of the said works should be certified as completed, so as to be available for the purposes of supplying water for the irrigation of land, the said Company should sell to the said Secretary of State alone, and the Secretary of State should purchase, the water which, according to the said Company's store or flow of water, and consistently with their other arrangements, should be capable of being supplied for the irrigation of land, but to the extent only to which the cultivators of such land might be willing to take the same at the prices fixed as thereinafter is mentioned, and that the said Company should supply such water in such manner and to such person or persons as the Governor General of India should from time to time, direct, and in and by the said Indenture it was provided that the prices to be chargeable for and in respect of water to be supplied by the Company's works for purposes other than the irrigation of land as against the parties using such water, and the tolls, rates, and fares to be chargeable by the said Company for and in respect of navigation of their works, and for the conveyance of passengers, animals, and goods therein, should be fixed by an Act of the Legislative Council of the Governor General of India, and whereas a portion of the said works have been completed so as to be available for the purposes of supplying water for the irrigation of land, and it is expedient to fix the rates which the said Irrigation and Canal Company may charge for the supply of water for purposes other than that of irrigation, and to provide for the speedy recovery of rates or dues for water supplied for irrigation of land or other purposes by the said Company: It is hereby enacted as follows.—

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ২৩ তারিখে পাঠ করা গিয়াছিল। তাহা বিশেষ কমিটীর প্রতি অর্পিত হইয়াছে, ও তাঁহারা আগামি মার্চ মাসের ২৭ তারিখের পর তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

ইষ্ট ইণ্ডিয়া ইরিগেশন্ ও কানাল কোম্পানি যে জল যোগান্, তজ্জন্যে রেট আদায় করিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

১৮৬২ সালের জুন মাসের ১৬ দিবসে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের এবং ইষ্ট ইণ্ডিয়া ইরিগেশন ও কানাল কোম্পানির মধ্যে নিয়মপত্র করা গিয়াছিল। তল্লিখিত অন্যান্য কথার মধ্যে এইং নিয়ম ব্যক্ত ছিল। মহানদী ও বৈতরণী ও ব্রাহ্মণী নদী ও তাহাতে অন্যান্য যে নদনদী প্রবাহিত হয় তাহার নিকটস্থ প্রদেশে ও দ্বীপে উক্ত কোম্পানি সেচনকার্য্যের ও নৌকাদি গমনের পথ করিবার ও জল যোগাইবার কারখানা প্রস্তুত করিবেন, এবং সেচন কার্য্যের উপযুক্ত পরিমাণের জল যোগাইবার নিমিত্তে উক্ত কারখানার কোন অংশ প্রস্তুত হইয়াছে এই কথা দৃঢ়রূপে প্রকাশ করিতে পারিলে, কোম্পানির জলের আধার কি প্রবাহ অনুসারে এবং অন্যান্য নিয়মের সঙ্গতমতে সেচন কার্য্যের জন্যে যত জল যোগান যাইতে পারে, উক্ত কোম্পানি কেবল উক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকটে সেই জল বিক্রয় করিবেন, এবং তিনি তাহা ক্রয় করিবেন। কিন্তু ঐ নিয়মপত্রে জলের যে মূল্য অবধারিত হইল, ঐ ভূমির কৃষাণেরা সেই মূল্য দিয়া যত দূর ঐ জল গ্রহণ করিতে ইচ্ছুক হন, তত দূর তাহা ক্রয় করিবেন। এবং ভারতবর্ষের গবর্ণর জেনরল সাহেব সময়েং যে নিয়মমতে যে ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে ঐ জল দিতে আজ্ঞা করেন, উক্ত কোম্পানি সেই নিয়মমতে ঐ ব্যক্তিদিগকে জল যোগাইয়া দিবেন। আরো সেই নিয়মপত্রে এই বিধান হইয়াছিল, যদি সেচন ভিন্ন অন্য কার্য্যের নিমিত্তে কোম্পানির কারখানাহইতে জল যোগান যায়, তবে ঐ জলব্যবহারি ব্যক্তিরদের যত মূল্য দিতে হইবে, এবং ঐ কোম্পানির কারখানাসংক্রান্ত নৌকাদি গমনের পথের নিমিত্তে ও তদুপলক্ষে এবং তদ্দ্বারা মনুষ্য ও পশু ও দ্রব্য চালান করিবার নিমিত্তে ঐ কোম্পানি যে মাসুল ও রেট ও ভাড়া লইতে পারিবেন, তাহা ভারতবর্ষের গবর্ণর জেনরল সাহেবের ঐ ব্যবস্থাপনীয় মন্ত্রিসভায় আইনদ্বারা নির্দ্ধারিত হইবে। এক্ষণে সেচনকার্য্যের জল যোগাইবার জন্যে ঐ কারখানার একাংশ প্রস্তুত হইয়াছে এবং অন্য কার্য্যের নিমিত্তে যে জল যোগান যায় তজ্জন্যে উক্ত ইরিগেশন ও কানাল কোম্পানি যে হারে মূল্য লইতে পারিবেন ইহা নিরূপণ করা বিহিত এবং উক্ত কোম্পানি সেচন কি অন্য কার্য্যের নিমিত্তে যে জল যোগান তাহার রেট কি প্রাপ্তব্য টাকা অত্বায় আদায় করিবার বিধান করা বিহিত, এইহেতুক নিম্নলিখিত বিধি করা যাইতেছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১২ মার্চ।]

[Power to supply water for purposes other than that of irrigation at rate fixed.]

I. The East India Irrigation and Canal Company may supply water for purposes other than that of irrigaton, and may charge for the supply thereof, a rate not exceeding the sum of one Rupee for four hundred cubic yards of water.

[Water shall be supplied from canals.]

II. Water for the purposes of irrigation shall be supplied from the canals of the said Company to such person or persons, and in such manner as the Governor General of India in Council shall, from time to time, direct, and at rates and under rules to be fixed from time to time, in accordance with the provisions of the said Indenture of the 16th day of June 1862, and such rules and rates shall from time to time, be published in the Official *Gazette* of Bengal.

[Rates to be payable to Government.]

III. All rates which shall be payable for water supplied for purposes of irrigation shall be payable to the Government, and the Government and all persons to whom such rates shall be farmed shall have all such and the same powers and remedies for the recovery thereof as they respectively would have had if such rates had been rent payable in respect of the land for the irrigation of which such rates shall be due. Provided always that the lien of the landlord for rent due in respect of such land shall have priority over any lien upon such land in respect of such rates.

[Power to farm out rates.]

IV. It shall be lawful for the Local Government either to collect such rates by Officers on the part of the Government, or to let out the same to farm to any person who shall be by such Local Government appointed farmer thereof. Every such farmer and his sureties, and his or their effects, shall be subject to such and the same and the like remedies, procedure, and authority as if he were the farmer from the Government of an Estate for the purpose of collecting therefrom the rent.

[Agreements for payment of water rate to be in writing.]

V. All agreements for payment of water-rate under this Act, and receipts for payment made under such agreements, shall be in writing and exempt from stamp duty, and such agreements shall be in such a form as from time to time shall be settled by the Local Government.

[Counterpart to be executed.]

VI. Every person who executes such agreement shall be entitled to receive from the

[সেচনভিন্ন অন্য কার্য্যের নিমিত্তে মূল্যের অবধারিত হারে জল যোগাইবার ক্ষমতার কথা।]

১ ধারা। ইষ্ট ইণ্ডিয়া ইরিগেশন ও কানাল কোম্পানি সেচন কার্য্যভিন্ন অন্য কার্য্যের নিমিত্তেও জল যোগাইতে পারিবেন, ও চারি শত ঘন গজ জলের নিমিত্তে এক টাকার অনধিক হারে ঐ জলের রেট লইতে পারিবেন ইতি।

[খালহইতে জল যোগাইবার কথা।]

২ ধারা। মান্যবরাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬২ সালের জুন মাসের ১৬ তারিখের উক্ত নিয়মপত্রের বিধানমতে সময়ে২ যে হার ও যে বিধি নিরূপণ করেন ও সময়ে২ যে ব্যক্তিকে কি যে ব্যক্তিদিগকে যে নিয়মমতে জল যোগাইয়া দিতে আজ্ঞা করেন, উক্ত কোম্পানি সেই প্রকারে সেই হার ও সেই বিধিমতে আপনাদের খালহইতে সেই ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে সেচন কার্য্যের জল যোগাইয়া দিবেন। ঐ বিধি ও হার বঙ্গদেশের রাজকীয় গেজেটে সময়ে২ প্রকাশ হইবে ইতি।

[গবর্ণমেণ্টকে রেট দিতে হইবার কথা।]

৩ ধারা। সেচন কার্য্যের যে জল যোগান যায় তাহার নিমিত্তে দাওয়া যাবৎ রেট গবর্ণমেণ্টের প্রতি অর্পণ করিতে হইবে। যদি সেই রেট বাকী পড়ে তবে যে ভূমিতে জল সেচন করা যায় তাহার রেট না হইয়া ভূমির কর হইলে গবর্ণমেণ্টের এবং ঐ রেট যাঁহাদের নিকটে ইজারা দেওয়া যায় তাঁহাদের ঐ কর আদায় করিবার যে শক্তি ও উপায় থাকিত ঐ জলের রেট আদায় করিতে তাঁহাদের সেই শক্তি ও উপায় থাকিবে। কিন্তু উক্ত ভূমির উপর ঐ রেটের উপলক্ষে যে দাওয়া হয় তদপেক্ষা সেই ভূমি উপলক্ষে বাকী করের নিমিত্তে ভূম্যধিকারীর যে দাওয়া তাহা সর্ব্বদা অগ্রগণ্য হইবে ইতি।

[রেট ইজারা দিবার ক্ষমতার কথা।]

৪ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট আপনাদের কার্য্যকারকদিগের দ্বারা সেই রেট সংগ্রহ করিতে পারিবেন। কিম্বা ঐ স্থানীয় গবর্ণমেণ্ট যাঁহাদিগকে ঐ রেটের ইজারদার স্বরূপ নিযুক্ত করেন তাঁহাদিগকে ঐ রেট ইজারা দিবেন। কোন মহালের কর আদায় করিবার জন্যে যে ব্যক্তি গবর্ণমেণ্টের পক্ষে ইজারদার হন, তাঁহার ও তদীয় প্রতিভূগণের ও তাঁহার কি তাঁহাদের সম্পত্তির উপরে যে উপায় ও কার্য্যপ্রণালী বর্ত্তে ও তাঁহারা যে ক্ষমতার বশতাপন্ন হন, পূর্ব্বোক্ত প্রত্যেক ইজারদারের ও তদীয় প্রতিভূগণের ও তাঁহার কি তাঁহাদের সম্পত্তির উপর সেই উপায় ও কার্য্যপ্রণালী বর্ত্তিবে ও তাঁহারা সেই ক্ষমতার বশতাপন্ন হইবেন ইতি।

[জলের রেট দিবার নিয়ম লিখিত হইবার কথা।]

৫ ধারা। এই আইনক্রমে জলের রেট দিবার যে সকল নিয়ম হয় এবং সেই নিয়মানুসারে টাকার যে রসীদ দেওয়া যায়, তাহা লিখনক্রমে হইবে। তাহাতে ইষ্টাম্পের মাশুল লাগিবে না। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে পাঠ নিরূপণ করেন ঐ নিয়মপত্র সেই পাঠে লিখিতে হইবে ইতি।

[তাহার অনুলিপি করিবার কথা।]

৬ ধারা। যে ব্যক্তি ঐ নিয়মপত্র সাধন করেন, তিনি যাঁহাকে ঐ নিয়মপত্র করিয়া দেন তাঁহার হাতে

person to whom such agreement is granted, a counterpart engagement in conformity with the terms of the agreement.

[Rates, except for continuous irrigation, may be required in advance.]

VII. It shall be lawful for the farmer or collector of water-rates to demand and receive payment in cash in advance for all water to be delivered for any purpose other than that of irrigation, and also for water delivered for occasional irrigation of crops not needing continuous irrigation.

[Suits to be heard in Collector's Court.]

VIII. The following suits shall be cognizable by the Collector of Land Revenue under the provisions and in accordance with the procedure of Act X of 1859, so far as the same may be applicable thereto, and except in the way of appeal as provided by the said Act, shall not be cognizable in any other Court, or in any other manner, that is to say :—

1st.—All suits for damages on account of the illegal exaction of water-rates, or on account of the refusal of receipts for water-rates paid, or on account of the extortion of rent by confinement or other duress.

2nd.—All suits for arrears of water-rates due on account of water supplied from the works of the East India Irrigation and Canal Company, either for the purpose of irrigation or for purposes other than that of irrigation.

3rd.—All suits to cancel any agreement for the supply of water from the said works on account of the non-payment of arrears of water-rates, or on account of a breach of the conditions by which such agreement may be liable to be cancelled.

4th.—All suits arising out of the exercise of the power of distraint under Act X of 1859, which power is by Sections 3, 4, and 5 of this Act extended to the collection of water-rates, or out of any acts done under color of the exercise of the said power of distraint.

5th.—All suits in respect of any refusal, irregularity, or insufficiency of the supply of water from the works of the aforesaid Company, both between the farmer or collector of the water-rates on behalf of Government and the East India Irrigation and Canal Company, and between such farmer and the consumers of the water supplied from the works of the said Company.

6th.—All suits by persons in receipt of the water-rates against any Agent employed by them in the collection of such water-rates or the sureties of such Agent, for money received or for

ঐ নিয়মপত্রের নিয়মানুযারি প্রতিজ্ঞাপত্র পাইতে স্বত্ববান ইতি।

[নিত্য জল সেচিবার নিমিত্ত না হইলে রেট অগ্রিম লওয়া যাইতে পারিবার কথা।]

৭ ধারা। সেচন কার্য্যভিন্ন অন্য কার্য্যের জল যোগাইতে হইলে, জলের রেটের ইজারদার কি সঞ্চয়কারী অগ্রিম মূল্য দাওয়া করিয়া লইতে পারিবেন। এবং যে শস্যে নিয়ত জল সেচিবার প্রয়োজন না হইযা কখনং দিতে হয়, তাহার রেটও সেই প্রকারে অগ্রিম লইতে পারিবেন ইতি।

[কালেক্টরের কাছারীতে মোকদ্দমা হইবার কথা।]

৮ ধারা। ১৮৫৯ সালের ১০ আইন নিম্নলিখিত মোকদ্দমায় যত দূর বর্ত্তিতে পারে তত দূর সেই আইনের বিধান ও কার্য্য প্রণালীমতে সেই সকল মোকদ্দমা ভূমির রাজস্বের কালেক্টর সাহেবের বিচার্য্য হইবে। এবং উক্ত আইনেতে আপীল করিবার যে বিধান আছে তৎক্রমে ঐ মোকদ্দমা অন্য আদালতে উপস্থিত হইতে পারিবে নতুবা অন্য আদালতে কি অন্য প্রকারে গ্রাহ্য হইবে না। মোকদ্দমা এইং,

১।—জলের রেট অন্যায়মতে গ্রহণ করা যায়, ও দেওযা গেলেও তাহার রসীদ পাওয়া যায় না, ও কারাবদ্ধ কি অন্য প্রকারে আসেধ করিয়া ঐ রেট বলপূর্ব্বক লওয়া যায় এইং হেতুতে ক্ষতিপূরণের সকল মোকদ্দমা।

২।—ইষ্ট ইণ্ডিযা ইরিগেশন ও কানাল কোম্পানি সেচন কার্য্যের কি তদ্ভিন্ন অন্য কার্য্যের নিমিত্তে জল দিলেও তাহার উপর জলের যে রেট বাকী হয় তাহা আদায় করিবার মোকদ্দমা।

৩।—জলের রেটের বাকী টাকা দেওয়া যায় নাই, এই হেতুক কিম্বা জল যোগাইবার যে নিয়ম লঙ্ঘন হেতুক ঐ নিয়মপত্র রহিত করা যাইতে পারে এই হেতুক জল যোগাইবার নিয়মপত্র রহিত করিবার মোকদ্দমা।

৪।—১৮৫৯ সালের ১০ আইনেতে ক্রোক করিবার যে ক্ষমতা ব্যক্ত আছে, তাহা এই আইনের ৩, ৪ ও ৫ ধারাক্রমে, জলের রেট আদায় করিবার কার্য্যে বর্ত্তান গিযাছে। সেই ক্রোক করিবার ক্ষমতাতে কিম্বা ঐ, ক্ষমতাক্রমে কার্য্য করিবার ছদ্মে যে ক্রিয়া করা যায়, তদ্ধেতুক মোকদ্দমা।

৫।—উক্ত কোম্পানির কারখানাহইতে জল যোগাইতে অস্বীকার কিম্বা যোগাইবার বিধিভঙ্গ কি জলের অপ্রতুলতা জন্যে জলের রেটের ইজারদারের কিম্বা গবর্ণমেণ্টের পক্ষে আদায়কারির ও ইষ্ট ইণ্ডিয়া ইরিগেশন ও কানাল কোম্পানির মধ্যে অথবা ঐ ইজারদারের এবং উক্ত কোম্পানির কারখানাহইতে যোগান জলব্যবহারিদের মধ্যে যে বিবাদ হয় তাহার মোকদ্দমা।

৬।—যে ব্যক্তিরা ঐ জলের রেট প্রাপ্ত হইবেন, তাঁহারা ঐ রেট সংগ্রহ করিবার জন্যে যে কর্ম্মচারিকে নিযুক্ত করেন, তাহার ঐ কার্য্য সম্পাদনক্রমে যে টাকা পাইয়াছেন কি যে হিসাব রাখিয়াছেন তাহা কিম্বা

accounts kept by such Agent in the course of such employment, or for papers in their possession.

[Limitations of suits.]

IX. Suits for arrears of water-rates shall be instituted within three years of the last day of the year in which the arrear claimed shall have become due : all other suits instituted under this Act shall be commenced within the period of one year from the date of the occurrence of the cause of action.

[Power to stop water supply.]

X. It shall be lawful for the farmer or collector of water-rates aforesaid, to stop the further supply of water to any consumer of water who may not have paid his rate on or before the date fixed in his agreement.

[Embankments to be deemed public embankments.]

XI. The embankments at either side of the Irrigation Company's canals and distributaries, and the banks of the cuttings between which the canals or distributaries may run, shall be held, for the purposes of Sections 16 and 17 of Act XXXII of 1855, to be public embankments under the said Act, and any person wilfully cutting or damaging such embankments shall be liable to the penalties prescribed in the said Sections of that Act.

[Theft of water.]

XII. Whoever shall wilfully abstract water from any of the Company's canals or distributaries, without payment for, or entering into an agreement for the same, or shall wilfully injure any of the Company's water-courses, shall be punishable under Sections 379, 430, and 431 of the Indian Penal Code.

[Interpretation.]

XIII. This Act shall be read with and taken as part of Act X. of 1859.

STATEMENT OF OBJECTS AND REASONS.

The East India Irrigation and Canal Company in the year 1862, entered into a contract with the Secretary of State. By this contract it was provided that the rates to be charged for the supply of water for purposes other than irrigation should be fixed by legislation A portion of the Canal, mentioned in this contract, has now been completed, and one of the objects of the Bill is to fix those rates.

By the same contract the Government has undertaken the duty of distributing water from the Company's Canals for the purpose of irrigation, and is liable for the rates payable in respect of such water. The other provisions of the Bill

তাঁহার নিকট যে কাগজপত্র থাকে তাহা পাইবার জন্যে ঐ কর্ম্মচারির নামে মোকদ্দমা ইতি।

[মোকদ্দমা করিবার সময়ের কথা।]

৯ ধারা। জলের রেট বাকী পড়িলে, ঐ রেট যে বৎসরে বাকী পড়ে তাহার শেষ দিন অবধি তিন বৎসরের মধ্যে ঐ বাকীর মোকদ্দমা উপস্থিত করিতে হইবে। অন্য যে সকল মোকদ্দমা এই আইনমতে উপস্থিত করা যায়, তাহা বিবাদের হেতু হইবার দিন অবধি এক বৎসরের মধ্যে আরম্ভ করিতে হইবে ইতি।

[জলের যোগান বন্ধ করিবার ক্ষমতার কথা।]

১০ ধারা। যদি জলব্যবহারী আপন নিয়মপত্রের নির্দ্ধারিত দিবসে কি তৎপূর্ব্বে রেট না দেন, তবে ইজারদার কিম্বা পূর্ব্বোক্ত জলের রেট আদায়কারি ঐ ব্যক্তি জল যোগান বন্ধ করিতে পারিবেন ইতি।

[বাঁধ রাজকীয় বাঁধ জ্ঞান হইবার কথা।]

১১ ধারা। ১৮৫৫ সালের ৩২ আইনের ১৬ ও ১৭ ধারামত কার্য্য সাধন হইবার জন্যে, ইরিগেশন কোম্পানির খালের ও শাখা খালের দুই দিগে যে বাঁধ থাকে এবং যে কাটা নালার মধ্যে ঐ খাল কি শাখা খাল যায় তাহার দুই ধারের বাঁধ উক্ত আইনমতে রাজকীয় বাঁধ জ্ঞান হইবে। যদি কোন ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক ঐ বাঁধ কাটিয়া দেয় কি তাহার হানি করে, তবে ঐ আইনের উক্ত ধারার নির্দ্ধারিত দণ্ডের যোগ্য হইবে ইতি।

[জল চৌর্য্যের কথা।]

১২ ধারা। যদি কোন ব্যক্তি কোম্পানির খালের কি শাখা খালের জলের মূল্য না দিয়া কিম্বা তাহার নিয়মপত্র না করিয়া উক্ত কোন খালের কি শাখা খালের জল ইচ্ছাপূর্ব্বক হরণ করে, কিম্বা ইচ্ছাপূর্ব্বক কোম্পানির কোন জলপ্রণালীর হানি করে, তবে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৭৯, ৪৩০ ও ৪৩১ ধারানুসারে তাহার দণ্ড হইতে পারিবে ইতি।

[অর্থ করিবার কথা।]

১৩ ধারা। এই আইন ১৮৫৯ সালের ১০ আইনের সঙ্গে তাহার অংশস্বরূপ পাঠ করিতে হইবে ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

ইষ্ট ইণ্ডিয়া ইরিগেশন ও কানাল কোম্পানি, ১৮৬২ সালে ষ্টেট সেক্রেটারী সাহেবের সঙ্গে চুক্তি করিয়াছিলেন। ঐ চুক্তিপত্রে এই বিধান ছিল যে, সেচনকার্য্যভিন্ন অন্য কার্য্যের নিমিত্তে যে জল যোগান যায়, তাহার রেট ব্যবস্থাপক সভায় আইন দ্বারা নির্দ্ধারিত হইবে। ঐ চুক্তিপত্রে যে খালের উল্লেখ হইয়াছে, তাহার একাংশ এইক্ষণে সম্পাদিত হইয়াছে, ঐ রেট নির্দ্ধার্য্য করা এই পাণ্ডুলিপির অন্যতর উদ্দেশ্য।

সেই চুক্তিতে গবর্ণমেণ্ট সেচন কার্য্যের নিমিত্তে কোম্পানির খালের জল বিলি করিতে স্বীকার করিয়াছেন, ও সেই জলের নিমিত্তে যত রেট লাগে তাহার জন্যে দায়ী আছেন। সেই রেট আদায়ের কার্য্য সহজ করা, ও তৎসম্পর্কীয় এবং সেচন কার্য্যের নিমিত্তে জল

are intended to facilitate the recovery of these rates, and to give summary power of determining questions relating to them, and to the supply of water for the purpose of irrigation.

V. H. SCHALCH.

The 16th February 1867.

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Dept.

যোগানসম্পর্কীয় বিবাদ সরাসরীমতে নিষ্পত্তি করা এই পাণ্ডুলিপির অন্যান্য বিধানের উদ্দেশ্য।

বি এচ শক।

১৮৬৭ সাল ১৬ ফেব্রুআরি।

জে পিট কেনেডি।
ব্যবস্থাপন কর্ম্ম বিভাগে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(Civil Side.)

No. 6.

All Zillah Judges and Judicial Commissioners, Lower Provinces,—(dated the 18th February 1867.)

It is the practice, in pursuance of a Circular order of the late Sudder Court, dated 3rd March 1852, No. 167,* to divide the papers making up the record in Civil suits into two portions called respectively Nuthi A and Nuthi B. It was the intention of that Court, in issuing the Circular in question, to separate from the record all purely formal and useless papers, so that all material parts thereof might be presented to the Appellate Courts unencumbered by what was unimportant and indeed useless.

2. It has been found in practice that, from rule want of proper attention, many papers come to be attached to the Nuthi B, which ought not to be there, and which are in fact important papers in the cause. The result is that, in some cases, the pleaders on both sides as well as the Court are in ignoranace of the existence of material papers, and that when the absence of such papers is discovered, the procuring them from the Court below occasions no trifling delay.

3. By Section 343, Civil Procedure Code, it is provided that, on receipt of intimation that an appeal has been "preferred, the lower Court shall * * * transmit to the Appellate Court, with all practicable dispatch, all material papers in the suit, or such papers as may be specially called for by the Appellate Court." If this direction of the law were carefully followed

* Page 469, Carrau.

বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরকূ্যলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

৬ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের সকল জিলার জজ ও জুডিসিয়ল কমিস্যনর সাহেব সমীপেষু।

কলিকাতা ১৮৬৭ সাল ১৮ ফেব্রুআরি।

দেওয়ানী মোকদ্দমাসংক্রান্ত যে সকল কাগজপত্র লইয়া রিকার্ড হয়, ভূতপূর্ব্ব সদর আদালতের ১৮৫২ সালের ৩ মার্চ তারিখের ১৬৭ নং * সরক্যুলর অর্ডর অনুসারে ঐ সকল কাগজপত্র A নথী ও B নথী নামক দুই ভাগে বিভক্ত করিবার রীতি আছে। উক্ত সরক্যুলর প্রচার করণে ঐ আদালতের এই উদ্দেশ্য যে, কেবল রীতি রক্ষার নিমিত্তে যে কাগজপত্র অন্য কর্ম্মে লাগে না, তাহা পৃথক করা যায়। ও রিকার্ডের প্রয়োজনীয় সমুদয়াংশ অপ্রয়োজনীয় ও অকর্ম্মণ্য ভাগে ভারাক্রান্ত না হইয়া আপীল আদালতে উপস্থিত করা যায়।

২। কার্য্যক্রমে দেখা গেল যে উপযুক্ত মনোযোগ না হওয়াপ্রযুক্ত B নথীর মধ্যে যে কাগজ দেওয়া অনুচিত ও মোকদ্দমা পক্ষে যাহা অত্যন্ত গুরুতর এমত অনেক কাগজ সেই নথীর মধ্যে পড়ে। তাহাতে এই ফল হয়, উভয় পক্ষের উকীলেরা এবং আদালতও কোন২ গুরুতর কাগজপত্র থাকার বিষয় কিছুই জানেন না। পরে ঐ কাগজ না থাকা প্রকাশ হইলে, নিম্নতর আদালতহইতে তাহা আনাইতে অল্প বিলম্ব হয় না।

৩। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৪৩ ধারার এই বিধি। "আপীল হইবার সম্বাদ পাইলে নিম্নতর আদালত মোকদ্দমাসম্পর্কীয় গুরুতর সকল কাগজপত্র কিম্বা আপীল আদালত যে কাগজপত্র বিশেষমতে তলব করেন, তাহা সাধ্যমতে শীঘ্র করিয়া আপীল আদালতে পাঠাইবেন।" জিলার জজ সাহেবেরা ও প্রধান সদর আমীনেরা যদি মনোযোগপূর্ব্বক আইনের এই আদেশমতে কর্ম্ম করিতেন, তবে

* কারো সাহেবের পুস্তকের ৪৬৯ পৃষ্ঠা।

by the Zillah Judges and Principal Sudder Ameens, the High Court would not have so much cause to complain of the evil above mentioned, as it now has.

4. With a view to the strict observance of this rule in future, the Court now direct that, in all cases where the record is called for on appeal, it shall be invariably accompanied by a separate certificate under the signature of the principal ministerial officer of the Court from which the case is transmitted, to the effect that he sends up all material papers in the suit. Such certificate should be in the words following:

Regular (or special as this may be) Appeal
No. of

Appellant.
Respondent.

I, A. B., of the Court , from whose judgment the present appeal is preferred, certify that the record herewith transmitted under orders of the High Court, dated 186 , contains all material papers in the suit, and that I have satisfied myself that no papers essential to the determination of the appeal have been kept back under the denomination of Nuthi B, or otherwise.

Zillah A. B.
(*or as the case may be*)

Dated

5. The High Court have had also frequent occasion to observe the want of order in records transmitted to them, and the transposal, as well as the occasional disappearance, of documents and papers from the Misl. This could rarely happen if the fly leaf or Index prescribed by Circular Order No. 186, dated 24th October 1861, were properly kept up, and transmitted with the record sent up on appeal. But the Court have observed that this fly leaf is in numerous instances entirely wanting.

6. They desire, therefore, that every Zillah Judge will satisfy himself, and report in a month from this time, whether the Circular Order in question is observed in his own Court, and in the Subordinate Courts of the district, and that where it has fallen into disuse, it may be revived and carefully maintained, and that the fly leaf kept up in pursuance thereof be in all cases transmitted to this Court, together with the Nuthi sent up on appeal.

By order of the High Court,

(Sd.) L. R. TOTTENHAM,
Registrar.

[*Government Gazette, 12th March* 1867.]

উপরোক্ত দোষের বিষয়ে হাই কোর্টের যত আক্ষেপ করিতে হইয়াছে তত করিবার কারণ থাকিত না।

৪। উক্ত বিধি এই অবধি অতিদৃঢ়মতে মান্য যায় এই কারণে কোর্ট এখন এই আজ্ঞা করিতেছেন। যখন আপীল হইয়া রিকার্ড পাঠাইবার আজ্ঞা হয়, তখন যে আদালতহইতে মোকদ্দমা প্রেরণ করা যায় সেই আদালতের প্রধান আমলা, মোকদ্দমার গুরুতর সকল কাগজপত্র পাঠাইলাম, এই মর্ম্মের স্বতন্ত্র সংশিতপত্র লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া ঐ রিকার্ডের সহিত পাঠাইবেন। ঐ সংশিতপত্রের পাঠ এই।

নম্বরী (কিম্বা বিষয়বিশেষে খাস) আপাল।
অমুক সালের অমুক নম্বর।

আপেলান্ট
রেস্পাণ্ডেণ্ট

অমুক আদালতের বিচারের উপর এই আপীল হইয়াছে। হাই কোর্টের অমুক সালের অমুক মাসের অমুক তারিখের আজ্ঞাক্রমে ইহার সহিত যে রিকার্ড পাঠান যাইতেছে, তাহার মধ্যে মোকদ্দমার গুরুতর সকল কাগজপত্র আছে। আপীল নির্ণয় করিবার জন্যে যে সকল কাগজপত্র আবশ্যক হয়, B নথীর নাম করিয়া কি অন্য প্রকারে তাহা রাখি নাই। উক্ত আদালতের শ্রী অমুক আমি এই সংশিতপত্র লিখিয়া দিলাম।

জিলা শ্রীঅমুক
তারিখ।

৫। যে সকল কাগজপত্র পাঠান গিয়া থাকে তাহা শ্রেণীবদ্ধ হয় না এবং মিছিলের কোন২ কাগজপত্র ও লেখ্য অনুচিত স্থানে দেওয়া যায় কখন২ অদৃশ্যও হয় হাই কোর্ট ইহা বারম্বার দৃষ্টি করিয়াছেন। ১৮৬১ সালের অক্টোবর মাসের ২৪ তারিখের ১৮৬ নম্বরের সরকুলর অর্ডরেতে যে শাদা পাত রাখিবার কি নির্ঘণ্ট করিবার আদেশ হইয়াছিল তাহা যদি উপযুক্তরূপে রাখা যাইত, এবং আপীল হইলে রিকার্ডের সঙ্গে পাঠান যাইত তবে উক্ত প্রকারের গোলযোগ হইত না প্রত্যুত: হাই কোর্টের সাহেবেরা দেখিতে পাইয়াছেন যে ঐ শাদা পাত অনেক বার থাকে না।

৬। অতএব হাই কোর্ট আজ্ঞা করিতেছেন যে, জিলার জজ সাহেবের আদালতে এবং নিম্নতর সকল আদালতে পূর্ব্বোক্ত সরকুলর অর্ডর অনুসারে কার্য্য হইয়া থাকে কি না প্রত্যেক জিলার জজ সাহেব এই বিষয় ভালমতে অবগত হইয়া এই সময়াবধি এক মাসের মধ্যে রিপোর্ট করেন। যদি কোন স্থলে ঐ সরকুলর অর্ডর প্রবল না হয়, তবে তাহা পুনশ্চ প্রবল করিয়া মনোযোগপূর্ব্বক পালন করিতে হইবে ও আপীল হইলে যখন নথী পাঠান যায় তখন ঐ সরকুলরমতে যে শাদা পাত থাকে তাহাও নথীর সঙ্গে এই আদালতে পাঠাইতে হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এল আর টটেনহাম,
রেজিষ্ট্রার।

(*Criminal Side.*)

No. 1.

To all Criminal Authorities, Lower and Extra-Regulation Provinces,—(dated the 12th February 1867)

The Court are pleased to issue the following instructions relative to the procedure enjoined in Chapter XII, Act XXV of 1861:—

2. Section 226 of the Code of Criminal Procedure enacts that when evidence has been given before a Magistrate, which appears to be sufficient for the conviction of the accused person of an offence which is triable exclusively by the Court of Session, or which, in the opinion of the Magistrate, is one that ought to be tried by the Court of Session, the accused person shall be sent, by the Magistrate, for trial before the Court of Session. The Section then proceeds to provide for a case in which the accused person is a European British subject.

3. Section 225 enacts that when a Magistrate finds that there are not sufficient grounds for committing the accused person to take his trial before the Court of Session, or for remanding him, he shall discharge him, unless it shall appear to the Magistrate that such person should be put upon his trial before himself, in which case he shall proceed under Chapter XIV of the said law.

4. By Section 40 of the Penal Code, the word 'offence' denotes a thing made punishable by that Code, and by Section 6 every definition of an offence shall be understood subject to the exceptions contained in the Chapter entitled 'General Exceptions.' If, therefore, the evidence given before a Magistrate upon a preliminary enquiry relating to an offence exclusively triable by a Court of Session, satisfies him that the act or omission charged against the accused is brought within one of the general exceptions of the Penal Code, the Magistrate would be wrong in committing the accused person for trial. This would be the case whether the evidence by which the Magistrate is so satisfied, is that which arises from the examination and cross-examination of witnesses called in support of the prosecution, or of witnesses summoned by the Magistrate on behalf of the accused under the provisions of Section 207 of the Code of Criminal Procedure. By the last mentioned Section, it is left entirely to the discretion of the Magistrate upon such preliminary enquiry either to summon or not witnesses offered on behalf of the accused person to answer or disprove the evidence against him.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১২ মার্চ।]

ফৌজদারী পক্ষ।

১ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের ও আইন বহির্ভূত প্রদেশের সকল ফৌজদারী কর্ত্তৃপক্ষ সমীপেষু।

কলিকাতা ১৮৬৭ সাল ১২ ফেব্রুআরি।

১৮৬১ সালের ২৫ আইনের ১২ অধ্যায়ে যে কার্য্যপ্রণালীর আজ্ঞা হইয়াছে তদ্বিষয়ে হাই কোর্টের সাহেবেরা নিম্নলিখিত উপদেশ প্রচার করিতেছেন।

২। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২২৬ ধারার এই আজ্ঞা, "মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে যে সাক্ষ্য দেওয়া যায় তদ্দ্বারা যদি দৃষ্ট হয় যে অভিযুক্ত ব্যক্তি যে অপরাধের অপরাধী হইতে পারে তাহা কেবল শেসন আদালতের বিচার্য্য, কিম্বা তাঁহার বিচার মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে শেসন আদালতে হওয়া উচিত, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ অভিযুক্ত ব্যক্তিকে সেশন আদালতে বিচার হইবার নিমিত্তে পাঠাইবেন।" পরে অভিযুক্ত ব্যক্তি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হইলে যাহা করিতে হয় ঐ ধারাতে তাহার বিধান আছে।

৩। ২২৫ ধারার এই বিধি। "মাজিষ্ট্রেট সাহেব যদি দেখিতে পান যে অভিযুক্ত ব্যক্তিকে শেসন আদালতে বিচারার্থে সমর্পণ করিবার কিম্বা অন্য দিন পর্য্যন্ত তাঁহাকে রাখিবার উপযুক্ত কোন হেতু নাই, তবে তিনি তাহাকে মুক্ত করিবেন। কিন্তু মাজিষ্ট্রেট সাহেব তাহাকে আপনার সম্মুখে বিচারার্থে উপস্থিত করা উচিত বোধ করিলে ঐ আইনের ১৪ অধ্যায়মতে কার্য্য করিবেন।"

দণ্ডবিধির আইনের ৪০ ধারার এই কথা "ঐ আইনমতে যে ক্রিয়ার দণ্ড হইতে পারে তাহাকে অপরাধ বলা যায়" এবং ৬ ধারামতে "অপরাধের যে লক্ষণ করা হইয়াছে তাহাতে 'সাধারণ বর্জ্জিত কথা', এই নামীয় অধ্যায়ের লিখিত বর্জ্জিত কথাসকল সম্পর্ক রাখে বুঝিতে হইবে।" অতএব কেবল সেশন আদালতের বিচার্য্য অপরাধ সম্পর্কীয় প্রথম স্থলীয় অনুসন্ধান কালে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে যে সাক্ষ্য দেওয়া যায় তদ্দ্বারা অভিযুক্ত ব্যক্তির নামে যে ক্রিয়ার কি ত্রুটির অভিযোগ হইয়াছে তাহা দণ্ডবিধির আইনের সাধারণ কোন বর্জ্জিত কথার মধ্যে আইসে, মাজিষ্ট্রেট সাহেব যদি ইহা হৃদ্বোধমতে জানিতে পারেন, তবে সেই অভিযুক্ত ব্যক্তিকে বিচারার্থে সমর্পণ করিলে দোষী হন। যে প্রমাণ দ্বারা মাজিষ্ট্রেট সাহেবের উক্ত প্রকারে হৃদ্বোধ হয়, অভিযোগের প্রতিপোষণার্থ যে সাক্ষিদিগকে আহ্বান করা যায় তাঁহারদের, কিম্বা মাজিষ্ট্রেট সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২০৭ ধারার বিধানমতে অভিযুক্ত ব্যক্তির পক্ষে যে সাক্ষিদিগকে আহ্বান করেন তাঁহারদের পরীক্ষা কি দ্বিতীয় পরীক্ষা দ্বারা সেই প্রমাণ প্রাপ্ত হইলেও, তাঁহার উক্ত স্থলে দোষী হইতে হয়। মাজিষ্ট্রেট সাহেব শেষোক্ত ধারাক্রমে উক্ত প্রথমস্থলীয় অনুসন্ধান কালে, অভিযুক্ত ব্যক্তির পক্ষীয় যে সাক্ষিদের নাম করা যায় তাহারদিগকে ঐ ব্যক্তির বিপক্ষ প্রমাণের উত্তর কি অপ্রমাণ করণার্থ স্বেচ্ছাক্রমে আহ্বান করিতে পারিবেন।

5. The discharge of a prisoner under Section 225 of the Code of Criminal Procedure does not amount to an acquittal, and the accused would be liable to further proceedings, if necessary, and under Section 435 of the same Code the Court of Session may order him to be committed.

By order of the High Court,
(Sd.) L. R. TOTTENHAM,
Registrar.

৫। প্রতিবাদী ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২২৫ ধারামতে মুক্ত হইলেও তাহা তাঁহাকে নির্দ্দোষ করণের তুল্য হয় না। আবশ্যক হইলে অভিযুক্ত ব্যক্তি সম্পর্কে মোকদ্দমাঘটিত অধিক কার্য্য হইতে পারে এবং ঐ আইনের ৪৩৫ ধারামতে সেশন আদালত তাহাকে সমর্পণ করিবার আজ্ঞা করিতে পারিবেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এল আর টটনহাম।
রেজিষ্ট্রার।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

HOME DEPARTMENT.

NOTIFICATIONS.

Fort William, the 19th February 1867.

No. 1695.

Mr. A. M. Monteath, Under-Secretary to the Government of India, Home Department, took charge of his Office from Mr. W. E. Ward on the forenoon of the 14th instant.

No. 1696.

Mr. W. E. Ward will continue to officiate as Under-Secretary to the Government of India in the Home Department, during the period that Mr. Monteath is employed on special duty, or until further orders.

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৬৭ সাল ১৯ ফেব্রুআরি।

১৬৯৫ নম্বর।

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী শ্রীযুত এ এম মণ্টিথ সাহেব এই মাসের ১৪ তারিখের পূর্ব্বাহ্ণে শ্রীযুত ডবলিউ ই ওয়াড সাহেবের স্থানে আপন কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

১৬৯৬ নম্বর।

শ্রীযুত মণ্টিথ সাহেব যত কাল বিশেষ কার্য্যে নিযুক্ত থাকেন কি অন্য আজ্ঞা না হয় তত কাল শ্রীযুত ডবলিউ ই ওয়াড সাহেব হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারীর কর্ম্ম করিতে থাকিবেন।

ই সি বেলি,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 891.

APPOINTMENTS.

The 26th February 1867.

Baboo Judoo Nath Mookerjee, Special Deputy Collector in Midnapore and Howrah, is appointed, under Section 3, Act VI. of 1857, to take order for the acquisition of lands in the District of Balasore, for the road from Jellasore to Bellighye.

The 27th February 1867.

First Grade Sub-Assistant Surgeon Ram Soonder Ghose to have charge of the Dispensary at Berhampore.

First Grade Sub-Assistant Surgeon Sree Nath Mookerjee is appointed to the Vaccine Department at the Presidency.

Second Grade Sub-Assistant Surgeon Baney Madhub Tagore to have charge of the Dispensary at Tirhoot.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৮৯১ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ২৬ ফেব্রুআরি।

মেদিনীপুরের ও হাবড়ার বিশেষ ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যদুনাথ মুখোপাধ্যায় ১৮৫৭ সালের ৬ আইনের ৩ ধারামতে বালেশ্বর জিলার অন্তর্গত জলেশ্বরঅবধি বেলগায পর্য্যন্ত রাস্তা করিবার নিমিত্তে ভূমি গ্রহণের কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

১৮৬৭ সাল ২৭ ফেব্রুআরি।

প্রথম শ্রেণীর সব-আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত রামসুন্দর ঘোষ বহরমপুরস্থ ঔষধালয়ের কর্ম্মের ভার পাইবেন।

প্রথম শ্রেণীর সব-আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত শ্রীনাথ মুখোপাধ্যায় রাজধানীতে টীকা দেওন কার্য্য-বিভাগে নিযুক্ত হইয়াছেন।

দ্বিতীয় শ্রেণীর সব-আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বেণীমাধব ঠাকুর ত্রিহুতস্থ চিকিৎসালয়ের কর্ম্মের ভার পাইবেন।

Baboo Juggo Mohun Roy, Deputy Magistrate and Deputy Collector, Balasore, is appointed, under Section 3, Act VI. of 1857, to take order for the acquisition of the land required by the Irrigation Company in the Districts of Cuttack and Balasore for a Canal between the Brahmnee and Byternee Rivers, and is vested with the powers of a Magistrate in those Districts.

Baboo Protap Chunder Chatterjee, B. L., Deputy Magistrate and Deputy Collector of Nuddea, to have temporary charge of the Sub-Division of Kooshteah, during the absence, on leave, of Mr. H. S. Beadon, or until further orders. Baboo Protap Chunder Chatterjee will also officiate as Chief Officer of Customs at Kooshteah, under Act VI. (B. C.) of 1863.

With the sanction of His Excellency the Governor General of India, the Lieutenant-Governor has been pleased to appoint the following gentlemen to be Members of the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations, *viz.*:—

Mr. F. R. Cockerell.
" S. S. Hogg.

The 28th February 1867.

Mr. W. G. Black, Officiating Deputy Magistrate and Deputy Collector, Purneah, to be a Deputy Magistrate and Deputy Collector on probation.

Mr. M. Rattray, Officiating Deputy Magistrate and Deputy Collector, Balasore, to be a Deputy Magistrate and Deputy Collector on probation.

Baboo Koylash Chunder Ghose to be a Special Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, in the Cuttack Division, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in all the Districts of that Division.

Mr. W. Wavell to be Joint-Magistrate and Deputy Collector of Moorshedabad, but to continue to officiate, until further orders, as Magistrate and Collector of Bograh.

Mr. J. O'Kinealy to be a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade at Jessore, but to continue to officiate, until further orders, as Joint-Magistrate and Deputy Collector of Jessore.

The above two appointments will have effect from the 23rd instant.

Mr. J. Monro to be Secretary to the Local Committee of Public Instruction at Jessore.

Mr. W. G. Deare, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Nurail, and to exercise the powers of a Magistrate in Jessore.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১২ মার্চ।]

বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জগন্মোহন রায় ১৮৫৭ সালের ৬ আইনের ৩ ধারামতে কটক ও বালেশ্বর জিলার অন্তর্গত ব্রাহ্মণী ও বৈতরণী নদীর মধ্যে খাল করণার্থে ইরিগেশন কোম্পানির প্রয়োজনীয় ভূমি গ্রহণের নিমিত্তে নিযুক্ত হইয়াছেন এবং ঐ২ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত এচ, এস বীডন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রতাপচন্দ্র চট্টোপাধ্যায় বি, এল, কিয়ৎকালের নিমিত্তে কুষ্ট্যা শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন। আরো তিনি বঙ্গদেশের ১৮৬৩ সালের ৬ আইনমতে কুষ্ট্যার কষ্টমের প্রধান কার্য্যকারকের কর্ম্ম করিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ভারতবর্ষের মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে নিম্নলিখিত মহাশয়দিগকে আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সভ্যের পদে বরণ করিলেন।

শ্রীযুত এফ আর কক্রেল সাহেব।
,, এস এস হগ সাহেব।

১৮৬৭ সাল ২৮ ফেব্রুআরি।

পূর্ণিয়ার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ জি ব্লাক সাহেব পরীক্ষার্থ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

বালেশ্বরের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এম রাট্রে সাহেব পরীক্ষার্থ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র ঘোষ কটকখণ্ডে ১৮৪৩ সালের ১৫ আইনমতে বিশেষ ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইবেন, এবং উক্ত খণ্ডের সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ ওয়েবেল সাহেব মুরশিদাবাদের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত বগুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত জে ও'কিনীলি সাহেব যশোহরে দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত যশোহরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

উপরোক্ত দুই নিয়োগ এই মাসের ২৩ তারিখঅবধি প্রবল হইবে।

শ্রীযুত জে মনরো সাহেব যশোহরস্থ সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারী হইবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ জি ডিয়র সাহেব নড়াইল শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন ও যশোহরে মাজিষ্ট্রেটে ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

Mr. W. M. Sonttar, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Magoorah.

The 1st March 1867.

Dr. J. Elliot to be Civil Surgeon of Cuttack.

Moulvie Mahomed, Deputy Magistrate and Deputy Collector of Sarun, is transferred to Chumparun, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the latter District.

Mr. W. J. Kilby to officiate temporarily as District Superintendent of Police, Gya.

Mr. S. J. Leslie to be a Marriage Registrar in the 24-Pergunnahs, under Act V. of 1852. Mr. Leslie is further licensed, under Section 47, Part V., Act V. of 1865, to grant certificates of marriage between Native Christians being Converts from any religion in India.

The 2nd March 1867.

The Reverend F. F. Mazuchelli, D. D., to be Chaplain of Dacca.

Lieutenant W. Barron, Revenue Surveyor, is vested with the powers of a Deputy Collector, under Regulation IX. of 1833, in the Province of Assam.

The 4th March 1867.

Mr. J. Farquharson to be Special Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, in the Cuttack Division, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in all the Districts of that Division.

Moulvy Synd Nassirooddeen Mahomed, Moonsiff of Sundeep, is vested with powers, under Section 1, Act X. of 1854, of receiving and trying cases within his competence and with those of a Magistrate, under Act VII. (B. C.) of 1864, for the trial of salt cases.

LEAVE OF ABSENCE.

The 26th February 1867.

Mr. J. D. White, Sub-Assistant Commissioner, Nya Doomka, for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, from the date on which he may avail himself of the leave.

The 27th February 1867.

Mr. H. S. Beadon, Assistant Magistrate and Deputy Collector of Kooshteah, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

The 28th February 1867.

Mr. J. R. Hallett, Assistant Magistrate and Deputy Collector of Bood-Bood, for two months,

[*Government Gazette*, 12*th March* 1867.]

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ এম স্কটর সাহেব মাগুড়া শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

১৮৬৭ সাল ১ মার্চ।

ডাক্তর শ্রীযুত জে এলিয়ট সাহেব কটকের সিবিল চিকিৎসক হইবেন।

সারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ চাম্পারণে নিযুক্ত হইয়াছেন, এবং শেষোক্ত জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত ডবলিউ জে কিল্‌বি সাহেব কিয়ৎকালের নিমিত্তে গয়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এস জে লেস্‌লী সাহেব ২৪ পরগনায় ১৮৫২ সালের ৫ আইনমতে বিবাহের রেজিষ্ট্রার হইবেন। ও ভারতবর্ষের কোন ধর্ম্মের পরিবর্ত্তে যাঁহারা খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বী হন তাঁহারদিগকে ১৮৬৫ সালের ৫ আইনের পঞ্চম খণ্ডের ৪৭ ধারামতে বিবাহের সর্টিফিকট দিবারও অনুমতি পাইয়াছেন।

১৮৬৭ সাল ২ মার্চ।

পাদরী শ্রীযুত এফ এফ মাজুকেলী সাহেব ডি, ডি, ঢাকার ধর্ম্মোপদেশক হইবেন।

রাজস্বের জরীপী কার্য্যকারক লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ বারণ সাহেব আসাম প্রদেশে ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৭ সাল ৪ মার্চ।

শ্রীযুত জে ফারকোয়ার্সন সাহেব কটকখণ্ডে ১৮৪৩ সালের ১৫ আইনমতে বিশেষ ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইবেন, এবং উক্ত খণ্ডের সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

সন্দীপের মুনসেফ শ্রীযুত মৌলবী সৈয়দ নাসীরুদ্দীন মহম্মদ আপন ক্ষমতাধীন মোকদ্দমা গ্রহণ ও বিচার করণার্থে ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার লিখিত ক্ষমতা এবং লবণ সংক্রান্ত মোকদ্দমার বিচারার্থে বঙ্গদেশের ১৮৬৪ সালের ৭ আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৬৭ সাল ২৬ ফেব্রুআরি।

নয়াডুমকার সব-আসিষ্টান্ট কমিস্যনর শ্রীযুত জে ডি ওয়াইট সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি ভারতবর্ষের পক্ষ মহিমনয় শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ২৭ ফেব্রুআরি।

কুষ্ট্যার আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ এস বীডন্ সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ২৮ ফেব্রুআরি।

বুদবুদের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে আর হালেট সাহেব যে তারিখে তাঁহার

under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may be relieved by his successor.

Mr. G. K. Webster, Assistant Magistrate and Deputy Collector of Kendraparrah, for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may have availed himself of the leave, under the orders of the Commissioner of Cuttack.

Baboo Hurro Chunder Ghose, Deputy Magistrate and Deputy Collector of Bancoorah, for one month, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under the orders of the 4th December last.

Baboo Tariny Churn Mitter, Deputy Magistrate and Deputy Collector of Rajshahye, for one month, from the 11th proximo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

The 1st March 1867.

Mr. J. Lambert, Officiating District Superintendent of Police, Gya, for twelve days, from the 3rd instant, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

The 5th March 1867.

Baboo Mohendra Nath Bose, Officiating Additional Principal Sudder Ameen of Burdwan, for fifteen days, from the 10th instant, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

NOTIFICATIONS.

The 1st March 1867.

The leave, on Medical Certificate, granted to Lieutenant W. E. Chambers, District Superintendent of Police, Balasore, under orders of the 30th October 1862, is commuted to privilege leave of absence.

The 4th March 1867.

Mr. H. C. Richardson, Civil and Sessions Judge of Tipperah, having resumed charge of his office on the 26th ultimo, the unexpired portion of the leave granted to him, under the orders of the 19th January last, is cancelled.

The following Orders issued by the Government of India, in the Home Department, are re-published for general information :—

NOTIFICATION.

No. 2033.

The 27th February 1867.

Mr. Daniel James McNeile, of the Civil Service, is permitted to proceed to Europe on furlough for a period of three years from the date of embarkation.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১২ মার্চ।]

পদগ্রাহী যারা অবকাশ প্রাপ্ত হন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

কেন্দ্রাপাড়ার আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি কে ওয়েবষ্টার সাহেব কটকের কমিস্যনর সাহেবের আজ্ঞামতে যে তারিখে ছুটী পান সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বাঁকুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ গত ডিসেম্বর মাসের ৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারিণীচরণ মিত্র অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি মাসের ১১ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ১ মার্চ।

গয়ার পোলীসের একটিং ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে লম্বার্ট সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এই মাসের ৩ তারিখ অবধি বার দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ৫ মার্চ।

বর্দ্ধমানের একটিং অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ বসু অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এই মাসের ১০ তারিখ অবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১ মার্চ।

বালেশ্বরের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেণ্ট লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ ই চেম্বর্স সাহেব ১৮৬২ সালের অকুটোবর মাসের ৩০ তারিখের আজ্ঞামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে যে ছুটী পান তাহা অনুগ্রহের ছুটী বলিয়া গণ্য হইল।

১৮৬৭ সাল ৪ মার্চ।

ত্রিপুরার সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ সি রিচর্ডসন সাহেব গত মাসের ২৬ তারিখে আপন কর্ম্মের ভার পুনঃ গ্রহণ করাতে গত জানুআরি মাসের ১৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের যে আজ্ঞা প্রকাশ হয় তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

বিজ্ঞাপন।

২০৩৩ নম্বর।

১৮৬৭ সাল ২৭ ফেব্রুআরি।

সিবিল কার্য্যসম্পার্কীয় শ্রীযুত ডানিয়েল জেমস মাকনীল সাহেব নিয়মিত ছুটীক্রমে ইউরোপে গমনার্থ তিন বৎসরের ছুটী পাইয়াছেন। উক্ত ছুটী তাঁহার গমনের তারিখ অবধি গণ্য হইবে।

The following Order issued by the Government of India, in the Foreign Department, is re-published for general information :—

No. 425.

Fort William, the 28th February 1867.

The services of Dr. J. Elliot, Officiating Residency Surgeon at Indore, are placed at the disposal of the Government of Bengal for appointment as Civil Surgeon of Cuttack.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

The 27th February 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken at the public expense, for a public purpose, *viz.*, for the enlargement of the Arrah Jail Garden, it is hereby declared that, for the above purpose, a piece of land is required, measuring about 5*b.*, 12*c.*, 3*ch.*, more or less, and being bounded as follows:—

East by Canal Gangee;
North by Jail garden;
South by Jail drain;
West by Jail wall.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

DECLARATION.

The 4th March 1867.

Whereas it appears to His Honor the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government for a public purpose, *viz.*, for the construction of Police Barracks, &c., it is hereby declared that, for the above purpose, a plot of land, measuring 17 beegahs and 7 cottahs, more or less, situated in the Talook of Chukla Kishnaghur, in the town of Kishnaghur, is required.

2. The land is bounded on the North by Judge Road; on the East by High Street; and on the South-West by the land commonly known as the old College compound, the property of the Maharajah of Kishnaghur, and rented from him by the sons of Baboo Lukheenarain Halder (deceased) of Bhobaneepore, Calcutta.

3. This Declaration is made, under Act VI. of 1857, to all whom it may concern.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

The 5th March 1867.

Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government for a public purpose, *viz.*,

ফরিন্ ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের যে আজ্ঞা প্রকাশ হয় তাহা সর্ব্বসাধারণের জনার্থে প্রকাশ করা গেল।

৪২৫ নম্বর।

ফোর্ট উলিয়ম ১৮৬৭ সাল ২৮ ফেব্রুআরি।

ইন্দোরস্থ একটিং রেসিডেন্সী চিকিৎসক ডাক্তর শ্রীযুত জে এলিয়ট সাহেব কটকের সিবিল চিকিৎসকের পদে নিযুক্ত হওনার্থে বঙ্গদেশের গবর্ণমেন্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৭ ফেব্রুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ আরার জেলের বাগান বর্দ্ধনার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ৫।।২৶ ছটাক ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা এই২—

পূর্ব্ব সীমা গাঙ্গীর খাল।
উত্তর সীমা জেলের বাগান।
দক্ষিণ সীমা জেলের নরদমা।
পশ্চিম সীমা জেলের প্রাচীর।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৪ মার্চ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ পোলীসের বারিক প্রভৃতি প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে চাকলে কৃষ্ণনগর তালুকের অন্তর্গত কৃষ্ণনগর নগরে স্থিত ন্যূনাধিক ১৭।২ কাঠা পরিমিত ভূমির প্রয়োজন।

২। উক্ত ভূমির উত্তর সীমা জজ পথ, পূর্ব্ব সীমা হাই ষ্ট্রীট, দক্ষিণ পশ্চিম সীমা পুরাতন কালেজবাড়ী নামে খ্যাত ভূমি, তাহা কৃষ্ণনগরের মহারাজার সম্পত্তি, কলিকাতার ভবানীপুরের মৃত বাবু লক্ষ্মীনারায়ণ হালদারের পুত্রেরা খাজানা করিয়া লইয়াছেন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৫ মার্চ।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতার জলের কার্য্যের নিমিত্তে ভূমি লওয়া আব-

for the Calcutta Water-works, it is hereby declared that, for the above purpose, a Public Tank and Square publicly known as the Wellington Square, comprising an area of 20 beegahs, more or less, and situated in the Southern Division of the Town of Calcutta, is required.

It is bounded on the North and East by a Public road called Wellington Square Road; on the South by the Dhurrumtollah Road, and on the West by Wellington Street.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

শ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ওয়েলিংটন স্কোয়ার নামে বিখ্যাত পুষ্করিণী ও চত্বর কলিকাতানগরের দক্ষিণ খণ্ডে স্থিত কালিতে ন্যূনাধিক ২০/ বিঘা পরিমিত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তর ও পূর্ব্ব সীমা ওয়েলিংটন স্কোয়ার রোড নামক রাজ পথ, দক্ষিণ সীমা ধর্ম্মতলার পথ, পশ্চিম সীমা ওয়েলিংটন ষ্ট্রীট।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT.

LOCAL—COMMUNICATIONS.

No. 79.

The 5th March 1867.

Declaration under Sections II. and XXXIII. of Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for a Station Road at Kooshtea, it is hereby declared that a strip of land, about 1,500 feet in length and 20 feet in breadth, more or less, commencing from the road by the river side near Modun Mohun Bose Mooktar's house, in Bahadoor Khallee, and running southward to join Kenny's Road near the Arooapara level crossing, is required.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

স্থানীয় গমনাগমন বিষয়ক।

৭৯ নম্বর।

১৮৬৭ সাল ৫ মার্চ।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কুষ্ট্যাতে ষ্টেশন পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ১৫০০ ফুট দীর্ঘ ও ২০ ফুট প্রস্থ ভূমির প্রয়োজন। উক্ত পথ বাহাদুর খালীস্থ মদনমোহন বসু মোক্তারের বাটীর নিকট নদীর তীরস্থ পথ হইতে আরম্ভ হইয়া কেন্নী পথে আরুয়া পাড়ার নিকট রেল পথের উপর দিয়া যে সমান পথ আছে তাহাতে মিলিবার নিমিত্তে দক্ষিণ দিগে যায়।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

No. 80.

Decaratioln under Sections II. and XXXIII. of Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for a Station Road at Kooshtea, it is hereby declared that a strip of land, about 5,000 feet long and 70 feet broad, more or less, is required.

The road is to commence from the Salgamoodiah Feeder, a few yards North of the level crossing, pass by the Kooshtea Sub-Divisional Bungalow, Cutcherry, and Lock-up grounds, and

৮০ নম্বর।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কুষ্ট্যার ষ্টেশন পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ৫০০০ ফুট দীর্ঘ ও ৭০ ফুট প্রস্থ ভূমির প্রয়োজন।

রেল পথের উপর দিয়া যে সমান পথ আছে তাহার কএক গজ উত্তরে শালগামুদিয়ার শাখা পথ হইতে আরম্ভ হইয়া কুষ্ট্যা শাখাখণ্ডের বাঙ্গলা কাছারী ঘরের ও কাঁজী ভূমির নিকট দিয়া আরুয়াপাড়ার

John Kenny's Road, near the Aroopara level crossing.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

নিকট রেলপথের উপর দিয়া যে সমান পথ আছে তাহাতে কেন্নির পথের সঙ্গে মিলে।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

CIVIL BUILDINGS.

No. 81.

The 5th March 1867.

Declaration under Section II. of Act VI. of **1857.**

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for the site of a Lock-up at Bettiah, in Zillah Chumparun, it is hereby declared that, for the above purpose, a piece of land is required, measuring 2 beegahs, 7 cottahs, 6 chittacks, situated in Mouzah Banoo Chuprah, Pergunnah Majhowa, Zillah Chumparun.

The land is bounded on the North by Mr. Bluett's Compound; on the South by the Bettiah and Mooteeharry Road; on the East by the road leading to Mr. Bluett's House; on the West by the Cutcherry Compound.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

J. E. T. NICOLLS, *Lieut.-Col., R. E.,*
Secy. to the Govt. of Bengal,
P. W. D.

৮১ নম্বর।

১৮৬৭ সাল ৫ মার্চ।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ চাম্পারণ জিলার অন্তর্গত বেতিয়ার কাঁজীঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে চাম্পারণ জিলার অন্তর্গত মাঝুয়া পরগনার বানু ছাপরা মৌজায় স্থিত ন্যূনাধিক ২।২।৶ ছটাক পরিমিত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তর সীমা বুলুয়েট সাহেবের বাটী দক্ষিণ সীমা বেতিয়া ও মতিহারির পথ, পূর্ব্ব সীমা বুলুয়েট সাহেবের বাটীতে গমনের পথ, পশ্চিম সীমা কাছারী বাটীর প্রাচীর।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

জে. ই, টি, নিকলস, লেপ্টেনেন্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে বঙ্গদেশের
গবর্ণমেন্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

NOTICE.

THE undersigned is prepared to grant licenses (with effect from 1st April 1867 to 31st March 1868), to catch Elephants in the Western Dooars of Bhootan.

The license fee is Rupees 20, for each Kunki employed. The right of pre-emption of captured elephants is reserved to Government.

Further particulars may be obtained by application (personal or by letter) to the undersigned.

J. TWEEDIE,
Dy. Commissioner, Western Dooars.

MYNAGOREE, BHOOTAN.
The 12th December 1866.

[*Government Gazette,* 12*th March* 1867.]

[কলিকাতা গেজেট । ১৮৬৭ । ১২ মার্চ ।]

জিলা কটক।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা কটক মধ্যম প্রদেশ এই যে।

যে হেতু কেল্লা কনিকা মাহাল তাবে কোর্ট আবওয়ার্ডস রাজা পদ্মনাভ ভঞ্জ বাহাদুরের কিসমত জমুবি জেলা পুরী মোং দাণ্ডীমাল সাহি ও কুণ্ডাইবেট সাহিতে নীচের লিখিত নকসানুসারে দুই মঠ থাকা ও তাহার এলাকায় কাঁচা ও পোক্তা বাটী সকল ও ভূমি ও বাগান সকল চৌহদ্দী মোতাবক ও রাএতদিগের বাটী যেং চৌহদ্দীর অন্তর্গত আছে সেইং চৌহদ্দীর নম্বরওয়ারি অনুসারে রাজা প্রশংসিতের মহাজনদিগের দেনা আদায় পরিশোধ কারণ রাজমান শ্রীযুত কমিস্যনর সাহেবের ৪৩।।০ নম্বর ও সন ১৮৬৬ সাল আগষ্ট মাহার ১৭ তারিখের লিখিত ৫০৮ নম্বর চিঠী ও অত্র মহকুমার সন মজকুরের ডিসেম্বর মাহার ৫ তারিখের লিখিত হুকুমানুক্রমে এই কালেক্টরী কাছারিতে সন ১৮৬৭ সাল আপ্রিল মাহার তাং ৮ মোতাবক সন ১২৭৪ সাল চৈত্র মাহার ২৮ তারিখ সোমবার বারঘণ্টার সময় নীলাম হইবেক একারণ ইস্তাহার দেওয় যাইতেছে যে নীচের লিখিত মঠ ওগয়রহকে উপর লিখিতঅনুসারে যে কেহ খরিদ করণের বাঞ্ছা রাখিতে থাকে উপর উক্ত তারিখে এই কালেক্টরী কাছারিতে হাজীর হইয়া ডাক নীলামে খরিদ করিবেক প্রকাশ যে সমুদয় মূল্য তৎক্ষণাৎ দিতে হইবেক অতএব অত্র বিবর সমস্ত লোকদিগকে জ্ঞাত কারণ লেখা গেল তং ২৯ মাহ জানুআরি সন ১৮৬৭ সাল।

ইয়াদদাস্ত রাজে বিনা এক ভঞ্জ মৃত্যুহাল দখলকার রাজে পদ্মনাভ ভঞ্জ রাজা কেল্লা কনিকা এলাকে মঠ পুরুষোত্তমক্ষেত্র মঠ ও বাগানের চৌহদ্দী নকসা জেলা জমুবি।

১	২	৩	৪	৫ সরহদ্দ সমানা	৬	৭	৮
নামশাহি	নম্বর	রকম	তাএন ভূমি	পূর্ব্ব	পশ্চিম	দক্ষিণ	উত্তর
১ দাণ্ডীমালসাহি	৩১০	কাঁচা পাকাবাটী ৬৭ বখরা	মাং ।৭৭/	গোবিন্দভারথির বাগান	বড়দাণ্ড	দনাই রাজগুরু ও পণ্ডিত মঠের মোহন্ত বরন্দ রামানুজদাস ...	ভিঙ্গারপুর নিবাসি রঘুনাথদাসের খরিদা
ঐ	৩১১	বাড়ি ঘর ফসল ...	মাং ।৮।/				
ঐ	৩১২	ঐ ..	মাং ।৩৬৩				
ঐ	৩১৩	গলি রাস্তা ..	মাং ।০৫/১৩				
একসাহির এক মঠ			মাং ।১৯।৫/১৬				
২ কুণ্ডাই বেটসাহি	১১	বাগান ..	মাং ।৯।।৫/	রামগোপাল চট্টোপাধ্যায়ের খরিদা ও কাণ্ডারা-কোটের জায়গা	শ্যামাসুন্দরীদাসী ও গোবিন্দ পহরাজ ও গোপীনাথদাস ও কলহারির মঠেরজায়গা ও শিবপূজীর খরিদা ও মানমাইতি ..	রাজদাণ্ড ..	রামগোপাল চট্টোপাধ্যায়ের খরিদা
ঐ	১২	ঐ ..	মাং ।১১৲				
ঐ	১৩	ঐ ..	মাং ।১৩।/				
			মাং ১।৭৫/				

৩ ঐ ঐ	৪২ ৪৩	ঐ .. ঐ ... একটা বাগান ইহার মধ্যে আদালতের নাজীর ও চাপরাশী ও জাগীরদারদিগের বাশাবাটী ও বাউরি এক ঘর আছে ...	মাং ।১৮ মাং ৯॥০ মাং ১।২॥০	মোহন্ত চতুর্ভুজদাসের দস্ত বাগান ..	লক্ষ্মীতন্ত্রে' মঠের বাগান মায় রাজদাণ্ড ..	দাণ্ড ...	লক্ষ্মীতন্ত্রের মঠের বাগান
৪ ঐ	৬৫	গলী রাস্তা .. একটা বাগান তাহাতে বাউরি ২ ঘর আছে ...	মাং ।১৵/১৫	নিজ কনিফার বাগান ..	রাজদাণ্ড ...	দীনবন্ধু দাসের বাটী ..	কালীচরণ চৌধুরির খরীদা বাটী
ঐ	৮১০	রাএত আবধ মহাপাত্রের ব্রালন বাটী ও ভুবনী শাহুর কামার সালের ঘর সহিত দুই বখরা ...	মাং ।১৵	রাজদাণ্ড ..	ঐ ...	বাবন মাহারনার খরিদা মেলাঘর ...	রাজদাণ্ড
ঐ ঐ	৮৫২ ৮৫৩	একমঠ ৮ বখরা .. মঠের বারেগা ১ বখরা ..	মাং ।৯৸৵ মাং ।০।/১০ মাং ।১০৶/১০	অলপদ্মঠাকুরাণীর দেউল মায় রাজদাণ্ড ..	গোবিন্দভারথীর বাগান	বাবন পাঠনায়েকের বাটী	বিশ্বনাথ মাইতির বাটী
একমঠ							
৫ ঐ ঐ ঐ	৮৬৮ ৮৬৯ ৮৭০	রাএত জয়রাম সিংহের বাটী ১ বখরা ।৸৶ বালারায়ের মঠের জমাদারের ঘর ১ বখরা ।৸৶ রাএত মধুসিংহের বাটী ঘর ১ ঐ ।১০ ৩ বঃ ৫৵	মাং ।০ ৸৶ মাং ।০ ৸৶ মাং ।০ ।।৵ মাং ।২।।	রাজদাণ্ড ...	বলভদ্র বল্লভের জায়গ	রামদেব দাস ও গোপী দাস ...	দিবাকর মিস্ত্রী।

১	২	৩	৪	৫ সরহদ্দ সীমানা	৬	৭	৮
নাম শাহি	নম্বর	রকম	তাএন ভূমি	পূর্ব্ব	পশ্চিম	দক্ষিণ	উত্তর
ঐ	৯০০	বাএত কেনাই মহাপাব বাটী ১ বঃ ২৶ ইহাতে একটা বাঁকী	মাং ।২৻১৮	নবীন দাসের বাটী ...	ব'জদাণ্ড ...	পদ্মচরণ চৌধুরির খরিদা	রাম সাহুর খরিদা।
ঐ	১০৭৫	একটা বাগান ... ৩ ঘর বাউরি	মাং ২।২৩।	তাণ্ডবমঠ গোবিন্দ দাস ও ভর্জান দাস ..	দীনবন্ধু দাস ও নিজ কনিকাব গলি ও কালীচরণ চৌধুরির খরিদা ও সুকদেব দাস ও দীনবন্ধু মিছর ও কাঙ্গালি ভেহাড়ি ও লোকীমিছব ও নীলকণ্ঠ দাস ও লোকনাথ সতপন্তী ও অনাম মিছব ও আরথ মিছব ও লোকীমিছব ও ভগবান ভেহাডি ও আলকমিছব ও গোপনী সতপন্তী ও গোবিন্দ দাস ও দৈত্য-বিদাসীর জায়গা ...	গঙ্গাধব দাস বৈষ্ণব ও ঘুমশব মঠের মোহন্ত সরস্থু দাস ও শত্রুঘ্নদাস ব্রাহ্মণের বাগান ...	আবকারিব কাছারির ঘর ও সরকারি সড়ক।
ঐ	১১২৪	রাএত সুদর্শন দাসের .. আখড়া ঘর . ১ টা বঃ ২	মাং ।২৸	রাজদাণ্ড ..	মহারাজ শিব্যসিংহ দেব নাবালগের বাগান ...	কৌশল্যা দাস মৃত্যুর চেলা জগন্নাথ দাসের মঠ বাগান ...	গলী রাস্তা।
কুল্লাই বেটসাহি ..			মাং ১১৪৷৷৶৩				

৬ চুড়ঙ্গ সাহি এলাকে পুরী	১৯৭	দাল ভুমি ...	মাং ।১৯।৶	নিজ কনিকার বাগান ...	হরি মহাপাত্রের খরিদা ও গদাধর বড়ু মহাপাত্র...	গদাধর বড়ু মহাপাত্র ...	গোবর্দ্ধন দাসের ভুমি
ঐ	১৯৮	ঐ	মাং ।১১৮/				
			মাং ১।৬৶				
ঐ	২০১	বাগান ...	মাং ।২২।।	নবিজ্র পুষ্করিণীর পাড়..	গোবর্দ্ধন দাস ও নিজ কনিকা ...	ঐ	নদী ও মরচাই ঠাকুরাণীর জারগা।
ঐ	২০২	ঐ	মাং ১।০।।৶				
		এক বাগান	মাং ১।২৩৶				
ঐ	২০৭	বাগান একটা ...	মাং ২ ৬	ঐ	গলী রাস্তা ...	রাজদণ্ড ...	গদাধরবড়ু মহাপাত্র।
চুড়ঙ্গ সাহি ..			মাং ৫ ১০ ৶				
মোট ও সাহিকে ...			মাং ১২ ৯ ৶:৯				

W. Macpherson,
Collector.

[*Government Gazette*, 12*th March* 1867.]

জিলা শ্রীহট্ট।

১৮৫৯ সালের ১১ একাদশ আইনের ৬ ধারাক্রমে এহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা শ্রীহট্টের নীচের লিখিত মহালাতে ১৮৬৬।৬৭ সালের কিস্তি ডিসেম্বর পর্য্যন্তের বাকি মালগুজারি নিমিত্ত এবং চলিত আইন ও আক্‌টের দ্বারা অন্য যেহ দাওয়া বাকি মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৬৭ সালের মার্চ মাসের ২৬ দিবস মোতাবেক ১২৭৩ বাঙ্গালার ১৪ চৈত্র মঙ্গলবার ঐ জেলার কালেক্‌টরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে নীলাম হইবেক।

ইস্তমেরারি জমা ধার্য্য হওয়া মহাল।

পরগনে তরফ

৫৫৭২১ নম্বর ছিশ্মে শৈদ ম°ং বাত্তির রেজিস্টরী হওয়া মালিক নবকৃষ্ণ মজুমদার গএরহ সদরজমা ৩১৬৪।/৪

এহার মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারার মর্ম্মানুযায় উদ্ধবরাম পাল ও দুর্গাচরণ উম চৌধুরী ও তারিণীচরণ উম চৌধুরী ও রামকুমার উম চৌধুরী ও অভয়াচরণ কর ও শৈদ আবদুল ছুভান নামে পৃথক হিসাব হওয়া ও তাহা উসুল হওয়াতে ছাড়িয়া দেওয়ার অভিপ্রায় জমা ২১৫৮৸৶/১০

বাকী ... ... ১০০৫ /৬

পরগনে ঐ

৫৫৯১০ নম্বর তালুক সাহা জেবুনাবদী রেজিস্টরী হওয়া মালিক নিজ গএরহ সদর জমা ৫০৯/১

এহার মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১১ ধারার মর্ম্মানুযায় যুগলকিশোর দেব ও নবকিশোর দেব ও রামচন্দ্র পাল নামে পৃথক হিসাব হওয়া ও তাহা উসুল হওয়াতে ছাড়িয়া দেওয়ার অভিপ্রায় জমা ... ৯।।৶৮

বাকী ৫৬৯ ৶৫

T. Walton,
Collector.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১২ মার্চ।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এক যে বার্কো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 19, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ১৯ মার্চ।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 1st March 1867, and is hereby promulgated for general information:—

ACT No. XII OF 1867.

An Act to amend the law relating to the custody of prisoners within the local limits of the original jurisdiction of Her Majesty's High Courts of Judicature at Fort William in Bengal, Madras and Bombay.

[Preamble.]

WHEREAS it is expedient that, within the local limits of the original jurisdiction of Her Majesty's High Courts of Judicature at Fort William in Bengal, Madras and Bombay, persons should, for the purpose of being received and detained in prison, be committed to the custody of an officer appointed by the Local Government, instead of

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন বিষয়ে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৭ সালের মার্চ মাসের ১ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিয়াছেন, এইক্ষণে তাহা সকলের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৭ সালের ১২ আইন।

বঙ্গদেশের অন্তর্গত ফোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাইয়ে শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর হাই কোর্টের মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতা যে স্থানে বর্ত্তে তন্মধ্যে বন্দিদের রক্ষা বিষয়ক ব্যবস্থা সংশোধনার্থ আইন।

[হেতুবাদ।]

শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর হাই কোর্টে মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতা বঙ্গদেশের অন্তর্গত ফোর্ট উলিয়মের ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের যে স্থানে বর্ত্তে সেই স্থানীয় সীমার মধ্যে যে ব্যক্তিদিগকে কারাগারে গ্রহণ করিয়া রাখিতে হয়, তাহাদিগকে কলিকাতার কি মান্দ্রাজের কি বোম্বাইয়ের সরিফের রক্ষণে সমর্পণ না করিয়া স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কার্য্যকারকের

to the custody of the Sheriff of Calcutta, Madras or Bombay as the case may be; It is enacted as follows:—

[Interpretation of terms.]

I. In this Act—unless there be something repugnant in the subject or context—

["High Court."]

"High Court" denotes Her Majesty's High Court of Judicature at Fort William in Bengal, Madras or Bombay, as the case may be, and includes a Judge or Judges thereof and division Court:

["Sheriff."]

"Sheriff" denotes the Sheriff of Calcutta, Madras or Bombay, as the case may be:

["Magistrate."]

"Magistrate" includes a Magistrate of Police appointed under any Act for the time being in force for regulating the Police of the towns of Calcutta, Madras and Bombay.

[Enactments repealed.]

II. The Acts and parts of Acts mentioned in the Schedule hereto annexed are repealed in each of the Presidencies of Fort William, Madras and Bombay from the date on which this Act shall come into operation in such Presidency. Any act duly done or appointment made under Act No. XII of 1865 (*to amend the law relating to the custody of prisoners within the local limits of the original jurisdiction of Her Majesty's High Court of Judicature at Fort William in Bengal*) shall be considered as valid as if it were done or made under this Act, and as if this Act had been then in Force.

[No one to be committed to Sheriff; And writs not to be issued to Sheriff. Warrants and writs to be directed to Police officers.]

III. No person shall be committed to the Sheriff to be received and detained in prison; and no writ shall be awarded to the Sheriff commanding him to arrest and seize the body of any offender. But all writs or warrants for the arrest or apprehension of any person, issued or awarded by the High Court in the exercise of its ordinary, extraordinary or other criminal jurisdiction, shall be directed to and executed by any officer or officers of Police within the limits of such jurisdiction.

[Local Government may appoint Superintendent or Presidency Jail.]

IV. It shall be lawful for the Local Government to appoint an officer who shall be called in Calcutta the Superintendent of the Presidency Jail, and in Madras and Bombay the Superinten-

রক্ষণে সমর্পণ করা বিহিত, এই হেতু পশ্চাৎ লিখিত বিধান প্রচার করা যাইতেছে।

[অর্থ করণের ধারা।]

১৯ নম্বরী রিটর্ণের ২ টেবিলের ১৯ ঘরে যে অঙ্ক লেখা যায় তাহার হিসাব করিবার যে উপদেশ ঐ রিটর্ণের পাঠের দ্বিতীয় সংস্করণে দেওয়া গেল তাহার নোটের দ্বিতীয় দফা এই।

১ নং টেবিলের ৮ ঘরে যে অঙ্ক লেখা আছে তাহা ১৮ দ্বারা ভাগ করিয়া ও ৯ ঘরের অঙ্ক ১৫ দ্বারা ও ১০ ঘরের অঙ্ক ২১ দ্বারা ভাগ করিয়া লব্ধি সঙ্কলন করিলে ঐ অঙ্ক শুদ্ধরূপে পাওয়া যাইবে।

২। জিলার কর্তৃপক্ষেরা ১৮৬৬ সালের সেপ্টেম্বরের শেষে ১৯ নং ত্রৈমাসিক রিটর্ণ অর্পণ করিলে এই উপদেশে সাবধানে মনোযোগ করিবেন।

ইষ্টাম্প।

৬ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ৩০৮ পৃষ্ঠায় যে বিধি আছে নিম্নলিখিত বিধি তাহার ৪ A ধারা বলিয়া দিতে হইবে।

ইষ্টাম্প নষ্ট হওয়াতে ফিরিয়া দেওয়া গেলে যখন তাহার মূল্য প্রতিদত্ত হয় তখন ইষ্টাম্প বিক্রেতাকে যে ডিসকৌণ্ট দেওয়া যায়, ঐ টাকা গ্রাহকের নিকট-হইতে তাহা লওয়া যাইবে।

৭ নম্বর।

কিয়ৎকাল হইল কালেক্টর ও কমিশনর সাহেবদের নিকটে ১৮৫৯ সালের ১০ ও ১১ আইনের কএক গ্রন্থ বিক্রয় করিবার জন্যে পাঠান গিয়াছিল, তাহা অকর্ম্মণ্য কাগজস্বরূপ নষ্ট করিতে আদেশ হইতেছে। কার্য্যালয়ের ব্যবহারের নিমিত্তে দুই একখানি রাখা যাইতে পারে, কিন্তু ১০ আইনের যেং বিধির পরিবর্ত্তন হইয়াছে তাহাও মনোযোগপূর্ব্বক তাহাতে লিখিয়া রাখা উচিত।

৮ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ৫১ পৃষ্ঠায় ৪ খণ্ডের ১১ অধ্যায়ের ১৩ বিধিতে এই অধিক কথা লিখিতে হইবে।

"সিদ্ধ প্রকাশ হয় নাই" এই কথার পরে "মহালের অধিকারিরা ঐ ভূমির খাজানা দাওয়া করুন কি না করুন" এই কথা পাঠ করিতে হইবে।

সেই ধারাতে "অধিকারিরা যে ভূমির খাজানা দাওয়া করেন" এই কথা ত্যাগ করিতে হইবে।

No. 9.

The following Rule is to be added to Section 3, Chapter VII, page 150 of the Board's Rules:—

4. To enable Commissioners to check the Bills annually submitted to them by District Officers, agreeably to Accountant General's Circular No. 77 of 16th July 1863, a statement must be annexed to each Bill, showing in detail the appropriation of funds for the improvement of Government Estates in each District.

No. 10.

Under instructions from Government, the Board desire that all Revenue and Judicial Offices shall be opened for business at 11 A. M., or at any other hour that may be ordered by the Commissioner of the Division. An attendance book shall be kept up in each Office in the following form, in which each Officer shall note the time of his attending and leaving Office, and the general business on which he has been engaged, *i. e.*, whether in the Revenue or the Criminal side, or in both.

This order cancels the Circular Order No. 12 of May 1866.

Form of Attendance Book.

Column 1.—Date.

Column 2.—Hour of attending Office.

Column 3.—Hour of leaving Office.

Column 4.—Note showing whether the Officer has been employed in the Revenue or the Criminal side, or in both.

The following Resolution of Government is referred to in Circular Order No 1 of this month.

GOVERNMENT OF BENGAL.

RESOLUTION.

Dated Darjeeling, the 24th August 1866.

Read the report of the Board of Revenue, Lower Provinces, upon the Circulation of Government Currency Notes during the year 1865-66.

Financial.—The Lieutenant-Governor considers the report, on the whole, satisfactory. The increase in the Mofussil circulation, if not striking, is gradual and steady.

His Hohor observes that in two Districts, Kamroop and the Soonderbuns, no notes were issued to the public in exchange for silver; and in Patna, Tipperah, Bogra, Bancoorah, and Rungpore the issues on this account were insignificant.

On the other hand, no notes were issued in payment of Government dues in Durrung, Gowalpara, Seebsaugor, Cachar, or Sarun; and very

৯ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ১৫০ পৃষ্ঠার ৭ অধ্যায়ের যে বিধি প্রকাশ হইয়াছে তাহার ৩ ধারার পরে এই বিধি দিতে হইবে।

৪। জিলার কর্ত্তৃপক্ষেরা আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের ১৮৬৩ সালের জুলাই মাসের ১৬ তারিখের ৭৭ নং সরকুলর অনুসারে কমিসানর সাহেবদিগকে বৎসর২ যে বিল দেন তাহার নির্দ্দোষিতা নিরূপণ করিবার নিমিত্তে প্রত্যেক জিলার মধ্যে গবর্ণমেণ্টের মহালের সৌষ্ঠবের জন্যে যত টাকা ব্যয় হইয়াছে তাহার বিস্তৃত বিবরণ ঐ বিলের সঙ্গে দিতে হইবে।

---

১০ নম্বর।

বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টের আদেশমতে আজ্ঞা করিয়াছেন যে, রাজস্ব ও বিচারকার্য্যসংক্রান্ত সকল কাছারী বেলা ১১ ঘন্টার সময়ে কিম্বা প্রত্যের কমিসানর সাহেব অন্য যে সময় নিরূপণ করেন সেই সময়ে কার্য্যের নিমিত্তে খোলা যায়। প্রত্যেক কাছারীতে নিম্নলিখিত পাঠে হাজিরী বহী রাখিতে হইবে। প্রত্যেক কর্ত্তৃপক্ষ যে সময়ে কাছারীতে যান ও তথাহইতে যে সময়ে ফিরিয়া যান, ও রাজস্ব কি ফৌজদারী পক্ষে কি উভয় পক্ষে যে কার্য্য সাধারণ্যে করেন তাহাও ঐ পাঠে লিখিবেন।

এই আজ্ঞাক্রমে ১৮৬৬ সালের মে মাসের ১২ নম্বরের সরকুলর রহিত হইয়াছে।

হাজিরী বহী লিখিবার পাঠ।

১ ঘর। তারিখ।

২ ঘর। কাছারীতে আসিবার সময়।

৩ ঘর। কাছারীহইতে যাইবার সময়।

৪ ঘর। কর্ত্তৃপক্ষ রাজস্ব কি ফৌজদারী কি উভয় পক্ষীয় যে কর্ম্মসম্পাদন করিয়াছেন ইহার মন্তব্য।

এই মাসের ১ নং সরকুলর অর্ডরেতে গবর্ণমেণ্টের যে নির্দ্ধারণের উল্লেখ হইয়াছে তাহা এই।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

নির্দ্ধারণ।

দারজীলিঙ্গ ১৮৬৬ সাল ২৪ আগষ্ট।

বঙ্গ প্রভৃতি দেশের রেবিনিউ বোর্ড ১৮৬৫-৬৬ সালে গবর্ণমেণ্ট করেন্সী নোট প্রচলিত হওন বিষয়ে যে রিপোর্ট করিলেন তাহা পাঠ করা গেল।

ফিনান্সিয়ল।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মূলাংশে ঐ রিপোর্ট সন্তোষজনক জ্ঞান করিয়াছেন। মফঃসল দেশে নোট বিস্তৃতরূপে চলনের কার্য্য যদিও ত্বরায় হয় নাই তথাপি ক্রমশঃ ও স্থিররূপে হইয়াছে।

মান্যবর শ্রীযুক্ত সাহেব দেখিয়াছেন যে, কামরূপ ও সুন্দরবন এই দুই জিলার মধ্যে সাধারণ লোকদিগকে নগদের পরিবর্ত্তে নোট দেওয়া যায় নাই, এবং পাটনা ও ত্রিপুরা ও বগুড়া ও বাঁকুড়া ও রঙ্গপুর জিলাতে অত্যল্পমাত্র দেওয়া গিয়াছে।

দরঙ্গ ও গোয়ালপাড়া ও শিবসাগর ও কাছাড় ও সারণ জিলাতে গবর্ণমেণ্টের দাতব্য টাকার পরিবর্ত্তে নোট দেওয়া যায় নাই। কামরূপ, নওগাঁ,

few in Kamroop, Nowgong, Bhullooah, Pooree, Dacca, Chumparun, Patna, and Bogra.

At the end of the year there was no stock of notes remaining in the Treasury in the Cossyah Hills, Singhboom, Cachar, and Furreedpore; while in Nowgong, Purneah, Howrah, Bhullooah, Chittagong, Lohardugga, Backergunge, Mymensingh, Sylhet, the Soonderbuns, Tirhoot, Dinagepore, Rajshahye, and Rungpore the stock, especially of small notes, was manifestly insufficient for the demand.

In Tipperah no notes were received from the public in exchange for silver, though a considerable amount was received in notes from the public in payment of Government dues, and issued on the same account.

The indents on the Accountant-General for small notes have been comparatively few, there being no less than forty districts to which no notes at all were supplied from the Bank of Bengal, though it is evident that in many of these districts there was a demand for them.

ORDER.—Ordered, that the Board be requested to draw the attention of Commissioners and Collectors to the remarks, and to desire Collectors to keep their Treasuries supplied with a stock of notes of small value, and to give every facility for the exchange of currency notes under the orders of the Government of India.

ভুলুয়া, পুরী, ঢাকা, চাম্পারিণ, পাটনা, বগুড়া এই সকল জিলাতে কএক খানি মাত্র দেওয়া গিয়াছিল।

কাশিয়া পর্ব্বত, সিংহভূম, কাছাড় ও ফরীদপুর জিলার খাজানাখানায় বৎসরের শেষে নোট ছিল না। নওগাঁ, পুরণিয়া, হাবড়া, ভুলুয়া, চট্টগ্রাম, লোহারডগা, বাকরগঞ্জ, ময়মনসিংহ, ছিলট, সুন্দরবন, ত্রিহুত, দিনাজপুর, রাজসাহী, ও রঙ্গপুর জিলাতে যাহা ছিল বিশেষতঃ যে অল্প টাকার নোট ছিল তাহাতে লোকদের বাঞ্ছা পূর্ণ করিতে কুলাইল না।

ত্রিপুরাতে সাধারণ লোকদের নিকটে টাকা দিয়া নোট পাওয়া যায় নাই। কিন্তু গবর্ণমেণ্টের প্রাপ্তব্য পোষণে অনেক নোট পাওয়া গিয়াছিল ও দাতব্য দেওনকালে অনেক নোট দেওয়া গেল।

আকোণ্টেণ্ট জেনরল সাহেবের নামে অল্প টাকার নোট পাঠাইবার কেবল কএকখান পত্র পাঠান গিয়াছিল। বাঙ্গাল বেঙ্ক হইতে অন্যূন চল্লিশ জিলাতে নোট পাঠান যায় নাই। তথাচ তন্মধ্যে অনেক জিলাতে অনেক লোক নোট চাহিলেন।

আজ্ঞা হইল যে বোর্ডের সাহেবেরা কমিসানর ও কালেকুটর সাহেবদিগকে উক্ত কথায় মনোযোগ করিতে আদেশ করেন, এবং কালেকুটর সাহেবেরা খাজানাখানায় অল্প টাকার অনেক নোট সর্ব্বদা রাখেন ও করেন্সি নোট ভাঙ্গাইবার কার্য্য সম্বন্ধে সুবিধা করিবার উদ্যোগ করেন এই বিষয়ে তাঁহাদের মনোযোগ করান্।

OCTOBER 1866.

১৮৬৬ সাল অক্টোবর মাস।

ERRATUM.

Page 232 of the Board's Circular Orders for July 1866, read page 355 for page 353.

অশুদ্ধশোধন।

বোর্ডের ১৮৬৬ সালের জুলাই মাসের সর্কুলর অর্ডরের ২৩২ পৃষ্ঠায় "৩৫৩ পৃষ্ঠা" এই কথার পরিবর্ত্তে "৩৫৫ পৃষ্ঠা" পাঠ করিতে হইবে।

No. 1.

The Government have been pleased to dispense with the levy of the fee of Rupees 8 prescribed in the Board's Rules, Clause 8, page 194, for the issue of a Certificate according to Schedule 3, Act XX. of 1865, to Revenue Agents.

2. The words in the above Clause, after "Agent," to "entitled," are now therefore to be expunged, and the following substituted . . . "is entitled on presentation of the Certificate of the Examiners."

3. All fees realized under the rule hereby amended, should be refunded at once.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৬ মার্চ।]

১ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ১৯৪ পৃষ্ঠার ৮ ধারাক্রমে রেবিনিউ এজেণ্টদিগকে ১৮৬৫ সালের ২০ আইনের ৩ তফসীলঅনুসারে যে সর্টিফিকট দেওয়া যায় তাহার জন্যে ৮৲ টাকা ফী ধার্য্য হইয়াছিল। গবর্ণমেণ্ট তাহা বন্ধ করিয়াছেন।

২। এহেতুক উক্ত প্রকরণের মধ্যে "এজেণ্ট ৮ টাকা ফী দিলে কালেকুটর সাহেবের নিকটে সর্টিফিকট পাইতে পারেন" এই মর্ম্মের কথার পরিবর্ত্তে "পরীক্ষকদের সর্টিফিকট উপস্থিত করিলে কালেকুটর সাহেবের নিকট" ইত্যাদি পাঠ করিতে হইবে।

৩। উক্ত বিধিমতে ফী বলিয়া যত টাকা গ্রহণ হইয়াছিল তাহা অগৌণে ফিরিয়া দিতে হইবে।

NOVEMBER, 1866.

ERRATUM.

At page 152 *of the Board's Rules, in clause* 3 *of Section III, read* "1854" *for* "1864."

No. 1.

Resolution No. 2733, dated 15th October 1866, by the Government of India, regarding grant of a permanent advance for petty expenses to Sub-divisional Officers, is circulated herewith. Rule 10A, which is based on that Resolution, should be added at page 176 of the Board's Rules.

10A. In Sub-divisions where there are cash chests with available funds, expenses for petty Revenue charges, and for diet allowance to witnesses, may be met from such funds, the chest being recouped by the cheque of the Sudder Treasury for the amount of the bill in which the expenses may be charged. But in Sub-divisions where this course is impossible, a permanent advance of 25 Rupees is to be allowed to the Officer in charge of the Sub-division.

Resolution of the Government of India, in the Financial Department, dated Simla, the 15*th October* 1866, *No.* 2733.

Read the following correspondence regarding the grant of a permanent advance of twenty-five Rupees to each Sub-division in Bengal to meet payment for petty Revenue charges, and for diet allowances to witnesses, *viz* :—

Letter from Government of Bengal, No. 2198, *dated* 20*th July*, 1866, *and docket thereon, to Accountant-General, Bengal, No.* 1875, *dated* 9*th August* 1866. *Reply of Accountant-General, Bengal, No.* 1514 *of* 13*th September* 1866.

Resolution.—The Governor General in Council observes that sanction was lately accorded to the maintenance of Treasuries in Sub-divisions in Bengal, and that money is withdrawn from these Sub-divisions only by cheques of the Sudder Treasury. In Sub-divisions where funds are thus available, it will suffice if the expenses for which a permanent advance is asked be paid from the cash chest of the Sub-division, the chest being recouped by the cheque of the Sudder Treasury for the amount of the bill in which the expenses may be charged.

In Sub-divisions where this course is not feasible, the Governor General in Council has no objection to the issue of a permanent advance of

[*Government Gazette*, 26*th March* 1867.]

১৮৬৬ সাল। নবেম্বর মাস।

অশুদ্ধ শোধন।

বোর্ডের বিধি পুস্তকের ১৫২ পৃষ্ঠায়, ৩ ধারার ৩ প্রকরণে "১৮৬৪" ইহার পরিবর্ত্তে "১৮৫৪" পাঠ করিতে হইবে।

---

১ নম্বর।

শাখাখণ্ডের কার্য্যকারকদিগের নিয়ত খুজরা খরচের টাকা অগ্রীম দেওয়ার বিষয়ে ভারতবর্ষের গবর্ণমেণ্ট ১৮৬৬ সালের ১৫ অকটোবর তারিখের ২৭৩৩ নম্বরের যে নির্দ্ধারণ করিয়াছিলেন তাহা এই সরকুলরে প্রকাশ করা গেল। ১০ A বিধি ঐ নির্দ্ধারণমূলক। বোর্ডের বিধির ১৭৬ পৃষ্ঠায় তাহা লিখিতে হইবে।

১০ A. যেং শাখাখণ্ডে নগদ টাকা রাখিবার সিন্দুক ও খরচ করিবার উপযুক্ত টাকা থাকে, সেইং শাখাখণ্ডে ঐ টাকাহইতে রাজস্বসংক্রান্ত খুজরা খরচ ও সাক্ষিদের খোরাকী দেওয়া যাইতে পারিবে। পরে ঐ খরচ যে বিলে লেখা যায় তাহার টাকার নিমিত্তে সদর খাজানাখানার উপর চ্যাক দেওয়া গেলে ঐ টাকা সিন্দুকে পুনশ্চ দেওয়া যাইতে পারিবে। যে শাখাখণ্ডে এই প্রণালীমতে কার্য্য হইতে না পারে তাহাতে শাখাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারককে অগ্রিম ২৫৲ টাকা নিত্য খরচ বলিয়া দেওয়া যাইবে।

ফিনান্সীয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৬ সালের অকটোবর মাসের ১৫ তারিখের শিমলাতে লিখিত ২৭৩৩ নম্বরের নির্দ্ধারণ।

বঙ্গদেশের প্রত্যেক শাখাখণ্ডে রাজস্বসংক্রান্ত খুজরা খরচ ও সাক্ষিদের খোরাকী দিবার জন্যে অগ্রীম ২৫৲ টাকা নিয়ত দিবার বিষয়ে যে লিখনপঠন হইয়াছে তাহা পাঠ করা গেল। বিশেষতঃ

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ১৮৬৬ সালের জুলাই মাসের ২০ তারিখের ২১৯৮ নম্বরের পত্র ও তাহার পৃষ্ঠে বঙ্গদেশের আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নামে ১৮৬৬ সালের আগষ্ট মাসের ৯ তারিখের ১৮৭৫ নম্বরের সংক্ষেপ লিপি।

বঙ্গদেশের আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের ১৮৬৬ সালের সেপ্টেম্বর মাসের ১৩ তারিখের ১৫১৪ নম্বরের উত্তর।

নির্দ্ধারণ।

মন্ত্রিসভাবিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কহিতেছেন, সম্প্রতি বঙ্গদেশের শাখাখণ্ডে খাজানাখানা স্থাপন করিবার অনুমতি দেওয়া গিয়াছিল। সদর খাজানাখানার উপর চ্যাক দেওন ভিন্ন সেই শাখাখণ্ডহইতে টাকা লইবার উপায়ান্তর নাই। যে শাখাখণ্ডে উক্ত প্রকারে টাকা থাকে, তাহাতে যে খরচ পোষাইবার জন্যে টাকা নিয়ত দিবার প্রার্থনা হইয়াছে তাহা ঐ শাখাখণ্ডের নগদের সিন্দুকহইতে লওয়া গেলে কার্য্য চলিবে। ও খরচ যে বিলেতে লেখা যায় সেই বিলের টাকার তুল্য চ্যাক সদর খাজানাখানায় দিয়া ঐ টাকা সিন্দুকে পুনরায় দেওয়া যাইতে পারিবে।

যে শাখাখণ্ডে সেই প্রণালীমতে কার্য্য হইতে না পারে, তাহাতে রাজস্বসংক্রান্ত খুজরা খরচ ও সাক্ষিদের খোরাকির জন্যে শাখাখণ্ডের কার্য্য-

Rupees (25) twenty-five to the Sub-divisional Officer for petty Revenue charges, and for diet allowance to witnesses.

No. 2.

It is hereby notified, by desire of Government, that all Public Officers will be held personally liable for the loss of any money invested by them on public, charitable, or other account, in which Government is interested, otherwise than in Government Securities, or deposited elsewhere than in a Government Treasury, the Bank of Bengal or one of its branches.

Commissioners of Divisions are requested to report, without delay, whether any money on the above accounts is deposited by them or by any Officer subordinate to them, in any private Bank.

No. 3.

Rule 18, at page 161 of the Board's Rules, should be altered as follows :—

After the word "Behar," add "and Chota Nagpore."

No. 4.

With the approval of Government, the following is to be added as Clause 10A at page 366 of the Board's Rules.

10A. The District Officer will also supply the Commanding Officer with a detailed list, in duplicate, shewing the Carter's names, date of engagement, and amount of advance paid. The Commanding Officer will afterwards return one copy of the list to the District Officer, with information as to the date of discharge of each Cart, and the amount paid. The Commanding Officer will report any case in which he is not supplied with the required list.

No. 5.

The Post-Master General of Bengal has reported to Government, with reference to the Home Department Notification, No. 567, dated 4th May 1866, re-published at page 1015 of the *Calcutta Gazette*, that "at present many Officers unnecessarily use Service Stamps on official letters *addressed to privileged* Officers."

2. The attention of all Officers in the Revenue Department is accordingly requested to the rules in force, which should be strictly complied with.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৬ মার্চ।]

কারককে অগ্রিম ২৫৲ টাকা নিযুক্ত দেওন বিষয়ে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের আপত্তি নাই।

২ নম্বর।

গবর্ণমেণ্টের আদেশমতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। সর্ব্বসাধারণের লভ্যার্থে কি পরোপকারার্থে কি অন্য যে কার্য্যেতে গবর্ণমেণ্টের সম্পর্ক থাকে, তজ্জন্যে যদি রাজকীর কার্য্যকারকদের প্রতি গবর্ণমেণ্ট সিকুরিটী ভিন্ন টাকা দেওয়া যায়, কিম্বা যদি তাহা গবর্ণমেণ্ট ট্রেজুরী কি বাঙ্গাল ব্যাঙ্ক কি তাহার কোন শাখাব্যাঙ্ক ভিন্ন কোন স্থানে গচ্ছিত করা যায়, তবে সেই টাকা হারাণ গেলে ঐ কার্য্যকারকেরা তাহার নিমিত্তে স্বয়ং দায়ী আছেন।

খণ্ডের কমিস্যনরেরা কি তাহাদের অধীন কোন কর্ম্মকারক পূর্ব্বোক্ত অভিপ্রায়ে টাকা প্রাপ্ত হইয়া কোন সাধারণ ব্যাঙ্কে গচ্ছিত করিলে থাকিলে কমিস্যনরেরা অগৌণে সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

৩ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ১৬১ পৃষ্ঠার লিখিত ১৮ ধারার এইরূপে পরিবর্ত্তন করিতে হইবে। যথা

বেহার শব্দের পর "ও ছোট নাগপুর" এই শব্দ দিতে হইবে।

৪ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ৩৬৬ পৃষ্ঠার যে বিধি প্রকাশ হইয়াছে গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে নিম্নলিখিত ধারা তাহার ১০ A ধারা বলিয়া লিখিতে হইবে।

১০ A। আরও জিলার কর্ম্মকারক সৈন্যাধ্যক্ষ সাহেবকে বিস্তারিত নির্ঘণ্ট পত্রের দুই প্রস্থ দিবেন। গাড়োয়ানের নাম ও যে তারিখঅবধি রাখা হইয়াছে ও অগ্রিম যত দেওয়া গেল ইহা ঐ২ পত্রে লেখা থাকিবে। পরে প্রত্যেক গাড়ী যে তারিখে ছাড়িয়া দেওয়া যায় ও তৎকালে যত টাকা দেওয়া যায় সৈন্যাধ্যক্ষ সাহেব এই কথা ঐ নির্ঘণ্টপত্রের এক প্রস্থে লিখিয়া জিলার কর্ত্তৃপক্ষের নিকটে ফিরিয়া দিবেন। যদি এই আজ্ঞামত নির্ঘণ্টপত্র সৈন্যাধ্যক্ষ সাহেবকে না দেওয়া যায়, তবে তিনি সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

৫ নম্বর।

হোম ডিপার্টমেণ্টের ১৮৬৬ সালের মে মাসের ৪ তারিখের ৫৬৭ নম্বরের যে জ্ঞাপনপত্র কলিকাতা গেজেটের ১০১৫ পৃষ্ঠায় প্রকাশ হইয়াছিল তদুপলক্ষে বঙ্গদেশের পোস্ট মাস্টর জেনরল সাহেব গবর্ণমেণ্টের নিকটে এই রিপোর্ট করিয়াছেন। যে কার্য্যকারকেরা বিনা মাসুলে পত্র পাঠাইতে পারেন তাঁহাদের নিকটে অনেক কার্য্যকারক রাজকীয় কর্ম্মের পত্র পাঠাইবার সময়ে সেই পত্রে অনাবশ্যকমতে সার্ব্বিস ইষ্টাম্প বসাইয়া থাকেন।

এই হেতুক রাজস্বসম্পর্কীয় কার্য্যবিভাগের সকল কার্য্যকারকদিগকে উক্ত বলবৎ বিধির প্রতি মনোযোগ করান যাইতেছে। সেই বিধি অতি দৃঢ়মতে পালন করিতে হইবে।

No. 6.

At the request of the Head Commissioner of Paper Currency, Treasury Officers are enjoined to enter the serial letter and number of Currency Notes in the Registers kept up at each Treasury. The heading of column 3 of the Register at page 25, and of Register No. 79, at page 226 of the Board's Rules, should be altered accordingly to No. and serial letter and No. of each note.

৬ নম্বর।

পেপর করেন্সির প্রধান কমিস্যনর সাহেবের আদেশমতে খাজানাখানার কর্ত্তৃপক্ষদিগকে আজ্ঞা হইতেছে যে প্রত্যেক খাজানাখানায় করেন্সি নোটের যে রেজিষ্টর রাখা যায় তাহাতে ঐ নোটের শ্রেণীমত অক্ষর ও নম্বরও লেখা যায়। অতএব বোর্ডের বিধি পুস্তকের ২৫ পৃষ্ঠার রেজিষ্টরের ৩ ঘরে ও ২২৬ পৃষ্ঠার ৭৯ নম্বর রেজিষ্টরের ৩ ঘরে "নম্বর ও শ্রেণীমত অক্ষর ও প্রত্যেক নোটের নম্বর" এই কথা লিখিতে হইবে।

No. 7.

The Goverment of Bengal, in the Public Works Department, desires the speedy realization of all arrears of Tuccavee Advances due to Government, and the future punctual realization of all amounts that may become due in accordance with the provisions of clause 2, para. 11 of Act No. XXXII of 1855, and of Act No. VII of 1866. The special attention of the District Officers concerned is accordingly requested to Rule 3, Section VI, page 179 of the Revenue Rules.

৭ নম্বর।

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে বঙ্গদেশের গবর্ণমেন্ট ইচ্ছা করিয়াছেন যে গবর্ণমেন্টের প্রাপ্য তাগাবির সকল বাকী টাকা অতি ত্বরায় আদায় করা যায় এবং ১৮৫৫ সালের ৩২ আইনের ১১ ধারার ২ প্রকরণ ও ১৮৬৬ সালের ৭ আইনের বিধানমতে যে সকল টাকা প্রাপ্য হয় এতৎপরে তাহা যথা সময়ে আদায় করা যায়। অতএব রাজস্বসম্পর্কীয় বিধি পুস্তকের ১৭৯ পৃষ্ঠার ৬ ধারার ৩ প্রকরণে জিলার কর্ম্মকারকদিগকে বিশেষমতে মনোযোগ করিবার আদেশ হইতেছে।

DECEMBER 1866.

ERRATA.

In Form D. page 47 of Board's Rules for "1st May 18—, to 30th May 18—," in column 3, substitute "1st April 18—, to 31st March 18—;" and for "1st May 18—;" in column 8, substitute "1st April 18—."

In article VI., form 13, page 90, after "one" insert "seer."

১৮৬৬ সাল। ডিসেম্বর মাস।

অশুদ্ধ শোধন।

বোর্ডের বিধি পুস্তকের ৪৭ পৃষ্ঠার D চিহ্নিত পাঠের ৩ ঘরে অমুক সালের ১ মে অবধি অমুক সালের ৩০ মে পর্য্যন্ত এই কথার পরিবর্ত্তে অমুক সালের ১ আপ্রিল অবধি অমুক সালের ৩১ মার্চ পর্য্যন্ত এই কথা দিতে হইবে এবং ৮ ঘরে অমুক সালের ১ মে এই কথার পরিবর্ত্তে অমুক সালের ১ আপ্রিল এই কথা দিতে হইবে।

৯০ পৃষ্ঠার ১৩ নং পাঠের ৬ প্রকরণের এক এই শব্দের পর সের শব্দ পাঠ করিতে হইবে।

No. 1.

The attention of all District Officers is specially requested to the following extract from the orders of the Government of Bengal, No. 3111, dated 28th November.

"I am desired to request that the Board will rigidly insist on the proper observance by Collectors, of that important and essential part of their duty, which consists in the control and revision of the proceedings of the Officers subordinate to them. It must be understood to be strictly incumbent on all District Officers, not at stated intervals, but frequently and unexpectedly, to examine the Registers and the records of cases decided by, and pending before, the inferior Revenue and Criminal Courts of the Districts, and to see that the proceedings are conducted promptly, and in accordance with the procedure enjoined by law."

১ নম্বর।

বঙ্গদেশের গবর্ণমেন্টের নবেম্বর মাসের ২৮ তারিখের ৩১১১ নম্বরের আজ্ঞাপত্রহইতে নিম্নলিখিত যে কথা গৃহীত হইয়াছে জিলার সকল কর্ত্তৃপক্ষকে তদ্বিষয়ে মনোযোগ করিতে বিশেষমতে আদেশ হইতেছে।

অধঃস্থ কার্য্যকারকদের কার্য্য বিষয়ের তত্ত্বাবধারণ ও সংশোধন করা কালেক্টর সাহেবদের কার্য্যের অতিগুরুতর ও আবশ্যক অংশ, অতএব তাঁহারদিগকে সেই কার্য্য উপযুক্তমতে সম্পাদন করাওনার্থ বোর্ডের সাহেবেরা অতিদৃঢ় উদ্যোগ করেন আজ্ঞাক্রমে আমার এই আদেশ। জিলার কর্ত্তৃপক্ষেরা জানিবেন যে জিলার রাজস্বসম্পর্কীয় ও ফৌজদারী নিম্নতর আদালতের রেজিষ্টর এবং তাঁহাদের দ্বারা নিষ্পত্তি হওয়া ও উপস্থিত থাকা মোকদ্দমার রিকার্ড অনবধারিত সময়ে অনেকবার ও অনপেক্ষিতরূপে দৃষ্টি করা এবং তাঁহাদের কার্য্য ত্বরায় ও আইনের অবধারিত প্রণালীমতে সম্পাদন হয়, এই বিষয় দৃষ্টি করা জিলার কর্ত্তৃপক্ষদের অত্যন্ত গুরুতর কার্য্য।

No. 2.

The Officers of the Excise Department have hitherto been unable, in many instances, to comply with Clause 3, Section XVIII. (page 81) of the Board's Rules, for the reason that, under the authority of Section XXIV., Act V. of 1861, Excise cases are frequently prosecuted by the Police without the cognizance of the Excise Department..

2. The Inspector General of Police, Lower Provinces, has accordingly, at the instance of the Board of Revenue, by a Circular Memorandum (No. 88, dated the 24th instant), requested that District Superintendents of Police will give the required notice to the Collector of the District of any case instituted by the Police under the Excise Law, so that the Excise Department may watch the proceedings. Particular attention is, therefore, now called to the Rules.

২ নম্বর।

১৮৬১ সালের ৫ আইনের ২৪ ধারার শক্তিক্রমে পোলীসের কর্ম্মকারকেরা অনেকবার আবকারী ডিপার্টমেণ্টের কার্য্যকারকদের অজ্ঞাতসারে আবকারী মোকদ্দমা চালাইয়া থাকেন এই প্রযুক্ত আবকারি কর্ম্মবিভাগের কর্ম্মকারকেরা অনেকস্থলে বোর্ডের বিধি পুস্তকের ৮১ পৃষ্ঠালিখিত ১৮ অধ্যায়ের ৩ প্রকরণমতে অদ্যাপি কর্ম্ম করিতে পারেন নাই।

২। অতএব রেবিনিউ বোর্ডের বর্ত্তমান মাসের ২৪ তারিখের ৮৮ নম্বরী সরকুলর অর্ডরের লিখিত পরামর্শমতে বঙ্গপ্রভৃতি দেশের পোলীসের ইনস্পেক্টর জেনরল সাহেব এই আদেশ করিয়াছেন। পোলীসের কর্ম্মকারকেরা যখন আবকারী আইনমতে কোন মোকদ্দমা উপস্থিত করেন তখন পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টেরা জিলার কালেক্টর সাহেবকে প্রয়োজনমত সংবাদ দিবেন। তাহা হইলে আবকারী কার্য্যবিভাগের কর্ম্মকারকেরা সেই মোকদ্দমাসংক্রান্ত কার্য্যের সন্ধান লইতে পারিবেন, অতএব এক্ষণে সেই বিধিতে বিশেষ মনোযোগ করিবার আদেশ হইতেছে।

No. 3.

The following corrections are to be made in the headings of Registers given at pages 219, 222, and 223 of the Board's Rules :—

No. 24. Insert heading 6½ "date of institution."

No. 45. Add, "note. The remaining headings (7 to 14) are the same as headings 8 to 15 of No 44."

No. 50. Heading 3, for "value," substitute "nature."

No. 52. Heading 6, for "petition," substitute "paper."

No. 4.

With reference to the decision of the High Court given at page 58 of the "Rent Suits," rulings published in the "Revenue, Civil, and Criminal Reporter," No. 7 of 3rd October 1866, Clause 13, Section VIII., Chapter XVI of the Board's Rules, in regard to the trial of appeals by Deputy Collectors, is hereby cancelled.

৪ নম্বর।

১৮৬৬ সালের অকুটোবর মাসের ৩ তারিখের ৭ নম্বরের রেবিনিউ ও সিবিল ও ক্রিমিনল রিপোর্টরের ৫৮ পৃষ্ঠায় খাজানার মোকদ্দমাসম্পর্কে হাই কোর্টের যে নিষ্পত্তি প্রকাশ হইয়াছে তদুপলক্ষে বোর্ডের বিধির ১৬ খণ্ডের ৮ অধ্যায়ের ১৩ ধারাতে ডেপুটী কালেক্টরেরদের দ্বারা আপীলী মোকদ্দমার বিচার বিষয়ক যে বিধি হইয়াছে তাহা এই ধারাক্রমে রহিত করা গেল।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

HOME DEPARTMENT.

NOTIFICATIONS.

Fort William, the 19th March 1867.

No. 2788.

In modification of Notification No. 751, dated Simla, the 11th May 1866, the Governor General in Council is pleased to declare, under the provisions of Section 63 of the Indian Post Office Act XIV of 1866, that the supplemental rule then published shall be read as follows :—

"No book-packet exceeding 200 tolas in weight can be received for dispatch, and any packet

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম ১৮৬৭ সাল ১৯ মার্চ।

২৭৮৮ নম্বর।

১৮৬৬ সালের মে মাসের ১১ তারিখে সিমলাতে লিখিত ৭৫১ নম্বরের বিজ্ঞাপন মতান্তর করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৬ সালের ১৪ আইনের (অর্থাৎ ভারতবর্ষের ডাকের আইনের) ৬৩ ধারার বিধানমতে আজ্ঞা করিতেছেন যে তৎকালে যে অতিরিক্ত বিধি প্রকাশিত হইয়াছে তাহা এইরূপে পাঠ করিতে হইবে। যথা—

"২০০ তোলার অধিক ওজনের কোন পুস্তকের পুলিন্দা প্রেরণার্থে গ্রাহ্য হইবে না। এবং তদধিক

exceeding that weight, found in any letter-box, will be forwarded as a banghy parcel if addressed to any place in India."

The 20th March 1867.

No. 2866.

Under Section 31 of Act VIII of 1855, the Governor General in Council is pleased to direct that, from and after the 1st April 1867, the under-mentioned fees shall be levied from parties seeking information from the Office of the Administrator General, *viz.* :—

For information on any single point in respect of which an advertisement has duly appeared.	One Rupee.
For search for information regarding estates which have been wound up	Four Rupees per hour.

The above fees to be paid whether the search made has been successful or otherwise.

APPOINTMENT.

The 22nd March 1867.

No. 2943.

His Excellency the Viceroy is pleased to appoint the Hon'ble W. S. Seton-Karr, to be Vice-Chancellor of the University of Calcutta, in succession to the Hon'ble H. S. Maine, L. L. D.

E. C. BAYLEY,

Secy. to the Govt. of India.

ওজনের কোন পুলিন্দা পত্রের বাক্সে পাওয়া গেলে যদি তাহার শিরোনামায় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানের নাম লেখা থাকে, তবে বাঙ্গির পুলিন্দার ন্যায় প্রেরিত হইবে।

২৮৬৬ নম্বর।

১৮৬৭ সাল ২০ মার্চ।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৫৫ সালের ৮ আইনের ৩১ ধারামতে আজ্ঞা করিতেছেন যে কোন পক্ষ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের কার্য্যালয়ে কোন বিষয় জানিতে চাহিলে তাঁহাদের স্থানে নিম্নলিখিত ফী লওয়া যাইবে।

উপযুক্তমতে যে কোন বিষয়ের বিজ্ঞাপন প্রকাশিত হইয়াছে তাহার এক বিষয় জানিতে ইচ্ছা করিলে	১৲ টাকা।
কোন মহালের হিসাব নিষ্পত্তি হইলে পর তদ্বিষয় জানিবার নিমিত্তে অন্বেষণ করিবার	প্রতি ঘন্টায় ৪৲ টাকা।

অন্বেষণ করিয়া কৃতকার্য্য হইলে কি না হইলেও পূর্ব্বোক্ত ফী দিতে হইবে।

নিয়োগ।

১৮৬৭ সাল ২২ মার্চ।

২৯৪৩ নম্বর।

মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি মান্যবর শ্রীযুত এচ এস মেইন এল এল ডি সাহেবের পদে মান্যবর শ্রীযুত ডবলিউ এস সিটনকার সাহেবকে কলিকাতার বিশ্ববিদ্যালয়ের বৈস চান্সলেরের পদে নিযুক্ত করিলেন।

ই সি বেলি।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1073.

APPOINTMENTS.

The 11th March 1867.

The following gentlemen to be Members of the Committee for the management of the Charitable Dispensary recently established at Kaitpara, in the District of Jessore, *viz.* :—

The Deputy Magistrate of Khoolna.
Baboo Bungsee Dhur Ghose.
„ Raj Coomar Ghose.
„ Hurrish Chunder Roy.
„ Shitul Nath Ghose.
„ Mudhoo Soodun Bose.
„ Behary Lall Ghose.
„ Bama Churn Biddyabachushpati.

Baboo Suttrodhur Ghose to be Secretary to the Committee.

The 13th March 1867.

Mr. H. J. Newbery to officiate as an Assistant Commissioner in Maunbhoom, to have

[*Government Gazette, 26th March* 1867.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১০৭৩ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ১১ মার্চ।

যশোহর জিলার অন্তর্গত কায়েথপাড়ায় সম্প্রতি যে দাতব্য ঔষধালয় স্থাপিত হইয়াছে নিম্নলিখিত মহাশয়েরা তাহার কার্য্য সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।—

খুলনার ডেপুটী মাজিষ্ট্রেট।
শ্রীযুত বাবু বংশীধর ঘোষ।
„ „ রাজকুমার ঘোষ।
„ „ হরিশ্চন্দ্র রায়।
„ „ শীতলনাথ ঘোষ।
„ „ মধুসূদন বসু।
„ „ বেহারিলাল ঘোষ।
„ „ বামাচরণ বিদ্যাবাচস্পতি।

শ্রীযুত বাবু সুত্রধর ঘোষ উক্ত কমিটীর সেক্রেটারী হইবেন।

১৮৬৭ সাল ১৩ মার্চ।

শ্রীযুত এ ইয়ার্ডলী সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এচ

charge of the Sub-Division of Govindpore, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, and of a Deputy Collector and Moonsiff in that District, during the absence, on leave, of Mr. A. Yardley, or until further orders. Mr. Newbery is further empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

Mr. C. F. Sinclair, Special Deputy Magistrate and Deputy Collector, recently appointed to the Cuttack Division, is posted to Balasore.

Moulvie Furreedooddeen to be Sudder Ameen of Shahabad, and Moonsiff of the Sudder Station of that District.

Moulvie Saadut Hossein to be Sudder Ameen of Sarun, and Moonsiff of the Sudder Station of that District.

Moulvie Obedoollah to be a Member of the Local Committee of Public Instruction at Dinagepore.

The 14th March 1867.

Lieutenant L. Blathwayt to be Secretary to the Local Committee of Public Instruction at Debrooghur.

The following gentlemen to be Members of the Local Committee for the management of the Charitable Dispensary at Bhowanigunge, *viz.:*—

Mr. W. Dodgson.
The Moonsiff of Buddeakhally.
Baboo Kashi Churn Buttacharjea.
" Ram Chunder Roy.
" Hurridial Bose.
" Kali Coomar Roy.
" Chundi Churn Roy.
" Bhyrub Chunder Nundy.
" Kristo Kant Doss.
" Gobind Lall Roy.
" Raj Coomar Shamaddar.

The Officer in charge of the Bhowanigunge Sub-Division to be *ex-officio* Secretary to the Committee.

Mr. E. E. Lowis to officiate, until further orders, as Magistrate and Collector of Muldah.

The 15th March 1867.

Mr. H. Beverley to officiate as Registrar-General of Assurances, under Act XX. of 1866, as a Marriage Registrar of Calcutta, and Senior Marriage Rigistrar of that Town, under Section 16, Act V. of 1865.

Dr. J. Elliot to officiate as Civil Surgeon of Nuddea.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৬ মার্চ।]

জে নিউবেরি সাহেব গোবিন্দপুর শাখাখণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত হইয়া মানভূমে আসিষ্টাণ্ট কমিস্যনরের কর্ম্ম করিবেন, এবং ঐ জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেকুটরের ও মুনসেফের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে ও উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে ও তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

বিশেষ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত সি এফ সিনক্লের সাহেব যিনি সম্প্রতি কটক খণ্ডে নিযুক্ত হইয়াছিলেন তিনি বালেশ্বরে অবস্থিত হইলেন।

শ্রীযুত মৌলবী ফরীদুদ্দীন শাহাবাদের সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত মৌলবী সাআদৎ হুসেন সারণের সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত মৌলবী ওবেদুল্লা দিনাজপুরের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর এক জন মেম্বর হইবেন।

১৮৬৭ সাল ১৪ মার্চ।

লেপ্টেনেণ্ট শ্রীযুত এল ব্লাথওয়েট সাহেব দেব্রুগড়ের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারী হইবেন।

নিম্নলিখিত মহাশয়েরা ভবানীগঞ্জের দাতব্য ঔষধালয়ের কর্ম্মসম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন,—

শ্রীযুত ডবলিউ ডজসন সাহেব।
বদিয়াখালীর মুনসেফ।
শ্রীযুত বাবু কাশীচরণ ভট্টাচার্য্য।
" " রামচন্দ্র রায়।
" " হরিদয়াল বসু।
" " কালীকুমার রায়।
" " চণ্ডীচরণ রায়।
" " ভৈরবচন্দ্র নন্দি।
" " কৃষ্ণকান্ত দাস।
" " গোবিন্দলাল রায়।
" " রাজকুমার সমাদ্দার।

ভবানীগঞ্জ শাখাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক আপন পদোপলক্ষে উক্ত কমিটীর সেক্রেটারী হইবেন।

শ্রীযুত ই ই লৌইস সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত মালদহের মাজিষ্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ১৫ মার্চ।

শ্রীযুত এচ বেবরলী সাহেব ১৮৬৬ সালের ২০ আইনমতে নিদর্শনপত্রাদির রেজিষ্ট্রার জেনরলের কর্ম্ম করিবেন, এবং ১৮৬৫ সালের ৫ আইনের ১৬ ধারামতে কলিকাতার বিবাহের রেজিষ্ট্রার ও ঐ নগরের বিবাহের প্রধান রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন।

ডাক্তর শ্রীযুত জে এলিয়ট সাহেব নদীয়ার সিবিল চিকিৎসকের কর্ম্ম করিবেন।

The following gentlemen to be Members of the Ferry Fund Committee at Purneah, *viz.*:—

Mr. N. S. Alexander.
„ J. Cockburn.
„ J. G. Burnell.

The 16th March 1867.

Mr. H. Clark to officiate temporarily as Joint-Magistrate and Deputy Collector of Burdwan.

Mr. F. B. Simson to officiate as Commissioner of Revenue and Circuit of the Dacca Division, during the absence, on leave, of Mr. C. T. Buckland, or until further orders.

Mr. A. Levien to officiate as Civil and Sessions Judge of Mymensing.

Mr. A. B. Falcon to officiate as Magistrate and Collector of Dacca.

The 18th March 1867.

Mr. G. Dixon to officiate temporarily as Extra Sub-Deputy Opium Agent of Patna.

Mr. G. S. Park to officiate as Magistrate and Collector of Hooghly, with effect from the afternoon of the 15th instant.

Mr. T. Norman to officiate as Joint-Magistrate and Deputy Collector of Hooghly, from the date of his having resumed charge from Mr. G. S. Park.

In supersession of the orders of the 28th ultimo, Baboo Koylash Chunder Ghose is appointed to be a Special Deputy Collector, under Regulation IX. of 1833, in the Cuttack Division, for employment under the Embankment Committee.

Baboo Poorno Chunder Ghose, Deputy Magistrate and Deputy Collector of Moorshedabad, on special duty, is transferred to Nuddea, and vested with the powers of a Magistrate in the latter District.

Baboo Ruttun Lall Ghose, Deputy Magistrate and Deputy Collector, Gurbettah, is transferred to Bancoorah, and vested with the powers of a Magistrate in the latter District.

Baboo Luchmeenarain Pundit, Deputy Magistrate and Deputy Collector, Bancoorah, is transferred to Nuddea, and vested with the powers of a Magistrate in the latter District.

Mr. S. C. Bayley to officiate temporarily as Secretary to the Government of Bengal.

Baboo Nobin Chunder Ghose to be Sudder Ameen of Nuddea, and Moonsiff of the Sudder Station of that District.

Baboo Hurrish Chunder Mitter to officiate as Sudder Ameen of Burdwan, and Moonsiff of the Sudder Station of that District.

Baboo Protap Narain Sing, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-

নিম্নলিখিত মহাশয়েরা পুরণিয়ার ফেরিফণ্ড কমিটীর মেম্বর হইবেন,—

শ্রীযুত এম এস আলেক্জাণ্ডর সাহেব।
„ জে কোবর্ণ সাহেব।
„ জে জি বর্ণেল সাহেব।

১৮৬৭ সাল ১৬ মার্চ।

শ্রীযুত এচ ক্লার্ক সাহেব কিয়ৎকালের নিমিত্তে বর্দ্ধমানের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি টি বকুলাণ্ড সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এফ বি সিমসন সাহেব ঢাকা খণ্ডের রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ লেবিয়ান সাহেব ময়মুনসিংহের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ বি ফালকন সাহেব ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ১৮ মার্চ।

শ্রীযুত জি ডিকসন সাহেব কিয়ৎকালের নিমিত্তে পাটনার আফীনের অতিরিক্ত সব-ডেপুটী এজেন্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি এস পার্ক সাহেব হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন। উক্ত নিয়োগ এই মাসের ১৫ তারিখের অপরাহ্ন অবধি প্রবল হইবে।

শ্রীযুত টি নর্ম্মান সাহেব যে তারিখে শ্রীযুত জি এস পার্ক সাহেবের স্থানে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন সেই তারিখ অবধি হুগলীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

গত মাসের ২৮ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা হইল যে শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র ঘোষ বাঁধের কমিটীর আজ্ঞাধীনে নিযুক্ত হওনার্থে কটকখণ্ডে ১৮৩৩ সালের ৯ আইনমতে বিশেষ ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়াছেন।

মুরশিদাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পুর্ণচন্দ্র ঘোষ বিশেষ কর্ম্মের নিমিত্তে নদীয়ায় নিযুক্ত হইয়াছেন। এবং শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

গড়বেটার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রত্নলাল ঘোষ বাঁকুড়ায় নিযুক্ত হইয়াছেন, ও শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

বাঁকুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ পণ্ডিত নদীয়ায় নিযুক্ত হইয়াছেন ও শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত এস, সি, বেলি সাহেব কিয়ৎকালের নিমিত্তে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু নবীনচন্দ্র ঘোষ নদীয়ার সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র মিত্র বর্দ্ধমানের সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রতাপনারায়ণ সিংহ বুদবুদ শাখাখণ্ডের কর্ম্মের ভার

Division of Bood-Bood, and to exercise the powers of a Magistrate in Burdwan and Bancoorah.

The 19th March 1867.

With the sanction of His Excellency the Viceroy and Governor General of India, the Lieutenant-Governor has been pleased to appoint Mr. J. Bullen Smith to be a Member of the Council of the Lieutenant-Governor of Bengal, for the purpose of making Laws and Regulations.

LEAVE OF ABSENCE.

The 13th March 1867.

Mr. A. Yardley, Assistant Commissioner of Govindpore, for six months, under Section 9 of the Covenanted Service Absentee Rules.

Mr. J. A. Craven, Deputy Magistrate and Deputy Collector of Chittagong, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Dr. C. Nardin, Medical Officer of Noakholly, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the 1st May next, or any subsequent date on which he may avail himself of the leave, making over charge of his duties to the Senior Native Medical Officer at that Station.

Mr. R. Alexander, Civil and Sessions Judge of Cuttack, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 15th instant, or any subsequent date on which he may avail himself of the leave, making over charge of his Office to the Officiating Additional Sessions Judge of the District.

The 14th March 1867.

Mr. J. H. Ravenshaw, Magistrate and Collector of Maldah, for fourteen days, from the 10th April next, preparatory to proceeding to Europe, on Furlough.

Dr. E. J. Gayer, Civil Assistant Surgeon of Tirhoot, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave, making over charge of his duties to the Sub-Assistant Surgeon attached to the Charitable Dispensary at Mozufferpore.

The 16th March 1867.

Mr. G. E. Makgill, Officiating Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, for fifteen months, under Section 11 of the Covenanted Service Absentee Rules, together with seven days for preparation.

Mr. C. T. Buckland, Commissioner of Dacca, for three months, from the 3rd proximo, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৬ মার্চ।]

পাইবেন এবং বর্দ্ধমানে ও বাঁকুড়াতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও ভারতবর্ষের গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব শ্রীযুত জে বুলেন স্মিথ সাহেবকে আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সভ্যের পদে বরণ করিলেন।

ছুটী।

১৮৬৭ সাল ১৩ মার্চ।

গোবিন্দপুরের আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত এ ইয়ার্ডলী সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৯ ধারামতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

চট্টগ্রামের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এ ক্রেবেন্ সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

নওয়াখালীর চিকিৎসক ডাক্তর শ্রীযুত সি নার্ডিন সাহেব আগামি মে মাসের ১ তারিখঅবধি অথবা তৎপরের যে কোন তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি উক্ত মোকামের এদেশীয় প্রধান চিকিৎসকের প্রতি আপন কর্ম্মের ভার অর্পণ করিবেন।

কটকের সিবিল ও সেশন জজ শ্রীযুত আর আলেক্জণ্ডার সাহেব এই মাসের ১৫ তারিখ অবধি অথবা তৎপরের অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি ঐ জিলার একটিং আডিস্যনল সেশন জজ সাহেবের প্রতি আপন কার্য্যালয়ের কর্ম্মের ভারার্পণ করিবেন।

১৮৬৭ সাল ১৪ মার্চ।

মালদহের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে এচ রেবনশা সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে আগামি আপ্রিল মাসের ১০ তারিখ অবধি চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত ই, জে, গেয়র সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন। মজফরপুরের দাতব্য ঔষধালয়ে নিযুক্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসকের প্রতি তিনি আপন কর্ম্মের ভার অর্পণ করিবেন।

১৮৬৭ সাল ১৬ মার্চ।

২৪ পরগনার একটিং মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি ই মাকগিল্ সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে পনের মাসের ছুটী পাইয়াছেন তদ্ভিন্ন প্রস্তুত হওনার্থে সাত দিনের ছুটী পাইয়াছেন।

ঢাকার কমিস্যনর শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি মাসের ৩ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

Mr. H. Muspratt, Magistrate and Collector of Balasore, for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

NOTIFICATIONS.

The 13th March 1867.

It is hereby notified for general information, that the Sub-Committee of the Board of Examiners has appointed Monday, the 15th April next, for the commencement of the next Half-yearly Examination of Assistants and others.

The 18th March 1867.

The Lieutenant-Governor has been pleased to accept the resignation tendered by Mr. F. A. Goodenough of his appointment as a Member of the Council of the Lieutenant-Governor of Bengal, for the purpose of making Laws and Regulations, with effect from the 9th instant.

NOTIFICATION.

The 15th March 1867.

It is hereby notified that the Lieutenant-Governor has been pleased to sanction the establishment of a Small Cause Court, under Act XI., 1865, at Darjeeling, with pecuniary jurisdiction up to Rupees 500. The Deputy Commissioner of Darjeeling shall be *ex-officio* Judge of the Small Cause Court.

NOTIFICATIONS.

The 11th March 1867.

It is hereby notified that the Small Cause Court at Chittagong will be abolished from the 1st proximo, from which date the cases heretofore cognizable by that Court will be adjudicated by the ordinary Civil Courts having jurisdiction.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

The 9th March 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken at the public expense, for a public purpose *viz.*, a Civil Station at Julpigoree, Zillah Rungpore, it is hereby declared that a piece of land, measuring thirty-two beegahs, more or less, bounded on the North and East by the River Teesta; on the South by the River Korla; and on the West by the bridge and road leading from Julpigoree to Mynagoree, at Julpigoree, in Sub-division of Titalyah, Zillah Rungpore, is required for the above purpose.

2. This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 26th March* 1867.]

বালেশ্বরের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ মস্প্রাট সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৩ মার্চ।

সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে পরীক্ষক বোর্ডের সব-কমিটী আগামি আপ্রিল মাসের ১৫ তারিখ সোমবার আসিষ্টান্ট প্রভৃতির অর্দ্ধ বাৎসরিক পরীক্ষার আরম্ভের দিন স্থির করিয়াছেন।

১৮৬৭ সাল ১৮ মার্চ।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভাতে শ্রীযুত এফ এ গুডএনফ সাহেবের সভ্য পদ ত্যাগ করণপত্র গ্রাহ্য করিয়াছেন। এই মাসের ৯ তারিখ অবধি উক্ত পদ ত্যাগ করণ প্রবল হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৫ মার্চ।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব দার্জ্জিলিঙ্গে ১৮৬৫ সালের ১১ আইনমতে ক্ষুদ্র মোকদ্দমার আদালত স্থাপনের অনুমতি করিয়াছেন, উক্ত আদালতে ৫০০৲ টাকা পর্য্যন্ত দাওয়ার বিচার হইতে পারিবে। দার্জ্জিলিঙ্গের ডেপুটী কমিসানর সাহেব স্বীয় পদোপলক্ষে উক্ত ক্ষুদ্র মোকদ্দমার আদালতে জজ হইবেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১১ মার্চ।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে আগামি মাসের ১ তারিখ অবধি চট্টগ্রামের ক্ষুদ্র মোকদ্দমার আদালত উঠিয়া যাইবে, ঐ তারিখ অবধি উপযুক্ত ক্ষমতাবিশিষ্ট দেওয়ানী আদালতে উক্ত আদালতের বিচার্য্য সকল মোকদ্দমার বিচার হইবে।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৯ মার্চ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকায় কার্য্যার্থে অর্থাৎ রঙ্গপুর জিলার অন্তর্গত জলপাইগুড়িতে দেওয়ানী মোকাম প্রস্তুত করণার্থে রাজকায় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে ন্যূনাধিক ৩২/ বিঘা পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও পূর্ব্ব সীমা তিস্তা নদী, দক্ষিণ সীমা করলা নদী, পশ্চিম সীমা সাঁকো এবং রঙ্গপুর জিলার অন্তর্গত তিতালিয়াশাখাখণ্ডের জলপাইগুড়িস্থ জলপাইগুড়ি হইতে ময়নাগুড়িপর্য্যন্ত যে পথ যায় তাহা।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT.

ESTABLISHMENT.

No. 89.

The 12th March 1867.

Subject to the approval of the Government of India, Public Works Department, the Lieutenant-Governor has been pleased to transfer, as a temporary measure, the Tumlook, Midnapore, and Hidgellee Divisions from the Cuttack to the Presidency Circle, with effect from the 1st March 1867.

CIVIL BUILDINGS.

No. 100.

The 19th March 1867.

Declaration under Section 2 of Act VI. of 1857, *in supersession of the Declaration No. 39 of 29th January* 1867, *published in the "Calcutta Gazette" of 30th idem, page* 146.

WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at a public expense, for a public purpose, *viz.*, for the site of Sub-divisional buildings at Chooadangah, in the district of Nuddea, it is hereby declared that, for the above purpose, the plot of land mentioned below, and measuring fourteen beegahs, five cottahs, more or less, in extent, situated in Mouzah Bugrukgurguree, Pergunnah Shahoojial, is required. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern:—

Boundaries.

North, public road leading to the Railway Station; East, Tooran Biswas and Sooroop Mundul's land; South, Joardar's land; and West, public road leading from Chooadangah to Damoorhoodah.

J. E. T. NICOLLS, *Lieut.-Col., R. E.,*
Secy. to the Govt. of Bengal,
P. W. D.,

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

কার্য্যালয়বিষয়ক।

৮৯ নম্বর।

১৮৬৭ সাল ১২ মার্চ।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কিয়ৎকালের নিমিত্তে তমলুক, মেদিনীপুর ও হিজলী খণ্ডের কর্ম্মকারকদিগকে কটকহইতে রাজধানী চক্রে আনয়ন করিলেন। এ কার্য্য ১৮৬৭ সালের মার্চ মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

কাছারী বাটীসম্পর্কীয়।

১০০ নম্বর।

১৮৬৭ সাল ১৯ মার্চ।

১৮৬৭ সালের জানুআরি মাসের ২৯ তারিখের যে বিজ্ঞাপন ফেব্রুআরি মাসের ৫ তারিখের বাঙ্গলা গেজেটের ১৪৩ পৃষ্ঠায় প্রকাশিত হয় তাহা রহিত করিয়া ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের এই বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ নদীয়া জিলার অন্তর্গত চুয়াডাঙ্গার শাখাখণ্ডের বাটী প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভুমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহজিয়াল পরগণার বগরুকগরগরী মৌজায় ন্যূনাধিক ১৪।০ কাঠা পরিমিত নিম্নলিখিত ভুমির প্রয়োজন। উক্ত ভুমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

উক্ত ভুমির সীমা এই২।

উত্তর সীমা রেলওয়ে ষ্টেশনে গমনের রাজপথ, পূর্ব্ব সীমা তুরাণ বিশ্বাসের ও স্বরূপ মণ্ডলের ভুমি, দক্ষিণ সীমা জোয়ারদারের ভুমি, পশ্চিম সীমা চুয়াডাঙ্গা অবধি দামুহুদা পর্য্যন্ত রাজপথ।

জে, ই, টি, নিকলস, লেপ্টেনেণ্ট কর্ণেল আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDER OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

LEAVE OF ABSENCE.

The 22nd March 1867.

Baboo Bhyrub Chunder Kur, Moonsiff of Sherepore, Zillah Mymensing, for one month from 22nd proximo, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules, placing his Serishtadar in charge of the current duties of his Office.

L. R. TOTTENHAM,
Registrar.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টের আজ্ঞা।

ছুটী।

১৮৬৭ সাল ২২ মার্চ।

জিলা ময়মুনসিংহের শেরপুরের মুনসেফ শ্রীযুত বাবু ভৈরবচন্দ্র কর অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি মাসের ২২ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার সিরিশ্তাদারের হাতে রাখিবেন।

এল আর টটেনহাম,
রেজিষ্ট্রার।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

৬১৫ নং।

অফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৭ সাল তারিখ ১০ আপ্রেল বুধবার পুর্ব্বাহ্ণে দিবা এগার ঘণ্টার সময়ে মোং কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৪। ৬৫ ও ৬৫। ৬৬ সালের উৎপন্ন আফিমের চতুর্থ নীলাম হইবেক এবং ঐ নীলামে ৪,০০০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

	সন ১৮৬৪। ৬৫	সন ১৮৬৫। ৬৬ সিন্দুক
বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম	— ,, —২,০০০	২,০০০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম	১০২২——৯৭৮	২,০০০
	জুমলা সিন্দুক	৪,০০০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল চলিতমত গবর্ণমেন্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৬ সালের ১ অক্টোবর তারিখের লিখিত ইশ্‌তেহার দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়ারেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬৭ সালের ১৫ এবং ২৫ মার্চ এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামী খরিদারগণ যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা অন্য কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬৭ সালের ১৫ আপ্রিল সোমবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিস্মতের পূরা টাকার দরুণ বাঙ্গাল বেঙ্কের রসিদ সন ১৮৬৭ সালের ২৫ আপ্রিল বৃহস্পতিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরোক্ত এই নীলামের ইশ্‌তেহারের লিখিত পরিমাণ আফিম ভিন্ন বর্ত্তমান বর্ষে নীচের লিখিত পরিমাণ বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হায়ে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতু প্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন।

	বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬৭ সাল তারিখ ৯ মে বৃহস্পতিবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২,০০০	২,০০০	৪,০০০
ঐ ঐ ৭ জুন শুক্রবার ঐ ...	২,০০০	২,০০০	৪,০০০
ঐ ঐ ১০ জুলাই.. বুধবার ঐ ...	২,০০০	২,০০০	৪,০০০
ঐ ঐ ৯ আগস্ট ...শুক্রবার ঐ ...	২,০০০	২,০০০	৪,০০০
ঐ ঐ ৯ সেপ্টেম্বর সোমবার ঐ ...	২,০০০	২,০০০	৪,০০০
ঐ ঐ ১৬ অক্টোবর বুধবার ঐ ...	২,০০০	২,০০০	৪,০০০
ঐ ঐ ১১ নবেম্বর সোমবার ঐ ...	২,০০০	২,০০০	৪,০০০
ঐ ঐ ৬ ডিসেম্বর শুক্রবার ঐ ...	২,০০০	২,০০০	৪,০০০
একুন	১৬,০০০	১৬,০০০	৩২,০০০

আর এল মাঙ্গলস্।
একৃটিং ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ,
ফোর্ট উলিয়ম সন ১৮৬৭ সাল তারিখ ৫ মার্চ।

NOTICE.

The undersigned is prepared to grant licenses (with effect from 1st April 1867 to 31st March o catch Elephants in the Western Dooars of Bhootan.

The license fee is Rupees 20, for each Kunki employed. The right of pre-emption of captured elephants is reserved to Government.

Further particulars may be obtained by application (personal or by letter) to the undersigned.

J. Tweedie,
Dy. Commissioner, Western Dooars.

Mynagoree, Bhootan.
The 12th December 1866.

NOTICE.

HOWRAH MUNICIPALITY

Revision of Assessment.

THE Commissioners hereby give Notice that under Section 30 of Act III. (B. C.) of 1864, the rate for the ensuing year 1867-68, has been fixed at *seven and a half per cent*, and that they will proceed to revise the assessment of Houses and Lands on and from the 8th day of April next, at 3 P. M., until the whole are disposed of. The days on which appeals from certain divisions will be heard can be ascertained at the Office of the Commissioners.

The Books containing the said valuation and assessment can be inspected on any day (Sundays and holidays excepted) at the Office of the Commissioners, between 11 A. M. and 4 P. M., free of charge; and any person desiring to appeal against any such assessment, is hereby warned that his or her appeal must be made on or before the day above mentioned, and that all appeals must be presented in writing.

By Order of the Commissioners,
WALTER H. D. DUVAL,
Secretary.

HOWRAH;
MUNL. COMMR.'S OFFICE,
The 22nd March 1867.

বিজ্ঞাপন।

হাবড়ার মুনিসিপালিটী।

অবধারিত টাক্সের সংশোধন।

কমিস্যনরেরা এতৎক্রমে সংবাদ দিতেছেন যে, ১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৩ আইনের ৩০ ধারামতে আগামি ১৮৬৭।৬৮ সালে শত করা সাড়ে সাত টাকার হারে টাক্স ধার্য্য হইবে। এবং আগামি আপ্রিল মাসের ৮ তারিখ অবধি তাঁহারা প্রতি দিন অপরাহ্ণ তিন ঘণ্টা সময়ে বসিয়া বাটীর ও ভূমির টাক্স সংশোধন করিবেন। ঐ কার্য্য যত দিন সমাপ্ত না হয় তত দিন সেই সময়ে বসিবেন। নগরের যে খণ্ডের উপর যে তারিখে আপীল শুনা যাইবে তাহা কমিস্যনরেরদের কার্য্যালয়ে জানা যাইতে পারিবে।

ভূম্যাদির যে মূল্য ও তাহার উপর যত টাকা টাক্স ধার্য্য হয় তাহা এক পুস্তকে লিখিত হইয়া রবিবার ও বন্দের দিন ভিন্ন প্রতি দিন বেলা ১১ ঘণ্টা অবধি ৪ টা পর্য্যন্ত কোন সময়ে দৃষ্টি হইতে পারিবে। তাহাতে খরচ লাগিবে না। কোন ভূম্যাদির উপর যে টাক্স ধার্য্য হইয়াছে, তাহাতে যদি কেহ অসম্মত হন, তবে তাঁহাকে জ্ঞাত করা যাইতেছে যে পূর্ব্বোক্ত দিবসে কি তাহার অগ্রে তাহার আপীল করিতে হইবে। ও তদ্রূপ সকল আপীল লিখিয়া দিতে হইবে।

কমিস্যনরদের আজ্ঞাক্রমে।
ওয়ালটর এচ ডি ডুবাল।
সেক্রেটারী।

হাবড়া।
মুনিসিপাল কমিস্যনরের আফীস।
১৮৬৭ সাল ২২ মার্চ।

NOTICE.

CALCUTTA MUNICIPALITY.

NOTICE is hereby given that the valuation and measurement of the portion of the Northern Division of the Town, noted in the margin, has been completed, and that the Books containing the said valuations and the rates assessed can be inspected on any (Sundays excepted), at the Office of the Justices, between the hours of 11 o'clock A. M. and 4 o'clock P. M., free of charge.

Bounded on the South by Machooa Bazar Street, on the North by Rajah Gooroodoss Street and Manicktollah Street, on the West by Chitpore Road, and on the East by Cornwallis Street.

The Justices will, on the 16th day of April next, proceed to revise the said valuation and assessment, and to hear all appeals connected therewith, but no such appeal can be heard, unless the amount of rate has been deposited with the Justices, in accordance with the Provisions of Section 27 of Act VI of 1866 B. C., on or before the 12th day of April, and unless such appeal be preferred by the person who at the time the appeal is made shall be recorded in the said Book as the owner of the premises to which such appeal refers, or by the occupiers thereof, or by their Agents.

ROBT. TURNBULL,
Secretary to the Justices of the Peace.

OFFICE OF THE JUSTICES OF THE PEACE,
1, CHOWRINGHEE ROAD;
Calcutta, 25th March 1867.

বিজ্ঞাপন।

কলিকাতা মিউনিসিপলিটী।

ইহার দ্বারা জ্ঞাত করা হইল যে, শহরের নার্থ ডিবিজনের (১) বাটী সকলের মূল্য জমির পরিমাণ সকল নিশ্চিত করা হইবাতে যে বহীতে ঐ মূল্য ও নিরূপিত কর সকল লেখা হইয়াছে তাহা বিনা ব্যয়ে বেলা ১১ ঘণ্টা নাগায়েদ ৪ ঘণ্টার সময় সকলের মধ্যে সাধারণকর্ত্তৃক দৃষ্টি করা হইতে পারিবেক, জষ্টিস অব দি পিস সকলে আগত ১৬ আপ্রেল তারিখ অবধি ঐ লিখিত করের সংশোধন জন্য আপীল সকল শুনিতে আরম্ভ করিবেন, কিন্তু ৬ আইনের ১৮৬৬ সালের ২৭ ধারানুসারে রেট আগত নাগায়েদ ১২ আপ্রেল অবধি জমা রাখিয়া আপীল করিলে গ্রাহ্য হইবেক। এবং যাহাদিগের নাম বাটীওয়ালা ও ভাড়াটীয়া কিম্বা এজেণ্ট বলিয়া বহীতে লেখা যায়, তাহাদিগের আপীল শুনা যাইবেক।

অর্থাৎ যে সকল বাটীর নম্বর দক্ষিণ মেছুবাজার ইষ্ট্রীট, উত্তর রাজা গুরুদাস ইষ্টীট, এবং মানিকতলা ইষ্টীট, পশ্চিম চিৎপুর রোড, পূর্ব্ব করানওয়ালিস ইষ্টীট।

আদেশানুসারে,
রবর্ট টরণবুল,
জষ্টিস অব দি পিসদিগের সেক্রেটেরী।

জষ্টিস অব দি পিসদিগের আফিস,
১ নং চৌরঙ্গি রোড,
কলিকাতা, ২৫ মার্চ ১৮৬৭ সাল।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা শ্রীহট্ট।

১৮৫৯ সালের ১১ একাদশ আইনের ৬ ধারাক্রমে এহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা শ্রীহট্টের নীচের লিখিত মহালাত ১৮৬৬।৬৭ সালের কিস্তি ডিসেম্বর পর্য্যন্তের বাকি মালগুজারি নিমিত্ত এবং চলিত আইন ও আক্‌টের দ্বারা অন্য যেং দাওয়া বাকি মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৬৭ সালের মার্চ মাসের ২৬ দিবস মোতাবেক ১২৭৩ বাঙ্গালার ১৪ চৈত্র মঙ্গলবার ঐ জেলার কালেক্‌টরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে নীলাম হইবেক।

ইস্তমেরারি জমা ধার্য্য হওয়া মহাল।

পরগনে তরফ

৫৪৭২১ নম্বর হিস্বে শৈদ মাং বাতির রেজিস্টরী হওয়া মালিক নবকৃষ্ণ মজুমদার গএরহ সদর জমা · ৩১৬৪।✓

এহার মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারার মর্ম্মানুযায় উসহবরাম পাল ও দুর্গাচরণ উম চৌধুরী ও তারিণীচরণ উম চৌধুরী ও রামকুমার উম চৌধুরী ও অভয়াচরণ কর ও শৈদ আবদুল ছুভান নামে পৃথক হিসাব হওয়া ও তাহা উসুল হওয়াতে ছাড়িয়া দেওয়ার অভিপ্রায় জমা ২১৫৮৸৶/১০৪

বাকী ... ... ১০০৫।/৬

পরগনে ঐ

৫৪৯৩৮* নম্বর তালুক সাহা জেবুনাবদী রেজিস্টরী হওয়া মালিক নিজ গএরহ সদর জমা ৫৭৯/১

এহার মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১১ ধারার মর্ম্মানুযায় যুগলকিশোর দেব ও নবকিশোর দেব ও রামচন্দ্র পাল নামে পৃথক হিসাব হওয়া ও তাহা উসুল হওয়াতে ছাড়িয়া দেওয়ার

অভিপ্রায় জমা ... ৯॥৵৮

বাকী ... ... ৫৬৯।৵৫

T. WALTON,
Collector.

[*Government Gazette*, 26*th March* 1867.]

জিলা কটক।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা কটক মধ্যম প্রদেশ এই যে।

যে হেতু কেল্লা কনিকা মাহাল তাবে কোর্ট আবওয়ার্ডস রাজা পদ্মনাভ ভঞ্জ বাহাদুরের কিসমত জমুবি জেলা পুরী মোং দাণ্ডীমাল সাহি ও কুণ্ডাইবেট সাহিতে নীচের লিখিত নকুসানুসারে দুই মঠ থাকা ও তাহার এলাকায় কাঁচা ও পোক্তা বাটী সকল ও ভূমি ও বাগান সকল চৌহদ্দী মোতাবক ও রাএতদিগের বাটী বেং চৌহদ্দীর অন্তর্গত আছে সেই২ চৌহদ্দীর নম্বরওয়ারি অনুসারে রাজা প্রশংসিতের মহাজনদিগের দেনা আদায় পরিশোধ কারণ রাজমান শ্রীযুত কমিস্যনর সাহেবের ৪৩।।০ নম্বর ও সন ১৮৬৬ সাল আগস্ট মাহার ১৭ তারিখের লিখিত ৫০৮ নম্বর চিঠী ও অত্র মহকুমার সন মজকুরের ডিসেম্বর মাহার ৫ তারিখের লিখিত হুকুমানুক্রমে এই কালেক্টরী কাছারিতে সন ১৮৬৭ সাল আপ্রিল মাহার তাং ৮ মোতাবক সন ১২৭৪ সাল চৈত্র মাহার ২৮ তারিখ সোমবার বারঘন্টার সময় নীলাম হইবেক একারণ ইস্তাহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মঠ ওগয়রহকে উপর লিখিতঅনুসারে যে কেহ খরিদ করণের বাঞ্ছা রাখিতে থাকে উপর উক্ত তারিখে এই কালেক্টরী কাছারিতে হাজীর হইয়া ডাক নীলামে খরিদ করিবেক প্রকাশ যে সমুদয় মূল্য তৎক্ষণাৎ দিতে হইবেক অতএব অত্র বিষয় সমস্ত লোকদিগকে জ্ঞাত কারণ লেখা গেল তাং ২৯ মাহ জানুআরি সন ১৮৬৭ সাল।

ইয়াদদাস্ত রাজে বিনাএক ভঞ্জ মৃত্যুহাল দখলকার বাজে পদ্মনাভ ভঞ্জ রাজা কেল্লা কনিকা এলাকে মঠ পুরুষোত্তমক্ষেত্র মঠ ও বাগানের চৌহদ্দী নকুসা জেলা জমুবি।

১	২	৩	৪	৫ সরহদ্দ সমানা	৬	৭	৮
নামশাহি	নম্বর	রকম	তাএন ভূমি	পূর্ব্ব	পশ্চিম	দক্ষিণ	উত্তর
১ দাণ্ডীমালসাহি	৩১০	কাঁচা পাকাবাটী ৬৭ বখরা	মাং ।৭৭/	গোবিন্দভারথির বাগান	বড়দাণ্ড	দনাই রাজগুরু ও পণ্ডিত মঠের মোহন্ত বরদ্ধ রামানুজদাস …	ভিঙ্গারপুর নিবাসি রঘুনাথদাসের খরিদা
ঐ	৩১১	বাড়ি হর কসল …	মাং ।৮।/				
ঐ	৩১২	ঐ	মাং ।৩৮৩				
ঐ	৩১৩	গলি রাস্তা …	মাং ।০২/১৩				
একসাহির এক মঠ			মাং ।১৯।৵১৩				
২ কুণ্ডাই বেটসাহি	১১	বাগান …	মাং ।৯।৵	রামগোপাল চট্টোপাধ্যায়ের খরিদা ও কাণ্ডারাকোটের জায়গা	শ্যামাসুন্দরীদাসী ও গোবিন্দ পহরাজ ও গোপীনাথদাস ও ফলহারির মঠেরজায়গা ও শিবপুষ্টীর খরিদা ও মানমাইতি …	রাজদাণ্ড …	রামগোপাল চট্টোপাধ্যায়ের খরিদা
ঐ	১২	ঐ	মাং ।১১৲				
ঐ	১৩	ঐ	মাং ।১৩।/				
			মাং ১।৯২/				

৩ ঐ	৪২	ঐ ..	মাং ।১৮	বোষ্টম চতুর্ভুজদাসের দত্ত বাগান ..	লক্ষ্মীভক্তের মঠের বাগান মার রাজদাণ্ড ..	দাণ্ড ...	লক্ষ্মীভক্তের মঠের বাগান
ঐ	৪৩	ঐ ...	মাং ৯৷৷০				
		একটা বাগান ইহার মধ্যে আদালতের নাজীর ও চাপরাশী ও জাগীরদার-দিগের বাশাবাটী ও বাউরি এক ঘর আছে ...	মাং ১৷২৷৷০				
৪ ঐ	৬৫	গলী রাস্তা .. একটা বাগান তাহাতে বাউরি ২ ঘর আছে ...	মাং ।১৮/১৫	নিজ কনিকার বাগান ..	রাজদাণ্ড ...	দীনবন্ধু দাসের বাটী ..	কালীচরণ চৌধুরির খ-রীদা বাটী
ঐ	৮১০	রাএত আবধ মহাপাত্রের ঝুলন বাটী ও ভুবনী শাহুর কামার সালের ঘর সহিত দুই বখরা ...	মাং ।১/	রাজদাণ্ড ..	ঐ ...	বাবন মাহারনার খরিদা মেলাঘর ...	রাজদাণ্ড
ঐ	৮৫২	একমঠ ৮ বখরা ..	মাং ।৯৮/	অলপদ্মঠাকুরাণীর দেউল মার রাজদাণ্ড ..	গোবিন্দভারথীর বাগান	বাবন পাঠনায়েকের বাটী	বিশ্বনাথ মাইতির বাটী
ঐ	৮৫৩	মঠের বারেণ্ডা ১ বখরা ..	মাং ।০।/১০				
একমঠ			মাং ।১০৩/১০				
৫ ঐ	৮৬৮	রাএত জয়রাম সিংহের বাটী ১ বখরা ১৮৶	মাং ।০ ৮৶	রাজদাণ্ড ...	বলভদ্র বল্লভের জায়গা	রামদেব দাস ও গোপী দাস ...	দিবাকর মিশ্রী।
ঐ	৮৬৯	বালারায়ের মঠের জমা-দারের ঘর ১ বখরা ১৮৶	মাং ।০ ৮৶				
ঐ	৮৭০	রাএত মধুসিংহের বাটী ঘর ১ ঐ ১।০	মাং ।০ ।৷৵				
		৩ বঃ ৫৶	মাং ।২৷৷				

১	২	৩	৪	৫ সরহদ্দ সীমানা	৬	৭	৮
নাম শাহি	নম্বর	রকম	তাএন ভূমি	পূর্ব্ব	পশ্চিম	দক্ষিণ	উত্তর
ঐ	৯০০	রাএত কেনাই মহাপাত্র বাটী ১ বঃ ২৴ ইহাতে একটা বাঁকী	মাং ।৴৫৴৮	নবীন দাসের বাটী ...	রাজদাণ্ড ...	পদ্মচরণ চৌধুরির খরিদা	রাম সাহুর খরিদা।
ঐ	১০৭৫	একটা বাগান ... ৩ ঘর বাউরি	মাং ২।২৩।	তাঙ্গীরমঠ গোবিন্দ দাস ও ভজনি দাস ...	দীনবন্ধু দাস ও নিজ কনিকার গলি ও কালীচরণ চৌধুরির খরিদা ও সুকদেব দাস ও দীনবন্ধু মিছর ও কাঙ্গালি তেহাড়ি ও লোকীমিছর ও নীলকণ্ঠ দাস ও লোকনাথ সতপন্তী ও অনাম মিছর ও আরথ মিছর ও লোকীমিছর ও ভগবান তেহাড়ি ও আলকমিছর ও গোপনী সতপন্তী ও গোবিন্দ দাস ও দৈতাবিদ্যাসীর জায়গা ...	গঙ্গাধর দাস বৈষ্ণব ও ঘুমশর মঠের মোহন্ত সরকু দাস ও শত্রুঘ্নদাস ব্রাহ্মণের বাগান ...	আবকারির কাছারির ঘর ও সরকারি সড়ক।
ঐ	১১২৪	রাএত সুদর্শন দাসের ... আখড়া ঘর ১ টী বঃ ২	মাং ।২৮	রাজদাণ্ড ...	মহারাজা দিব্যসিংহ দেব নাবালগের বাগান ...	কৌশল্যা দাস মৃত্যুর চেলা জগন্নাথ দাসের মঠ বাগান ...	গলী রাস্তা।
জুওাই বেটনাহি ...			মাং ১।৪॥৶৩				

চুচুড়া সাহি এলাকে পুরী	১৯৭	দাল জমি ...	মাং ।১৯।৶	নিজ কনিকার বাগান ...	হরি মহাপাত্রের খরিদা ও গদাধর বড়ু মহাপাত্র...	গদাধর বড়ু মহাপাত্র ...	গোবর্দ্ধন দাসের ভূমি
ঐ	১৯৮	ঐ	মাং ।১১৵/				
			মাং ১।৬৶				
ঐ	২০১	বাগান ...	মাং ।২২।।	নবিজ্র পুষ্করিণীর পাড়...	গোবর্দ্ধন দাস ও নিজ কনিকা ...	ঐ	নদী ও বরচাই ঠাকুরাণীর জায়গা।
ঐ	২০২	ঐ	মাং ১০।।৶				
		এক বাগান ...	মাং ১।২৩৶				
ঐ	২০৭	বাগান একটা ...	মাং ২।৬	ঐ	গলী রাস্তা ...	রাজদাণ্ড ...	গদাধরবড়ু মহাপাত্র।
চুচুড়া সাহি ..			মাং ৫।১০৶				
মোট ও সাহিকে ...			মাং ১২।৯।৶/১৯				

W. MACPHERSON,
Collector.

[*Government Gazette*, 26*th March* 1867.]

জিলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারী কালেক্টরী জিলে চট্টগ্রাম।

এতদ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জেলাহার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকী বাবৎ ইংরেজী ১৮৬৭ সনের ৮ আপ্রিল তারিখে মতাবেক সন ১২৭৩ বাঙ্গলা তারিখ ২৬ চৈত্র রোজ সোমবার এই কালেক্টরী কাছারীতে বিনাওজর নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৭ ইংরাজী তারিখ ১২ মার্চ।

প্রথম শ্রেণীর কাএমি মহাল।

৪৭৮ নং তরফ বৃন্দাবন চৌধুরী মালিক ঈশানচন্দ্র চৌধুরী ও রামকিঙ্কর পুরোহিত ও বিশ্বম্ভর পুরোহিতের মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে অবশিষ্ট মালিকানের মবলগ ২৪২৮৵০ আনা জমার আদায় হওয়া হিস্যা বাদে রামকিঙ্কর পুরোহিতের হিস্যা নীলাম হইবেক মহলম মহালের সদর জমা ২৪৫৯৸৵৬

৬৬৯ নং তরফ ছত্রনারায়ণ কানুনগোয় মালিক রাজচন্দ্র সেন সদর জমা ৮৪০৷৷৵৪

মহাল মহালেহা।

৩৯৩৫ নং তরফ রাধামাধব মালিক বালকদাস ও মনোহরদাস মোহন্ত ও ললিতাসুন্দরী ও ললিতা ঠাকুরাণী ও মাগন দস্তিদারের মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে শ্রীমতী ললিতা ঠাকুরাণী ও ললিতাসুন্দরীর মবলগ ৫৩৯৸৵১১ পাই জমার আদায় হওয়া হিস্যা ও জের বাটওয়ারাসূত্রে অবশিষ্ট বালকদাস ও মনোহরদাস মোহন্তের মবলগ ৮৫১৷৷১০ পাই জমার আদায় হওয়া হিস্যা বাদে মাগনদাস দস্তিদারের হিস্যা নীলাম হইবেক মহলম মহালের সদর জমা ১৮১০৻৪

G. L. T. Harris,
Offg. Collector.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৬ মার্চ।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এফ জে বার্গো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 2, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ২ আপ্রিল।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

The following Act of the Governor General of ndia in Council received the assent of His Ex- ellency the Governor General on the 22nd March 867, and is hereby promulgated for general nformation :—

ACT No. XXIV OF 1867.

n Act to consolidate and amend the law relating to the office and duties of Administrator General.

[Preamble.]

WHEREAS it is expedient to consolidate and mend the law relating to the office and duties f Administrator General ; It is hereby enacted as llows :—

PART I.

Preliminary.

[Short title.]

I. This Act may be called "The Administra- or General's Act, 1867."

[Repeal of Acts.]

II. The Acts and parts of Acts specified in he Schedule hereto are repealed, except so far as hey repeal other Acts or Regulations, or part

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন বিষয়ে মহিমবর শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৭ সালের মার্চ মাসের ২২ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিয়াছেন, এইক্ষণে তাহা সকলের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৭ সালের ২৪ আইন।

আডমিনিষ্ট্রেটর জেনরলের পদ ও কর্ম্মবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইন।

[হেতুবাদ।]

আডমিনিষ্ট্রেটর জেনরলের পদ ও কর্ম্মবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

প্রথম খণ্ড।

পরিভাষা।

[সংক্ষেপ নাম।]

১ ধারা। এই আইন "আডমিনিষ্ট্রেটর জেনরলের ১৮৬৭ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

[যেং আইন রহিত হইল তাহার কথা।]

২ ধারা। এই আইনের তফসীলে যেং আইন, ও আইনের যেং অংশ নির্দ্দিষ্ট হইল তাহা রহিত হইবে। কিন্তু তন্মধ্যে যে কথা দ্বারা অন্য আইন কি আইনের

Acts or Regulations. All things duly done under any of the said Acts or parts of Acts hereby repealed, shall be considered as having been done under this Act. Act No. XXVII of 1860 (*for facilitating the collection of debts on successions and for the security of parties paying debts to the representatives of deceased persons*) is repealed, except as to Hindús, Muhammadans and Buddhists and persons exempted under the Indian Succession Act, 1865, Section 332, from the operation of such Act.

[Interpretation clause.]

III. In this Act—unless there be something repugnant in the subject or context—

["Presidency of Bengal."]

"Presidency of Bengal" includes the territories which are or shall for the time being be respectively under the governments of the Lieutenant-Governors of Bengal, the North-Western Provinces and the Panjáb, and under the administrations of the Chief Commissioners of Oudh, the Central Provinces and British Burmah :

["Presidency of Madras."]

"Presidency of Madras" includes the territories which are or shall for the time being be under the government of the Governor of Fort St. George in Council, Coorg, and also, so far as regards British subjects, Mysore and the Hyderabad Assigned Districts :

["Presidency of Bombay."]

"Presidency of Bombay" means the territories which are or shall for the time being be under the government of the Governor of Bombay in Council :

["Presidency Town."]

"Presidency Town" means the Town of Calcutta, Madras or Bombay, as the case may be :

["Government."]

"Government" means the Governor General of India in Council, so far as the Act relates to the Presidency of Bengal ; the person for the time being administering the executive government of the Presidency of Fort St. George, so far as the Act relates to the Presidency of Madras ; and the person for the time being administering the executive government of the Presidency of Bombay, so far as the Act relates to that Presidency :

["District Judge."]

"District Judge" means the Judge of a Principal Civil Court of original jurisdiction :

["Letters of Administration."]

"Letters of Administration" shall include any letters of administration, whether general or

অংশ রহিত হয় তাহা প্রবল থাকিবে। এতদ্দ্বারা যে আইন কি আইনের যে অংশ রহিত হইল তদনুসারে যে সকল ক্রিয়া নিয়মিতরূপে করা গিয়াছে তাহা এই আইনমতে করা গেল জ্ঞান হইবে। উত্তরাধিকারিদের গতিকে পাওনা টাকা আদায় করা সুগম করণের ও মৃত ব্যক্তিদের স্থলাভিষিক্ত লোকদিগকে যাহারা আপন২ কর্জ্জা টাকা পরিশোধ করিয়া দেয়, তাহাদের বেঝুঁকী হওনের আইন নামে ১৮৬০ সালের ২৭ আইন রহিত হইল, কিন্তু হিন্দু ও মুসলমান ও বৌদ্ধ ধর্ম্মাবলম্বিদের পক্ষে, এবং অন্য যে ব্যক্তিরা উত্তরাধিকারিত্ববিষয়ক ভারতবর্ষীয় ১৮৬৫ সালের আইনের ৩৩২ ধারাক্রমে সেই আইনের বিধানের বহির্ভূত হন তাঁহাদের পক্ষে উক্ত ২৭ আইন রহিত হইবে না ইতি।

[অর্থ করিবার ধারা।]

৩ ধারা। এই আইন লিখিত কোন বিষয়ের কি পূর্ব্বাপর কথার সঙ্গে অসঙ্গত না হইলে, এই আইনেতে

[বঙ্গ প্রসিডেন্সী।]

যে সকল দেশ বঙ্গদেশের ও উত্তর পশ্চিম দেশের ও পঞ্জাবের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবদিগের শাসনাধীন এবং অযোধ্যা ও মধ্য প্রদেশ ও ব্রিটনীয় ব্রহ্ম দেশের প্রধান কমিস্যনর সাহেবদিগের নিরূপণাধীন আছে কি যৎকালে যে দেশ তাঁহারদের অধীন হয়, "বঙ্গ প্রসিডের্ন্সী" শব্দের মধ্যে সেই২ দেশ গণ্য।

[মান্দ্রাজ প্রসিডেন্সী।]

যে সকল দেশ ফোর্ট সেন্ট জর্জের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর সাহেবের শাসনাধীন আছে কি যৎকালে যে দেশ হয় সেই দেশ ও কূর্গ এবং ব্রিটনীয় প্রজা সম্পর্কে মহিশূর ও হয়দরাবাদের দত্ত দেশ "মান্দ্রাজ প্রসিডের্ন্সী" শব্দের মধ্যে গণ্য।

[বোম্বাই প্রসিডেন্সী।]

যে সকল দেশ বোম্বাইয়ের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর সাহেবের শাসনাধীন আছে কি যৎকালে যে দেশ তাঁহার শাসনাধীন হয়, বোম্বাই প্রসিডেন্সী শব্দে সেই দেশ বুঝায়।

[রাজধানী।]

রাজধানী শব্দে কলিকাতা কি স্থল বিশেষে মান্দ্রাজ কি বোম্বাই নগর বুঝায়।

[গবর্ণমেন্ট।

এই আইনেতে বঙ্গপ্রসিডেন্সী সম্পর্কে গবর্ণমেন্ট শব্দ ব্যবহার হইলে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে বুঝায়। মান্দ্রাজ প্রেসিডেন্সী সম্পর্কে যিনি যে সময়ে ফোর্ট সেন্টজর্জ প্রেসিডেন্সীর কর্তৃত্ব কর্ম্ম নিরূপণাধিকারী হন তাঁহাকে বুঝায়, ও বোম্বাই প্রেসিডেন্সী সম্পর্কে যিনি যে সময়ে ঐ প্রেসিডেন্সীর কর্তৃত্ব কর্ম্ম নিরূপণাধিকারী হন তাঁহাকে বুঝায়।

[জিলার জজ।]

জিলার জজ শব্দে মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতা বিশিষ্ট প্রধান দেওয়ানী আদালতের জজকে বুঝায়।

[দ্রব্যনিরূপণাধিকারিত্ব পত্র।]

যে পত্র দ্বারা দ্রব্য নিরূপণ করিবার ক্ষমতা দেওয়া যায় সেই পত্র সাধারণ কি সীমাযুক্ত হইলে কিম্বা

limited, or with a will annexed, and letters *ad colligenda bona* :

["Next-of-kin."]

"Next-of-kin" includes a widower or widow of a deceased person, or any other person who, by law and according to the practice of the Courts, would be entitled to letters of administration in preference to a creditor or legatee of the deceased :

["Officer."]

"Officer" means a commmissioned-officer of Her Majesty's Army, or of Her Majesty's Indian Army :

["Soldier."]

"Soldier" means a soldier of Her Majesty's Army, or European soldier of Her Majesty's Indian Army, including a warrant and a non-commissioned officer :

["Assets."]

"Assets" includes immoveable as well as moveable property :

[Gender. Number.]

Words in the masculine gender include the feminine; and words in the singular number include the plural, and *vice versâ.*

PART II.

Of the Office of Administrator General.

[Designation of the Administrators General in the three Presidencies.]

IV. In each of the Presidencies of Bengal, Madras and Bombay, there shall be an Administrator General. The said Administrators General shall be called respectively the Administrator General of Bengal, the Administrator General of Madras, and the Administrator General of Bombay.

[Appointment, suspension and removal of Administrators General.]

V. Such officers shall be appointed and may be suspended or removed by the authorities hereinafter mentioned respectively ; that is to say :—

The Administrator General of Bengal, by the Governor General of India in Council; the Administrator General of Madras, by the Government of Fort St. George; and the Administrator General of Bombay, by the Government of Bombay.

[Qualification of future and continuance of existing incumbents.]

VI. Any person hereafter appointed to the office of Administrator General or officiating Administrator General of any of the said Presidencies, shall be a member of the Bar of England or Ireland, or of the Faculty of Advocates in Scotland; but any person now holding such office shall con-

তৎসঙ্গে উইল থাকিলে দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র শব্দে সেই পত্র ও দ্রব্য সংগ্রহ করণার্থ পত্র বুঝায়।

[আসন্ন বন্ধু।]

মৃত ব্যক্তির স্বামী কি স্ত্রী কিম্বা অন্য যে ব্যক্তি আইনমতে ও আদালতের রীত্যনুসারে উত্তমর্ণের কি উইলক্রমে দানপাত্রের অগ্রে মৃত ব্যক্তির দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র প্রাপ্ত হইবার যোগ্য হন আসন্ন বন্ধু শব্দের মধ্যে তিনিও গণ্য।

[সেনাপতি।]

সেনাপতি শব্দে শ্রীশ্রীমতী মহারাণীর সৈন্য দলস্থ কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় সৈন্যদলস্থ প্রত্যয়পত্রপ্রাপ্ত সেনাপতিকে বুঝায়।

[সেনা।]

সেনা শব্দে শ্রীশ্রীমতী মহারাণীর সৈন্যদলস্থ কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় সৈন্যদলস্থ ইউরোপীয় সেনাকে এবং ওয়ারন্ট প্রাপ্ত ও অপ্রাপ্ত সৈনিক কর্ম্মচারিকে বুঝায়।

[সংস্থান।]

সংস্থান শব্দে স্থাবর ও অস্থাবর সম্পত্তি গণ্য।

[লিঙ্গ ও বচন।]

পুরুষ বোধক শব্দের মধ্যে স্ত্রীগণও গণ্য এবং এক বচনান্ত শব্দে বহুবচনান্ত শব্দ ও বহুবচনান্ত শব্দের মধ্যে এক বচনান্ত শব্দ গণ্য ইতি।

দ্বিতীয় খণ্ড।

আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের পদের বিধি।

[তিন প্রেসিডেন্সীতে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের খ্যাতির কথা।]

৪ ধারা। বঙ্গ ও মান্দ্রাজ ও বোম্বাই এই তিন প্রেসিডেন্সীতে এক২ জন আডমিনিষ্ট্রেটর জেনরল থাকিবেন। তাঁহারা দেশানুসারে বঙ্গ দেশের আডমিনিষ্ট্রেটর জেনরল ও মান্দ্রাজের আডমিনিষ্ট্রেটর জেনরল ও বোম্বাইয়ের আডমিনিষ্ট্রেটর জেনরল নামে খ্যাত হইবেন ইতি।

[আডমিনিষ্ট্রেটর জেনরলদিগকে নিযুক্ত করণের ও কিয়ৎ কি চিরকাল অপসৃত করণের কথা।]

৫ ধারা। উক্ত কার্য্যকারকেরা নিম্নলিখিত কর্তৃপক্ষদ্বারা নিযুক্ত হইতে এবং কিয়ৎ কি চিরকালের নিমিত্তে অপসৃত হইতে পারিবেন। বিশেষতঃ বঙ্গদেশের আডমিনিষ্ট্রেটর জেনরল মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরলকর্তৃক। ও মান্দ্রাজের আডমিনিষ্ট্রেটর জেনরল ফোর্ট সেণ্ট জর্জের গবর্ণমেণ্টকর্তৃক। ও বোম্বাইয়ের আডমিনিষ্ট্রেটর জেনরল বোম্বাইয়ের গবর্ণমেণ্টকর্তৃক ইতি।

[উত্তরকালে যাঁহারা ঐ পদ ধারণ করেন তাঁহাদের গুণবত্তার ও বর্ত্তমান কর্ম্মকারকেরদের স্থায়িত্বের কথা।]

৬ ধারা। ইঙ্গলণ্ডের কি ঐরলাণ্ডের (Bar) ব্যবহারাজীবগণের কি স্কটলণ্ডের (Faculty of Advocates) ব্যবহার পণ্ডিতবর্গের অন্তর্গত না হইলে কোন ব্যক্তি উত্তর কালে পূর্ব্বোক্ত কোন প্রেসিডেন্সীর আডমিনিষ্ট্রেটর জেনরলের পদে স্থিরতররূপে কি একটিংরূপে নিযুক্ত হইতে পারিবেন না। এইক্ষণে যাঁহারা সেই

tinue to hold the same, subject to the provisions contained in the other Sections of this Act.

[Administrator General not to be deemed an officer of High Court.]

VII. The Administrator General shall not be deemed in that capacity to be an officer of any High Court.

[Probates and letters of administration granted by Supreme Courts to Ecclesiastical Registrars to have same effect as if granted to the Administrator General.]

VIII. All probates and letters of administration granted by any of the late Supreme Courts of Judicature to the Ecclesiastical Registrar of such Court in virtue of his office, shall have the same effect in all respects as to any act hereafter to be done or required to be done under this Act, as if they had been granted to the Administrator General.

[No Administrator General to be Ecclesiastical Registrar. Administrator General not to hold any other office without sanction of Government. Proviso.]

IX. No person now holding the office of Administrator General, or hereafter to be appointed to such office in any of the said Presidencies, shall hold the office of Ecclesiastical Registrar; nor, without the express sanction of Government, any other office together with that of Administrator General: Provided that the Administrator General of the Presidency may be appointed Official Trustee under Act No. XVII of 1864 (*to constitute an office of Official Trustee*): Provided also, that the Administrator General of Bengal may hold the office of Receiver of the High Court of Judicature at Fort William.

[Penalty for trading. Exception.]

X. It is hereby declared to be an offence punishable in manner provided by Section 168 of the Indian Penal Code, for any Administrator General to trade or traffic for his own benefit, or for the benefit of any other person, unless so far as shall appear to him to be expedient for the due management of the estates which shall come into his charge under the provisions of this Act and for the sole benefit of the several persons entitled to the proceeds of such estates respectively; but this exception is not to be construed to alter the civil liabilities of the Administrator General as trustee of such estates.

[Security to be given by Administrator General. Substitution of security or sureties.]

XI. Unless the Governor General of India in Council, or the Government with the sanction of

পদে আছেন তাঁহারা এই আইনের এই ধারাভিন্ন অন্য ধারার লিখিত বিধানানুসারে ঐ পদে থাকিবেন ইতি।

[আডমিনিষ্ট্রেটর জেনরল হাই কোর্টের কর্ম্মচারী জ্ঞান না হইবার কথা।]

৭ ধারা। আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব সেই পদোপলক্ষে কোন হাই কোর্টের কর্ম্মচারী জ্ঞান হইবেন না ইতি।

[সুপ্রীম কোর্ট এক্লিসিয়াষ্টিকল রেজিষ্ট্রারদিগকে যে প্রবেট ও দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র দান করেন তাহা আডমিনিষ্ট্রেটর জেনরলদিগকে দত্ত হওনের তুল্য ফলবৎ হইবার কথা।]

৮ ধারা। ভূতপূর্ব্ব কোন সুপ্রীম কোর্ট ঐ২ কোর্টের এক্লিসিয়াষ্টিকল রেজিষ্ট্রারের পদোপলক্ষে তাঁহাকে যে সকল প্রোবেট ও দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র প্রদান করিয়াছেন, এই আইনঅনুসারে যে কার্য্য করিতে হইবে কি করিবার আদেশ হইল তৎসম্পর্কে তাহা আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে দত্ত হওনের তুল্য সর্ব্বতোভাবে ফলবৎ হইবে ইতি।

[আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের এক্লিসিয়াষ্টিকল রেজিষ্ট্রার না হইবার কথা। ও গবর্ণমেন্টের অনুমতিভিন্ন আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের অন্য পদ ধারণ করিতে না পারিবার কথা ও উপবিধি।

৯ ধারা। যে ব্যক্তি এইক্ষণে পূর্ব্বোক্ত কোন প্রেসিডেন্সীতে আডমিনিষ্ট্রেটর জেনরলের পদে থাকেন কিম্বা পশ্চাৎ সেই পদে নিযুক্ত হন, তিনি এক্লিসিয়াষ্টিকল রেজিষ্ট্রারের পদ ধারণ করিবেন না। এবং গবর্ণমেন্টের স্পষ্ট অনুমতি না পাইলে আডমিনিষ্ট্রেটর জেনরলের পদসহিত অন্য কোন পদ ধারণ করিবেন না। কিন্তু প্রেসিডেন্সীর আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব রাজকীয় ট্রষ্টির পদ সংস্থাপনের আইন নামক ১৮৬৪ সালের ১৭ আইনঅনুসারে রাজকীয় ট্রষ্টী পদে নিযুক্ত হইতে পারিবেন। আরো বঙ্গদেশের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রিসীবরের পদ ধারণ করিতে পারিবেন ইতি।

[বাণিজ্য করিবার দণ্ডের কথা ও বর্জ্জনীয় স্থলের কথা।]

১০ ধারা। কোন আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব আপনার কি অন্য কাহার লভ্যার্থে বাণিজ্য কি ব্যবসায় করিলে সেই কার্য্য এতৎক্রমে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৬৮ ধারামত দণ্ডনীয় অপরাধ প্রকাশ হইল। কিন্তু এই আইনের বিধানমতে যে সম্পত্তি তাঁহার নিকটে ন্যস্ত থাকে যদি তৎসম্পর্কীয় কর্ম্ম উপযুক্তমতে সম্পাদন করিবার জন্যে, ও যে ব্যক্তিরা ঐ সম্পত্তির উৎপন্ন টাকা পাইবার স্বত্ববান হন যদি কেবল তাঁহারদেরই উপকারের জন্যে তাঁহার বাণিজ্য কি ব্যবসায় করা বিহিত বোধ হয়, তবে করিতে পারিবেন। করিলেও নীতিপক্ষে ঐ সম্পত্তির ন্যাসধারিস্বরূপে তাঁহার প্রতি যে দায় বর্ত্তে তাহা সেই বর্জ্জনীয় বিধিতে নিবর্ত্ত হইল ইহার এমন অর্থ করিতে হইবে না ইতি।

[আডমিনিষ্ট্রেটর জেনরলের যে প্রতিভূ দিতে হইবে তাহার কথা। ও প্রাতিভাব্য কি প্রতিভূ পরিবর্ত্তনের কথা।]

১১ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা তদীয় অনুমতি গ্রহণ পূর্ব্বক গবর্ণ-

the Governor General of India in Council, shall otherwise order, every Administrator General hereafter to be appointed shall give security to the Secretary of State for India for the due execution of his office, for one lákh of rupees by his own bond, and for another lákh of rupees, or for separate sums amounting together to one lákh of rupees, by the deposit of Government Securities, or by the joint and several bond or bonds of two or more sureties to be approved by Government, or partly by such deposit and partly by such bond or bonds: Provided that every Administrator General may, with the consent of Government, substitute either of the said two last-mentioned kinds of security for another previously given for such last-mentioned lákh or any part of it; and every Administrator General may, with the consent of Government, and shall from time to time when required by Government so to do, cause fresh sureties to be substituted for any of those previously bound, so far as the security shall relate to the due execution of his office for the time then to come.

[No security nor oath to be required by Court from Administrator General.]

XII. No Administrator General shall be required by any Court to enter into any administration bond or to give other security to the Court, on the grant of any letters of administration to him in virtue of his office. No Administrator General shall be required to verify, otherwise than by his signature, any petition presented by him under the provisions of this Act, and if the facts stated in any such petition are not within the Administrator General's own personal knowledge, the petition may be subscribed and verified by any person competent to make the verification. Whoever makes a statement in any such petition which is false, and which he either knows or believes to be false or does not believe to be true, shall be deemed to have intentionally given false evidence in a stage of a judicial proceeding.

[Appointment of officiating Administrator General.]

XIII. Whenever any person holding the office of Administrator General shall obtain leave of absence, it shall be lawful for the Government to appoint some person to officiate as Administrator General, and such person, while so officiating, shall be subject to the same conditions and be bound by the same responsibilities as the Administrator General by any law now in force or that may hereafter be enacted, and he shall be deemed to be Administrator General for the time being under this Act, and shall be liable to give security under Section 11 of this Act in like manner as if he had been appointed Administrator General.

মেণ্ট প্রকারান্তরের বিধান না করিলে, এতৎ পরে যে প্রত্যেক আডমিনিষ্ট্রেটর জেনরল নিযুক্ত হন, তিনি আপন পদের কর্ম্ম উপযুক্ত মতে সাধন করিবার প্রতিভূস্বরূপে ভারতবর্ষের গবর্ণমেণ্টকে স্বীয় লিপিক্রমে এক লক্ষ টাকার প্রতিজ্ঞাপত্র দিবেন এবং কোম্পানির কাগজদ্বার কিম্বা গবর্ণমেণ্টের সুগ্রাহ্য দুই কি অধিক জন প্রতিভূর সংযুক্ত ও স্বতন্ত্র প্রতিজ্ঞাপত্র দ্বারা কিম্বা অংশতঃ কোম্পানির কাগজ, ও অংশতঃ তদ্রূপ প্রতিজ্ঞাপত্রদ্বারা আর এক লক্ষ টাকার প্রতিভূ দিবেন। পরন্তু উক্ত আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব শেষোক্ত লক্ষ টাকার কি তাহার কোন অংশের যে প্রকার প্রতিভূ দেন, তিনি গবর্ণমেণ্টের অনুমতি লইয়া তৎপরিবর্ত্তে শেষোক্ত প্রকারের অন্যতর প্রতিভূ দিতে পারিবেন। এবং ভাবিকালে স্বীয় পদের কর্ম্ম উপযুক্তমতে সাধন করিবেন এই বিষয়ে যে প্রতিভূগণ পূর্ব্বে নিযুক্ত হন গবর্ণমেণ্টের অনুমতিক্রমে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব তাঁহাদের পরিবর্ত্তে নূতন প্রতিভূ দিতে পারিবেন ও সময়েং গবর্ণমেণ্টের আজ্ঞা হইলে অবশ্য দিবেন ইতি।

[আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের স্থানে কোর্টের প্রতিভূ না লইবার ও শপথ না করাইবার কথা।]

১২ ধারা। আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের পদোপলক্ষে তাঁহাকে দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্র দেওয়া গেলে, কোন কোর্ট তাঁহাকে তৎপ্রযুক্ত দ্রব্য নিরূপণার্থ প্রতিজ্ঞাপত্র কিম্বা অন্য কোন প্রতিভূ দিতে আজ্ঞা করিতে পারিবেন না। ও আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব এই আইনের বিধানমতে যে কোন প্রার্থনাপত্র উপস্থিত করেন, তাঁহাকে স্বীয় স্বাক্ষরভিন্ন কোন প্রকারে তাহা সত্যাকরণের আদেশ হইবে না। সেই প্রার্থনাপত্রে যে কথা ব্যক্ত হয়, তাহা যদি নিজ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের সুবিদিত না হয়, তবে সত্যাকরণের ক্ষমতাপন্ন অন্য ব্যক্তি তাহাতে স্বাক্ষর করিতে ও তাহা সত্য করিতে পারিবেন। যদি কোন ব্যক্তি সেই প্রার্থনাপত্রে কোন মিথ্যা কথা লেখেন ও আপনি সেই কথা মিথ্যা জানেন কি বিশ্বাস করেন, কিম্বা সত্য বিশ্বাস না করেন, তবে তিনি মোকদ্দমা চলন সময়ে জ্ঞানপূর্ব্বক মিথ্যা প্রমাণ দিয়াছেন, এমত জ্ঞান হইবে ইতি।

[একটিং আডমিনিষ্ট্রেটর জেনরলকে নিযুক্ত করিবার কথা।]

১৩ ধারা। আডমিনিষ্ট্রেটর জেনরলের পদধারি কোন ব্যক্তি ছুটী প্রাপ্ত হইলে, গবর্ণমেণ্ট তাঁহার কর্ম্ম সম্পাদনার্থে কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন। এইক্ষণে যে আইন বলবৎ আছে কি পশ্চাৎ প্রণীত হয় আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব তদ্দ্বারা যে নিয়মে ও যে দায়ক্রমে বদ্ধ হন, যিনি তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করেন তিনিও সেই নিয়মে ও সেই দায়ক্রমে বদ্ধ হইবেন, ও তিনি এই আইন অনুযায়ি তৎকালের আডমিনিষ্ট্রেটর জেনরল জ্ঞান হইবেন ও আডমিনিষ্ট্রেটর জেনরলের পদে স্থিরভাবে নিযুক্ত হওনের ন্যায় তাঁহার এই আইনের ১১ ধারানুযায়ি প্রতিভূ দিতে হইবে ইতি।

PART III.

Of the Rights, Powers and Duties of the Administrator General.

(*a*).—*Grants of Letters of Administrations and Probate to the Administrator General.*

[As regards Administrator General, High Court at Presidency town to be deemed a Court of competent jurisdiction within meaning of Sections 187 and 190 of Indian Succession Act.]

XIV. So far as regards the Administrator General of any of the Presidencies of Bengal, Madras and Bombay, the High Court of Judicature at the Presidency town shall be deemed to be a Court of competent jurisdiction within the meaning of Sections 187 and 190 of the Indian Succession Act, 1865, wheresoever within the Presidency the property to be comprised in the probate or letters of administration may be situate.

[Administrator General entitled to letters of administration, unless granted to next-of-kin of deceased. Administrator General entitled in preference to creditor, non-universal legatee or friend.]

XV. Any letters of administration, or letters *ad colligenda bona*, which shall hereafter be granted by the High Court of Judicature at any Presidency town, shall be granted to the Administrator General of the Presidency, unless they shall be granted to the next-of-kin of the deceased. The Administrator General of the Presidency shall be deemed to have a right to letters of administration in preference to that of any person, merely on the ground of his being a creditor, a legatee other than an universal legatee, or a friend of the deceased.

[When administration of estates of persons other than Hindús, Muhammadans or Buddhists is to be by Administrator General.]

XVI. If any person, not being a Hindú, Muhammadan or Buddhist, or a person exempted under the Indian Succession Act, 1865, Section 332, from the operation of that Act, shall have died, whether within any of the said Presidencies or not, and whether before or after the passing of this Act, and shall have left assets exceeding at the date of the death or within one year thereafter the value of one thousand rupees within any of the said Presidencies, and no person shall, within one month after his death, have applied in such Presidency for probate of a Will, or for any letters of administration of his estate, the Administrator General of the Presidency in which such assets shall be is hereby required, within a reasonable time after he shall have had notice of the death of such person, and of his having left such assets as aforesaid, to take such proceedings as may be necessary to obtain from the High

তৃতীয় খণ্ড।

আডমিনিষ্ট্রেটর জেনরলের স্বত্ব ও ক্ষমতা ও কর্ত্তব্য কর্ম্ম বিষয়ক বিধি।

(ক)—আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র ও প্রবেট প্রদানের কথা।

[আডমিনিষ্ট্রেটর জেনরল সম্পার্কে ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনের ১৮৭ ও ১৯০ ধারার অর্থমতে রাজধানীর হাই কোর্ট উপযুক্ত ক্ষমতাপন্ন আদালত জ্ঞান হইবার কথা।]

১৪ ধারা। যে সম্পত্তিবিষয়ক প্রবেট কি নিরূপণাধিকারিত্বপত্র দিতে হইবে তাহা বঙ্গ ও মান্দ্রাজ ও বোম্বাই প্রসিডেন্সীর অন্তর্গত যে কোন স্থানে থাকুক, ঐ২ প্রসিডেন্সীর আডমিনিষ্ট্রেটর জেনরল সম্পার্কে ঐ২ রাজধানীর হাই কোর্ট উত্তরাধিকারিত্ববিষয়ক ভারতবর্ষীয় ১৮৬৫ সালের আইনের ১৮৭ ও ১৯০ ধারামতে সমুচিত ক্ষমতাপন্ন আদালত জ্ঞান হইবে ইতি।

[মৃতের আসন্নবন্ধুকে দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র প্রদত্ত না হইলে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের তাহা পাইবার স্বত্বের কথা ও উত্তমর্ণের কি উইলক্রমে সমুদয় সম্পত্তির দানপাত্রভিন্ন অন্য দানপাত্রের কি মিত্রের অগ্রগণ্য হওয়ার কথা।]

১৫ ধারা। এতৎপরে যদি কোন রাজধানীর হাই কোর্ট মৃত ব্যক্তির আসন্নবন্ধুকে দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র কি দ্রব্যসংগ্রহ করণার্থপত্র না দেন, তবে প্রেসিডেন্সীর আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে দিবেন। মৃত ব্যক্তির উত্তমর্ণ কিম্বা সমুদয় সম্পত্তির দানপাত্রভিন্ন অন্য দানপাত্র কিম্বা মিত্র প্রযুক্ত অন্য ব্যক্তির ঐ নিরূপণাধিকারিত্বপত্র পাইবার যে স্বত্ব থাকিতে পারে তদপেক্ষা প্রসিডেন্সীর আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের স্বত্ব অগ্রগণ্য হইবে ইতি।

[যে স্থলে হিন্দু কি মুসলমান কি বৌদ্ধ ভিন্ন ব্যক্তিদের দ্রব্যনিরূপণাধিকারিত্বের ভার আডমিনিষ্ট্রেটর জেনরলের প্রতি বর্ত্তিবে তাহার কথা।]

১৬ ধারা। হিন্দু কি মহম্মদীয় কি বৌদ্ধ ভিন্ন এবং উত্তরাধিকারিত্ব বিষয়ক ভারতবর্ষীয় ১৮৬৫ সালের আইনের ৩৩২ ধারামতে যিনি সেই আইনের বিধানহইতে মুক্ত হন তিনি ভিন্ন, কোন ব্যক্তি এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে কি পরে উক্ত কোন প্রেসিডেন্সীর অন্তর্গত কি বহির্ভূত কোন স্থানে মরিলে যদি তাঁহার মরণ কালে উক্ত কোন প্রেসিডেন্সীর মধ্যে তাঁহার সহস্র টাকার অধিক সংস্থান থাকে কিম্বা তাঁহার মরণান্তে এক বৎসরের মধ্যে এক সহস্র টাকার অধিক মূল্য হইতে পারে এমত সংস্থান থাকে, ও ঐ প্রেসীডেন্সীর মধ্যে কোন ব্যক্তি তাঁহার মরণানন্তর এক মাসের মধ্যে তাঁহার উইলের প্রবেট কি দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র প্রার্থনা না করেন, তবে যে প্রেসিডেন্সীর মধ্যে ঐ সংস্থান থাকে তত্রত্য আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের প্রতি এতৎক্রমে আজ্ঞা হইল, যে ঐ ব্যক্তির মরণের ও পূর্ব্বোক্ত সংস্থান রাখিয়া যাইবার সম্বাদ পাইবার পরে উপযুক্ত সময় গত হইলে তিনি রাজধানীর হাই কোর্টহইতে সাধারণ ভাবের কিম্বা প্রয়োজন হইলে উইল সহিত ঐ দ্রব্যনিরূ-

Court of Judicature at the Presidency town, letters of administration to the effects of such person, either generally or with a Will annexed, as the case may require. Whenever the Administrator General of the Presidency shall take proceedings under this Section, it shall be sufficient if the petition required by Section 246 of the Indian Succession Act, 1865, shall state the time and place of the deceased's death to the best of the petitioner's knowledge or belief, that the deceased left some property within the Presidency as hereinbefore defined, and the amount or value of assets which are likely to come into the petitioner's hands.

পণাধিকারিত্বপত্র গ্রহণ করিবার আবশ্যক কর্ম্ম করেন। প্রেসিডেন্সীর আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব যৎকালে এই ধারামতে কার্য্য করেন তৎকালে উত্তরাধিকারিত্ববিষয়ক ভারতবর্ষীয় ১৮৬৫ সালের আইনের ২৪৬ ধারামতে তাঁহার যে প্রার্থনাপত্র দিতে হয়, তাহাতে প্রার্থকের জ্ঞান ও বিশ্বাসমতে মৃত ব্যক্তির অমুক সময়ে ও স্থানে মৃত্যু হইয়াছে, ও তিনি উক্ত প্রেসিডেন্সীতে পূর্ব্ব নির্দ্দিষ্ট প্রকারের সম্পত্তি রাখিয়াছেন, ও এত টাকা সংস্থান কিম্বা এত টাকা মূল্যের সংস্থান প্রার্থকের হস্তগত হওয়া সম্ভাবনা এই মাত্র লেখাই যথেষ্ট ইতি।

[Upon death of any person leaving assets within local limits, High Court may, on application if assets are in danger, direct Administrator General to apply for administration. Administration to effects of deceased Hindús, Muhammadans or Buddhists, not to be granted under this Section, unless required to protect the assets. Costs of unnecessary application.]

[কোন ব্যক্তি হাই কোর্টের বিচারশক্তির সীমাবর্ত্তি স্থানে সংস্থান রাখিয়া মরিলে যদি ক্ষতির সম্ভাবনা হয়, তবে আডমিনিষ্ট্রেটর জেনরলকে ঐ দ্রব্য নিরূপণাধিকার প্রার্থনা করিতে ঐ কোর্টের আজ্ঞা করিবার কথা। সংস্থান রক্ষা করণার্থ আবশ্যক না হইলে, এই ধারামতে মৃত হিন্দুর কি মুসলমানের কি বৌদ্ধের দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র না দিবার কথা ও অনাবশ্যক স্থলে প্রার্থনার খরচার কথা।]

XVII. Whenever any person, whether a Hindú, Muhammadan or Buddhist, or not, shall have died leaving assets within the local limits of the ordinary original civil jurisdiction of the High Court of Judicature at the Presidency town, it shall be lawful for the Court, upon the application of any person interested in such assets, or in the due administration thereof, either as a creditor, legatee, next-of-kin or otherwise, or upon the application of a friend of any minor who may be so interested, or upon the application of the Administrator General, if the applicant shall satisfy the Court that danger is to be apprehended of the misappropriation, deterioration or waste of such assets unless letters of administration of the effects of such person are granted, to make an order, upon such terms as to indemnifying the Administrator General against costs and other expenses as to the Court shall seem fit, directing the Administrator General to apply for letters of administration of the effects of such person. Provided that, in the case of an application being made under this Section for letters of administration to the effects of a deceased Hindú, Muhammadan or Buddhist, the Court may refuse to grant letters of administration to any person, if it be satisfied that such grant is unnecessary for the protection of the assets, and in such case the said Court shall make such order as to the costs of the application as it shall think just.

[*Government Gazette, 2nd April* 1867.]

১৭ ধারা। কোন ব্যক্তি হিন্দু কি মহম্মদীয় কি বৌদ্ধ ধর্ম্মাবলম্বী হইলে কি না হইলেও যদি হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতার সীমাবর্ত্তি স্থানে সংস্থান রাখিয়া মরেন, তবে ঐ ব্যক্তির দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র দত্ত না হইলে ঐ সংস্থানের অপব্যবহার কি বিকৃতি কি অপচয় হইবার আশঙ্কা আছে উত্তমর্ণ কি উইলক্রমে দানপাত্র কি আসন্ন বন্ধুপ্রযুক্ত কি অন্য কারণে ঐ সংস্থানে কি তাহার বিধিমত নিরূপণ বিষয়ে সম্পর্কবিশিষ্ট ব্যক্তি কিম্বা তদ্রূপ সম্পর্কবিশিষ্ট অপ্রাপ্ত ব্যবহার বালকের মিত্র কিম্বা আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব যদি প্রার্থনাপত্রদ্বারা ঐ কোর্টের হৃদ্বোধমতে ইহা দর্শাইতে পারেন, তবে ঐ কোর্ট আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের খরচখরচা সম্পর্কে ক্ষতি না হইবার যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মানুসারে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে ঐ ব্যক্তির দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র প্রার্থনা করিবার আদেশ করিতে পারিবেন। কিন্তু যদি এই ধারামতে মৃত হিন্দুর কি মুসলমানের কি বৌদ্ধের দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্রের নিমিত্তে প্রার্থনা করা যায়, তবে সংস্থানের রক্ষা করিবার জন্যে ঐ পত্র দেওয়া আবশ্যক নয় কোর্ট ইহা হৃদ্বোধমতে জানিলে ঐ নিরূপণাধিকারিত্বপত্র দিতে অস্বীকার করিতে পারিবেন। তদ্রূপ স্থলে ঐ প্রার্থনার খরচার বিষয়ে কোর্ট যদ্রূপ আজ্ঞা উচিত বোধ করেন করিবেন ইতি।

[Upon death of any person leaving assets within local limits, High Court may, if property is in danger, enjoin Administrator General to collect and hold the same until right of succession or administration is ascertained. Rate of commission payable in such case.]

XVIII. Whenever any person, whether a Hindú, Muhammadan or Buddhist, or not, shall have died, whether before or after the passing of this Act, leaving assets within the local limits of the ordinary original civil jurisdiction of any of the said High Courts, and such Court shall be satisfied that danger is to be apprehended of the misappropriation, deterioration or waste of such property, before it can be ascertained who may be legally entitled to the succession to such property, or whether the Administrator General is entitled to letters of administration to such deceased person, it shall be lawful for the Court to authorize and enjoin the Administrator General to collect and take possession of such property, and to hold or deposit or invest the same according to the orders and directions of the Court, and in default of any such orders or directions, according to the provisions of this Act so far as the same are applicable to such property ; and the Administrator General shall be entitled to a commission of one *per centum* upon the amount of all moveable assets collected or received by him in pursuance of such order, and also to reimburse himslf for all payments made by him in respect of the assets which a private administrator of such assets might lawfully have made ; and in case letters of administration of any such property shall be afterwards granted to the Administrator General, the said commission of one *per centum* shall be deemed a part payment of the commission payable to the Anministrator General under the letters of administration. Any order of Court made under the provisions of this Section, shall entitle the Administrator General to collect and to take possession of such property, and, if necessary, to maintain a suit for the recovery thereof.

[Probate to be granted to executor appearing in the course of proceedings taken by Administrator General to obtain administration. Costs of proceedings taken by the Administrator General to be paid out of the estate.]

XIX. If in the course of proceedings to obtain letters of administration under the provisions of Section 16 or Section 17 of this Act, any executor appointed by a Will of the deceased shall appear according to the practice of the Court and prove the Will and accept the office of executor, or if any person shall appear according to such practice

[কোন ব্যক্তি হাই কোর্টের বিচারশক্তির সীমাবর্ত্তি স্থানে সংস্থান রাখিয়া মরিলে যদি ক্ষতি হইবার আশঙ্কা হয়, তবে উত্তরাধিকারিত্বের কি নিরূপণাধিকারিত্বের স্বত্ব যাবৎ নির্ণয় না করা যায় তাবৎ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে ঐ সম্পত্তি সংগ্রহ করিয়া রাখিতে কোর্টের আজ্ঞা করিতে পারিবার কথা ও প্রত্যেক স্থলে কমিস্যনের হারের কথা ।]

১৮ ধারা। এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে কি পরে, হিন্দু কি মুসলমান কি বৌদ্ধ হইলে কি না হইলেও যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত কোন হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতার সীমাবর্ত্তি স্থানে সংস্থান রাখিয়া মরেন, এবং বৈধমতে ঐ সম্পত্তির উত্তরাধিকারিত্বের স্বত্ববান্ কে কিম্বা আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব ঐ মৃত ব্যক্তির দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্র গ্রহণের স্বত্ববান হন কি না, এই কথা নির্ণয় করিতে পারিবার অগ্রে ঐ সম্পত্তির অপব্যবহার কি ক্ষয় কি অপচয় হইবার আশঙ্কা আছে ঐ কোর্ট ইহা হৃদ্বোধমতে জানিলে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে ঐ সম্পত্তি সংগ্রহ করিয়া স্বীয় অধিকারে রাখিবার এবং কোর্টের আজ্ঞা ও আদেশানুসারে তাহা গচ্ছিত কি প্রয়োগ করিবার আজ্ঞা করিতে পারিবেন, তদ্রূপ আজ্ঞা কি আদেশ না হইলে, ঐ সম্পত্তির প্রতি এই আইনের বিধান যে পর্য্যন্ত বর্ত্তিবে সেই পর্য্যন্ত ঐ বিধানানুসারে তাহা গচ্ছিত প্রভৃতি করিবার আজ্ঞা করিবেন। আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব সেই আজ্ঞানুসারে যে সকল অস্থাবর সম্পত্তি সংগ্রহ কি গ্রহণ করেন তাহার কমিস্যন স্বরূপে এবং ঐ সংস্থানের সাধারণ নিরূপণাধিকারী সেই সংস্থানসম্পর্কে বৈধমতে যত টাকা ব্যয় করিতে পারিতেন তাহার তত টাকার ব্যয় পরিশোধার্থে শতকরা এক টাকা গ্রহণ করিবেন। পশ্চাৎ যদি আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে তদ্রূপ কোন সম্পত্তির নিরূপণাধিকারিত্বপত্র দেওয়া যায়, তবে তিনি নিরূপণাধিকারিত্বপত্রক্রমে যে কমিস্যন পাইতে পারেন উক্ত শতকরা এক টাকা কমিস্যন তাহার একাংশ শোধ জ্ঞান হইবে। এই ধারামতে আদালত যে আজ্ঞা করেন তাহার বলে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব ঐ সম্পত্তি সংগ্রহ ও অধিকার করিতে এবং আবশ্যক হইলে তাহা আদায় করিবার জন্যে মোকদ্দমা করিতে স্বত্ববান হইবেন ইতি।

[আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের নিরূপণাধিকারিত্বপত্র প্রাপণার্থ কার্য্য করণ কালে উইলক্রমে নিরূপিত কর্ম্ম সম্পাদক উপস্থিত হইলে তাঁহাকে প্রোবেট দিবার ও আডমিনিষ্ট্রেটর জেনরল যে কার্য্য করিয়াছেন সংস্থান হইতে তাহার খরচ দিবার কথা।]

১৯ ধারা। এই আইনের ১৬ ও ১৭ ধারার বিধানমতে নিরূপণাধিকারিত্বপত্র পাইবার কার্য্য যে সময়ে চলিতেছে এমন সময়ে যদি মৃত ব্যক্তির উইলক্রমে নিরূপিত কর্ম্মসম্পাদক আদালতের রীত্যনুসারে উপস্থিত হইয়া উইল প্রমাণ করিয়া সম্পাদকের কর্ম্ম স্বীকার করেন অথবা যদি কোন ব্যক্তি ঐ রীত্যনুসারে উপস্থিত হইয়া মৃত

and make out his claim to letters of administration as next-of-kin of the deceased, and shall give such security as shall be required of him by law or by the practice of the Court, the Court shall grant probate of the Will or letters of administration accordingly, and shall award to the Administrator General his costs of the proceedings so taken by him, to be paid out of the estate as part of the testamentary or intestate expenses thereof.

[If no executor or next-of-kin appear or give necessary security, letters of administration to be granted to Administrator General.]

XX. If no person shall appear according to the practice of the Court, and entitle himself to probate of a Will, or to a grant of letters of administration as next-of-kin of the deceased, or if the person who shall entitle himself to a grant of administration shall neglect to give such security as shall be required of him by law or according to the practice of the Court, the Court shall grant letters of administration to the Administrator General.

[Administrator General in certain cases to secure and distribute the estate and effects of soldiers. Proviso.]

XXI. The Administrator General shall, when duly authorized or required so to do by the Military Secretary to Government, secure and distribute the assets of the estate and effects of any officer, soldier, or other person subject to any Articles of War, in all cases in which such estate and effects do not exceed on the whole five hundred rupees, charging the estate with a commission of three *per centum* only. It shall not be necessary for the Administrator General to take out letters of administration in cases referred to in this Section : but he shall have the same powers with regard to all such assets as he would have had if he had taken out such letters.

[Administrator General not precluded from applying for letters of admininstration in any case within three months after death of deceased.]

XXII. Nothing in this Act is intended to preclude the Administrator General from applying to the Court for letters of administration in any case within the period of one month from the death of the deceased.

[After revocation, letters of administration granted to Administrator General to be deemed as to him to have been voidable only. Exception. Proviso.]

XXIII. If any letters of administration which shall be granted to the Administrator General under the provisions of this Act, shall be revoked or recalled, the same shall, so far as regards the Administrator General and all persons acting under his authority in pursuance thereof, be deemed

ব্যক্তির আসন্ন বন্ধুস্বরূপে দ্রব্য নিরূপণাধিকারিত্ব-পত্রের দাওয়া স্থাপন করেন এবং আইন কি আদালতের রীত্যনুসারে যে প্রতিভূ দিতে হয় যদি তাহা দেন, তবে কোর্ট তদনুসারে উইলের প্রবেট কিম্বা দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র দিবেন, এবং আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব উক্ত যে কার্য্য করিয়াছিলেন তাহার খরচ উইল সংক্রান্ত কি উইল না লিখিয়া মরণসংক্রান্ত খরচের অংশস্বরূপে ঐ সংস্থানহইতে দিবার আজ্ঞা করিবেন ইতি।

[কোন কর্ম্ম সম্পাদক কি আসন্নবন্ধু উপস্থিত হইয়া আবশ্যক প্রতিভূ না দিলে আডমিনিষ্ট্রেটর জেনরলকে দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র দিবার কথা।]

২০ ধারা। যদি কোন ব্যক্তি আদালতের রীত্যনুসারে উপস্থিত হইয়া উইলের প্রোবেট লওনের অথবা মৃত ব্যক্তির আসন্নবন্ধুস্বরূপে দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র পাইবার স্বত্ব প্রমাণ না করেন, অথবা নিরূপণাধিকারিত্ব প্রাপণের স্বত্ব প্রমাণ করিলেও আইন কিম্বা কোর্টের রীত্যনুসারে তাঁহার যে প্রতিভূ দিতে হয় তাহা যদি না দেন, তবে কোর্ট আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে নিরূপণাধিকারিত্বপত্রদান করিবেন ইতি।

[স্থলবিশেষে সৈন্যদের সম্পদ ও দ্রব্য আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকর্ত্তৃক রক্ষিত ও বিলি হইবার কথা ও উপবিধি।]

২১ ধারা। যদি কোন সেনাপতির কি সেনার কিম্বা যুদ্ধসম্পার্কীয় আইনের অধীন কোন ব্যক্তির সম্পদ ও দ্রব্য সামগ্রীর মূল্য পাঁচ শত টাকার অধিক না হয় তবে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব গবর্ণমেণ্টের মিলিটারী সেক্রেটারী সাহেবকর্ত্তৃক রীতিমতে ক্ষমতা প্রাপ্ত কি আদিষ্ট হইলে, সেই সংস্থান রক্ষা করিয়া বণ্টন করিতে পারিবেন ও তাহার উপর শত করা কেবল তিন টাকা কমিসান গ্রহণ করিবেন। এই ধারার উদ্দিষ্টস্থলে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র গ্রহণ করা আবশ্যক নাই। কিন্তু সেই পত্র গ্রহণ করিলে ঐ সংস্থান সম্পর্কে তাঁহার যেরূপ ক্ষমতা হইত না করিলেও তাঁহার তত্তুল্য ক্ষমতা থাকিবে ইতি।

[মৃত ব্যক্তির মরণের পর এক মাসের মধ্যে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্র প্রার্থনা করিতে নিষেধ না হইবার কথা।]

liabilities incurred, before the passing of this Act. In any territory acquired by the East India Company or Her Majesty since the passing of the said Act No. XI of 1835, such Act shall, so far only as regards acts, punishments and fines purporting to have been done, inflicted and levied thereunder, be deemed to have been in force from the date of such acquisition up to the date of passing this Act.

PART II.

Of Printing-presses and Newspapers.

[Every printed book or paper to bear name of printer and publisher.]

III. Every book or paper printed within British India, shall have printed legibly on it the name of the printer and the place of printing, and (if the book or paper be published) of the publisher, and the place of publication.

[Keeper of printing-presses to make declarations.]

IV. No person shall, within British India, keep in his possession any press for the printing of books or papers, who shall not have made and subscribed the following declaration before the Magistrate within whose local jurisdiction such press may be:

"I, *A. B.*, declare, that I have a press for printing at———." And this last blank shall be filled up with a true and precise description of the place where such press may be situate.

[Rules as to publication of printed periodicals containing public news.]

V. No printed periodical work, containing public news or comments on public news, shall be published in British India, except in conformity with the rules hereinafter laid down:

(1.) The printer and the publisher of every such periodical work shall appear before the Magistrate within whose local jurisdiction such work shall be published, and shall make and subscribe, in duplicate, the following declaration:

"I, *A B*, declare, that I am the printer (*or* publisher, *or* printer and publisher) of the periodical work entitled———and printed (*or* published, *or* printed and published, *as the case may be*) at———." And the last blank in this form of declaration shall be filled up with a true and precise account of the premises where the printing or publication is conducted:

(2.) As often as the place of printing or publication is changed, a new declaration shall be necessary:

এই আইন প্রচলিত হইবার পুর্ব্বে যে সকল ক্রিয়া ও যে অপরাধ করা গিয়াছে,ও যে দায় ঘটিযাছে তৎসম্পর্কে পুর্ব্বোক্ত আইন প্রবল থাকিবে। ১৮৩৫ সালের উক্ত ১১ আইন প্রচলিত হইবার পরে কোম্পানি বাহাদুর কিম্বা শ্রীশ্রীমতী মহারাণী যে কোন দেশ প্রাপ্ত হইযা থাকেন, সেই২ দেশে ঐ আইনমতে যে ক্রিযা করা যায়, ও যে দণ্ড করা যায় ও যে অর্থদণ্ড আদায় করা যায় কেবল তৎসম্পর্কে ঐ দেশ লব্ধির দিবসাবধি এই আইন প্রচলিত করিবার দিবসপর্য্যন্ত উক্ত ১১ আইন প্রবল ছিল জ্ঞান হইবে ইতি।

দ্বিতীয় খণ্ড।

মুদ্রাযন্ত্রের ও সম্বাদপত্রের বিধি।

[প্রত্যেক ছাপা পুস্তকে ও কাগজে প্রিণ্টরের ও প্রকাশকের নাম থাকিবার কথা।]

৩ ধারা। ব্রিটনীয ভারতবর্ষের মধ্যে যেং পুস্তক কি কাগজ ছাপা হয় তাহাতে প্রিণ্টরের নাম ও যে স্থানে ছাপা হয ঐ স্থানের নাম মুদ্রিত হইবে। যদি ঐ পুস্তক কি কাগজ সাধারণের পাঠার্থে প্রকাশ করা যায তবে প্রকাশকের নাম এবং প্রকাশ হইবার স্থানও তাহাতে মুদ্রিত হইবে ইতি।

[যাঁহারা মুদ্রাযন্ত্র রাখেন তাঁহাদের প্রতিজ্ঞার কথা।]

৪ ধারা। ব্রিটনীয ভারতবর্ষের মধ্যে কোন ব্যক্তির মুদ্রাযন্ত্র যে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতাধীন স্থানে থাকে তিনি সেই মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে নিম্নলিখিত প্রতিজ্ঞা করিযা স্বাক্ষর না করিলে পুস্তক কি পত্র ছাপাইবার জন্যে স্বীয অধিকারে মুদ্রাযন্ত্র রাখিলেন না।

"শ্রীঅমুক আমি আমার পুস্তকাদি ছাপাইবার যন্ত্র অমুক স্থানে আছে।" [মুদ্রাযন্ত্র যে স্থানে থাকে সেই স্থানের যথার্থ ও প্রকৃত বর্ণনা লিখিতে হইবে ইতি।

[মুদ্রিত যে সামযিক পত্রাদিতে সাধারণের সংবাদ থাকে তাহা প্রকাশ করিবার বিধি।]

৫ ধারা। সাধারণের সংবাদ কিম্বা সাধারণ সংবাদ বিষয়ক মন্তব্য কথা নিযমিত সময়ান্তরে যে পত্রাদিতে প্রকাশ হইযা থাকে ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে এমত কোন পত্রাদি কেবল নিম্নলিখিত বিধি মতে প্রকাশিত হইবে।

(১।) ঐ সাময়িক পত্রাদি যে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতাধীন স্থানে প্রকাশ করা যাইবে প্রিণ্টর ও প্রকাশক তাঁহার সম্মুখে উপস্থিত হইযা নিম্নলিখিত প্রতিজ্ঞা করিয়া তৎপত্রের দুই প্রস্থে স্বাক্ষর করিবেন।

আমি শ্রীঅমুক জ্ঞাত করিতেছি যে অমুক নামের যে সাময়িক পত্র   স্থানে মুদ্রিত হইয়া থাকে (কিম্বা প্রকাশিত কিম্বা মুদ্রিত ও প্রকাশিত হয়) আমি সেই পত্রের প্রিণ্টর (কি প্রকাশক কিম্বা প্রিণ্টর ও প্রকাশক।) [ঐ ছাপা কি প্রকাশ করিবার কার্য্য যে বাটীর মধ্যে চলিতেছে ঐ প্রতিজ্ঞাপত্রের শূন্য স্থানে ঐ বাটীর যথার্থ ও প্রকৃত বর্ণনা লিখিতে হইবে।]

(২।) ছাপাইবার কি প্রকাশ করিবার স্থানের যত বার পরিবর্ত্তন হয় তত বার নূতন প্রতিজ্ঞাপত্রের আবশ্যক।

(3.) As often as the printer or the publisher who shall have made such declaration as is aforesaid shall leave British India, a new declaration from a printer or publisher resident within the said territories shall be necessary.

[Authentication and deposit of declaration. Inspection and copies of declaration.]

VI. Each of the two originals of every declaration so made and subscribed as is aforesaid, shall be authenticated by the signature and official seal of the Magistrate before whom the said declaration shall have been made. One of the said originals shall be deposited among the records of the office of the Magistrate, and the other shall be deposited among the records of the High Court of Judicature, or other Court within the local limits of whose ordinary original civil jurisdiction the said declaration shall have been made. The officer in charge of each original shall allow any person to inspect that original on payment of a fee of one rupee, and shall give to any person applying a copy of the said declaration, attested by the seal of the Court which has the custody of the original, on payment of a fee of two rupees.

[Office copy of declaration to be *primâ facie* evidence.]

VII. In any legal proceeding whatever, as well Civil as Criminal, the production of a copy of such declaration as is aforesaid, attested by the seal of some Court empowered by this Act to have the custody of such declarations shall be held (unless the contrary be proved) to be sufficient evidence, as against the person whose name shall be subscribed to such declaration, that the said person was printer or publisher, or printer and publisher (according as the words of the said declaration may be) of every portion of every periodical work thereof the title shall correspond with the title of the periodical work mentioned in the declaration.

[New declaration by persons who have signed a declaration and subsequently ceased to be printers or publishers.]

VIII. Provided always, that any person who may have subscribed any such declaration as is aforesaid, and who may subsequently cease to be the printer or publisher of the periodical work mentioned in such declaration, may appear before any Magistrate, and make and subscribe in duplicate the following declaration :—

" I, *A. B.*, declare, that I have ceased to be the printer (*or* publisher, *or* printer and publsiher) of the periodical work entitled ."

Each original of the latter declaration shall be authenticated by the signature and seal of the Magistrate before whom the said latter declaration

(৩।) যে প্রিন্টর কি প্রকাশক পুর্ব্বোক্ত প্রতিজ্ঞাপত্র করেন তিনি যদি ব্রিটন্মীয় ভারতবর্ষহইতে অন্য স্থানে যান তবে যে প্রিন্টর কি প্রকাশক উক্ত দেশের মধ্যে বাস করেন তাঁহার নূতন প্রতিজ্ঞাপত্র করা আবশ্যক ইতি।

[প্রতিজ্ঞাপত্র সত্যা করণের ও গচ্ছিত এবং দৃষ্টি করণের ও তাহার প্রতিলিপি গ্রহণের কথা।]

৬ ধারা। পুর্ব্বোক্ত প্রকারে যে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রতিজ্ঞাপত্র করা গিয়া স্বাক্ষরিত হয় তাঁহার স্বাক্ষর ও রাজকীয় মোহর দ্বারা ঐ প্রতিজ্ঞাপত্রের দুই মূলপত্র সত্যাকৃত হইবে। উক্ত মূলপত্রের মধ্যে একখানি মাজিষ্ট্রেট সাহেবের কার্য্যালয়ের রিকার্ডের মধ্যে গচ্ছিত হইবে। অন্য খানি হাই কোর্টের রিকার্ডের মধ্যে কিম্বা ঐ উক্ত প্রতিজ্ঞাপত্র দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করিবার সাধারণ ক্ষমতা বিশিষ্ট যে আদালতের অধীন স্থানে করা যায় সেই আদালতের কাগজপত্রের মধ্যে গচ্ছিত হইবে। ঐ মূলপত্র যে কর্ম্মচারির অধিকারে থাকে তিনি এক টাকা ফী লইয়া কোন ব্যক্তিকে সেই মুলপত্র দেখিবার অনুমতি দিবেন এবং যদি উক্ত প্রতিজ্ঞাপত্রের প্রতিলিপি পাইবার প্রার্থনা হয় তবে দুই টাকা ফী লইয়া মূল পত্র যে আদালতের রক্ষণে থাকে সেই আদালতের মোহরযুক্ত ঐ পত্রের প্রতিলিপি দিবেন ইতি।

[কার্য্যালয়হইতে প্রাপ্ত প্রতিজ্ঞাপত্রের প্রতিলিপি আদি দৃষ্টে প্রমাণ হইবার কথা।]

৭ ধারা। এই আইনের দ্বারা যে আদালত পুর্ব্বোক্ত প্রকারের প্রতিজ্ঞাপত্র রাখিতে ক্ষমতাপন্ন হন যদি সেই প্রতিজ্ঞাপত্রের প্রতিলিপিতে ঐ আদালতের মোহর থাকে, তবে ঐ পতিলিপি দেওয়ানী ও ফৌজদারী কোন মোকদ্দমায় উপস্থিত করা গেলে ঐ প্রতিজ্ঞাপত্রে যাঁহার নাম স্বাক্ষরিত হইয়াছে তিনি ঐ প্রতিজ্ঞাপত্রের নামাঙ্কিত সাময়িক সংবাদ পত্রের নাম প্রাপ্ত সাময়িক প্রত্যেক পত্রাদির প্রত্যেক অংশের প্রিন্টর কি প্রকাশক কিম্বা উক্ত প্রতিজ্ঞাপত্রের বচনানুসারে প্রিন্টর ও প্রকাশক আছেন, বিপক্ষ প্রমাণ না হইলে সেই প্রতিলিপিই এই বিষয়ের প্রচুর প্রমাণ হইবে ইতি।

[যিনি প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর করিয়া পশ্চাৎ প্রিন্টর কি প্রকাশক না হন তাঁহার নূতন প্রতিজ্ঞাপত্র করিবার কথা।]

৮ ধারা। পরন্তু কোন ব্যক্তি পুর্ব্বোক্ত প্রকারের প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর করিলে পর যদি সেই ব্যক্তির ঐ প্রতিজ্ঞাপত্রলিখিত সাময়িক পত্রাদির প্রিন্টরের কি প্রকাশকের কর্ম্ম রহিত হয়, তবে তিনি কোন মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইয়া নিম্নলিখিত প্রতিজ্ঞা করিয়া তাহার দুই পত্রে স্বাক্ষর করিবেন।

আমি শ্রী অমুক জ্ঞাত করিতেছি যে আমি এক্ষণে অমুক নামের সাময়িক পত্রাদির প্রিন্টর (কিম্বা প্রকাশক কিম্বা প্রিন্টর ও প্রকাশক) নই।

শেষোক্ত কথা যে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে ব্যক্ত করা যায় তিনি আপনার স্বাক্ষর ও মোহরক্রমে শেষোক্ত প্রত্যেক মূল প্রতিজ্ঞাপত্র সত্য করিবেন এবং

shall have been made, and one original of the said latter declaration shall be filed along with each original of the former declaration. The officer in charge of each original of the latter declaration shall allow any person applying to inspect that original on payment of a fee of one rupee, and shall give to any person applying a copy of the said latter declaration, attested by the seal of the Court having custody of the original, on payment of a fee of two rupees. In all trials in which a copy, attested as is aforesaid, of the former declaration shall have been put in evidence, it shall be lawful to put in evidence a copy, attested as is aforesaid, of the latter declaration, and the former declaration shall not be taken to be evidence that the declarant was, at any period subsequent to the date of the latter declaration, printer or publisher of the periodical work therein mentioned.

শেষোক্ত প্রতিজ্ঞাপত্রের এক গ্রন্থ পূর্ব্বোক্ত প্রতিজ্ঞাপত্রের প্রত্যেক মূল গ্রন্থের সঙ্গে গাঁথা যাইবে। শেষোক্ত প্রতিজ্ঞাপত্রের প্রত্যেক মূলপত্র যে কর্ম্মচারির অধিকারে থাকে তাঁহার নিকটে কোন ব্যক্তি ঐ মূলপত্র দৃষ্টি করিবার প্রার্থনা করিয়া এক টাকা ফী দিলে তিনি তাঁহাকে সেই পত্র দেখিতে দিবেন এবং যদি শেষোক্ত প্রতিজ্ঞাপত্রের প্রতিলিপি পাইবার প্রার্থনা হয় তবে দুই টাকা ফী লইয়া মূলপত্র যে আদালতের রক্ষণে থাকে সেই আদালতের মোহরযুক্ত ঐ পত্রের প্রতিলিপি দিবেন। পূর্ব্বোক্তমতে স্বাক্ষরিত প্রথমোক্ত প্রতিজ্ঞাপত্রের প্রতিলিপি যে কোন মোকদ্দমায় প্রমাণস্বরূপে অর্পণ করা যাইতে পারে তদ্রূপ স্বাক্ষরিত শেষোক্ত প্রতিজ্ঞাপত্রেরও প্রতিলিপি সেই মোকদ্দমায় প্রমাণে দেওয়া যাইতে পারিবে। এবং শেষোক্ত প্রতিজ্ঞাপত্র যে তারিখে করা যায় তাহার পশ্চাৎ কোন সময়ে ঐ প্রতিজ্ঞাকারি ব্যক্তি উল্লিখিত পত্রাদির প্রিণ্টর কি প্রকাশক ছিলেন প্রথম প্রতিজ্ঞাপত্র ইহার প্রমাণে গ্রাহ্য হইবে না ইতি।

PART III.

Delivery of Books.

[Three copies of books printed after this Act comes into force and of all subsequent editions, to be delivered to Government within a month.]

তৃতীয় খণ্ড।

পুস্তক দিবার বিধি।

[এই আইন প্রচলিত হইলে পর, যে সকল পুস্তক প্রকাশ করা যায় তাহার তিন২ গ্রন্থ ও যাহা পূর্ব্বে প্রকাশ হইয়াছে তাহার নূতন সংস্করণের তিন২ গ্রন্থ এক মাসের মধ্যে গবর্ণমেণ্টে দিবার কথা।]

IX. Three printed or lithographed copies of the whole of every book which shall be printed or lithographed in British India after this Act shall come into force, together with all maps, prints or other engravings belonging thereto, finished and coloured in the same manner as the best copies of the same shall be produced, and also of any second or subsequent edition which shall be so produced with any additions or alterations, whether the same shall be in letter-press or in the maps, prints or other engravings belonging thereto, and whether the first edition of such book shall have been produced before or after this Act shall come into force shall, within one calendar month after the day in which any such book shall first be delivered out of the press, and notwithstanding any agreement (if the book be published) between the printer and publisher thereof, be delivered by the printer, bound, sewed or stitched together, and upon the best paper on which the same shall be printed or lithographed, at such place and to such officer as the Local Government shall, by notification in the official *Gazette*, from time to time direct. The publisher or other person employing the printer shall, at a reasonable time before the expiration of the said month, supply him with all maps, prints and engravings,

৯ ধারা। এই আইন প্রচলিত হইবার পরে যে সকল পুস্তক ব্রিটনীয় ভারতবর্ষে অক্ষরে কি প্রস্তরে মুদ্রিত হয়, ও ঐ২ পুস্তকের সর্ব্বাপেক্ষা উত্তম২ গ্রন্থে যে মানচিত্র ও চিত্রপট ও খোদিত অন্য ছবি সম্পাদিত ও রঞ্জিত হয়, সেই উত্তম চিত্রাদির সহিত ঐ সম্পূর্ণ পুস্তক, এবং যদি দ্বিতীয়বার ও পরে অন্যবার মুদ্রিত হয়, তবে এই আইন প্রচলিত হওনের পূর্ব্বে কি পরে প্রথমবার প্রকাশ হউক ও তাহাতে অতিরিক্ত কথা দেওয়া যাউক কি পূর্ব্ব কথা পরাবৃত্ত হউক ও সেই বৃদ্ধি কি পরিবর্ত্তন পুস্তকের মূলপাঠে কি মানচিত্রে কি চিত্রপটে কি খোদিত অন্য ছবিতে হউক ঐ দ্বিতীয় কি অন্য সংস্করণ, যে প্রথম দিবসে প্রেসহইতে বাহীর হয়, এবং পুস্তক সাধারণের পাঠার্থে প্রকাশ করা গেলে, প্রিণ্টরের ও প্রকাশকের মধ্যে যে কোন নিয়ম হউক, সেই দিবসের পর এক মাসের মধ্যে তাহার তিন২ গ্রন্থ অক্ষরে কি প্রস্তরে যে উত্তম কাগজে মুদ্রিত হয় সেই কাগজে বাঁধা কি সেলাই করা কি ষ্টিচ হইয়া, বঙ্গদেশের গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করণদ্বারা যে স্থান ও যে ব্যক্তি নিরূপণ করেন সেই স্থানে সেই কার্য্যকারকের নিকটে ঐ প্রকাশকের পক্ষে দেওয়া যাইবে। প্রিণ্টর পূর্ব্বোক্ত আজ্ঞাক্রমে কার্য্য করিতে পারেন এই নিমিত্তে প্রকাশক কি অন্য যে ব্যক্তি তাঁহার দ্বারা ঐ পুস্তক ছাপাইয়া লন তিনি উক্ত মাস গত হইবার পূর্ব্বে উপযুক্ত সময়ের মধ্যে তাঁহাকে পূর্ব্বোক্তমতে প্রস্তুত ও রঞ্জিত সকল ম্যাপ ও চিত্রপট ও খোদিতছবি দিবেন। এই আইনের ৫ ধারার

finished and colourd as aforesaid, which may be necessary to enable him to comply with the requirements aforesaid. Nothing in the former part of this Section shall apply to any periodical work published in conformity with the rules laid down in Section 5 of this Act.

[Receipt and payment for copies.]

X. Such officer shall thereupon give a receipt in writing for the copies so received, and, if the book is for sale to the public, shall, on the publication thereof, pay the publisher for the same copies at the rate as which the book shall be *bonâ fide* sold for cash to the public.

[Disposal of the three copies.]

XI. One of such copies shall be transmitted to the Secretary of State for India, another copy shall be disposed of as the Governor General of India in Council shall from time to time, by general or special order, direct, and the remaining copy shall, after a memorandum containing the particulars hereinafter mentioned respecting the book shall have been registered as hereinafter provided, be deposited in such public libraries, or be otherwise disposed of, as the Local Government shall from time to time determine.

PART IV.

Penalties.

[Penalty for printing contrary to rule in Section 3.]

XII. Whoever shall print or publish any book or paper otherwise than in conformity with the rule contained in Section 3 of this Act, shall, on conviction before a Magistrate, be punished by fine not exceeding five thousand rupees, or by simple imprisonment for a term not exceeding two years, or by both.

[Penalty for keeping press without making declaration required by Section 4.]

XIII. Whoever shall keep in his possesion any such press as aforesaid, without making such a declaration as is required by Section 4 of this Act, shall, on conviction before a Magistrate, be punished by fine not exceeding five thousand rupees, or by simple imprisonment for a term not exceeding two years, or by both.

[Punishment for making false statement.]

XIV. Any person who shall, in making any declaration under the authority of this Act, make a statement which is false, and which he either knows or believes to be false, or does not believe to be true, shall, on conviction before a Magistrate, be punished by fine not exceeding five thousand rupees, and imprisonment for a term not exceeding two years.

লিখিত বিধিমতে যে সাময়িক পত্রাদি প্রকাশ হয় এই ধারার পূর্ব্বাংশের কোন কথা তাহাতে বর্ত্তিবে না ইতি।

[ঐ২ গ্রন্থের রসীদ ও মূল্য দিবার কথা।]

১০ ধারা। ঐ কার্য্যকারক ঐ পুস্তকের যত খানি পান তাহার রসীদ লিখিয়া দিবেন। এবং ঐ পুস্তক যদি সাধারণের নিকটে বিক্রেয় হয়, তবে সাধারণ ব্যক্তিরদের নিকট যে প্রকৃত নগদ মূল্যে বিক্রয় করা যায় ঐ কার্য্যকারক তাহার সেই মূল্য দিবেন ইতি।

[ঐ পুস্তক লইয়া যাহা করা যাইবে তাহার কথা।]

১১ ধারা। উক্ত পুস্তকের এক২ গ্রন্থ ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকট প্রেরণ করা যাইবে। অন্যগ্রন্থ লইয়া মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সাধারণ কি বিশেষ আজ্ঞা করিয়া সময়ে২ যদ্রূপে অনুজ্ঞা করেন তদ্রূপে কার্য্য হইবে। অবশিষ্ট এক গ্রন্থ, স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ যে পুস্তকালয় নিরূপণ করেন পুস্তকের নিম্নলিখিত পরিচয়লিপি পশ্চাৎ লিখিত বিধানমতে রেজিষ্টর করা গেলে পর সেই আলয়ে অর্পিত হইবে, কিম্বা অন্য যে প্রকারে আজ্ঞা করেন তাহা লইয়া তদ্রূপ কার্য্য হইবে ইতি।

চতুর্থ খণ্ড।

দণ্ডের কথা।

[৩ ধারার বিধি লঙ্ঘন করিয়া ছাপাইবার দণ্ডের কথা।]

১২ ধারা। যদি কোন ব্যক্তি এই আইনের ৩ ধারার লিখিত বিধি না মানিয়া কোন পুস্তক কি পত্র মুদ্রিত কি প্রকাশ করেন, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ হইলে তাহার পাঁচ সহস্র টাকাপর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা দুই বৎসর পর্য্যন্ত বিনা পরিশ্রমে কারাদণ্ড কি উভয় দণ্ড হইবে ইতি।

[৪ ধারার লিখিত প্রতিজ্ঞাপত্র না করিয়া মুদ্রাযন্ত্র রাখিবার দণ্ডের কথা।]

১৩ ধারা। এই আইনের ৪ ধারাতে যে প্রতিজ্ঞাপত্র করিবার আদেশ হইয়াছে যদি কোন ব্যক্তি তাহা না করিয়া তদ্রূপ কোন মুদ্রাযন্ত্র অধিকারে রাখেন, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ হইলে তাহার পাঁচ সহস্র টাকার অনধিক দর্থদণ্ড কিম্বা দুই বৎসর পর্য্যন্ত বিনা পরিশ্রমে কারাদণ্ড কি ঐ উভয় দণ্ড হইবে ইতি।

[মিথ্যা প্রতিজ্ঞা করিবার দণ্ডের কথা।]

১৪ ধারা। কোন ব্যক্তি এই আইনের আজ্ঞাক্রমে প্রতিজ্ঞা করণকালে যদি মিথ্যা কথা কহেন কিম্বা আপনি যাহা মিথ্যা জানেন কি বিশ্বাস করেন কিম্বা সত্য বিশ্বাস না করেন এমত কথা কহেন, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ হইলে তাঁহার পাঁচ সহস্র টাকা পর্য্যন্ত অর্থদণ্ড এবং দুই বৎসর পর্য্যন্ত কারাদণ্ড হইবে ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ২ আপ্রিল।]

[Penalty for printing or publishing periodicals without conforming to rules.]

XV. Whoever shall print or publish any such periodical work as is hereinbefore described without conforming to the rules hereinbefore laid down, or whoever shall print or publish, or shall cause to be printed or published, any such periodical work, knowing that the said rules have not been observed with respect to that work, shall, on conviction before a Magistrate, be punished with fine not exceeding five thousand rupees, or imprisonment for a term not exceeding two years, or both.

[Penalty for non-delivery of books.]

XVI. If any printer of any such book as is referred to in Section 9 of this Act, or of any second or subsequent edition of any such book, shall neglect to deliver three copies of the same pursuant to this Act, he shall for every such default forfeit, besides the value of the copies which he ought to have delivered, a sum not exceeding fifty rupees to be recovered by the said officer on conviction before a person exercising any of the powers of a Magistrate. If any publisher or other porson employing any such printer shall neglect to supply him in manner aforesaid with the maps, prints or engravings, finished and coloured as aforesaid, which may be necessary to enable him to comply with the provisions of the same Section, such publisher or other person shall, for every such default, forfeit, besides the value of the said maps, prints or engravings which he ought to have supplied, a sum not exceeding the said amount, and such sum shall be recovered in manner last aforesaid.

[Mode of recovering fines.]

XVII. All pecuniary penalties imposed under this Act may be recovered, if for offences committed outside the local limits of the towns of Calcutta, Madras and Bombay, in the manner prescribed by the Code of Criminal Procedure, and if for offences committid within those limits, in the manner prescribed by any Act for regulating the Police of such towns in force for the time being. All such penalties shall be disposed of as the Local Government shall from time to time direct.

PART V.

Registration of Books.

[Registration of memoranda of books.]

XVIII. There shall be kept at such office, and by such officer as the Local Government shall appoint in this behalf, a book to be called a Catalogue of Books printed in British India, wherein shall be registered a memorandum of every book

[বিধিমতে কর্ম্ম না করিয়া সাময়িক পত্রাদি ছাপাইবার কি প্রকাশ করিবার দণ্ডের কথা।]

১৫ ধারা। যদি কোন ব্যক্তি পূর্ব্বলিখিত বিধি পালন না করিয়া পূর্ব্বলিখিত সাময়িক কোন পত্রাদি ছাপান কি প্রকাশ করেন, কিম্বা সাময়িক কোন পত্রাদি বিষয়ে উক্ত বিধি পালন হয় নাই জানিয়া যদি তাহা ছাপান কি প্রকাশ করেন, কিম্বা অন্যের দ্বারা ছাপাইয়া লন কি প্রকাশ করান, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ হইলে তাহার পাঁচ সহস্র টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা দুই বৎসর পর্য্যন্ত কারাদণ্ড কিম্বা ঐ উভয় দণ্ড হইবে ইতি।

[পুস্তক না দিবার দণ্ডের কথা।]

১৬ ধারা। এই আইনের ৯ ধারাতে যে পুস্তকের উল্লেখ হইয়াছে যদি কোন প্রিন্টর সেই পুস্তকের কিম্বা তাহার দ্বিতীয় কি পশ্চাৎ কোন সংস্করণের তিন গ্রন্থ এই আইনঅনুসারে সমর্পণ করিতে উপেক্ষা করেন, তবে তাঁহার যত পুস্তক দেওয়া কর্ত্তব্য ছিল তত পুস্তকের মূল্য দণ্ড হইবে ও তদ্ভিন্ন তাঁহার তদ্রূপ প্রত্যেক দোষের জন্যে পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড হইবে। উক্ত কার্য্যকারক মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কার্য্যকারি কোন ব্যক্তির সম্মুখে প্রমাণ করিয়া ঐ দণ্ডের টাকা আদায় করিবেন। প্রিন্টর উক্ত ধারার বিধানানুসারে কার্য্য করিতে সক্ষম হন এতদর্থে পূর্ব্বোক্ত প্রকারের সম্পাদিত ও রঞ্জিত যে ম্যাপ ও চিত্রপট ও খোদিত ছবি তাঁহাকে দিতে হয় পুস্তক প্রকাশক কিম্বা অন্য যে ব্যক্তি ঐ প্রিন্টরের দ্বারা ঐ পুস্তক ছাপান তিনি যদি পূর্ব্বোক্তমতে তাহা না দেন, তবে ঐ প্রকাশকের কি অন্য ব্যক্তির যে ম্যাপ ও চিত্রপট ও খোদিত ছবি দেওয়া কর্ত্তব্য ছিল তাহার মূল্যের অতিরিক্ত সেই দোষ হেতুক ঐ প্রকাশকের কি অন্য ব্যক্তির পূর্ব্বোক্ত টাকা পর্য্যন্ত দণ্ড হইবে। সেই টাকা পূর্ব্বোক্ত প্রকারে আদায় হইতে পারিবে ইতি।

[অর্থদণ্ড আদায় করিবার নিয়মের কথা।]

১৭ ধারা। যদি কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের সীমার বহির্ভূত স্থানে ঐ অপরাধ করা যায় তবে এই আইনক্রমে যে অর্থদণ্ড ধার্য্য হইল তাহা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের অবধারিতমতে আদায় হইতে পারিবে। যদি ঐ সীমার মধ্যবর্ত্তি স্থানে অপরাধ করা যায় তবে ঐ নগরের পোলীসের ব্যবস্থা করণার্থ যে আইন সৎকালে প্রচলিত হয় তদনুসারে ঐ দণ্ড আদায় হইবে। স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ যদ্রূপ আদেশ করেন ঐ দণ্ডের টাকা লইয়া তদ্রূপ কার্য্য হইবে ইতি।

পঞ্চম খণ্ড।

পুস্তক রেজিষ্টরী করিবার বিধি।

[পুস্তকের পরিচয় লিপির রেজিষ্টরী করণের কথা।]

১৮ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট যে কার্য্যালয় নিরূপণ ও যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি সেই কার্য্যালয়ে ব্রিটনীয় ভারতবর্ষে প্রকাশিত পুস্তকাদির নাম নির্ঘণ্ট নামক এক পুস্তক রাখিবেন। এই আইনের ২ ধারামতে যে সকল পুস্তক অর্পণ করা যায় তাহার পরিচয়

which shall have been delivered pursuant to Section 9 of this Act. Such memorandum shall (so far as may be practicable) contain the following particulars; (that is to say) :—

(1.)—The title of the book and the contents of the title-page, with a translation into English of such title and contents, when the same are not in the English language:

(2.)—The language in which the book is written:

(3.)—The name of the author, translator, or editor of the book or any part thereof:

(4.)—The subject:

(5.)—The place of printing and the place of publication:

(6.)—The name or firm of the printer and the name or firm of the publisher:

(7.)—The date of issue from the press or of the publication:

(8.)—The number of sheets, leaves, or pages:

(9.)—The size:

(10.)—The first, second or other number of the edition:

(11.)—The number of copies of which the edition consists:

(12.)—Whether the book is printed or lithographed:

(13.)—The price at which the book is sold to the public; and

(14.)—The name and residence of the proprietor of the copyright or of any portion of such copyright.

Such memorandum shall be made and registered in the case of each book as soon as practicable after the delivery of the copies thereof in manner aforesaid. Every registration under this Section shall, upon payment of the sum of two rupees to the officer keeping the said Catalogue, be deemed to be an entry in the Book of Registry kept under Act No. XX of 1847 *(for the encouragement of learning in the Territories subject to the government of the East India Company, by defining and providing for the enforcement of the right called copyright therein)*; and the provisions contained in that Act as to the said Book of Registry shall apply, *mutatis mutandis*, to the said Catalogue.

[Publication of memoranda registered.]

XIX. The memoranda registered during each quarter in the said Catalogue shall be published in the local *Gazette*, as soon as may be after the end of such quarter, and a copy of the memoranda so published shall be sent to the said Secretary of State, and to the Secretary to the Government of India in the Home Department respectively.

লিপি তাহাতে লিখিতে হইবে। ঐ পরিচয় লিপিতে সাধ্যমতে এই২ বিবরণ থাকিবে যথা।

(১) পুস্তকের নাম ও নামপত্রের লিখিত কথা। তাহা যদি ইঙ্গলণ্ডীয় ভাষাতে না হয়, তবে ইঙ্গলণ্ডীয় ভাষায় তাহার অনুবাদ করিতে হইবে।

(২) পুস্তক যে ভাষায় লিখিত হইয়াছে।

(৩) পুস্তকের কি তাহার কোন অংশের লেখকের কি অনুবাদকের কি সম্পাদকের নাম।

(৪) মর্ম্ম।

(৫) ছাপাইবার ও প্রকাশ করণের স্থান।

(৬) প্রিন্টরের নাম কি কুঠীপ্রভৃতি ও প্রকাশকের নাম কি কুঠীপ্রভৃতি।

(৭) প্রেসহইতে বাহির হইবার কিম্বা প্রকাশ হইবার তারিখ।

(৮) যত তা কি পত্র কি পৃষ্ঠা।

(৯) যে পরিমাণ।

(১০) প্রথম বার প্রকাশিত কি দ্বিতীয় কি অন্য সংস্করণ।

(১১) ঐ সংস্করণের যত গ্রন্থ প্রকাশ হইয়াছে।

(১২) অক্ষরে মুদ্রিত কি প্রস্তরে মুদ্রিত।

(১৩) যে মূল্যে সাধারণের নিকটে বিক্রয় হয়।

(১৪) গ্রন্থ স্বত্বাধিকারির কিম্বা তাহার কোন অংশের অধিকারির নাম ও বাস।

প্রত্যেক পুস্তকের পূর্ব্বোক্ত তিন গ্রন্থ অর্পণ করা গেলে পর উক্ত পরিচয় লিপি সাধ্যমতে ত্বরায় প্রস্তুত ও রেজিস্টর করা যাইবে। উক্ত নির্ঘণ্ট পুস্তক যে কর্ম্মচারির রক্ষণে থাকে তাঁহাকে ২ টাকা ফী দিলে এই ধারামতে যে রেজিস্টরী করা যায় তাহা ১৮৪৭ সালের ২০ আইনমতে (অর্থাৎ কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে গ্রন্থস্বত্ব নামক স্বত্ব নির্ণয় ও প্রবল করণদ্বারা ঐ দেশের মধ্যে বিদ্যার সাহায্য করণের আইন মতে) যে রেজিস্টরীর বহী আছে তাহাতে লিখিত হওয়ার তুল্য জ্ঞান হইবে। এবং উক্ত রেজিস্টরী বহীর বিষয়ে উক্ত আইনের যে২ বিধান আছে প্রয়োজনমতে কথা পরিবর্ত্তন করিয়া সেই২ বিধান উক্ত পুস্তকাদির নামনির্ঘণ্ট পুস্তকের প্রতি বর্ত্তিবে।

[ঐ পরিচয় লিপি প্রকাশ করিবার কথা।]

১৯ ধারা। পুস্তকাদির নামনির্ঘণ্টপুস্তকে তিন২ মাসে যে পরিচয় লিপি লেখা যায়, তাহা সেই তিন মাসের পর সাধ্যমতে ত্বরায় রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে এবং তদ্রূপ প্রকাশিত ঐ পরিচয় লিপির এক গ্রন্থ উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকটে এবং হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকটে প্রেরণ করা যাইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২ আপ্রিল।]

PART VI.

Miscellaneous.

[Power to make rules.]

XX. The Local Government shall have power to make such rules as may be necessary or desirable for carrying out the objects of this Act, and from time to time to repeal, alter and add to such rules. All such rules, and all repeals and alterations thereof, and additions thereto, shall be published in the local *Gazette*.

[Power to exclude any class of books from operation of Act.]

XXI. The Governor General of India in Council may, by notification in the *Gazette of India*, exclude any class of books from the operation of the whole or any part or parts of this Act.

[Continuance of Act.]

XXII. Part III, and Section 16, and Part V of this Act shall remain in force until the Governor General of India in Council shall declare to the contrary by notification in the *Gazette of India*.

[Commencement of Act.]

XXIII. This Act shall come into operation on the first day of July 1867.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

ষষ্ঠ খণ্ড।

বিবিধ বিধি।

[বিধি করিবার ক্ষমতার কথা।]

২০ ধারা। এই আইনের অভিপ্রায় সফল করিবার জন্যে যে সকল বিধি আবশ্যক কি বিহিত হয়, স্থানীয় গবর্ণমেণ্ট তাহা করিতে ক্ষমতাপন্ন হইবেন, এবং ঐ বিধি সময়ে২ অন্যথা কি পরিবর্ত্তন কি বৃদ্ধি করিতে পারিবেন। ঐ সকল বিধি এবং তাহা রহিত করণের কথা ও তাহার পরিবৃত্ত ও বর্দ্ধিতাংশ রাজকীয় গেজেটে প্রকাশ হইবে ইতি।

[বিশেষ প্রকারের কোন পুস্তক এই আইনের বিধানের বহির্ভূত করিবার ক্ষমতার কথা।]

২১ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া কোন বিশেষ প্রকারের পুস্তক এই আইনের সমুদয় কি কোন২ বিধানের বহির্ভূত করিতে পারিবেন ইতি।

[এই আইন যত কাল প্রবল থাকিবে তাহার কথা।]

২২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্রদ্বারা যত কাল এই আইনের তৃতীয় খণ্ড এবং ১৬ ধারা এবং পঞ্চম খণ্ড রহিত হইবার কথা প্রকাশ না করেন তত কাল প্রবল থাকিবে ইতি।

[এই আইনের প্রারম্ভের কথা।]

২৩ ধারা। এই আইন ১৮৬৭ সালের জুলাই মাসের ১ দিবসাবধি প্রচলিত হইবে ইতি।

উইটলী ষ্টোক্‌স,
দেশীয় ব্যবস্থাপন কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

JANUARY. 1867.

No. 1.

THE following order of Government regarding the preparation of Periodical Returns, consequent on the change in the financial year, is circulated for general information. District and Divisional Returns must be prepared in accordance with the Government order.

From Junior Secretary to the Government of Bengal, to the Secretary to the Board of Revenue, Circular No. 5033, dated the 20th December 1866.

The Government of India having, by orders in the Financial Department, No. 270, dated the 1st May 1866, resolved that the Financial Year shall henceforth close on the 31st March, instead of on the 30th April as heretofore, I am directed by the Lieutenant-Governor to request that all Annual Returns submitted to Government accord-

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৬৭ সাল। জানুআরি মাস।

১ নম্বর।

রাজস্ব সম্পর্কীয় হিসাবের বৎসর পরিবর্ত্তন হওয়াতে সাময়িক রিটর্ণ প্রস্তুত করণ বিষয়ে গবর্ণমেণ্টের নিম্নলিখিত আজ্ঞা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে। জিলার ও খণ্ডের সকল রিটর্ণ গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রস্তুত করিতে হইবে।

রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের নিকট বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী সাহেবের ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ২০ তারিখের ৫০৩৩ নম্বরী সরক্যুলর পত্র।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ১৮৬৬ সালের মে মাসের ১ তারিখের ২৭০ নম্বরের যে আজ্ঞা করিলেন তাহাতে সিদ্ধার্থ্য হইয়াছিল যে, রাজস্ব সম্পর্কীয় হিসাবের বৎসর পূর্ব্বাবধি যেমন আপ্রিল মাসের ৩০ তারিখে শেষ হইত তেমনি না হইয়া এই অবধি মার্চ মাসের ৩১ তারিখে সমাপ্ত হইবে। এই হেতুক শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের

ing to the Financial Year may, in future, be made up to the former date.

2. Under these orders, the Returns for 1866-67 will of course embrace only eleven months, from 1st May 1866 to the 31st March 1867, the results of April 1866 having already been included in the Returns for 1865-66.

3. In regard to Half-yearly Reports submitted according to the Financial Year, it should be noted that the first half of the year will end on the 30th September, and the second half on the 31st March.

No. 2.

To secure the speedy compilation of the Provincial Statements made in the Board's Office, the Board have resolved that, instead of Returns being forwarded in duplicate, as in most instances is now done to the Commissioner (by whom one copy is transmitted to their Office), District Officers shall send one copy only to the Commissioner, and the other direct to the Board, each being accompanied by the necessary explanations; and that Returns IVA, XI, XII, and XXIA, which now come through Commissioners, shall be sent to the Board only.

2. The following alterations must accordingly be made in the Board's Rules:—

Page 257, Section II, Clause 3, score through the present clause, and substitute the following:—

3. "When one copy of a Return is sent to the Commissioner, and another to the Board, explanations must accompany both."

Page 262, Appendix, Instruction 1. For the words "the rest" substitute "those marked§." Put a semicolon after "Revenue," and add the clause "of the rest (which have no mark), one copy is to be sent to the Commissioner, and another to the Board direct."

In the list, place the mark* against IVA, XI and XII.

3. No change is intended to be made in the present practice in regard to Returns XX, XXV, and XXVI. These should have the mark § placed against them.

4. Commissioners will understand that though most of the Returns will no longer come through them to the Board, they are not relieved of the duty of inspecting the Returns, and forwarding to the Board a copy of any remarks which they think ought to be communicated. In the case especially of Returns IX, X, XIV, XXXI, XXXII and XXXIX, the Board will expect to

আজ্ঞাক্রমে আদেশ করিতেছি যে রাজস্ব সম্পার্কীয় হিসাবের বৎসর অনুসারে যে সকল রিটর্ণ বৎসরং গবর্ণমেণ্টের নিকটে অর্পণ করা যায় তাহা এই অবধি শেষোক্ত তারিখ পর্য্যন্ত নিষ্পত্তি করিতে হইবে।

২। এই আজ্ঞাক্রমে ১৮৬৬। ৬৭ সালের রিটর্ণের মধ্যে কেবল এগার মাস অর্থাৎ ১৮৬৬ সালের মে মাসের ১ তারিখঅবধি ১৮৬৭ সালের মার্চ মাসের ৩১ তারিখ পর্য্যন্ত ধরা যাইবে। কেননা ১৮৬৬ সালের আপ্রিল মাসের বিবরণ ১৮৬৫। ৬৬ সালের রিটর্ণের মধ্যে ধরা গিয়াছে।

৩। রাজস্ব সম্পার্কীয় হিসাবের বৎসর অনুসারে যে যান্মাসিক রিপোর্ট দিতে হয়, তদ্বিষয়ের মন্তব্য যে প্রথম ছয় মাস সেপ্টেম্বর মাসের ৩০ তারিখে ও দ্বিতীয় ছয় মাস মার্চ মাসের ৩১ তারিখে সমাপ্ত হয়।

---

২ নম্বর।

জিলার কর্তৃপক্ষেরা কমিস্যনর সাহেবদের নিকটে এক্ষণে দুই প্রস্থ রিটর্ণ পাঠাইয়া থাকেন ও কমিস্যনরেরা তাহার এক প্রস্থ বোর্ডের কার্য্যালয়ে পাঠান। কিন্তু সেই আফিসে নানা প্রদেশের যে কৈফিয়ৎ প্রস্তুত হইয়া থাকে তাহা প্রস্তুত করিবার গৌণ না হয় এই কারণে বোর্ডের সাহেবেরা নির্দ্ধার্য্য করিয়াছেন যে জিলার কর্ম্মকারকেরা কমিস্যনর সাহেবের নিকটে এক প্রস্থ ও বোর্ডের নিকটে অন্য প্রস্থ পাঠাইবেন। উভয় প্রস্থে প্রয়োজন মতে হেতুবাদ লিখিতে হইবে। এবং ৪A, ১১, ১২, ২১A চিহ্নিত যে রিটর্ণ এক্ষণে কমিস্যনরেরদের দ্বারা আসিয়া থাকে তাহা কেবল বোর্ডে পাঠাইতে হইবে।

এই হেতু বোর্ডের বিধি নিম্নলিখিত মতে পরিবর্ত্তন হইয়াছে।

বিধি পুস্তকের ২৫৭ পৃষ্ঠার ২ অধ্যায়ের ৩ ধারা উঠাইয়া তৎপরিবর্ত্তে এই ধারা দিতে হইবে।

৩। "যদি কমিস্যনর সাহেবের নিকটে এক প্রস্থ ও বোর্ডের নিকটে অন্য প্রস্থ পাঠান যায় তবে উভয়ের সঙ্গে হেতুবাদ লিখিতে হইবে।"

২৬২ পৃষ্ঠার ক্রোড়পত্রের ১ অঙ্কিত উপদেশের মধ্যে "অবশিষ্ট" এই শব্দের পরিবর্ত্তে "§ চিহ্নের রিটর্ণ" এই শব্দ পাঠ করিতে হইবে। "পাঠাইতে হইবে" এই কথার পর এই কথা লেখ, অবশিষ্ট যে রিটর্ণের কোন চিহ্ন নাই তাহার এক প্রস্থ কমিস্যনর সাহেবের নিকটে অন্য প্রস্থ বোর্ডে পাঠাইতে হইবে।

নির্ঘণ্টের মধ্যে ৪ A. ১১ ও ১২ এইং অঙ্কের কাছে * এই চিহ্ন দিতে হইবে।

৩। ২০, ২৫, ও ২৬ নম্বরের রিটর্ণসম্পার্কীয় যে রীতি প্রচলিত আছে তাহা পরিবর্ত্তন করা উদ্দেশ্য নহে। ঐং অঙ্কের কাছে § এই চিহ্ন দিতে হইবে।

৪। যদিও অধিকাংশ রিটর্ণ কমিস্যনরেরদের দ্বারা পাঠাইবার আর প্রয়োজন নাই তথাপি কমিস্যনরেরা জানিবেন যে ঐ রিটর্ণ দৃষ্টি করিয়া তাঁহাদের বিবেচনায় যে কোন মন্তব্য কথা লেখা উচিত বোধ করেন তাহা বোর্ডের নিকটে প্রেরণ করিবার কার্য্যহইতে নিষ্কৃতি পাইতে পারিবেন না। বিশেষতঃ ৯, ১০, ১৪, ৩১ ৩২, ও ৩৯ সংখ্যার রিটর্ণ বিষয়ে তাঁহাদের যে মত হয় এবং সেই রিটর্ণের লিখিত বিবরণোপলক্ষে তাহারা যে কার্য্য

receive their opinion and report on the steps taken by them on the facts exhibited in the Returns, and will await their recommendations in regard to the propositions made by the District Officers in such matters as the remission of balances, removal of estates, disposal of Government estates, &c., &c.

5. The Board desire that the change of practice may be adopted from the 1st February 1867, so as to be of material use in the submission of this year's Preliminary Report to Government.

No. 3.

As several District Officers have omitted to report in column 6 of Table I in (Rent Suits) Return No. II, the "value of claims" in *new* institutions under the headings "1. Resistance of Process Cases," "o. Leave to measure," and "p. Measurement by Collector," it is hereby notified for guidance that the proper practice to be followed in submitting the required information, is that laid down in the Board's Rules, clause 6, page 234, with reference to Schedule B, Act X of 1862, Article II, Clause E.

2. District Officers will accordingly supply now the omissions hitherto made in their Returns No. II, with a view to the completion of the Board's Register.

No. 4.

The Government have by their Orders, No. 3274, dated 11th December 1866, invested Head Constables in charge of Police outposts of the 1st and 2nd grades with powers to seize and search for illicit Opium and other intoxicants, and to arrest persons found in possession of them, under the provisions of Section 59 of Act XXI of 1856.

2. The following alterations are accordingly made in the Board's Rules :—After "Constable" in the 1st line of each of the clauses 2 and 3, Section VII, pages 112 and 113, add "and Head Constables in charge of Police outpost, of the 1st and 2nd grades."

No. 5.

Before the words "and on any broken bundles" in the penultimate sentence in clause 18, page 78 of the Board's Rules add, "when the bundles in which such deficiency is discovered exhibit signs of having been tampered with."

No. 6.

"Return No. XXIIA" in Rule 5, at page 261, and Rule 3, Section XII, at page 331, should be altered to "Return No. XXIA."

করিয়াছেন তদ্বিষয়ের রিপোর্ট বোর্ডের সাহেবের প্রাপ্ত হইতে চাহেন, এবং জিলার কর্তৃপক্ষেরা বাকী রাজস্ব ক্ষমা করণ ও মহাল খারিজদাখিল ও গবর্ণমেন্ট মহাল বিক্রয় করণপ্রভৃতি বিষয়ের যে প্রস্তাব করেন তদ্বিষয়ে বোর্ডের সাহেবেরা কমিসানরদের প্রস্তাবের অপেক্ষায় থাকিবেন।

৫। গবর্ণমেণ্টের নিকটে এই বৎসরের আদিস্থলীয় রিপোর্ট পাঠাইবার সময়ে উক্ত পরিবৃত্ত রীতির ফল দর্শন হয় এই নিমিত্তে বোর্ডের সাহেবেরা ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ১ তারিখ অবধি নূতন প্রণালীমতে কার্য্য করিবার আদেশ করিতেছেন।

---

৩ নম্বর।

জিলার কর্তৃপক্ষেরা খাজানার মোকদ্দমার ২ নম্বরী রিটর্ণের ১ চিহ্নিত টেবিলের ৬ ঘরেতে নূতন উপস্থিত মোকদ্দমা সম্পর্কে "l আজ্ঞাপত্র সাধন করিবার বাধা জন্য মোকদ্দমা। o মাপিবার অনুমতি। p কালেক্টর সাহেব দ্বারা মাপন" এই তিন শিরোলিপির ঘরে দাওয়ার মূল্য জ্ঞাত করেন নাই। এই হেতুক তাঁহাদের উপদেশার্থে জ্ঞাত করা যাইতেছে, যে বোর্ডের বিধি পুস্তকের ২৩৪ পৃষ্ঠার ৬ ধারাতে ১৮৬২ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ২ প্রকরণের E দফা সম্পর্কে যে নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছে তাহাই প্রয়োজনীয় সম্বাদ দিবার উপযুক্ত নিয়ম।

২। জিলার কর্তৃপক্ষেরা আপনাদের ২ নং রিটর্ণে যে কথা লিখিতে ত্রুটি করিয়াছেন বোর্ডের রেজিষ্টর পূর্ণ করিবার অভিপ্রায়ে তাহা পাঠাইবেন।

---

৪ নম্বর।

প্রথম ও দ্বিতীয় যে হেড কনষ্টাবলেরা পোলীসের ফাঁড়ির কর্ম্মের ভার প্রাপ্ত হন গবর্ণমেন্ট ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ১১ তারিখের ৩২৭৪ নম্বরের আজ্ঞাক্রমে তাঁহাদের প্রতি ১৮৫৬ সালের ২১ আইনের ৫৯ ধারার বিধানমতে আইন বিরুদ্ধ আফিম ও অন্য মাদক দ্রব্য ধরিয়া লইবার ও অন্বেষণ করিবার ও যে ব্যক্তিদের নিকটে পাওয়া যায় তাহাদিগকে আসেধ করিবার ক্ষমতা প্রদান করিয়াছেন।

২। এই হেতুক নিম্নলিখিতমতে বোর্ডের বিধির পরিবর্ত্তন করিতে হইবে যথা ১১২ ও ১১৩ পৃষ্ঠার ৭ অধ্যায়ের ২ ও ৩ প্রকরণের প্রথম পংক্তিতে কনষ্টাবল এই শব্দের পরে "এবং প্রথম ও দ্বিতীয় শ্রেণীর যে হেড কনস্টাবলেরা পোলীস ফাঁড়ির কর্ম্মের ভার পান" এই কথা যোগ করিতে হইবে।

---

৫ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ৭৮ পৃষ্ঠার ১৮ প্রকরণে "কোন ভাঙ্গাআটি" এই কথার পূর্ব্বে "যে আটিতে কিছু ন্যূনতা প্রকাশ হয় তাহাহইতে যদি গাঁজা বাহির করিবার চিহ্ন দেখা যায়" এই কথা পাঠ করিতে হইবে।

---

৬ নম্বর।

২৬১ পৃষ্ঠার বিধির ৫ ধারাতে এবং ৩৩১ পৃষ্ঠার ১২ অধ্যায়ের ৩ ধারাতে ২২A রিটর্ণ এই কথার পরিবর্ত্তে ২১A রিটর্ণ পাঠ করিতে হইবে।

No. 7.

The following errata and omissions have been discovered in the Board's Rules :—

Page 70, clause 42, add "Forms 17 and 19 must also be submitted to the Collector (see clause 43) for purpose of check." Page 80, clause 30, for "83" read "84." Page 219, Register 24, heading 5, for "the area in acres of share" read "specification of the share." Page 226, Register 84, insert heading 5 A, "From what place."

N. B.—This is necessary to fill up Return No. XL.

No. 8.

District Officers are requested, in future, to credit in their Monthly Cash Accounts amounts realized as interest on sale proceeds of Waste Lands under I, "Land Revenue," instead of under XVII, "Interest."

No. 9.

With reference to the Bill published in the *Gazette of India* of the 10th March 1866, to empower Committees appointed under Section 7, Act XX of 1863, to raise funds for the costs and expenses incurred in the performance of their duties, and for other purposes connected with the management of religious endowments, Commissioners are requested to report whether any attempt has yet been made by such Committees to raise such funds, and with what result.

2. An immediate reply is requested, as the Bill is under consideration of the Legislative Council.

No. 10.

The following rule is to be added as No. 2A, Section VI, at page 210, of the Board's Rules :—

2A. A separate application must be made for copies of all papers required or connected with one cause or matter. When copies are wanted of papers relating to different matters or causes, as many applications are necessary as the matters or causes to which the papers relate.

No. 11.

The attention of all Collectors and Treasury Officers is drawn to the following Notification of the Financial Department, No. 243, dated 14th January 1867, which is published at page 63 of the *Gazette of India*. It should be acted on freely.

৭ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের মধ্যে নিম্নলিখিত অশুদ্ধতা ও ভুল প্রকাশ হইয়াছে যথা,—

৭০ পৃষ্ঠার ৪২ ধারাতে এই কথা লিখিতে হইবে "এবং শুদ্ধতা রক্ষার জন্যে ১৭ ও ১৯ নং পাঠও কালেক্টর সাহেবের নিকটে অর্পণ করিতে হইবে (৪৩ ধারা দেখ)।" ৮০ পৃষ্ঠার ৩০ ধারাতে ৮৩ এই অঙ্কের পরিবর্ত্তে ৮৪ অঙ্ক পাঠ করিতে হইবে। ২১৯ পৃষ্ঠার ২৪ নং রেজিষ্টরের ৫ নম্বর ঘরের শিরোলিপিতে "একরের হিসাবে অংশের পরিমাণ" এই কথার পরিবর্ত্তে "অংশের বিশেষ বর্ণনা" এই কথা লিখিতে হইবে। ২২৬ পৃষ্ঠার ৮৪ নং রেজিস্টরের ৫ A নূতন ঘর করিয়া "যে স্থান-হইতে" এই শিরোলিপি দিতে হইবে।

মন্তব্য। ৪০ নং রিটর্ণ পুর্ণ করিবার জন্যে ইহা আবশ্যক।০

৮ নম্বর।

জিলার কর্ত্তৃপক্ষেরা পতিত ভূমি বিক্রয় করণদ্বারা উৎপন্ন টাকার উপর যে সুদ পান তাহা আপনাদের মাসিক নগদের হিসাবের ১৭ দফায় "সুদ" এই পাঠে না লিখিয়া ১ দফা "ভূমির রাজস্ব" এই পাঠে জমা করিবেন।

৯ নম্বর।

১৮৬৩ সালের ২০ আইনের ৭ ধারাক্রমে যেং কমিটী নিযুক্ত হন তাঁহাদিগকে আপনাদের কর্ত্তব্য কর্ম্ম সম্পাদনের ব্যয় ও পারিশ্রমিক শোধ করিবার এবং ধর্ম্মার্থে দত্ত ভূম্যাদির কর্ম্মসম্পাদন সংক্রান্ত অন্যান্য কার্য্যের ব্যয় পোষণের উপযুক্ত টাকা তুলিবার ক্ষমতা দানার্থে আইনের পাণ্ডুলিপি ১৮৬৬ সালের মার্চ মাসের ১০ তারিখের ইণ্ডিয়া গেজেটে প্রকাশ হইয়াছে তদুপলক্ষে কমিটীরা ঐ টাকা তুলিবার কোন উদ্যোগ করিয়াছেন কি না যদি করিয়া থাকেন তবে তাহার কি ফল হইল এই বিষয়ের রিপোর্ট করিতে কমিসনরদের প্রতি আজ্ঞা হইয়াছে।

সেই আইনের পাণ্ডুলিপি এক্ষণে ব্যবস্থাপনীয় মন্ত্রিসভায় বিবেচনাধীন আছে অতএব এই পত্রের উত্তর ত্বরায় পাঠাইবার আদেশ হইল।

১০ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ২১০ পৃষ্ঠায় ৬ বিধি ২A ধারা বলিয়া নিম্নস্থ বিধি লিখিতে হইবে।

২A. একি মোকদ্দমার কি বিষয়ের যে সকল কাগজপত্রের প্রতিলিপি পাইবার প্রয়োজন হয় তাহার জন্যে পৃথক২ প্রার্থনাপত্র দিতে হইবে। যদি ভিন্ন২ বিষয়ের কি মোকদ্দমার কাগজপত্রের প্রয়োজন হয় তবে ঐ কাগজপত্র যত বিষয়ের কি মোকদ্দমার সংক্রান্ত হয় তত প্রার্থনা পত্র দিতে হইবে।

১১ নম্বর।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট সম্পর্কীয় ১৮৬৭ সালের জানুআরি মাসের ১৪ তারিখের ২৪৩ নম্বরের নিম্নলিখিত জ্ঞাপনপত্র ইণ্ডিয়া গেজেটের ৬৩ পৃষ্ঠায় প্রকাশ হইয়াছে। তদ্বিষয়ে সকল কালেক্টর সাহেবকে এবং খাজানাখানার সকল কার্য্যকারকদিগকে মনোযোগ করিতে আদেশ হইতেছে। সেই পত্রমতে অবাধিতরূপে কর্ম্ম করা কর্ত্তব্য।

2. The following Rule will stand in modification of the present Rule 3 at page 25 of the Board's Rules.

3. Treasury Officers shall endeavour to keep up their supply of Currency Notes of the Circle within which their districts are situate by ordinarily cashing all such Notes freely on demand, except when the demand of Silver for Notes may be such that the Treasury Officer cannot meet it without serious inconvenience.

The word "not" on the margin of Rule 3 should be scored through.

২। বোর্ডের বিধি পুস্তকের ২৫ পৃষ্ঠার ৩ ধারাতে যে বিধি আছে তৎপরিবর্ত্তে এই বিধি দেওয়া যাইবে।

৩। খাজানাখানার কার্য্যকারকদের জিলা যে চক্রের মধ্যে থাকে সেই চক্রের করেন্সি নোট ভাঙ্গাইয়া নগদ টাকা পাইবার প্রার্থনা হইলে যদি খাজনাখানার কার্য্যকারক গুরুতর কষ্ট বিনা তাহার টাকা দিতে পারেন তবে অবশ্য দিবেন।

বিধির পার্শ্বে "না" যে শব্দ আছে তাহা তুলিয়া ফেলিতেহইবে।

Financial Department Notification, No. 243, dated 14th January 1867.

The Governor General in Council directs that Treasury Officers shall endeavour to keep up their supply of Currency Notes of the Circle within which their districts are situate by ordinarily cashing all such Notes freely on demand.

By law, the Government is not required to cash Currency Notes at any of its Treasuries, but this provision of the law should be availed of only when the demand of Silver for Notes may be such that the Treasury Officer could not meet it without serious inconvenience.

ফিনানসিয়ল ডিপার্টমেন্টের ১৮৬৭ সালের জানুআরি মাসের ১৪ তারিখের ২৪৩ নম্বরের জ্ঞাপন।

রাজকীয় খাজানাখানার কর্ম্মকারকদের জিলা যে চক্রের মধ্যে থাকে সেই চক্রের করেন্সি নোট তাহাদের নিকট উপস্থিত করা গেলে তাঁহারা তৎপরিবর্ত্তে অবাধিতরূপে নগদ টাকা দিয়া তাঁহাদের জিলার মধ্যে ঐ নোট পর্য্যাপ্ত ভাবে চালাইবেন। মন্ত্রি সভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই আজ্ঞা।

২। আইনমতে গবর্ণমেন্ট আপনার কোন ট্রেজুরীতে করেন্সি নোট ভাঙ্গাইতে আবদ্ধ নহেন। কিন্তু অধিক নোট ট্রেজুরিতে আনীত হইলে যদি সমুদয়ের টাকা দিলে নগদ টাকার অকুলান হইবার সম্ভাবনা, তাহা হইলে ঐ আইনমতে কার্য্য হইবে নতুবা নয়।

No. 12.

All administrative questions relative to the establishment of Treasure Chests at the Head-Quarters of Sub-divisions, such as the supply of iron chests for the use of Sub-divisional Officers, should in future be disposed of by Commissioners of Divisions under the Board's sanction.

১২ নম্বর।

শাখাখণ্ডের সদর স্থানে খাজানার সিন্দুক রাখিবার কার্য্য নিরূপণ সম্পর্কে কার্য্যকারকদের ব্যবহারের জন্যে লৌহের সিন্দুক দেওন প্রভৃতি যে সকল কথা উত্থাপন হয় খণ্ডের কমিস্যনর সাহেবেরা বোর্ডের সম্মতি গ্রহণপূর্ব্বক তাহা নিষ্পত্তি করিবেন।

No. 13.

The following addition is to be made to Budget Rule 2 at page 22: –

The estimates and sheets of explanations are to be submitted to the Board in duplicate, one copy being required for record in their office.

১৩ নম্বর।

২২ পৃষ্ঠালিখিত বজেটের বিধির ২ ধারাতে নিম্নলিখিত কথা সংযোগ করিতে হইবে, যথা,

আয় ব্যয়ের অনুমানপত্রের ও হেতু বর্ণনার ফর্দ্দের দুইং প্রস্থ বোর্ডের নিকটে পাঠাইতে হইবে। এক প্রস্থ তাঁহারদের কার্য্যালয়ে রাখিবার জন্যে প্রয়োজন।

No. 14.

The following addition is made to Rule I, Section IV, page 159 of the Board's Rules.

For a Commissioner of Division; two single-poled tents, each measuring 16 feet square, and costing Rs. 850 (or Rs. 1,700 for both.)

[*Government Gazette, 2nd April* 1867.]

১৪ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ১৫৯ পৃষ্ঠালিখিত বিধির ৪ অধ্যায়ের ১ ধারার সঙ্গে এই বিধি সংযোগ করিতে হইবে।

খণ্ডের কমিস্যনর সাহেবের নিমিত্তে এক২ দণ্ডের দুই তাম্বু। তাহার পরিমাণ ১৬ বর্গ ফুট। মূল্য ৮৫০ টাকা করিয়া, কি উভয়ে ১৭০০৲ টাকা।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(*Civil Side.*)

No. 7.

To the Civil Authorities in the Lower Provinces,—(dated Calcutta, the 20th February 1867.)

The Court circulate for general information and guidance the accompanying copy of a letter No. 884 of the 8th instant, from the Secretary to the Government of Bengal, exempting the Native Gentlemen named bellow from personal attendance in the Civil Courts.

By Order of the High Court,

L. R. TOTTENHAM,

Registrar.

Baboo Prosonq Coomar Tagore, C. S. I.
Baboo Ramgopal Ghose.
Moonshee Ameer Ali Khan, Bahadoor.
Baboo Degumbur Mitter.
Khaja Abdool Gunny.
Baboo Romanath Tagore.
Rajah Anundo Nath Roy, Bahadoor, C. S. I.

No. 884.

From the HON'BLE A. EDEN, Secretary to the Government of Bengal, to the Registrar of the High Court,—(dated Fort William, the 8th February 1867.)

I AM directed to request that, with the permission of the Hon'ble Judges of the High Court, you will be so good as to include the gentlemen named in the enclosure in the list of persons who have been exempted from personal attendance in the Civil Courts under the provisions of Section 22, Act VIII of 1859.

(Sd.) A. EDEN,

Secretary to the Government of Bengal.

LIST OF NAMES.

Baboo Prosono Coomar Tagore, C. S. I.
,, Ramgopal Ghose.
Moonshee Ameer Ali Khan, Bahadoor.
Baboo Degumbur Mitter.
Khaja Abdool Gunny.
Baboo Romanath Tagore.
Rajah Anundo Nath Roy, Bahadoor, C. S. I.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২ আপ্রিল।]

বঙ্গপ্রভৃদেশের হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

৭ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের দেওয়ানী কর্তৃপক্ষ সমীপেষু।

কলিকাতা, ১৮৬৭ সাল ২০ ফেব্রুআরি।

হাই কোর্টের সাহেবেরা বঙ্গদেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের বর্ত্তমান মাসের ৮ তারিখের ৮৮৪ নম্বরের নিম্নলিখিতপত্র সর্ব্ব সাধারণের জ্ঞান ও উপদেশার্থে প্রচার করিতেছেন তৎক্রমে নিম্নলিখিত মহোদয়গণ দেওয়ানী আদালতে স্বয়ং উপস্থিত হইতে নিষ্কৃতি পান।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এল আর টটেনহাম,

রেজিষ্ট্রার।

বাবু প্রসন্নকুমার ঠাকুর C. S. I.
বাবু রামগোপাল ঘোষ।
মুন্শী আমিরালী খাঁ বাহাদুর।
বাবু দিগম্বর মিত্র।
খাজা আবদুল গণি।
বাবু রমানাথ ঠাকুর।
রাজা আনন্দনাথ রায়বাহাদুর C. S. I.

---

৮৮৪ নম্বর।

হাই কোর্টের রেজিষ্টর সাহেবের নিকটে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী মান্যবর এ ইডেন সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৬৭ সাল ৮ ফেব্রুআরি।

যাঁহারা ১৮৫৯ সালের ৮ আইনের ২২ ধারার বিধান মতে দেওয়ানী আদালতে স্বয়ং উপস্থিত হইতে নিষ্কৃতি পান, আপনি হাই কোর্টের মান্যবর জজ সাহেবদের অনুমতি লইয়া তাঁহাদের নামের নির্ঘণ্টের মধ্যে নিম্নলিখিত মহাশয়দের নাম লেখাইবেন, আজ্ঞাক্রমে আমার এই আদেশ।

এ ইডেন।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

নামের ফর্দ্দ।

বাবু প্রসন্নকুমার ঠাকুর C. S. I.
বাবু রামগোপাল ঘোষ।
মুন্শী আমিরালী খাঁ বাহাদু।
বাবু দিগম্বর মিত্র।
খাজা আবদুল গণি।
বাবু রমানাথ ঠাকুর।
রাজা আনন্দনাথ রায়বাহাদুর C. S. I.

No. 8.

From L. R. Tottenham, Esq., Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to all Civil Judges,—(dated Calcutta, the 26th February 1867.)

The Officiating Registrar-General, Lower Provinces, having intimated to the High Court, that printed Forms A and B, for the preparation of Memoranda under Sections 41 and 42 of the Indian Registration Act, referred to in paragraph 11 of their Circular No. 24, dated 10th June 1866, are ready for distribution, the Court request that Indents may be made direct to the Superintendent of Stationery for a sufficient supply of the Forms.

By Order of the High Court,
L. R. Tottenham,
Registrar.

মন্তব্য কথা।—(a) যে স্থাবর সম্পত্তির রাজস্ব গবর্ণমেণ্টকে দেওয়া যায় কি কি না দেওয়া যায় সেই সম্পত্তি পাইবার মোকদ্দমা হইলে, যত টাকার ইষ্টাম্প লাগিবে তাহা বিবাদীয় সম্পত্তির বাজারের মূল্যানুসারে নিরূপণ হইবে। যত কাল অশুদ্ধ প্রমাণ না হয় তত কাল পর্য্যন্ত ঐ সম্পত্তির বাজারের মূল্য নিরূপণ করিবার এই নিয়ম এই। গবর্ণমেণ্টের মালগুজারী স্থাবর সম্পত্তির মোকদ্দমা হইলে, যদি মেয়াদী বন্দোবস্ত হয়, তবে উক্ত প্রকারে যে রাজস্ব দিতে হয়, তাহার আট গুণ, যদি চিরকালীন বন্দোবস্ত হয় তবে ঐ রাজস্বের দশ গুণ, ও যে স্থাবর সম্পত্তি গবর্ণমেণ্টের মালগুজারী নয়, তাহার খরচ বাদে বৎসরের নিট উপস্বত্বের বিশগুণ টাকা বাজারের মূল্য জ্ঞান হইবে।

বোম্বাই প্রেসিডেন্সীর জন্যে বিশেষ বিধি।

(১) ত্রিশ বৎসরের অনধিক কালের বন্দোবস্তমতে যে ভূমি ভোগ হইয়া গবর্ণমেণ্টে সম্পূর্ণ কর দিয়া থাকে, পরিমাপণমতে তাহার যে কর ধার্য্য হইল তাহার অষ্ট গুণ ঐ ভূমির বাজার মূল্য জ্ঞান হইবে।

(২) চিরকালীন, কিম্বা ত্রিশ বৎসরের অধিক কালীন বন্দোবস্তমতে যে ভূমি ভোগ হইয়া গবর্ণমেণ্টে সম্পূর্ণ কর দিয়া থাকে, পরিমাপণমতে তাহার যে কর ধার্য্য হইল তাহার দশ গুণ ঐ ভূমির বাজার মূল্য জ্ঞান হইবে।

(৩) পরিমাপণমতে যে বার্ষিক রাজস্ব ধার্য্য করা গেল যদি তাহা কি তাহার কোন অংশ ক্ষমা করা যায়, তবে পূর্ব্বোক্ত বিধিমতে হিসাব করিয়া যত মূল্য ধার্য্য হইল, তদ্ব্যতীত রাজস্বের যে অংশের ক্ষমা হয় তাহার দশ গুণ ধরিতে হইবে।

( ) অন্য সকল প্রকারের মোকদ্দমায় ইষ্টাম্পের মাসুল নিরূপণ করিবার নিয়ম এই।

(১) টাকাভিন্ন অস্থাবর সম্পত্তি হইলে প্রার্থনা উপস্থিত করিবার তারিখে বিবাদীয় বিষয়ের যে বাজার মূল্য হয়, তদনুসারে, এবং অধিকার সংক্রান্ত লেখ্য কি হিসাব ও ভুক্তি যে বিষয়ের বাজার মূল্য নাই যদি তদ্রূপ বিষয় লইয়া বিবাদ হয়, তবে প্রার্থনাপত্রে কি আপীলে বিবাদীয় বিষয়ের যে মূল্য ধরা গিয়াছে তদনুসারে ইষ্টাম্পের মূল্য নিরূপণ হইবে।

(২) ১৮৬৫ সালের ১২ আইন ও ১৮৬৬ সালের ২১ আইনমতে যে মোকদ্দমা হয়, তদ্ভিন্ন যে মোকদ্দমায় বিবাদীয় বিষয়ের মূল্য টাকাক্রমে নিরূপণ করা যায় না তাহার উপর ...

(৩) টাকা পাইবার মোকদ্দমায় যত টাকার দাওয়া হয় তদনুসারে ইষ্টাম্পের মূল্য নিরূপণ হইবে। হানি পূরণের ও ক্ষতিপূরণের মোকদ্দমা ইহার মধ্যে ধরিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৯ আপ্রেল।]

(এ ও ৪) চিহ্নিত মন্তব্য কথাতে যে সম্পত্তির উল্লেখ হইয়াছে তাহার বাজার মূল্য কিম্বা বৎসরে তাহার ঠিক যত টাকা উপস্বত্ব হয় ইহা নিশ্চয়মতে জানিবার জন্যে আদালত স্বেচ্ছামতে কিম্বা মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনামতে কোন উপযুক্ত ব্যক্তিকে ক্ষমতাপত্র দিয়া তাঁহাকে স্থানীয় কি অন্য যে অনুসন্ধান আবশ্যক হয় তাহা করিয়া আদালতে জ্ঞাত করিবার আজ্ঞা করিতে পারিবেন। আদালত ঐ সম্পত্তির যে বাজার মূল্য কি বৎসরে তাহার যে নিট উপস্বত্ব ধার্য্য করেন, তাহা সিদ্ধান্ত হইবে। উক্তরূপ অনুসন্ধান হইয়া যদি আদালত দেখিতে পান যে ইষ্টাম্পের মাসুলের হিসাব করিবার জন্যে বাজার মূল্যের কি নিট উপস্বত্বের হিসাব করণে ভ্রম হইয়াছে, তবে অধিক ইষ্টাম্প দেওয়া গেলে আদালত স্বয়ং ঐ অতিরিক্ত মাসুল ফিরিয়া দিবেন, অথবা ন্যূন হইলে বাজার মূল্যের কি নিট উপস্বত্বের যথার্থ হিসাবমতে বাদির যত টাকা ইষ্টাম্প দিতে হইত তাহা পূর্ণ করিবার অবশিষ্ট টাকা বাদির স্থানে লইবেন। এমন স্থলে সেই অধিক ইষ্টাম্প যত কাল না দেওয়া যায় তত কাল মোকদ্দমা স্থগিত থাকিবে।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১৮০ ধারার মধ্যে "কিম্বা কোন ওয়াসিলাতের" এই শব্দের পূর্ব্বে "কিম্বা বিবাদীয় সম্পত্তির বাজার মূল্য" এবং "খেসারতের টাকা" এই কথার পরে "কিম্বা বৎসরের নিট উপস্বত্ব" এই কথা প্রয়োগ করিয়া ঐ ধারা পাঠ করিতে হইবে।

(c) ওয়াসিলাতের জন্যে কিম্বা স্থাবর সম্পত্তি ও ওয়াসিলাতের জন্যে মোকদ্দমা হইলে, যত লভ্যের দাওয়া হয় যদি তাহার অধিকের ডিক্রী হইয়া থাকে, তবে ইষ্টাম্পের যত মাসুল দেওয়া গিয়াছে এবং ডিক্রীমত সমুদয় লভ্য মোকদ্দমার ধরা গেলে যত মাসুল দিতে হইত এই দুইয়ের যে বিশেষ তাহা উপযুক্ত কর্ম্মচারিকে না দেওয়া গেলে ঐ ডিক্রী সাধন হইবে না। আদালত পূর্ব্বোক্ত নিয়ম মতে ঐ বিশেষের হিসাব করিবেন ও তাহা মোকদ্দমার খরচার মধ্যে আসিবে।

(d) দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের লিখিত কোন কারণে কোন আপীল কি নালিশের আরজী নিম্ন আদালতকর্ত্তৃক অগ্রাহ্য হইলেও যদি তাহা গ্রাহ্য করিবার আজ্ঞা হয়, কিম্বা যদি ঐ আইনের ৩৫১ ধারার নির্দ্দিষ্ট কোন হেতুতে আপীল হইয়া কোন মোকদ্দমা নিম্ন আদালতে দ্বিতীয়বার নিষ্পত্তি হইবার নিমিত্তে ফিরিয়া পাঠান যায়, তবে আপীলের দরখাস্তের উপর ইষ্টাম্পের যত মাসুল দেওয়া গেল আপেলান্ট কালেক্টর সাহেবের স্থানে তাহা ফিরিয়া পাইতে পারিবেন, আপীল আদালত তাঁহাকে এই মর্ম্মের সংশিতপত্র দিবেন। কিন্তু আপীল হইয়া মোকদ্দমা ফিরিয়া পাঠান গেলেও যদি পুনর্ব্বিচার করিবার আজ্ঞা বিবাদীয় সম্পূর্ণ বিষয়ের প্রতি না বর্ত্তে, তবে বিবাদীয় বিষয়ের যে অংশ কি যেই অংশ সম্পর্কে মোকদ্দমা ফিরিয়া পাঠান গেল, তাহার উপর আদৌ যত মাসুল লাগিত, আপেলান্ট পূর্ব্বোক্ত সংশিতপত্রক্রমে তাহার অধিক গ্রহণ করিতে ক্ষমতাপন্ন হইবেন না।

(e) দেওয়ানী আদালতে যে অপীল উপস্থিত করা যায় তাহা যদি সম্পূর্ণ নিষ্পত্তির উপর না হইয়া বিবাদীয় বিষয়ের এক কি কএক অংশ সম্পর্কীয় নিষ্পত্তির উপর হয় এবং ঐ সম্পত্তির যে অংশের উপর আপীল করা গেল আপীল শুনিবার সময়ে যদি রেস্পাণ্ডেণ্ট দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৪৮ ধারানুসারে তদ্ভিন্ন অন্য কোন অংশের প্রতি আপত্তি করেন, তবে নিষ্পত্তির উক্ত যে অংশের প্রতি আপত্তি করেন তাহাও আপীলের মধ্যে ধরা গেলে অধিক যত ইষ্টাম্পের মাসুল লাগিত রেস্পাণ্ডেণ্ট যত কাল তাহা না দেন আদালত তত কাল ঐ আপত্তি শুনিবেন না। ঐ অধিক যত ইষ্টাম্প দিতে হইবে আদালত পূর্ব্বোক্ত বিধিমতে তাহার হিসাব করিবেন ও তাহা মোকদ্দমার খরচার মধ্যে আসিবে।

সাধারণ বিধি।

কোন নালিশী আরজীর কি লিখিত বর্ণনার কি প্রার্থনাপত্রের কিম্বা ডিক্রীর কি হুকুমের নকলের সমুদয় কথা যদি এই তফসীলের নির্দ্দিষ্ট মূল্যের একি ইষ্টাম্প কাগজে অনায়াসে না ধরে, তবে দরখাস্ত যত মূল্যের ইষ্টাম্পকাগজে লিখিতে হয় অবশিষ্ট কথা তত মূল্যের অন্য এক কি অধিক ফর্দ্দ কাগজে লেখা যাইতে পারিবে। এই বিধি নিষ্পত্তির নকলের বিষয়ে খাটে না। সেই নকলের জন্যে অধিক যত ফর্দ্দ লাগে তাহাতে ইষ্টাম্পের প্রয়োজন নাই।

[Government Gazette, 9th April 1867.]   4 K

[Written examinations of complainants.]

VII. When the first or only examination of a person who complains of the offence of wrongful confinement, or of wrongful restraint, or of any offence other than an offence for which Police officers may arrest without a warrant as specified in the third column of the Schedule annexed to the Code of Criminal Procedure, and who has not already presented a petition stamped as required by Article 10 of Section 6 of this Act, shall be reduced to writing under the provisions of the Code of Criminal Procedure, such examination shall be written upon stamp-paper of the value of one rupee to be supplied by the complainant, unless the Court shall think fit to write such examination upon plain paper.

[Certain Sections of this Act to be read with Act No. X of 1862.]

VIII. Sections 1, 5, 6 and 7 of this Act shall be read with and taken as part of the said Act No. X of 1862: provided that nothing contained in these Sections shall have a retrospective operation.

[Act not to affect Act XVIII of 1865.]

IX. Nothing in this Act shall affect Act No. XVIII of 1865 (*to amend Act No. X of 1862*) or any order passed thereunder, and nothing in this Act shall affect the stamps or fees leviable under the Indian Succession Act, 1865, the Parsee Marriage and Divorce Act, 1865, the Native Converts' Marriage Dissolution Act, 1866, nor any other stamp or fee leviable on any application, bond, certificate, copy, petition, power or translation not hereinbefore expressly provided for.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

NOTIFICATION.

In exercise of the power conferred on him by Act No. XVIII of 1865, Section 2, the Governor General of India in Council doth by order remit, in the whole of the Territories to which Act No. X of 1862 as amended by Act No. XXVI of 1867 applies, so much of the stamp duty prescribed in any case by the latter Act as exceeds the stamp duty prescribed in the same case by the former

[বাদিদের লিখিত পরীক্ষার কথা।]

৭ ধারা। কোন ব্যক্তি অন্যায়মতে কয়েদ কি অন্যায়মতে অবরোধ করণ অপরাধের কিম্বা পোলীসের কর্ম্মকারকেরা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের তফসীলের তৃতীয় ঘরের নির্দ্দিষ্টমতে যে অপরাধ হেতুক পরওয়ানা বিনা ধৃত করিতে পারেন, তদ্ভিন্ন কোন অপরাধের নালিশ করিয়া, এই আইনের ৫ ধারার ১০ প্রকরণমতে অপরাধের অভিযোগপত্র যে মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিবার আজ্ঞা হইল যদি সেই ইষ্টাম্প কাগজে অভিযোগপত্র লিখিয়া না দেন, তবে তাহার প্রথম কি একমাত্র যে পরীক্ষা হয় তাহা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধানমতে লিখিয়া লইতে হইলে এক টাকা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে, সেই কাগজ বাদির দিতে হইবে। কিন্তু যদি মাজিষ্ট্রেট সাহেব বোধ করেন যে ঐ পরীক্ষা শাদা কাগজে লেখা উচিত, তবে শাদা কাগজে লেখা যাইবে ইতি।

[এই আইনের কএক ধারা ১৮৬২ সালের ১০ আইনের সঙ্গে পাঠ্য হইবার কথা।]

৮ ধারা। এই আইনের ১, ৫, ৬, ৭, ধারা ১৮৬২ সালের উক্ত ১০ আইনের সহিত তাহার একাংশস্বরূপ পাঠ করিতে হইবে। কিন্তু ঐ২ ধারার কোন কথা অতীত কালাবধি প্রবল হইবে না ইতি।

[এই আইনেতে ১৮৬৫ সালের ১৮ আইনের বৈলক্ষণ্য না হইবার কথা।]

৯ ধারা। এই আইনের কোন কথা দ্বারা ১৮৬২ সালের ১০ আইন সংশোধনার্থ ১৮৬৫ সালের ১৮ আইনের, কিম্বা সেই আইনঅনুযায়ি কোন আজ্ঞার বৈলক্ষণ্য হইবে না। এবং উত্তরাধিকারিত্ব বিষয়ক ভারতবর্ষীয় ১৮৬৫ সালের আইন ও পারসীদের বিবাহ করণ ও বিবাহ বন্ধন লোপ করণ বিষয়ক ১৮৬৫ সালের আইন ও খ্রীষ্টধর্ম্মাবলম্বি এদেশীয় লোকদিগের বিবাহ বন্ধন বিলোপ করণের ১৮৬৬ সালের আইনঅনুসারে যে ইষ্টাম্প কি ফী লওয়া যাইতে পারে, এবং এই আইনেতে যে প্রার্থনাপত্রের কি খতের কি সর্টিফিকেটের কি প্রতিলিপির কি দরখাস্তের কি ক্ষমতাপত্রের কি অনুবাদের ইষ্টাম্পের স্পষ্ট বিধান হয় নাই তাহার উপর অন্য যে ইষ্টাম্প কি ফী আদায় হইতে পারে এই আইনের কোন কথা দ্বারা তাহার বৈলক্ষণ্য হইবে না ইতি।

উইটলী ষ্টোক্স,
দেশীয় ব্যবস্থাপন কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি ১৮৬৫ সালের ১৮ আইনের ২ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তাহার বলে তিনি এই আজ্ঞা প্রচার করিতেছেন। ১৮৬৭ সালের ২৬ আইনক্রমে সংশোধিত ১৮৬২ সালের ১০ আইন যেং দেশে প্রচলিত আছে সেইং দেশের মধ্যে উক্ত ২৬ আইনের অবধারিত ইষ্টাম্পের মাসুলে যে স্থলে ১০ আইনের অবধারিত মাসুলের অধিক হয় সেই সকল স্থলে তিনি

Act. This order shall remain in force till the 30th day of April 1867.

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 20th March 1867, and having been assented to by His Excellency the Governor General on the 26th idem is hereby promulgated for general information :—

ACT No. I OF 1867.

An Act to explain and amend Act VI. of 1863 *of the Lieutenant-Governor of Bengal in Council.*

[Preamble.]

WHEREAS by Act VI of 1863 of the Lieutenant-Governor of Bengal in Council, the Justices for the Town of Calcutta were empowered to construct aqueducts and lay pipes for bringing water into the Town, and to provide new tanks, reservoirs, cisterns, wells, and other such water-works for the purpose aforesaid: and whereas by Act VI of. 1866 of the Lieutenant-Governor of Bengal in Council, the said Justices were required to cause to be laid down, in each street, lane, and thoroughfare of the Town, sufficient mains and pipes for the supply of water, and to carry out a system for such supply: and whereas, with a view to the more effectual carrying out of such system, it is expedient to explain and amend the said Act VI. of 1863; It is enacted as follows:—

[Meaning of the expression " they shall substitute other such works" in Section 180 of Act VI. of 1863.]

1. It is hereby declared that the expression " they shall substitute other such works" used in the 180th Section of the said Act VI. of 1863 means, and the intention of the said Act is, that whenever the said Justices shall have ceased or shall cease to maintain any tank, reservoir, cistern, well, aqueduct, tunnel, pipe, pump, or other water-work, they shall substitute some other work, so that the supply of water to the inhabitants, or for the other purposes of the Act, shall not, after the completion of such substituted work, be less than it was before such substitution, but that they shall not be bound to substitute a

[*Government Gazette, 9th April* 1867.]

ঐ মামলের বর্দ্ধিতাংশ ক্ষমা করিয়াছেন। ১৮৬৭ সালের আপ্রিল মাসের ৩০ তারিখপর্য্যন্ত এই আজ্ঞা বলবৎ থাকিবে।

ই সি বেলি,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্ম বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের পশ্চাৎ লিখিত আইনে উক্ত মান্যবর ১৮৬৭ সালের ২০ মার্চ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। এবং মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবও ঐ মাসের ২৬ তারিখে তদ্বিষয়ে সম্মতি প্রকাশ করাতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৭ সালের ১ আইন।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ১৮৬৩ সালের ৬ আইনের অর্থ করণের ও তৎসংশোধনের আইন।

[হেতুবাদ।]

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ১৮৬৩ সালের ৬ আইনক্রমে কলিকাতা নগরের জষ্টিসেরা উক্ত নগরে জল আনাইবার প্রণালী প্রস্তুত করিতে ও নল বসাইতে এবং উক্ত কার্য্যের নিমিত্তে নূতন পুষ্করিণী ও জলাশয় ও জলাধার ও কূপ প্রভৃতি জলসংক্রান্ত কার্য্য করিতে ক্ষমতাপ্রাপ্ত হইলেন, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ১৮৬৬ সালের ৬ আইনমতে উক্ত জষ্টিসদের প্রতি নগরের প্রত্যেক পথে ও গলিতে ও অপ্রতিরোধ পথে জল যোগাইবার উপযুক্ত বড় ও ক্ষুদ্র নল বসাইতে এবং সেই জল যোগাইবার নিয়ম সাধন করিতে আজ্ঞা হইয়াছিল। এইক্ষণে সেই নিয়ম সফলরূপে সাধন করিবার অভিপ্রায়ে ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের অর্থ করা ও তাহা সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত আজ্ঞা হইল।

[১৮৬৩ সালের ৬ আইনের ১৮০ ধারাতে " তাঁহারা তৎপরিবর্ত্তে অন্য বিষয় করিবেন" এই কথার অর্থের কথা।]

১ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের ১৮০ ধারাতে "তাঁহারা তৎপরিবর্ত্তে অন্য বিষয় করিবেন" এই যে কথা আছে সেই কথার এবং উক্ত আইনের এই তাৎপর্য্য ইহাতে অবধারিত হইল। বিশেষতঃ যখন উক্ত জষ্টিসেরা কোন পুষ্করিণী কি জলাশয় কি জলাধার কি কূপ কি জলপথ কি প্রণালী কি সুড়ঙ্গ কি নল কি জল তুলিবার যন্ত্র কি জলসংক্রান্ত অন্য কার্য্য রক্ষা করিতে নিরস্ত হন, তখন তাঁহারা সেই বিষয়ের পরিবর্ত্তে অন্য এমন বিষয় দিবেন যে তাহা করিবার পূর্ব্বে নগর নিবাসি লোকদের জল পাইবার কিম্বা আইনের অন্যান্য কার্য্য হইবার যে সুযোগ ছিল সেই নূতন কার্য্য সমাপ্ত হইলে পর সেই সুযোগের ন্যূনতা না হয়। কিন্তু যে বিষয় অব-

work of the same specific description or use as that which is removed or no longer maintained.

[Works substituted under the said Section 180 to be subject to the approval of the Lieutenant-Governor.]

II. All works substituted under the said 180th Section, and the time for the completion of such substituted works, shall be subject to the approval of the Lieutenant-Governor of Bengal, and such approval, when given, shall be conclusive evidence that the provisions of the said Section have been duly complied with.

[Construction.]

III. This Act shall be construed with, and as part of, the said Act VI. of 1863.

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

সর করা যায় কিম্বা আর রক্ষা না করা যায় তাহার পরিবর্ত্তে ঠিক সেই প্রকারের কিম্বা সেই কর্ম্মের জন্য বিষয় তাঁহারদের অবশ্যই প্রস্তুত করিতে হইবে এমত নয় ইতি।

[উক্ত ১৮০ ধারামতে যে বিষয় অন্য বিষয়ের পরিবর্ত্তে করা যায় তাহাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমোদনের অপেক্ষার কথা।]

২ ধারা। উক্ত ১৮০ ধারামতে অন্য বিষয়ের পরিবর্ত্তে যে সকল বিষয় করা যাইবে, এবং তাহা প্রস্তুত করিতে যত সময় লাগিবে, তদ্বিষয়ে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমোদনের অপেক্ষা আছে। তাঁহার অনুমোদন উক্ত ধারার বিধানমতে নিয়মিতরূপে কার্য্য হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে ইতি।

[অর্থের ধারা।]

৩ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের সহিত ও তাহার একাংশমতে এই আইনের অর্থ করিতে হইবে ইতি।

জে পিট কেনেডি,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেন্টের
আসিষ্টান্ট সেক্রেটারী।

The following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws any Regulations on the 30th Macrh 1867, and was referred to a Select Committee who are to report thereon after the 3rd of May next :—

A Bill for shortening the language used in Acts passed by the Lieutenant-Governor of Bengal in Council.

[Preamble.]

WHEREAS certain provisions are commonly inserted in Acts passed by the Lieutenant-Governor of Bengal in Council for the interpretation of such Acts, and it is expedient to avoid the frequent repetition of such provisions ; It is declared and enacted as follows :—

[Interpretation of certain words for future Acts.]

I. In all Acts passed after the commencement of this Act, words importing the masculine gender shall be deemed and taken to include females, and the singular to include the plural, and the plural the singular, unless the contrary as to gender or number is expressly provided ; and the word "month" shall be taken to mean calendar month, unless words be added showing lunar month, to be intended; and the word "land" shall include houses and buildings and corporeal hereditaments and tenements of any tenure, unless where there are words to exclude houses and buildings, or to restrict the meaning to tenements of some particular tenure ; and the words "oath," "swear," and "affidavit" shall include affirmation, declara-

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় ১৮৬৭ সালের মার্চ মাসের ৩০ তারিখে পাঠ করা গিয়াছিল। তাহা বিশেষ কমিটীর প্রতি অর্পিত হইয়াছে। তাঁহারা আগামি মে মাসের ৩ তারিখের পর তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যেং আইন প্রচার করেন তাহার কথা সংক্ষেপ করিবার আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যেং আইন প্রচলিত করেন তাহাতে অর্থ করিবার কোনং বিধান প্রায় সর্ব্বদা দেওয়া গিয়া থাকে এবং সেই বিধানের বারম্বার পুনরুক্তি না হইবার নিয়ম করা বিহিত, এই হেতুক নিম্নলিখিতমতে বিধান ও অবধারণ করা গেল।

[উত্তর কালীন আইনগত কোনং শব্দের অর্থ করণের কথা।]

১ ধারা। এই আইন প্রচলিত করিবার সময়াবধি যে সকল আইন প্রচলিত হইবে তাহাতে লিঙ্গ কি বচন বিষয়ক অন্য স্পষ্ট বিধান না থাকিলে পুরুষ বোধক শব্দের মধ্যে স্ত্রীগণও গণ্য এবং এক বচনান্ত শব্দের মধ্যে বহু বচনান্ত শব্দ ও বহু বচনান্ত শব্দের মধ্যে এক বচনান্ত শব্দ গণ্য হইবে। "মাস" শব্দেতে চান্দ্র মাস উদ্দেশ্য হইবার শব্দ প্রয়োগ না হইলে ইংলণ্ডীয় পঞ্জিকামত মাস বুঝাইবে। ভূমি শব্দ ব্যবহার হইলে যদি ঘর ও কোঠা ত্যাগ করিবার কিম্বা বিশেষ প্রকারের পাট্টাই ভূম্যাদির অর্থ করিবার শব্দ প্রয়োগ না থাকে, তবে সেই ভূমি শব্দেতে বাটী ও কোটা এবং পুত্র পৌত্রাদিক্রমে ভোগ্য স্থাবর সম্পত্তি ও কোন প্রকারের পাট্টাই ভূম্যাদি বুঝাইবে। এবং "শপথ, শপথ করণ আফিডেবিট" শব্দের ব্যবহার হইলে যাহাদের প্রতি শপথ করণের পরিবর্ত্তে প্রতিজ্ঞা করি-

tion, affirming, and declaring in the case of persons by law allowed to declare or affirm instead of swearing.

[Repeal Acts not to be revived.]

II. Wherever any Act shall, after the time fixed for the commencement of this Act, be passed repealing in whole or in part any former Act or Regulation, and such Act shall itself be repealed, such last repeal shall not revive the Act or Regulation or provisions before repealed, unless words be added reviving such Act, Regulation, or provisions.

[Repealed provisions to continue in force till substituted provisions come into operation.]

III. Wherever any Act shall, after the time fixed for the commencement of this Act, be passed repealing the whole or in part any former Act, and substituting some provision or provisions instead of the provision or provisions so repealed, the provision or provisions so repealed shall remain in force until the substituted provision or provisions shall come into operation by force of the last mentioned Act.

[Commencement of Act.]

IV. This Act shall commence and take effect upon the first day of May now next ensuing.

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE object of this Bill is to avoid the necessity of repeating in each Act of the Legislature certain rules for interpretation which are always inserted. It follows an Act of the Parliament of the United Kingdom, merely omitting some provisions which seem not to be required here.

T. H. COWIE.

The 23*rd March* 1867.

J. PITT KENNEDY,

Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

বার অনুমতি হয় তাঁহাদের পক্ষে সেই২ শব্দের মধ্যে প্রতিজ্ঞা ও ধর্ম্মতঃ প্রতিজ্ঞা এবং প্রতিজ্ঞা করণ ও ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করণ শব্দও গণ্য ইতি।

[কোন আইন রহিত হইলে পুনরায় প্রবল না হওয়ার কথা।]

২ ধারা। এই আইন প্রচলিত হইবার অবধারিত সময়ের পরে যদি পূর্ব্ব আইন কি তাহার কোন অংশ রহিত করিবার নূতন আইন প্রচলিত হয় ও পশ্চাৎ সেই আইনও রহিত হয়, তবে শেষোক্ত আইন রহিত হওয়াতে পূর্ব্বোক্ত রহিত আইন কি বিধান পুনশ্চ প্রবল হইবার স্পষ্ট কথা ব্যক্ত না হইলে পুনঃ প্রবল হইবে না ইতি।

[কোন নূতন বিধান হইলে তাহা প্রচলিত হইবার সময় পর্য্যন্ত রহিত বিধান প্রবল থাকার কথা।]

৩ ধারা। এই আইন প্রচলিত হইবার অবধারিত সময়ের পরে যদি কোন আইন দ্বারা পূর্ব্বকৃত কোন আইন কি তাহার কোন অংশ রহিত করা যায় এবং সেই রহিত বিধানের পরিবর্ত্তে অন্য বিধান প্রচলিত করা যায়, তবে শেষোক্ত আইনের বলে ঐ নূতন বিধান যতকাল প্রবল না হয় ততকাল পর্য্যন্ত রহিত বিধান প্রবল থাকিবে ইতি।

[আইনের প্রারম্ভের কথা।]

৪ ধারা। এই আইন আগামী মে মাসের প্রথম দিবসাবধি আরম্ভ হইয়া প্রবল হইবে ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

ব্যবস্থাপনীয় কর্ম্মকারকদের প্রত্যেক আইনেতে অর্থ করণের কোন২ বিধি সর্ব্বদাই দেওয়া গিয়া থাকে, তাহা নিত্য দিবার আবশ্যক না হওয়াই এই পাণ্ডুলিপির উদ্দেশ্য। গ্রেট ব্রিটন ও ঐরলণ্ডে পার্লিমেন্টের এক আইন অনুযায়ি এই আইন করা গিয়াছে কেবল অনাবশ্যক কোন২ বিধান ত্যাগ করা গেল।

টি এচ কৌই,

১৮৬৭ সাল ২৩ মার্চ।

জে পিট কেনেডি,

ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেন্টের
আসিষ্টান্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

FEBRUARY 1867.

No. 1.

The issue of the forms of the Land Revenue Preliminary and Administration Returns (Nos XXVIII and XLI) for 1866-67, has been ordered. Revenue Officers will bear in mind that as the official year now expires in March, and not in April, the Returns are due a month earlier than before. The due date has accordingly been altered

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৬৭ সাল। ফেব্রুআরি মাস।

---

১ নম্বর।

১৮৬৬। ৬৭ সালের নিমিত্তে ভূমির রাজস্বের পারিভাষিক ও কার্য্যনিরূপণাত্মক (২৮ ও ৪১ নং) রিটর্ণ পাঠাইবার আদেশ হইয়াছে। রাজকীয় কার্য্যসংক্রান্ত বৎসর এইক্ষণে আপ্রিল মাসে সমাপ্ত না হইয়া মার্চ মাসে সমাপ্ত হয়, এই হেতুক এক মাস অগ্রে রিটর্ণ পাঠাইতে হইবে, রাজস্বের কার্য্যকারকেরা ইহা মনে রাখিবেন। রিটর্ণের যে২ পাঠ সম্প্রতি ছাপা হইয়াছে

on the docket of the forms recently printed, but in those which had been previously struck off (Return XLII, Annual Excise for instance) the old date remains. This should be corrected to 1st May.

তাহার পৃষ্ঠের সংক্ষেপ লিপিতে ঐ রিটর্ণ পাঠাইবার উপযুক্ত তারিখ লেখা হইয়াছে, কিন্তু ৪২ নং আবকারী বার্ষিক রিটর্ণ প্রভৃতি যাহা পূর্ব্বে ছাপা হইয়াছিল তাহার পৃষ্ঠে সেই পুরাতন তারিখ রহিয়াছে। তাহা কাটিয়া ১ মে দিতে হইবে।

A new form of "Statistics of Physical, Political, and Fiscal Geography" will be issued along with those of Returns XXVIII and XLI. The information which it is intended to embrace is required by the Supreme Government, and should be given as accurately as is possible without delaying the Returns.

২৮ ও ৪১ নং রিটর্ণের সঙ্গে প্রাকৃতিক ও বার্ত্তা ও রাজস্বসংক্রান্ত ভূগোলের স্থিতিরীতি বিদ্যা বিষয়ক নূতন পাঠ প্রেরণ করা যাইবে। তদ্দ্বারা যে সন্ধান পাইবার সম্ভাবনা সুপ্রীম গবর্ণমেন্ট তাহা প্রাপ্ত হইতে ইচ্ছা করিযাছেন, অতএব রিটর্ণ বিলম্ব না করিয়া তাহা সাধ্যমতে শুদ্ধরূপে দেওয়া কর্ত্তব্য।

During the preceding years the Board have had occasion to call the attention of local Officers to the absolute necessity of submitting their Returns punctually and accurately. Repeated disregard of such injunctions can, in future, be ascribed only to wilful neglect. In Circular Order No. 2 for January, instructions have been issued, which, if properly carried out, should enable the Board to submit their Preliminary Reports to Government very soon after the expiry of the official year. The reports for the year ending 31st March 1867 will be taken in hand on the 1st May, and the names of those District Officers whose Returns are not received in time, to be included in the Reports, will be specially mentioned to Government.

নিয়মিত সময়ে ও শুদ্ধরূপে রিটর্ণ পাঠাইবার নিতান্ত আবশ্যকতা বিষয়ে স্থানীয় কর্ম্মকারকদিগকে মনোযোগ করান বোর্ডের সাহেবদের পূর্ব্বং বৎসরে প্রয়োজন হইয়াছে। সেইং উপদেশের প্রতি নিয়ত অমনোযাগ হইয়া থাকিলে এতৎ পরে কেবল ইচ্ছা পূর্ব্বক শৈথিল্য জ্ঞান হইবে। জানুআরি মাসের ২ নং সরক্যুলর অর্ডরেতে যে উপদেশ প্রচারিত হইয়াছে তদনুসারে উপযুক্তমতে কর্ম্ম সম্পাদন হইলে, বোর্ডের সাহেবেরা রাজকীয় কার্য্যসংক্রান্ত বৎসরের শেষ হইবার যৎকিঞ্চিৎ পরে গবর্ণমেন্টের নিকটে আপনাদের পারিভাষিক রিপোর্ট অর্পণ করিতে পারিবেন। ১৮৬৭ সালের ৩১ মার্চ তারিখে যে বৎসর সমাপ্ত হয়, সেই বৎসরের রিপোর্ট মে মাসের ১ তারিখে হাতে লওয়া যাইবে। ও জিলার যে কর্ম্মকারকদের রিটর্ণ সেই রিপোর্টে লেখাইবার উপযুক্ত সময়ে উপস্থিত না হয় তাঁহারদের নামে গবর্ণমেন্টে রিপোর্ট হইবে।

No. 2.

২ নম্বর।

The Board desire that strict attention may be paid to the rules laid down for the appointment of unpaid apprentices in the Offices of Collectors and their *subordinates*. The Collector of each District should in every case make the appointment, whether relating to his Court or to that of one of his subordinates, after satisfying himself that the candidate is duly qualified.

কালেক্টর সাহেবেরদের ও তাঁহারদের অধীন কর্ম্মকারকদের কার্য্যালয়ে বিনাবেতনের শিক্ষানবিশকে নিযুক্ত করিবার যে বিধি আছে বোর্ডের সাহেবেরা তাহাতে দৃঢ়মতে মনোযোগ হইবার আদেশ করিতেছেন। সেই কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তি নিয়ম মতে ঐ কর্ম্মের যোগ্য আছেন, জিলার কালেক্টর সাহেব ইহা স্ববোধমতে জ্ঞাত হইলে, আপনার আদালতে কিম্বা আপনার অধীন কোন কার্য্যকারকের আদালতে আপনি তাঁহাকে নিযুক্ত করিবেন।

No. 3.

৩ নম্বর।

The following Table of Rewards for the destruction of Wild Animals is to be substituted for

বোর্ডের বিধি পুস্তকের ১৮৭ পৃষ্ঠার ১১ খণ্ডের ১ম অধ্যায়ের ১ ধারাতে বন্য পশু নষ্ট করিবার যে পুর

the Table appended to Chapter XI, Section XII, Clause 1, page 187 of the Board's Rules.

স্মারপত্র প্রকাশ হইল, তাহার পরিবর্ত্তে নিম্নলিখিত পত্র দিতে হইবে।

ANIMALS.	Generally.	Bhaugulpore, Monghyr, and Sonthal Pergunnahs.	Bankoora, Midnapore, Hills between Thannahs Reovan and Rungonia in Chittagong, Pooree, 24-Pergunnahs, and Maunbhoom.	Cuttack.	Balasore.	Cachar.	Gya, Patna, Sarun, and Shahabad.	Assam (generally.)	North Cachar Sub-division.	Hazareebaugh.
	Rupees per head.	Rupees per head.	Rupees per head.	Rupees per head.	Rupees per head.	Rupees per head.	Rupees per head.	Rupees per head.	Rupees per head.	Rupees per head.
Tigers ...	5	10	10	10	10	7	5	5	20	10
Leopards ...	2½	10	2½	2½	2½	2½	2½	2½	2½	2½
Bears ...	2½	2½	2½	2½	2½	2	2½	2½	2½	2½
Hyænas ...	2	2½	2	2	2	...	2	2	2	2
Elephants ...	...	...	...	30 to 50	...	...	...	10	10	...
Rhinoceros ...	...	...	...	...	...	...	...	5	5	...
Buffaloes ...	...	...	...	5	5	...	..	2½	2½	...
Wolves. ...	...	5	...	...	...	...	6	...	...	8

পশুর নাম	সাধারণতঃ	ভাগলপুর ও মুঙ্গের ও সাঁওতাল পরগণা	বাঁকুড়া মেদিনীপুর, চট্টগ্রামের বেরুআন ও রাঙ্গুনিয়া থানার মধ্যস্থিত পর্ব্বত, পুরী, ২৪ পরগণা ও মানভূম	কটক	বালেশ্বর	কাছাড়	গয়া পাটনা, সারণ ও শাহাবাদ	আসাম (সাধারণতঃ)	উত্তর কাছাড় শাখা খণ্ড	হাজারী বাগ
	পশু প্রতি	পশু প্রতি	পশু প্রতি	পশু প্রতি	পশু প্রতি	পশু প্রতি	পশু প্রতি	পশু প্রতি	পশু প্রতি	পশু প্রতি
ব্যাঘ্র ...	৫৲	১০৲	১০৲	১০৲	১০৲	৭৲	৫৲	৫৲	২০৲	১০৲
চিতা ...	২।।০	১০৲	২।।০	২।।০	২।।০	২।।০	২।।০	২।।০	২।।০	২।।০
ভালুক ...	২।।০	২।।০	২।।০	২।।০	২।।০	২৲	২।।০	২।।০	২।।০	২।।০
নেকড়া ...	২৲	২।।০	২৲	২৲	২৲		২৲	২৲	২৲	২৲
হাতী ...				৩০—৫০৲				১০৲	১০৲	
গণ্ডার ...								৫৲	৫৲	
মহিষ ...				৫৲	৫৲			২।।০	২।।০	
কেন্দুয়া ...		৫৲					৬৲			৮৲

Substitute the following for clause 2 :—

২ ধারা কাটিয়া এই ধারা লেখ।

2. The ordinary rates are applicable to Rajshahye and Rungpore, but in special cases, when it is desired to get rid of an unusually dangerous animal, the reward for killing a tiger may be increased up to 25 Rupees. For cubs or calves the general rate is one-third of the rate for a full grown animal. In Hazareebaugh one-half of the rate is allowed for the destruction of the whelp of a wolf.

২। রাজশাহীতে ও রঙ্গপুরে সাধারণ হারানুসারে দেওয়া যাইবে। কিন্তু বিশেষ স্থলে অর্থাৎ অসাধারণ আশঙ্কাজনক কোন ব্যাঘ্র প্রভৃতিকে নষ্ট করিতে হইলে তদ্রূপ ব্যাঘ্রের নিমিত্তে ২৫৲ টাকা পর্য্যন্ত দেওয়া যাইতে পারিবে। ধাড়ির জন্যে যে হারে দেওয়া যায়, বাচ্চার জন্যে তাহার তৃতীয় ভাগ দেওয়া গিয়া থাকে। হাজারীবাগে কেন্দুয়া বাঘ নষ্ট করিতে যত, বাচ্চা নষ্ট করিতে তাহার অর্দ্ধেক দেওয়া যায়।

[*Government Gazette, 9th April* 1867.]

No. 4.

The following addition is to be made to Rule 9 at p. 176 of the Board's Rules, in accordance with orders of Government.

"and Civil Superintendents of Survey are allowed an advance of 200 Rupees each per mensem."

2. The word "and" preceding "Collectors of second class districts," should be struck out of Rule 9.

৪ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ১৭৬ পৃষ্ঠার ৯ বিধিতে গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে এই কথা দিতে হইবে যথা,

"এবং সরবে কার্য্যের সিবিল সুপরিণ্টেণ্ডেণ্ট মাসে আর ২০০৲ টাকা পাইবেন।"

২। ৯ বিধিতে দ্বিতীয় শ্রেণীর জিলার কালেক্টর এই কথার পূর্ব্বে যে "এবং" শব্দ আছে তাহা তুলিয়া ফেলিতে হইবে।

No. 5.

After the words "Malikana only" in line 7 of Rule 4, page 283 of the Revenue Rules, add "and unless the increment be not in a state for permanent settlement, in which case the local Commissioner will determine whether a temporary or permanent settlement shall be made."

৫ নম্বর।

রাজস্ব সংক্রান্ত বিধিপুস্তকের ২৮৩ পৃষ্ঠার বিধির ৪ ধারার ৭ পঁক্তিতে "কেবল মালিকানা" এই কথার পরে এই কথা দিতে হইবে। কিন্তু যদি ঐ পয়বস্তি ভূমির চিরকালীন বন্দোবস্ত করিবার উপযুক্ত অবস্থা না হয়, তবে মেয়াদী কি চিরকালীন বন্দোবস্ত করিতে হইবে স্থানীয় কমিসনর সাহেব এই কথা নির্দ্ধার্য্য করিবেন।

No. 6.

It has been found in the Patna Division that the rule in Clause 5, Section III, page 57 of the Board's Rules, is unsuited to the case of vendors of Tari. At the present they can, after having made the best part of the profits during the first quarter (the best Tari season), throw up their licenses on payment of the insignificant penalty prescribed by Section 41, Act XXI of 1856, just as the unfruitful season commences. The proportion of Tari Revenue demandable in a particular month, instead of being precisely one-twelfth of the demand for the year, should therefore be regulated by the profits made by the vendors in that month.

2. Under the former system, the greater portion of the collections from Tari farmers, and also their payments of Revenue to Government, were made during the *first* quarter of the year; and some change in the rule above noted may be required.

3. The Board desire, however, first to be informed whether the same impediments to its working exist in other Divisions; and if so, whether the following scale of payments which now rules in the Patna Division, may not be adopted generally:

In the 1st quarter ...	$\frac{3}{4}$	of the Revenue of the year.
,, 2nd ,, ...	$\frac{1}{16}$	
,, 3rd ,, ...	$\frac{1}{16}$	
,, 4th ,, ...	$\frac{1}{8}$	

4. Commissioners will submit an abstract of the Reports of the Collectors on this subject, for the Board's consideration, accompanied by an expression of their own opinion, as soon as possible.

৬ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ৫৭ পৃষ্ঠার ৩ অধ্যায়ের ৫ ধারাতে যে বিধি আছে, ঐ বিধি পাটনাখণ্ডে তাড়ীবিক্রেতারদের পক্ষে অনুপযুক্ত দৃষ্ট হইতেছে। বৎসরের প্রথম তিন মাস তাড়ির সর্ব্বাপেক্ষা উত্তম সময়। বিক্রেতারা সেই সময়ে অধিকাংশ লভ্য পাইলে পর, যখন অলাভের কাল উপস্থিত হয়, তখন তাঁহারা বর্ত্তমান নিয়মমতে ১৮৫৬ সালের ২১ আইনের ৪১ ধারার নির্দ্দিষ্ট অল্প টাকা দণ্ড দিয়া আপনারদের অনুমতিপত্র ত্যাগ করিতে পারেন। অতএব তাড়ির মাসিক রাজস্বের হিসাব বারো মাসের দ্বাদশ অংশ না ধরিয়া, বিক্রেতারা যে মাসে যত লাভ করেন তদনুসারে তাহা ধরিতে হইবে।

২। পূর্ব্ব নিয়মমতে তাড়ির ইজারদারেরদের স্থানে যে টাকা আদেয় হইত এবং গবর্ণমেণ্টের যত রাজস্ব প্রাপ্য হইত তাহার অধিকাংশ বৎসরের প্রথম তিন মাসের মধ্যে আদায় করা যাইত। উক্ত বিধির কোন অংশ পরিবর্ত্তন করা প্রয়োজন।

৩। কিন্তু তাহা করিবার পূর্ব্বে, অন্যান্য খণ্ডে ঐ বিধির সার্থকতার সেই বাধা আছে কি না, যদি থাকে, তবে পাটনাখণ্ডে নিম্নলিখিত যে বিধি এইক্ষণে প্রবল আছে তাহা সাধারণমতে প্রচলিত হইতে পারে কি না বোর্ডের সাহেবেরা ইহা অবগত হইতে চাহেন।

প্রথম তিন মাসে	বৎসরের রাজস্বের	তৃতীয়াংশ।
দ্বিতীয় ঐ ঐ		১৬ ভাগের ১ ভাগ।
তৃতীয় ঐ ঐ		১৬ ভাগের ১ ভাগ।
চতুর্থ ঐ ঐ		৮ ভাগের ১ ভাগ।

৪। এই বিষয়ে কালেক্টর সাহেবেরা যাহা রিপোর্ট করেন কমিসনর সাহেবেরা আপনারদের অভিমত সহিত তাহা সাধ্যমতে ত্বরায় বোর্ডের বিবেচনার জন্যে অর্পণ করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৯ আপ্রিল।]

No. 7.

Inconvenience and loss having resulted from the practice of remitting in postage stamps fees for service of process, and other sums paid on account of private parties through a public office, this practice should be now discontinued, and remittance should be made by money order or by cheques on Sub-divisional treasure chests, wherever practicable. The following rule should be added to Board's Rules, Chapter XII, Section VIII, as clause 4 A—" Remittances on the above accounts, and generally all remittances of sums to be forwarded through a Revenue Office, should be made, wherever practicable, by money order, or by cheques on Sub-divisional treasure chests. The use of postage stamps, wherever a more business-like mode of remittance offers, should be avoided."

No. 8.

Under the orders of Government on the Board's letter No. 89A., dated 10th January 1867, Rule 3, Section III, Chapter VIII, Board's Rules, is amended as follows ; copy of orders in question accompanies " Proprietors of estate situated in the District of Chittagong, and assessed to an annual Government revenue of 1 Rupee or less, are exceptionally allowed, under Government Order No. 688 of 30th June 1852, to redeem all future payments by one payment of ten times the revenue."

From Board to Government.

I am directed to submit, herewith, copy of a letter, No. 176, dated 5th September 1866, from the Commissioner of Bhaugulpore, in which he repeats some suggestive remarks made in his Annual Report for 1865-66, on the disadvantage of the present practice of permitting redemption of petty estates at ten years' purchase. Alluding to the extent to which the Butwarrah Law is worked in his Division, the Commissioner observes that, by continuing the present practice, there may ultimately be a serious loss of State income seeing that each landholder whose yearly revenue is reduced, by sub-division of his joint undivided estate, to less than 1 Rupee, has the right of redeeming his portion of the latter by a payment of ten years' revenue.

2. The present order regarding redemptions of Land Revenue was, in the first instance,* passed exceptionally in regard to petty landholders

* Government Orders No. 688, dated 30th June 1852.

৭ নম্বর।

পরওয়ানা জারী করিবার ফী এবং রাজকীয় কার্য্যালয়দ্বারা সাধারণ ব্যক্তিদের জন্যে যে টাকা পাঠান গিয়া থাকে ডাকের টিকিটদ্বারা তাহা পাঠাইবার যে রীতি আছে তাহাতে অনেক ক্লেশ ও ক্ষতি হইয়া থাকে। অতএব সেই রীতি রহিত করিতে হইবে। ঐ টাকা পাঠাইতে হইলে যদি মনি অর্ডর কিম্বা শাখা-খণ্ডের খাজানাখানার উপর চ্যাক পাওয়া যাইতে পারে তবে সেইরূপে পাঠাইতে হইবে। নিম্নলিখিত বিধি বোর্ডের বিধির ১২ খণ্ডের ৮ অধ্যায়ের ৪ A ধারা বলিয়া দিতে হইবে। "পূর্ব্বোক্ত কারণে টাকা পাঠাইতে হইলে এবং রেবিনিউ আফিসদ্বারা যে সকল টাকা পাঠাইতে হয় যদি মনি অর্ডর কিম্বা শাখাখণ্ডের খাজানাখানার উপর চ্যাক দ্বারা প্রেরণ হইতে পারে, তবে সাধারণমতে সেইরূপে পাঠাইতে হইবে। টাকা প্রেরণ কার্য্যোপযুক্ত অন্য পথ থাকিলে ডাকের টিকিটদ্বারা পাঠাইতে হইবে না।

৮ নম্বর।

বোর্ডের ১৮৬৭ সালের ১০ জানুআরি তারিখের ৮৯A নম্বরের পত্রোপলক্ষে গবর্ণমেণ্ট যে আজ্ঞা করিলেন তদনুসারে বোর্ডের বিধি পুস্তকের ৮ খণ্ডের ৩ অধ্যায়ের বিধির ৩ ধারার নিম্নলিখিত সংশোধন করা গেল। উক্ত আজ্ঞার প্রতিলিপিও পশ্চাৎ প্রকাশ হইল। "চট্টগ্রাম জিলার অন্তর্গত যে ভূম্যাধিকারিদের গবর্ণমেণ্টের রাজস্ব বৎসর ১৲ টাকা কি তাহার ন্যূন ধার্য্য হইয়াছে, গবর্ণমেণ্টের ১৮৫২ সালের জুন মাসের ৩০ তারিখের ৬৮৮ নম্বরের আজ্ঞাক্রমে তাঁহাদের প্রতি বর্জ্জনীয় স্থলস্বরূপ এই অনুমতি হইয়াছে, যে তাঁহারা দশগুণ রাজস্ব একবার দিয়া ভাবিকালে সেই ভূমির রাজস্বদান হইতে নিষ্কৃতি পান।

গবর্ণমেণ্টের নিকটে বোর্ডের পত্র।

এই পত্র সহিত ভাগলপুরের কমিসানর সাহেবের ১৮৬৬ সালের সেপ্টেম্বর মাসের ৫ তারিখের ১৭৬ নম্বরের পত্রের প্রতিলিপি পাঠাইলাম। এইক্ষণে ক্ষুদ্র২ ভূমি খণ্ডের দশ বৎসরের রাজস্ব দিয়া তাহা হইতে ভূমি মুক্ত করিবার অনুমতি দেওয়ার যে রীতি চলিত আছে, তজ্জন্য অপকার বিষয়ে তিনি ১৮৬৫।৬৬ সালের বার্ষিক রিপোর্টে প্রবোধ সূচক যে কথা লিখিয়াছিলেন এই পত্রে তাহার পুনরুক্তি হইয়াছে। তাঁহার খণ্ডদেশে বাঁটওয়ারার আইন যত দূর প্রবল হইতেছে কমিসানর সাহেব তাহার প্রতি উল্লেখ করিয়া কহিয়াছেন, যদি এই রীতি প্রচলিত থাকে, তবে সাধারণ অবিভুক্ত মহাল খণ্ড বিখণ্ড করণ দ্বারা যে ভূম্যধিকারির বার্ষিক রাজস্ব ন্যূন হইয়া ১৲ টাকার কম হয়, তিনি একবারে দশ বৎসরের রাজস্ব দিয়া আপনার অংশ রাজস্বহইতে মুক্ত করিতে পারেন। পরিণামে তাহাতে রাজ্যের আয়ের গুরুতর ক্ষতি সম্ভাবনা।

২। মূল্য দানদ্বারা ভূমির রাজস্বহইতে নিষ্কৃতি পাইবার বর্ত্তমান আজ্ঞা প্রথমে * চট্টগ্রামের ক্ষুদ্র২ ভূম্যধিকারিদের পক্ষে বর্জ্জিত স্থলরূপে প্রচারিত

* ১৮৫২ সালের জুন মাসের ৩০ তারিখের ৬৮৮ নম্বরের গবর্ণমেণ্টের আজ্ঞা।

in Chittagong, but was subsequently extended* to all landholders in the Lower Provinces, paying an annual revenue of 1 Rupee and under. The object was to encourage petty landholders to redeem their land tax, on the ground that small estates ran a risk of being lost sight of by the Distrct Authorities. It was not a measure connected with any declared financial policy, and except in Chittagong, where redemption has lately made some progress, its financial results, which must, as Mr. Money urges, be a sacrifice of revenue, have been inconsiderable.

3. The redemption question has since then been handled as a general question, and disposed of partly on political, and partly on financial considerations. The Board doubt whether landholders will ever redeem, as a rule, while they can employ their capital to better purposes; and they think it is a mistake, financially, to induce them to do so by allowing redemption at less than a valuation of the yearly payments to Government.

4. The Despatch of the Secretary of State, dated 19th July 1862, virtually rescinds the order of 1854, and the Board recommend the withdrawal of that order. It has been but little resorted to, and has in fact no effect in reducing the cost of collection, nor will it have such an effect unless it be generally adopted throughout a District; while the Survey records now sufficiently prevent estates, however small, from being lost sight of.

5. No rules for applying the provisions of the Despatch of 1862 have as yet been framed. In the Draft Rules for the sale of Waste Lands submitted with the Board's letter No. 914, dated 21st December 1861, rules for redemption of Land Revenue were also included, but on the revocation of the Government Resolution of October 1861, new rules were passed in accordance with the amended Resolution of 1862, and the redemption provisions were then dropped. The subject has been, however, more than once revived, and reported on to Government in connection with the petty estates of Sylhet, and the ground rents of Calcutta and its suburbs, Serampore and Chinsurah.

6. Mr. Grote is still of opinion that the partial redemption of estates at full valuation would be largely resorted to, if it were permitted

* Government Orders No. 363, dated 12th May 1854.

হইয়াছিল। পরে বঙ্গপ্রভৃতি দেশের যে সকল ভূম্যধিকারী বৎসর ১৲ টাকা ও তাহার ন্যূন রাজস্ব দিয়া থাকেন তাঁহারদের প্রতিও বর্ত্তান গিয়াছিল। * ঐ আজ্ঞার অভিপ্রায় এই। ক্ষুদ্রং ভূমিখণ্ড জিলার কর্ত্তৃপক্ষদের অনুদ্দেশ্য হইবার আশঙ্কা ছিল, এই হেতুক ক্ষুদ্র ভূম্যধিকারিদিগকে মূল্য দানদ্বারা ভূমির রাজস্ব মোচন করিবার উৎসাহ দেওয়া গিয়াছিল। রাজস্বসংক্রান্ত রাজনিয়মের সহিত ঐ কর্ম্মের কোন সম্পর্ক ছিল না। বরং মনি সাহেবের কথা মতে তদ্দ্বারা রাজস্বের হানি হইতে পারে। সম্প্রতি কেবল চট্টগ্রামে রাজস্বহইতে মুক্ত করণ কার্য্যের প্রাদুর্ভাব হইয়াছে কিন্তু রাজস্বসংক্রান্ত সেই নিয়মের ফল অকিঞ্চিৎকর।

৩। পরে সাধারণের লাভালাভ সম্পর্কে রাজস্বহইতে মুক্ত করণ কার্য্যের বিবেচনা হইয়া অংশতঃ বার্ত্তাশাস্ত্রের ও অংশতঃ রাজস্বরক্ষার নিয়মানুসারে তাহার নিষ্পত্তি হইয়াছে। ভূম্যধিকারিরা যদি আপনারদের ধনদ্বারা অধিক লাভ পাইতে পারেন, তবে রাজস্বহইতে ভূমি মুক্ত করিবার জন্যে ধন ব্যয় করিবেন বোর্ডের সাহেবেরা অসম্ভব বোধ করেন। অতএব বৎসরং তাঁহারদের গবর্ণমেণ্টে যত টাকা দিতে হয়, তাহার সম্পূর্ণ মূল্যের ন্যূনাঙ্ক ধরিয়া রাজস্বহইতে ভূমি মুক্ত করিবার অনুমতি দানদ্বারা সেই বিষয়ে তাহারদিগকে উৎসুক করা রাজস্বসম্পর্কে ভ্রম বোধ হইতেছে।

৪। শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬২ সালের জুলাই মাসের ১৯ তারিখের আজ্ঞা পত্রের ভাব দ্বারা ১৮৫৪ সালের আজ্ঞা রহিত করা গেল। এবং বোর্ডের সাহেবেরা সেই আজ্ঞা একেবারে উঠাইয়া দিবার পরামর্শ দিতেছেন। সেই বিধিমতে কথঞ্চিৎ কার্য্য হইয়াছে। কিন্তু আদায় করণের খরচ ন্যূন করণরূপ ফল হয় নাই, ও সেই নিয়ম জিলা ব্যাপিয়া সমস্ত স্থানে প্রচলিত না হইলে ঐ ফলের সম্ভাবনাও নাই। আর এইক্ষণে জরীপী কাগজপত্র যদ্রূপে প্রস্তুত হইয়া থাকে তদ্দ্বারা কোন ভূমিখণ্ড যত ক্ষুদ্র হউক না কেন অনুদ্দেশ্য হইতে পারে না।

৫। অদ্যাপি ১৮৬২ সালের উক্ত আজ্ঞাপত্রের বিধান প্রবল করিবার কোন বিধি করা যায় নাই। বোর্ডের ১৮৬১ সালের ডিসেম্বর মাসের ২১ তারিখের ৯১৪ নম্বরের পত্র সহিত পতিত ভূমি বিক্রয় করিবার বিধির যে পাণ্ডুলিপি অর্পণ করা গিয়াছিল, তাহাতে রাজস্বহইতে ভূমি মুক্ত করণের বিধিও ব্যক্ত হইয়াছিল, কিন্তু গবর্ণমেণ্টের ১৮৬১ সালের অক্টোবর মাসের নির্দ্ধারণ উঠাইয়া দেওয়া গেলে, ১৮৬২ সালের সংশোধিত নিয়মানুসারে নূতন বিধি করা গিয়াছিল, এবং রাজস্ব হইতে মুক্ত করণের বিধিও ত্যক্ত হইল। কিন্তু সেই কথার বারম্বার পুনরুত্থাপন হইয়াছে এবং শ্রীহট্ট স্থিত ক্ষুদ্রং ভূমিখণ্ডের ও কলিকাতা নগরের ও শাখানগরের এবং শ্রীরামপুরের ও চুঁচুড়ার ভূমির করসম্পর্কীয় কথায় সেই বিষয়ের রিপোর্ট হইয়াছে।

৬। গ্রোট সাহেব এখনও বোধ করেন যে, রাজস্বের একাংশহইতে ভূমি মুক্ত করিবার অনুমতি হইলে বহু লোক সম্পূর্ণ মূল্যনিরূপণানুসারে তাহা মুক্ত

* ১৮৫৪ সালের মে মাসের ১২ তারিখের ৩৬৩ নম্বরের গবর্ণমেণ্টের আজ্ঞা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৯ আপ্রিল।]

though this privilege would require to be guarded by great precautions. Both Lord Canning and Sir C. Wood appear to have contemplated such partial redemption.

করিতেন, কিন্তু সেই অনুমতি দেওয়া গেলে অত্যন্ত সতর্কতার আবশ্যক হইবে। বোধ হয় ঐ রাজস্বের অংশমাত্র মোচনের কথা লার্ড কানিং সাহেবের ও সর সি উড সাহেবের মনোগত হইয়াছিল।

From Government to Board, dated 31st January 1867, No. 398.

I AM directed to acknowledge the receipt of your letter No. 89A., dated the 10th instant, and in reply to state that the Lieutenant-Governor is pleased, on the Board's recommendation, to permit the order No. 363, dated the 12th May 1854, sanctioning the redemption of petty estates at 10 years purchase in the Districts of the Lower Provinces generally, to be formally rescinded.

2. This order will not extend to Chittagong.

বোর্ডের নিকট গবর্ণমেণ্টের ১৮৬৭ সালের জানুআরি মাসের ৩১ তারিখের ৩৯৮ নম্বরের পত্র।

আপনকার বর্ত্তমান মাসের ১০ তারিখের ৮৯A নম্বরের পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে। তাহার উত্তর এই। বঙ্গপ্রভৃতি দেশের সকল জিলাতে দশ বৎসরের রাজস্ব দিয়া ক্ষুদ্র ভূমিখণ্ড রাজস্বহইতে মুক্ত করণের ৩৬৩ নম্বরের যে আজ্ঞা ১৮৫৪ সালের মে মাসের ১২ তারিখে প্রকাশ হইয়াছিল বোর্ডের পরামর্শমতে শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সেই আজ্ঞা যথাবিধি রহিত করিবার অনুমতি দিয়াছেন।

২। এই আজ্ঞা চট্টগ্রামের প্রতি বর্ত্তিবে না।

No. 9.

The following should be added as Rule 12A., to the Board's Rules, page 311.

"12A.—The fixed monthly allowance for stationery contingencies is on no account to be exceeded, and where any such excess charge is incurred, it will be recovered from the officer by whom it is so incurred. Similarly, the purchase in the local market of Serampore paper and other articles, which are procurable on indent from the Stationery Office, will not be passed."

৯ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ৩১১ পৃষ্ঠায় ১২A বলিয়া নিম্নলিখিত বিধি লিখিতে হইবে।

১২A। ষ্টেসনরী অর্থাৎ কাগজ কলমপ্রভৃতির নিমিত্তে মাসেং যত টাকা অবধরিত আছে তাহার অধিক কখন খরচ করিতে হইবে না, যদি অধিক খরচ হয়, তবে যে কার্য্যকারকদ্বারা হইয়াছে তাঁহারই স্থানে লওয়া যাইবে। তদ্রূপে ষ্টেনরী আফিসে পত্র লিখিয়া শ্রীরামপুরের কাগজ কলমপ্রভৃতি যেং দ্রব্য পাওয়া যাইতে পারে তাহা বাজারে ক্রয় করা গেলে ঐ খরচ গ্রাহ্য হইবে না।

No. 10.

The following amendment of Rule 9, Chapter XII, Section 4, page 194, of the Board's Rules, should be made.

Substitute a comma for the full stop at the end of the Rule, and add the words "accompanied by a statement in the following form."

১০ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ১৯৪ পৃষ্ঠার লিখিত ১২ খণ্ডের ৪ অধ্যায়ের বিধির ৯ ধারা নিম্নলিখিতমতে সংশোধন করিতে হইবে।

বিধির শেষে যে দাঁড়ি আছে তাহা তুলিয়া ফেলিয়া "ও তাহার সঙ্গে নিম্নলিখিত পাঠে বৃত্তান্ত লিখিতে হইবে" এই কথা দেওয়া যাইবে।

Consecutive No.	Date of application.	Name of applicant.	His age.	His father's name.	District.	Class of Court in which he intends to practise.	Date of former certificate, if any.	REMARKS.

ক্রমানুযায়ি নম্বর।	প্রার্থনাপত্রের তারিখ।	প্রার্থকের নাম।	তাঁহার বয়স।	তাঁহার পিতার নাম।	জিলা।	যে শ্রেণীর আদালতে ওকালতী করিবার মনস্থ করেন।	পূর্ব্বে যদি সার্টিফিকেট পাইয়া থাকেন তবে তাহার তারিখ।	মন্তব্য কথা।

[*Government Gazette*, 9th *April* 1867.]

No. 11.

The Board have recently held that parties forwarding appeals to the Board through Commissioners, are not entitled to have their petitions forwarded on the public service, free of postage.

The following addition is therefore made to Chapter XII, Section 1, page 190, of the Rules.

4A. "Petitions of appeal presented to a Commissioner, for the purpose of being forwarded to the Board, must be prepaid by postage Stamps, affixed to the open envelope containing the petition.

No. 12.

The following should be added to Board's Rules, Chapter X, Section VI, as Clause 5A.

"5A. Petitioners residing within any subdivision of a district may, by presenting themselves monthly before the sub-divisional officere obtain payment of their pensions by the cheque, on the sub-divisional treasue chest, their attendance on each occasion at the District Head-quarters being dispensed with. The responsibility of the Collector is to continue undisturbed, the payments of pensions being carried out on the following conditions:—

1st.—That all permanent orders continue to be registered at the District, Treasury, those transferred to sub-divisions being noted in the column of Remarks.

2nd.—That a Register of permanent payable orders, similar in form to that maintained at the District Treasury, be opened at each sub-division.

3rd.—That the receipt of the pensioner and his life certificate be forwarded, not by himself, but by the sub-divisional officer, to the Sudder Treasury, and cheques obtained in its stead.

4th.—That the permanent orders of every subdivision be re-called, and the pensioners be required to present themselves for payment before the Collector, once in six months."

MARCH, 1867.

No. 1

The immediate attention of Revenue Officers is hereby called to the Bill published in the Presidency papers for the Licensing of Professions and Trades. The Board wish to receive from Commissioners, without delay, a clear report regarding the special Officers who will, in their opinion, be required for the classification of persons liable to this tax.

১১ নম্বর।

যে ব্যক্তিরা কমিসনর সাহেবের দ্বারা বোর্ডে আপীল প্রেরণ করেন তাঁহারা রাজকীয় কর্ম্মোপলক্ষে ডাক মাসুল বিনা আপনাদের দরখাস্ত পাঠাইবার স্বত্ববান নহেন বোর্ডের সাহেবেরা সম্প্রতি এই বিধি করিয়াছেন।

এই হেতুক বিধি পুস্তকের ১৯০ পৃষ্ঠাতে ১২ খণ্ডের ১ অধ্যায়ে এই অধিক বিধি লিখিতে হইবে।

৪A। আপীলের দরখাস্ত যখন বোর্ডে পাঠাইবার জন্যে কমিসনর সাহেবের নিকটে উপস্থিত করা যায় তখন ডাকমাসুলের ইষ্টাম্পদ্বারা সেই মাসুল অগ্রিম দিতে হইবে। দরখাস্ত যে লেফাফাতে দেওয়া যায় তাহা আঁটিবার পূর্ব্বে তাহাতে ইষ্টাম্প বসাইতে হইবে।

---

১২ নম্বর।

নিম্নলিখিত কথা বোর্ডের বিধি পুস্তকের ১০ খণ্ডের ৬ অধ্যায়ের ৫A ধারা বলিয়া লিখিতে হইবে।

৫A. পেনস্যন ভোগি যে ব্যক্তিরা জিলার কোন শাখাখণ্ডের মধ্যে বাস করেন তাঁহারা প্রতি মাসে শাখাখণ্ডের কার্য্যকারকের সম্মুখে উপস্থিত হইয়া শাখাখণ্ডের খাজানাখানার উপর চেক দিয়া আপনাদের পেনস্যন পাইতে পারিবেন। জিলার সদর স্থানে তাঁহাদের প্রত্যেকবার যাইবার আবশ্যক নাই। কালেকুটর সাহেবের দায় পূর্ব্বৎ থাকিবে এবং পেনস্যনের টাকা দেওয়ার নিম্নলিখিত নিয়ম মানিতে হইবে।

প্রথম। পেনস্যন নিয়ত দিবার সকল আজ্ঞা জিলার খাজনাখানায় রেজিষ্টর হইতে থাকিবে। শাখাখণ্ডে দিবার আজ্ঞা হইলে মন্তব্য কথার ঘরে লেখা যাইবে।

দ্বিতীয়। জিলার খাজানাখানায় পেনস্যন নিয়ত দিবার আজ্ঞাপত্রের রেজিষ্টর যে পাঠে লেখা যায় শাখাখণ্ডেও সেই পাঠে রেজিষ্টর রাখিতে হইবে।

তৃতীয়। পেনস্যন ভোগী আপন রসিদ ও জীবৎমান থাকার সর্টিফিকট আপনি সদর খাজানাখানায় দিবেন না, শাখাখণ্ডের কার্য্যকারক তাহা পাঠাইয়া চ্যাক পাইবেন।

চতুর্থ। শাখাখণ্ডে পেনস্যন নিয়ত দিবার যে আজ্ঞা দেওয়া গিয়াছে তাহার নিবর্ত্ত হইবে। পেনস্যন ভোগিদের পেনস্যন পাইবার জন্যে ছয়২ মাস অন্তর কালেকুটর সাহেবের সম্মুখে উপস্থিত হইতে হইবে।

১৮৬৭ সাল মার্চ মাস।

১ নম্বর।

বৃত্তির ও ব্যবসায়ের অনুমতিপত্র দেওনার্থ আইনের যে পাণ্ডুলিপি রাজধানীর সম্বাদপত্রে প্রকাশ হইয়াছে তাহাতে রাজস্ব সম্পর্কীয় কার্য্যকারকদের অগৌণে মনোযোগ হইবার আদেশ হইতেছে। ঐ টাক্সযোগ্য ব্যক্তিদের নামদি শ্রেণীমতে লিখিবার জন্যে বিশেষ কত জন কর্ম্মকারকের প্রয়োজন এই বিষয়ে কমিসনর সাহেবদের যে বিবেচনা হয় বোর্ডের সাহেবেরা সেই বিষয়ের স্পষ্ট রিপোর্ট অগৌণে পাইতে চাহেন।

No. 2.

The following extract from Government Order, dated 25th ultimo, No. 1248, is published for general observance in the Revenue Department. It should be introduced as Rule 6 of the Budget and Treasury Rules, at page 32 of the Board's Rules.

"6. Officers to whom advances have been made, or to whom public money has been in any way entrusted, shall, as a general rule, be held personally responsible for such money, if it happens to be lost or stolen while in their immediate custody, or from a Police Station in which it may have been placed by their order, unless they can clearly shew that every reasonable precaution was taken by them for its safe custody.

No. 3.

On the creation of any new Sub-division, the Commissioner of the Division may authorize the entertainment of a Duftery Chaprassee at Rs. 6, and a Chaprassee at Rs. 5, for the Sub-division, as prescribed in Rules 5 and 6 at page 122, reporting the arrangement, at once, the Board for communication to the Accountant General, to enable him to check the charge for District Peons with the scale sanctioned in Circular Order No. 3 of July 1866.

The following addition should accordingly be made to Rule 7 at page 122:—"On sanctioning the entertainment of the Peons under Rules 5 and 6, the Commissioner should at once report the arrangement to the Board for communication to the Accountant General."

No. 4.

Under instructions from Government, the following addition should be made to the Board's Rules, Section II., page 54.

"2A. Collectors should refer applications for licenses to open shops for the retail vend of spirits and drugs to the Magistrate, who will obtain in every case a report from the District Superintendent of Police, whether the license may properly be granted."

২ নম্বর।

গবর্ণমেণ্টের গত মাসের ২৫ তারিখের ১২৪৮ নম্বরের আজ্ঞাপত্রহইতে গৃহীত নিম্নলিখিত কথা রাজস্ব সম্পর্কীয় কর্ম্ম বিভাগে সর্ব্বসাধারণের পালনার্থে প্রকাশ করা যাইতেছে। বোর্ডের বিধিপুস্তকের ৩২ পৃষ্ঠায় বজেটের ও খাজানাখানার বিধির মধ্যে ৬ ধারা বলিয়া এই বিধি লিখিতে হইবে।

VIII. On conviction of any person for keeping or using any such common gaming-house, or being present therein for the purpose of gaming, the convicting Magistrate may order all the instruments of gaming found therein to be destroyed, and may also order all or any of the securities for money and other articles seized, not being instruments of gaming, to be sold and converted into money, and the proceeds thereof with all monies seized therein to be forfeited; or in his discretion, may order any part thereof to be returned to the persons appearing to have been severally thereunto entitled.

[Proof of playing for stakes unnecessary.]

IX. It shall not be necessary, in order to convict any person of keeping a common gaming-house, or of being concerned in the management of any common gaming-house, to prove that any person found playing therein at any game was playing for any money, wager, or stake.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৭ । ১৬ আপ্রিল ।]

প্রবিষ্ট হইয়া অন্বেষণ হইলে যদি তন্মধ্যে কিম্বা সেই গৃহাদিতে ধৃত ব্যক্তির অঙ্গবস্ত্রে কোন তাস কি পাশা কি শারিফলক কি ছক কি তক্তা কিম্বা দ্যূতক্রীড়ার কোন উপকরণ পাওয়া যায়, তবে মাজিষ্ট্রেট কি পোলীসের কর্ম্মকারক কিম্বা তাঁহারদের একতর ব্যক্তির ক্ষমতাক্রমে কর্ম্মকারক যদিও কোন দ্যূতক্রীড়া না দেখিয়া থাকুন তথাপি বিপক্ষ প্রমাণ না হইলে, সেই তাস আদি উপকরণের প্রাপ্তি সেই ঘরের সাধারণ দ্যূতগৃহস্বরূপ ব্যবহার হইবার ও তত্রস্থ ব্যক্তিদের দ্যূতক্রীড়ার জন্যে তথায় উপস্থিত হইবার প্রমাণ হইবে ইতি।

[ধৃত ব্যক্তিরা মিথ্যা নাম ও ধামাদি জানাইলে তাহাদের দণ্ডের কথা।]

৭ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেব কি পোলীসের কর্ম্মকারক এই আইনের বিধানমতে কোন সাধারণ দ্যূতগৃহে প্রবেশ করিয়া যে ব্যক্তিকে পান, সেই ব্যক্তি ঐ কার্য্যকারককর্ত্তৃক ধৃত হইলে, কিম্বা কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহাকে উপস্থিত করা গেলে, ও সেই কার্য্যকারক কি মাজিষ্ট্রেট সাহেব তাহাকে আপন নাম ও ধামাদি জানাইতে আজ্ঞা করিলে, যদি সেই ব্যক্তি তাহা না জানায় কি জানাইতে স্বীকার না করে কিম্বা কোন মিথ্যা নাম কি ধামাদি জানায়, তবে সেই কি অন্য কোন মাজিষ্ট্রেটের নিকটে ঐ বিষয়ের প্রমাণ হইলে, মাজিষ্ট্রেট সাহেব তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত দণ্ড, এবং খরচার যত টাকা উপযুক্ত জ্ঞান করেন তত টাকা দিতে আজ্ঞা করিবেন। ঐ দণ্ড ও খরচার টাকা না দিলে, এক মাস পর্য্যন্ত কারাদণ্ডের আজ্ঞা করিবেন অথবা মাজিষ্ট্রেট সাহেব উচিত বোধ করিলে, ঐ অর্থদণ্ডের আজ্ঞা না করিয়া, প্রথমেই এক মাসের অনধিক কারাদণ্ডের আজ্ঞা করিবেন ইতি।

[দ্যূতগৃহ রাখিবার অপরাধ প্রমাণ হইলে, দ্যূতক্রীড়ার উপকরণ নষ্ট করিবার কথা।]

৮ ধারা। যখন কোন ব্যক্তির তদ্রূপ কোন দ্যূতগৃহ রাখিবার কি ব্যবহার করিবার কিম্বা দ্যূতক্রীড়ার জন্যে তথায় উপস্থিত থাকার অপরাধের প্রমাণ হয়, তখন দ্যূতক্রীড়ার যে সকল উপকরণ তথায় পাওয়া গেল ঐ অপরাধ নির্ণায়ক মাজিষ্ট্রেট সাহেব তাহা নষ্ট করিতে, এবং দ্যূতক্রীড়ার উপকরণভিন্ন টাকার যে সকল কি যে কোন নিদর্শনপত্র কি অন্য দ্রব্য ক্রোক হইয়াছে তাহা বিক্রয় করণ পূর্ব্বক টাকা প্রস্তুত করিতে এবং সেই টাকা ও ঐ ঘরে ধৃত সকল টাকা রাজসাৎ হইতে আজ্ঞা করিতে পারিবেন। অথবা তিনি বিহিত বিবেচনা করিলে, ঐ টাকা যেং ব্যক্তির প্রাপ্য বোধ হয় তাহাদিগকে ঐ টাকার কোন অংশ ফিরিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[বাজী রাখিয়া খেলা করিবার প্রমাণ অনাবশ্যক হওয়ার কথা।]

৯ ধারা। কোন ব্যক্তির সাধারণ দ্যূতগৃহ রাখন কিম্বা সাধারণ দ্যূতগৃহের কার্য্য নির্ব্বাহকে লিপ্ত থাকনাপরাধ সপ্রমাণ করণার্থে দ্যূতক্রীড়া করণ কালে ধৃত কোন ব্যক্তি টাকা কি পণ কি বাজী রাখিয়া খেলা করিতেছিল ইহার প্রমাণ করিবার আবশ্যক নাই ইতি।

[Act not to apply to certain games.]

X. Nothing in the foregoing provisions of this Act contained shall be held to apply to billiards, whist, or any other game of mere skill wherever played.

[Gaming and setting birds and animals to fight in public streets. Destruction of instruments of gaming found in public streets.

XI. A Police Officer may apprehend without warrant any person found playing for money other valuable thing with cards, dice, counters, or other instruments of gaming, used in playing any game not being a game of mere skill, in any public market, fair, street, place, or thoroughfare situated within the limits aforesaid, or any person setting any birds or animals to fight in any public market, fair, street, place, or thoroughfare situated within the limits aforesaid, or any person, there present aiding and abetting such public fighting of birds and animals. Such person, when apprehended, shall be brought without delay before a Magistrate, and shall be liable to a fine not exceeding fifty Rupees or to imprisonment, either simple or rigorous, for any term not exceeding one calendar month, and such Police Officer may seize all birds and animals and instruments of gaming found in such public place or on the person of those whom he shall so arrest, and the Magistrate may, on conviction of the offender, order such instruments to be forthwith destroyed, and such birds and animals to be sold.

[Offences by whom triable.]

XII. Offences punishable under this Act shall be triable by any Magistrate having jurisdiction in the place where the offence is committed. But such Magistrate shall be restrained within the limits of his jurisdiction under the Code of Criminal Procedure, as to the amount of fine or imprisonment he may inflict.

[Penalty for subsequent offence.]

XIII. Whoever, having been convicted of an offence punishable under this Act, shall be guilty of any such offence, shall be subject for every such subsequent offence to double the amount of punishment to which he would otherwise have been liable for the same. Provided that he shall not be liable in any case to a fine not exceeding six hundred Rupees, or to imprisonment for a term exceeding one year.

[Recovery and application of fines.]

XIV. The provisions for the recovery of fines contained in Sections 64, 65, 66, and 67 of the Indian Penal Code and Section 61 of the Code of Criminal Procedure, shall apply to all fines and

[এই আইন কোনং ক্রীড়ার প্রতি না বর্ত্তিবার কথা।]

১০ ধারা। বিল্যার্ড, উইস্টপ্রভৃতি কেবল নৈপুণ্যের পরীক্ষার্থে যে ক্রীড়া যে স্থানে হয়, তাহার প্রতি এই আইনের প্রোক্ত কোন বিধান বর্ত্তে না ইতি।

[রাজপথে দ্যূতক্রীড়ার ও পশুকে কি পক্ষিকে লড়াই করাইবার কথা। ও দ্যূতক্রীড়ার যে উপকরণ রাজপথে পাওয়া যায় তাহা নষ্ট করিবার কথা।]

১১ ধারা। কেবল নৈপুণ্যের পরীক্ষার্থ ক্রীড়াভিন্ন কোন দ্যূতক্রীড়াতে যে তাস কি পাশা কি ঘুটী কি অন্য উপকরণের ব্যবহার হইয়া থাকে, কোন ব্যক্তি টাকার কি অন্য মূল্যবান দ্রব্যের নিমিত্তে তাহা লইয়া পূর্ব্বোক্ত সীমার অন্তর্গত কোন হাটে, বাজারে, রাজপথে, স্থানে কি অপ্রতিরোধ পথে খেলা করিলে এবং কোন ব্যক্তি সেই সীমার অন্তর্গত কোন হাটে, বাজারে, রাজপথে, স্থানে কি অপ্রতিরোধ পথে কোন পক্ষিদিগকে কি পশুদিগকে লড়াই করিতে লাগাইয়া দিলে, কিম্বা কোন ব্যক্তি তথায় উপস্থিত হইয়া পশুপক্ষিদের প্রকাশ্যরূপে লড়াইয়ের সহকারিতা ও সাহায্য করিলে পোলীসের কর্ম্মকারক পরওয়ানা ভিন্ন তাহাকে ধরিতে পারিবেন। ধরিলে তাহাকে অব্যাজে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত করিতে হইবে। ও তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা কঠিনপরিশ্রমসহিত কি তদ্ভিন্ন ইজলতীয় পঞ্জিকামত এক মাসপর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে। আরো পোলীসের কর্ম্মকারক সেই প্রকাশ্য স্থানে কিম্বা যাহাকে ধৃত করিয়াছেন তাহার অঙ্গবস্ত্রে যে সকল পক্ষি ও পশু ও দ্যূতক্রীড়ার যে সকল উপকরণ পান তাহাও ধৃত করিবেন। এবং অপরাধির দোষ প্রমাণ হইলে মাজিষ্ট্রেট ঐ সকল দ্রব্য অগোণে নষ্ট করিবার ও পক্ষি পশু বিক্রয় করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[অপরাধ যাঁহার বিচার্য্য তাঁহার কথা।]

১২ ধারা। এই আইনক্রমে যে অপরাধের দণ্ড হইতে পারে, সেই অপরাধ যে মাজিষ্ট্রেটের ক্ষমতাধীন স্থানে করা যায় তাঁহারি বিচার্য্য হইবে। কিন্তু সেই মাজিষ্ট্রেট আপনার ক্ষমতাধীন স্থানের মধ্যে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনক্রমে যত টাকা অর্থদণ্ডের কি যত কাল কারাদণ্ডের আজ্ঞা করিতে পারেন তাহার অধিক দণ্ডের আজ্ঞা করিবেন না ইতি।

[পুনশ্চ অপরাধ করিলে দণ্ডের কথা।]

১৩ ধারা। কোন ব্যক্তির এই আইনমত দণ্ডনীয় অপরাধ নির্ণয় হইলে পর যদি পুনশ্চ তদ্রূপ অপরাধ করে, তবে প্রত্যেক সময়ে তাহার পূর্ব্বকৃত অপরাধের দণ্ডের দ্বিগুণ দণ্ড হইবে। কিন্তু কোন সময়ে ছয় শত টাকার অধিক অর্থদণ্ড কিম্বা এক বৎসরের অধিক কারাদণ্ড হইবে না ইতি।

[অর্থদণ্ড আদায় ও প্রয়োগ করিবার কথা।]

১৪ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৬৪, ৬৫, ৬৬, ৬৭ ধারাতে এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬১ ধারাতে অর্থদণ্ড আদায় করিবার যেং বিধান আছে, এই আইনমতে কলিকাতা

and penalties imposed under this Act in any town or place other than the town of Calcutta; and such fines shall (subject to the provisions contained in the last preceding Section) be applied as the said Lieutenant-Governor shall from time to time direct. And the provisions of Act IV of 1866, passed by the Lieutenant-Governor of Bengal in Council, and of every other Act for regulating the Police of the Town of Calcutta for the time being in force, shall apply to all fines and penalties imposed under this Act by any Magistrate of Police for the Town of Calcutta.

[Offences under this Act to be offences within meaning of Penal Code.]

XV. Any thing made punishable by this Act shall be deemed to be an offence within the meaning of the Indian Penal Code.

[Certain Section of Act to apply without extension.]

XVI. The provisions of Sections VII and XI of this Act shall, from and after the passing of this Act, apply to the Town of Calcutta, and to the Suburbs of the Town of Calcutta as the same may be from time to time defined by any Notification published by the Lieutenant-Governor in pursuance of Act II of 1866 passed by the Lieutenant-Governor of Bengal in Council; and the provisions of Section XIII of this Act shall, from and after the passing of this Act, apply to the whole of the said territories.

[Immediate and prospective repeal of certain Sections of Acts II and IV of 1866, B. C.]

XVII. From and after the passing of this Act the provisions of Sections XXXII of Act II of 1866 passed by the Lieutenant-Governor of Bengal in Council, and of Section LII of Act IV of 1866 passed by the same authority, shall stand and be repealed; and from and after any extension of this Act to the Suburbs of the Town of Calcutta, the provisions of Sections XXV, XXVI, XXVII, XXVIII, XXIX, and XXX of the said Act II of 1866 shall stand and be repealed.

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
(Legislative Department.)

নগরভিন্ন কোন নগরে কি স্থানে যে অর্থদণ্ডের ও দণ্ডের আজ্ঞা হয় তাহার প্রতিও সেই বিধান বর্ত্তিবে। এবং পূর্ব্বোক্ত ১৩ ধারার বিধান প্রবল রাখিয়া উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে সময়ে যদ্রূপ আজ্ঞা করেন ঐ টাকা লইয়া তদ্রূপ কার্য্য হইবে। এবং কলিকাতা নগরের পোলীসের কোন মাজিষ্ট্রেট এই আইনমতে যে সকল অর্থদণ্ডের ও দণ্ডের আজ্ঞা করেন তাঁহার প্রতি মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের ১৮৬৬ সালের ৪ আইনের এবং কলিকাতা নগরের পোলীসের বিধান করণার্থ অন্য যে আইন যে সময়ে প্রবল থাকে তাহারও বিধান বর্ত্তিবে ইতি।

[এই আইনমত অপরাধ দণ্ডবিধির আইনের অর্থের অন্তর্গত অপরাধ হইবার কথা।]

১৫ ধারা। এই আইন দ্বারা যে ক্রিয়া দণ্ডনীয় হয় তাহা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থগত অপরাধ জ্ঞান হইবে ইতি।

[আইনের কোন২ ধারা বিস্তৃত না হইয়া বর্ত্তিবার কথা।]

১৬ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৬ সালের ২ আইনমতে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া কলিকাতা নগরের ও কলিকাতার শাখা নগরের যে সীমা যে সময়ে প্রকাশ করেন, এই আইন প্রচলিত হইলে ইহার ৭ ও ১১ ধারার বিধান সেই সীমামতে সেই নগরে ও শাখানগরে বর্ত্তিবে। এবং এই আইন প্রচলিত হইলে পর ইহার ১৩ ধারার বিধান উক্ত সমুদয় দেশে বর্ত্তিবে ইতি।

[বঙ্গদেশীয় ১৮৬৬ সালের ২ ও ৪ আইনের কএক ধারা অগৌণে ও ভাবিকাৰ্য্যপক্ষে রহিত হইবার কথা।]

১৭ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৬ সালের ২ আইনের ৩২ ধারা এবং ঐ কর্ত্তৃপক্ষের প্রচলিত ১৮৬৬ সালের ৪ আইনের ৫২ ধারা এই আইন প্রচলিত হইবার সময়াবধি রহিত করা যাইবে ও রহিত থাকিবে। এবং এই আইন কলিকাতার শাখানগরে প্রচলিত হইলে, ১৮৬৬ সালের উক্ত ২ আইনের ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ও ৩০, ধারা তৎকালাবধি রহিত হইবে ও রহিত থাকিবে ইতি।

জে পি কেনেডি.
বঙ্গদেশের গবর্ণমেন্টের ব্যবস্থাপক সভার
আসিষ্টান্ট সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ১৬ আপ্রিল।]

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 30th March 1867, and was referred to a Select Committee who are to report thereon after the 3rd of May next:—

A Bill to amend Act III of 1863 *and Act VI of* 1865, *passed by the Lieutenant-Governor of Bengal in Council.*

[Preamble.]

WHEREAS it is expedient to consolidate and amend the law regulating the passage and transport of native laborers from or through the Provinces subject to the Government of Bengal, to the Districts of Assam, Cachar, and Sylhet, and regulating the manner of engaging and contracting with native inhabitants of the said Provinces to proceed to the said Districts for the purpose of laboring for hire, and providing for the protection of the persons so proceeding, and for the enforcement of the contracts entered into by them with the persons whom they shall have engaged to serve for hire: It is enacted as follows:—

[Interpretation.]

I. The following words in this Act shall have the meanings hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction, (that is to say)—

[" Magistrate."]

The word "Magistrate" in this Act shall mean any Magistrate of Police for the Town of Calcutta, and any Magistrate or other Officer exercising any of the powers of a Magistrate.

[" Contractor."]

The word "Contractor" in this Act shall be taken to mean, as well a person who contracts for the supply of laborers to others, as a person who employs Recruiters to engage and supply laborers for the purpose of serving such person himself.

[" Steamer "]

The word "Steamer" shall include any vessel propelled by steam, and any flat or barge towed by a steamer.

[" India."]

The word "India" shall mean any of the territories which are or may become vested in Her Majesty by the Statute 21 and 22 Vic., cap. 106 entitled "An Act for the better Government of India."

[" Laborer."]

The word "Laborer" means any laborer, artisan, or mechanic, who has heretofore entered into, or shall hereafter, under the provisions of this Act, enter into, a contract by which he has been or shall be conveyed to the place of labor at the

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় ১৮৬৭ সালের মার্চ মাসের ৩০ তারিখে পাঠ করা গিয়াছিল। তাহা বিশেষ কমিটীর প্রতি অর্পিত হইয়াছে। তাঁহারা আগামি মে মাসের ৩ তারিখের পর তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচারিত ১৮৬৩ সালের ৩ আইন এবং ১৮৬৫ সালের ৬ আইন সংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

দেশীয় মজুরেরা বঙ্গদেশের গবর্ণমেন্টের শাসিত দেশহইতে কি সেই দেশ দিয়া আসামে ও কাছাড়ে ও শ্রীহট্টে গেলে তাহাদের গমনের ও প্রেরণের বিধান, এবং পূর্ব্বোক্ত জিলাতে বেতনের নিমিত্তে মজুরী করিবার জন্যে উক্ত দেশীয় লোকদিগের যাইবার নিয়মের ও চুক্তির বিধান এবং তদ্রূপ গমনশীল ব্যক্তিদের রক্ষা করিবার ও তাহারা বেতনের নিমিত্তে যে ব্যক্তিদের সেবা করিতে করার করিয়াছে তাহাদের সঙ্গে যে চুক্তি করে তাহা প্রবল করাইবার বিধান সংগ্রহ ও সংশোধন করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[অর্থ করণের ধারা।]

১ ধারা। এই ধারাতে এই আইনগত নিম্ন লিখিত শব্দের যে অর্থ করা গেল পূর্ব্বাপর কথার সঙ্গে অসঙ্গত না হইলে সেই কথার সেই অর্থ করিতে হইবে।

" মাজিষ্ট্রেট।"

এই আইনেতে মাজিষ্ট্রেট শব্দে কলিকাতা নগরের পোলীসের কোন মাজিষ্ট্রেটকে এবং কোন মাজিষ্ট্রেটকে কিম্বা অন্য যে কার্য্যকারক মাজিষ্ট্রেটের কোন ক্ষমতানুসারে কার্য্য করেন তাঁহাকে বুঝাইবে।

" কনট্রাক্টর।"

যে ব্যক্তি অন্যদের নিমিত্তে মজুর যুটাইবার চুক্তি করে এই আইনগত কনট্রাকটর শব্দে তাঁহাকে বুঝাইবে এবং যে ব্যক্তি আপনার নিকট কর্ম্ম করিবার জন্যে মজুরদিগকে চুক্তিক্রমে করার করিয়া যুটাইবার মজুর সংগ্রাহককে নিযুক্ত করেন তাঁহাকেও বুঝাইবে।

" ষ্টীমর।"

ষ্টীমর শব্দের মধ্যে বাষ্পদ্বারা চালিত কোন জাহাজ এবং ষ্টীমর দ্বারা আকৃষ্ট কোন পোত কি নৌকা গণ্য।

" ভারতবর্ষ।"

ভারতবর্ষের সুশাসনার্থ আইন নামক মহারাণী বিকটোরিয়ার ২১ ও ২২ বৎসরের আইনের ১০৬ অধ্যায়মতে যে দেশ শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি বর্ত্তিয়াছে কি বর্ত্তে ভারতবর্ষ শব্দে তন্মধ্য কোন দেশ বুঝায়।

" মজুর।"

যে মজুর কি শিল্পি কি কর্ম্মকার এই আইনের বিধানমতে কোন চুক্তি করিয়াছে কি করিবে, ও সেই চুক্তিক্রমে যাহাকে চুক্তিকারি মনিবের খরচে পরিশ্রম করিবার স্থানে উপস্থিত করা গিয়াছে কি করা যাইবে, ও যাহার সেই চুক্তি রহিত কি স্থগিত

xpense of the employer contracting and whose contract has not been dissolved or suspended.

["Inspector."]

The term "Inspector" includes any Officer appointed by the Lieutenant-Governor of Bengal to perform all or any of the duties of an Inspector under this Act.

[Number.]

Words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number.

[Gender.]

Words importing the masculine gender shall include the feminine.

[Natives of India shall be engaged to proceed to Assam, &c., and shall be conveyed there only under this Act. Penalty. Proviso.]

II. From and after the commencement of this Act, whoever shall, otherwise than under the provisions of this Act, engage any native inhabitant of India in any of the Provinces subject to the Government of Bengal, to proceed to any or either of the Districts of Assam, Cachar, or Sylhet for the purpose of laboring there for hire; and whoever shall, otherwise than under the provisions of this Act, convey any native inhabitant of India through any of the said Provinces to any or either of the Districts aforesaid for the purpose of laboring there for hire; shall be liable to a fine not exceeding two hundred Rupees for every person so engaged or conveyed, and in default of payment of such fine shall be liable to imprisonment for a term not exceeding six months. Provided always that, save as hereinafter is expressly mentioned, nothing in this Act shall apply to any engagement made in any or either of the said Districts of Assam, Cachar, and Sylhet.

[Lieutenant-Governor may appoint Superintendents of Labor Transport and Medical Inspector of Laborers.]

III. For the purposes of this Act, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal to appoint Superintendents of Labor Transport, and Medical Inspectors of Laborers, at any places where he may think proper: and whenever any Superintendent or Medical Inspector shall be so appointed, the Lieutenant-Governor of Bengal shall, by Notification in the *Calcutta Gazette*, define the local limits within which such Superintendent or Medical Inspector shall exercise the powers and authority conferred on him by this Act. When such local limits shall have been so defined, no other Superintendent or Medical Inspector shall, within those limits, exercise any of the powers vested in a Superintendent or Medical Inspector by this Act.

হয় নাই মজুর শব্দে তাহাকে বুঝাইবে।

"ইনিস্পেকটর।"

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এই আইনমতে ইনিস্পেকটরের সকল কি কোন কর্ম্ম সম্পাদনার্থে যে কর্ম্মকারককে নিযুক্ত করেন ইনিস্পেকটর শব্দের মধ্যে তিনিও গণ্য।

"বচন"

এক বচনান্ত শব্দের মধ্যে বহুবচনান্ত শব্দে গণ্য ও বহুবচনান্ত শব্দের মধ্যে এক বচনান্ত শব্দ গণ্য।

"লিঙ্গ।"

পুরুষ বোধক শব্দের মধ্যে স্ত্রীগণও গণ্য ইতি।

[ভারতবর্ষীয় লোকদের সঙ্গে আসাম প্রভৃতি দেশে যাইবার করার ও তাঁহাদের প্রেরণ কার্য্য কেবল এই আইনমতে হইবার কথা ও দণ্ডের কথা ও উপবিধি।]

২ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি যদি কোন ব্যক্তি বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন কোন দেশে বেতনের নিমিত্তে মজুরি করিবার জন্যে আসাম কি কাছাড় কি ছিলট জিলাতে কি তন্মধ্য অন্যতর জিলাতে যাইবার নিমিত্তে ভারতবর্ষীয় কোন ব্যক্তিকে এই আইনের বিধানভিন্ন অন্য বিধিমতে স্থির করেন, এবং যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত কোন জিলাতে বেতনের মতে মজুরী করিবার জন্যে এই আইনের বিধানভিন্ন অন্য বিধানমতে উক্ত কোন দেশ দিয়া ভারতবর্ষীয় কোন ব্যক্তিকে লইয়া যান, তবে তদ্রূপে যত ব্যক্তিকে স্থির করেন ও যত ব্যক্তিকে চালান করেন তত ব্যক্তিপ্রতি তাহার দুই শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড, ও সেই অর্থদণ্ড না দিলে ছয় মাসপর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে। কিন্তু উক্ত আসাম কি কাছাড় কি ছিলট জিলার মধ্যেই যে করার করা যায় নিম্নভাগের স্পষ্টরূপে বর্ণিত স্থলভিন্ন এই আইনের কোন কথা তাহার প্রতি বর্ত্তিবে না ইতি।

[মজুরদিগকে লইয়া যাইবার সুপরিন্টেণ্ডেণ্টদিগকে ও মজুরদের পরিদর্শনকারি চিকিৎসকদিগকে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিযুক্ত করিবার কথা।]

৩ ধারা। এই আইনের কার্য্যার্থে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে২ স্থান উচিত বোধ করেন সেই২ স্থানে মজুরদিগকে প্রেরণ করিবার কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্টদিগকে এবং পরিদর্শনকারি চিকিৎসকদিগকে নিযুক্ত করিবেন। কোন সুপরিন্টেণ্ডেণ্ট কি পরিদর্শনকারি চিকিৎসক তদ্রূপে নিযুক্ত হইলে এই আইনক্রমে যে ক্ষমতা ও শক্তি প্রাপ্ত হন তদনুসারে দেশগত যে সীমার মধ্যে কার্য্য করিতে পারিবেন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ পূর্ব্বক সেই সীমা নিরূপণ করিবেন। দেশগত সেই সীমা তদ্রূপে নির্দ্ধারিত হইলে পর সেই সীমার মধ্যে তিনি ভিন্ন অন্য কোন সুপরিন্টেণ্ডেণ্টের কি পরিদর্শনকারি চিকিৎসক সুপরিন্টেণ্ডেণ্টের কি পরিদর্শনকারি চিকিৎসকের প্রতি এই আইনদ্বারা প্রদত্ত কোন ক্ষমতাক্রমে কর্ম্ম করিতে পারিবেন না ইতি।

[No person not licensed as a Contractor or Recruiter may engage or Contract to supply laborers. Penalty.]

IV. Whoever, not being duly licensed as a Contractor or Recruiter as hereinafter provided, shall engage or induce, save through or by the agency of a licensed Contractor, any native inhabitants of India to proceed to the Districts of Assam, Cachar, or Sylhet for the purpose of laboring therein for hire; and whoever, not being a Contractor so licensed, shall enter into any contract or agreement to supply any such native inhabitants for the purpose of laboring for hire in those Districts or any or either of them; and whoever, not being a Recruiter so licensed, shall enter into any contract or agreement to engage or induce, or shall attempt to engage or induce, any such native inhabitants to proceed to any of those Districts for the purpose aforesaid—shall be liable for each offence to a fine not exceeding one thousand Rupees, and in default of payment thereof, to imprisonment for a term not exceeding six months.

[Superintendent may grant license to Contractors.]

V. It shall be lawful for any Superintendent appointed under this Act to grant to such persons as he may think fit licenses, in the form set forth in Schedule (A) to this Act annexed, to act as Contractors for engaging or supplying persons for the purpose of laboring for hire in the Districts of Assam, Cachar, and Sylhet, or any or either of them. For every such license a fee not exceeding one hundred Rupees (the amount of which shall from time to time be fixed by the Government of Bengal) shall be paid to the Superintendent granting the same; and every such license shall be in force for one year and no longer.

[Contractors shall keep up depôts, and receive and maintain laborers therein.]

VI. Every Contractor licensed under this Act shall, if and when called on so to do by the Superintendent by whom he is licensed, establish a depôt in a place to be approved of by such Superintendent. Every such depôt shall be kept up by the Contractor for the reception of native inhabitants of India to be supplied or forwarded by or through him. All such native inhabitants shall, on their arrival at or in the neighbourhood of the depôt so established by the Contractor by, through, or for, whom they have been engaged or forwarded, be at once taken to, and received into it, and shall be entitled to receive in such depôt, at the expense of such Contractor, suitable lodging, food,

[কন্ট্রাক্টরের কি মজুরসংগ্রাহকের কর্ম্ম করিবার অনুমতিপত্রভিন্ন মজুরদিগকে যুটাইয়া দিবার করার কি চুক্তি না হইবার কথা ও দণ্ডের কথা।]

৪ ধারা। যদি কোন ব্যক্তি নিম্নলিখিত বিধানমতে নিয়মিতরূপে কন্ট্রাক্টর কি মজুরসংগ্রাহক হইবার অনুমতি না পাইয়া, অনুমতিপ্রাপ্ত কন্ট্রাক্টরব্যতীত আসাম কি কাছাড় কি ছিলট জিলাতে বেতনের নিমিত্তে মজুরী করিতে ভারতবর্ষীয় কোন লোককে স্থির করেন কি লওয়ান এবং উক্ত প্রকার অনুমতিপ্রাপ্ত কনট্রাকটর না হইয়া যদি কোন ব্যক্তি উক্ত সকল কি অন্যতর জিলাতে বেতনের নিমিত্তে পরিশ্রম করিবার জন্যে উক্ত দেশীয় লোকদিগকে যুটাইয়া দিবার কোন চুক্তি কি করার করেন এবং উক্ত প্রকার অনুমতিপত্রপ্রাপ্ত সংগ্রাহক না হইয়া যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত অভিপ্রায়ে উক্ত কোন জিলাতে যাইবার জন্যে উক্ত দেশীয় কোন ব্যক্তিকে স্থির করিতে কি লওয়াইতে কোন চুক্তি কি নিয়ম করেন, কিম্বা তাহাদিগকে স্থির করিতে কি লওয়াইতে উদ্যোগ করেন, তবে উক্ত প্রত্যেক অপরাধের জন্যে সেই ব্যক্তির এক সহস্র টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ও দণ্ডের টাকা না দিলে তাঁহার ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[কন্ট্রাকটরদিগকে সুপরিন্টেণ্ডেন্টের অনুমতিপত্র দিতে পারিবার কথা।]

৫ ধারা। এই আইনমতে যিনি সুপরিন্টেণ্ডেন্টের পদে নিযুক্ত হন তিনি আসাম ও কাছাড় ও ছিলট জিলাতে কিম্বা তন্মধ্যে কোন জিলাতে বেতনের নিমিত্তে পরিশ্রম করিবার জন্যে লোকদিগকে স্থির করিবার কি যুটাইবার কন্ট্রাকটরের কর্ম্ম করিতে যাঁহাদিগকে উপযুক্ত বোধ করেন তাঁহাদিগকে এই আইনের A চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট পাঠে অনুমতি পত্র দিতে পারিবেন। যে সুপরিন্টেণ্ডেন্ট তদ্রূপ প্রত্যেক অনুমতিপত্র প্রদান করেন বঙ্গদেশের গবর্ণমেণ্ট তাহার জন্যে সময়েং এক শত টাকার অনধিক যত ফী নির্দ্ধার্য্য করেন ঐ সুপরিন্টেণ্ডেণ্টকে তত দেওয়া যাইবে। তদ্রূপ প্রত্যেক অনুমতিপত্র এক বৎসর প্রবল থাকিবে অধিক কাল নয় ইতি।

[কন্ট্রাক্টরদের আড্ডা রাখিবার এবং সেই আড্ডাতে মজুরদিগকে গ্রহণ ও আহারাদি দিবার কথা।]

৬ ধারা। এই আইনমতে অনুমতিপত্রপ্রাপ্ত প্রত্যেক কনট্রাকটর যে সুপরিন্টেণ্ডেন্টের স্থানে অনুমতিপত্রপ্রাপ্ত হন তিনি তাঁহাকে আজ্ঞা করিলে, যে স্থানের অনুমোদন করেন কন্ট্রাক্টর সেই স্থানে আড্ডা করিবেন। উক্ত কন্ট্রাক্টরকর্ত্তৃক কি তাঁহার দ্বারা ভারতবর্ষীয় যে লোকদিগকে যুটাইয়া দেওয়া যায় কি চালান করা যায় তাহাদের থাকিবার জন্যে ঐ কন্ট্রাক্টর ঐ আড্ডা রক্ষা করিবেন। উক্ত প্রকার যে কন্ট্রাক্টরের দ্বারা কি যাঁহার নিমিত্তে তদ্রূপ দেশীয় লোকদিগকে স্থির করা গিয়াছে কি পাঠান গিয়াছে তাহারা ঐ কন্ট্রাক্টরের স্থাপিত আড্ডাতে কি তাহার নিকটে পৌঁছিলে তাহাদিগকে তৎক্ষণাৎ সেই আড্ডায় লওয়া যাইবে ও গ্রহণ করা যাইবে এবং তাহারা ঐ কন্ট্রাক্টরের খরচে সেই আড্ডার মধ্যে উপযুক্ত বাসস্থান ও আসাচ্ছাদন ও চিকিৎসা পাইবার স্বত্ববান হইবে,

clothing, and medical attendance, until such native inhabitants shall be declared by the Superintendent to be no longer entitled thereto. Every such depôt as aforesaid shall be under the supervision of the Superintendent, and shall be open to his inspection, and to the inspection of the Medical Inspector, at all times, and shall be managed and regulated by the Contractor in accordance with such rules as the Superintendent may, with the sanction of the Lieutenant-Governor of Bengal, from time to time make and publish in the *Calcutta Gazette* in that behalf.

[Contractor to give Superintendent such information as he may require.]

VII. It shall be the duty of every Contractor to afford such information to the Superintendent by whom he is licensed, and to make such returns and reports to him, as such Superintendent may from time to time require.

[It shall not be lawful to employ an unlicensed Recruiter or Agent.]

VIII. It shall not be lawful for any person, whether a licensed Contractor or otherwise, to employ any person, not duly licensed as hereinafter provided, to act as a Recruiter or Agent in inducing or engaging natives of India to proceed, from or through any of the Provinces subject to the Government of Bengal, to the Districts of Assam Cachar, or Sylhet for the purpose of laboring for hire in those Districts.

[Superintendent may license Recruiters.]

IX. It shall be lawful for any Superintendent to grant to such persons as he may think fit licenses, in the form set forth in the Schedule (B) to this Act annexed, to act as Recruiters for engaging or inducing persons to proceed to the Districts of Assam, Cachar, or Sylhet for the purpose of laboring for hire. For every such license a fee not exceeding sixteen Rupees (the amount of which shall from time to time be fixed by the Government of Bengal) shall be paid to the Superintendent granting the same, and every such license shall be in force for one year and no more.

[Superintendent may cancel the license of a Contractor or Recruiter.]

X. It shall be lawful for any Superintendent, in case of misconduct on the part of a Contractor or Recruiter, to cancel any license which he may have granted to such Contractor or Recruiter.

[Recruiter to wear a badge.]

XI. Every person holding a license as Recruiter shall wear a badge having legibly inscribed upon it, in the Ooriloo and Bengalee languages, the name of the District or

এবং সুপরিন্টেণ্ডেণ্ট যত কাল তাহাদের সেই স্বত্ব রহিত প্রকাশ না করেন তত কাল পর্যন্ত তদ্রূপে স্বত্ববান হইবে। পূর্ব্বোক্ত প্রকারের আডডা সুপরিন্টেণ্ডেন্টের তত্ত্বাধীন থাকিবে ও তাঁহার এবং পরিদর্শনকারি চিকিৎসকের দর্শনার্থে সর্ব্ব সময়ে খোলা থাকিবে। এবং উক্ত সুপরিন্টেণ্ডেণ্ট বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে সময়ে২ যে বিধি প্রণয়ন করিয়া কলিকাতা গেজেটে প্রকাশ করেন, কন্ট্রাকুটর তদনুসারে ঐ আডডার কার্য্য ও বিধান করিবেন ইতি।

[সুপরিন্টেণ্ডেন্টের যে সন্ধান প্রয়োজন কন্ট্রাকুটরের তাহা দিবার কথা।]

৭ ধারা। যে সুপরিন্টেণ্ডেন্টের স্থানে কন্ট্রাকুটর অনুমতিপত্র প্রাপ্ত হন তিনি সময়ে২ কোন সন্ধান জানিতে চাহিলে ঐ কন্ট্রাকুটর তাঁহাকে তাহা জানাইবেন ও তিনি যে রিপোর্ট ও রিটর্ণ চাহেন তাহা দিবেন ইতি।

[যে সংগ্রাহকের কি এজেন্টের অনুমতিপত্র নাই তাঁহাকে কর্ম্ম না দিবার কথা।]

৮ ধারা। যে ব্যক্তি নিম্নলিখিত বিধানমতে নিয়মিতরূপে অনুমতিপত্র পান নাই, অনুমতিপত্র প্রাপ্ত কন্ট্রাকুটর কি অন্য কোন ব্যক্তি তাঁহাকে আসামে কি কাছাড়ে কি ছিলটে বেতনের নিমিত্তে মজুরী করিবার জন্যে বঙ্গদেশের গবর্ণমেন্টের অধীন কোন প্রদেশহইতে কি দিয়া সেই২ জিলাতে গমনার্থে ভারতবর্ষীয় কোন লোকদিগকে প্রবৃত্তি দিবার কি স্থির করিবার জন্যে সংগ্রাহকের কি এজেন্টের কর্ম্ম দিবেন না ইতি।

[মজুর সংগ্রাহকের অনুমতিপত্র সুপরিন্টেণ্ডেন্টের দিতে পারিবার কথা।]

৯ ধারা। কোন সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব যাঁহাদিগকে উপযুক্ত বোধ করেন তাঁহাদিগকে মজুরসংগ্রাহক হইয়া বেতনের জন্যে মজুরী করিবার লোকদিগকে আসাম কি কাছাড় কি ছিলট জিলাতে যাইতে স্থির করিবার কি লওয়াইবার কর্ম্ম করণার্থে এই আইনের (B) চিহ্নিত তফসীলের লিখিত পাঠে অনুমতিপত্র দিতে পারিবেন। তদ্রূপ প্রত্যেক অনুমতিপত্রের নিমিত্তে বঙ্গদেশের গবর্ণমেণ্ট সময়ে২ ষোল টাকার অনধিক যে হার নিরূপণ করেন তদনুসারে ঐ অনুমতিপত্রদায়ক সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে ফী দেওয়া যাইবে ও তদ্রূপ প্রত্যেক অনুমতিপত্র কেবল এক বৎসর বলবৎ থাকিবে অধিক কাল নয় ইতি।

[কন্ট্রাকুটরের কি মজুরসংগ্রাহকের অনুমতিপত্র সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের রহিত করিতে পারিবার কথা।]

১০ ধারা। যদি কন্ট্রাকুটর কি মজুরসংগ্রাহক অত্যাচার করে, তবে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব সেই কন্ট্রাকুটরকে কি মজুরসংগ্রাহককে যে অনুমতিপত্র দিয়াছেন তাহা রহিত করিতে পারিবেন ইতি।

[মজুরসংগ্রাহকের চাপরাস পরিতে হইবার কথা।]

১১ ধারা। কোন ব্যক্তি মজুরসংগ্রহ করিবার অনুমতিপত্র পাইলে চাপরাস পরিবে। যে জিলাতে কি যেং জিলাতে মজুরসংগ্রহ করণার্থে গমন করিবার অনুমতিপত্র পান, সেই জিলার কি সেইং জিলার নাম

Districts to which he is licensed to engage laborers to proceed.

[Recruiter to obtain counter-signature of Magistrate.]

XII. No Recruiter shall engage or attempt to engage native inhabitants of India to become laborers in any District of the said Provinces without having first exhibited his license to the Magistrate in charge of such District and obtained his counter-signature thereon: nor shall he engage or attempt so to engage such native inhabitants in the Town of Calcutta, without having first exhibited his license to a Magistrate of the said Town, and obtained his counter-signature thereon.

[Local Depots.]

XIII. Every house, building, or erection which shall be used or occupied by any natives of India, engaged by any Recruiter to become laborers, while proceeding to any depôt, shall, while so used or occupied, be deemed a local depôt.

[Magistrate to have powers of Superintendent over Local Depôts.]

XIV. The Magistrate in charge of any District or Sub-Division of a District in which there may be any such local depôt shall have, for the supervision, management, and regulation of every such local depôt, all such and the same powers and authorities as are vested in a Superintendent of Labor Transport, for the supervision, management, and regulation of depôts within the local limits subject to the powers and authority of such Superintendent.

[Magistrate to require establishment of local depôt before countersigning license of Recruiter.

XV. No Magistrate to whom any such license shall have been exhibited for counter-signature, shall countersign the same until the Recruiter exhibiting the same shall have satisfied such Magistrate that a sufficient local depôt for the accommodation of native inhabitants of India to be engaged by such Recruiter to become laborers has been provided, and is available for the accommodation of such native inhabitants so engaged by such Recruiter, and, subject to the aforesaid provision, such Magistrate shall countersign every license pre-

ঐ চাপরাসে উর্দ্দু ও বাঙ্গলা ভাষায় সুপাঠ্যরূপে লেখা থাকিবে ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবকর্তৃক তাঁহার অনুমতিপত্র স্বাক্ষরিত হইবার কথা।]

১২ ধারা। মজুরসংগ্রাহক পূর্ব্বোক্ত প্রদেশের কোন জিলাতে মজুরদিগকে সংগ্রহ করিতে গেলে, সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আপনার অনুমতিপত্র না দেখাইলে, ও মাজিষ্ট্রেট সাহেব তাহাতে স্বাক্ষর না করিলে সেই জিলার মধ্যে ভারতবর্ষীয় ব্যক্তিদিগকে স্থির করিতে কি স্থির করিবার উদ্যোগ করিতে পারিবেন না। কলিকাতা নগরের কোন মাজিষ্ট্রেটকে আপনার অনুমতিপত্র না দেখাইলে ও তিনি তাহাতে স্বাক্ষর না করিলে ঐ মজুরসংগ্রাহক কলিকাতা নগরেও তদ্দেশীয় লোকদিগকে মজুরী করিতে স্থির করিবেন না ও করিবার উদ্যোগ করিবেন না ইতি।

[স্থানীয় আড্ডার কথা।]

১৩ ধারা। কোন সংগ্রাহক ভারতবর্ষীয় যে ব্যক্তিদিগকে মজুরী করিতে স্থির করে, তাহারা কোন আড্ডায় যাইবার সময়ে পথে যত কাল যে ঘরের কি কোটার কি চালার ব্যবহার করে কি যে গৃহাদিতে থাকে, তত কাল ঐ গৃহাদি স্থানীয় আড্ডা জ্ঞান হইবে ইতি।

[স্থানীয় আড্ডার উপর মাজিষ্ট্রেটের প্রতি সুপরিণ্টেণ্ডেণ্টের ক্ষমতা থাকার কথা।]

১৪ ধারা। স্থানীয় আড্ডার তত্ত্বাবধারণ ও কর্ম্মসম্পাদন ও বিধান করণার্থে মজুরদিগকে চালান করিবার সুপরিণ্টেণ্ডেণ্টের যে শক্তি ও ক্ষমতা আছে পূর্ব্বোক্ত কোন স্থানীয় আড্ডা যে জিলার কি জিলার যে বিভাগের মধ্যে থাকে, তাহাতে যে মাজিষ্ট্রেটের কর্তৃত্ব আছে তিনিও সেই সুপরিণ্টেণ্ডেণ্টের শক্তি ও ক্ষমতাধীনস্থানে ঐ আড্ডার তত্ত্বাবধারণ ও কর্ম্মসম্পাদন ও বিধান করণার্থে তত্তুল্য শক্তি ও ক্ষমতাপ্রাপ্ত হইবেন ইতি।

[মজুর সংগ্রাহকের অনুমতিপত্রে স্বাক্ষর করিবার পূর্ব্বে স্থানীয় আড্ডা স্থাপন করিতে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা করিবার কথা।]

১৫ ধারা। কোন মজুরসংগ্রাহক মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আপনার অনুমতিপত্র স্বাক্ষর করাইবার জন্যে আসিলে, সেই মজুরসংগ্রাহক ভারতবর্ষীয় যে ব্যক্তিদিগকে মজুরী করিতে স্থির করেন, তাহাদের অক্লেশে থাকিবার জন্যে স্থানীয় উপযুক্ত আড্ডা স্থাপন হইয়াছে ও যে মজুরদিগকে স্থির করেন তাহাদের থাকিবার জন্যে ঐ স্থান প্রস্তুত আছে, যদি মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে ইহা স্থাত না করেন, তবে তিনি ঐ অনুমতিপত্রে স্বাক্ষর করিবেন না। উক্ত নিয়ম পালন হইলে, অনুমতিপত্র যত কাল প্রবল থাকে তত কালের মধ্যে স্বাক্ষর

sented to him for counter-signature during such time as such license shall be in force.

[Laborer recruited in the Mofussil shall appear before Magistrate for examination and egistration. Copy of Register to be sent to the Superintendent.]

XVI. Every native inhabitant of India who shall, in any place within the said Provinces other than the Town of Calcutta, enter into any engagement with a Recruiter to proceed to the Districts of Assam, Cachar, or Sylhet for the purpose of laboring for hire, shall, when called on by the Recruiter so to do, appear with the Recruiter before any Magistrate in the District within which the engagement was entered into. Upon so appearing, the Recruiter shall state to the Magistrate to what depôt he intends that such native inhabitant shall proceed, and the Magistrate shall thereupon examine such native inhabitant with reference to his engagement, and fully explain the same to him; and if it appears that his comprehends the nature of the engagement he has entered into, and that he is willing to fulfil the same, the Magistrate shall register the name of such native inhabitant, and the depôt to which it is intended he shall proceed, in a book to be kept for the purpose in such form as the Lieutenant-Governor of Bengal shall prescribe: but if the Magistrate shall be of opinion that such native inhabitant does not comprehend the nature of his engagement, or that he has been induced to enter into it by fraud or misrepresentation, he shall refuse to register the name of such native inhabitant. An authentic copy of every registration made under this Section, shall be forthwith forwarded by the Magistrate to the Superintendent within the local limits of whose authority the depôt to which such registration relates is situated.

[Recruiter, bringing laborer to engage in a District to which he does not belong, may be fined.]

XVII. If, upon any examination made in accordance with the last preceding Section, it shall appear that any native of, or person residing in, any District in the Provinces under the control of the Lieutenant-Governor of Bengal, brought before the Magistrate by a Recruiter or otherwise, is not a native of the District in which the examination has been conducted, and has not resided there a reasonable time for purposes of his own, or come there of his own accord to seek for employment, but has been brought thither from another district in the said Provinces with the view of prevailing upon him to enter into an engagement there, it shall be lawful for the Magistrate to fine the Recruiter such sum as, in the judgment of the

করিবার জন্যে কোন সময়ে উপস্থিত করা গেলে, মাজিষ্ট্রেট সাহেব তাহাতে স্বাক্ষর করিবেন ইতি।

[মফঃসল দেশে যে মজুরকে স্থির করা যায় তাহাকে জিজ্ঞাসাবাদ করিবার ও তাহার নাম রেজিষ্টরী হইবার জন্যে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হইবার কথা ও রেজিষ্টরের নকল সুপরিণ্টেণ্ডেণ্টের নিকটে পাঠাইবার কথা।]

১৬ ধারা। ভারতবর্ষীয় কোন ব্যক্তি যদি কলিকাতা নগরভিন্ন উক্ত প্রদেশের কোন স্থানে আসাম কি কাছাড় কি ছিলট জিলাতে বেতনের জন্যে পরিশ্রম করিবার নিমিত্তে গমন করিতে মজুর-সংগ্রাহকের সঙ্গে করার করে, তবে সেই সংগ্রাহক আজ্ঞা করিলে মজুর যে জিলার মধ্যে করার করিয়াছে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ঐ মজুরসংগ্রাহকের সঙ্গে গমন করিবে। মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হইলে, যে আডডাতে ঐ ব্যক্তিকে গমন করাইতে সংগ্রাহকের মনস্থ থাকে, তাহা তিনি মাজিষ্ট্রেট সাহেবকে জ্ঞাত করিবেন। মাজিষ্ট্রেট সাহেব সেই করার বিষয়ে তাহাকে জিজ্ঞাসা করিবেন, ও তাহার ভাব তাহাকে বুঝাইয়া দিবেন। ও মজুর যে করার করিয়াছে তাহার ভাব বুঝিতে পারিয়াছে ও তদনুসারে কার্য্য করিতে ইচ্ছুক হইয়াছে, মাজিষ্ট্রেট সাহেব ইহা জ্ঞান করিলে ঐ ব্যক্তির যে আডডাতে গমন করাইবার অভিপ্রায় হয় সেই আডডার বহীতে তাহার নাম রেজিষ্টর করিবেন। মাজিষ্ট্রেট সাহেব মজুরদের নাম লিখিবার তজ্রূপ এক বহী রাখিয়া বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে তাহাতে লিখিবেন। কিন্তু মজুর ঐ করারের মর্ম্ম বুঝিতে পারে নাই, কিম্বা তাহাকে প্রতারণা করিয়া কি ভুলাইয়া তাহার সঙ্গে সেই করার হইয়াছে মাজিষ্ট্রেট সাহেব যদি ইহা বোধ করেন, তবে সেই ব্যক্তির নাম রেজিষ্টর করিবেন না। উক্ত রেজিষ্টরী করা কথা যে আডডা সম্পর্কীয় হয় সেই আডডা যে সুপরিণ্টেণ্ডেণ্টের সীমার অন্তর্গত থাকে মাজিষ্ট্রেট সাহেব তাঁহার নিকটে এই ধারামতের সকল রেজিষ্টরী কথার প্রতিলিপিতে স্বাক্ষর করিয়া অগৌণে পাঠাইবেন ইতি।

[মজুর যে জিলার লোক নয়, চুক্তি করণার্থ এমন জিলাতে মজুরসংগ্রাহকদ্বারা আনীত হইলে সেই সংগ্রাহকের অর্থদণ্ডের কথা।]

১৭ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের কর্ত্তৃত্বাধীন প্রদেশের অন্তর্গত কোন জিলার লোক কি তন্নিবাসি ব্যক্তি মজুরসংগ্রাহকদ্বারা কি প্রকারান্তরে মাজিষ্ট্রেটের সম্মুখে আনীত হইলে ইহার পূর্ব্ব ধারামতে তাহার জিজ্ঞাসাবাদ হইয়া যদি প্রকাশ পায় যে তাহার পরীক্ষা যে জিলাতে হইয়াছে সে সেই জিলার লোক নয়, ও আপনার কোন অভিপ্রায় সাধনের যথোচিত কাল সেই স্থানে বাস করে নাই, ও সেই স্থানে আপন ইচ্ছামতে কর্ম্মের চেষ্টাতে আইসে নাই, কিন্তু চুক্তি করিতে তাহার প্রবৃত্তি দিবার আশয়ে উক্ত প্রদেশের অন্তর্গত অন্য জিলাহইতে তাহাকে সেই স্থানে আনা গিয়াছে, তবে সেই মজুর যে জিলার লোক, তথায় ফিরিয়া যাইবার জন্যে যত টাকা মাজিষ্ট্রেটের বিবেচনাতে প্রচুর, উক্ত মাজিষ্ট্রেট সেই সংগ্রাহকের তত টাকা

Magistrate may be sufficient to enable such native inhabitant or person to return to the district to which he belongs and to apply such fine to the re-conveyance of such native inhabitant or person to such district.

[Previous Section not to apply to Recruiters bringing laborers from a district not within Bengal.]

XVIII. Every native inhabitant of India who shall come from any Province or District not under the control of the Lieutenant-Governor of Bengal for the purpose of entering into an engagement in a District under such control, shall be taken by the Recruiter, for the purpose of registry under Section XVI. of this Act, before a Magistrate of the District, subject to the control of the Lieutenant-Governor of Bengal, into which such native inhabitant shall first come after his engagement.

[Registration of laborers recruited in Calcutta.

XIX. Every native inhabitant of India who shall, in the Town of Calcutta, enter into any engagement with a Recruiter to proceed to the Districts of Assam, Cachar, or Sylhet for the purpose of laboring there for hire, shall, within forty-eight hours after making such engagement, appear with the Recruiter before the Superintendent having authority in the said Town. Upon so appearing the Recruiter shall state to the Superintendent to what depôt he intends that such native inhabitant shall proceed, and the Superintendent shall thereupon examine such native inhabitant with reference to his engagement, and if it appears that he comprehends the nature of the engagement he has entered into, and that he is willing to fulfil the same, the Superintendent shall register the name of such native inhabitant and the depôt to which it is intended he shall proceed, in a book to be kept for the purpose in such form as the Lieutenant-Governor of Bengal shall prescribe; but if the Superintendent shall be of opinion that such native inhabitant does not comprehend the nature of his engagement, or that he has been induced to enter into it by fraud or misrepresentation, he shall refuse to register the name of such person.

[Penalty for forwarding laborers or allowing them to go without being duly registered, &c.]

XX. Every Recruiter who shall forward or send any native inhabitant of India from the district or town in which he has entered into any engagement until he shall have been duly registered according to the provisions contained in Sections XVI and XIX; or

অর্থদণ্ড করিতে ও সেই ব্যক্তিকে ঐ জিলাতে ফিরিয়া পাঠাইবার নিমিত্তে সেই অর্থদণ্ড প্রয়োগ করিতে পারিবেন ইতি।

[যে মজুরসংগ্রাহক বঙ্গদেশের বহির্ভূত কোন জিলা হইতে মজুরদিগকে আনে, ইহার পূর্ব্বধারা তাহার প্রতি না বর্ত্তিবার কথা।]

১৮ ধারা। ভারতবর্ষীয় যে ব্যক্তি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের উক্ত কর্ত্তৃত্বের অনধীন কোন প্রদেশ কি জিলাহইতে ঐ কর্ত্তৃত্বাধীন কোন জিলাতে মজুরী করিবার চুক্তি করণার্থে আইসে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের কর্ত্তৃত্বাধীন যে জিলাতে ঐ মজুর চুক্তি করণানন্তর প্রথম প্রবেশ করে, মজুরসংগ্রাহক তাহাকে সেই জিলার কোন মাজিষ্ট্রেটের সম্মুখে এই আইনের ১৬ ধারামতে রেজিষ্টরী করাইবার জন্যে উপস্থিত করিবেন ইতি।

[কলিকাতায় যে মজুরদিগকে সংগ্রহ করা যায় তাহদের রেজিষ্টর করণের কথা।]

১৯ ধারা। ভারতবর্ষীয় যে কোন ব্যক্তি বেতনজন্যে মজুরী করিতে আসাম কি কাছাড় কি ছিলট জিলাতে যাইবার জন্যে কলিকাতা নগরের মধ্যে কোন মজুরসংগ্রাহকের সঙ্গে করার করে, সেই ব্যক্তি উক্ত করার করিবার পর আটচল্লিশ ঘণ্টার মধ্যে উক্ত সংগ্রাহকের সঙ্গে উক্ত নগরস্থ ক্ষমতাপ্রাপ্ত সুপরিণ্টেণ্ডেণ্টের সম্মুখে উপস্থিত হইবে। উপস্থিত হইলে, ঐ মজুরসংগ্রাহক উক্ত ব্যক্তিকে যে আড্ডাতে চালান করাইতে মনস্থ করেন, তাহা সুপরিণ্টেণ্ডেণ্টকে জ্ঞাত করিবেন। তাহাতে সুপরিণ্টেণ্ডেণ্ট ঐ করার বিষয়ে ঐ ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করিবেন, ও সে যে করার করিয়াছে তাহার ভাব বুঝিয়াছে ও তদনুসারে কার্য্য করিতে ইচ্ছুক আছে ইহা বোধ করিলে তিনি সেই ব্যক্তির নাম ও তাহাকে যে আড্ডাতে চালান করিবার মনস্থ থাকে সেই আড্ডার নাম লিখিবার এক বহীতে লিখিবেন। ঐ কথা যে পাঠে লিখিতে হইবে তাহা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নিরূপণ করিবেন। কিন্তু সেই ব্যক্তি ঐ করারের মর্ম্ম বুঝিতে পারে নাই, কিম্বা তাহাকে প্রতারণার দ্বারা কি ভুলাইয়া সেই করার করিতে প্রবৃত্ত দেওয়া গিয়াছে, ইহা যদি বোধ করেন, তবে তিনি সেই ব্যক্তির নাম রেজিষ্টর করিতে অস্বীকার করিবেন ইতি।

[মজুরদিগকে উপযুক্তমতে রেজিষ্টর প্রভৃতি না করিয়া পাঠাইবার কি যাইতে দিবার দণ্ডের কথা।]

২০ ধারা। ভারতবর্ষীয় কোন ব্যক্তির নাম এই আইনের ১৬ ও ১৯ ধারার বিধানমতে উপযুক্তরূপে রেজিষ্টর না হইলেও, ঐ ব্যক্তি যে জিলাতে কি নগরে করার করে যদি কোন সংগ্রাহক তাহাকে তথাহইতে চালান করেন কি পাঠান, কিম্বা তাহাকে ঐ জিলা কি নগরহইতে আসাম কি কাছাড় কি ছিলট জিলাতে চলিয়া যাইতে

who shall induce or knowingly permit any such native inhabitant to leave such district or town, for the purpose of proceeding to the Districts of Assam, Cachar, or Sylhet and there laboring for hire without being so duly registered, and every Recruiter who shall forward or send any such native inhabitant, or shall induce or knowingly permit any such native inhabitant to proceed to any depôt other than the depôt registered under those Sections, shall be liable to a fine not exceeding two hundred Rupees for every such native inhabitant so forwarded or sent, or induced or permitted, and in default of payment of such fine, to imprisonment for a term not exceeding six months.

প্রবৃত্তি দেন, কি জানিয়াশুনিয়া অনুমতি দেন, এবং উক্ত দুই ধারামতে যে আড্ডা রেজিষ্টর হইয়াছে যদি কোন মজুরসংগ্রাহক কোন ব্যক্তিকে তদ্ভিন্ন অন্য আড্ডায় চালান করেন কি পাঠান, কিম্বা গমন করিতে প্রবৃত্তি দেন কি জানিয়াশুনিয়া অনুমতি দেন, তবে তদ্রূপ যত ব্যক্তিকে চালান করেন কি পাঠান, কি যাইতে প্রবৃত্তি কি অনুমতি দেন, তাহাদের জন-প্রতি ঐ ব্যক্তি দুই শত টাকার অনধিক দণ্ডের যোগ্য হইবেন, ও দণ্ডের টাকা না দিলে ছয় মাসের অনধিক কাল কারাদণ্ডের যোগ্য হইবেন ইতি।

[Laborer shall be accompanied to depôt by Recruiter or person approved by Magistrate. Recruiter to provide suitable food and lodging, &c.]

XXI. All native inhabitants of India engaged by any Recruiter to proceed to any of the Districts of Assam, Cachar, or Sylhet for the purpose of laboring there for hire, shall, after they have been registered as aforesaid, and while they are proceeding to a depôt, be accompanied throughout the journey, either by the Recruiter himself, or by a competent person appointed by him with the approval of the Magistrate by whom such native inhabitants may have been registered. Every recruiter by or through whom such native inhabitants may be forwarded to a depôt, shall throughout their journey, provide them with proper and suitable lodging and food. Whenever any such native inhabitant shall not be so provided with lodging or food, the Recruiter shall, whether he may or may not have personally accompanied such native inhabitant, be liable to a fine not exceeding two hundred Rupees, and in default of payment of such fine, to imprisonment for a term not exceeding six months.

[আড্ডাপর্য্যন্ত মজুরদের সঙ্গে সংগ্রাহকের কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের গ্রাহ্য ব্যক্তির যাইতে হইবার কথা, ও উপযুক্ত আহারীয় দ্রব্য ও বাসস্থানাদি সংগ্রাহকের দিতে হইবার কথা।]

২১ ধারা। কোন মজুরসংগ্রাহক বেতনের নিমিত্তে মজুরী করিবার জন্যে আসাম কি কাছাড় কি ছিলট জিলাতে যাইবার জন্যে ভারতবর্ষীয় যে সকল ব্যক্তিকে স্থির করিয়াছেন পূর্ব্বোক্তমতে রেজিষ্টর করা গেলে পর তাহারা যে সময়ে আড্ডাতে গমন করিতেছে সেই সময়ে সেই সংগ্রাহক আপনি কিম্বা ঐ লোকদের রেজিষ্টরকারক মাজিষ্ট্রেট সাহেব তাহার নিযুক্ত উপযুক্ত যে ব্যক্তিকে গ্রাহ্য করেন সেই ব্যক্তি ঐ লোকদের সঙ্গে২ সমস্ত পথ যাইবে। যে সংগ্রাহকের দ্বারা ঐ লোকদিগকে কোন আড্ডাতে চালান করা যায়, তাহার সেই মজুরদের গমনীয় সমস্ত পথে উপযুক্ত বাসা ও আহারাদি পাইবার নিয়ম করিতে হইবে। যদি তদ্রূপ কোন লোক উপযুক্ত বাসা কি আহারাদি না পায়, তবে মজুরসংগ্রাহক আপনি তাহারদের সঙ্গে গেলে কি না গেলেও তিনি দুই শত টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবেন, ও সেই দণ্ডের টাকা না দিলে ছয় মাসের অনধিক কাল কারাদণ্ডের যোগ্য হইবেন ইতি।

[Contractor to give the Superintendent notice of arrival of laborers at depôt. Medical Inspector to inspect laborers on arrival.]

XXII. Every Contractor shall, within twenty-four hours after the arrival at his depôt of any native inhabitant of India engaged to proceed to Assam, Cachar, or Sylhet, give to the Superintendent a notice in writing of such arrival, which notice shall be in such form and shall contain such particulars as the Superintendent shall prescribe. Every such native inhabitant shall, as soon as may be after his arrival, be examined by the Medical Inspector, who shall give to the Superintendent a certificate of the state of health of every such native inhabitant examined.

[মজুরেরা আড্ডাতে পঁহুছিলে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে কনট্রাক্টরের সম্বাদ দিবার কথা, ও তাহাদিগকে চিকিৎসকের দৃষ্টি করিতে হইবার কথা।]

২২ ধারা। ভারতবর্ষীয় যে লোকেরা আসাম কি কাছাড় কি ছিলটে যাইবার করার করিয়াছে তাহারা কনট্রাক্টরের আড্ডায় পঁহুছিলে পর ২৪ ঘণ্টার মধ্যে, তিনি সুপারিন্টেণ্ডেণ্ট সাহেবকে তাহাদের পঁহুছিবার সম্বাদ লিখিয়া জানাইবেন। সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব যে পাঠ ও তাহাতে যে বৃত্তান্ত লিখিবার আজ্ঞা করেন তদনুসারে ঐ জ্ঞাপনপত্র লিখিতে হইবেক। ঐ লোক পঁহুছিলে পর চিকিৎসক সাধ্যমতে ত্বরায় তাহাদের প্রত্যেক জনকে দৃষ্টি করিয়া যত লোককে দৃষ্টি করেন সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে সেই প্রত্যেক জনের স্বাস্থ্যের কি অস্বাস্থ্যের সার্টিফিকট দিবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৩। ১১ আপ্রিল।]

[If unable to proceed to Assam, &c., from bad health Contractor to send laborer back to where he was registered.]

XXIII. If the Medical Inspector shall certify that any native inhabitant of India engaged to proceed to Assam, Cachar, or Sylhet is not in a state of health which warrants his proceeding to the said Districts or any of them for the purpose of laboring, the Superintendent shall either order the Contractor, in whose depôt such native inhabitant may be, forthwith to convey him back to the place at which he was registered, or shall order the Contractor to pay to such native inhabitant such sum as shall to the Superintendent seem necessary to enable him to return there: and the Contractor, if so ordered, shall, without unreasonable delay, convey such native inhabitant, or cause him to be conveyed, back to the place at which he was registered. On failure of the Contractor for twenty-four hours to comply with an order of the Superintendent for the payment of such sum of money as aforesaid, it shall be lawful for the Superintendent to advance the same to such native inhabitant, and every sum so advanced shall be recoverable by the Superintendent, with interest at the rate of six per cent per annum from the date of advance, from the Contractor on whose default it may be advanced, as money paid to the use of such Contractor: and no further proof shall be required by any Court in any such case, than that the Superintendent gave the Contractor such order as aforesaid, and that the Contractor for a space of twenty-four hours made default in complying therewith. Provided always that any such native inhabitant who, from his state of health, is, in the Medical Inspector's opinion, unfit to undertake the journey back to the place where he was registered, shall, in addition to his being conveyed back by or at the expense of the Contractor, be entitled to continue in the depôt and to be fed, clothed, and lodged there, by and at the expense of the Contractor, until such time as the Superintendent shall order otherwise.

[Superintendent to examine all laborers as to their treatment on their journey.]

XXIV. The Superintendent shall examine separately each native inhabitant of India engaged to proceed to Assam, Cachar, or Sylhet, as soon as possible after his arrival at a depôt, as to the treatment that he has received on the journey to the depôt: and in case it shall appear that any such native inhabitant has suffered any ill-treatment on the journey, the Superintendent may cause him to be removed from the depôt. The Superintendent may thereupon order the Contractor, from whose depôt such native inhabitant is removed, to pay

[মজুর অস্বাস্থ্য প্রযুক্ত আসাম প্রভৃতি স্থানে যাইতে না পারিলে, যে স্থানে রেজিষ্টর হইয়াছিল সেই স্থানে তাহাকে কন্ট্রাকুটরের পাঠাইতে হইবার কথা।]

২৩ ধারা। ভারতবর্ষীয় যে লোকেরা আসামে কি কাছাড়ে কি শ্রীহট্টে যাইবার করার করিয়াছে, তাহাদের মধ্যে কেহ অস্বাস্থ্য প্রযুক্ত উক্ত কোন জিলাতে মজুরী করিবার নিমিত্তে যাইবার অযোগ্য, চিকিৎসক এই মর্ম্মের সার্টিফিকট দিলে, ঐ লোক যে কন্ট্রাকুটরের আড্ডায় থাকে সুপারিন্টেণ্ডেণ্ট সাহেব তাহাকে আজ্ঞা করিবেন যে, ঐ লোক যে স্থানে রেজিষ্টর হইয়াছিল সেই স্থানে তাহাকে অগৌণে ফিরিয়া পাঠান, অথবা তাহার ফিরিয়া যাইবার জন্যে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যত টাকা আবশ্যক বোধ করেন তত টাকা তাহাকে দেন। ঐ কন্ট্রাকুটর আজ্ঞা প্রাপ্ত হইলে অযুক্তমতে বিলম্ব না করিয়া ঐ লোককে রেজিষ্টরী করিবার স্থানে পাঠাইবেন, কি চালান করাইবেন। যদি ঐ কন্ট্রাকুটর ২৪ ঘণ্টাপর্য্যন্ত সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেবের আজ্ঞামতে ঐ টাকা না দেন, তবে ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আপনি ঐ লোককে সেই টাকা দিতে পারিবেন ও তদ্রূপে যে টাকা দেওয়া যায় তাহা দিবার তারিখঅবধি যে কন্ট্রাকটরের ত্রুটিপ্রযুক্ত দেওয়া গেল তাহার ব্যবহারার্থে দত্ত টাকার ন্যায় সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব শতকরা ছয় টাকার হিসাবে সুদসমেত ফিরিয়া পাইতে পারিবেন। এবং সেই বিষয়ের মোকদ্দমা হইলে, সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব পূর্ব্বোক্ত আজ্ঞা কন্ট্রাকুটরকে দিয়াছিলেন ও কন্ট্রাকটর ২৪ ঘণ্টাপর্য্যন্ত সেই আজ্ঞামতে কর্ম্ম করেন নাই, এইং কথার প্রমাণভিন্ন কোন আদালত অন্য প্রমাণ দিবার আজ্ঞা করিবেন না। পরন্তু যদি কোন লোক চিকিৎসকের বিবেচনামতে অস্বাস্থ্যপ্রযুক্ত রেজিষ্টরী করিবার স্থানে ফিরিয়া যাইতে না পারে, তবে কন্ট্রাকুটরের দ্বারা কি তাঁহার খরচে তাহাকে ফিরিয়া পাঠাইতে হইবার অতিরিক্ত, সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেব যত কাল প্রকারান্তরের আজ্ঞা না করেন ততকালপর্য্যন্ত ঐ মজুর ঐ আড্ডাতে থাকিতে পাইবে, ও কন্ট্রাকুটরের দ্বারা ও তাঁহার খরচে আহার ও বস্ত্র ও বাসা পাইতে পারিবে ইতি।

[ঐ সকল মজুরদের করারপ্রভৃতির বিষয়ে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের স্বতন্ত্র জিজ্ঞাসাবাদ করিবার কথা।]

২৪ ধারা। ভারতবর্ষীয় যে লোকেরা আসামে কি কাছাড়ে কি শ্রীহট্টে যাইবার করার করে তাহারা আড্ডাতে পঁহুছিলে পর, পথে তাহাদের প্রতি যেরূপ ব্যবহার হইয়াছে, সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব তাহাদের পঁহুছিবার পর যথাসাধ্য অগৌণে প্রত্যেক জনকে এই কথা স্বতন্ত্র জিজ্ঞাসা করিবেন। পথিমধ্যে কোন লোকের প্রতি কটু ব্যবহার হইয়াছে ইহা যদি দৃষ্ট হয়, তবে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব তাহাকে আড্ডাহইতে স্থানান্তরে রাখিতে পারিবেন, ও যে কন্ট্রাকুটরের আড্ডাহইতে ঐ লোককে স্থানান্তর করা গিয়াছে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের বিবেচনামতে

him such a sum of money as to the Superintendent shall seem necessary, in order to enable such native inhabitant to return to the place where he was registered: and on failure of the Contractor to pay such sum within twenty-four hours of his being ordered to do so, the Superintendent may advance the amount to such native inhabitant: and all the provisions of the last preceding Section as to sums advanced by the Superintendent shall be applicable, so far as the circumstances of the case will permit, to advances made by him under this Section.

[Every laborer to enter into a written contract to serve for some period not exceeding three years.]

XXV. It shall not be lawful for any native inhabitant of India to be conveyed from any depôt to the Districts of Assam, Cachar, or Sylhet for the purpose of laboring there for hire, unless and until he shall, in the manner hereinafter provided, have entered into a duly registered contract with some person, to serve such person there for a fixed period, which shall in no case exceed the term of three years. Every such contract shall be reduced to writing and shall specify the rate of wages the laborer is to receive, and shall contain such particulars and be in such form as the Lieutenant-Governor of Bengal shall prescribe.

[Lieutenant-Governor to appoint a Committee to settle rates of daily tasks.]

XXVI. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, in every District in Assam, Cachar, and Sylhet in which any laborers may be employed, to appoint three or more persons, of whom the Deputy Commissioner of the District, and at least one employer of laborers or principal agent of such employer shall be two, to be a Committee for the ascertainment and determination of the daily tasks of laborers within such District.

[Committees to settle daily tasks.]

XXVII. It shall be lawful for such Committee from time to time to ascertain and determine the daily task of each kind of work usually performed by laborers in such District, which in the opinion of such Committee ought reasonably to be accomplished by laborer. In case the daily task of any kind of work which could reasonably be accomplished by a laborer should differ in different parts of any District, such Committee shall from time to time determine and ascertain the reasonable daily task of such work in each of such parts.

[Schedule of tasks to be published.]

XXVIII. So soon as such daily tasks shall have been ascertained and determined in any

ঐ লোকের রেজিষ্টরী হইবার স্থানে ফিরিয়া যাইতে যত টাকা আবশ্যক হয় ঐ কন্‌ট্রাক্টরের প্রতি তত টাকা সেই লোককে দিতে আজ্ঞা করিবেন। কন্‌ট্রাক্টর সেই রূপ আজ্ঞা পাইলে পর ২৪ ঘন্টার মধ্যে সেই টাকা না দিলে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ লোককে সেই টাকা দিতে পারিবেন এবং সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের দত্ত ঐ আগাম টাকার বিষয়ে ইহার পূর্ব্ব ধারার সমস্ত বিধান, বিষয় বুঝিয়া যেপর্য্যন্ত খাটিতে পারে এই ধারামতে দত্ত টাকার বিষয়েও সেইপর্য্যন্ত খাটিবে ইতি।

[প্রত্যেক মজুরের তিন বৎসরের অনধিককাল কর্ম্ম করিবার চুক্তি লিখিয়া দিবার কথা।]

২৫ ধারা। ভারতবর্ষীয় কোন লোক আসাম কি কাছাড় কি ছিলট জিলাতে কোন ব্যক্তির নিকটে নিরূপিত কতক কালপর্য্যন্ত কর্ম্ম করিতে তাঁহার সঙ্গে পশ্চাৎ লিখিত বিধানমতে উপযুক্তরূপে রেজিষ্টরী করা কোনো চুক্তি না করিলে, তাহাকে কোন আড্ডা হইতে উক্ত কোন জিলাতে বেতনের জন্যে মজুরী করণার্থে চালান করা যাইতে পারিবে না। কিন্তু তিন বৎসরের অধিক মিয়াদের চুক্তি হইবেক না। তদ্রূপ প্রত্যেক চুক্তি লিখিয়া দেওয়া যাইবেক, ও মজুর যে হিসাবে বেতন পাইবে তাহা তাহাতে নির্দ্দিষ্ট থাকিবে, এবং বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহাতে যে পাঠে যে বিবরণ লিখিতে আজ্ঞা করেন, সেই বিবরণ সেই পাঠে লেখা যাইবে ইতি।

[প্রতি দিন যে হারে কর্ম্ম করিতে হইবে ইহা নিরূপণ করণার্থে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের কমিটী নিযুক্ত করিবার কথা।]

২৬ ধারা। আসাম ও কাছাড় ও ছিলট জিলার অন্তর্গত যে স্থানে মজুরেরা কর্ম্ম করে সেই স্থানে মজুরদের প্রতিদিন যত কর্ম্ম করিতে হইবে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ইহা নির্ণয় ও নিরূপণ করিবার জন্যে তিন কি অধিক জনের কমিটী নিযুক্ত করিবেন। সেই কমিটীর মধ্যে ঐ জিলার ডেপুটী কমিসানর এক জন এবং মজুরদের মনিব কিম্বা তাহার প্রধান কার্য্যকারক এক জন হইবেন ইতি।

[প্রতিদিনের কর্ম্ম কমিটীর নিরূপণ করিবার কথা।]

২৭ ধারা। মজুরেরা উক্ত প্রদেশে যে২ প্রকারের কর্ম্ম করিয়া থাকে এবং কমিটীর বিবেচনায় যুক্তিমতে তাহাদের প্রতিদিন সেইং প্রকারের যত কর্ম্ম করিতে হইবে ঐ কমিটী ইহা সময়েং নির্ণয় ও নিরূপণ করিবেন। যদি মজুরের কোন একি জিলার ভিন্নং স্থানে প্রতিদিন যুক্তিমতে একি হারে একি প্রকারের কর্ম্ম করিতে না পারে তাহা হইলে উক্ত প্রত্যেক স্থানে যুক্তিমতে প্রতিদিন যত কর্ম্ম করা যাইতে পারে ঐ কমিটী ইহা সময়েং নির্ণয় ও নিরূপণ করিবেন ইতি।

[যত কর্ম্ম করিতে হইবে ইহার তফসীল প্রকাশ করিবার কথা।]

২৮ ধারা। কোন জিলাতে প্রতিদিন যত কর্ম্ম করিতে হইবে উক্ত কমিটী ইহা নির্ণয় ও নিরূপণ

District, the said Committee shall publish a Schedule thereof, by posting a copy of such Schedule upon the principal gate of every Court-house and Police Station within such District, and by sending a copy thereof to every employer of laborers within such District.

[Schedule of tasks to be part of contract.]

XXIX. From and after the publication of such Schedule in any District, the daily tasks in such Schedule contained shall, until some new Schedule may be published as hereinbefore is enacted, be the daily tasks to be performed by all Laborers within such District, and shall be deemed to be substituted for the daily tasks mentioned and set forth in the contracts of such laborers.

[Maximum amount of compulsory labor.]

XXX. No laborer shall be bound to serve under his contract for a longer period than three years from the time at which such contract may have been entered into, nor to work on more than six days in one week, nor for more than six hours consecutively, nor for more than nine hours on any one day.

[Contract to be explained by Superintendent and executed in duplicate, and abstract to be entered in a book by Superintendent.]

XXXI. Every contract entered into by any native inhabitant of India for proceeding to any of the Districts of Assam, Cachar, or Sylhet for the purpose of laboring there for hire shall, in the presence of the Superintendent be signed in duplicate both by such native inhabitant and by the person with whom he intends to contract, or his Agent. Before such native inhabitant signs the contract, the Superintendent shall personally explain it to him and shall satisfy himself that he fully understands all its details. The Superintendent shall attest every contract duly executed in his presence, and certify at the foot thereof that he has personally explained the same, and has satisfied himself as aforesaid. An abstract of every such contract shall be entered by the Superintendent in a Register to be kept by him for the purpose: and after such abstract has been so entered, one of the duplicates so duly signed and attested as hereinbefore provided shall be given to the laborer, and the other to the person with whom he has contracted, or his Agent.

[Copy of abstract to be sent to Magistate of District where service is to be performed.]

XXXII. The Superintendent sha'l send by post a copy, authenticated under his hand, of every abstract entered by him as in the last preceding Section provided, to the Magistrate of the District in which the service is

করিলে পর ঐ কর্ম্মের এক তকসীল প্রকাশ করিবেন। অর্থাৎ ঐ জিলার প্রত্যেক কাছারী বাড়ীর ও পোলীস থানার সদর দ্বারে ঐ তকসীলের এক কেতা লটকাইবেন এবং জিলার মধ্যে যেং মনিবের মজুর থাকে তাহাদের প্রত্যেক জনকে একং কেতা দিবেন ইতি।

[কর্ম্মের তকসীল চুক্তির মধ্যে ধরিতে হইবার কথা।]

২৯ ধারা। উক্ত প্রকারের তকসীল কোন জিলার মধ্যে প্রকাশ করা গেলে, ইহার পূর্ব্ব ধারার বিধানানুসারে যত কাল নূতন তকসীল প্রস্তুত না করা যায় তত কাল ঐ জিলার সকল মজুরের সেই তকসীলমতে প্রতিদিন কর্ম্ম করিতে হইবে। মজুরদের চুক্তিপত্রে তাহার প্রতি দিনের কর্ত্তব্য যে কর্ম্ম ব্যক্ত হইয়াছে, ঐ তকসীল তাহার পরিবর্ত্তে হইয়াছে জ্ঞান হইবে ইতি।

[যত কর্ম্ম বলপূর্ব্বক করাণ যাইতে পারে তাহার কথা।]

৩০ ধারা। কোন মজুর যে সময়ে চুক্তিপত্র করিয়াছে সেই সময়াবধি সে ঐ চুক্তিক্রমে তিন বৎসরের অধিক কাল, ও প্রতি সপ্তাহে ছয় দিনের অধিক, ও এক দিনে অবিশ্রামে ছয় ঘণ্টার অধিক, ও সর্ব্বশুদ্ধ নয় ঘণ্টার অধিক কাল কর্ম্ম করিতে বদ্ধ নহে ইতি।

[সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের ঐ চুক্তির অর্থ করিয়া দিতে, ও তাহার দুই কেতা করিতে ও সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের বহীতে তাহার চুম্বক লিখিতে হইবার কথা।]

৩১ ধারা। ভারতবর্ষীয় কোন ব্যক্তি আসাম কি কাছাড় কি ছিলট জিলাতে বেতনের নিমিত্তে কর্ম্ম করিতে যাইবার যে চুক্তি করে ঐ লোক ও সে যাহার সঙ্গে চুক্তি করিবে তিনি কি তাঁহার এজেণ্ট, সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সাক্ষাতে সেই চুক্তিপত্রের দুই কেতায় স্বাক্ষর করিবেন। সেই চুক্তিপত্রে ঐ লোকের স্বাক্ষর করিবার পূর্ব্বে, সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব আপনি তাহাকে তাহার মর্ম্ম বুঝাইয়া দিবেন, এবং মজুর সমস্ত বিবরণ সম্পূর্ণরূপে বুঝিয়াছে ইহা নিশ্চয় জানিবেন। তাহার সাক্ষাতে যে প্রত্যেক চুক্তিপত্রে উপযুক্তমতে স্বাক্ষর করা যায় তাহাতে তিনি সাক্ষিস্বরূপে স্বাক্ষর করিবেন, ও আপনি তাহার মর্ম্ম বুঝাইয়া দিয়াছেন ও পূর্ব্বোক্তমতে আপনার হৃদবোধ হইয়াছে ঐ চুক্তিপত্রের তলভাগে এই মর্ম্মের সর্টিফিকট লিখিবেন। সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তদ্রূপ প্রত্যেক চুক্তিপত্রের চুম্বক লিখিবার জন্যে এক বহী রাখিয়া তাহাতে ঐ চুম্বক লিখিবেন। তাহা লিখিলে পর পূর্ব্বোক্তমতে উপযুক্তরূপে স্বাক্ষরিত ও আপনার স্বাক্ষর করা ঐ চুক্তিপত্রের এক কেতা ঐ মজুরকে দেওয়া যাইবে, ও সে যে ব্যক্তির সঙ্গে করার করিয়াছে তাঁহাকে কি তাঁহার এজেণ্টকে অন্য কেতা দেওয়া যাইবে ইতি।

[মজুর যে জিলাতে কর্ম্ম করিবে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে চুম্বকের নকল পাঠাইবার কথা।]

৩২ ধারা। উক্ত প্রকারের চুক্তিপত্রক্রমে যে জিলার মধ্যে কর্ম্ম করিবার করার হয়, সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ইহার পূর্ব্ব ধারার বিধানমত আপনার বহীতে লিখিত প্রত্যেক চুম্বকের নকলে আপনি স্বাক্ষর করিয়া ডাক

in such contract agreed to be performed. Every such copy shall be despatched by the Superintendent within seven days after the entry of the abstract. Every abstract and every such copy shall be receivable in evidence in any Court, whether Civil or Criminal, in lieu of the original contract.

বোগে পাঠাইবেন। ঐ সুপরিন্টেণ্ডেন্ট সাহেব চুম্বক লিখিবার পর সাত দিনের মধ্যে ঐ নকল পাঠাইবেন। দেওয়ানী কি ফৌজদারী কোন আদালতে তদ্রূপ প্রত্যেক চুম্বক ও উক্ত প্রত্যেক নকল আসল চুক্তিপত্রের পরিবর্ত্তে প্রমাণস্বরূপে গ্রাহ্য হইতে পারিবে ইতি।

[Laborers whose contracts are duly executed and entered may be despatched with consent of Superintendent.

[মজুরদের চুক্তিপত্র উপযুক্তমতে স্বাক্ষরিত হইয়া বহীতে লেখা গেলে পর সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের সম্মতিক্রমে তাঁহাদের চালান হইতে পারিবার কথা।]

XXXIII. Any laborers whose contract shall have been executed and entered as hereinbefore provided, may be despatched from time to time to the Districts of Assam, Cachar, or Sylhet, by the contractors in whose depôts they may be or by the persons whom they may have agreed to serve respectively, but subject always to the provisions of this Act. No laborer shall be so despatched, unless the permission of the Superintendent shall have been first obtained and the laborer shall have received a pass from the Superintendent as hereinafter mentioned.

৩৩ ধারা। যে মজুরদের চুক্তিপত্র পূর্ব্ব লিখিত বিধানমতে স্বাক্ষরিত হইয়া বহীতে লেখা গেল তাহারা যে কনট্রাক্টরদের আড্ডাতে থাকে অথবা যেং ব্যক্তিদের নিকটে কার্য্য করিতে চুক্তি করে তাঁহারদের দ্বারা আসাম কি কাছাড় কি ছিলট জিলাতে সময়েং চালান হইতে পারিবে। কিন্তু এই আইনের বিধানের ব্যতিক্রমে তাহারদিগকে পাঠান যাইবে না। সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের অনুমতি প্রথমে প্রাপ্ত না হওয়া গেলে, ও মজুর সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের স্থানে পশ্চাৎ লিখিতমতে ছাড়পত্র না পাইলে, কোন মজুরকে সেই প্রকারে পাঠান যাইবে না ইতি।

[Steamer or boat to be licensed to carry laborers.]

[যে কলের জাহাজে কি নৌকাতে মজুরেরা গমন করে তাহার অনুমতিপত্র লইবার কথা।]

XXXIV. It shall not be lawful for the master of any steamer, or the manjee of any boat, without a license granted by the Superintendent within the local limits of whose authority a laborer may embark, to convey such laborer to the Districts of Assam, Cachar, or Sylhet. A fee not exceeding four annas per laborer (the amount of which fee shall from time to time be fixed by the Government of Bengal), shall be paid for every such license, which fee shall be carried to the credit of the said Government and the granting or withholding any license shall be entirely discretionary with the Superintendent to whom application is made for the same. Every such license shall apply only to one voyage or trip to the Districts of Assam, Cachar, or Sylhet, or any one or more of Districts and shall specify the number of laborers which the steamer or boat is licensed to carry, and the license shall also specify the number of persons (including the crew) other than laborers, whom the steamer or boat is licensed to carry.

৩৪ ধারা। কোন মজুর আসাম কি কাছাড় কি ছিলট জিলাতে গমনাভিপ্রায়ে যে সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের কর্ত্তৃত্বাধীন দেশের মধ্যে যে ষ্টীমরে কি নৌকায় উঠিবে, ঐ ষ্টীমরের কাপ্তান সাহেব কি ঐ নৌকার মাঝি সেই সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের দত্ত অনুমতিপত্রবিনা ঐ মজুরকে তথায় লইয়া যাইতে পারিবেন না। তদ্রূপ প্রত্যেক অনুমতিপত্রের নিমিত্তে বঙ্গদেশের গবর্ণমেণ্ট জনপ্রতি (।০) চারি আনার অনধিক যে হার সময়েং নির্দ্ধারণ করেন সেই হারে ফী দিতে হইবেক। সেই ফী উক্ত গবর্ণমেণ্টের নামে জমা হইবে। এবং যে সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের নিকটে ঐ অনুমতিপত্র প্রার্থনা হয়, তিনি সম্পূর্ণরূপে স্ববিবেচনামতে ঐ অনুমতিপত্র দিবেন কি দিতে অস্বীকার করিবেন। তদ্রূপ অনুমতিপত্র আসাম ও কাছাড় ও ছিলট জিলাতে কিম্বা তাহার কোন এক কি অধিক জিলাতে কেবল একবার গমনের বিষয়ে খাটিবে, এবং ঐ ষ্টীমরে কি নৌকাতে যত জন মজুরকে ও মজুরভিন্ন মল্লা প্রভৃতি যত ব্যক্তিকে লইবার অনুমতি হয় তাহাও সেই অনুমতিপত্রে লেখা থাকিবে ইতি।

[Penalty for conveying laborers in a steamer or boat without a license.]

[অনুমতিপত্রবিনা কলের জাহাজে কি নৌকাতে মজুরদিগকে লইবার দণ্ডের কথা।]

XXXV. The Master of any steamer or the manjee of any boat in which any such laborer shall be conveyed without a license having been obtained as aforesaid, shall be liable to a fine not exceeding two hundred Rupees for every laborer so illegally conveyed, and in default of payment thereof to imprisonment for a term not exceeding six months.

৩৫ ধারা। যদি কোন ষ্টীমরে কি নৌকাতে পূর্ব্বোক্ত প্রকারের অনুমতিপত্রবিনা তদ্রূপ কোন মজুরকে লওয়া যায়, তবে যত জন মজুরকে তদ্রূপ বেআইনীমতে লওয়া যায়, তাহাদের জনপ্রতি ঐ ষ্টীমারের কাপ্তান সাহেবের কি নৌকার মাঝির ২০০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে, ও সেই টাকা না দিলে ছয় মাসের অনধিককাল কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১১ আপ্রিল।]

[Penalty for fraudulent act, whereby a license becomes inapplicable to the altered state of the steamer or boat.]

XXXVI. If the Master of any steamer, or the Manjee of any boat shall, after having obtained a license as aforesaid, fraudulently do or suffer to be done any act or thing whereby such license shall become inapplicable to the then state of the steamer or boat, such Master or Manjee shall be liable to a fine not exceeding five hundred Rupees, and in default of payment thereof, to imprisonment for a term not exceeding two months.

[Penalty for taking on board greater numbe of passengers than specified in license. Two children under ten to count as one person.]

XXXVII. The Master of any steamer or the Manjee of any boat licensed to carry laborers, who shall receive on board his steamer or boat a greater number of laborers, or a greater number of other persons, than is specified in his license, shall be liable to a fine not exceeding two hundred Rupees for every laborer and other persons so received in excess of the licensed number, and in default of payment thereof, to imprisonment for a term not exceeding six months. In computing under this Act the number of laborers or other persons on board of any steamer or boat, two children under the age of ten years shall be reckoned as one person only.

[No laborer to be taken on board unless he has a pass signed by the Superintendent.]

XXXVIII. It shall not be lawful for the Master of any steamer, or the Manjee of any boat licensed as aforesaid, to take on board any such laborer as aforesaid, unless such laborer shall have in his possession, and shall shew, a pass given to him and signed by the Superintendent, stating his name and age, and the name, of his father, and certifying the place of his destination.

[No laborer to be allowed finally to leave steamer or boat, at any place other than that mentioned in his pass. Proviso.]

XXXIX. It shall not be lawful for the Master of any steamer, or the Manjee of any boat, licensed as aforesaid, except in case of accident or unavoidable necessity, to be immediately reported to the Superintendent by whom the license was granted, and to the Magistrate of the District in which such accident or necessity shall occur, to cause or permit any such laborer as aforesaid finally to leave such steamer or boat at any place other than that named as the destination of such laborer in the pass signed by the Superintendent. No place shall be named in any such pass as the destination of any laborer, except a place

[প্রতারণা ক্রিয়ার দ্বারা কলের জাহাজের কি নৌকার অবস্থা পরিবর্ত্তন হওয়াতে অনুমতিপত্র না খাটিলে সেই ক্রিয়াহেতুক দণ্ডের কথা।]

৩৬ ধারা। ঐ ষ্টীমরের কাপ্তান সাহেব কি নৌকার মাঝি পূর্ব্বোক্ত প্রকারের অনুমতিপত্র পাইলে পর, যদি প্রতারণাক্রমে কোন ক্রিয়া কি বিষয় করেন, কি করিতে দেন, ও তদ্দ্বারা ষ্টীমরের কি নৌকার তৎকালীন অবস্থা পরিবর্ত্তিত হওয়াতে ঐ অনুমতিপত্র খাটিতে না পারে, তবে সেই কাপ্তান সাহেবের কি মাঝির ৫০০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও অর্থদণ্ডের টাকা না দিলে দুই মাসের অনধিক কাল কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[অনুমতিপত্রের নির্দ্দিষ্ট সংখ্যার অধিক চড়নদারকে লইবার দণ্ডের কথা এবং দশ বৎসরের ন্যূন বয়স্ক দুই বালক পূর্ণবয়স্ক এক জনের তুল্য হইবার কথা।]

৩৭ ধারা। মজুর লইয়া যাইবার অনুমতিপত্র প্রাপ্ত কোন ষ্টীমরের কি নৌকার অনুমতিপত্রে যত জন চড়নদার নির্দ্দিষ্ট থাকে যদি ঐ ষ্টীমরের কাপ্তান সাহেব কি নৌকার মাঝি তাহার অধিক জন গ্রহণ করেন, তবে অনুমতিপত্রের লিখিত সংখ্যার অধিক যত জন মজুরকে কিম্বা অন্য ব্যক্তিকে গ্রহণ করেন, তাহারদের জন প্রতি ঐ কাপ্তান সাহেবের কি মাঝির ২০০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। ও সেই টাকা না দিলে তাঁহার ছয় মাসের অনধিক কাল করাদণ্ড হইতে পারিবে। কোন ষ্টীমরে কি নৌকাতে যত জন মজুরপ্রভৃতি থাকে এই আইনমতে তাহাদের সংখ্যা গ্রহণ করিলে, দশ বৎসরের ন্যূন বয়সের দুই বালককে এক জনের ন্যায় গণ্য করিতে হইবে ইতি।

[কোন মজুরের নিকটে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের স্বাক্ষরিত ছাড়পত্র না থাকিলে তাহাকে জাহাজে না লইবার কথা।]

৩৮ ধারা। সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের দত্ত ও তাঁহার স্বাক্ষরিত ছাড়পত্র পূর্ব্বোক্ত কোন মজুরের নিকটে না থাকিলে, ও সে তাহা না দেখাইলে, পূর্ব্বোক্ত অনুমতিপত্রপ্রাপ্ত কোন ষ্টীমরের কাপ্তান সাহেব কি কোন নৌকার মাঝি তাহাকে ষ্টীমরে কি নৌকায় লইবেন না। সেই ছাড়পত্রে ঐ মজুরের নাম ও বয়স ও তাহার পিতার নাম ও সেই মজুর যে স্থানে যাইবে তাহা লেখা থাকিবে ইতি।

[মজুরের ছাড়পত্রে যে স্থানের নাম লেখা থাকে, তদ্ভিন্ন অন্য স্থানে জাহাজ কি নৌকাহইতে তাহার চলিয়া যাইতে না পারিবার কথা ও উপবিধি।]

৩৯ ধারা। সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের স্বাক্ষরিত ছাড়পত্রে পূর্ব্বোক্ত কোন মজুরের গমনীয় স্থান বলিয়া যে স্থানের নাম লেখা থাকে, ষ্টীমরের কাপ্তান সাহেব কি নৌকার মাঝি ঐ মজুরকে সেই ষ্টীমর কি নৌকাহইতে তদ্ভিন্ন অন্য কোন স্থানে বাহির করিবেন না কি একেবারে যাইতে দিবেন না। কিন্তু কোন দুর্ঘটনা কি অত্যন্ত আবশ্যক স্থলে তাহাদিগকে বাহির হইতে দিবেন, ও তদ্রূপ স্থলে যে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব অনুমতিপত্র দিলেন তাঁহাকে, এবং যে জিলার মধ্যে সেই দুর্ঘটনা কি আবশ্যক ব্যাপার ঘটে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবকে সেই দুর্ঘটনাদির রিপোর্ট অবিলম্বে দিবেন। এই আইনমতে শ্রীযুক্ত লেফ্টেনেণ্ট গবর্ণর সাহেব মজুরদের

which shall have been declared by the Lieutenant-Governor to be a place for the disembarkation of laborers under this Act. Provided always that this Section shall not be deemed to prevent the Master of any steamer or the Manjee of any boat from permitting laborers to disembark at any places on the voyage, so long as such disembarkation is not intended, or known to be likely to be permanent.

[A list of the laborers on board to be delivered to Superintendent. Penalty for afterwards taking on board laborers not entered in list.]

XL. Before any steamer or boat, licensed as aforesaid, shall proceed upon any voyage for he Districts of Assam, Cachar, or Sylhet, the Master or Manjee thereof shall deliver to the Superintendent a list in duplicate, in a form to be prescribed by the Lieutenant-Governor of Bengal, specifying, as accurately as may be, the names, ages, occupations, and destination of all and every the laborers on board such steamer or boat. The Superintendent shall keep one of the said lists, and shall sign the other (if it be in his opinion correct) and deliver it back to the Master or Manjee. If the Master of any steamer or the Manjee of any boat shall, after having commenced his voyage, or after having delivered such list to the Superintendent, take on board any laborer whose name shall not have been entered in the list aforesaid, he shall be liable to a fine not exceeding two hundred Rupees for every laborer so illegally taken on board, and in default of payment thereof, to imprisonment for a term not exceeding six months.

[Notice to be given, and list delivered to Magistrate, or Officer appointed by him, immediately on arrival of steamer or boat at place of destination]

XLI. The Master of any steamer, or the Manjee of any boat, licensed as aforesaid, having laborers on board, shall, immediately on the arrival of the steamer or boat at the place of destination, and previously to the disembarkation of any of the laborers, give notice of his arrival to the nearest Magistrate or such Officer as shall be appointed by such Magistrate in that behalf, and shall deliver to him the list in the last preceding Section mentioned.

[Laborers to be landed under supervision of Magistrate, &c.]

XLII. The laborers shall thereupon be landed under the supervision of the Magistrate or other Officer aforesaid, who shall make such provision as he may consider necessary for the reception of the laborers and for their food, lodging, and clothing while they remain in the place or station at which they may have disembarked.

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৬৭ । ১১ আপ্রিল ।]

উত্তরিবার স্থান বলিয়া যেং স্থান নিরূপণ করেন, অন্য স্থানের নাম মজুরের গমনীয় বলিয়া তদ্রূপ কোন ছাড়পত্রে লিখিতে হইবে না। পরন্তু ঐ ষ্টীমরের কাপ্তান সাহেব কি নৌকার মাঝি পথিমধ্যে কোন এক কি অধিক স্থানে মজুরদিগকে কিনারায় যাইতে দিবেন না এই ধারার এমন অর্থ করিতে হইবে না। কেবল সেইরূপ উত্তরিয়া যাওয়াতে তাহারদের একবারে চলিয়া যাইবার অভিপ্রায় কি সম্ভাবনা না থাকে ইতি।

[জাহাজআদিতে যত মজুর থাকে সুপরিন্টেণ্ডেন্ট সাহেবকে তাহাদের নামের ফর্দ্দ দিবার কথা ও ফর্দ্দের অলিখিত মজুরদিগকে পশ্চাৎ জাহাজে গ্রহণ করিলে দণ্ডের কথা।]

৪০ ধারা। আসাম কি কাছাড় কি ছিলট জিলাতে গমনার্থে পূর্ব্বোক্ত প্রকারের কোন ষ্টীমর কি নৌকা খুলিবার পূর্ব্বে, ঐ ষ্টীমরের কাপ্তান সাহেব কি নৌকার মাঝি সেই ষ্টীমর কি নৌকাগত প্রত্যেক জন মজুরের নাম ও বয়স ও ব্যবসায় ও গমনীয় স্থান এই সকল কথা সাধ্যমতে যথার্থরূপে লিখিয়া সুপরিন্টেণ্ডেন্টে সাহেবকে তাহার দুই কেতা দিবেন। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সেই পত্র লিখিবার পাঠ নির্দ্দিষ্ট করিবেন। সুপরিন্টেণ্ডেন্ট সাহেব উক্ত দুই কেতার এক কেতা রাখিবেন, ও তাঁহার বিবেচনায় যথার্থ হইলে তিনি অন্য কেতায় স্বাক্ষর করিয়া ঐ কাপ্তান সাহেবকে কি মাঝিকে ফিরিয়া দিবেন। যদি কোন ষ্টীমরের কাপ্তান সাহেব কিম্বা কোন নৌকার মাঝি গমনারম্ভ করিবার পর কি ঐ সুপরিন্টেণ্ডেন্ট সাহেবকে ঐ পত্র দিলে পর পূর্ব্বোক্তপত্রে যাহার নাম লেখা না থাকে এমত কোনমজুরকে ষ্টীমরে কি নৌকায় গ্রহণ করেন, তবে তদ্রূপে যত জন মজুরকে বেআইনীমতে লন তাহারদের জন প্রতি ঐ কাপ্তান সাহেবের কি মাঝির ২০০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও সেই টাকা না দিলে ছয় মাসের অনধিক কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[ষ্টীমর কি নৌকা লক্ষিত স্থানে পঁহুছিলেই মাজিষ্ট্রেট সাহেবকে কি তদীয় নিযুক্ত কর্ম্মকারককে সংবাদ ও ফর্দ্দ দিবার কথা।]

৪১ ধারা। মজুরেরা পূর্ব্বোক্তমতের অনুমতিপ্রাপ্ত যে ষ্টীমরে কি নৌকাতে থাকে তাহা লক্ষিত স্থানে পঁহুছিবামাত্র কোন মজুরেরদের উত্তরিবার পূর্ব্বে ঐ ষ্টীমরের কাপ্তান সাহেব কিম্বা ঐ নৌকার মাঝি নিকটস্থ মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা তৎকর্ত্তৃক এতৎ কর্ম্মার্থে নিযুক্ত অন্য কার্য্যকারককে, আপনার পঁহুছিবার সংবাদ দিবেন ও তাঁহাকে ইহার পূর্ব্ব ধারার লিখিতপত্র দিবেন ইতি।

[মাজিষ্ট্রেট প্রভৃতির সাক্ষাতে মজুরেরদের উত্তরিবার কথা।]

৪২ ধারা। তৎপরে ঐ মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা উক্ত অন্য কার্য্যকারকের সাক্ষাতে ঐ মজুরেরা উত্তরিবে, ও তাহারা সেই উত্তরিবার স্থানে কি নৌকাতে যত কাল থাকে তত কাল তিনি তাহারদের গৃহীত হইবার ও তাহারদের আহারের ও বাসার ও পরিচ্ছদের যে নিয়ম আবশ্যক বোধ করেন তাহা করিবেন ইতি।

[Magistrate may require Surgeon to inspect laborers and make a report.]

XLIII. The Magistrate or other Officer aforesaid may cause the laborers to be inspected by the Civil Surgeon of the Station, or other qualified Medical Officer. It shall be the duty of such Civil Surgeon, or other Medical Officer, to make such inspection when called on by the Magistrate or other Officer aforesaid so to do; and after making such inspection, he shall prepare and sign a report in which he shall certify as to the state of health and general condition of every laborer inspected.

[Magistrate, &c., to forward a report to Superintendent.]

XLIV. The Magistrate or other Officer aforesaid shall despatch, without delay, to the Superintendent by whose permission they were forwarded, a detailed report of the number of laborers who may have arrived, together with a copy of the report (if any) of the Civil Surgeon or other Medical Officer as to their state of health and general condition, and any observations which such Civil Surgeon or other Medical Officer, or such Magistrate or other Officer aforesaid, may think fit to make.

[Magistrate, &c., to give notice, to the persons importing laborers, of their arrival. If proper means are not provided for conveyance of laborers to place of final destination, Magistrate, &c., to make arrangements and incur necessary expenses. Such expenses how to be recovered.]

XLV. On the arrival of any laborers at the place of disembarkation, the Magistate or other Officer aforesaid shall at once give notice of their arrival to the persons with whom they shall be under contract to labor, or to the Agents of such persons, who shall forthwith take charge of the laborers with whom they may have contracted respectively, and shall, in such manner as shall be approved of by the Magistrate or other Officer aforesaid, provide for their proceeding or being conveyed to the place of their final destination. It shall be the duty of the Magistrate, or other Officer aforesaid, to see, so far as is possible, that reasonable provision is made for the support and lodging of the laborers from the time of their disembarkation till they reach their final destination; and if the persons with whom they may have contracted shall fail to make such reasonable provision, the Magistrate or other Officer aforesaid may order such arrangements to be made, and incur such expenses, as under the circumstances may seem to him necessary: and the amount of such expenses, as also any expenses incurred by him in the disembarkation, or in respect of the food, lodging, medicines, hospital attendance, or

[মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা হইলে ঐ মজুরদিগকে চিকিৎসকের দৃষ্টি করিয়া রিপোর্ট করিবার কথা।]

৪৩ ধারা। ঐ মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক ঐ স্থানের সিবিল চিকিৎসক সাহেবকে কিম্বা উপযুক্ত অন্য চিকিৎসককে মজুরদিগকে দৃষ্টি করিতে আজ্ঞা করিবেন। মাজিষ্ট্রেট সাহেবের কি উক্ত অন্য কার্য্যকারকের আদেশ পাইলে সিবিল চিকিৎসক সাহেবের কিম্বা অন্য চিকিৎসকের কর্ত্তব্য যে ঐ মজুরদিগকে দৃষ্টি করেন, ও তাহা করিলে পর রিপোর্ট প্রস্তুত করিয়া স্বাক্ষর করেন। যেং মজুরকে দৃষ্টি করিলেন তাহারদের প্রত্যেক জনের স্বাস্থ্যের ও সাধারণাবস্থার সর্টিফিকট লিখিবেন ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব প্রভৃতির সেই রিপোর্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে পাঠাইবার কথা।]

৪৪ ধারা। যত জন মজুর পঁহুছিয়াছে মাজিষ্ট্রেট সাহেব কি উক্ত অন্য কার্য্যকারক তাহারদের সংখ্যার বিস্তারিত রিপোর্ট, ও সিবিল চিকিৎসক সাহেব কি অন্য চিকিৎসক তাহাদের স্বাস্থ্য ও সাধারণ অবস্থার যে রিপোর্ট দেন তাহার নকল, ও সিবিল চিকিৎসক সাহেব কি অন্য চিকিৎসক কিম্বা ঐ মাজিষ্ট্রেট সাহেব কি উক্ত অন্য কার্য্যকারক যে কোন মন্তব্য কথা লেখা উচিত বোধ করেন তাহা, যে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের অনুমতিতে ঐ মজুরদিগকে চালান করা গেল তাঁহার নিকটে অগৌণে লিখিয়া পাঠাইবেন ইতি।

[যে ব্যক্তিরা ঐ মজুরদিগকে আনয়ন করেন মাজিষ্ট্রেট সাহেব প্রভৃতির তাঁহারদিগকে তাহারদের পঁহুছনের সংবাদ দিবার কথা, ও লক্ষিত স্থানে তাহারদিগের চালান করণের সদুপায় না করা গেলে মাজিষ্ট্রেট সাহেব প্রভৃতির সুনিয়ম করিয়া প্রয়োজনীয় খরচ দিবার কথা ও সেই খরচ পুনঃপ্রাপণের কথা।]

৪৫ ধারা। মজুরেরা উত্তরিবার স্থানে পঁহুছিলে তাহারা যে ব্যক্তিদের নিকটে মজুরী করিবার করার করিয়াছে মাজিষ্ট্রেট সাহেব কি উক্ত অন্য কার্য্যকারক তাঁহারগিকে কি তাঁহারদের এজেন্টদিগকে মজুরদের পুহুছিবার সম্বাদ অগৌণে দিবেন। তাহাতে সেই ব্যক্তিরা যেং মজুরদিগকে স্থির করিয়াছে তাহারদিগকে অবিলম্বে আপনারদের জিম্মায় লইয়া মাজিষ্ট্রেট সাহেবের কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারকের মনোনীতরূপে লক্ষিত স্থানে গমন করিবার কি চালান হইবার নিয়ম করিবেন। মজুরেরদের উত্তরিবার সময় অবধি লক্ষিত স্থানে না পঁহুছনপর্য্যন্ত তাহারদের আহারাদির ও বাসস্থানের যুক্তিমত সুনিয়ম করা যায় এই বিষয় সাধ্যমতে দৃষ্টি করা ঐ মাজিষ্ট্রেট সাহেবের কি উক্ত অন্য কার্য্যকারকের কর্ত্তব্য। এবং যাঁহারা মজুরদের সঙ্গে করার করিয়াছেন তাঁহারা যদি তদ্রূপ যুক্তিমত সুনিয়ম না করিয়া থাকেন, তবে মাজিষ্ট্রেট সাহেব কি উক্ত অন্য কার্য্যকারক তদ্রূপ সুনিয়ম করিবার আজ্ঞা করিবেন ও বিষয় বুঝিয়া যত টাকা আবশ্যক জ্ঞান করেন তত টাকা খরচ করিতে পারিবেন। সেই খরচের টাকা ও মজুরদিগকে কি তাহারদের মধ্যে কোন লোককে জাহাজহইতে উত্তরাইবার ও তাহারদের আহারের কি বাসার কি ঔষধের কি হাস্পাতালে চিকিৎসার কি বস্ত্রের নিমিত্তে যত টাকা খরচ হয়, মাজিষ্ট্রেট সাহেব কি উক্ত অন্য কার্য্যকারক যে মজুরদের নিমিত্তে সেই টাকা খরচ করিয়াছেন তাহার-

clothing of the laborers, or of any of them, shall, with interest at the rate of six per cent. per annum, be recoverable by the Magistrate or other Officer aforesaid from the persons with whom the laborers, in respect of whom the expenses have been incurred, may have contracted, as money paid to the use of such persons.

দিগকে যে ব্যক্তিরা মজুর রাখিয়াছেন তাঁহারদের ব্যবহারার্থে দত্ত টাকার ন্যায় সেই টাকা শতকরা ছয় টাকার হিসাবে সুদ সুদ্ধ তাঁহারদের স্থানে আদায় করিতে পারিবেন ইতি।]

[Superintendent to prescribe the quantity of provisions to be carried on steamer or boat. And the number of Medical and other Officers.]

XLVI. There shall be laden, under the supervision of the Superintendent, on board of every steamer or boat carrying laborers to the Districts of Assam, Cachar, or Sylhet, at the time of the embarkation of such laborers, good and wholesome provisions for the consumption of the said laborers, to the amount or in the proportion which shall be prescribed by the Superintendent. And it shall not be lawful for the Master of the steamer or the Manjee of the boat to commence the voyage without having on board such provisions as aforesaid, or without having on board such Medical and other Officers, Cooks and other attendants, as the Superintendent shall order: and every Contractor or other person by whom or on whose account laborers are despatched to any of the said Districts, shall at his own expense provide such Medical and other Officers, Cooks and other attendants, as shall be in each case ordered by the Superintendent.

[ষ্টীমরে কি নৌকাতে আহারীয় যত দ্রব্য ও যত জন চিকিৎসক ও অন্য কর্ম্মকারকদিগকে লইতে হইবে তাহা সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের নির্দ্ধারণ করিবার কথা।]

৪৬ ধারা। যে প্রত্যেক ষ্টীমরে কি নৌকাতে আসাম কি কাছাড় কি ছিলট জিলাতে মজুরদিগকে লওয়া যায়, তাহাতে সুপরিন্টেণ্ডেন্ট সাহেব ঐ মজুরেরদের আহারাদির নিমিত্তে মোটে কি জনপ্রতি যত দ্রব্য নির্দ্দিষ্ট করেন, সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের তত্ত্বাবধারণে দেওয়া উত্তম ও আহারোপযুক্ত তত দ্রব্য সেই জাহাজে কি নৌকাতে মজুরদের গমন সময়ে দেওয়া যাইবে। এবং ঐ মজুরদের চিকিৎসা ও তত্ত্বাবধারণ করিবার জন্যে সুপরিন্টেণ্ডেন্ট সাহেব যত জন চিকিৎসকের ও অন্য কার্য্যকারকের ও পাচকের ও অন্য চাকরের আজ্ঞা করেন, জাহাজে তত জন চিকিৎসক প্রভৃতি না থাকিলে, ও পূর্ব্বোক্ত আহারীয় দ্রব্য না থাকিলে, ষ্টীমরের কাপ্তান সাহেব কি নৌকার মাঝি খুলিয়া যাইতে পারিবেন না। এবং সুপরিন্টেণ্ডেন্ট সাহেব যে চিকিৎসকের ও অন্য কার্য্যকারকের ও পাচকের ও অন্য চাককেরদের বিষয়ে আজ্ঞা করেন প্রত্যেক জন কন্ট্রাক্টর কি অন্য যে ব্যক্তির দ্বারা কি নিমিত্তে ঐ মজুরদিগকে উক্ত কোন জিলাতে চালান করা যায়, তিনি তাঁহারদিগকে আপন খরচে নিযুক্ত করিবেন ইতি।

[Provisions of Sections XXI, XLII, XLIV, XLV, and XLVI, to apply to children, &c., accompanying laborers.]

XLVII. The provisions with regard to native inhabitants of India and registered laborers contained in Sections XXI, XLII XLIII, XLIV, and XLVI of this Act, shall be applicable to such women, children, and aged relatives of such native inhabitants, and laborers as may, with the consent of a Contractor or Recruiter, and with the written permission of the registering Magistrate or Superintendent, accompany them.

[মজুরদের সঙ্গে যে শিশুপ্রভৃতি যায় তাহারদের প্রতি ২১ ও ৪২ ও ৪৪ ও ৪৫ ও ৪৬ ধারা খাটিবার কথা।]

৪৭ ধারা। কন্ট্রাক্টরের কি মজুরসংগ্রাহকের অনুমতিক্রমে ও রেজিষ্টরকারক মাজিষ্ট্রেট কি সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের লিখিত অনুমতিপত্রক্রমে ভারতবর্ষীয় উক্ত লোকদের যে স্ত্রীগণ ও শিশুরা ও বৃদ্ধ আত্মীয়গণ ঐ লোকদের সঙ্গে২ যাইতে পায়, তাহারদের প্রতি ভারতবর্ষীয় ঐ লোক ও রেজিষ্টর করা মজুর বিষয়ি এই আইনের ২১ ও ৪২ ও ৪৩ ও ৪৪ ও ৪৬ ধারার লিখিত বিধান খাটিবে ইতি।

[Proportion of females to be carried on steamer or boat.]

XLVIII. The Superintendent may refuse to grant passes to any laborers, if the party to which they belong or with whom it is intended to forward them, shall not consist of, or be accompanied by, females above the age of twelve years in such proportion as the Lieutenant-Governor of Bengal shall from time to time direct: provided always that the proportion shall never be less than one female to every four males. And it shall not be lawful for any Master of a steamer or any Manjee of a boat to convey, except by the express permission in writing of the Super-

[কলের জাহাজে কি নৌকাতে যত জন স্ত্রীলোক পাঠাইতে হইবে তাহার কথা।]

৪৮ ধারা। কোন মজুরেরা যে দলের হয়, কিম্বা তাহারদিগকে যে দলের সঙ্গে চালান করিবার অভিপ্রায় থাকে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব চারি২ পুরুষ প্রতি এক স্ত্রী, ইহার অন্যূন হারে ঐ দলের মধ্যে যত জন স্ত্রীলোকের থাকা ও সঙ্গে গমন করা নির্দ্ধার্য্য করেন, দ্বাদশ বৎসরের ঊর্দ্ধ বয়স্কা তত জন স্ত্রী না থাকিলে সুপরিন্টেণ্ডেন্ট সাহেব ঐ মজুরদের ছাড়চিঠি দিতে অস্বীকার করিতে পারিবেন। এবং বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব মজুরদের দলের মধ্যে যত স্ত্রীলোক থাকার বিষয়ে পূর্ব্বোক্তমতে নিদ্ধার্য্য করেন, তত স্ত্রী যদি না থাকে, কি সঙ্গে না যায়, তবে মজুরেরা রেজিষ্টর হইলে কি না হই-

intendent, any party of laborers (whether registered or not) which shall not contain or be accompanied by such proportion of females as shall be directed by the Lieutenant-Governor of Bengal as aforesaid.

[Magistrate of a District may board and inspect steamer or boat.]

XLIX. It shall be lawful for the Magistrate of any District, through which a steamer or boat having laborers on board shall be passing to go on board such steamer or boat, and to inspect the same or any part thereof, and the Master and Officers of such steamer and the Manjee of such boat shall be bound to afford to the Magistrate all reasonable facility for such inspection, and to give him all such information respecting such steamer or boat and her equipments, or respecting the laborers or other persons on board thereof, as may be reasonably required by the Magistrate.

[Magistrate shall report to Superintendent, if, after boarding, he find provisions of Act not complied with. And may detain Steamer or boat if necessary.]

L. In any case in which, on making such inspection as is in the last preceding Section provided, the Magistrate shall find that any of the provisions of this Act have not been complied with, he shall report the same to the Superintendent by whom the license to carry the laborers was granted to such steamer or boat; and if the circumstances of the case are such as in the Magistrate's opinion make it necessary so to do he may detain the said steamer or boat until the provisions of this Act have been complied with, so far as to make it possible for the voyage to be further prosecuted with safety and reasonable comfort to the laborers.

[Power to prevent emigration of laborers.]

LI. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, in case he shall be of opinion that the emigration of native inhabitants of India from any District, for the purpose of becoming laborers, at any time or season is likely to be attended with danger to the health of the native inhabitants so emigrating, to prohibit, by an order under his hand, the emigration of such native inhabitants from such District during such time or season, and from time to time to revoke or vary any such order; and every such order, or variation or revocation thereof shall be published in the Calcutta Gazette.

[Penalty on engaging emigrant contrary to such order.]

LII. Any person who shall engage any native inhabitant so to emigrate from any District during any time or season during which emigra-

লেও সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের লিখিত স্পষ্ট অনুমতি বিনা ষ্টীমরের কোন কাপ্তান সাহেব কিম্বা নৌকার কোন মাঝি ঐ মজুরদলকে ষ্টীমরের কি নৌকাতে লইয়া যাইতে পারিবেন না ইতি।

[ষ্টীমরে কি নৌকাতে গিয়া দৃষ্টি করিতে কোন জিলার মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।]

৪৯ ধারা। ষ্টীমর কি নৌকা মজুর লইয়া যে কোন জিলার অন্তর্গত স্থান দিয়া গমন করিতেছে, সেই জিলার মাজিষ্ট্রেট সাহেব সেই ষ্টীমরে কি নৌকায় গমনপূর্ব্বক তাহা কি তাহার কোন ভাগ দৃষ্টি করিতে পারিবেন। এবং ঐ ষ্টীমরের কাপ্তান সাহেবের ও মালিমেরদের এবং ঐ নৌকার মাঝির অবশ্য কর্ত্তব্য যে উক্ত প্রকারের দৃষ্টি করণার্থে মাজিষ্ট্রেট সাহেবের যুক্তিমতে সাহায্য করেন, ও তিনি ঐ ষ্টীমরের ও নৌকার ও তৎসম্পর্কীয় সাজ সরঞ্জাম বিষয়ে কিম্বা ষ্টীমর কি নৌকাগত মজুরেরদের কি অন্য ব্যক্তিরদের বিষয়ে যে সম্বাদ যুক্তিমতে জানিতে চাহেন তাহা তাঁহাকে জ্ঞাত করেন ইতি।

[আইনের বিধানমতে কার্য্য হয় নাই দেখিলে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে রিপোর্ট করিবার ও প্রয়োজনমতে ষ্টীমর কি নৌকা আটক রাখিবার কথা।]

৫০ ধারা। মাজিষ্ট্রেট সাহেব ইহার পূর্ব্ব ধারামতে দৃষ্টি করিয়া এই আইনের কোন বিধানমতে কার্য্য হয় নাই দেখিলে, যে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব সেই ষ্টীমরে কি নৌকাতে মজুরদিগকে লইয়া যাইবার অনুমতিপত্র দিয়াছেন তাঁহার নিকটে সেই কথার রিপোর্ট করিবেন, ও বিষয় বুঝিয়া যদি মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনায় আবশ্যক হয়, তবে মজুরদের নিরাপদে ও যুক্তিমত কুশলক্রমে যাইবার উপযুক্ত কর্ম্ম যত কাল এই আইনের বিধানমতে না করা যায় নিদানে তত কাল উক্ত ষ্টীমর কি নৌকা আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

[মজুরদের গমন নিষেধ করিবার ক্ষমতার কথা।]

৫১ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যদি বোধ করেন যে বিশেষ কোন সময়ে কি কালে ভারতবর্ষীয় লোকদিগের মজুরী করিবার জন্যে কোন জিলাহইতে লইয়া গেলে তাহারদের রোগ হইবার সম্ভাবনা, তবে তিনি আপনার স্বাক্ষরিত আজ্ঞাপত্র দ্বারা ঐ লোকদিগের সেই কালে কি সময়ে সেই জিলাহইতে যাইবার নিষেধ করিতে পারিবেন। এবং সেই নিষেধ সময়ের পরিবর্ত্তন কি রহিত করিতে পারিবেন। তদ্রূপ প্রত্যেক আজ্ঞাপত্র কি তাহার পরিবর্ত্ত কি রহিত হওয়ার কথা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে ইতি।

[উক্ত আজ্ঞা না মানিয়া লোকদিগের সঙ্গে করার করিলে দণ্ডের কথা।]

৫২ ধারা। এদেশীয় লোকদের যে সময়ে কি যে কালে কোন জিলাহইতে যাইবার নিষেধ আছে, যদি কেহ সেই সময়ে কি কালে তাহাদের সঙ্গে সেই জিলা-

tion from such District may have been so prohibited, shall be liable to a fine not exceeding fifty Rupees for every laborer who may have been so engaged.

[Magistrate may, after consulting a Medical Officer, stop laborers on voyage, if voilent sickness exist among them.]

LIII. If voilent sickness or disease shall exist among laborers while passing through any District, whether by land or by water, on their journey either to a depot or to the Districts of Assam, Cachar, or Sylhet, it shall be lawful for the Magistrate of such District, if, after taking the opinion of the Civil Surgeon or other qualified Medical Officer, he shall think it advisable so to do, to stop the laborers and detain them until such time as they shall be able to proceed with safety. In any case in which laborers are detained as aforesaid by a Magistrate, he shall cause all necessary arrangements to be made for their accommodation and welfare, and all expenses incurred by him in so doing shall be recoverable, with interest at the rate of six per cent. per annum, from the Contractor by whom, or to whose depot, the laborers are despatched, as money paid to the use of such Contractor.

[Contracts to run with the land.]

LIV. Every contract made with any laborer in pursuance of the said Acts III of 1863 and VI of 1865 and of this Act, and all arrears of wages under any such contract, shall be charged upon the estate upon which such laborer shall have been engaged to work; and the owner of such estate for the time being, and his property and effects, shall be liable for all breaches of such contract which may have occurred as well before as after he may have become owner thereof, and shall have all rights and remedies against such laborer as if such owner for the time being had been originally the party executing such contract as owner of the estate; and no person, after he shall have ceased to be owner of such estate nor his property nor effects, shall be in any wise liable or responsible for any breach of such contract which may have occurred after he shall have ceased to be such owner.

[Contract may be transferred by mutual consent.]

LV. Every such contract as afore-said may, by mutual agreement of the parties thereto, be transferred by the Inspector of Laborers to any other laborer or employer; but in such case the Inspector shall endorse such transfer on the contract, and shall also register it in his own Office.

হইতে যাইবার করার করে, তবে যত জনের সঙ্গে তদ্রূপ করার করে তাহাদের প্রত্যেক জনের নিমিত্তে ঐ ব্যক্তির পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[পথিমধ্যে মজুরেরদের গুরুতর পীড়া হইলে চিকিৎসকের পরামর্শক্রমে তাহারদিগকে থামাইয়া রাখিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।]

৫৩ ধারা। মজুরেরা কোন আড্ডাতে কি আসাম কি কাছাড় কি ছিলট জিলাতে স্থলপথে কি জলপথে গমন সময়ে কোন জিলার অন্তর্গত স্থান দিয়া যাইতেং যদি তাহারদের মধ্যে গুরুতর রোগ কি পীড়া হয়, তবে ঐ জিলার মাজিষ্ট্রেট সাহেব সিবিল চিকিৎসক সাহেবের কিম্বা উপযুক্ত অন্য চিকিৎসকের পরামর্শ গ্রহণপুর্ব্বক উচিত জ্ঞান করিলে ঐ মজুরদিগকে স্থগিত করিয়া যত কাল তাহারা নিরাপদে গমন করিতে না পারে ততকাল পর্য্যন্ত তাহাদিগকে রাখিতে পারিবেন। মাজিষ্ট্রেট সাহেব পুর্ব্বোক্তমতে মজুরদিগকে স্থগিত করিয়া রাখিলে তিনি তাহারদের কুশলের ও স্বচ্ছন্দে থাকার নিমিত্তে প্রয়োজনমতে নিয়ম করিবেন, ও তজ্জন্যে যত টাকা খরচ করেন যে মজুর সংগ্রাহকের কি কন্ট্রাকুটরের দ্বারা মজুরেরা চালান হইতেছে সেই সংগ্রাহকের কি কন্ট্রাকুরের ব্যবহারর্থে দত্ত টাকার ন্যায় সেই টাকা শতকরা ছয় টাকার হারে সুদ সুদ্ধ তাহার স্থানে ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

[চুক্তিমত কার্য্যের ঝোঁক ভূমির প্রতি থাকিবার কথা।]

৫৪ ধারা। কোন মজুরের সঙ্গে ১৮৬৩ সালের উক্ত ৩ আইন ও ১৮৬৫ সালের ৬ আইন এবং এই আইনঅনুসারে যে চুক্তি করা যায়, ও সেই চুক্তিমতে তাহার যে বেতন হয় তাহা বাকী পড়িলে মজুর যে ভূমিতে কর্ম্ম করিবার করার করিয়াছে, ঐ চুক্তিমতে কার্য্য হইবার ও সেই বেতন দিবার দায় ঐ ভূমির প্রতি বর্ত্তিবে। যিনি যে সময়ে ঐ ভূমির স্বামী হন তাঁহার সেই ভূমির স্বামী হইবার পুর্ব্বে কি পরে ঐ চুক্তিভঙ্গ হইলে ঐ স্বামী ও তাঁহার সম্পত্তি ও দ্রব্য সামগ্রী সেই চুক্তিভঙ্গের নিমিত্তে দায়ী এবং আপনি প্রথমে ভূমির স্বামিস্বরূপে সেই চুক্তি করিলে ঐ মজুরের বিপক্ষে তাহার ক্ষতিপুরণ পাইবার যে সকল স্বত্ব ও উপায় থাকিত তাঁহার সেই স্বত্ব ও উপায় থাকিবে। যখন কোন ব্যক্তি ঐ সম্পত্তির স্বামী আর না হন, তখন এ চুক্তি কোন প্রকারে ভঙ্গ হইলে তিনি কি তাঁহার সম্পত্তি কি দ্রব্য সামগ্রী ঐ চুক্তিভঙ্গের জন্যে কোনমতে দায়ী হইবে না ইতি।

[উভয় পক্ষের সম্মতিক্রমে চুক্তি হস্তান্তর করিবার কথা।]

৫৫ ধারা। পুর্ব্বোক্ত প্রকারের কোন চুক্তির উভয় পক্ষের সম্মতিক্রমে মজুরদের ইনিস্পেকটর সেই চুক্তি অন্য কোন মজুরের কি মনিবের হস্তার্পণ করিতে পারেন, কিন্তু তদ্রূপ স্থলে ইনিস্পেকটর ঐ চুক্তিপত্রের পৃষ্ঠে তাহা হস্তান্তর করিবার কথা লিখিয়া আপন কার্য্যালয়ে তাহা রেজিষ্টরী করিবেন ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ১৬ আপ্রিল।]

[Hospital, Medicines, and Medical Officer.]

LVI. On every estate on which any laborers shall be employed, there shall be provided such sufficient Hospital accommodation for one in every ten of the laborers so employed thereon, as well as medicines of such quality and descriptions, and according to such scale, as shall from time to time be fixed by the Lieutenant-Governor of Bengal: and if on any estate there shall be employed three hundred or more laborers, it shall be the duty of the proprietor of such estate to place in medical charge thereof, at least one Medical Officer holding a medical diploma from some Indian or European Collegiate Institution authorized to grant diplomas, or at least one Officer for the time being licensed by the Local Government to act in such medical charge.

[Penalty for breach of last Section.]

LVII. If, on any estate in which laborers are employed, it shall at any time be found that there is not such Hospital accommodation as aforesaid, or that there is not provided for the use of such laborers medicine of such quality and descriptions and according to such scale as aforesaid, the chief person in charge of such estate shall be liable to a fine not exceeding five hundred Rupees. And if there shall be three hundred or more laborers employed on such estate, and it shall be found that there is no such Medical Officer as aforesaid, such chief person as aforesaid shall be liable to a fine not exceeding five hundred Rupees. The continued omission to observe the provisions of the last preceding Section shall be fineable under this Section as a distinct offence, and so on until the omission is duly supplied.

[Appointment and powers of Inspectors.]

LVIII. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal to appoint, in any District in which this Act may be in force, so many Inspectors of Laborers as he may think proper, and to define, by Notification in the Calcutta Gazette, the local limits within which each such Inspector shall exercise the powers and authorities conferred, and perform the duties imposed on him, by this Act. Such Inspector may be vested with all or any of the powers of a Magistrate.

[Appointment and powers of Assistant Inspectors.]

LIX. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal to appoint, under any such Inspector as aforesaid, so many Assistant Inspectors of Laborers as may be considered necessary to assist the Inspector in the performance of his duties, and to assign to such

[হাসপাতালের ও ঔষধের ও চিকিৎসকের কথা।]

৫৬ ধারা। মজুরেরা যে কোন বাড়ীতে নিযুক্ত হয় সেই বাড়ীর হাসপাতালে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব মজুরদের দশ২ জন প্রতি এক জনের অক্লেশে থাকিবার যত স্থান, ও তাহারদের চিকিৎসার জন্যে যে গুণের ও যে প্রকারের ঔষধ ও প্রত্যেক প্রকারের যত ঔষধ নিরূপণ করেন, তাহা দেওয়া যাইবে। যদি কোন বাড়ীতে তিন শত কি তদধিক জন মজুর থাকে, তবে ঐ বাড়ীর স্বামী চিকিৎসা করিবার যোগ্যতাপত্র প্রদানের ক্ষমতাপন্ন ভারতবর্ষীয় কি ইউরোপীয় কোন কালেজহইতে চিকিৎসা করিবার যোগ্যতাপত্র প্রাপ্ত ন্যূন কল্পে এক জন চিকিৎসককে সেই স্থানের চিকিৎসা কর্ম্মের ভার দিয়া নিযুক্ত করিবেন। অথবা স্থানীয় গবর্ণমেণ্ট সেই চিকিৎসা কর্ম্মের ভার গ্রহণার্থে যৎকালে যাঁহাকে অনুমতিপত্র দেন, ন্যূন কল্পে এমত এক জনকে নিযুক্ত করিবেন ইতি।

[পূর্ব্বধারা লঙ্ঘন করিবার দণ্ডের কথা।]

৫৭ ধারা। মজুরেরা যে বাড়ীতে নিযুক্ত থাকে, সেই বাড়ীর হাসপাতালে পূর্ব্বোক্তমতে লোকদের থাকিবার স্থান নাই কিম্বা ঐ মজুরদের জন্যে পূর্ব্বোক্ত গুণের ও প্রকারের ও পূর্ব্বোক্ত হারানুযায়ি ঔষধ নাই ইহা যদি দৃষ্ট হয়, তবে ঐ বাড়ীর মধ্যে যিনি প্রধান কর্ত্তা হন তাহার পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। যদি সেই বাড়ীতে তিন শত জন কি তাহার অধিক মজুর আছে অথচ পূর্ব্বোক্ত প্রকারের কোন চিকিৎসক নাই ইহা যদি দৃষ্ট হয়, তবে পূর্ব্বোক্ত প্রধান কর্ত্তার পাঁচ শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কার্য্য হইবার শৈথিল্য হইতে থাকিলে, তাহা পৃথক অপরাধ বলিয়া এই ধারামতে অর্থদণ্ডের যোগ্য হইবেক। ও যত কাল সেই ত্রুটির নিবৃত্তি না হয় তত কাল পর্য্যন্ত সেই দণ্ড হইতে পারিবে ইতি।

[ইনিস্পেকটরদের নিয়োগ ও ক্ষমতার কথা।]

৫৮ ধারা। এই আইন যে কোন জিলাতে প্রবল হয় বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সেই জিলাতে মজুরদের যত ইনস্পেকুটর নিযুক্ত করা উচিত জ্ঞান করেন তত ইনস্পেকুটরকে নিযুক্ত করিতে পারিবেন। এবং এই আইনক্রমে তদ্রূপ ইনস্পেকটরকে যে ক্ষমতা ও কর্তৃত্ব দেওয়া যায় ও তাঁহার যে২ কর্ম্ম করিবার আদেশ হয় তদনুসারে তিনি যে স্থানীয় সীমার মধ্যে কার্য্য করিবেন তাহা কলিকাতা গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করণ দ্বারা নিরূপণ করিতে পারিবেন। তদ্রূপ ইনস্পেকুটরকে মাজিষ্ট্রেটের সমুদয় কি কোন২ ক্ষমতা দেওয়া যাইতে পারিবে ইতি।

[আসিষ্টাণ্ট ইনস্পেকুটরদিগের নিয়োগ ও ক্ষমতার কথা।]

৫৯ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব পূর্ব্বোক্ত কোন ইনস্পেকুটরের সাহায্যের নিমিত্তে মজুরদিগের আসিষ্টাণ্ট ইনস্পেকুটর নামে যত জন কর্ম্মকারকের প্রয়োজন জ্ঞান করেন তত জনকে নিযুক্ত করিতে পারিবেন, এবং সেই ইনস্পেকুটরের ও আসিষ্টাণ্ট ইনস্পেকুটরের অধীন যত কর্ম্মচারির

Inspector and Assistant Inspectors such establishment as may be thought fit ; and such Assistant Inspectors shall perform all the duties and exercise all the powers, other than Magisterial powers, of such Inspector, which they shall be authorised in writing by such Inspector to perform or exercise.

[Return of laborers to be sent in half yearly by employer, &c., to Inspector.]

LX. Every employer of laborers, or the chief person in charge under him of the estate on which such laborers are employed, shall, on or before the fourteenth day of January and the fourteenth day of July in each and every year, make out in writing, and deliver to the Inspector of Laborers within the local limits of whose authority such estate may be situate, a Return of the number of such laborers as aforesaid who shall have been employed on the estate on the last day of the preceding month, and such Return shall be in such form as may from time to time be prescribed by the Lieutenant-Governor of Bengal by an order to be published in the Calcutta Gazette.

[Power to require returns of sickness and mortality.]

LXI. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by an order to be published in the Calcutta Gazette, to require the chief person in charge of every estate upon which laborers are employed, annually to forward to the Inspector of Laborers returns of the sickness and mortality of such laborers in such form as shall from time to time be directed by the said Lieutenant-Governor.

[Penalty for refusing or omitting to send in Return, or sending in incorrect Return.]

LXII. If any such employer or other person as aforesaid shall refuse, or wilfully omit, duly to send in any such Return as mentioned in Section LX or in Section LXI of this Act, or shall knowingly send in an incorrect Return, such employer or other person shall, on conviction thereof before the Magistrate of the District, be liable to a fine not exceeding five hundred Rupees ; and a Certificate under the hand of the Inspector to whom such Return ought to have been sent, stating that such Return has not been sent or is incorrect as aforesaid, shall be received as *primâ facie* evidence of the truth of the facts stated in such Certificate

[Yearly rate to be fixed for each estate.]

LXIII. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal from time to time, by order published as aforesaid, to fix a yearly sum, not exceeding one Rupee per laborer, as a rate for the purpose of providing for the sala-

থাকা বিহিত বোধ হয় তত কর্ম্মকারী নিযুক্ত করিতে দিবেন। ইনস্পেকুটর যে সকল কর্ম্ম করিতে পারেন এবং মাজিষ্ট্রেটি ক্ষমতাভিন্ন অন্য যে সকল ক্ষমতাপন্ন হন তিনি লিখন দ্বারা আসিষ্টান্টদিগকে সেই কার্য্য করিবার অনুমতি দিলে ও সেই ক্ষমতা অর্পণ করিলে তাঁহারা তদনুসারে কার্য্য করিতে পারিবেন ইতি।

[মনিবইত্যাদির ছয়২ মাস অন্তর ইনস্পেকুটরের নিকট মজুরদের রিটর্ণ পাঠাইবার কথা।]

৬০ ধারা। মজুরদের কোন ইনস্পেকুটরের ক্ষমতার সীমার মধ্যে যে সকল বাড়ী থাকে সেই২ বাড়ীর মধ্যে প্রতিবৎসরের ডিসেম্বর মাসের ও জুন মাসের শেষ দিনে যত মজুর নিযুক্ত ছিল, ঐ মজুরদের মনিব কিম্বা তাহারা যে বাড়ীতে কর্ম্ম করে সেই বাড়ীতে তাঁহার অধীন প্রধান কর্ম্মকর্ত্তা জান্যুআরি মাসের চতুর্দ্দশ ও জুলাই মাসের চতুর্দ্দশ দিবসে কি তৎপূর্ব্বে ঐ মজুরদের সংখ্যার এক রিটর্ণ লিখিয়া ঐ ইনস্পেকুটরকে দিবেন। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে আজ্ঞাপত্র প্রকাশ করিয়া সময়ে২ ঐ রিটর্ণ লিখিবার যে পাঠ নির্দ্দিষ্ট করেন তাহা সেই পাঠে লেখা যাইবে ইতি।

[রোগের ও মৃত্যুর রিটর্ণ দিবার আজ্ঞা করিবার ক্ষমতার কথা।]

৬১ ধারা। মজুরেরা যে২ বাড়ীতে কর্ম্ম করে সেই প্রত্যেক বাড়ীর মধ্যে যিনি প্রধান কর্ম্মকর্ত্তা হন, তিনি বৎসরে২ মজুরদের ইনস্পেকুটরকে ঐ মজুরেরদের রোগের ও মৃত্যুর রিটর্ণ দেন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে প্রকাশ করিয়া এই আজ্ঞা করিতে পারিবেন। উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে পাঠ নিরূপণ করেন ঐ রিটর্ণ সেই পাঠে লিখিতে হইবে ইতি।

[রিটর্ণ পাঠাইতে অস্বীকার কি ত্রুটি করিবার কি অশুদ্ধ রিটর্ণ পাঠাইবার দণ্ডের কথা।]

৬২ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের মনিব কি অন্য ব্যক্তি যদি এই আইনের ৬০ কি ৬১ ধারার নির্দ্দিষ্ট কোন রিটর্ণ নিয়মমতে পাঠাইতে অস্বীকার করেন কি ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করেন, কিম্বা জানিয়া অশুদ্ধ রিটর্ণ পাঠান, তবে জিলার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে সেই মনিবের কি অন্য ব্যক্তির পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে, এবং যে ইনস্পেকুটরের নিকটে সেই রিটর্ণ প্রেরণ করা কর্ত্তব্য ছিল সেই রিটর্ণ পূর্ব্বোক্তমতে প্রেরিত হয় নাই কি অশুদ্ধ আছে তিনি এই মর্ম্মের সর্টিফিকটে স্বাক্ষর করিলে, তাহাই আপাততঃ ঐ সর্টিফিকটের লিখিত বৃত্তান্তের সত্যতার প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে ইতি।

[প্রত্যেক বাড়ীর উপর বৎসরে যত টাকা ধার্য্য হইবে তাহার কথা।]

৬৩ ধারা। ইনস্পেকুটর ও আসিষ্টান্ট ইনস্পেকুটরদিগের বেতন ও প্রাপ্তির বিধান করণার্থে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ পূর্ব্বোক্তমতে আজ্ঞা প্রকাশ করণদ্বারা মজুরপ্রতি বৎসর এক টাকার অনধিক হার ধার্য্য করিতে পারিবেন। ছয়২ মাস অন্তর

ries and emoluments of the Inspectors and Assistant Inpectors, and the sum or rate so fixed shall be payable half-yearly on the fourteenth day of July and fourteenth day of January in each year in respect of each estate for each laborer employed therein according to the Return next before such payment shall be due.

[Employer, &c., to send in the rate due according to Return.]

LXIV. Every such employer or chief person as aforesaid shall, within two months from the said fourteenth day of January and fourteenth day of July aforesaid respectively, send in to the Collector of the District such sum of money as shall appear, according to such Return as last aforesaid, to be payable under the last preceding Section on account of the laborers mentioned therein.

[Employer, &c., failing to send in the rate in due time, how to be dealt with.]

LXV. If any such employer or chief person as aforesaid shall fail to comply with the provisions of the last preceding Section, it shall be the duty of the Collector to notify such default to him; and if, within one month from the receipt of such notification, or such longer period as may, under special circumstances, appear to the Collector reasonable, such employer or chief person as aforesaid shall not so comply, the Collector shall by distress and sale of any moveable property (other than that of a laborer) which may be found on the estate, or (if there shall be no such moveable or insufficient moveable property found) by sale of a sufficient portion of the estate itself, levy the sum so payable, such sale shall be conducted according to the provisions of the law for the time being in force for the realization of arrears of Government Revenue.

[Books to be kept, and periodical visits and reports made by Inspector.]

LXVI. Every Inspector of Laborers shall, once within each of such periods as may be fixed for such purpose by the Lieutenant-Governor of Bengal, visit each estate, within the limits of his authority, on which there shall be employed any laborers, and inspect every hospital, tent, camp, or building in any way used by any such laborer, and investigate the condition of all the laborers employed on such estate; and for such purpose he may require that all the laborers employed on such estate shall be mustered before him with their several contracts, and may make such enquiries as may to him seem proper. Every such Inspector shall keep books, in which, from time to time, shall be entered the number of laborers then under contract to each employer, the number who shall then be sick or missing, or who shall have complained of ill-

অর্থাৎ প্রতিবৎসর জুলাই মাসের চতুর্দ্দশ দিবসে ও জানুআরি মাসের চতুর্দ্দশ দিবসে ঐ অবধারিত টাকা কি অবধারিত হারে টাকা দিতে হইবে। তৎপূর্ব্ব রিটর্ণমতে প্রত্যেক বাড়ীর যত জন মজুর ছিল তদনুসারে ঐ বাড়ীর উপর ঐ টাকা আদায় হইবে ইতি।

[রিটর্ণ অনুসারে যত টাকা দেয় হয়, মনিব ইত্যাদির তাহা পাঠাইবার কথা।]

৬৪ ধারা। ইহার শেষোক্ত রিটর্ণে যত মজুর লেখা থাকে তত জন মজুরের নিমিত্তে ইহার পূর্ব্ব ধারামতে যত টাকা দাতব্য হয়, পূর্ব্বোক্ত মনিব কি প্রধান কর্ম্মকর্ত্তা পূর্ব্বোক্ত জানুআরি মাসের চতুর্দ্দশ ও জুলাই মাসের চতুর্দ্দশ দিবসের পর দুই মাসের মধ্যে জিলার কালেক্টর সাহেবের নিকটে সেই টাকা পাঠাইবেন ইতি।

[মনিব ইত্যাদি উপযুক্ত সময়ের মধ্যে ঐ হারের টাকা না পাঠাইলে, তাঁহার প্রতি যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৬৫ ধারা। যদি পূর্ব্বোক্ত প্রকারের কোন মনিব কি প্রধান কর্ম্মকর্ত্তা ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কর্ম্ম না করেন, তবে তাঁহাকে সেই ত্রুটি জ্ঞাত করা কালেক্টর সাহেবের কর্ত্তব্য। সেই বিজ্ঞাপন প্রাপ্ত্যবধি এক মাসের মধ্যে, কিম্বা বিশেষ স্থলে অধিক যত কাল কালেক্টর সাহেবের যুক্তিযুক্ত বোধ হয় তত কালের মধ্যে যদি পূর্ব্বোক্ত মনিব কি প্রধান ব্যক্তি তদ্রূপ আজ্ঞানুযায়ি কর্ম্ম না করেন, তবে সেই বাড়ীতে মজুরের সম্পত্তি ভিন্ন অন্য যে অস্থাবর সম্পত্তি পাওয়া যায় কালেক্টর সাহেব তাহা ক্রোক করিয়া বিক্রয় করণদ্বারা, অথবা তদ্রূপ অস্থাবর কোন সম্পত্তি পাওয়া না গেলে, কি যাহা পাওয়া যায়, তাহাতে অকুলান হইলে বাড়ীর প্রয়োজনীয় পরিমাণের অংশ বিক্রয় করণদ্বারা সেই প্রাপ্য টাকা আদায় করিবেন। বাকী রাজস্ব আদায় করিবার যৎকালে যে ব্যবস্থা প্রবল থাকে উক্ত বিক্রয়ের কার্য্য তাহার বিধানানুসারে নির্ব্বাহ করিতে হইবে হাত।

[ইনস্পেক্টরের বহী রাখিবার ও সময়ে২ পরিভ্রমণ ও রিপোর্ট করিবার কথা।]

৬৬ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে২ কাল নিরূপণ করিবেন সেই২ কালের মধ্যে মজুরদের প্রত্যেক ইনসপেক্টর আপনার ক্ষমতার সীমার অন্তর্গত যে প্রত্যেক বাড়ীতে মজুরেরা থাকে তাহা দেখিতে যাইবেন, এবং মজুর কোনমতে যে হাসপাতালের কি তাম্বুর কি শিবিরের কি ঘরের ব্যবহার করে তাহা নিরীক্ষণ করিবেন, এবং ঐ বাড়ীর সকল মজুরের অবস্থার তদন্ত লইবেন। ও সেই অভিপ্রায়ে আজ্ঞা করিতে পারিবেন যে ঐ বাড়ীর সকল মজুরকে আপন২ চুক্তিপত্রসহিত তাঁহার সম্মুখে উপস্থিত করা যায়। পরে যে প্রকার অনুসন্ধান তাঁহার উপযুক্ত বোধ হয় তাহা লইতে পারিবেন। তদ্রূপ প্রত্যেক ইনস্পেক্টর বিশেষ২ বহী রাখিবেন। প্রত্যেক মনিবের নিকট তৎকালে যত জন মজুর চুক্তিদ্বারা বদ্ধ আছে ও যত মজুর পীড়িত কি অনুদ্দেশ্য ও যত জন অত্যাচারের নালিশ করিল ও সেই নালিশের বৃত্তান্ত এবং

treatment, the particulars of such complaints, and such other particulars regarding the laborers as the Lieutenant-Governor of Bengal shall from time to time direct. Each Inspector shall annually make a written Report to the Lieutenant-Governor of Bengal, through the Commissioner of the Division, of the aforesaid particulars; and any such Report, as regards any particular estate, shall be open to the inspection of the proprietor or chief person in charge of such estate, or any person by him appointed in writing in that behalf, and the person so inspecting shall be entitled to take a copy of the Report so far as it relates to such estate.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়েং মজুরগণ বিষয়ক অন্য যেং কথা নির্দ্দিষ্ট করিবেন ঐ বহীতে সেই সকল কথা লিখিবেন। প্রত্যেক ইন্‌স্পেকুটর বৎসরং উক্ত বিবরণের রিপোর্ট লিখিয়া খণ্ডের কমিসনের সাহেবের দ্বারা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকটে পাঠাইবেন, এবং বিশেষ যে বাড়ীর যে রিপোর্ট হয় সেই বাড়ীর স্বামী কি তাহার ভারপ্রাপ্ত প্রধান কর্ম্মকর্ত্তা কি তদর্থে তাঁহার লিপি-দ্বারা নিযুক্ত কোন ব্যক্তি ঐ রিপোর্ট দৃষ্টি করিতে পারিবেন, ও যে ব্যক্তি তাহা দেখেন তিনি ঐ বাড়ী বিষয়ক সেই রিপোর্টের অংশের প্রতিলিপি করিয়া লইতে পারিবেন ইতি।

[Magistrate, Inspector, &c., may inspect any estate at any time.]

LXVII. It shall be lawful for the Magistrate of the District, the Inspector of Laborers, or his duly authorized Assistant Inspectors, or any other Officer duly authorized by the Lieutetant-Governor of Bengal, at any time, to enter and inspect any estate, or any hospital, camp, tent, or building wholly or partially used by or for laborers, and to require that any laborer shall be brought before him, and to make any enquiries which he may think proper touching the condition or treatment of such laborer, or of any other laborer employed on such estate.

[মাজিষ্ট্রেট ইনস্পেকুটর প্রভৃতির কোন সময়ে কোন বাড়ীর পরিদর্শন করিতে পারিবার কথা]

৬৭ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব কি মজুরদের ইনস্পেকুটর কি তাঁহাহইতে উপযুক্ত ক্ষমতাপন্ন আসিষ্টাণ্ট ইনস্পেকুটর কি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের স্থানে উচিতমতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কার্য্যকারক যে কোন সময়ে হউক, কোন বাড়ীতে কিম্বা যাহার সমুদয় কি কোন অংশ মজুরদের দ্বারা কি মজুরদের জন্যে ব্যবহার হয় এমত কোন হাস্পাতালে কি শিবিরে কি তাম্বুতে কি ঘরে প্রবেশ করিয়া নিরীক্ষণ করিতে, ও বিশেষ কোন মজুরকে আপনার সম্মুখে আনাইবার আজ্ঞা দিতে ও সেই মজুরের কি ঐ বাড়ীর অন্য কোন মজুরের অবস্থা ও তাহার প্রতি যদ্রূপ আচরণ হয় তদ্বিষয়ক যে কোন অনুসন্ধান উপযুক্ত জ্ঞান করেন তাহা করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[Penaly on person obstructing inspection, &c.]

LXVIII. If any employer, or other person acting for or under such employer, shall in any way obstruct or impede any entry, inspection, or enquiry made under either of the two preceding Sections, such employer or other person as aforesaid shall be liable to a fine not exceeding five hundred Rupees for each such offence.

[যে ব্যক্তি পরিদর্শনের বাধা ইত্যাদি জন্মায় তাহার দণ্ডের কথা।]

৬৮ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারামতে যে প্রবেশ কি পরিদর্শন কি অনুসন্ধান করা যায় যদি কোন মনিব কি সেই মুনিবের পরিবর্ত্তে কি অধীনে কর্ম্মকারি অন্য কোন ব্যক্তি তাহা কোন প্রকারে প্রতিরোধ কি বাধা করেন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে সেই মনিব কি অন্য ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক অর্থ-দণ্ডের যোগ্য হইবেন ইতি।

[Inspector may suspend contract of any laborer temporarily unfitted for labor.]

LXIX. It shall be lawful for the Inspector of Laborers within the local limits of whose authority any laborer may be employed, to suspend, for such period as he shall consider advisable, the contract of such laborer or any particular term thereof, if such laborer shall be, in the judgment of such Inspector, temporarily unfitted for the performance thereof by reason of sickness, pregnancy, or other sufficient cause. Provided that every such suspension shall be endorsed by the Inspector on the contract. Provided, also, that every such laborer shall, during such incapacity, receive, in lieu of full wages, such a portion thereof as shall be considered sufficient by the Inspector, and that

[যে মজুর কিয়ৎকালার্থে শ্রম করিবার অযোগ্য, তাহার চুক্তি ইনস্পেকুটরের স্থগিত রাখিতে পারিবার কথা।]

৬৯ ধারা। মজুরদের কোন ইনস্পেকুটরের ক্ষমতা যে সীমা ব্যাপ্ত হয় সেই সীমাবর্ত্তি কোন মজুর যদি সেই ইনিস্পেকুটরের বিচারানুসারে পীড়িত কি অন্তরাপত্যাপ্রযুক্ত কি অন্য পর্য্যাপ্ত কারণে চুক্তির নির্দ্দিষ্ট কর্ম্ম করণে কিয়ৎকাল অসমর্থ হয়, তবে ইনস্পেকুটর যত কাল উপযুক্ত জ্ঞান করেন তত কাল পর্য্যন্ত সেই চুক্তি কি তাহার বিশেষ কোন নিয়ম স্থগিত রাখিতে পারিবেন। পরন্তু কোন চুক্তি যত বার তদ্রূপে স্থগিত রাখা যায়, তত বার ইনিস্পেকুটর তাহার পৃষ্ঠে সেই স্থগিত রাখিবার কথা লিখিবেন। আর তদ্রূপ কোন মজুর যাবৎ উক্তমতে অসমর্থ থাকে, তাবৎ সম্পূর্ণ বেতন না পাইয়া ইনস্পেকুটর তাহার যে অংশ প্রচুর জ্ঞান করেন কেবল সেই অংশ পাইবে, এবং মজুর সম্পূর্ণ যত কাল কর্ম্ম করিতে

the time during which the suspension continues shall be reckoned as part of the whole term for which the laborer is bound to serve.

[Penalty for unlawfully compelling any laborer to work.]

LXX. If on any estate it shall be found that any laborer whose contract has been suspended as aforesaid, has been compelled to perform any species of labor for which he was at the time unfit, or if any laborer shall have been compelled to perform work which, under the provisions of this Act, he was not bound to perform, the chief person in charge of such estate shall be liable to a fine not exceeding two hundred and fifty Rupees.

[Power to discharge laborer permanently unfitted for labor.]

LXXI. If, in the opinion of the Inspector of Laborers, any laborer shall be permanently unfitted for the performance of his contract or any material part thereof, the Inspector shall certify to that effect in writing, and deliver such Certificate to the employer of such laborer or some one on his behalf, and from the date of such Certificate the contract of such laborer, except as regards any liability previously incurred thereunder, shall wholly cease and determine. The Inspector shall make a Return of all such cases of determination of contract in his Report under Section LXVI of this Act. Every laborer, whose contract shall have been determined as aforesaid, shall be entitled to be reconveyed, at the expense of his employer, to the District in which he was recruited, or, if he prefer it, to receive from his employer three months' wages, and such sum shall be recoverable before a Magistrate in the manner hereinafter provided.

[Laborer who has completed his contract, to be permitted to have such completion registered.]

LXXII. Every laborer who shall have completed the term of his contract shall be forthwith permitted by his employer, or by the chief person in charge of the estate on which he has been employed under such contract, to appear before the Inspector, to have the completion of his contract registered. If such employer or chief person shall detain such laborer after the completion of his contract, or shall fail to give notice of such completion to the Inspector, within one month after the date of such completion, such employer or chief person shall be liable to a fine not exceeding two hundred and fifty Rupees.

[Power to redeem contact.]

LXXIII. If any laborer shall be able and desirous to redeem the unexpired term of his

বদ্ধ আছে, তাহার ঐ চুক্তির স্থগিত থাকন কাল সেই মিয়াদের মধ্যে ধরা যাইবে ইতি।

[মজুরকে অবৈধমতে শ্রম করাইবার দণ্ডের কথা।]

৭০ ধারা। কোন বাড়ীর মজুরের চুক্তি পূর্ব্বোক্ত মতে স্থগিত করা গেলে যদি দৃষ্ট হয় যে সে যৎকালে যে শ্রম করণে অসমর্থ তাহার দ্বারা বলপূর্ব্বক সেই শ্রম করাণ যায়, কিম্বা সে এই আইনের বিধানমতে যে কর্ম্ম করিতে বাধিত নয় তাহাকে এমত কর্ম্ম করাণ যায়, তবে সেই বাড়ীর প্রধান কর্ম্মকর্ত্তা আড়াই শত টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবেন ইতি।

[যে মজুর শ্রম করণে চিরকাল অসমর্থ তাহাকে ছাড়িয়া দিবার কথা।]

৭১ ধারা। যদি কোন মজুর ইনস্পেক্টরের বিচারানুসারে চুক্তির নির্দ্দিষ্ট কার্য্য কি তাহার কোন গুরুতর অংশ সাধনে চিরকালের নিমিত্তে অসমর্থ হয়, তবে ইনস্পেক্টর ঐ মজুরের মুনিবকে কি তাহার পক্ষ কোন ব্যক্তিকে সেই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া দিবেন, ও সেই সর্টিফিকটের তারিখ অবধি সেই মজুরের ঐ চুক্তি সর্ব্বতোভাবে শেষ হইয়া রহিত হইবে, কিন্তু পূর্ব্বে তাহাহইতে উৎপন্ন কোন দায়ের সম্বন্ধে তাহা সিদ্ধ থাকিবে। এই আইনের ৬৬ ধারামতে ইনস্পেক্টরের যে রিপোর্ট করিতে হয়, তন্মধ্যে তিনি রহিত উক্ত সকল চুক্তির রিটর্ণ লিখিবেন। যে কোন মজুরের চুক্তি পূর্ব্বোক্ত মতে রহিত হইয়াছে সে যে জিলাতে গৃহীত হইয়াছিল সেই জিলাতে মনিবের খরচে পুনর্ব্বার প্রেরিত হইবার স্বত্ববিশিষ্ট হইবে, কিম্বা যদি আপে বাঞ্ছনীয় জ্ঞান করে, তবে আপন মনিবের স্থানে তিন মাসের বেতন পাইতে স্বত্ববান হইবে, ও সেই টাকা ইহার পশ্চাৎ নির্দ্দিষ্টমতে কোন মাজিষ্ট্রেটের সম্মুখে আদায় হইতে পারিবে ইতি।

[মজুরের চুক্তি সমাপ্ত হইলে সেই কথা রেজিস্টরী করাইতে পারিবার কথা।]

৭২ ধারা। চুক্তিমতে কোন মজুরের মজুরী করিবার কাল শেষ হইলে, তাহার মনিব কিম্বা সেই চুক্তিক্রমে ঐ মজুর যে বাড়ীতে কর্ম্ম করিয়াছে সেই বাড়ীর প্রধান কর্ম্মকর্ত্তা তৎক্ষণাৎ ঐ ব্যক্তিকে ইন্স্পেক্টরের সম্মুখে উপস্থিত হইয়া আপনার চুক্তির কাল সমাপ্ত হওয়ার কথা রেজিস্টর করাইতে অনুমতি দিবেন। মজুরের চুক্তির সময় অতীত হইলেও যদি ঐ মনিব কি প্রধান কর্ম্মকর্ত্তা তাহাকে আটক করিয়া রাখেন, কিম্বা তাহার সেই চুক্তির কাল সমাপ্ত হইবার পর এক মাসের মধ্যে ইন্স্পেক্টরকে সম্বাদ না দেন, তবে সেই মনিবের কি প্রধান কর্ম্মকর্ত্তার আড়াই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[চুক্তিহইতে মুক্তি ক্রয় করিবার তাহার কথা।]

৭৩ ধারা। এই আইনের C চিহ্নিত তপশীলে যত টাকা নিরূপণ হইয়াছে যদি কোন মজুর ৬৩ টাকা দিয়া

contract of service by payment of a sum equivalent to the value thereof according to the prices in the Schedule C hereto set forth, such laborer may demand to be taken or allowed to go before the Inspector of Laborers within the local limits of whose authority his employer's estate is situate, and on his depositing such sum in the hands of such Inspector, such Inspector shall call for the contract of such laborer and endorse thereon a Certificate of release by purchase, and shall hold the sum in deposit on account of the employer of such laborer. If any employer or other person, authorized to act for the employer, shall neglect to comply with such demand, such employer, or other person as aforesaid, shall be liable to a fine not exceeding two hundred and fifty Rupees.

আপনার চুক্তিমতে কর্ম্ম করিবার বাকী সময়হইতে আপনাকে মুক্ত করিতে পারে ও ইচ্ছুক হয়, তবে সেই মজুর এই দাওয়া করিতে পারে যে তাহার মনিবের বাড়ী যে ইনস্পেক্‌টরের ক্ষমতার সীমার মধ্যে থাকে, মনিব তাহাকেসেই ইনিস্পেকুটরের সম্মুখে লইয়া যান কি যাইবার অনুমতি দেন ; সেই ইনিস্পেকুটরের হস্তে উক্ত টাকা সমর্পণ করিলে ইনস্পেকটর সেই মজুরের চুক্তিপত্র আনাইয়া তাহার পৃষ্ঠে মূল্যদ্বারা তাহার নিস্তার হইবার সর্টিফিকট লিখিবেন, ও উক্ত টাকা আমানৎ বলিয়া সেই মজুরের মনিবের নামে জমা রাখিবেন। যদি কোন মনিব কি মনিরের পক্ষে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন অন্য ব্যক্তি ঐ দাওয়ামতে কর্ম্ম না করেন, তবে সেই মনিবের কি পূর্ব্বোক্ত প্রকারের অন্য ব্যক্তির আড়াই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[A Certificate to be given to laborer whose contract has determined or been completed, or who has purchased release therefrom.]

LXXIV. Every laborer whose contract shall have been completed, determined, released by purchase as aforesaid, or rescinded by the mutual assent of the parties thereto, shall be entitled to receive forthwith from the Inspector, a Certificate of Release in such form as may from time to time be prescribed by the Lieutenant-Governor of Bengal by an order to be published in the Calcutta Gazette.

[মজুরের চুক্তির শেষ কি সমাপ্তি হইয়াছে কি তাহাহইতে নিস্তার ক্রয় করা গেলে তাহাকে সর্টিফিকট দিবার কথা।]

৭৪ ধারা। যে কোন মজুরের চুক্তির সমাধা কি সমাপ্তি হইযাছে কি পূর্ব্বোক্তমতে মূল্যদ্বারা চুক্তিহইতে যাহার নিস্তার হইয়াছে, কিম্বা উভয় পক্ষের সম্মতিক্রমে যাহার চুক্তি রহিত করা যায়, এমত প্রত্যেক মজুর ইনস্পেকুটরের স্থানে অবিলম্বে মুক্তির সর্টিফিকট পাইতে স্বত্ববান হইবে। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়েং কলিকাতা গেজেটে আজ্ঞা করণদ্বারা যে পাঠ নির্দ্দিষ্ট করিবেন, সেই পাঠে ঐ সর্টিফিকট প্রস্তুত করিতে হইবে ইতি।

[Laborer who has completed his contract or been released therefrom, may enter into a fresh contract.]

LXXV. Every laborer, the completion of whose contract or whose release therefrom shall have been registered, shall be entitled to enter into a fresh contract before the District Magistrate, in the manner prescribed in Section XXXI for contracts entered into before the Superintendent of Labor Transport, and in case of his so entering into such fresh contract, all the provisions of this Act respecting contracts shall apply to such contract.

[মজুরের চুক্তি সমাধা কি মুক্তি হইলে তাহার নূতন চুক্তি করিতে পারিবার কথা।]

৭৫ ধারা। যে মজুরের চুক্তির সমাপ্তি কিম্বা চুক্তিহইতে মুক্তি রেজিস্টর করা গিয়াছে, সেই মজুর জিলার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে নূতন চুক্তি করিতে পারিবে। ৩১ ধারামতে মজুরদিগকে চালান কার্য্যের সুপরিণ্টেণ্ডেন্টের সম্মুখে যেরূপে করিতে হয়, সেইরূপে করিবে। যদি তদ্রূপে নূতন করার করে, তবে এই আইনের চুক্তি বিষয়ক সকল বিধান সেই চুক্তির প্রতিও বর্ত্তিবে ইতি।

[If laborer desire to complain, employer to give notice to Inspector.]

LXXVI. If any laborer shall state to his employer, or to any person acting for such employer, that he desires to make a complaint to the Inspector of Laborers of personal ill-usage or breach of any provision of this Act on the part of such employer or other person, the person to whom such statement shall have been made shall, within forty-eight hours, send notice thereof in writing to the Inspector, and in default of so doing, such person shall be liable to a fine not exceeding five hundred Rupees.

[মজুর যদি নালিশ করিতে চায়, তবে ইন্‌স্পেকুটরকে মনিবের সংবাদ দিবার কথা।]

৭৬ ধারা। কোন মজুর যদি আপন মনিবকে কি সেই মনিবের পক্ষে কর্ম্মকারি কোন ব্যক্তিকে কহে যে সেই মনিবের কি অন্য ব্যক্তির দ্বারা তাহার প্রতি অত্যাচার কি এই আইনের কোন বিধান লঙ্ঘন হওয়া প্রযুক্ত সে মজুরদের ইনস্পেকুটরের নিকটে নালিশ করিতে ইচ্ছা করে, তবে যে ব্যক্তিকে সেই কথা কহা যায় তিনি আটচল্লিশ ঘণ্টার মধ্যে ইনস্পেকুটরের নিকটে তদ্বিষয়ক লিখিত সংবাদ পাঠাইবেন, না পাঠাইলে সেই ব্যক্তি পাঁচ শত টাকা অর্থদণ্ডের যোগ্য হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১৬ আপ্রিল।]

[Inspector how to proceed on receipt of notice of complaint.]

LXXVII. Whenever any Inspector of Laborers shall receive such notice in writing as aforesaid, or whenever any complaint of personal ill-usage or breach of any provision of this Act as aforesaid, shall be made to him by any laborer against his employer or any person acting for such employer, or whenever the Inspector shall have other reasonable grounds for believing that any such personal ill-usage or breach of any provision of this Act as aforesaid has been suffered by a laborer, such Inspector shall forthwith, if the estate on which such offence has been committed is not situate within the limits of his own authority, give notice thereof in writing to the Inspector within the limits of whose authority such estate is situated; and if such estate be situated within the limits of his own authority, then such Inspector shall forthwith make full enquiry into the matter complained of.

[Inspector may summon the complainant and his witnesses. Penalty for obstructing service of, or obedience to, summons.]

LXXVIII. For the purposes of such enquiry, it shall be lawful for any Inspector, if he think fit, to summon such laborer as aforesaid, as well as any witnesses whose attendance may be necessary; and if any employer of laborers or other person authorised to act for the employer, shall in any way obstruct the service of, or obedience to, such summons, such employer or other person as aforesaid shall be liable to a fine not exceeding two hundred and fifty Rupees.

[Inspector how to proceed if the complaint be untrue or frivolous.]

LXXIX. If, upon such enquiry made on the complaint of a laborer, the Inspector shall be of opinion that the complaint is untrue or frivolous, he shall enter in his book the particulars of such complaint, and a short statement of the grounds of his opinion respecting it, and shall dismiss the complaint, and in such case shall endorse on the contract of such complaint the number of days spent in such enquiry, and such number of days shall be added to the period for which such complainant had contracted to serve.

[Inspector how to proceed if the complaint be well founded.]

LXXX. If, upon such enquiry as aforesaid, the Inspector shall be of opinion that the complaint is well founded, but not within his own cognizance under the powers conferred upon him under this Act, he shall without delay send the complainant and his witnesses to the nearest Magistrate, and such Magistrate shall thereupon deal with the case in due course of law.

[*Government Gazette*, 16*th April* 1867.]

[নালিশের সংবাদ পাইলে ইনস্পেকটরের যাহা কর্ত্তব্য তাহার কথা ।]

৭৭ ধারা। মজুরদের কোন ইনস্পেকটর 'যখন পূর্ব্বোক্ত প্রকারের লিখিত সংবাদ পান, কিম্বা কোন মজুর যখন তাঁহার নিকটে আপন মনিবের নামে কি সেই মনিবের পক্ষে কর্ম্মকারি কোন ব্যক্তির নামে পূর্ব্বোক্ত প্রকারের অত্যাচারের কি এই আইনের কোন বিধানের লঙ্ঘনের নালিশ করে, কিম্বা কোন মজুরের প্রতি পূর্ব্বোক্ত প্রকারের অত্যাচার কি তাহার বিপক্ষে এই আইনের কোন বিধানের লঙ্ঘন হইয়াছে, যখন সেই ইনস্পেকুটর এমত প্রত্যয় করিবার যুক্তিযুক্ত অন্য কারণ দেখেন, তখন যে বাড়ীতে ঐ অপরাধ হইয়াছে, তাহা যদি তাঁহার নিজ ক্ষমতার সীমার অন্তর্গত না থাকে, তবে সেই বাড়ী অন্য যে ইনস্পেকটরের সীমার অন্তর্গত হয় তাঁহাকে তিনি ঐ বিষয়ের লিখিত সংবাদ দিবেন। যদি ঐ বাড়ী তাঁহার নিজ ক্ষমতার সীমার অন্তর্গত থাকে, তবে ঐ ইনস্পেকুটর তৎক্ষণাৎ সেই নালিশের বিষয়ের সম্পূর্ণ অনুসন্ধান করিবেন ইতি।

[ঐ নালিশকারি ব্যক্তিকে ও তাহার সাক্ষিদিগকে ইনস্পেকুটরের আহ্বান করিতে পারিবার কথা, এবং আহ্বানপত্র দিবার কি তদনুসারে কর্ম্ম হইবার বাধা জন্মাইবার দণ্ডের কথা।]

৭৮ ধারা। কোন ইনস্পেকুটর উপযুক্ত জ্ঞান করিলে, তদ্রূপ অনুসন্ধানের উপলক্ষে পূর্ব্বোক্ত মজুরকে ও যে সাক্ষিদের উপস্থান আবশ্যক বোধ করেন তাহাদিগকে আহ্বান করিতে ক্ষমতাপন্ন হইবেন, এবং কোন মনিব কি মনিবের পক্ষে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন অন্য ব্যক্তি যদি তদ্রূপ আহ্বানপত্র দিবার কি তদনুযায়ি কর্ম্ম হইবার কোন বাধা জন্মায়, তবে সেই মনিব কি পূর্ব্বোক্ত অন্য ব্যক্তি আড়াই শত টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবেন ইতি।

[নালিশ অসত্য কি তুচ্ছ হইলে ইনস্পেকুটরের যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৭৯ ধারা। মজুরের নালিশক্রমে উক্ত যে অনুসন্ধান করা যায়, তাহা যদি ইনস্পেকুটরের বিবেচনায় অসত্য কি তুচ্ছ হয়, তবে তিনি আপন বহীতে সেই নালিশের বৃত্তান্ত ও তদ্বিষয়ক আপনার সেই মতের হেতু সংক্ষেপে লিখিয়া ডিসমিস করিবেন। তদ্রূপ স্থলে সেই অনুসন্ধান করণে যত দিন যাপন হইয়াছে, তাহার সংখ্যা তিনি ঐ নালিশকারি ব্যক্তির চুক্তিপত্রের পৃষ্ঠে লিখিবেন, ও নালিশকারি ব্যক্তি যত কাল শ্রম করিতে চুক্তি করিয়াছে, তাহা তত দিন পর্য্যন্ত বৃদ্ধি হইবে ইতি।

[নালিশ সত্য হইলে ইনস্পেকুটরের যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৮০ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের অনুসন্ধান ক্রমে যদি ইনস্পেকুটর সেই নালিশ সত্য জ্ঞান করেন, কিন্তু এই আইনের বলে তাঁহাকে প্রদত্ত ক্ষমতাক্রমে তাঁহার বিচার্য্য নয়, তবে তিনি নালিশকারি মজুরকে ও তাহার সাক্ষিদিগকে অবিলম্বে অতি নিকটবর্ত্তি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন, এবং উক্ত মাজিষ্ট্রেট বিচারকার্য্যের প্রণালীমতে সেই বিষয়ের বিচার করিবেন ইতি।

[Compensation to be given if wages for more than two months are due.]

LXXXI. If, upon the complaint of any laborer, it shall be proved to the satisfaction of the Magistrate that the wages of such laborer have not been paid to him for a period of more than two months after they have become due, it shall be lawful for such Magistrate to award to such laborer the amount which shall appear to be then due to him; and also, by way of compensation, such further sum, not exceeding that amount, as shall appear to the Magistrate to be just; and, in case of default, the Collector shall, upon the requisition of the Magistrate, levy the entire sum in the manner prescribed in Section LXV.

[Contract to be cancelled if employer be convicted by the Court of Session, or be twice convicted by a Magistrate, of an offence against the laborer, or if wages be not paid for more than four months, or if laborer have been grossly ill-used.]

LXXXII. If the employer of any laborer, or any person placed in authority over such laborer by such employer, shall be convicted of any offence against such laborer triable under the Code of Criminal Procedure by the Court of Session; or if any such employer, or other person as aforesaid, shall be twice convicted of any offence against such laborer triable, under the said Code, by a Magistrate; or if it shall be proved before a Magistrate that the wages of such laborer have not been paid for a period of more than four months after they shall have become due; or if the Magistrate of the District shall, on the report of the Inspector, and after due enquiry, be satisfied that any laborer has been compelled to perform any labor while he was unfit for it, or has been subjected to gross ill-usage by such employer or any other person placed in authority over the laborer by such employer, it shall be lawful for the Inspector, on the application of the laborer, in each of such cases, to cancel the contract of such laborer, and to award to him such compensation for such cancelment, not exceeding thirty Rupees, as he shall think fit, and every such cancelment shall be certified on the back of such contract, and such laborer shall then be at liberty either to enter into a fresh contract with any other employer, or to return to the District from which he was recruited.

[Penalty on laborer for absenting himself without sufficient cause.]

LXXXIII. Any laborer who shall absent himself from his labor without sufficient cause, may be taken before the nearest Magistrate, and shall, on

[দুই মাসের অধিক কালের বেতন বাকী থাকিলে ক্ষতিপূরণের কথা।]

৮১ ধারা। কোন মজুরের নালিশক্রমে যদি মাজিষ্ট্রেট সাহেবের হৃদবোধমতে প্রমাণ হয় যে ঐ মজুরের বেতন যে দিনে পাওনা ছিল সেই দিন অবধি দুই মাসের অধিক কাল গত হইলেও তাহাকে বেতন দেওয়া যায় নাই, তবে সেই সময়ে ঐ মজুরের যত টাকা পাওনা দৃষ্ট হয়, উক্ত মাজিষ্ট্রেট তত টাকা তাহাকে দিবার আজ্ঞা করিতে পারিবেন। এবং ঐ টাকার অনধিক যত টাকা মাজিষ্ট্রেট সাহেনবের ন্যায্য বোধ হয় তত টাকা তাহাকে ক্ষতিপূরণস্বরূপে দিবার আজ্ঞা করিতে পারিবেন। তাহা দেওয়া না গেলে মাজিষ্ট্রেট সাহেবের প্রার্থনাক্রমে কালেক্টর সাহেব এই আইনের ৬৫ ধারার নির্দ্দিষ্টমতে ঐ সমুদয় টাকা আদায় করিবেন ইতি।

[মজুরের বিপক্ষে মনিবের অপরাধ সেশন আদালতে প্রমাণ হইলে, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে দুই বার প্রমাণ হইলে, কিম্বা চারি মাসের অধিক কাল বেতন না দেওয়া গেলে, কিম্বা মজুরের প্রতি অত্যন্ত কটূব্যবহার হইলে চুক্তি রহিত হইবার কথা।]

৮২ ধারা। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে যে অপরাধ সেশন আদালতের বিচার্য্য হয়, যদি মজুরের প্রতি মনিবের কিম্বা তাঁহার আজ্ঞাক্রমে অন্য যে ব্যক্তিকে ঐ মজুরের উপর কর্ত্তৃত্ব করিবার ক্ষমতা দেওয়া গেল সেই ব্যক্তির তদ্রূপ অপরাধ সপ্রমাণ হয়, কিম্বা উক্ত আইনক্রমে মাজিষ্ট্রেটের দ্বারা যে অপরাধ বিচার্য্য হয় যদি ঐ মজুরের প্রতি ঐ মনিবের কিম্বা পূর্ব্বোক্ত অন্য ব্যক্তির সেই অপরাধ দুইবার সপ্রমাণ হয় কিম্বা ঐ মজুরের বেতন যে দিনে পাওনা ছিল সেই দিন অবধি চারি মাসের অধিক কাল গত হইলেও তাহাকে দেওয়া যায় নাই ইহা যদি কোন মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ করা যায়, কিম্বা কোন মজুর যখন বিশেষ কোন কর্ম্ম করিতে অসমর্থ ছিল তখন বলক্রমে তাহার দ্বারা সেই কর্ম্ম করাণ গিয়াছে, কিম্বা উক্ত মনিব কি সেই মজুরের উপরে কর্ত্তৃত্ব করণার্থে ঐ মনিবের নিযুক্ত অন্য ব্যক্তি মজুরের প্রতি অত্যন্ত কটূব্যবহার করিয়াছে, জিলার মাজিষ্ট্রেট যদি ইনিস্পেকটরের রিপোর্টক্রমে ও উচিত অনুসন্ধান করিয়া ইহা হৃদবোধমতে জানিতে পান, তবে প্রত্যেক স্থলে ইনিস্পেকুটর মজুরের প্রার্থনাক্রমে তাহার চুক্তি রহিত করিতে পারিবেন, এবং রহিত হওয়াপ্রযুক্ত ত্রিশ টাকার অনধিক যত উপযুক্ত জ্ঞান করেন, ক্ষতিপূরণস্বরূপে তাহাকে তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন। চুক্তিপত্র তদ্রূপে রহিত করা গেলে সেই মর্ম্মের ঐ সার্টিফিকট পত্রের পৃষ্ঠে লিখিতে হইবে। তখন ঐ মজুর অন্য কোন মনিবের সহিত নূতন চুক্তি করিতে পারিবে, অথবা যে জিলাতে গৃহীত হইয়াছিল তথায় ফিরিয়া যাইতে পারিবে ইতি।

[যে মজুর উপযুক্ত কারণ বিনা অনুপস্থিত থাকে তাহার দণ্ডের কথা।]

৮৩ ধারা। যে কোন মজুর পর্য্যাপ্ত কারণ বিনা আপন কর্ম্মে অনুপস্থিত থাকে, তাহাকে নিকটবর্ত্তি মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত করা যাইতে পারি-

conviction, be sentenced to lose all claim to wages or allowances during the period of such absence, and also to forfeit to his employer a sum not exceeding four annas for each day during which such absence shall have continued: and in case such absence shall have exceeded seven days, or in case such laborer shall have been already convicted of the same offence within a period of three months, such laborer shall be furthermore sentenced to rigorous imprisonment for fourteen days.

[Penalty for wilful negligence or indolence.]

LXXXIV. Any laborer who, without absenting himself from his labor, shall be wilfully negligent or indolent in the performance thereof, may be convicted as aforesaid, and shall, on such conviction, be sentenced to loss all claim to wages or allowances for the period of such wilful negligence or indolence; and upon a second conviction within six months for a similar offence, shall be sentenced to rigorous imprisonment for fourteen days.

[Laborer deserting may be apprehended without a warrant. Proviso. Further Proviso.]

LXXXV. If any laborer shall desert or attempt to desert from his employer's service, such employer or any other person acting in his behalf may, without first procuring a warrant and without the assistance of any Police Officer (who, nevertheless, shall be bound to give such assistance if called upon to do so) apprehend such laborer wherever he may be found. Provided, nevertheless, that if the said laborer be found in the service of another employer, or beyond the limits of the District in which his employer's estate is situated or in which he deserted, he shall not be arrested without a warrant. Provided, also, that if the employer or other person as aforesaid shall use unnecessary violence in effecting such apprehension, or if he shall not, within forty-eight hours from the time of such apprehension, make over the said laborer to the hands of some Police Officer, with a statement in writing of the apprehender's name and residence, and of the charge on which the laborer has been apprehended, or shall not otherwise within such period cause him to be conveyed to the nearest Magistrate, the person so apprehending shall be liable to a fine not exceeding five hundred Rupees.

[Laborer, when made over to the Police, to be taken before the nearest Magistrate.]

LXXXVI. If any laborer apprehended, whether with or without a warrant upon a charge of desertion, shall be made over to a Police Officer, it shall be the duty of such Officer to convey him, without

যে, ও যদি তাহার দোষ সপ্রমাণ হয়, তবে তাহার এই দণ্ডাজ্ঞা হইবে, যত কাল সে অনুপস্থিত ছিল তত কালের বেতন ও উপরি পাইবার সমুদয় দাওয়াতে বঞ্চিত হইবে, এবং যত দিন অনুপস্থিত ছিল তাহার দিন প্রতি চারি আনার অনধিক অর্থদণ্ড আপন মনিবকে দিবে, যদি সে সাত দিনের অধিক কাল অনুপস্থিত থাকে, কি পূর্ব্ব তিন মাসের মধ্যে যদি তাহার নামে সেই অপরাধের প্রমাণ হইয়া থাকে, তবে সেই মজুরের বিপক্ষে এই অতিরিক্ত দণ্ডাজ্ঞা হইবে তাহাকে চৌদ্দ দিন পর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কারাগারে থাকিতে হইবে ইতি।

[ইচ্ছাপূর্ব্বক শৈথিল্য কি আলস্য করিবার দণ্ডের কথা।]

৮৪ ধারা। কোন মজুর কর্ম্মে অনুপস্থিত না থাকিলেও যদি কর্ম্ম করণে ইচ্ছাপূর্ব্বক শৈথিল্য কি আলস্য করে, তবে তাহার দোষ পূর্ব্বোক্তমতে সপ্রমাণ করা যাইতে পারিবে, ও সপ্রমাণ হইলে তাহার এই দণ্ডের আজ্ঞা হইবে, ইচ্ছাপূর্ব্বক শৈথিল্য কি আলস্য করণ কালের বেতন ও উপরি পাইবার সকল দাওয়াতে সে বঞ্চিত হইবে, ও যদি ছয় মাসের মধ্যে দ্বিতীয় বার তাহার তদ্রূপ অপরাধের প্রমাণ হয়, তবে তাহার চৌদ্দ দিন পর্য্যন্ত কঠিনপরিশ্রমসহিত কারাদণ্ডের আজ্ঞা হইবে ইতি।

[পলাতক মজুরকে ওয়ারণ্ট বিনা ধরিতে পারিবার কথা ও তাহার দুই উপবিধি।]

৮৫ ধারা। কোন মজুর যদি আপন মনিবের কর্ম্ম হইতে পলায়ন করে কি পলাইবার উদ্যোগ করে, তবে সেই মনিব কি তাঁহার পক্ষে কর্ম্মকারি অন্য কোন ব্যক্তি অগ্রে ওয়ারণ্ট না পাইলেও এবং পোলীসের কোন কর্ম্মচারির সাহায্য ব্যতিরেকেও মজুরকে যে খানে পাওয়া যায় সেখানে ধরিতে পারিবে। পোলীসের কর্ম্মচারির সাহায্য চাহিলে ঐ কর্ম্মচারি সাহায্য করিতে বাধিত হইবেন। পরন্তু যদি সেই মজুরকে অন্য মনিবের কর্ম্মে দেখা যায়, কিম্বা মনিবের বাড়ী যে জিলাতে তাহার আছে কি যথাহইতে সে পলায়ন করিয়াছে যদি তাহাকে সেই জিলার সীমার বাহিরে পাওয়া যায়, তাহা হইলে ওয়ারণ্ট বিনা তাহাকে আটক করিতে হইবে না। আর যদি ঐ মনিব কি পূর্ব্বোক্ত প্রকারের অন্য ব্যক্তি তাহাকে ধরিবার জন্যে প্রয়োজনাতিরিক্ত বল প্রকাশ করেন, কিম্বা ধরিলে পর আটচল্লিশ ঘণ্টার মধ্যে ঐ মজুরকে পোলীসের কোন কর্ম্মচারির প্রতি সমর্পণ করিয়া ধৃতকারি ব্যক্তির নাম ও ধাম ও যে নালিশক্রমে ঐ মজুর ধৃত হইল সেই নালিশের লিখিত রিটর্ণ না দেন, অথবা প্রকারান্তরে উক্ত কালের মধ্যে তাহাকে নিকটস্থ মাজিষ্ট্রেটের সম্মুখে চালান না করেন, তবে সেই ধৃতকারি ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবে ইতি।

[মজুর পোলীসের হস্তে সমর্পিত হইলে তাহাকে নিকটস্থ মাজিষ্ট্রেটের নিকটে লইয়া যাইবার কথা।]

৮৬ ধারা। কোন মজুর পলায়ন করিবার অভিযোগে ওয়ারণ্টের বলে কি ওয়ারণ্ট বিনা ধৃত হইয়া পোলীসের কোন কর্ম্মচারির হস্তে সমর্পিত হইলে, তাহাকে অবিলম্বে অতি নিকটস্থ মাজিষ্ট্রেটের

delay, to the nearest Magistrate; and if the estate or place from which such laborer is charged with having deserted be within the jurisdiction of such Magistrate, he shall himself adjudicate upon the charge; but if not, he shall forward the said laborer, under custody, to the Magistrate within whose jurisdiction such estate or place is situated, who shall adjudicate upon such charge.

[Penalties for desertion and wrongful appression.]

LXXXVII. If it be proved to the satisfaction of the Magistrate that such laborer has deserted from his employer's service, he shall be convicted and sentenced to rigorous imprisonment for a period not exceeding three months. If it be proved that the laborer has been apprehended wrongfully, the person apprehending him, or on whose charge or by whose order he shall have been apprehended, shall be liable to a fine not exceeding five hundred Rupees, any portion of which may be awarded to such laborer.

[Provisions regarding desrtion and unlawful absence to apply to desertion in transit.]

LXXXVIII. All the provisions of this Act regarding the desertion or unlawful absence of laborers, shall be held applicable to laborers who shall desert while in transit to the District in which they have contracted to labor for hire; and such laborers may be tried either in the District in which they may be apprehended, or in the District in which under their contracts they are bound to labor for hire, notwithstanding that the offence may have been committed in a third District.

[Penalty for enticing away, harboring, or employing, laborers under contanct to another person.]

LXXXIX. Any person who shall knowingly and wilfully entice away, harbour, or employ any laborer, who shall have entered into such contract as aforesaid with another person, before such laborer shall have been lawfully released from such contract, shall be liable to a penalty not exceeding five hundred Rupees.

[Expense of restoring a deserting laborer to be borne by his employer.]

XC. Every employer of laborers who shall obtain a warrant for the arrest and return, or an order for the forwarding, of any laborer who may have deserted, shall pay the expense of the arrest and return of such laborer, and shall, before the said warrant is executed, deposit with the Magistrate who may issue such warrant or make such order, such sum

সম্মুখে লইয়া যাওয়া সেই কর্ম্মকারির কর্ত্তব্য, সেই মজুরের নামে যে বাড়ী কি স্থানহইতে পলাইবার নালিশ হয়, তাহা সেই মাজিষ্ট্রেটের বিচারাধিপত্যের অন্তর্গত থাকিলে তিনি আপনি সেই নালিশের বিচার করিতে প্রবৃত্ত হইবেন, নতুবা ঐ বাড়ী কি স্থান যে মাজিষ্ট্রেটের বিচারাধিপত্যের অন্তর্গত, তাঁহার নিকটে প্রহরিদ্বারা সেই মজুরকে পাঠাইবেন ও সেই মাজিষ্ট্রেট তাহার বিচার করিবেন ইতি।

[পলাইবার ও অন্যায়পূর্ব্বক ধৃত করিবার দণ্ডের কথা।]

৮৭ ধারা। সেই মজুর আপন মনিবের কর্ম্মহইতে পলাইয়াছে ইহা যদি মাজিষ্ট্রেটের হৃদ্বোধমতে প্রমাণ করা যায়, তবে তিনি তাহাকে দোষী নির্ণয় করিয়া তিন মাসের অনধিক কালপর্য্যন্ত তাহার কঠিন পরিশ্রমসহিত কারাদণ্ডের আজ্ঞা করিবেন। সেই মজুরকে অন্যায়মতে ধৃত করা গিয়াছে, যদি এমত প্রমাণ হয় তবে যে ব্যক্তি তাহাকে ধরিয়াছে কিম্বা যাহার নালিশ কি আজ্ঞাক্রমে তাহাকে ধরা গিয়াছে, সেই ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবে। উক্ত টাকার মধ্যে কোন অংশ মজুরকে দিবার আজ্ঞা হইতে পারিবে ইতি।

[পলায়ন ও অবৈধমতে অনুপস্থান বিষয়ক যে বিধান হইয়াছে তাহা বাড়ীতে গমনকালীন পলায়নের প্রতি বর্ত্তিবার কথা।]

৮৮ ধারা। এই আইনে মজুরদের পলায়ন কি ব্যবস্থাবিরুদ্ধ অনুপস্থান বিষয়ক যত বিধান আছে মজুরেরা যে জিলাতে বেতন পাইবার আশাতে কর্ম্ম করিবার চুক্তি করিয়াছে, সেই জিলাতে গমনকালে যাহারা পলায়ন করে, তাহাদের প্রতি সেই সকল বিধান খাটিবে, এবং ঐ মজুরেরা যে জিলাতে ধরা পড়ে সেই জিলাতে, অথবা তাহারা চুক্তিক্রমে বেতনের আশাতে যে জিলাতে শ্রম করিতে বদ্ধ আছে সেই জিলাতে তাহাদের বিচার হইতে পারিবে। উক্ত দুই জিলাভিন্ন কোন জিলাতে অপরাধ হইলেও ইহার কোন বাধা হইবে না ইতি।

[মজুরেরা যাহার নিকটে কর্ম্ম করিতে চুক্তি করিয়াছে তাহারদের কর্ম্মহইতে তাহাদিগকে ফুসলাইয়া লইবার কি আশ্রয় দিবার কি কর্ম্মে নিযুক্ত করিবার দণ্ডের কথা।]

৮৯ ধারা। মজুর কোন ব্যক্তির নিকটে কর্ম্ম করিতে চুক্তি করিলে, তাহার সেই চুক্তিহইতে মুক্তি না হইলেও, যদি কেহ জ্ঞান ও ইচ্ছাপূর্ব্বক তাহাকে ফুসলাইয়া লইয়া যায় কি আশ্রয় দেয় কি কর্ম্ম দেয়, তবে সেই ব্যক্তির পাঁচ শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[পলাতক মজুরকে মনিবের নিকটে ফিরিয়া পাঠাইবার খরচ মুনিবের দিতে হইবার কথা।]

৯০ ধারা। মজুর পলাতক হইলে তাহার যে মনিব তাহাকে ধরিয়া আনিবার পরওয়ানা কি চালান করিবার আজ্ঞাপত্র পান, তিনি ঐ মজুরের ধরিয়া আনিবার খরচ দিবেন। এবং যে মাজিষ্ট্রেট সাহেব ঐ পরওয়ানা দেন কি ঐ আজ্ঞা করেন তাঁহার বিবেচনায় ঐ ব্যক্তির ধরিয়া আনাইবার কি চালান করিবার যত খরচ কুলাইবে ঐ মনিব ঐ পরওয়ানা জারী করিবার

as such Magistrate may in his discretion deem to be sufficient for defraying the expense of such arrest and return or forwarding.

[Portion of sentence may be cancelled if employer apply for return of laborer.]

XCI. It shall be lawful for the employer, or any person authorised to act for the employer, of any laborer imprisoned for any offence under this Act, to apply to the Magistrate, at any time previous to the expiry of such sentence, that such laborer be made over to him for the purpose of completing his contract, and the Magistrate shall, in such case, make over such laborer, and shall cancel the remainder of the sentence passed on him, and shall endorse a memorandum signed by him of such cancellation on the contract of such laborer.

[No deduction to be made from the wages mentioned in the attested contract.]

XCII. It is hereby declared that it shall not be lawful for any person, with whom a laborer has entered into a contract duly executed in the presence of the Superintendent as provided in Section XXXI, to make any deduction whatever, from the amount of wages which by such contract are made payable to the laborer, for or on account of the expenses incurred in engaging such laborer, or otherwise incurred in respect of him prior to his reaching his final destination.

[Two sentences and imprisonment for 60 days for desertion shall cancel contract. Convictions not to operate as a release, but on expiry of sentence, laborer to be made over to employer.]

XCIII. Whenever a laborer shall have been more than once sentenced to imprisonment for the offence of desertion from his employer's service, and shall have actually suffered imprisonment under such sentences for the said offence amounting in the whole to sixty days, it shall be lawful for the Inspector, and he is hereby required on the application of the laborer, to cancel the contract of such laborer, and every such cancellation shall be by the Inspector certified on the back of the contract; and such laborer shall then be at liberty, either to enter into a fresh contract with any other employer, or to return to the District from which he was recruited: but, save as aforesaid, on the expiry of any sentence of imprisonment for any offence under this Act, it shall be the duty of the Magistrate to make over such laborer to any person appointed on the part of his employer to receive charge of him; and no conviction under this Act, or imprisonment under such conviction, shall be held to operate as a release to any laborer from the terms of his contract. Provided, nevertheless, that the period of imprisonment shall in no case be pro-

পূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ঐ খরচ রাখিবেন ইতি।

[মনিব যদি মজুরের প্রত্যাগমনের প্রার্থনা করেন, তবে দণ্ডের একাংশ রহিত হইতে পারিবার কথা।]

৯১ ধারা। এই আইনের বিরুদ্ধ কোন অপরাধ প্রযুক্ত যে কোন মজুর কারাবদ্ধ হয়, তাহার কারাদণ্ডের কাল অতীত হইবার পূর্ব্ব কোন সময়ে তাহার মনিব কি সেই মনিবের পক্ষে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন কোন ব্যক্তি মাজিষ্ট্রেটের কাছে ঐ মজুরের চুক্তি মতে কর্ম্ম করিবার জন্যে তাহাকে আপন হাতে সমর্পণ করিবার প্রার্থনা করিতে পারিবেন। তাহা হইলে মাজিষ্ট্রেট সেই মজুরকে সমর্পণ করিয়া তাহার নামে প্রচারিত দণ্ডের অবশিষ্টাংশ রহিত করিবেন। এবং সেই মজুরের চুক্তির পৃষ্ঠে সেই রহিত হইবার কথা লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন ইতি।

[সাক্ষিদিগের স্বাক্ষরিত চুক্তিপত্রে যে বেতন নির্দ্দিষ্ট থাকে তাহার কিছু কর্ত্তন না হইবার কথা।]

৯২ ধারা। ইহাতে বিধান করা গেল যে, মজুর কোন ব্যক্তির নিকটে কর্ম্ম করিতে চুক্তি করিলে ও সেই চুক্তি এই আইনের ৩১ ধারামতে সুপরিন্টেণ্ডেণ্টের সাক্ষাতে স্বাক্ষর করা গেলে, সেই চুক্তিক্রমে মজুর যত টাকা বেতনের জন্যে কর্ম্ম করিতে করার করিয়াছে, তাহাহইতে তাহাকে ঠিক করিয়া আনাইবার খরচ বলিয়া কিম্বা আপনার লক্ষিত স্থানে পঁহুছিবার পূর্ব্বে তাহার জন্যে অন্য কোন প্রকারের খরচ বলিয়া তাহার বেতনের কোন ভাগ কাটা যাইবে না ইতি।

[দুইবার ৬০ দিন কয়েদ হইলে চুক্তি রহিত হইবার কথা ও দোষী হওয়াতে মুক্ত না হইবার কিন্তু দণ্ডের কালগত হইলে মজুরকে মনিবের প্রতি সমর্পণ করিতে হইবার কথা।]

৯৩ ধারা। যদি কোন মজুর মনিবের কর্ম্মহইতে পলায়ন করাপ্রযুক্ত একবারের অধিক কারাদণ্ড পায়, এবং সেই অপরাধের নিমিত্তে যদি তাহার সর্ব্বসুদ্ধ ষাইট দিন কারাদণ্ড ভোগ হইয়া থাকে, তবে ইন্‌স্পেক্‌টর ঐ মজুরের চুক্তিপত্র ব্যর্থ করিতে পারিবেন এবং মজুরের প্রার্থনা হইলে ইহাতে তাহা ব্যর্থ করিবার আজ্ঞা হইল। এবং ইন্‌স্পেক্‌টর ঐ চুক্তিপত্রের পৃষ্ঠে তাহার রহিত হইবার সর্টিফিকট লিখিবেন। তাহা হইলে ঐ মজুর অন্য কোন মনিবের নিকট কর্ম্ম করিবার চুক্তি করিতে পারিবে, অথবা যে জিলাহইতে আসিয়াছিল সেই জিলায় ফিরিয়া যাইতে পারিবে। সেই স্থলভিন্ন এই আইনের বিরুদ্ধ কোন অপরাধ প্রযুক্ত যে কারাদণ্ডের আজ্ঞা হয়, তাহার কাল গত হইলে পর মজুরের ভার গ্রহণে মনিবের নিযুক্ত কোন ব্যক্তির প্রতি সেই মজুরকে সমর্পণ করা মাজিষ্ট্রেট সাহেবের উচিত হইবে। এবং এই আইনের বলে দোষী হওয়া কি দোষী হওনক্রমে কারাবদ্ধ হওয়াপ্রযুক্ত চুক্তির নিয়মহইতে কোন মজুরের নিস্তার নাই। পরন্তু এমত বিধান থাকিলেও দণ্ডের কাল গত হইলে যদি মজুরের ভার লইতে মনিবের পক্ষ কোন ব্যক্তি উপস্থিত না থাকে তথাপি কোনক্রমে কারাদণ্ডের কাল বাড়াইতে হইবে না, কিন্তু এমত স্থলে কয়েদিকে মনিবের বাটীতে পাঠাইতে হইবে, ও তাহাকে পাঠাইতে যে খরচ লাগে তাহা এই আইনমতের অর্থদণ্ড আদায় করিবার

[*Government Gazette*, 16th April 1867.]

longed by reason of there being no person present on the part of the employer to take charge of the laborer at the expiry of his sentence, but the prisoner shall, in that case, be sent to the employer's estate, and the expense of such conveyance shall be levied from the employer in the manner provided for the realization of fines under this Act.

[Act not to apply to domestic servants or to laborers proceeding alone.]

XCIV. None of the provisions of this Act shall apply to domestic servants, nor to any laborer proceeding alone, or accompanied by his family only, to the Districts of Assam, Cachar, or Sylhet, nor to any number, less than twenty, of persons intending to serve for hire in the said Districts, proceeding together to the said Districts without the intervention, direct or indirect, of a Recruiter, or of a Contractor.

[Sentences to be endorsed on contract. Periods of imprisonment and unlawful absence to be added to term of service.]

XCV. The duration of every unlawful absence from labor for which a sentence shall be imposed, and every sentence of imprisonment for any offence under this Act, shall be endorsed on the contract, at the time of such sentence being passed, by the Officer passing it; and no such period of imprisonment or unlawful absence, so endorsed, shall, except as provided in Section XCIII, be reckoned as part of the term for which the laborer is bound to serve: but such term shall extend to such further period as shall be equivalent to the aggregate amount of the imprisonments and unlawful absences so endorsed.

X. Whenever any change shall take place in the ownership of a licensed passenger boat, if the person who shall have become owner of such passenger boat, shall desire to use it for the carriage of passengers therein, he shall, before so using it, give to the said Commissioner of Police notice of such transfer and of his name and place of abode.

[Change of Master to be notified.]

XI. Whenever the master of any licensed passenger boat shall be changed, the owner of such boat shall give to the said Commis-

[অনুমতিপত্রের নম্বর নৌকার বহির্ভাগে রং দিয়া লিখিবার কথা ও অনুমতিপত্রের বিবরণ নৌকার ভিতর লটকাইবার কথা।]

৬ ধারা। তদ্রূপ অনুমতিপত্র প্রাপ্ত প্রত্যেক নৌকার স্বামী ঐ নৌকার অগ্রভাগের দক্ষিণ পার্শ্বে কৃষ্ণবর্ণ স্থলের উপর শাদা রং দিয়া দুই বুরুলের অন্যূন লম্বা অঙ্কে ঐ নৌকার অনুমতিপত্রের নম্বর লেখাইবেন। এবং পূর্ব্বোক্তমতে অনুমতিপত্রের লিখিতব্য সকল কথা ইংরেজী ও বাঙ্গলা স্পষ্ট অক্ষরে ধাতুময় পাতে রঙ্গে লেখাইয়া নৌকার ভিতরের কোন প্রকাশ স্থানে সর্ব্বদা লটকাইয়া রাখিবেন ইতি।

[অনুমতিপত্র না পাইয়া কিম্বা অনুমতিপত্রের নিয়ম না মানিয়া চড়নদারদিগকে লইবার দণ্ডের কথা।]

৭ ধারা। কোন নৌকার নিয়মিত অনুমতিপত্র না থাকিলে, যদি কলিকাতা বন্দরের সীমার মধ্যে সেই নৌকাতে কোন চড়নদারকে লওয়া যায়, কিম্বা দাঁড়িভিন্ন নৌকাতে যত জন চড়নদার অনুমতিপত্রদ্বারা উঠিতে পারে যদি তাহার অধিক জনকে একিকালে লওয়া যায়, কিম্বা অনুমতিপত্রে যত জন দাঁড়ি নির্দ্ধারিত হইয়াছে, যদি নৌকাতে তদপেক্ষা ন্যূনসংখ্যার দাঁড়ি থাকিলেও চড়নদারদিগকে লওয়া যায়, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে সরাসরীমতে প্রমাণ হইলে ঐ নৌকার স্বামির ও অধ্যক্ষের পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[লোক গণিবার কথা।]

৮ ধারা। দাঁড়িভিন্ন যে লোকেরা কোন নৌকায় চড়ে তাহারদিগকে গণিলে বারো বৎসরের ন্যূন বয়সের দুই বালক এক ব্যক্তির তুল্য, এবং বোঝাই দ্রব্যের পুরা এক মণ এক ব্যক্তির তুল্য ধরিতে হইবে ইতি।

[অনুমতিপত্র দিতে অস্বীকার করিবার কি তাহা নিবৃত্ত করিবার ক্ষমতার কথা।]

৯ ধারা। উক্ত কমিস্যনর সাহেবের বিবেচনায় যদি কোন কারণে কোন নৌকা চড়নদার লইবার উপযুক্ত নয়, তবে তিনি নৌকার অনুমতিপত্র দিতে অস্বীকার করিতে পারিবেন কিম্বা দিলেও ঐ অনুমতিপত্র নিবৃত্ত করিতে পারিবেন ইতি।

[স্বামী পরিবর্ত্তন হইলে সম্বাদ দিবার কথা।]

১০ ধারা। সহমার যে নৌকার অনুমতিপত্র হইয়াছে যদি সেই নৌকার স্বামী পরিবর্ত্তন হয়, তবে যে ব্যক্তি ঐ সহমার নৌকার স্বামী হন তিনি সেই নৌকা সহমার নৌকাস্বরূপ ব্যবহার করিতে চাহিলে, তাহার তদ্রূপ ব্যবহার করিবার পূর্ব্বে ঐ নৌকা আপনার হস্তগত হওয়ার কথা ও আপন নাম ও বাসস্থান পোলীসের কমিস্যনর সাহেবকে জানাইবেন ইতি।

[অধ্যক্ষপরিবর্ত্তন হইলে তাহার সম্বাদ দিবার কথা।]

১১ ধারা। যখন অনুমতিপত্রপ্রাপ্ত কোন সহমার নৌকার অধ্যক্ষ পরিবর্ত্তন হয়, তখন সেই নৌকার স্বামী পোলীসের উক্ত কমিস্যনর সাহেবকে সেই পরি-

sioner of Police notice of such change, and of the name and place of abode of the new master of such boat.

[Change of Owner or Master to be endorsed on license.]

XII. Whenever the owner of any licensed passenger boat shall give any such notice as in the tenth or eleventh Section is required, he shall produce at such place as shall be for this purpose appointed by the said Commissioner, the license of the said boat, and the said Commissioner shall cause to be forthwith endorsed upon the said license, the several particulars of which notice shall have so been given.

[Penalty on carrying passengers before change of owner or master notified.]

XIII. In case any owner of a boat shall use the same for the carriage of passengers, before giving notice of any such change as is mentioned in the tenth or eleventh Section of this Act according to the provisions therein contained, he shall be liable to a fine not exceeding ten Rupees.

[Penalty on carrying passengers without particulars of license being exhibited.]

XIV. Every owner and every master of any boat who shall use such boat for the carriage of passengers without the number of the license of such boat being painted thereon, as is required by Section VI. of this Act, or who shall omit to keep affixed at all times a plate as required by the same Section, shall be liable to a fine not exceeding ten Rupees.

[Penalty on carrying passengers in a boat with particulars of license illegible.]

XV. Every owner and every master of any boat, who shall use such boat for the carriage of passengers after the number of the license painted thereon, or after the plate affixed to such boat as required by the same Section, shall have become obliterated or defaced, so that the same shall not be distinctly legible, shall be liable to a fine not exceeding ten Rupees.

[Penalty on refusal to carry passengers.]

XVI. Any owner or master of any licensed boat who shall, without sufficient reason, refuse to carry passengers in such boat, shall be liable to a fine not exceeding twenty Rupees.

[Power to grant license to act as manjee.]

XVII. The said Commissioner may cause to be granted a license to act as manjee of passenger boats to any person, who shall apply for the same, and to whom it may seem proper to grant it, the following particulars shall be specified in every such license: *First*, number of the license; *second*, name of the manjee; *third*, place of

বর্ত্তনের সম্বাদ, ও নৌকার নূতন অধ্যক্ষের নাম ও বাসস্থান জানাইবেন ইতি।

[স্বামী কি অধ্যক্ষপরিবর্ত্তন হইলে, অনুমতিপত্রের পৃষ্ঠে লিখিবার কথা।]

১২ ধারা। অনুমতিপত্রপ্রাপ্ত কোন গহনার নৌকার স্বামী যখন দশ ও একাদশ ধারার আজ্ঞামতে সম্বাদ দেন, তখন উক্ত কমিস্যনর সাহেব যে স্থান নিরূপণ করেন সেই স্থানে উক্ত নৌকার অনুমতিপত্র আনিবেন। উক্ত প্রকারে যে সকল কথার সম্বাদ দেওয়া গেল তাহা ঐ কমিস্যনর সাহেব ঐ পত্রের পৃষ্ঠে লেখাইবেন ইতি।

[স্বামী কি অধ্যক্ষপরিবর্ত্তনের সম্বাদ না দিয়া চড়নদারদিগকে লইয়া যাইবার দণ্ডের কথা।]

১৩ ধারা। এই আইনের দশ ও একাদশ ধারাতে যে পরিবর্ত্তনের উল্লেখ হইয়াছে যদি নৌকার কোন স্বামী সেই ধারার বিধানমত সম্বাদ না দিয়া চড়নদারদিগকে লইবার কার্য্যে ঐ নৌকার ব্যবহার করেন, তবে তাহার দশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[অনুমতিপত্রলিখিত কথা প্রকাশরূপে না দর্শাইয়া চড়নদারদিগকে লইবার দণ্ডের কথা।]

১৪ ধারা। এই আইনের ৬ ধারামতে নৌকার বহির্ভাগে ঐ নৌকার অনুমতিপত্রের নম্বর লিখিত না হইলে, যদি ঐ নৌকার স্বামী ও অধ্যক্ষ চড়নদারকে লইবার জন্য ঐ নৌকার ব্যবহার করেন কিম্বা যদি সেই ধারামতে পাতখানি সর্ব্বসময়ে লটকাইয়া না রাখেন, তবে সেই স্বামির এবং অধ্যক্ষের দশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[নৌকাতে অনুমতিপত্রের যে কথা দেওয়া যায় তাহা পাঠ্য না হইলে চড়নদারদিগকে লইবার দণ্ডের কথা।]

১৫ ধারা। অনুমতিপত্রের যে নম্বর পূর্ব্বোক্ত ধারামতে নৌকাতে রং দিয়া লেখা যায়, কিম্বা নৌকাতে যে পাত লটকাইয়া দেওয়া যায় তাহা উঠিয়া যাওয়াতে কি বিকৃত হওয়াতে যদি স্পষ্টরূপে পাঠ করা যাইতে না পারে, তবে যে স্বামী ও যে অধ্যক্ষ চড়নদারদিগকে লইবার জন্যে ঐ নৌকার ব্যবহার করেন তাঁহার দশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[চড়নদারদিগকে না লইবার দণ্ডের কথা।]

১৬ ধারা। যদি অনুমতিপ্রাপ্ত কোন নৌকার স্বামী কি অধ্যক্ষ উপযুক্ত কারণ না থাকিলেও সেই নৌকায় চড়নদারদিগকে লইতে স্বীকার না করেন, তবে তাঁহার বিশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারে ইতি।

[মাঝির কর্ম্ম করিবার অনুমতিপত্র প্রদানের কথা।]

১৭ ধারা। যদি কোন ব্যক্তি উক্ত কমিস্যনর সাহেবের নিকটে গহনার নৌকার মাঝির কর্ম্ম করিবার অনুমতিপত্র প্রার্থনা করে, ও তাহাকে সেই পত্র দেওয়া বিহিত বোধ হয়, তবে উক্ত কমিস্যনর সাহেব তাহাকে ঐ পত্র দেওয়াইবেন। সেই পত্রে এই বিবরণ থাকিবে, যথা, প্রথম অনুমতিপত্রের নম্বর। দ্বিতীয়, মাঝির নাম। তৃতীয়, মাঝির বাস স্থান। চতুর্থ, মাঝির বয়স।

abode of manjee; *fourth*, age of manjee: and the said Commissioner may cause to be received the fee of eight annas for every grant of any such license.

[Penalty for acting without license as manjee of passenger boat.]

XVIII. Every person who without having such license in force for the time being, shall act as the manjee of any boat in which passengers shall be conveyed, or who having a license shall transfer or lend the same, or allow the same to be used by another person, shall be liable to a fine not exceeding ten Rupees.

[Penalty on permitting manjee to act without license.]

XIX. Every owner of any licensed boat, who shall knowingly suffer any person not duly licensed under this Act, to act as manjee of such boat, shall be liable to a penalty not exceeding twenty Rupees.

[Manjee to wear number license.]

XX. The said Commissioner shall cause to be delivered to every manjee, at the time of granting a license to such manjee, a metal ticket which shall have marked or painted upon it a number corresponding with the number of the license of such manjee. Every manjee to whom such ticket is delivered shall at all times, while acting as manjee, carry such ticket exposed to view, and any licensed manjee who shall omit to comply with the provisions of this Section, shall be liable to a fine not exceeding ten Rupees.

[Power to grant new ticket to manjee.]

XXI. Whenever the writing on any ticket shall become obliterated or defaced, so that the same shall not be distinctly legible, and also when any ticket shall be satisfactorily proved to have been lost or mislaid, the person to whom the license relating to any such ticket shall have been granted, shall deliver such ticket (if he shall have the same in his possession) and shall produce such license, and thereupon the said Commissioner shall cause to be delivered to such person a new ticket, upon payment of such sum of money, not exceeding four annas, as may be sufficient to defray the expense of making such ticket. Provided that in case any ticket that may have been lost or mislaid shall afterwards be found, the same shall forthwith be delivered up at such place as may be thereunto appointed by the said Commissioner, and every person into whose possession any such ticket as last aforesaid shall

এবং উক্ত কমিসানর তদ্রূপ প্রত্যেক অনুমতিপত্র দিবার জন্যে আট আনা ফী লইবার অনুমতি দিতে পারিবেন ইতি।

[অনুমতিপত্র না পাইয়া চড়নদারের নৌকার মাঝির কর্ম্ম করিবার দণ্ডের কথা।]

১৮ ধারা। কোন ব্যক্তির প্রবল অনুমতিপত্র না থাকিলেও যদি সে কোন নৌকার মাঝির কর্ম্ম করে ও সেই নৌকাতে চড়নদারকে লওয়া যায়, কিম্বা তাহার অনুমতিপত্র থাকিলে যদি তাহা হস্তান্তর করে কি অন্য ব্যক্তিকে ধার দেয় কিম্বা ব্যবহার করিতে দেয়, তবে সেই ব্যক্তির দশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[মাঝিকে অনুমতিপত্রবিনা কর্ম্ম করিতে দিবার দণ্ডের কথা।]

১৯ ধারা। এই আইনমতে মাঝির নিয়মিত অনুমতিপত্র নাই ইহা জানিয়া যদি অনুমতিপত্রপ্রাপ্ত নৌকার স্বামী তাহাকে ঐ নৌকার মাঝির কর্ম্ম করিতে দেন, তবে তাহার বিশ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[অনুমতিপত্রের নম্বর মাঝির পরিবার কথা।]

২০ ধারা। উক্ত কমিসানর সাহেব যখন মাঝিকে অনুমতিপত্র দেন, তখন ধাতুময় যে টিকিটে ঐ অনুমতিপত্রের নম্বর অঙ্কিত থাকে কি রং দিয়া লেখা যায়, ঐ মাঝিকে সেই টিকিট দিবেন। ঐ টিকিট যে মাঝিকে দেওয়া যায় সে মাঝির কর্ম্ম করণ সময়ে ঐ টিকিট সকলের দৃষ্টিগোচরভাবে ধারণ করিবে। যদি অনুমতিপত্রপ্রাপ্ত কোন মাঝি এই ধারার বিধানমতে কর্ম্ম না করে তবে তাহার দশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[মাঝিকে নূতন টিকিট দিবার ক্ষমতার কথা।]

২১ ধারা। টিকিটে যে অক্ষরাদি লেখা থাকে তাহা উঠিয়া যাওয়াতে কি বিকৃত হওয়াতে যদি স্পষ্টরূপে পাঠ করা যাইতে না পারে, এবং কোন টিকিট হারিয়াছে কি অনুদ্দেশ্য হইয়াছে যদি সন্তোষমতে ইহার প্রমাণ হয়, তবে সেই টিকিট সংক্রান্ত অনুমতিপত্র যাহাকে দেওয়া গেল ঐ টিকিট তাহার নিকটে থাকিলে সে তাহা ফিরিয়া দিবে ও ঐ অনুমতিপত্র দেখাইবে। তাহা হইলে নূতন টিকিট প্রস্তুত করিবার যত খরচ লাগে চারি আনার অনধিক সেই খরচ দিলে উক্ত কমিসানর তাহাকে নূতন টিকিট দিবেন। যে টিকিট হারিয়াছে কি অনুদ্দেশ্য হইয়াছে, তাহা যদি পুনশ্চ পাওয়া যায়, তবে উক্ত কমিসানর যে স্থান নিরূপণ করেন তাঁহাকে সেই স্থানে ঐ টিকিট ফিরিয়া দিতে হইবে। শেষোক্ত টিকিট কোন ব্যক্তির হস্তগত হইলেও যদি সে তিন দিন পর্য্যন্ত তাহা ফিরিয়া দিতে স্বীকার না করে কি টালমাটাল করে, তবে সেই ব্যক্তির উক্ত প্রত্যেক অপরাধহেতুক বিশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে, এবং টিকিটের অঙ্ক কি লিখন উঠিয়া গেলে কি বিকৃত কি অস্পষ্ট হইলে যদি অনু-

come, who shall refuse or neglect for three days to deliver up the same; and also every licensed manjee who shall use or wear his ticket after the number or writing thereon shall be obliterated, defaced, or obscured, shall, for every such offence, be liable to a penalty not exceeding twenty Rupees.

[Register of licenses to be kept.]

XXII. The said Commissioner shall cause to be kept a register of licenses of boats, and a register of license of manjees, and shall cause to be entered in such registers, respectively, at the time of the grant of any license under this Act, the particulars hereinbefore required to be set forth in such license, and shall also cause to be entered in such register, the particulars of every endorsement which may be made upon any such license in pursuance of any of the provisions of this Act.

[Entries in Register to be evidence.]

XXIII. Every entry in a register kept under the terms of the Section last preceding, shall be *prima facie* evidence of the contents of the license to which it professes to refer, and of the truth of the particulars entered in such register, so far as the same are hereinbefore required to be so entered.

[Schedule of fares.]

XXIV. The owner of any registered boat of the class described in the second Schedule annexed to this Act shall be entitled to demand and take for the hire of such boat the fares set forth in the second Schedule. Provided that nothing in this Act contained shall prevent any owner or master from being bound by any contract into which he may enter, to accept any fare less than the rate mentioned in the said Schedule.

[Summary power to recover fares.]

XXV. If any person who shall have hired or used a registered boat, shall refuse to pay to the owner or head manjee thereof on demand, the fare payable by such person in respect of such hiring, or use, it shall be lawful for the Magistrate who shall hear the case to order payment of such fare and also of such compensation for loss of time as shall seem reasonable, and in default of payment, such fare and compensation may be recovered in such manner as fines are recoverable under this Act; and if any passenger in any such boat shall attempt to evade payment of his fare, he shall be liable on conviction to a fine not exceeding fifty Rupees, in addition to the payment of such fare and compensation as hereinbefore mentioned.

[Master to have table of fares.]

XXVI. The Master of a licensed boat entitled to demand and take for hire the fare

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৩ আপ্রিল।]

মতিপ্রাপ্ত মাঝি তাহা ব্যবহার করে কি পরে, তবে তাহারও সেই দণ্ড হইবে ইতি।

[অনুমতিপত্রের রেজিষ্টর রাখিবার কথা।]

২২ ধারা। উক্ত কমিসানর নৌকার অনুমতিপত্রের রেজিষ্টর এবং মাঝিবদের অনুমতিপত্রের রেজিষ্টর রাখাইবেন। এই আইনমতে কোন অনুমতিপত্র দেওয়া গেলে, তাহার লিখিতব্য যে কথা পূর্ব্বে বর্ণিত হইয়াছে, তিনি ঐ অনুমতিপত্র দান সময়ে ঐ রেজিষ্টরে সেই কথা লেখাইবেন। এবং তদ্রূপ অনুমতিপত্রের পৃষ্ঠে এই আইনের কোন বিধানানুসারে যদি কোন কথা লেখা যায়, তবে তাহাও ঐ রেজিষ্টরে লেখাইবেন ইতি।

[রেজিষ্টরের লিখিত কথা প্রমাণ হইবার কথা।]

২৩ ধারা। ইহার পূর্ব্ব ধারার নিয়মমতে যে রেজিষ্টর রাখা যায়, তল্লিখিত প্রত্যেক কথা যে অনুমতিপত্র লক্ষ্য করিয়া লেখা গেল তাহা আপাতদৃষ্টে সেই অনুমতিপত্রের প্রমাণ, এবং পূর্ব্ব লিখিত আজ্ঞামতে যে সকল কথা ঐ রেজিষ্টরে লেখা যায় সে কথা তাহার সত্যতার প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে ইতি।

[ভাড়ার তফসীলের কথা।]

২৪ ধারা। এই আইনের দ্বিতীয় তফসীলে যে শ্রেণীর নৌকা নির্দ্দিষ্ট হয় সেই শ্রেণীর রেজিষ্টরী নৌকার স্বামী ঐ তফসীলে যত নির্দ্ধার্য্য হইল ঐ নৌকার তত ভাড়া লইতে পারিবেন। কিন্তু কোন স্বামী কি অধ্যক্ষ যদি উক্ত তফসীলের অবধারিত হারের ন্যূন হারে ভাড়া লইবার চুক্তি করেন, তবে এই আইনের কোন কথানুসারে তাঁহার সেই চুক্তিক্রমে বদ্ধ হওয়ার বারণ হইবে না ইতি।

[ভাড়া আদায় করিবার সরাসরী ক্ষমতার কথা।]

২৫ ধারা। কোন ব্যক্তি রেজিষ্টরী নৌকা ভাড়া কি ব্যবহার করিলে এবং স্বামী কি প্রধান মাঝি তাহার সেই ভাড়াকরণ কি ব্যবহার হেতুক তাহার স্থানে ভাড়া চাহিলে যদি সেই ব্যক্তি তাহা দিতে স্বীকার না করেন, তবে যে মজিষ্ট্রেট মোকদ্দমা শুনেন, তিনি ঐ ভাড়া এবং সময় হরণ প্রযুক্ত যত ক্ষতিপূরণ যুক্তিযুক্ত বোধ করেন তত দিবার আজ্ঞা করিতে পারিবেন। যদি দেওয়া না যায়, তবে ঐ ভাড়া ও ক্ষতিপূরণের টাকা এই আইনমত অর্থদণ্ড আদায়ের নিয়মানুসারে আদায় হইতে পারিবে। তদ্রূপ নৌকার কোন চড়নদার যদি ভাড়া না দিয়া এড়াইতে চেষ্টা করেন, তবে প্রমাণ হইলে পূর্ব্ব লিখিত ভাড়ার ও ক্ষতিপূরণের টাকার অধিক পঞ্চাশ টাকা পর্য্যন্ত তাঁহার অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[ভাড়ার নিরিখের ফর্দ্দ অধ্যক্ষের রাখিবার কথা।]

২৬ ধারা। অনুমতিপত্র প্রাপ্ত নৌকার যে অধ্যক্ষ এই আইনের তফসীলের লিখিত ভাড়া দাওয়া করিয়া

set forth in the Schedule hereunto annexed shall at all times keep in such boat a Table of Fares printed in the English and Bengallee languages, and produce the same for the inspection of any passenger whenever required so to do, and any person who shall fail to comply with the provisions of this Section, shall be liable to a fine not exceeding ten Rupees.

[Penalty for mischief.]

XXVII. Any person who shall knowingly or maliciously cause any injury or damage to any boat registered under this Act, or remove or destroy the plate affixed to such boat as required by Section VI. of this Act, or the Table of Fares belonging to such boat, shall be liable to a fine not exceeding twenty Rupees.

[Offences by manjee.]

XXVIII. Every licensed manjee who shall, during his employment, make use of insulting or abusive language or gesture; or who shall refuse to make way, when he reasonably and conveniently may do so, for the passage of any other boat, or shall wilfully obstruct or hinder the manjee of any other boat in embarking or disembarking passengers; or who shall wrongfully prevent or endeavour to prevent any other boat from being hired; or who shall refuse to admit and carry in his boat the number of persons it is licensed to carry; or who shall demand or take any greater amount of fare than he is legally entitled to receive under this Act; or who shall desert from the hiring before he has discharged by the hirer, shall be liable to a penalty not exceeding ten Rupees, and in default of payment to rigorous imprisonment for a period not exceeding one month.

[All boats to carry lights at night.]

XXIX. It shall not be lawful for any boat between half an hour after sunset and half an hour before sunrise, to move from one place to another within the Port of Calcutta, without there being exhibited, in such boat, a good light in such manner as the said Commissioner shall direct; and the master of any boat not complying with the provisions of this Section, shall be liable to a fine not exceeding twenty Rupees, except when, in the opinion of the Magistrate, there may be sufficient moonlight to render such light unnecessary.

[Master of boats to deposit in Police Station all lost property.]

XXX. The master of every licensed boat, wherein any property shall be left by any passenger, shall, within twenty-four hours, carry such property, if not sooner claimed by the owner thereof, to the nearest Police Station, and shall there deposit and leave the same

লইতে পারে সে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় ভাড়ার একখান নিরিখ ছাপাইয়া ঐ নৌকায় সর্ব্বদা রাখিবে। কোন চড়নদার তাহাকে নিরিখ দেখাইতে বলিলে সে দেখাইবে। যদি এই ধারার বিধানমতে কর্ম্ম না করে, তবে তাহার দশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[হানি করিবার দণ্ডের কথা।]

২৭ ধারা। এই আইনমতে যে নৌকা রেজিষ্টর হইয়াছে, যদি কোন ব্যক্তি জ্ঞান পূর্ব্বক কি ঈর্ষ্যাক্রমে সেই নৌকার হানি কি ক্ষতি করে, কিম্বা এই আইনের ৬ ধারামতে নৌকায় যে পাত লটকান থাকে যদি কেহ তাহা কিম্বা ঐ নৌকার ভাড়ার নিরিখের ফর্দ্দ তুলিয়া ফেলে কি নষ্ট করে, তবে তাহার বিশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

[মাঝিদের অপরাধের কথা।]

২৮ ধারা। অনুমতিপ্রাপ্ত মাঝির কর্ম্ম চলনসময়ে যদি সে কোন ব্যক্তিকে অপমানের কথা কহে কি গালি দেয় কি অপমানসূচক অঙ্গভঙ্গ করে, কিম্বা যুক্তিমতে ও অক্লেশে অন্য নৌকা যাইবার পথ ছাড়িতে পারিলেও যদি ছাড়িতে স্বীকার না করে, কিম্বা অন্য নৌকার মাঝি যে সময়ে চড়নদারদিগকে নৌকারোহণ করাইতেছে কি নামাইয়া দিতেছে, এমন সময় যদি ইচ্ছাপূর্ব্বক তাহাকে অবরোধ করে কি বাধা দেয় কিম্বা অন্য নৌকার ভাড়া হইবার অন্যায়মতে বাধা দেয় কি বাধা দিবার চেষ্টা করে, কিম্বা নৌকাতে যত জনকে লইবার অনুমতি আছে যদি তত জনকে নৌকায় আসিতে না দেয় কি লইতে স্বীকার না করে কিম্বা এই আইনমতে যত ভাড়া লইতে পারে যদি তাহার অধিক চাহে কি লয়, কিম্বা যে ব্যক্তি ভাড়া করিয়াছেন তিনি ছাড়িয়া না দিলেও যদি ভাড়া ত্যাগ করিয়া চলিয়া যায়, তবে তাহার দশ টাকাপর্য্যন্ত দণ্ড ও দণ্ডের টাকা না দিলে কঠিন পরিশ্রম সহিত এক মাস পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[রাত্রিতে সকল নৌকায় আলো রাখিবার কথা।]

২৯ ধারা। সূর্য্য অস্ত হইবার পর আধ ঘণ্টাবধি উদয় হইবার পূর্ব্বে আধ ঘণ্টাপর্য্যন্ত নৌকায় উত্তম আলো না দেখাইলে সেই নৌকা কলিকাতা বন্দরের এক স্থান হইতে অন্য স্থানে যাইতে পাইবে না। কমিস্যনর সাহেব যেরূপে আলো দেখাইবার আজ্ঞা করেন সেইরূপে দেখাইবে। কোন নৌকার অধ্যক্ষ যদি এই ধারার বিধানমতে কর্ম্ম না করে, তবে তাহার বিশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইবে। যদি মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনায় পর্য্যাপ্ত জ্যোৎস্নাপ্রযুক্ত ঐ আলোর অনাবশ্যক হয়, তবে তাহার ঐ দণ্ড হইবে না ইতি।

[হারাণ দ্রব্য পোলীস থানায় দিবার কথা।]

৩০ ধারা। যদি কোন লাইসেন্সের অনুমতিপ্রাপ্ত নৌকার কোন দ্রব্য ফেলিয়া যায়, তবে ঐ দ্রব্যের স্বামী চব্বিশ ঘণ্টার মধ্যে তাহা না চাহিলে নৌকার অধ্যক্ষ তাহা নিকটস্থ পোলীস থানায় লইয়া যাইবে। ও তৎস্থানে যে ইন্সপেক্টর কি অন্য কর্ম্মচারী উপস্থিত থাকেন তাঁহাকে দিবে ও তাঁহার নিকটে রাখিয়া যাইবে।

with the Inspector or other Officer on duty, and any person making default herein shall be liable to a penalty not exceeding fifty Rupees. And any Police Officer, with whom such property shall be deposited, shall dispose of the same according to the provisions of Section L. of Act V. of 1866, passed by the Lieutenant-Governor of Bengal in Council.

যদি তদ্রূপ না করে তবে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। সেই দ্রব্য পোলীসের যে কর্ম্মচারির নিকটে রাখিয়া দেওয়া গেল, তিনি মান্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৬ সালের ৫ আইনের ৫০ ধারার বিধানমতে সেই দ্রব্য লইয়া কার্য্য করিবেন।

[Duration of licenses.]

XXXI. Every license to be granted under this Act shall continue in force until and upon the first day of June next after the date thereof, or, if granted in the month of May in any year, such license shall continue in force until and upon the first day of June in the year next following that in which the same shall have been granted, except in either case the same shall be sooner revoked.

[অনুমতিপত্র যত দিন প্রবল থাকিবে তাহার কথা।]

৩১ ধারা। এই আইনমতে যে অনুমতিপত্র দেওয়া যায় তাহাতে যে তারিখ লেখা যায় সেই তারিখ অবধি জুন মাসের প্রথম দিবস পর্য্যন্ত ও সেই দিনে তাহা প্রবল থাকিবে। যদি কোন বৎসর মে মাসে অনুমতিপত্র দেওয়া যায় তবে যে বৎসরে দেওয়া গেল তাহার পর বৎসরের জুন মাসের প্রথম দিবস পর্য্যন্ত ও সেই দিনে তাহা প্রবল থাকিবে। কিন্তু উক্ত উভয়স্থলে তৎপূর্ব্বে নিবর্ত্ত হইলে প্রবল থাকিবে না ইতি।

[Limits of Port of Calcutta.]

XXXII. The limits of the Port of Calcutta for the purposes of this Act shall be taken to be the limits thereof as the same may have been or may from time to time be defined by any order of the Lieutenant-Governor of Bengal, and this Act shall have effect in the Port of Calcutta within the said limits aforesaid and not elsewhere.

[কলিকাতা বন্দরের সীমার কথা।]

৩২ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের কোন আজ্ঞাক্রমে কলিকাতা বন্দরের যে সীমা ধার্য্য হইয়াছে অথবা সময়ে২ যে সীমা ধার্য্য হয়, এই আইনের কার্য্যার্থে ঐ বন্দরের সেই সীমা ধরিতে হইবে। এবং এই আইন উক্ত সীমার অন্তর্গত কলিকাতা বন্দরে প্রবল হইবে অন্য স্থানে নয় ইতি।

[Portions of Act to apply to River Steam vessels.]

XXXIII. Sections III, IV, V, VI, VII, VIII, IX, X, XI, XII, XIII XIV and XV of this Act shall apply to all steam vessels which shall carry passengers from any place within the limits of the Port of Calcutta to any other place within the said limits, or to any place situated on the River Hooghly, or the River Ganges, or the River Bramahpooter, or any of the affluents of any of the said rivers, as if such steam vessels were boats; provided only that the provision in the said Section VIII, that in the calculation of the number of persons carried in any boat every complete maund weight of luggage shall be counted as one person, shall not apply to any such steam vessel.

[এই আইনের কোনং ভাগ নদীগামি ষ্টীমরের প্রতি বর্ত্তিবার কথা।]

৩৩ ধারা। যে সকল ষ্টীমর কলিকাতা বন্দরের সীমাবর্ত্তি কোন এক স্থান হইতে ঐ সীমাবর্ত্তি অন্য স্থানে কিম্বা হুগলী কি গঙ্গানদী কি ব্রহ্মপুত্রনদের নিকট কিম্বা ঐং নদনদী সংযুক্ত অন্য নদনদীর নিকট স্থানে চড়নদারদিগকে লইয়া যায় এই আইনের ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০ ১১, ১২, ১৩, ১৪, ১৫ ধারা নৌকারমত সেই ষ্টীমরের প্রতি বর্ত্তিবে। কিন্তু কোন নৌকায় যে লোকেরা উঠে তাহাদের সংখ্যা গণিলে পূরা এক মণ দ্রব্য এক জন মানুষের তুল্য ধরিতে হইবে, ৮ ধারার এই বিধি তদ্রূপ কোন ষ্টীমরের প্রতি বর্ত্তিবে না ইতি।

[Hearing of complaints and levy of fines.]

XXXIV. All complaints as to offences against this Act shall be heard and determined by a Magistrate within whose local jurisdiction the offence may be alleged to have been committed; and the provisions for the recovery of fines contained in Sections 64, 65, 66, and 67 of Act XLV. of 1860 (*the Indian Penal Code*), and in Section 61 of Act XXV. of 1861 (*the Code of Criminal Procedure*), shall apply to all fines and penalties imposed under this Act by any

[অভিযোগ শ্রবণের ও অর্থদণ্ড আদায়ের কথা।]

৩৪ ধারা। এই আইন লঙ্ঘনে যে অপরাধ হয় তাহা যে মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধীন স্থানের মধ্যে করা কথিত হয় তিনি সেই অপরাধের নালিশ শুনিয়া নির্ণয় করিবেন। এবং ভারতবর্ষীয় দণ্ডবিধির ১৮৬০ সালের ৪৫ আইনের ৬৪, ৬৫, ৬৬, ৬৭ ধারাতে এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ৬১ ধারাতে অর্থদণ্ড আদায় করিবার যে বিধান আছে কোন মাজিষ্ট্রেট সাহেব কলিকাতা বন্দর ভিন্ন কোন বন্দরে এই আইনমতে যে অর্থদণ্ডের ও দণ্ডের আজ্ঞা করেন তাহার প্রতিও সেই বিধান বর্ত্তিবে

Magistrate in any Port other than the Port of Calcutta; and the provisions of Act IV. of 1868 passed by the Lieutenant-Governor of Bengal in Council, and every other Act for regulating the Police of the Town of Calcutta in force for the time being, shall apply to all fines and penalties imposed under this Act by any Magistrate of Police for the Town of Calcutta.

[Application of fines and fees.]

XXXV. All fines and penalties and all fees which shall be levied or recovered under, or by virtue of, this Act, shall be applied in such manner as the Lieutenant-Governor of Bengal shall from time to time direct.

[Commencement of Act.]

XXXVI. This Act shall commence and take effect as to the power of granting licenses upon the passing of this Act, and as to the residue thereof upon the 15th day of June 1867.

1st SCHEDULE—(*referred to in Section V.*)

I, (   ), Commissioner of Police for the Town of Calcutta, do hereby grant to this license to use a boat as a passenger boat within the port of Calcutta.

No. of License.	Name and residence of Owner.	Name and residence of Master.	No. of Crew.	No. of Passengers.

2nd SCHEDULE—(*referred to in Section XXIV.*)

Rates and Fares to be paid for Boats commonly known as Dinghees or green Boats plying for and carrying Passengers in the Port of Calcutta.

By Distance.

For one mile	3	As.
For every mile or part of a mile beyond the first mile	2	,,
From any ghât in the port of Calcutta to the two nearest tiers of moorings on either side of the ghât ...	0½	,,
From any ghât to a vessel lying out in the stream opposite	1½	,,
For crossing the river	2	,,

[*Government Gazette*, 23rd *April* 1867.]

এবং কলিকাতা নগরের পোলীসের কোন মাজিষ্ট্রেট কর্ত্তৃক এই আইনমতে যে সকল দণ্ডের ও অর্থদণ্ডের আজ্ঞা করা যায় তাহার প্রতি মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৬ সালের ৪ আইনের বিধান এবং কলিকাতা নগরের পোলীসের বিধান করণার্থ অন্য যে আইন যৎকালে প্রচলিত হয়, তাহার বিধান বর্ত্তিবে ইতি।

[অর্থদণ্ডের ও ফীর টাকা লইয়া যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৩৫ ধারা। এই আইনক্রমে কি এই আইনের বলে অর্থদণ্ডের ও দণ্ডের ও ফীর যে সকল টাকা লওয়া যায় কি আদায় করা যায়, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ যদ্রূপ আজ্ঞা করেন তাহা লইয়া তদ্রূপ কার্য্য হইবে ইতি।

[এই আইন যে অবধি প্রচলিত হইবে তাহার কথা।]

৩৬ ধারা। এই আইন যে সময়ে প্রচলিত হয় অনুমতিপত্র দান করিবার ক্ষমতা সম্পর্কে সেই সময়াবধি প্রবল হইবে। অবশিষ্ট কার্য্য সম্পর্কে ১৮৬৭ সালের জুন মাসের পঞ্চদশ দিনাবধি প্রবল হইবে ইতি।

---

৫ ধারার উল্লিখিত প্রথম তকসীল।

কলিকাতা নগরের পোলীসের কমিস্যনর আমি শ্রী অমুক, কলিকাতা বন্দরের মধ্যে শ্রীঅমুককে গহনা-নৌকাস্বরূপ এক খানি নৌকা ব্যবহার করিতে এই অনুমতিপত্র দিলাম।

অনুমতিপত্রের নম্বর	মালিকের নাম ও বাসস্থান	মাঝির নাম ও বাসস্থান	মাল্লার সংখ্যা	আরোহির সংখ্যা

২৪ ধারার উল্লিখিত দ্বিতীয় তকসীল।

কলিকাতা বন্দরে ডিঙ্গি কি গ্রিন বোট নামে প্রসিদ্ধ যে সকল নৌকা চড়নদারদিগকে লইবার জন্যে গমনাগমন করে তাহার ভাড়ার হার।

দূরত্বানুসারে।

এক মাইল গেলে	৶০
প্রথম মাইলের অধিক প্রতি মাইলের কি তাহার কোন অংশের নিমিত্তে	৵০
কলিকাতা বন্দরের কোন ঘাট হইতে ঐ ঘাটের বরাবর বদ্ধ নিকটস্থ দুই শারির জাহাজে যাইবার নিমিত্তে	৲১০
কোন ঘাটের সম্মুখে যে জাহাজ স্রোতে নঙ্গর করিয়াছে তাহাতে যাইবার নিমিত্তে ...	৴১০
নদী পার হইবার জন্যে	৵০

By Time.

For one hour	4	As.
For every hour or part of an hour beyond the first hour	2	„
For half a day or five hours ...	12	„
For a whole day consisting of ten hours 1 Re.	4	„

The above rates of fare to be paid according to distance or time at the option of the hirer, to be expressed at the commencement of the hiring, and if not so expressed, to be paid according to time.

Boats engaged by distance and required to go against the tide, to be paid half the fare over and above the foregoing rates according to distance.

Statement of Objects and Reasons.

The Clauses introduced into the Calcutta Police Act for regulating Passenger Boats in the Port of Calcutta having proved inefficient, this Bill proposes to introduce more effective regulations. It provides for the inspection of Passenger Boats and for the grant of licenses for such Boats and for their Crews, placing them under a system of supervision analogous to that adopted with respect to Hackney Carriages in Calcutta.

Stuart Hogg,

The 30th March 1867.

J. Pitt Kennedy,

Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

সময়ানুসারে।

এক ঘণ্টার	।০
প্রথম ঘণ্টার পর একং ঘণ্টার কি তাহার কোন অংশের জন্যে	৵০
আধ দিনের কি পাঁচ ঘণ্টার জন্যে ...	৸০
দশ ঘণ্টার এক দিনের জন্যে ..	১।০

যে ব্যক্তি ভাড়া করেন তিনি আপন ইচ্ছামতে দূরত্বের কি সময়ের হিসাব অনুসারে ভাড়া দিবেন। কিন্তু ভাড়া করিবার পূর্ব্বে তাহার নিয়ম করিতে হইবে। যদি না করা যায়, তবে সময়ানুসারে দিবেন।

যদি দূরত্বানুসারে ভাড়া দিবার করার হইয়া ভাটার কি জোয়ারের বিরুদ্ধে যাইতে হয়, তবে দূরত্ব বিবেচনার উক্ত যে হার ধার্য্য হইয়াছে তাহার দিগুণ দিতে হইবে।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

কলিকাতার পোলীসের আইনে উক্ত বন্দরস্থ গহনার নৌকার বিধান করণার্থ যে সকল প্রকরণ দেওয়া গিয়াছিল তাহা ফলোপযোগী হয় নাই। এই পাণ্ডুলিপিদ্বারা অপেক্ষাকৃত উপযোগী বিধান করা উদ্দেশ্য। গহনার নৌকা নিরীক্ষণ করিবার ও সেই নৌকার দাঁড়িদিগকে অনুমতিপত্র দিবার বিধান করা গেল। কলিকাতার ছকড়া গাড়ীর তত্ত্বাবধারণের যে নিয়ম আছে, এই আইনদ্বারা নৌকার পক্ষেও তদ্রূপ তত্ত্বাবধারণের নিয়ম হইবে।

ষ্টুয়ার্ট হগ।

১৮৬৭ সাল ৩০ মার্চ।

জে পিট কেনেডি,

ব্যবস্থাপন কার্য্যবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
আসিস্টাণ্ট সেক্রেটারী।

John Robinson, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

MARCH 1867.

No. 5.

Under orders of the Supreme Government, the accompanying form of register of application for pension under the Uncovenanted Service Pension Rules, is to be adopted in future, in supersession of the form, Appendix B, at page 171 of the Board's Rules.

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুলর অডর।

১৮৬৭ সাল। মার্চ মাস।

৫ নম্বর।

অনিয়মিত কার্য্যকারকদের পেনসানের বিধিমতে পেনস্যন পাইবার প্রার্থনা হইলে বোর্ডের বিধি পুস্তকের ১৭১ পৃষ্ঠার B চিহ্নিত ক্রোড়পত্রে যে পাঠ নির্দিষ্ট হইয়াছিল সেই পাঠে প্রার্থনাপত্রে লেখা যাইত। এইক্ষণে সুপ্রীম গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে তৎপরিবর্ত্তে নিম্নলিখিত রেজিষ্টরের পাঠ ব্যবহার করিতে হইবে, যথা,

Statement of particulars relating to the claim to pension of   *on the Establishment of*

1	2				3				4	5	6	7
Name of applicant, sect or caste and residence.	Specification of the several offices held, and the salary drawn in each appointment.	Years.	Months.	Days.	Statement of causes and duration of each break in the period of service.	Years.	Months.	Days.	Personal identification and age at the time of application.	Average monthly pay during the last five years of service. Proposed amount of pension. Place of payment.	Abstract of the grounds of application.	Remarks by the Head of the Office.
									Complexion.			
									Any prominent marks.			
	Total ...	0	0	0					*Height.*			*Note.*—The character borne by the applicant must be stated, and if the maximum rate of pension is proposed, it must be certified whether the service has been of a meritorious nature, and approved by his superiors.
	Deduct.—Periods of absence on leave other than on privilege, preparatory, and casual leave.				*Note.*—In the cases of break caused by abolition of office, it must be stated whether gratuity was allowed on the occasion of such abolition and if so, whether it was refunded on re-employment.				Feet. Inches.			
	Net service ...	0	0	0					*Age.*			
	Note.—The dates of commencement and termination of each office must be stated.								Yrs. M. D.			

————186 . }

Signature of Head of Office.
Designation of Head of Office.

...য়ের কর্ম্মকারক শ্রী অমুকের পেন্স্যান পাইবার দাওয়ার বৃত্তান্ত।

১	২				৩				৪	৫	৬	৭
প্রার্থকের নাম ও জাতি কি ধর্ম্ম ও বাসস্থান।	যে২ পদে কর্ম্ম করিয়াছেন ও প্রত্যেক পদে যে বেতন পাইলেন।				...বার সময় ভঙ্গ হইলে যে কারণে ও যত দিন ভঙ্গ হয়।				প্রার্থনা কালে প্রার্থকের পরিচয়ার্থক চিহ্ন ও বয়স।	গত পাঁচ বৎসর অবধি গড়ে মাসিক বেতন। যত পেনস্যান দিবার প্রস্তাব হয়। যে স্থানে দিতে হইবে।	যে হেতুতে প্রার্থনা হয় তাহার সার।	কার্য্যালয়ের প্রধান কর্ম্মকারকের মন্তব্য কথা।
		বৎসর	মাস	দিন		বৎসর	মাস	দিন	বর্ণ			
	মোট ...	০	০	০					কোন বিশেষ চিহ্ন।			মন্তব্য।—প্রার্থকের রীতি চরিত্র লিখিতে হইবে। যদি উচ্চতম হারের পেনস্যান দিবার প্রস্তাব হইয়া থাকে, তবে তাঁহার কর্ম্ম প্রশংসা যোগ্য ও উপরিস্থ কার্য্যকারকদের সন্তোষজনক ইহা জানাইতে হইবে।
	অনুগ্রহের ছুটী ও প্রস্তুত হওনার্থে ও নৈমিত্তিক ছুটী ভিন্ন যে ছুটী প্রযুক্ত কর্ম্মে অনুপস্থিত হন তাহা বাদ দিলে				মন্তব্য।—পদ উঠাইয়া দেওয়া প্রযুক্ত যদি কর্ম্মের ভঙ্গ হয়, তবে সেই সময়ে পারিতোষিক দেওয়া গিয়াছিল কি না। যদি দেওয়া গিয়া থাকে, তবে পুনশ্চ কর্ম্ম পাইলে সেই টাকা ফিরিয়া দেওয়া গেল কি না, ইহা লিখিতে হইবে।				লম্বা।			
	যত দিন কর্ম্ম করিলেন ...	০	০	০					যত ফুট যত ইঞ্চি।			
	মন্তব্য। প্রত্যেক পদের কর্ম্ম যে তারিখে আরম্ভ হয় ও যে তারিখে শেষ হয় তাহা লিখিতে হইবে।								বয়স। বৎসর মাস দিন।			

সাল তাং

কার্য্যালয়ের প্রধান কার্য্যকারকের স্বাক্ষর।
কার্য্যালয়ের প্রধান কার্য্যকারকের পদের খ্যাতি।

The 30th Mar... Asst. Secy. to ... Legisla... ...DERS C... ...VENUE ...1867. ...Gov... of ap... l Ser... in... ago

No. 6.

The accompanying correspondence* relative to the preparation of a monthly return of rainfall and temperature in the several Districts of Bengal, is circulated for general information.

2. Commissioners are requested to forward to the Board regularly in future a copy of this Return as soon as it is received by them from the District Medical Officers within their respective Divisions.

From Board to Government,—(No. 4764B., dated the 7th November 1866.)

Under Government Order No. 43, dated 21st January 1846, which was based on a Despatch* from the Court of Directors, Collectors were required to submit Annual Reports on the prospects of the havest, and, to enable them to furnish statistics of the rainfall and weather, pluviometers and thermometers were supplied to them in 1847.

* No. 14 of 1845.

2. For the three following years statistics of rain and weather were furnished in the Annual Revenue Reports, but great discrepancies were found to exist in them, in spite of repeated instructions to the Local Officers to keep up their registers with all possible care and accuracy. In 1852, therefore, the Board reported that the means of ecording observations from these instruments were not satisfactorily possessed by the Collectors, and, with the permission of Government,† they desired the Collectors to make over their pluviometers and thermometers to the Medical Officers at the several stations; these Officers being instructed through the Medical Board to prepare and submit to it in future the statistics hitherto prepared by the Collectors.

3. As pointed out in paragraphs 2 and 3 of letter No. 373A., dated 25th November 1865, the Board attach great importance to the preparation of such statistics; but they have learnt, on a reference to the Inspector-General of the Medical Department, that no registry of rainfall is kept up in Bengal.

4. They therefore request that instructions may be issued to that Department for the careful preparation of a register, in the several Districts

---

* To Government No. 4764B., dated 7th November 1866. From Government No. 955, dated 7th March 1867.

† Government Order No. 808, dated 20th July 1852.

[*Government Gazette*, 23rd *April* 1867.]

৬ নম্বর।

বঙ্গদেশের নানা জিলাতে যত বৃষ্টি পড়ে ও যত গ্রীষ্ম হয় ইহার মাসিক রিটর্ণ প্রস্তুত করিবার বিষয়ে নিম্নলিখিত* পত্রাদির লিখনপঠন হইয়াছে। তাহা সর্ব্বসাধারণের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

২। কমিস্যনরেরা আপনং খণ্ডের অন্তর্গত জিলার চিকিৎসক সাহেবদের স্থানে ঐ রিটর্ণ পাইলে, বোর্ডে নিয়মিত সময়ান্তরে তাহার প্রতিলিপি পাঠান, তাঁহাদের প্রতি এই আদেশ হইতেছে।

গবর্ণমেন্টের নিকটে বোর্ডের ১৮৬৬ সালের নবেম্বর মাসের ৭ তারিখের ৪৭৬৪ B. নম্বরের পত্র।

কোর্ট অফ ডৈরেক্টর সাহেবেরা ১৮৪৫ সালের ১৪ নম্বরের যে আদেশপত্র প্রেরণ করিয়াছিলেন, গবর্ণমেণ্ট ১৮৪৬ সালের জানুআরি মাসের ২১ তারিখের ৪৩ নং পত্রে কালেক্টর সাহেবদিগকে সেই পত্রমূলক এই আদেশ করিয়াছিলেন যে যদ্রূপ ফসল হইবার সম্ভাবনা প্রতি বৎসর তাহার রিপোর্ট দেন। আরো যত বৃষ্টি পতন হয় ও যত গ্রীষ্মাদি হয় তাঁহারা এই বিষয় নির্ণয়ার্থক অঙ্ক লিখিতে পারেন এই নিমিত্তে তাঁহারদিগকে ১৮৪৭ সালে বৃষ্টিমাপ ও তাপমিতি যন্ত্র দেওয়া গিয়াছিল।

২। তাহার পর তিন বৎসর পর্য্যন্ত যেং অঙ্ক অবধি বৃষ্টি পতন ও গ্রীষ্মাদি হইয়াছিল তাহা বার্ষিক রেবিনিউ রিপোর্টে প্রকাশ করা গিয়াছিল। কিন্তু স্থানীয় কর্ম্মকারকদিগকে বারম্বার যথাসাধ্য সাবধানতা ও শুদ্ধতাক্রমে রেজিস্টর রাখিবার আদেশ হইলেও সেই অঙ্কের অত্যন্ত বৈষম্য প্রকাশ হইয়াছিল। এই হেতুক কালেক্টর সাহেবদের ঐং যন্ত্রানুসারে মন্তব্য কথা লিখিবার হৃদ্বোধজনক উপায় নাই, বোর্ডের সাহেবেরা ১৮৫২ সালে ইহা রিপোর্ট করিয়া গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণপূর্ব্বক † নানা স্থানের চিকিৎসক সাহেবকে ঐ বৃষ্টিমাপ ও তাপমিতি যন্ত্র দিতে কালেক্টর সাহেবদের প্রতি আদেশ করিলেন, এবং মেডিকাল বোর্ডের সাহেবেরা উক্ত কার্য্যকারকদিগকে আজ্ঞা করিলেন যে কালেক্টর সাহেবেরা উক্ত স্থিতির যে বিবরণপত্র প্রস্তুত করিতেন চিকিৎসক সাহেবেরা তাহা তৎকালাবধি প্রস্তুত করিয়া মেডিকাল বোর্ডে অর্পণ করেন।

৩। বোর্ডের সাহেবেরা ঐ স্থিতির বিবরণ প্রস্তুত করা অত্যন্ত গুরুতর কার্য্য জ্ঞান করেন। ১৮৬৫ সালের নবেম্বর মাসের ২৫ তারিখের ৩৭৩A নং পত্রের ২ ও ৩ প্রকরণে ইহা প্রকাশ করিয়াছিলেন। কিন্তু মেডিকাল ডিপার্টমেন্টের ইনস্পেক্টর জেনরল সাহেবকে জিজ্ঞাসা করিয়া জানিতে পাইয়াছেন যে বঙ্গদেশে যত বৃষ্টিপড়ে ইহার কোন রেজিস্টর রাখা যাইতেছে না।

৪। এই হেতুক বঙ্গদেশের নানা জিলাতে যত বৃষ্টি পতন হয়, নিম্নলিখিত পাঠে কিম্বা তদপেক্ষা উপযুক্ত অন্য পাঠে ঐ ডিপার্টমেণ্টে তাহার রেজিস্টর মনো-

---

* গবর্ণমেন্টের নিকট ১৮৬৬ সালের নবেম্বর মাসের ৭ তারিখের ৪৭৬৪B নং পত্র। গবর্ণমেন্টের ১৮৬৭ সালের মার্চ মাসের ৭ তারিখের ৯৫৫ নং পত্র।

† গবর্ণমেন্টের ১৮৫২ সালের জুলাই মাসের ২০ তারিখের ৮০৮ নম্বরের আজ্ঞা পত্র।

of Bengal, of rainfall in the following form, or such other form as may be found suitable.

যাগ পূর্ব্বক প্রস্তুত করিবার উপদেশ দেওয়া যায়, তাঁহারদের এই আদেশ।

Years.	JAN.	FEB.	MAR.	APRIL.	MAY.	JUNE.	JULY.	AUGT.	SEPT.	OCT.	NOV.	DEC.	Total of year.	REMARKS.
	Inches.	Inches.	Inches.	Inches.	Inches.	Inches.	Inches.	Inches.	Inches.	Inches.	Inches.	Inches.		

সাল	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	আপ্রিল	মে	জুন	জুলাই	আগষ্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নবেম্বর	ডিসেম্বর	বৎসরের সর্ব্বশুদ্ধ	মন্তব্য কথা।
	ইঞ্চি	ইঞ্চি	ইঞ্চি	ইঞ্চি	ইঞ্চি	ইঞ্চি	ইঞ্চি	ইঞ্চি	ইঞ্চি	ইঞ্চি	ইঞ্চি	ইঞ্চি		

5. In Orissa the rainfall, the Board believe, will be found to have a lower average than in Calcutta, and in a sub-tropical District like North Bengal, the fall is apt to be more partial than that of Calcutta.

৫। বোর্ডের সাহেবেরা বোধ করেন যে কলিকাতায় যত বৃষ্টি পতন হয় উড়িষ্যাতে তাহার অধিক হইবে এবং বঙ্গদেশের উত্তরাংশ ক্রান্তিমণ্ডলসন্নিহিতপ্রযুক্ত তথায় কলিকাতা অপেক্ষা অল্প বৃষ্টি পতন সম্ভাবনা।

6. The statistics, the preparation of which the Board have recommended above, should, they think, be made public, together with all other statistical information bearing on harvest prospects.

৬। বোর্ডের সাহেবেরা উক্ত যে স্থিতির বিবরণ প্রস্তুত করিতে পরামর্শ দিয়াছেন, তাহা এবং ফসল সম্বন্ধীয় আশাসংযুক্ত অন্য সমস্ত বিবরণ তাঁহাদের বিবেচনায় সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা বিধেয়।

From S. C. BAYLEY, Esq., Officiating Junior Secretary to the Government of Bengal, to the Officiating Principal Inspector-General, Medical Department,—(No. 954, dated Fort William, the 7th March 1867.)

মেডিকাল ডিপার্টমেণ্টের একটিং প্রধান ইনস্পেক্টর জেনরল সাহেবের নিকটে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত এস সি বেলি সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৬৭ সাল ৭ মার্চ। ৯৫৪ নম্বর।

I AM directed to forward, for your information, a copy of the correspondence as shewn below * and

নিম্নলিখিত যে পত্রাদির * লিখনপঠন হইয়াছে তাহা আদেশানুসারে তোমার জ্ঞানার্থে পাঠাই-

* From Board of Revenue No. 4764, dated 7th November 1866.

From Commissioner of the Chota Nagpore Division No. 182, dated 31st January 1867.

রেবিনিউ বোর্ডের ১৮৬৬ সালের নবেম্বর মাসের ৭ তারিখের ৪৭৬৪ নম্বর।

ছোট নাগপুর খণ্ডের কমিসনর সাহেবের ১৮৬৭ সালের জানুআরি মাসের ৩১ তারিখের ১৮২ নম্বর।

with reference thereto to request that you will issue the necessary instructions in order that all the Districts in the Bengal Presidency, where a Medical Officer is stationed, may be supplied with serviceable pluviometers and thermometers, and that a monthly return of rainfall and temperature be made by that Officer to the Commissioner of the Division in the form given in paragraph 4 of the Board's letter No. 4764, dated 7th November last, with additional columns shewing the average temperature during each month.

2. The Secretary to the Meteorological Committee has been addressed with a view to the adoption of some scheme, whereby the observations of the Medical Officers may be duly collected and recorded, so as to be of actual practical utility.

No. 7.

To secure correspondence between the Cash Accounts and the Quarterly Returns of Land Revenue submitted to the Board, District Officers are requested to shew the interest realized on sale proceeds of Waste Lands under the heading K. in Table V. of Return No. X.

No. 8.

The Government of Bengal having approved of the intructions issued by the Accountant General in his Circular No. 27 of the 27th July 1865, the Board desire that *bond fide* collections of the Post Office Department may be received in Copper Coin.

2. The words "and Post Office," and the final s. in "Departments" in Rule 4, at page 32 of the Board's Rules, should be scored through.

From Commissioner of the Presidency Division No. 10Ct., dated 30th January 1867.

From Commissioner of the Burdwan Division No. 61, dated 19th January 1867.

From Commissioner of the Patna Division No. 16, dated 17th January 1867.

From Commissioner of the Dacca Division No. 511T., dated 12th January 1867.

From Commissioner of the Bhaugulpore Division No. 384, dated 14th January 1867.

From Commissioner of the Cuttack Division No. 1521, dated 15th January 1867.

From Commissioner of the Cooch Behar Division No. 1696, dated 27th December 1866.

From Commissioner of the Chittagong Division No. 477, dated 29th January 1867.

From Commissioner of the Rajshahye Division No. 33, dated 19th January 1867.

From Commissioner of Assam No. 45, dated 12th February 1867.

তেছি। এবং তদুপলক্ষে আমার এই আদেশ। বঙ্গদেশের যে সকল জিলাতে চিকিৎসা কার্য্যকারক থাকেন, তথায় কর্ম্মোপযোগি বৃষ্টিমাপ ও তাপমিতি যন্ত্র পাঠান যায়, এবং প্রতিমাসে যত বৃষ্টি পতন ও যত গ্রীষ্ম হয় উক্ত কার্য্যকারক বোর্ডের গত নম্বরের মাসের ৭ তারিখের ৪৭৬৪ নং পত্রের ৪ প্রকরণের নির্দ্দিষ্ট পাঠে খণ্ডের কমিসানর সাহেবের নিকটে তাহার রিটর্ণ প্রেরণ করেন, এবং প্রতিমাসে গড়ে যত গ্রীষ্ম হয় ঐ পাঠে ইহা লিখিবার আর কএকটি ঘর করিয়া তাহা লেখেন. এই বিষয়ের প্রয়োজনমতে উপদেশ প্রচার কর।

২। চিকিৎসক সাহেবেরা যে মন্তব্য কথা লেখেন তদ্দ্বারা যেন কার্য্য দর্শে এই অভিপ্রায়ে তাহা নিয়মিত রূপে সংগ্রহ করিয়া লেখাইবার সুনিয়ম করা যায় এই উদ্দেশে ব্যোমতত্ত্ববিদ্যার কমিটীর সেক্রেটারী সাহেবকে পত্র লেখা গিয়াছে।

---

৭ নম্বর।

বোর্ডে নগদ টাকার যে হিসাব এবং ভূমির রাজস্বের যে ত্রৈমাসিক রিটর্ণ অর্পণ করা যায় এই দুইয়ের মিলন হইবার নিমিত্তে, জিলার কর্ত্তৃপক্ষদিগকে আজ্ঞা করা গেল যে, পতিত ভূমি বিক্রয় করিয়া তদুৎপন্ন টাকার উপর যে সুদ পাওয়া যায়, তাহা ১০ নং রিটর্ণের ৫ টেবিলের K চিহ্নিত শিরোলিপির তলে লেখেন।

---

৮ নম্বর।

আকৌন্টেন্ট জেনরল সাহেব ১৮৬৫ সালের জুলাই মাসের ২৭ তারিখের ২৭ নম্বরের সরকুলর পত্রে যে উপদেশ প্রচার করিয়াছিলেন বঙ্গদেশের গবর্ণমেন্ট তাহার অনুমোদন করিয়াছেন। তৎপ্রযুক্ত বোর্ডের সাহেবেরদের এই আদেশ। প্রকৃত প্রস্তাবে ডাকঘর সম্বন্ধীয় কর্ম্ম বিভাগে যে মুদ্রা আদায় করা যায় তাহার মধ্যে তামার মুদ্রাও গ্রাহ্য।

২। এই হেতুক বোর্ডের বিধি পুস্তকের ৩২ পৃষ্ঠার লিখিত ৪ ধারাতে "ও ডাকঘর" এই কথা ত্যাগ করিতে হইবে।

রাজধানী খণ্ডের কমিসানর সাহেবের ১৮৬৭ সালের জানুআরি মাসের ৩০ তারিখের ১০ C নম্বর।

বর্দ্ধমান খণ্ডের কমিসানর সাহেবের ১৮৬৭ সালের জনুআরি মাসের ১৯ তারিখের ৬১ নম্বর।

পাটনা খণ্ডের কমিসানর সাহেবের ১৮৬৭ সালের জানুআরি মাসের ১৭ তারিখের ১৬ নম্বর।

ঢাকা খণ্ডের কমিসানর সাহেবের ১৮৬৭ সালের জানুআরি মাসের ১২ তারিখের ৫১১ T নম্বর।

ভাগলপুর খণ্ডের কমিসানর সাহেবের ১৮৬৭ সালের জানুআরি মাসের ১৪ তারিখের ৩৮৪ নম্বর।

কটক খণ্ডের কমিসানর সাহেবের ১৮৬৭ সালের জানুআরি মাসের ১৫ তারিখের ১৫২১ নম্বর।

কুচবেহার খণ্ডের কমিসানর সাহেবের ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ২৭ তারিখের ১৬৯৬ নম্বর।

চট্টগ্রাম খণ্ডের কমিসানর সাহেবের ১৮৬৭ সালের জানুআরি মাসের ২৯ তারিখের ৪৭৭ নম্বর।

রাজশাহী খণ্ডের কমিসানর সাহেবের ১৮৬৭ সালের জানুআরি মাসের ১৯ তারিখের ৩৩ নম্বর।

আসামের কমিসানর সাহেবের ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ১২ তারিখের ৪৫ নম্বর।

No. 9.

The following rules are to be substitued for Rules 1, 2, and 3, in Section VI, Chapter XII, page 198 of the Board's Rules.

1. Whenever any Revenue Court passes any decree or order, in any way affecting any right in immoveable property recorded in any registered document, it must, by Section XLI, Act XX of 1866, at the same time forward a memorandum to the Registrar within whose District the document was originally registered. It must also, by Section XLII, send a memorandum to every Registrar within whose District any part of such property is situate. Both memoranda must be written in the language used in the decree or order.

2. A memorandum, under Section XLII, must also be sent to the Registrar within whose District any part of the property is situate, whenever any decree or order is passed affecting right in immoveable property, although there be no registered instrument before the Court.

3. The Memorandum under Section XLI should be in the following form :—

(*a.*) Serial number of registered instrument, with page, number, and volume of Register in which it has been entered.

(*b.*) Names of parties to, and number of the suit, and whether an original or appeal suit.

(*c.*) Description of the immoveable property referred to in the instrument.

(*d.*) Effect of the decree or order on the instrument.

(*e.*) Date on which decree or order was passed.

(*f.*) Name and official designation of officer by whom the decree or order was passed.

(*g.*) Fees for registration.

And that under Section XLII, in the following form.

(*a.*) Names of parties to, and number of the suit, and whether an original or appeal suit.

(*b.*) Description of the immoveable property affected by the decree or order.

(*c.*) Effect of the decree or order on the said property.

(*d.*) Date on which decree or order was passed.

(*e.*) Name and official designation of officer by whom the decree or order was passed.

(*f.*) Fees for registration.

4. It is to be noted that the above provisions have reference to orders passed by Revenue Officers judicially, and not simply in an executive capacity. An order which only *rejects* a claim or an appeal, need not be intimated to the Registration Offices.

৯ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ১৯৮ পৃষ্ঠায় ১২ খণ্ডের ৬ অধ্যায়ের বিধির ১, ২, ৩ ধারার পরিবর্ত্তে নিম্ন লিখত কএক ধারা দিতে হইবে।

১। স্থাবর সম্পত্তিসংক্রান্ত যে স্বত্ব কোন রেজিষ্টরী দলীলে লেখা গেল, যদি রাজস্বসম্পর্কীয়কোন আদালত সেই স্বত্বেরক্ষতিবৃদ্ধিসূচক কোন ডিক্রী কি আজ্ঞা করেন, তবে ঐ দলীল আদৌ যে জিলাতে রেজিষ্টরী করা গিয়াছিল, ১৮৬৬ সালের ২০ আইনের ৪১ ধারামতে ঐ ডিক্রী কি আজ্ঞা করণ সময়ে তাহার মর্ম্মাত্মকপত্র ঐ জিলার রেজিষ্ট্রারের নিকটে পাঠাইতে হইবে, এবং ঐ সম্পত্তির কোন অংশ যেং জিলার অন্তর্গত থাকে ৪২ ধারামতে সেই জিলার রেজিষ্ট্রারের নিকটে ঐ মর্ম্মাত্মকপত্র পাঠাইতে হইবে। ডিক্রী কি আজ্ঞা যে ভাষায় লেখা যায় ঐ মর্ম্মাত্মক পত্র দুই খানিও সেই ভাষায় লিখিতে হইবে।

২। যদি কোন ডিক্রী কি আজ্ঞাক্রমে স্থাবর সম্পত্তিসংক্রান্ত স্বত্বের কোন ক্ষতি কি বৃদ্ধি হয়, তবে রেজিষ্টরী দলীল আদালতের গোচরে আনা গেলে কি না গেলেও ঐ সম্পত্তির কোন অংশ যেং জিলার মধ্যে থাকে ৪২ ধারামতে সেইং জিলার রেজিষ্ট্রারের নিকটে ঐ মর্ম্মাত্মকপত্র পাঠাইতে হইবে।

৩। ৪১ ধারামতে যে মর্ম্মাত্মকপত্র লিখিতে হইবে তাহার পাঠ এই।

(*a*) রেজিষ্টরী দলীলের শ্রেণীমত নম্বর ও যে রেজিষ্টরে লেখা গিয়াছে তাহার পৃষ্ঠা ও সংখ্যা ও বালম।

(*b*) মোকদ্দমার উভয় পক্ষের নাম ও নম্বর ও মোকদ্দমা প্রথমতঃ উপস্থিত কি আপীলী।

(*c*) দলীলে যে স্থাবর সম্পত্তির উল্লেখ হয় তাহার বর্ণনা।

(*d*) ঐ দলীলের উপর ডিক্রীর কি আজ্ঞার যে ফল।

(*e*) ডিক্রী কি আজ্ঞা যে তারিখে করা যায়।

(*f*) যে কার্য্যকারক ঐ ডিক্রী কি আজ্ঞা করিয়াছেন তাহার নাম ও পদ সংক্রান্ত খ্যাতি।

(*g*) রেজিষ্টরী করিবার ফী।

৪২ ধারামতে যে মর্ম্মাত্মকপত্র লিখিতে হইবে তাহার পাঠ এই।

(*a*) মোকদ্দমার উভয় পক্ষের নাম ও নম্বর এবং মোকদ্দমা প্রথমত উপস্থিত কি আপীলী।

(*b*) ডিক্রী কি আজ্ঞাক্রমে যে স্থাবর সম্পত্তির ক্ষতি কি বৃদ্ধি হয় তাহার বর্ণনা।

(*c*) ঐ সম্পত্তির উপর ডিক্রীর কি আজ্ঞার ফল।

(*d*) ঐ ডিক্রী কি আজ্ঞা যে তারিখে করা যায়।

(*e*) যে কার্য্যকারক ঐ ডিক্রী কি আজ্ঞা করিয়াছেন তাঁহার নাম ও পদ সংক্রান্ত খ্যাতি।

(*f*) রেজিষ্টরী করিবার ফী।

৪। রাজস্বসম্পর্কীয় কার্য্যকারকেরা আপনাদের ঐ কার্য্যসম্পাদন কালে যে আজ্ঞা করেন পূর্ব্বোক্ত বিধি সেই আজ্ঞার উপলক্ষে নয়, কিন্তু বিচারকর্ত্তাস্বরূপ যে আজ্ঞা করেন তাহার প্রতি ঐ বিধি বর্ত্তে। যদি কোন আজ্ঞাক্রমে কোন দাওয়া কিম্বা আপীল অগ্রাহ্য হয়, তবে রেজিষ্টরী কার্য্যালয়ে সেই কথা জানাইবার প্রয়োজন নাই।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৩ আপ্রিল।]

2. The forms of memorandum will now be found to correspond with those prescribed by the High Court. The Superintendent of Stationery will supply the revised forms on indent.

The word " Magistrate" shall include the Magistrate of a District, or a Magistrate in charge of a Division of a District.

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় ১৮৬৭ সালের আপ্রিল মাসের ১৩ তারিখে যেরূপে স্থির করা গিয়াছিল, তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের অন্তর্গত নগরের ও মুনিসিপালিটীর পোলীসের অপেক্ষাকৃত সুবিধান করিবার আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের অন্তর্গত নগরে ও মুনিসিপালিটীতে যে পোলীসদল নিযুক্ত থাকেন তাঁহাদের ব্যবস্থা ও ব্যয়াদির অপেক্ষাকৃত সুবিধান করা বিহিত, এইহেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[অর্থ করণের ধারা।]

১ ধারা। এই আইনগত নিম্নলিখিত শব্দের ও কথার যে অর্থ এই ধারাতে করা গেল পূর্ব্বাপর কথার দ্বারা অভিপ্রায়ান্তর প্রকাশ না হইলে ঐ২ শব্দের ও কথার সেই অর্থ হইবে।

" মাজিষ্ট্রেট।"

"মাজিষ্ট্রেট" শব্দেতে জিলার মাজিষ্ট্রেট কিম্বা জিলার কোন খণ্ডের কর্তৃত্বভারপ্রাপ্ত মাজিষ্ট্রেটকে বুঝাইবে।"

["House."]

The word "House" shall include any shop or warehouse.

["Town."]

The word "Town" shall mean any city, town, suburb, station, or bazar, or union, to which the provisions of Act XX. of 1856, passed by the Governor General of India in Council, shall have been extended, and to which the provisions of Act III. of 1864, passed by the Lieutenant-Governor of Bengal in Council, shall not have been extended.

["Municipality."]

The word "Municipality" shall mean any town, suburb, station, bazar, village, or tract of country to which the said Act III. of 1864 shall have been extended.

[Gender.]

Words importing the masculine gender shall include the feminine.

[Number.]

Words importing the singular number shall include the plural, and words importing the plural number shall include the singular.

[Police in Towns and Municipalities to be appointed under Act V. of 1861.]

II. From and after the commencement of this Act, no Police Chowkeydars shall be appointed, continued, or employed in any Town or Municipality under the provisions of Act XX. of 1856 passed by the Governor General of India in Council, and all Police Officers appointed or employed in any Town or Municipality shall be appointed under the provisions of Act V. of 1861 passed by the Governor General of India in Council, and shall be deemed to be a portion of the Police Establishment under the Local Government of the Lieutenant-Governor of Bengal, and shall, save as hereinafter appears, be subject to the provisions of the said Act V. of 1861.

[Repeal of Clauses.]

III. From and after the commencement of this Act, the various portions of Acts set forth in the Schedule hereto, shall stand and be repealed, except as to any act which shall have been done, or any liability which shall have been incurred, before the passing of this Act, and except so far as they repeal the whole or any part of any other Act, or ordinance, or regulation.

[District Superintendent of Police to prepare a Budget.]

IV. From and after the commencement of this Act, every District Superintendent of Police, on or before the first day of November in each year, shall prepare, in such form as may from

"ঘর।"

"ঘর" শব্দেতে দোকান ও গোলা গণ্য।

"নগর।"

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রচলিত ১৮৫৬ সালের ২০ আইনের বিধান যে কোন শহরে কি নগরে কি শাখানগরে কি স্থানে কি বাজারে কি গ্রামসমাহারে বর্ত্তে এবং মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৪ সালের ৩ আইনের বিধান যে নগরাদিতে বর্ত্তান যায় নাই, "নগর" শব্দে সেই নগরাদি বুঝাইবে।

"মুনিসিপালিটী।"

১৮৬৪ সালের উক্ত ৩ আইন যে নগরে কি শাখানগরে কি স্থানে কি বাজারে কি গ্রামে কি দেশখণ্ডে বর্ত্তান গিয়াছে মুনিসিপালীটী শব্দে সেই নগরাদি বুঝাইবে।

"লিঙ্গ।"

পুংলিঙ্গ বোধক শব্দেতে স্ত্রীলিঙ্গ বোধক সেই শব্দ গণ্য।

"বচন।"

এক বচনান্ত শব্দেতে বহু বচনান্ত সেই শব্দ ও বহু বচনান্ত শব্দেতে এক বচনান্ত সেই শব্দ গণ্য ইতি।

[নগরের ও মনিসিপলিটীর পোলীস ১৮৬১ সালের ৫ আইনমতে নিযুক্ত হইবার কথা।]

২ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি পোলীসের কোন চৌকীদার মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রচলিত ১৮৫৬ সালের ২০ আইনের বিধানমতে কোন নগরে কি মুনিসিপলিটীতে নিযুক্ত ও পদস্থ হইবে না ও কর্ম্ম পাইবে না। কোন নগরে কি মুনিসিপালিটীতে পোলীসের যে সকল কার্য্যকারক নিযুক্ত হন কি কর্ম্ম প্রাপ্ত হন, তাঁহারা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রচলিত ১৮৬১ সালের ৫ আইনের বিধানমতে নিযুক্ত হইবেন। এবং নিম্নলিখিত যে স্থলে ভাবান্তর দৃষ্ট হয়, সেই স্থলভিন্ন তাঁহারা ১৮৬১ সালের উক্ত ৫ আইনের বিধানের অধীন হইবেন ইতি।

[প্রকরণ রহিত করিবার কথা।]

৩ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি আইনের যে২ অংশ ইহার তফসীলে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা রহিত হইবে। কিন্তু এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে কোন কার্য্য করা গিয়া থাকে কি যে কোন দায় বর্ত্তিয়া থাকে তৎসম্পর্কে ঐ২ আইনের সেই সকল অংশ বলবৎ থাকিবে, এবং সেই২ অংশের যে কোন কথার দ্বারা অন্য কোন আইন কি বিধান কি ব্যবস্থা রহিত করা গেল সেই কথা প্রবল থাকিবে ইতি।

[পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের বজেট প্রস্তুত করিবার কথা।]

৪ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ যে পাঠ নিরূপণ করেন পোলীসের প্রত্যেক ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব এই আইন প্রচলিত হইবার কালাবধি প্রতি বৎসর নবেম্বর

time to time be directed by the Lieutenant-Governor of Bengal, a Budget or estimate of the income and expense of the Police Force in every Town and Municipality within his District, for the year to commence on the first day of January next after preparation of such Budget, and present the Budget of every such Town or Municipality to the Magistrate thereof.

[Contents of Budget.]

V. Every such Budget shall shew the number, constitution, and salaries of the Police Force to be maintained in any such Town or Municipality, and shall state whether the whole or some and what part of such expense is to be borne by rates to be levied in the Town or Municipality to which the same refers. Provided that the expense so to be borne in any Town shall not exceed the average rate of two annas per mensem for each house, and that the expense so to be borne in any Municipality shall not exceed five Rupees per centum of the annual value of all houses, buildings, and lands within the local limits of such Municipality.

[Magistrate to consider Budget.]

VI. The Magistrate of every such Town or Municipality shall, forthwith after the receipt of such Budget, lodge the same in his Office, and shall cause the same to be translated into the language usually spoken in such Town or Municipality, and shall cause the same or the translation thereof to be laid before the Municipal Commissioners of such Municipality at their next General Meting or before the Punchayet appointed under the said Act XX. of 1856 of such Town, and shall, during fourteen days after such Budget shall have been so received, permit the same and the translation thereof to be inspected at all reasonable times and seasons by any rate-payer of such Town or Municipality who may desire to inspect the same.

[Budget to be transmitted to Lieutenant-Governor.]

VII. Immediately after the expiration of fourteen days from the receipt of any such Budget, the Magistrate who shall have received the same, shall transmit to the Lieutenant-Governor of Bengal such Budget, together with any remarks or objections made by the said Municipal Commissioners or the said Punchayet as the case may be.

[Lieutenant-Governor to decide on Budget.]

VIII. It shall be lawful for the said Lieutenant-Governor to consider such Budget so transmitted to him, and to approve, or to reject, or modify and approve as modified, such Budget or any part thereof.

[*Government Gazette*, 30*th April* 1867.]

মাসের প্রথম দিবসে কি তৎপূর্ব্বে সেই পাঠে আপনার ডিষ্ট্রিক্টের প্রত্যেক নগরের ও মুনিসিপালিটীর পোলীস দলের জানুআরি মাসের প্রথম দিবসাবধি এক বৎসরের আয়ব্যয়ের বজেট কি অনুমানপত্র প্রস্তুত করিবেন এবং ঐ২ নগরের ও মুনিসিপালিটীর মাজিষ্ট্রেট সাহেবকে ঐ২ নগরাদির বজেট দিবেন ইতি।

[বজেটের মর্ম্মের কথা।]

৫ ধারা। তদ্রূপ কোন নগরে কি মুনিসিপালিটীতে পোলীসের যে দলের ব্যয়াদি দিতে হইবে উক্ত প্রত্যেক বজেটে তাহাদের সংখ্যা ও সংস্থাপনের বিধি ও বেতন লেখা থাকিবে, এবং বজেট যে নগর কি মুনিসিপালিটীসম্পর্কীয় হয় ঐ নগরাদিতে রেট ধার্য্য করিয়া সমুদয় ব্যয় কি তাহার একাংশ ও যে অংশ পোষণ করিতে হইবে তাহাও সেই বজেটে লেখা থাকিবে। কিন্তু নগরে তদ্রূপে যে ব্যয় পোষণ হইবে তাহা গড়ে ঘরপ্রতি মাসে ৶৹ দুই আনার অধিক হারে হইবে না। ও মুনিসিপালিটীতে তদ্রূপ যে ব্যয় পোষণ হইবে, তাহা ঐ মুনিসিপালিটীর সীমার অন্তর্গত সকল ঘরের ও কোটার ও ভূমির বার্ষিক মূল্যের উপর শতকরা ৫ টাকার অধিক হইবে না ইতি।

[সেই বজেট মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনা করিবার কথা।]

৬ ধারা। তদ্রূপ প্রত্যেক নগরের ও মুনিসিপালিটীর মাজিষ্ট্রেট সাহেব ঐ বজেট পাইয়া তৎক্ষণাৎ আপনার কাছারীতে রাখিবেন। এবং সেই নগরে ও মুনিসিপালিটীতে যে ভাষা চলে সেই ভাষাতে তাহার অনুবাদ করাইবেন, এবং তৎপরে মুনিসিপালিটীর যে প্রথম সাধারণ সভা হয় সেই সভাতে মুনিসিপল কমিসানরদের গোচরে, কিম্বা ১৮৫৬ সালের উক্ত ২০ আইনমতে যে পঞ্চায়ৎ নিযুক্ত হন, ঐ নগরের সেই পঞ্চায়তের সম্মুখে ঐ বজেট কি তাহার অনুবাদ অর্পণ করিবেন। এবং ঐ নগরের কি মুনিসিপালিটীর যে ব্যক্তিরা টাক্স দিয়া থাকেন তাঁহাদের মধ্যে কোন ব্যক্তি ঐ বজেট দেখিতে ইচ্ছা করিলে, মাজিষ্ট্রেট সাহেব তাহা পাইলে পর চৌদ্দ দিনপর্য্যন্ত তাহাদিগকে ঐ বজেট কি তাহার অনুবাদ উপযুক্ত সকল সময়ে দেখিতে অনুমতি দিবেন ইতি।

[শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট বজেট পাঠাইবার কথা।]

৭ ধারা। যে মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্ত বজেট প্রাপ্ত হন, তিনি তাহা পাইবার পর চৌদ্দ দিন অতীত হইলেই বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকটে পাঠাইবেন। এবং উক্ত মুনিসিপল কমিসানরেরা কিম্বা বিষয়বিশেষে উক্ত পঞ্চায়ৎ ঐ বজেটের বিষয়ে যে কোন মন্তব্য কথা কি যে আপত্তি ব্যক্ত করেন তাহাও তাঁহাকে জানাইবেন ইতি।

[লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সেই বজেটের নিষ্পত্তি করিবার কথা।]

৮ ধারা। উক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তদ্রূপ অর্পিত বজেট বিবেচনা করিয়া তৎসমুদয় কি তাহার কোন অংশ অনুমোদন কি অগ্রাহ্য কি মতান্তর করিতে এবং মতান্তরিতমতে অনুমোদন করিতে পারিবেন ইতি।

[Amount of estimate in Budget to be deemed expense of Police Force.]

IX. So much of the estimates in such approved Budget as may thereby be directed to be borne by the rates to be levied in such Town or Municipality, shall, for the purposes of this Act, be the expense of the Police to be borne by such Town or Municipality for the year for which such Budget shall have been presented.

[Municipal Commissioners to pay amount of expense to Lieutenant-Governor.]

X. The Municipal Commissioners in every Municipality shall, out of the annual rates of such Municipality, cause to be paid to the said Lieutenant-Governor the expense of the Police Force of such Municipality, by equal quarterly instalments, which said instalments shall respectively be payable upon such quarterly days of payment as shall from time to time be fixed by the said Lieutenant-Governor for the payment thereof by such Municipal Commissioners.

[Magistrate to raise amount of expense.]

XI. The Magistrate of every Town shall, by the ways and means in and by the said Act XX. of 1856 provided for raising the amount of the expense of Chowkeydars appointed under the same Act, cause to be levied and raised in such Town the amount of the expense of the Police to be borne under this Act by such Town.

[Saving of powers of Police Commissioner in Calcutta.]

XII. Nothing in this Act shall deprive the Commissioner of Police for the Town of Calcutta of any power or authority over the Police within the Town of Calcutta and the Suburbs thereof, in him vested by Act IV. of 1866 or Act II. of 1866 of the Lieutenant-Governor of Bengal in Council, or otherwise; and the Inspector-General of Police shall not exercise over the Police within the said Town or Suburbs, any of the powers or authorities to him confided by the said Act V. of 1861.

[Deputy Commissioner to perform duties of District Superintendent under this Act.]

XIII. The Deputy Commissioner of Police for the Suburbs of Calcutta shall, for the purposes of this Act, be deemed to be the district Superintendent of the said Suburbs.

[Commencement of Act.]

XIV. This Act shall, so far as respects the preparation, presentation, inspection, consideration, and approval of Budgets, commence and take effect upon the first day of September now next

[বজেটের অনুমিত টাকা পোলীসদলের ব্যয় জ্ঞান হইবার কথা।]

৯ ধারা। ঐ অনুমোদিত বজেটের লিখিত যত টাকা বজেট অনুসারে ঐ২ নগরের কি মুনসিপালিটীর সংগৃহীত রেটহইতে দিবার আজ্ঞা হয় এই আইনের কার্য্য সফল করণার্থে ঐ বজেট যে বৎসরের নিমিত্তে অর্পিত হইয়াছে ঐ মোট টাকা সেই নগরের কি মুনিসিপলিটির পোলীসের সেই বৎসরের খরচ জ্ঞান হইবে ইতি।

[সেই খরচের টাকা লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকে মুনিসিপাল কমিস্যনরদের দিবার কথা।]

১০ ধারা। প্রত্যেক মুনিসিপালিটীর মুনিসিপল কমিস্যনরেরা ঐ মুনিসিপালিটীর বার্ষিক রেটহইতে উক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকে ঐ মুনিসিপালিটীর পোলীসদলের খরচ চারি সমান ভাগ করিয়া তিন২ মাসে দিবেন উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব মুনিসিপল কমিস্যনরদের ঐ টাকা দিবার যে২ দিন নিরূপণ করেন, তিন২ মাসান্তর সেই দিনে ঐ কিস্তির টাকা দেওয়া যাইবে ইতি।

[ঐ খরচের টাকা মাজিষ্ট্রেটের তুলিবার কথা।

১১ ধারা। ১৮৫৬ সালের উক্ত ২০ আইনমতে যে চৌকীদারেরা নিযুক্ত হয় তাহাদের খরচের টাকা তুলিবার জন্যে উক্ত আইনেতে যে উপায়ের ও পথের বিধান হইয়াছে, এই আইনঅনুসারে পোলীসের যত খরচ যে নগরের দিতে হয় মাজিষ্ট্রেট সাহেব সেই পথে ও উপায়ে সেই নগরের মধ্যেহ ঐ খরচ আদায় করিবেন ও তুলিবেন ইতি।

[কলিকাতার পোলীস কমিস্যনরের ক্ষমতা রক্ষার কথা।]

১২। কলিকাতা নগরের পক্ষে যিনি পোলীসের কমিস্যনর হন মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৬ সালের উক্ত ৪ আইন কিম্বা ১৮৬৬ সালের ২ আইনমতে কি প্রকারান্তরে তাঁহার প্রতি কলিকাতা নগরের ও শাখানগরের পোলীসের উপর যে কোন শক্তি ও ক্ষমতা অর্পিত হইয়াছে, এই আইনের কোন কথার দ্বারা তিনি তাহাতে বঞ্চিত হইবেন না, এবং পোলীসের ইনস্পেক্টর জেনরল সাহেবের প্রতি ১৮৬১ সালের উক্ত ৫ আইনের দ্বারা যে কোন ক্ষমতা কি শক্তি অর্পিত হইয়াছে তদনুসারে তিনি উক্ত নগর কি শাখানগরের অন্তর্গত পোলীসের পক্ষে কার্য্য করিবেন না ইতি।

[এই আইনমত ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের কর্ত্তব্য কর্ম্ম ডেপুটী কমিস্যনরের সম্পাদন করিবার কথা।]

১৩ ধারা। এই আইনের কার্য্যার্থে কলিকাতার শাখানগরের পোলীসের ডেপুটী কমিস্যনর সাহেব উক্ত শাখানগরের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট জ্ঞান হইবেন ইতি।

[আইনের প্রারম্ভের কথা।]

১৪ ধারা। বজেট প্রস্তুত ও সমর্পণ ও বিবেচনা ও গ্রাহ্য করণ পক্ষে এই আইন আগামি সেপ্টেম্বর মাসের প্রথম দিবসে আরম্ভ হইয়া প্রচলিত হইবে, এবং এই আইনের অবশিষ্ট কার্য্যপক্ষে ১৮৬৮ সালের

ensuing, and as to the residue thereof, shall commence and take effect upon the first day of January 1868.

জানুআরি মাসের প্রথম দিবসে আরম্ভ হইয়া প্রচলিত হইবে ইতি।

SCHEDULE OF LAWS REPEALED—(*referred to in Section III.*)

Number and date of Act.	Title.	Extent of Repeal.
Act XX. of 1856.	An Act to make better provision for the appointment and maintenance of Police Chowkeydars in cities, towns, stations, suburbs, and bazars, in the Presidency of Fort William in Bengal.	Sections 7, 8, 9, 11, 32, 33, 35, 50, 51, 52, 53, 54, 55, and 56.
Act III. of 1864 passed by the Lieutenant-Governor of Bengal in Council.	An Act to provide for the appointment of Municipal Commissioners in towns and other places in the Provinces under the control of the Lieutenant-Governor of Bengal, and to make better provision for the conservancy, improvement, and watching thereof, and for the levying of rates and taxes therein.	Section 34.

J. PITT KENNEDY,

Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

৩ ধারার উল্লিখিত যেং আইন রহিত হইল তাহার তফসীল।

আইনের নম্বর ও তারিখ।	নাম।	যে অংশ রহিত হইল।
১৮৫৬ সালের ২০ আইন ..	বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অন্তঃপাতী শহরে ও নগরে ও মোকামে ও শহর তলীতে ও বাজারে পোলীসের চৌকীদারদিগকে নিযুক্ত ও প্রতিপালন করিবার উত্তম বিধান করিবার আইনের	৭, ৮, ৯, ১১, ৩২, ৩৩, ৩৫, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ও ৫৬ ধারা।
মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৪ সালের ৩ আইন	বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অধীনস্থ প্রদেশের নগরপ্রভৃতি স্থানে মুনিসিপল কমিসানরদিগকে নিযুক্ত করণের এবং সেই নগরাদির পারিপাট্য ও শ্রীবৃদ্ধি করিবার ও চৌকী দিবার ও তাহাতে কর ও টাক্স আদায় করিবার অপেক্ষাকৃত সুবিধান করণের আইনের ...	৩৪ ধারা।

জে পি কেনেডি,

ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টান্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

APRIL 1867.

No. 1.

The following rule should be added as Clause 5 to Section 1, page 214 of the Board's Rules :—

5. Whenever additions are made after the copying of a Register (vide Register A., B., or C.) of which the arrangement is required to be alphabetical, they should be inserted at the end of the Register ; and alphabetical *Index* being sufficient, so far as these additional entries are concerned, without attempting to preserve the alphabetical arrangement of the entries. When, however, the Registers are re-written, the intermediate additions should be entered in the proper alphabetical order.

2. Also, at page 218 of the Board's Rules, for the heading of "Amount withdrawn" in column 7 of Register No. 21 of Notices of Deposit, substitute "Amount withdrawn and date."

3. In the List of District and Divisional Returns published at page 263 of the Rules, add under the heading QUARTERLY :—

"XXI B. Stamp fees in Pauper cases under realization."

This Return is to be submitted from the 1st quarter of 1867-68.

No. 2.

The Superintendent of Stationery has been instructed at once to supply local officers with a number of copies of forms of license under Act XXI of 1867, pending the receipt of indents. The forms are printed in English, Bengali, Urdu, and Oriyah, and the indent should specify the number of each required.

The Superintendent has also been ordered to supply forms of Notification in the same languages to the extent of 500 copies for each District.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৩০ আপ্রিল।]

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুলর অর্ডর।

১৮৬৭ সাল। আপ্রিল মাস।

১ নম্বর।

নিম্নলিখিত বিধি বোর্ডের বিধি পুস্তকের ২১৪ পৃষ্ঠায়, ১ অধ্যায়ের ৫ ধারা বলিয়া লিখিতে হইবে।

৫। যে রেজিষ্টর বহীর লিখিতব্য বিষয় অক্ষরক্রমিক লিখিতে হইবে, A. B. C. প্রভৃতি চিহ্নিত তদ্রূপ রেজিষ্টরে কোন কথা লেখা গেলে পর যদি তন্মধ্যে অন্য কথা লিখিবার প্রয়োজন হয়, তবে রেজিষ্টরী বহীর শেষ ভাগে তাহা লিখিতে হইবে। লিখিতব্য সেই অতিরিক্ত বিষয় অক্ষরক্রমে লিখিবার প্রয়োজন নাই, তাহার অক্ষরক্রমিক নির্ঘণ্টপত্র থাকিলেই চলে। কিন্তু সেই রেজিষ্টরী বহী যখন পুনশ্চ লিখিবার আবশ্যক হয় তখন সেই অতিরিক্ত সকল বিষয় স্ব২ স্থানে অক্ষরক্রমানুসারে লিখিয়া রাখিতে হইবে।

২। বোর্ডের বিধির ২১৮ পৃষ্ঠায়, "গচ্ছিত টাকার জ্ঞাপনী" বলিয়া ২১ নং যে রেজিষ্টর আছে তাহার ৭ ঘরের শিরোলিপি "যত টাকা অপনীত হয়" এই কথার পরিবর্ত্তে "যত টাকা যে তারিখে অপনীত হয়" লিখিতে হইবে।

৩। বিধিপুস্তকের ২৬৩ পৃষ্ঠায় জিলার ও খণ্ডের রিটর্ণের যে নির্ঘণ্টপত্র প্রকাশ করা গিয়াছে তাহাতে ত্রৈমাসিক রিটর্ণের মধ্যে এই নূতন রিটর্ণ লিখিতে হইবে।

"২১ B. পাপরের মোকদ্দমায় যে ইষ্টাম্প আদায় হইতেছে।"

১৮৬৭। ৬৮ সালের প্রথম তিন মাসাবধি এই রিটর্ণ দিতে হইবে।

২ নম্বর।

১৮৬৭ সালের ২১ আইনমতে যে অনুমতিপত্র দেওয়া যাইবে স্থানীয় কর্ম্মকারকেরা তাহার পাঠ পাইবার পত্র প্রেরণ করিবেন এই আশয়ে ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি তাঁহারদের নিকট অগ্রেই সেই পাঠ প্রেরণ করিবার আজ্ঞা হইয়াছে। ঐ পাঠ ইংঙ্গরেজি ও বাঙ্গলা ও উর্দ্দু ও উড়িয়া ভাষায় ছাপা হইবে। প্রত্যেক প্রকারের কত খানির প্রয়োজন তাহা পত্রে নির্দ্দিষ্ট করা উচিত।

সেই২ ভাষাতে মুদ্রিত জ্ঞাপনপত্রও প্রত্যেক জিলার নিমিত্তে ৫০০ করিয়া পাঠাইতে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি আজ্ঞা হইয়াছে।

No. 3.

With the sanction of Government, the following scale is prescribed for the Orderly peons to be employed in the Offices of the several Commissioners in the Regulation Divisions of the Lower Provinces.

৩ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের অন্তর্গত আইনের অধীন দেশ-খণ্ডের কমিস্যনর সাহেবেরদের কার্য্যালয়ে যে আর্দ্দলি পেয়াদারা নিযুক্ত হইবে, গবর্ণমেণ্টের অনুমতিক্রমে তাহারদের বেতনাদির এই হার নির্দ্ধারিত হইয়াছে।

Division.	No.	Rate of pay.	Total cost.
		Rs.	Rs.
Bhaugulpore	7	1 at 8 6 „ 6	44
Cuttack	20	1 „ 8 19 „ 6	122
Dacca	7	1 „ 8 6 „ 6	44
Patna	8	1 „ 8 7 „ 6	50
Rajshahye	6	1 „ 8 5 „ 6	38
Burdwan	6	1 „ 8 5 „ 6	38
Chittagong	8	1 „ 8 7 „ 6	50
Nuddea	8	1 „ 7 7 „ 6	49

খণ্ড	যত জন	বেতনের হার	মোট খরচ
ভাগলপুর	৭	৮৲ টাকাতে ১ জন ৬৲ „ ৬ „	৪৪
কটক	২০	৮৲ „ ১ „ ৬৲ „ ১৯ „	১২২
ঢাকা	৭	৮৲ „ ১ „ ৬৲ „ ৬ „	৪৪
পাটনা	৮	৮৲ „ ১ „ ৬৲ „ ৭ „	৫০
রাজশাহী	৬	৮৲ „ ১ „ ৬৲ „ ৫ „	৩৮
বর্দ্ধমান	৬	৮৲ „ ১ „ ৬৲ „ ৫ „	৩৮
চট্টগ্রাম	৮	৮৲ „ ১ „ ৬৲ „ ৭ „	৫০
নদীয়া	৮	৭৲ „ ১ „ ৬৲ „ ৭ „	৪৯

[*Government Gazette*, 30*th April* 1867.]

No. 4.

That part of Rule 7 at page 343 of the Board's Rules, commencing with the words "and inasmuch" in the 3rd line, and ending with "Board of Revenue" in the 10th line, should be scored through, the High Court having decided* that the Judge has power to order payment of surplus proceeds of Attached Estates to the proprietors. The words "any money not required for that purpose" in the 12th line of the rules, should also be scored through, the following being substituted for them,—"but if not so appropriated."

৪ নম্বর।

হাই কোর্টের সাহেবেরা নিদ্ধার্য্য করিয়াছেন * যে জজ সাহেবেরা ক্রোক করা মহালহইতে প্রাপ্য টাকা লইয়া অধিকারিদিগকে অবশিষ্ট টাকা দিবার আজ্ঞা করিতে সক্ষম আছেন। এই প্রযুক্ত বোর্ডের বিধি পুস্তকের ৩৫৩ পৃষ্ঠায় ৭ বিধির অধিকাংশ উঠাইয়া দিতে হইবে। এবং "ঐ কার্য্যের নিমিত্তে যে টাকার প্রয়োজন না হয়" এই কথার পরিবর্ত্তে "যদি সেই টাকা উক্ত প্রকারে প্রয়োগ না করা যায়" এই কথা পাঠ্য।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(*Criminal Side*)

No. 2.

To all Criminal Authorities,—(dated Calcutta, the 25th March 1867.)

THE High Court, having reason to believe that some misapprehension exists amongst Magistrates as to the meaning of the term "immediately subordinate" in Section 434 of the Code of Criminal Procedure, and, consequently, as to the power, under that Section, of the Magistrate of the District to call for and examine the record of a case tried by an Officer subordinate to him who exercises the full powers of a Magistrate, are pleased to circulate the following instructions for the guidance of all Officers :—

The Court do not interpret the words "*immediately* subordinate" in this Section as having any reference to the *judicial* powers vested either in the Courts described as subordinate, or in the Court to which they are described as subordinate. They consider that all Magisterial Officers in a District, except the Magistrate of the District, are within the meaning of this Section *immediately* subordinate to the Magistrate of the District, whatever their judicial powers may be. It follows that, in the opinion of the High Court, the Magistrate of the District has power to call for and examine the record of any Magistrate within his District, for the purpose of satisfying himself as to the legality of any sentence or order passed, and as to the regularity of the proceedings of such Magistrate.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অডর।

ফৌজদারী পক্ষ।

২ নম্বর।

ফৌজদারী সকল কর্ত্তৃপক্ষ সমীপেষু।

কলিকাতা ১৮৬৭ সাল ২৫ মার্চ।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৪৩৪ ধারাতে "অব্যবহিত অধঃস্থ" যে কথার ব্যবহার হইয়াছে, মাজিষ্ট্রেট সাহেবেরদের সেই কথা বুঝিবার কিছু ভ্রম হইয়াছে, তৎপ্রযুক্ত জিলার মাজিষ্ট্রেট সাহেবের অধীন যে কার্য্যকারক মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কার্য্য করেন মাজিষ্ট্রেট সাহেব উক্ত ধারাক্রমে তাঁহার বিচারিত মোকদ্দমার কাগজপত্র আনাইয়া দৃষ্টি করিতে সক্ষম আছেন কি না এই বিষয়েও তাঁহারদের ভ্রম হইয়াছে, হাই কোর্টের ইহা জ্ঞাত হইবার কারণ থাকাতে তাঁহারা সকল কার্য্যকারকের পথ দর্শাওনার্থে এই২ উপদেশ প্রচার করিতেছেন।

অধঃস্থ বলিয়া যে আদালতের উল্লেখ হইয়াছে তাঁহার প্রতি কিম্বা ঐ আদালত অন্য যে আদালতের অধীন বলিয়া উল্লেখ হইয়াছে সেই আদালতের প্রতি যে বিচারশক্তি অর্পিত হইয়াছে সেই শক্তিসম্পর্কে ঐ ধারাগত "অব্যবহিত অধঃস্থ" শব্দের অর্থ করিতে হইবে, হাই কোর্টের সাহেবেরা এমত বোধ করেন না। তাঁহারা বোধ করেন যে, জিলার মাজিষ্ট্রেট সাহেবভিন্ন জিলার মধ্যে মাজিষ্ট্রেটের কর্ম্মকারি যে ব্যক্তির বিচারসংক্রান্ত যে ক্ষমতা থাকুক তিনি ঐ ধারামতে জিলার মাজিষ্ট্রেট সাহেবের অব্যবহিত অধঃস্থ। অতএব উক্ত প্রকারের মাজিষ্ট্রেটের কোন আজ্ঞা কি দণ্ডাজ্ঞা আইনসিদ্ধ কি না ও তাঁহার কার্য্য নিয়মবদ্ধ কি না, যখন মাজিষ্ট্রেট সাহেব ইহা হৃদ্বোধমতে জানিতে চাহেন তখন হাই কোর্টের বিবেচনামতে তিনি আপন জিলার অন্তর্গত কোন মাজিষ্ট্রেটের কাগজপত্র আনাইয়া দৃষ্টি করিতে পারেন।

* Dated 15th March 1867, No. 1090 of 1866, on a petition from Collector of Rungpore.

* রঙ্গপুরের কালেক্টর সাহেবের ১৮৬৬ সালের ১০৯০ নম্বরের দরখাস্তক্রমে ১৮৬৭ সালের মার্চ মাসের ১৫ তারিখের পত্র।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ৩০ আপ্রিল।]

He is not, however, competent to comment upon the proceedings of an Officer exercising the full powers of a Magistrate, or to point out what he considers to be errors of law or irregularities. If he is of opinion that the sentence or order is contrary to law, he should forward the case through the Session's Judge for the orders of the High Court.

By Order of the High Court, &c.,

(Sd.) L. R. Tottenham,

Registrar.

No. 3.

To all Sessions Judges and Officers in charge of Jails,—(dated Calcutta, the 25th March 1867.)

As some misapprehension seems to have existed in regard to the warrants prescribed by Sections 383, 384, and 386 of the Code of Criminal Procedure, the Court is pleased to issue the following explanations and instructions, with a view to the proper observance of the provisions of the Code in the preparation and issue of such warrants :—

2. Sections 383 and 384 provide, in cases in which the sentence of the Session Court is confirmed by the High Court, as well as where it does not need to be referred for such confirmation, for the issue *by the Court of Session* of warrants to Magistrates, or other officers in charge of Jails, to cause the sentence passed to be carried into execution. Under Circular Order No. 10, dated 20th November 1865, which was based upon the expressed intention of Government to appoint officers other than Magistrates to the special charge of large Jails, *such* warrants should be addressed to the officer in charge of the Jail, instead of the Magistrate of the District. But the law in force now does not require, that the Sessions Judge should issue a separate warrant of this nature in the case of each prisoner sentenced; a single warrant should include all who are involved in one sentence.

3. By Section 386, the *Magistrate, or other officer in charge of the Jail,* is required, in executing the warrant of the Sessions Judge referred to in the foregoing paragraph, in every case of imprisonment under the sentence of the High Court or of a Court of Session, to issue his warrant to the Jailor, stating the offence of which the accused person has been convicted, and the period during which he is to be imprisoned, and the nature of the imprisonment. As regards warrants of this nature a separate warrant should be issued to the Jailor for each prisoner, and it should accompany the prisoner to whatever Jail he may be transferred. It is to such warrants also, and not the warrants issued by the Sessions Court, that

কিন্তু কোন কর্ম্মকারক মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কর্ম্ম করিলে, মাজিষ্ট্রেট সাহেব তাঁহার বিচারসংক্রান্ত কার্য্যের অনুযোগ করিতে কিম্বা আপনি যাহা আইনসংক্রান্ত ভ্রম কি নিয়মভঙ্গ জ্ঞান করেন তাহা দর্শাইতে সক্ষম নহেন। যদি ঐ আজ্ঞা কি দণ্ডাজ্ঞা আইন বিপক্ষ জ্ঞান করেন, তবে হাই কোর্টের আজ্ঞা প্রাপণার্থে সেশন জজ সাহেব দ্বারা মোকদ্দমা প্রেরণ করিবেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এল আর টটেনহাম,

রেজিষ্ট্রার।

---

৩ নম্বর।

সকল সেশন জজ সাহেব এবং জেলরক্ষা করণের ভারপ্রাপ্ত কার্য্যকারক সমীপেষু।

কলিকাতা ১৮৬৭ সাল ২৫ মার্চ।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮৩ ও ৩৮৪ ও ৩৮৬ ধারাতে যে পরওয়ানার আজ্ঞা হইয়াছে, তাহা বুঝিবার ভ্রম হওয়াতে ঐ পরওয়ানা প্রস্তুত ও প্রচার করণ কার্য্যে আইনের যে বিধান আছে সেই বিধানের উপযুক্তমতে প্রতিপালন হয়, হাই কোর্টের সাহেবেরা এই অভিপ্রায়ে নিম্ন লিখিত ব্যাখ্যা ও উপদেশ প্রচার করিতেছেন।

২। সেশন আদালত যে আজ্ঞা করেন তাহা যদি হাই কোর্টকর্ত্তৃক দৃঢ়ীকৃত হয় কিম্বা যদি হাই কোর্ট-দ্বারা দৃঢ় করণের প্রয়োজন না থাকে, তবে সেই দুই স্থলে ৩৮৩ ও ৩৮৪ ধারার এই বিধি। সেশন আদালত ঐ দণ্ডের আজ্ঞা সাধন করাইবার জন্যে মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা যাহার অধীনে জেল থাকে এমত অন্য কার্য্যকারককে পরওয়ানা দিবেন। বড়২ সকল জেলের তত্ত্বাবধানার্থে মাজিষ্ট্রেটভিন্ন অন্য কার্য্যকারকদিগকে গবর্ণমেন্টের নিযুক্ত করণাভিপ্রায় ব্যক্ত হওয়াতে ১৮৬৫ সালের নবেম্বর মাসের ২০ তারিখের ১০ নং সরকুলর অর্ডরে এই আজ্ঞা হইয়াছিল যে, ঐ পরওয়ানা জিলার মাজিষ্ট্রেট সাহেবের নামে দেওয়া না যায়, যে কার্য্যকারকের অধীন জেল থাকে তাঁহাকে দেওয়া যায়। কিন্তু এইক্ষণে যে আইন প্রবল আছে তন্মধ্যে সেশন জজ সাহেব দণ্ডের আজ্ঞাধীন প্রত্যেক ব্যক্তির পক্ষে যে উক্ত প্রকারের স্বতন্ত্র পরওয়ানা দিবেন এমন আজ্ঞা নাই। অনেক ব্যক্তির একি দণ্ডের আজ্ঞা হইলে, একি পরওয়ানাতে সকলের নাম লেখা যাইতে পারিবে।

৩। পূর্ব্বোক্ত ধারাতে যে পরওয়ানা উল্লিখিত হইয়াছে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা অন্য যে কার্য্যকারকের অধীন জেল থাকে তিনি যখন সেশন জজ সাহেবের সেই পরওয়ানা সাধন করিবেন তখন হাই কোর্টের কি সেশন আদালতের আজ্ঞামতে কারাদণ্ড হওন স্থলে ৩৮৬ ধারামতে জেলরক্ষকের নামে তাঁহার পরওয়ানা দিবার আজ্ঞা আছে। অভিযুক্ত ব্যক্তির যে অপরাধ প্রমাণ হইয়াছে, ও তাহার যত কাল কারাবদ্ধ থাকিতে হইবে, ও যে প্রকারের কয়েদ হইবে এইং কথা ঐ পরওয়ানাতে লেখা থাকিবে। এই প্রকারের পরওয়ানা হইলে প্রত্যেক জন বন্দির জন্যে জেলরক্ষককে পৃথক্ পরওয়ানা দেওয়া যাইবে, পরে সেই বন্দিকে যে কোন জেলে পাঠান যায় ঐ পরওয়ানা তাহার সঙ্গে যাইবে। এইক্ষণে যে কার্য্যপ্রণালী চলিতেছে, তদনুসারে ১৮৫৯ সালের আগষ্ট মাসের

the provisions of Circular Order No. 8, dated 15th August 1859, must be considered to apply under the present procedure.

By Order of the High Court,
L. R. Tottenham.
Registrar.

১৫ তারিখের ৮ নম্বরের সরক্যুলর অর্ডরের বিধান সেই পরওয়ানার প্রতি বর্ত্তে, সেশন আদালতের প্রচারিত পরওয়ানার প্রতি বর্ত্তে না, এমত জ্ঞান করিতে হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এল আর টটনহাম,
রেজিষ্ট্রার।

John Robinson, *Bengalee Translator.*

HOME DEPARTMENT.

Notifications.

Fort William, the 23rd April 1867.

No. 4177.

The Hon'ble Sir Cecil Beadon, K. C. S. I., has tendered his resignation of the offices of Lieutenant-Governor of Bengal, and the same has been accepted by His Excellency the Viceroy and Governor General of India.

No. 4178.

Under the authority conveyed in the 29th Section of the Act 21 and 22 Vic., Cap. CVI., His Excellency the Viceroy and Governor General of India is pleased to appoint, subject to the approbation of Her Majesty, the Hon'ble William Grey, now a Member of the Council of the Governor General of India, to be Lieutenatn-Governor of the Bengal Division of the Presidency of Fort William, from the 23rd instant.

No. 4180.

The Hon'ble William Grey having been appointed by His Excellency the Viceroy and Governor General of India, subject to the approbation of Her Majesty, to be Lieutenant-Governor of the Bengal Division of the Presidency of Fort William, has this day taken the prescribed Oaths and assumed charge of the office under the usual salute.

No. 4181.

The Hon'ble Sir Cecil Beadon, K. C. S. I., having obtained permission to resign Her Majesty's Civil Service in India from the 23rd instant, from which date he will cease to hold the office of Lieutenant-Governor of Bengal, His Excellency the Governor General in Council is pleased to direct, as a mark of respect due to the character and services of Sir Cecil Beadon, that all the honors and distinctions to which he is now entitled as Lieutenant-Governor of Bengal shall be continued to him until the period of his embarkation for Europe.

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

কোর্ট উলিয়ম ১৮৬৭ সাল ২৩ আপ্রিল।

৪১৭৭ নম্বর।

মান্যবর শ্রীযুত স্যর সিসিল বীডন সাহেব কে, সি, এস, আই, বঙ্গদেশের লেপ্টেনেণ্ট গবর্ণরের পদত্যাগকরণার্থে যে পত্র অর্পণ করিলেন, মহিমবর রাজপ্রতিনিধি ও ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাহা গ্রাহ্য করিয়াছেন।

৪১৭৮ নম্বর।

মহিমবর রাজপ্রতিনিধি ও ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের আইনের ১০৬ অধ্যায়ের ২৯ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার সভ্য মান্যবর শ্রীযুত ডবলিউ গ্রে সাহেবকে শ্রীশ্রীমতী মহারাণীর অনুমোদনের অপেক্ষায় এই মাসের ২৩ তারিখ অবধি ফোর্ট উলিয়ম প্রেসিডেন্সীর বঙ্গদেশের লেপ্টেনেণ্ট গবর্ণরের পদে নিযুক্ত করিলেন।

৪১৮০ নম্বর।

মান্যবর শ্রীযুত উলিয়ম গ্রে সাহেব শ্রীশ্রীমতী মহারাণীর অনুমোদনের অপেক্ষায় মহিমবর রাজপ্রতিনিধি ও ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক ফোর্ট উলিয়ম প্রেসিডেন্সীর বঙ্গদেশের লেপ্টেনেণ্ট গবর্ণরের পদে অদ্য অভিষিক্ত হইয়া নির্দ্দিষ্ট শপথ করত কর্ম্মের ভার গ্রহণ করিলেন। তৎকালে নিয়মিত তোপধ্বনি হইল।

৪১৮১ নম্বর।

মান্যবর শ্রীযুত স্যর সিসিল বীডন সাহেব কে, সি, এস, আই, বর্ত্তমান মাসের ২৩ তারিখে ভারতবর্ষে শ্রীশ্রীমতী মহারাণীর সিবিল সম্পর্কীয় কার্য্য ত্যাগ করিবার অনুমতি পাইয়াছেন, উক্ত তারিখঅবধি তাঁহার বঙ্গদেশের লেপ্টেনেণ্ট গবর্ণরের পদধারণ রহিত হইবে। মন্ত্রিসভাধিষ্টিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব আজ্ঞা করিতেছেন যে শ্রীযুত স্যর সিসিল বীডন সাহেবের সচ্চরিত্রের ও প্রশংসিত কার্য্যের সমুচিত সম্মানের চিহ্নস্বরূপে বঙ্গদেশের লেপ্টেনেণ্ট গবর্ণরের পদধারণকালে তাঁহার প্রতি যে সম্ভ্রমাদি প্রকাশ করা যাইত যত কাল তিনি ইউরোপে গমন না করেন তত কাল তাঁহার সেই সম্ভ্রমাদি থাকিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৩০ আপ্রিল।]

No. 4182.

In accordance with the power vested in the Governor General in Council by the 9th Section of the Act 24 and 25 Vic., Cap. 67, to appoint the place of meeting of the Council of the Governor General, His Excellency in Council is pleased to direct that the said Council shall until further notice assemble at Simla in the Provinces subject to the jurisdiction of the Lieutenant-Governor of the Punjab.

No. 4225.

The Hon'ble G. Campbell is permitted to resign his office of Judge of the High Court of Judicature at Fort William in Bengal.

Mr. Campbell's services are placed at the disposal of the Foreign Department, at the expiration of the special duty on which he is at present engaged at the Presidency.

E. C. Bayley,
Secy. to the Govt. of India.

FINANCIAL DEPARTMENT.

Notifications.

Fort William, the 20th April 1867.

No. 2205.

Mr. E. F. Harrison to be Comptroller General of Accounts, with effect from the 23rd instant, *vice* Mr. R. P. Harrison retired.

The 22nd April 1867.

No. 2208.

Mr. H. D. Sandeman, Accountant-General, Bengal to be a Government Director of the Bank of Bengal.

The 23rd April 1867.

No. 2271A.

Mr. E. F. Harrison received charge of the office of Comptroller General of Accounts from Mr. R. P. Harrison on the after-noon of the 22nd instant.

The 24th April 1867.

No. 2278.

Mr. E. F. Harrison, Comptroller General of Accounts to be a Government Director of the Bank of Bengal.

No. 2295.

In continuation of Notification No. 2294, of this date, the Governor General of India in Council is pleased to law down the following revised scale of consolidated salaries for Uncove-

[*Government Gazette*, *30th April* 1867.]

৪১৮২ নম্বর।

শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৯ ধারামতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভা সমাবেশার্থ স্থান নিরূপণ করণের যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর আজ্ঞা করিতেছেন যে অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত পঞ্জাবের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত প্রদেশের অন্তর্গত শিমলায় উক্ত মন্ত্রিসভার সমাবেশ হইবে।

৪২২৫ নম্বর।

মানাবর শ্রীযুত জি কাম্বেল সাহেব বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের জজের পদ ত্যাগ করণার্থ অনুমতি পাইয়াছেন।

তিনি এইক্ষণে প্রেসিডেন্সীতে বিশেষ যে কর্ম্মোপলক্ষে নিযুক্ত আছেন তাহা সমাপ্ত হইলে ফরিন্‌ডিপার্টমেন্টে নিযুক্ত হইবেন।

ই সি বেলী,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফিনান্‌সিয়ল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৬৭ সাল ২০ আপ্রিল।

২২০৫ নম্বর।

শ্রীযুত আর পি হারিসন সাহেব কর্ম্ম ত্যাগ করাতে তাঁহার পরিবর্ত্তে শ্রীযুত ই এফ হারিসন সাহেব হিসাবের কন্‌ট্রোলর জেনরল হইবেন। উক্ত নিয়োগ এই মাসের ২৩ তারিখ অবধি প্রবল হইবে।

১৮৬৭ সাল ২২ আপ্রিল।

২২০৮ নম্বর।

বঙ্গদেশের আকৌণ্টেণ্ট জেনরল শ্রীযুত এচ ডি সাণ্ডিমান সাহেব গবর্ণমেণ্টের পক্ষে বাঙ্গাল ব্যাঙ্কের এক জন ডৈরেক্‌টর হইবেন।

১৮৬৭ সাল ২৩ আপ্রিল।

২২৭১ A নম্বর।

শ্রীযুত ই এফ হারিসন সাহেব এই মাসের ২২ তারিখের অপরাহ্ণে শ্রীযুত আর পি হারিসন সাহেবের স্থানে হিসাবের কন্‌ট্রোলর জেনরলের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

১৮৬৭ সাল ২৪ আপ্রিল।

২২৭৮ নম্বর।

হিসাবের কন্‌ট্রোলর জেনরল শ্রীযুত ই এফ হারিসন সাহেব গবর্ণমেণ্টের পক্ষে বাঙ্গাল ব্যাঙ্কের এক জন ডৈরেক্‌টর হইবেন।

২২৯৫ নম্বর।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অদ্যকার ২২৯৪ নম্বরের বিজ্ঞাপনাতিরিক্ত সিবিল ষ্টেশনের চিকিৎসাকার্য্যের ভারপ্রাপ্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক ভিন্ন অন্য অচিহ্নিত চিকিৎসক-

nanted Medical Officers, other than Sub-Assistant Surgeons when in Medical charge of Civil Stations :—

Below 5 years' service ...	Rs.	350
Above 5 and under 10 years' of approved service ..	„	450
Above 10 and under 15 years' of approved service ...	„	550
Above 15 years' of approved service	„	700

This scale of salary is to be considered as payment in full for all officials, Medical and sanitary duties, inclusive of those appertaining to Despensaries and Police, &c., save that for the Medical charge of a Lunatic Asylum, or a college or for the administrative charge of a Jail, the extra allowance admissible to a Covenanted Medical Officer for the like charge will be given.

Travelling allowances will also be given under the rules and at the rates authorised for Covenanted Medical Officers.

An Uncovenanted Medical officer may be considered eligible for employment at any station for which a medical officer of the Establishment is sanctioned, in the event of the services of an officer of the latter class not being available.

R. H. HOLLINGBERY,
Assistant Secretary,
For Secy. to the Govt. of India.

দের সংগৃহীত বেতনের নিম্নলিখিত হার অবধারণ করিলেন। টাকা।

পাঁচ বৎসর পর্য্যন্ত কর্ম্ম করিলে		৩৫০৲
পাঁচ বৎসরের অধিক ও দশ বৎসরের অনধিক উপযুক্ত কর্ম্ম হইলে ...		৪৫০৲
দশ বৎসরের অধিক ও পনের বৎসরের অনধিক	ঐ ...	৫৫০৲
পনের বৎসরের অধিক	ঐ ...	৭০০৲

এই অবধারিত বেতন রাজকীয় ও চিকিৎসা ও স্বাস্থ্য সম্পর্কীয় কার্য্যের ও ঔষধালয় ও পোলীসপ্রভৃতি সম্পর্কীয় কার্য্যের সম্পূর্ণ বেতন জ্ঞান হইবে। কিন্তু ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটীর ও কালেজের ও জেলের চিকিৎসা কার্য্য তাঁহাদের প্রতি অর্পিত হইলে তদর্থে চিহ্নিত চিকিৎসককে উপরি যে টাকা দেওয়া যায় তাহাও তাঁহাদিগকে দেওয়া যাইবে।

চিহ্নিত চিকিৎকদিগকে যে হারে গমনাগমনের খরচ দেওয়া যায় সেই বিধিমতে সেই হারে তাঁহাদিগকেও দেওয়া যাইবে।

যদি কোন স্থানে চিহ্নিত চিকিৎসক সাহেবকে নিযুক্ত করা যাইতে না পারে, তবে অচিহ্নিত চিকিৎসক সেই পদে নিযুক্ত হইবার উপযুক্ত জ্ঞান হইবেন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারীর পক্ষে
আর এচ হলিংবরী,
আসিষ্টাণ্ট সেক্রেটারী।

GOVERNMENT OF BENGAL.

NOTIFICATION.

The 24th April 1867.

The Hon'ble the Lieutenant-Governor of Bengal has been pleased to make the following appointments :—

Mr. H. L. Dampier to officiate as Secretary to the Government of Bengal during the absence, on leave, of the Hon'ble A. Eden, or until further orders.

Captain H. H. Stansfeld to be Private Secretary to the Lieutenant-Governor.

Lieutenant F. A. Wilson, R. A., to be Aide-de-Camp on the Personal Staff of the Lieutenant-Governor of Bengal.

S. C. BAYLEY,
Offg. Secy. to the Govt. of Bengal.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৭ । ৩০ আপ্রিল ।]

বঙ্গদেশের গবর্ণমেণ্ট ।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৪ আপ্রিল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নিম্নলিখিত নিয়োগ করিলেন।

মান্যবর শ্রীযুত এ ইডন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেব বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

কাপ্তান শ্রীযুত এচ এচ ষ্টান্সফেলড সাহেব শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রাইবেট সেক্রেটারী হইবেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত এফ এ উইলসন সাহেব আর, এ, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের স্বকীয় মোসাহেব হইবেন।

এস সি বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1680.

Appointments.

The 16th April 1867.

Mr. P. A. Humphrey to be Vice-President of, and Secretary to, the Municipal Committee at Beauleah.

Mr. R. H. Renny, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sungoo Sub-Division, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class in the Chittagong Hill Tracts. Mr. Renny is further empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or the High Court, and to exercise all the powers necessary for that purpose.

The 17th April 1867.

Mr. J. G. Charles, Assistant Magistrate and Collector, Tirhoot, to have temporary charge of the Sub-Division of Durbangah, during the absence on leave of Mr. F. W. V. Peterson, or until further orders. Mr. Charles is, in addition to the powers which he already exercises, empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

Mr. A. L. W. Jerdon to officiate as District Superintendent of Police, Sarun, during the absence, on leave, of Lieutenant R. M. Skinner, or until further orders.

Mr. R. D. Nuthall to be an Honorary Magistrate in the Chittagong and Dacca Divisions, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class and powers under Section 1, Act X. of 1854, in all the Districts of those Divisions.

The 18th April 1867.

Baboo Burma Dutt to officiate as Sudder Ameen of Purneah and Moonsiff of the Sudder Station of that District, during the absence, on leave, of Moulvie Abdoor Rubb, or until further orders.

Mr. S. Lobb, M. A., a Professor in the Presidency College, is promoted to the Third Grade of the Bengal Educational Service, with effect from the 1st instant.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১৬৮০ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ১৬ আপ্রিল।

শ্রীযুত পি এ হমফ্রে সাহেব বোয়ালিয়ার মুনিসিপল কমিটীর প্রতিনিধি সভাপতি এবং সেক্রেটারী হইবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর এচ রেনী সাহেব সঙ্গু শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং চট্টগ্রামের পার্ব্বতীয় প্রদেশে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে এবং উক্ত সেশন আদালতের কিম্বা হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে ও তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইলেন।

১৮৬৭ সাল ১৭ আপ্রিল।

শ্রীযুত এফ ডবলিউ বি পিটরসন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ত্রিহুতের আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে জি চার্লস সাহেব কিয়ৎকালের নিমিত্তে দারভঙ্গা শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন। আরো তিনি যে ক্ষমতাক্রমে কর্ম্ম করিতেছেন তদতিরিক্ত ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে এবং উক্ত সেশন আদালতের কিম্বা হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে ও তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইলেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত আর এম স্কিনর সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা হওন পর্য্যন্ত শ্রীযুত এল ডবলিউ জার্ডন সাহেব সারণের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত আর ডি নটহল সাহেব চট্টগ্রাম ও ঢাকা খণ্ডে অনরারি মাজিষ্ট্রেট হইবেন। উক্ত দুই খণ্ডের সকল জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের এবং ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা-মতে কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ১৮ আপ্রিল।

শ্রীযুত মৌলবী আবদুল রব্বের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু ব্রহ্ম দত্ত পূরণিয়ার সদর আমীনের ও ঐ জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

প্রেসিডেন্সী কালেজের অধ্যাপক শ্রীযুত এস লব সাহেব এম এ বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের তৃতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন। উক্ত নিয়োগ এই মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

In modification of the orders of the 15th instant, Mr. A. Clark is appointed to be a Special Deputy Magistrate and Deputy Collector in the Bhaugulpore Division, to be stationed at Purneah, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in any or all the Districts of that Division.

In modification of the orders of the 15th instant, Baboo Heeralall Mookerjee is appointed to be a Special Deputy Magistrate and Deputy Collector in the Dacca Division, to be stationed at Backergunge, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in any or all the Districts of that Division.

The 22nd April 1867.

The Magistrate of Howrah is vested with concurrent jurisdiction in the District of Hooghly for the trial of cases under Act XVIII. of 1854.

The following Deputy Magistrates and Deputy Collectors of Howrah are vested with the powers of a Magistrate in the District of Hooghly :—

Mr. J. R. B. Ross,
Baboo Dwarkanath Banerjee,
Mr. E. B. Godfrey,
Baboo Kristo Chunder Roy.

Mr. J. A. Craven, Deputy Magistrate and Deputy Collector of Chittagong, to have charge of the Sub-Division of Cox's Bazar. Mr. Craven is, in addition to the powers which he already exercises, empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

Mr. S. C. Bayley to officiate as Civil and Sessions Judge of Shahabad, during the absence, on leave, of Mr. R. P. Jenkins, or until further orders. Mr. Bayley will continue to officiate as Secretary to the Government of Bengal, until relieved.

The 23rd April 1867.

Mr. E. H. Whinfield to officiate as Magistrate and Deputy Collector of Howrah, until Mr. Tottenham's arrival, or until further orders.

Mr. A. Weekes to officiate as Joint Magistrate and Deputy Collector of Saran.

LEAVE OF ABSENCE.

The 17th April 1867.

Mr. F. W. V. Peterson, Assistant Magistrate and Deputy Collector of Durbangah, for three months, from the 1st proximo, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

এই মাসের ১৫ তারিখের আজ্ঞা মতান্তর করিয়া এই আজ্ঞা হইল যে শ্রীযুত এ ক্লার্ক সাহেব ভাগলপুর খণ্ডে বিশেষ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টররে পদে নিযুক্ত হইয়া পুরণিয়ায় অবস্থিত হইবেন। এবং ঐ খণ্ডের কোন কি সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

এই মাসের ১৫ তারিখের আজ্ঞা মতান্তর করিয়া এই আজ্ঞা হইল যে শ্রীযুত বাবু হিরালাল মুখোপাধ্যায় ঢাকা খণ্ডে বিশেষ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়া বাকরগঞ্জে অবস্থিত হইবেন এবং ঐ খণ্ডের কোন কি সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ২২ আপ্রিল।

হাবড়ার মাজিষ্ট্রেট হুগলী জিলার যে সীমা সেই সীমার মধ্যে ১৮৫৪ সালের ১৮ আইনমতের মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা পাইয়াছেন।

নিম্নলিখিত হাবড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা হুগলী জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত জে আর বি রাস সাহেব।
,, বাবু দ্বারকা নাথ বন্দ্যোপাধ্যায়।
,, ই, বি, গডফ্রে সাহেব।
,, বাবু কৃষ্ণচন্দ্র রায়।

চট্টগ্রামের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এ ক্রেবেন সাহেব ককুসবাজার শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন। এইক্ষণে তিনি যে ক্ষমতাক্রমে কর্ম্ম করিতেছেন তদতিরিক্ত ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথমস্থলীয় অনুসন্ধান করিতে ও উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে ও তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইলেন।

শ্রীযুত আর পি জেনকিন্স সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এস সি বেলী সাহেব শাহাবাদের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন। তিনি পদগ্রাহীদ্বারা অবকাশ প্রাপ্ত না হওন পর্য্যন্ত বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারীর কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৬৭ সাল ২৩ আপ্রিল।

শ্রীযুত এল আর টটনহাম সাহেবের না পঁহুছন কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ই এচ উইনফিলড সাহেব হাবড়ার মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ উইকস সাহেব সারণের মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৭ সাল ১৭ আপ্রিল।

দারভাঙ্গার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ ডবলিউ বি পিটরসন সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি মাসের ১ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

Lieutenant R. M. Skinner, District Superintendent of Police, Sarun, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 1st proximo, or any other date on which he may avail himself of the leave.

The 18th April 1867.

Moulvie Abdoor Rubb, Sudder Ameen of Purneah, for one month, under paragraph 12, Clause 1, of the Uncovenanted Service Absentee Rules.

The 23rd April 1867.

Baboo Otool Churn Mullick, Deputy Magistrate and Deputy Collector of Dinagepore, for two weeks, from the 22nd instant, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

NOTIFICATION.

The 18th April 1867.

The following Officers have been allowed by the Right Hon'ble the Secretary of State for India extensions of leave of absence, on medical certificate, for six months, *viz.* :—

Mr. T. Baker,
„ C. Grant.

Baboo Juggodish Nath Roy, Assistant Superintendent of Police, 24-Pergunnahs, having resumed charge of his duties on the 21st ultimo, the unexpired portion of the leave granted to him under the orders of the 13th December last is cancelled.

Baboo Hurro Chunder Ghose, Deputy Magistrate and Deputy Collector, Burdwan, having returned to his duties on the 25th ultimo, the unexpired portion of the leave granted to him under the orders of the 4th December and 28th February last, and of which he availed himself on the 3rd January last, is cancelled.

NOTIFICATION.

The 22nd April 1867.

আরো, বর্ত্তমান আইনঅনুসারে কলিকাতা নগরের প্রত্যেক পথে ও গলিতে ও অপ্রতিরোধ পথে পয়োনালা বসান এবং ঐ সকল পথ ও গলিতে ও অপ্রতিরোধ পথে এক শত গজ অন্তর স্থানেং খাড়ানল প্রস্তুত করা জষ্টিসদের অবশ্য কর্ত্তব্য। কিন্তু কলিকাতা নগরের সর্ব্ব স্থলে এই জল যোগাইবার সম্পূর্ণ নিয়ম করণবিষয়ে আইনের যে বিধান হইয়াছে, তাহা

are by the present law compelled to lay pipes through every streets, lane, or thoroughfare, and to erect stand-pipes, at an interval not exceeding 100 yards apart, through all such streets, lanes, and thoroughfares. To guard against persons not residing within a reasonable distance of stand-pipes being required to pay the water-rate, the Bill provides for exempting such persons from the rate.

With a view to placing the credit of the Corporation of Calcutta on a more firm footing, it is proposed to limit their power of borrowing, by way of debenture on the security of the rates, taxes, and dues imposed and levied on account of the Municipal Fund, to 55 lacs of Rupees, exclusive of such loans as they may require to raise to enable them to carry out a complete water-supply for the Town of Calcutta.

The Bill also empowers the Justices of the Peace for the Town of Calcutta to construct and maintain a Railway within the Town for Municipal and such other purposes as they may, with the sanction of the Local Government, think proper, and it also removes certain legal difficulties connected with the transfer of the Town Hall from the Government of Bengl to the Justices.

At present the Esplanade, Fort, and Hastings, late Cooly Bazar, are nominally within the jurisdiction of the Justices of the Peace for the Town of Calcutta, but are practically managed by the Commissioner of Police under the orders of Government.

These places are specially exempted from the house rate, but not from any other rates. By this Bill these places are excluded from the definition of "Town of Calcutta" as used in Act VI of 1863.

STUART HOGG.

The 27th April 1867.

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Government of Bengal,
Legislative Department.

মতান্তর করিয়া, তাঁহারা যেং পথ ও গলি ও অপ্রতিরোধপথের মধ্যে জল যোগাইবার বড়ং ও ক্ষুদ্র পয়োনালা বসাইবেন তাহা তাঁহাদের বিবেচনাধীন রাখিবার প্রস্তাব হইল। খাড়ানল হইতে যাঁহারা যুক্তিমত দূরে বাস করেন তাঁহাদের সেই জলের টাকুস দিতে না হইবার জন্যে এই পাণ্ডুলিপিতে তাঁহাদের মুক্তির বিধান হইল।

কলিকাতার সমবায়িত সমাজের সম্মান দৃঢ়তর করণাভিপ্রায়ে মুনিসিপল ফণ্ডহেতুক যে রেট ও টাকুস ও প্রাপ্য ধার্য্য ও আদায় করা যায় তাহা প্রতিভূ রাখিয়া ঋণ গ্রহণপত্র দ্বারা তাহাদিগকে পঞ্চান্ন লক্ষ টাকার অধিক ঋণ লইবার নিষেধ হইয়াছে। কিন্তু কলিকাতা নগরের নিমিত্তে জল যোগাইবার সম্পূর্ণ নিয়ম সাধনার্থে তাঁহাদের যে ঋণ লইতে হয় তাহা এই নিষেধের মধ্যে ধরা গেল না।

আরো এই পাণ্ডুলিপিদ্বারা কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদিগকে নগরের পারিপাট্য রক্ষা করিবার জন্যে এবং তাঁহারা স্থানীয় গবর্ণমেন্টের অনুমতিক্রমে অন্য যে অভিপ্রায় যথোচিত বোধ করেন সেই অভিপ্রায়ের জন্যে পথ প্রস্তুত ও রক্ষা করিবার ক্ষমতা প্রদান করা গেল। বঙ্গদেশের গবর্ণমেন্টের হস্তহইতে টৌনহাল লইয়া জষ্টিসদের হস্তে সমর্পণ করণের আইন সংক্রান্ত যে আপত্তি ছিল তাহা এই আইনে উঠাইয়া দেওয়া গিয়াছে।

এক্ষণে দুর্গের সম্মুখ মাঠ এবং দুর্গ ও কুলিবাজার নামমাত্রে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের অধীন আছে। কিন্তু কার্য্যতঃ পোলীসের কমিসানর সাহেব গবর্ণমেন্টের আজ্ঞাধীনে তৎসংক্রান্ত কার্য্যের বিধান করিয়া থাকেন।

ঘরের টাকুসহইতে সেইং স্থান বিশেষমতে মুক্ত করা গেল। কিন্তু অন্য কোন টাকুসহইতে মুক্ত নয়। ১৮৬৩ সালের ৬ আইনেতে কলিকাতা নগরের যে সীমা ব্যক্ত হইয়াছে এই পাণ্ডুলিপিদ্বারা সেইং স্থান সেইং সীমার বহির্ভূত হইল।

ষ্টুয়ার্ট হগ,

১৮৬৭ সাল ২৭ আপ্রিল।

জে পিট কেনেডি,
ব্যবস্থাপন কর্ম্ম বিভাগে বঙ্গদেশের গবর্ণমেন্টের
আসিষ্টান্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDER BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(*Civil Side.*)

No. 13.

To all Small Cause Court Judges,—(dated Calcutta, the 11th April 1867.)

I AM directed to request that you will be so good as to submit as soon as practicable a Return

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

১৩ নম্বর।

ক্ষুদ্র মোকদ্দমার সকল আদালতের বিচারকর্ত্তা সমীপেষু।

কলিকাতা ১৮৬৭ সাল ১১ আপ্রিল।

আপনকার আদালতে এইক্ষণে কত জন আমলা আছেন ও প্রত্যেক জনের কত বেতন এবং কাগজ

showing the present scale of establishment attached to your Court and the salary of each Officer upon it, with the monthly expenditure for stationery and Office contingencies

(Sd.) L. R. TOTTENHAM.
Registrar.

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1881.

APPOINTMENTS.

The 30th April 1867.

Baboo Gobind Chunder Sandyal to officiate as Principal Sudder Ameen of Bhaugulpore and Monghyr, during the absence, on leave, of Baboo Noruttum Mullick, or until further orders.

Baboo Boolak Chand, Moonsiff of Bhaugulpore, to officiate as Sudder Ameen of that District, in addition to his own duties.

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Santipore, *viz* :—

Baboo Tarabilash Mitter.

,, Sreepati Mookerjee.

The 6th May 1867.

Mr. J. C. Price to officiate as Joint-Magistrate and Deputy Collector of Tipperah, during Mr. Allen's deputation, or until further orders.

Baboo Otool Churn Mullick, Deputy Magistrate and Deputy Collector of Dinagepore, is transferred, temporarily, to Bhaugulpore, and vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in the latter District, during the absence, on leave, of Baboo Poran Chunder Newgy, or until further orders.

The 7th May 1867.

Rai Doorgapersad Ghose Bahadoor to be an Honorary Magistrate in the District of Dacca, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class and powers under Section 1, Act X. of 1854, in that District.

Mr. Arthur Shanks to be an Honorary Magistrate in the District of the 24-Pergunnahs, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class, and powers under Section 1, Act X. of 1854, in that District.

Mr. A. B. Shekleton to be Secretary to the Executive Famine Relief Committee.

Mr. C. D. Field to be Joint-Magistrate and Deputy Collector of Chittagong, but to continue to officiate as Judge of the Principal Court of Small Causes at Kishnaghur and Jessore, until further orders.

কলম প্রভৃতির নিমিত্তে ও কার্য্যালয়ের নৈমিত্তিক অন্য বিষয়ে মাসে কত টাকা খরচ হয়, এই সকল মর্ম্মের এক রিটর্ন আপনাকে সাধ্যমতে ত্বরায় প্রেরণ করিবার আদেশ হইতেছে।

এল আর টটনহাম,
রেজিষ্ট্রার।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১৮৮১ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ৩০ আপ্রিল।

শ্রীযুত বাবু নরোত্তম মল্লিকের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র সান্ন্যাল ভাগলপুর ও মুঙ্গেরের প্রধান সদর আমীনের কর্ম্ম করিবেন।

ভাগলপুরের মুনসেফ শ্রীযুত বলাকচাঁদ বাবু আপন কর্ম্মাতিরিক্ত ঐ জিলার সদর আমীনের কর্ম্ম করিবেন।

নিম্নলিখিত মহাশয়েরা শান্তিপুর নগরের মুনিসিপল কমিসানর হইবেন,—

শ্রীযুত বাবু তারাবিলাস মিত্র।

,, বাবু শ্রীপতি মুখোপাধ্যায়।

১৮৬৭ সাল ৬ মে।

রাজকীয় কার্য্যোপলক্ষে শ্রীযুত আলেন সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত জে সি প্রাইস সাহেব ত্রিপুরার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু পরাণচন্দ্র নেউগীর ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অতুলচরন মল্লিক কিছুকালের নিমিত্তে ভাগলপুরে নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৭ সাল ৭ মে।

শ্রীযুত রায় দুর্গাপ্রসাদ ঘোষ বাহাদুর ঢাকা জিলার এক জন অনরারি মাজিষ্ট্রেট হইবেন এবং ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত আর্থর শাঙ্কস সাহেব ২৪ পরগনা জিলার এক জন অনরারি মাজিষ্ট্রেট হইবেন, এবং ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ বি শেকল্টন সাহেব দুর্ভিক্ষ নিবারিণী সভার সেক্রেটারী হইবেন।

শ্রীযুত সি ডি ফিল্ড সাহেব চট্টগ্রামের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কৃষ্ণনগর ও যশোহরের ক্ষুদ্র মোকদ্দমার প্রধান আদালতের জজের কর্ম্ম করিতে থাকিবেন।

Mr. A. C. Mangles to be a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade, and to continue to officiate as Joint-Magistrate and Deputy Collector of Tirhoot, until further orders.

Mr. O. G. R. McWilliam, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Serajgunge, during the absence, on leave, of Mr. F. J. R. Walker, or until further orders. Mr. McWilliam will exercise the powers of a Magistrate and Deputy Collector in the Districts of Pubna and Bograh.

Mr. S. Lobb, M. A., is promoted, temporarily, to the Second Grade of the Bengal Educational Service, and appointed to officiate as Principal of the Hooghly College, during the absence, on leave, of Mr. R. Thwaytes, or until further orders.

Mr. A. C. Woodward, Deputy Magistrate and Deputy Collector of Balasore, is transferred to Burdwan, and vested with the powers of a Magistrate in that District.

Moulvy Dillawur Hossein Ahmed, B. A., Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Bhanga, and to exercise the powers of a Magistrate in the District of Furreedpore.

শ্রীযুত এ সি মাঙ্গেলস সাহেব দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ত্রিহুতের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এফ জে আর ওয়াকর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ও জি আর মাকউলিয়ম সাহেব শেরাজগঞ্জ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন। তিনি পাবনা ও বগুড়া জিলাতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত এস লব এম, এ, সাহেব কিয়ৎকালের নিমিত্তে বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন এবং শ্রীযুত আর থোয়েটস সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত হুগলী কালেজের প্রিন্সিপলের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ, সি, উডওয়ার্ড সাহেব বর্দ্ধমানে নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী দিলাওয়ার হুসেন আহম্মদ বি, এ, ভাঙ্গা শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, ও ফরীদপুর জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

Leave of Absence.

The 30th April 1867.

Mr. W. C. Madge, Deputy Magistrate and Deputy Collector of Noakhally, for two months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may have made over charge of his duties.

Baboo Bhugwan Chunder Bose, Deputy Magistrate and Deputy Collector, Furreedpore, for three months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, from the date on which he may avail himself of the leave.

Baboo Kali Das Palit, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Ramghur Estate, for three weeks, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the 1st proximo, or any other date on which he may avail himself of the leave.

Baboo Noruttam Mullick, Principal Sudder Ameen of Bhaugulpore and Monghyr, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the 2nd proximo, or any other date on which he may avail himself of the leave.

ছুটী।

১৮৬৭ সাল ৩০ আপ্রিল।

নওয়াখালীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, সি মাজ সাহেব যে তারিখে আপন কর্ম্মের ভারার্পণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটী বিধির ১১ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ফরীদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভগবানচন্দ্র বসু যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

রামগড় মহালের কর্ম্মের ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালিদাস পালিত আগামি মাসের ১ তারিখঅবধি অথবা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

ভাগলপুর ও মুঙ্গেরের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু নরোত্তম মল্লিক আগামি মাসের ২ তারিখঅবধি অথবা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

The 1st May 1867.

Mr. G. E. Porter, Inspector of Schools, North-East Circle, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from 8th proximo, or any other date on which he may avail himself of the leave.

The leave of absence for six months granted to Mr. J. S. Drummond, Magistrate and Collector of Purneah, under the orders of the 28th March last, is inclusive of the one and half months' leave which was allowed to him on the 9th January preceding.

In supersession of the orders of the 12th March last, Mr. D. Barbor, Assistant Superintendent of Police, Moorshedabad, is allowed fifteen days' preparatory leave of absence before resigning the service.

The 2nd May 1867.

Mr. R. Thwaytes, Principal of the Hooghly College, for twelve months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

The 3rd May 1867.

Captain A. E. Campbell, Deputy Commissioner of Gowalparah, for one month, preparatory to proceeding to Europe on Furlough.

The 4th May 1867.

Baboo Poran Chunder Newgee, Deputy Magistrate and Deputy Collector of Bhaugulpore, for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, from the date on which he may avail himself of the leave.

Mr. C. H. James, Assistant Superintendent of Police, Garrow Hills, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may have availed himself of the leave.

Mr. W. Ainslie, Judge of Patna, for three months, from the 20th instant, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

The 7th May 1867.

Mr. F. J. R. Walker, Deputy Magistrate and Deputy Collector of Serajgunge, for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865.

Mr. L. DeAbreu, Deputy Magistrate and Deputy Collector, Shahabad, for one month, under paragraph 16 of the Uncovenanted Service

[*Government Gazette*, 14th May 1867.]

১৮৬৭ সাল ১ মে।

উত্তর পূর্ব্ব চক্রের বিদ্যালয়সমূহের তত্ত্বাবধারক শ্রীযুত জি ই পোর্টর সাহেব আগামি মাসের ৮ তারিখ অবধি অথবা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

পুরনিয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে এস ড্রমণ্ড সাহেব গত মার্চ মাসের ২৮ তারিখের আজ্ঞামতে যে ছয় মাসের ছুটী পান তন্মধ্যে তৎপূর্ব্ব জানুআরি মাসের ৯ তারিখে যে দেড় মাস ছুটী পান তাহাও গণ্য হইল।

গত মার্চ মাসের ১২ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা হইল যে মুরশিদাবাদের পোলীসের আসিষ্টাণ্ট সুপারিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডি বার্ব্বর সাহেব কর্ম্ম ত্যাগ করণের পূর্ব্বে প্রস্তুত হইবার নিমিত্তে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ২ মে।

হুগলী কালেজের প্রিন্সিপল শ্রীযুত আর থোয়েট্‌স সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে বার মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ৩ মে।

গোয়ালপাড়ার ডেপুটী কমিসানর কাপ্তান শ্রীযুত এ ই কাম্বেল সাহেব নিয়মিত ছুটীক্রমে ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার নিমিত্তে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ৪ মে।

ভাগলপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পরাণচন্দ্র নেওগী যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

গারোপর্ব্বতের পোলীসের আসিষ্টাণ্ট সুপারিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি এচ জেমস সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

পাটনার জজ শ্রীযুত ডবলিউ এন্‌স্‌লী সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এই মাসের ২০ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ৭ মে।

সেরাজগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ জে আর ওয়াকর সাহেব ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এল ডিআব্রু সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের

Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

NOTIFICATIONS.

The 29th April 1867.

The Officer in charge of the Sub-Division of Mungledye is appointed to be ex-officio Protector of Laborers in that Sub-Division under Act VI. (B. C.) of 1865.

The local limits within which the Sub-Divisional Officer of Mungledye will exercise the powers and authorities conferred under the said Act will be the local limits of the said Sub-Division.

The Deputy Commissioner of Durrung will cease to exercise the powers of Protector within the limits of the Mungledye Sub-Division, but as Magistrate he will still exercise in that Sub-Division the powers described in Section 17 of the said Act.

The 30th April 1867.

Dr. E. J. Gayer, Civil Assistant Surgeon of Tirhoot, having resumed charge of his duties on the 8th instant, the unexpired portion of the leave granted to him, under orders of the 14th ultimo, and of which he availed himself from the 26th idem, is cancelled.

The 3rd May 1867.

The following Officers reported their departure from India on the 24th ultimo per Steamship *Candia, viz.*:—

Mr. E. S. Pearson, C. S.
Reverend E. H. Blyth.
Mr. H. F. Blanford.

A supplementary Commission of the Peace for Bengal, Behar, and Orissa was issued by the High Court of Judicature at Fort William in Bengal on the 24th ultimo, directed to Lieutenant-Colonel John Robertson Pughe.

The 7th May 1867.

The services of Mr. F. B. Peacock, of the Civil Service, now on leave, are placed at the disposal of the Hon'ble the Chief Justice.

The transfer of Baboo Sunjeeb Chunder Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, from Jessore to Nuddea, notified in the *Calcutta Gazette* of the 1st instant, is cancelled.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১৪ মে।]

ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৯ আপ্রিল।

মঙ্গলদায়ি শাখাখণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত কার্য্যকারক স্বীয় পদোপলক্ষে ১৮৬৫ সালের বঙ্গদেশীয় ৬ আইনমতে উক্ত শাখাখণ্ডে মজুর রক্ষকের পদে নিযুক্ত হইলেন।

মঙ্গলদায়ি শাখাখণ্ডের যে সীমার মধ্যে উক্ত কার্য্যকারক উক্ত আইনমতে দত্ত ক্ষমতা ও শক্তিক্রমে কর্ম্ম করিবেন তাহা উক্ত শাখাখণ্ডের সীমা হইবে।

মঙ্গলদায়ি শাখাখণ্ডের সীমার মধ্যে দরঙ্গের ডেপুটী কমিসানর সাহেবের রক্ষকের কর্ম্ম করণের ক্ষমতা রহিত হইল। কিন্তু তিনি মাজিষ্ট্রেটস্বরূপ উক্ত শাখাখণ্ডে উক্ত আইনের ১৭ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাক্রমে কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৬৭ সাল ৩০ আপ্রিল।

ত্রিহুতের সিবিল আসিস্টাণ্ট চিকিৎসক ডাক্তর. শ্রীযুত ই জে গেয়র সাহেব এই মাসের ৮ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করাতে গত মাসের ১৪ তারিখের আজ্ঞামতের যে ছুটী ঐ মাসের ২৬ তারিখে গ্রহণ করেন তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

১৮৬৭ সাল ৩ মে।

নিম্নলিখিত কার্য্যকারকেরা কাণ্ডিয়া নামক বাষ্পীয় জাহাজে এই মাসের ২৪ তারিখে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

শ্রীযুত ই এস পিয়র্সন সাহেব সি, এস,।
পাদরি শ্রীযুত ই এচ ব্লাইথ সাহেব।
শ্রীযুত এচ এফ ব্লাণ্ডফর্ড সাহেব।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট কর্তৃক গত মাসের ২৪ তারিখে বঙ্গ বেহার ও উড়িষ্যা দেশের শান্তিরক্ষার্থে যে অতিরিক্ত কমিসান বাহির হয় তাহা লেপ্টেনেন্ট শ্রীযুত কর্ণেল জান রবর্টসন পিউ সাহেবের নামে দেওয়া গেল।

১৮৬৭ সাল ৭ মে।

সিবিল কার্য্য সম্পর্কীয় শ্রীযুত এফ বি পীকক সাহেব মান্যবর শ্রীযুত চীফ জষ্টিস সাহেবের আজ্ঞাধীনে নিযুক্ত হইলেন, তিনি এইক্ষণে ছুটী লইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়ের যশোহরহইতে নদীয়ায় নিযুক্ত হইবার যে কথা এই মাসের ৭ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা রহিত হইল।

NOTIFICATION.

The 25th April 1867.

The Lieutenant-Governor has been pleased to sanction under Section 38 of the Rules prescribed in accordance with Sections 11 and 13 of Act VII. (B. C.) of 1864, (for regulating the manufacture, deposit, and transport, &c., of Salt), the establishment of a Police Pass Station at Modooparrah, or South-end of Kukrahchur, in the District of Noacolly.

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৫ আপ্রিল।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৭ আইনের (অর্থাৎ লবণ প্রস্তুত ও গচ্ছিত ও চালানাদি করণের আইনের) ১১ ও ১৩ ধারানুযায়ি প্রণীত বিধির ৩৮ ধারামতে নওয়াখালী জিলার অন্তর্গত কুকরাচরের অতি দক্ষিণ মধুপাড়াতে পোলীস পাস ষ্টেশন স্থাপন বিষয়ের অনুমোদন করিলেন।

NOTIFICATION.

The 26th April 1867.

It is hereby notified that the Lieutenant-Governor has been pleased, under Section 197 of Act XXV. of 1861 (the Criminal Procedure Code), to declare that Hindee shall, in future, be held to be the language in ordinary use in the Colehan for the purposes of that Act.

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৬ আপ্রিল।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৬১ সালের ২৫ আইনের (অর্থাৎ ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের) ১৯৭ ধারামতে আজ্ঞা করিতেছেন যে ইহার পর কোলহানে হিন্দীভাষা উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে চলিত ভাষা জ্ঞান হইবে।

NOTIFICATION.

The 27th April 1867.

In continuation of the Notification dated the 15th ultimo, published in the *Calcutta Gazette* of the 20th idem, it is hereby notified that the territorial jurisdiction of the Small Cause Court at Darjeeling shall be the ordinary jurisdiction of the Deputy Commissioner in the Hill Tracts of Darjeeling, but exclusive of the Terai and Dalimcote Sub-Divisions.

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৭ আপ্রিল।

গত মাসের ১৫ তারিখের যে বিজ্ঞাপন ঐ মাসের ২৬ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশিত হয় তদতিরিক্ত ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে দারজিলিঙ্গের পর্ব্বতীয় প্রদেশের ডেপুটী কমিস্যনর সাহেবের বিচারাধিপত্যের যে সীমা দারজিলিঙ্গের ক্ষুদ্র মোকদ্দমার আদালতেরও সেই সীমা হইবে। কিন্তু তন্মধ্যে তেরাই ও দালিমকোট শাখাখণ্ড ধর্ত্তব্য নয়।

NOTIFICATION.

The 27th April 1867.

In continuation of the Notification dated 14th January last, it is hereby notified that in the Districts of Burdwan, Hoogbly, and Midnapore, the Joint-Magistrate shall be the Magistrate in charge of the Sudder or Principal Sub-Division of the District to which he stands appointed.

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৭ আপ্রিল।

গত জানুআরি মাসের ১৪ তারিখের বিজ্ঞাপনাতিরিক্ত ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বর্দ্ধমান, হুগলী ও মেদিনীপুর জিলার মধ্যে জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব যে জিলাতে নিযুক্ত হন সেই জিলার সদর কি প্রধান শাখাখণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত মাজিষ্ট্রেট হইবেন।

NOTIFICATIONS.

Whereas it is expedient to re-adjust the boundaries of Union Kaláioá, in the District of 24-Pergunnahs, as fixed by Government Notification of the 9th April 1866, and to divide the same into two distinct Unions for the purposes of Act XX. of 1856, it is hereby notified that the provisions of the aforesaid Act shall cease to have effect in the village of Kaiba, which has been transferred from the district of 24-Pergunnahs to that of Nuddea.

2. The existing Union shall be and is hereby divided into two distinct Unions, to be called the Unions of Kalároá and Chanduria.

3. Under Section 2, Act XX. of 1856, it is hereby further notified that, for the purposes of this Act, the following villages shall be united to Kalároá :—

1. Tulsidanga.

2. Jhikra and its Mohallah Gudkhali.

3. Gopináthpoor.

4. Muráríkáti together with its Mohallahs, Begampoor and Rastumpoor.

And the following to Chanduria—

1. Goalparah.

2. Chandanpoor together with its Mohallahs, Kádpur and Goyiá.

4. Under Section 4 of the above Act it is also notified that the boundaries of the above Unions are identical with the boundaries of the villages themselves as laid down in the Revenue Survey Maps approved of by Government.

5. Under Section 10, Act XX. of 1856, it is hereby further notified that the tax to be levied in these Unions shall be an assessment according to the circumstances and the property to be protected of the persons liable to the same.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১৪ মে।]

বিজ্ঞাপন।

২৪ পরগনা জিলার অন্তর্গত কলাকয়া সমাহারের যে সীমা ১৮৬৬ সালের আপ্রিল মাসের ৯ তারিখের গবর্ণমেণ্টের বিজ্ঞাপনে অবধারিত হইয়াছে তাহা পুনর্ব্বার নির্দ্দিষ্ট করা ও ১৮৫৬ সালের ২০ আইনের অভিপ্রায় সফল করণার্থে তাহা দুই সতন্ত্র সমাহারে বিভাগ করা বিহিত, অতএব ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত আইনের বিধান কয়বা গ্রামে খাটিবে না, যেহেতু সেই গ্রাম ২৪ পরগনাহইতে নদীয়া জিলাভুক্ত হইয়াছে।

২। বর্ত্তমান গ্রাম সমাহার এবং তাহা যে দুই স্বতন্ত্র সমাহারে বিভক্ত হইয়াছে তাহা কলাকয়া ও চাঁন্দুড়িয়া সমাহার নামে খ্যাত হইবে।

৩। ১৮৫৬ সালের ২০ আইনের ২ ধারামতে আরো সংবাদ দেওয়া যাইতেছে যে এই আইনের অভিপ্রায় সফল করণার্থে নিম্নলিখিত গ্রাম কলাকয়াতে সংযুক্ত হইবে।

১। তুলসীডাঙ্গা।

২। ঝেকরা ও তম্মহল্লা গোদখালী।

৩। গোপীনাথপুর।

৪। মুরারীকাটী ও তম্মহল্লা বেগমপুর ও রস্তমপুর।

এবং নিম্নলিখিত গ্রাম চাঁন্দুড়িয়াতে সংযুক্ত হইবে।

১। গোয়ালপাড়া।

২। চন্দনপুর ও তম্মহল্লা কাদপুর ও গয়রা।

৪। উপরোক্ত আইনের ৪ ধারামতে আরো সংবাদ দেওয়া যাইতেছে যে উপরোক্ত সমাহারের সীমা ঐ২ গ্রামের যে সীমা গবর্ণমেণ্টের অনুমোদিত রাজস্বের জরীপী মানচিত্রে লেখা আছে তাহার সহিত মিলিবে।

৫। ১৮৫৬ সালের ২০ আইনের ১০ ধারামতে আরো সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত গ্রাম সমাহারে যে ব্যক্তিদের স্থানে টাক্স আদায় করিতে হইবে তাহা টাক্স দিবার যোগ্য ব্যক্তিদের অবস্থা ও রক্ষণীয় সম্পত্ত্যনুসারে ধার্য্য হইবে।

NOTIFICATION.

Notice is hereby given that on and after the first day of April 1868 the terms of Sections 33 and 34 of Act VI. of 1863 (the Indian Consolidated Customs Act) will be strictly enforced at all Custom Houses subordinate to the Government of India, or to the Local Governments of the several Presidencies. A true specification of all goods imported in their respective vessels will be required from all Masters and Commanders of Vessels, and such terms as "Merchandize," "Sundries," or the like general description of goods, will not be accepted in any manifest or report of vessels arriving at any port in British India, or its dependencies, as required to be submitted by Masters and Commanders of vessels by the 33rd Section of the aforesaid Act. Masters and Commanders of vessels who shall be unable to enter in their reports or manifests a true specification of all goods imported in their respective vessels, in consequences of their neglect or failure to obtain a full and detailed description of all such goods in their Bills of Lading before the shipment of such goods, will be liable to the penalties laid down in the 34th Section of the above mentioned Act.

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৮ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি ১৮৬৩ সালের ৬ আইনের (অর্থাৎ ভারতবর্ষীয় কষ্টমের সংগৃহীত আইনের) ৩৩ ও ৩৪ ধারার বিধান ভারতবর্ষের গবর্ণমেণ্টের কিম্বা নানা প্রসিডেন্সীর স্থানীয় গবর্ণমেণ্টের সকল কষ্টম হৌসে দৃঢ়রূপে প্রচল হইবে। কোন জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষের কি ঐ দেশের শাসনাধীন কোন বন্দরে পঁহুছিলে, উক্ত আইনের ৩৩ ধারামতে ঐ জাহাজের স্বামির ও অধ্যক্ষের যে মানিফেষ্ট অর্থাৎ বিজক অর্পণ করিতে হয় জাহাজের অধ্যক্ষেরা সেই মানিফেষ্টে আপনারদের জাহাজে আনীতদ্রব্য বিশেষ করিয়া লিখিবে। বাণিজ্য দ্রব্য, বিবিধ দ্রব্য প্রভৃতি সাধারণ বর্ণনা গ্রাহ্য হইবে না। জাহাজে মাল দিবার পূর্ব্বে যদি জাহাজের অধ্যক্ষ শৈথিল্য হেতুক কি অন্য কারণে আপনার বিল অফ লেডিঙ্গে সেই সমুদয় মালের সম্পূর্ণ ও বিশেষ বর্ণনা না পাইয়া থাকেন, ও তৎপ্রযুক্ত আপনারদের রিপোর্টে কি মানিফেস্টে আপনং জাহাজের সমুদয় মালের যথার্থ বর্ণনা করিতে না পারেন, তবে তাঁহারা ঐ আইনের ৩৪ ধারার নির্দ্দিষ্ট দণ্ডের যোগ্য হইবেন।

DECLARATION UNDER SECTION 2 OF ACT VI. OF 1857.

The 30th April 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for a cholera camp for troops in the Hooghly District, it is hereby declared that, for the above purpose, a plot of land, measuring three biggahs and five cottahs, more or less, situated in the village of Bandopara, Pergunnah Pawnan, in the District of Hooghly, and bounded on the North by Kally Nath Bhuttacharjee's land, called by the name of Fasheedanga; on the East by the River Hooghly; on the South by the late Chokooram Sing's land; and on the West by a Public Highway and the late Chokooram Sing's land.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৩০ আপ্রিল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ হুগলী জিলাতে ওলাউঠা রোগাক্রান্ত টসেন্যদের থাকিবার স্থান প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে হুগলী জিলার অন্তর্গত পবনান পরগনার বাঁদপাড়া গ্রামে ন্যূনাধিক ৩।০ কাঠা পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা কালীনাথ ভট্টাচার্য্যের ফাঁসিডাঙ্গা নামে খ্যাত ভূমি পূর্ব্বসীমা হুগলী নদী, দক্ষিণ সীমা মৃত চকুরাম সিংহের ভূমি পশ্চিম সীমা বড় রাজ পথ, ও মৃতচকুরাম সিংহের ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

DECLARATION UNDER SECTION 2 OF ACT VI. OF 1857.

The 4th May 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken at the public expense, for a public purpose, *viz.*, for the construction of a road

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৪ মে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কাপালডাঙ্গা অবধি ছাপরা পর্য্যন্ত পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব

from Kapasdangah to Chapra, it is hereby declared that, for the above purpose, a strip of land about 10 miles in length by an average breadth of 60 feet, more or less, containing an area of about 220 beegahs, passing through or near the villages Peerpore Koola, Kootubpore, Moonsheepore, Katkhola, Rajapore, Shikra, Moondoomala, Badlanghi, Goalpara, and Chapra, in Thannahs Damoorhooda and Chapra, in the District of Nuddea, is required.

This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

H. L. DAMPIER,
Offg. Secy. to the Govt. of Bengal.

সংবাদ দেওয়া যাইতেছে যে, পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ১০ মাইল দীর্ঘ ও গড়ে ৬০ ফুট প্রস্থ অর্থাৎ কালীতে প্রায় ২২০ বিঘাভূমির প্রয়োজন। উক্ত ভূমি নদীয়া জিলার অন্তর্গত দামুরহুদা ও ছাপরা থানার পীরপুর কুলা, কুতবপুর, মুনশীপুর, কাটখোলা রাজপুর শিকরা মুণ্ডমালা, বাদলাঙ্গি, গোয়ালপাড়া ও ছাপরা গ্রামের নিকট কি মধ্য দিয়া যায়।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

CIVIL BUILDINGS.

No. 173.

The 6th May 1867.

Declaration under Section 2 of Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for the site of a Lock-up at Sewan, in Zillah Sarun, it is hereby declared that, for the above purpose, a piece of land is required, measuring about 18 cottahs, 10 dhoors, more or less, situated in Mouzah Sewan, Pergunnah Barrah, Zillah Sarun.

2. The land is bounded on the North by a tope of mangoe trees; on the South by cultivated land; on the West by Sewan and Lukree Road and on the East by cultivated land.

3. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

কাঁজিঘর বিষয়ক।

১৭৩ নম্বর।

১৮৬৭ সাল ৬ মে।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ সারণ জিলার অন্তর্গত সেওয়ানে কাঁজিঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে সারণ জিলার অন্তর্গত বাঢ় পরগনার সেওয়ান মৌজায় স্থিত ন্যূনাধিক ৸১৲১০ ধুর পরিমিত ভূমির প্রয়োজন।

২। উক্ত ভূমির উত্তর সীমা আম্রবাগান, দক্ষিণ সীমা কর্ষিত ভুমি, পশ্চিম সীমা সেওয়ানের ও লকরীর পথ, পূর্ব্ব সীমা কর্ষিত ভূমি।

৩। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

No. 174.

The 7th May 1867.

Declaration under Section 2 of Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for the site of the Bungalow and Cutcherry (with various other buildings attached) of the Assistant Commissioner of Pakour, in the Sonthal Pergunnahs, it is hereby declared that, for the above purpose, a plot of land with tanks and trees, &c., thereon, comprising about 70 beegahs, more or less, is required. The land appertains partly to Mouzah Kalkapur, Pergunnah

১৭৪ নম্বর।

১৮৬৭ সাল ৭ মে।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ সাঁওতাল পরগনার পাকুড়ের আসিষ্টাণ্ট কমিস্যনর সাহেবের বাঙ্গলা ঘর ও কাছারী (তৎসহ অন্যান্য ঘরাদি) প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে, পুষ্করিণী ও বৃক্ষাদিসহ ন্যূনাধিক ৭০/ বিঘা পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির কতক অংশ ভাগলপুর জিলার আম্বর পরগনার কালকাপুর মৌজায় ও কতক অংশ মুরশিদাবাদ জিলার রাজশাহী পরগনার বালিহরপুর মৌজায় স্থিত। ইহার দক্ষিণ সীমা ক্ষেতি

Ambar, Zillah Bhaugulpore, and partly to Mouzah Baliharpur, Pergunnah Rajshahye, Zillah Moorshedabad, and is bounded on the South by the Sooti and Pakour Road, and a tank called Tipigarria; on the East by a tank called Belpukur; on the North by the cultivated paddy lands of Nilkant Roy, Barwari Misser, and others; and on the West by an old cattle track known as the Moddangarria Daba.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

J. E. T. Nicolls, *Lieut.-Col., R. E.,*
Secy to the Govt, of Bengal,
P. D. W.

ও পাকৌরের পথ, ও টিপিগাড়িয়া নামক পুষ্করিণী, পূর্ব্ব সীমা বেলপুকুর নামক পুষ্করিণী, উত্তর সীমা নীলকণ্ঠ রায়ের ও বারওয়ারি মিশ্রপ্রভৃতির কর্ষিত ধান্যের ভূমি, ও পশ্চিম সীমা মদনগাড়িয়া দেবা নামক পুরাতন গোপথ।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

জে ই, টি, নিকলস্, লেপ্টেনেন্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্ট, বঙ্গদেশের
গবর্ণমেণ্টের সেক্রেটারী।

PUBLIC WORKS (RAILWAY) DEPARTMENT, BENGAL.

Fort William, the 7th May 1867.

Notification.

Declaration under Section 2, Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for protecting the Railway embankment north of the river Moore, it is hereby notified that, for the aforesaid purpose, a piece of land situated at about 200 feet west of the line of Railway in Village Amooah, Pergunnah Sahic Molessor, Zillah Beerbhoom, measuring (10*b.*, 15*c.*, 13⅓*c.*,) ten biggahs, fifteen cottahs, and thirteen and one-third chittacks, more or less, is required. The land is bounded on the South by the River Moore; on the East by the Railway side-cutting; on the North by the old brick field; and on the West by the lands of Baboo Nobeen Chunder Ghose.

The Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

F. S. Taylor, *Captain, R. E.,*
Joint-Secy. to Govt. of Bengal, P. W. D.,
Railway Branch.

[*Government Gazette,* 14*th May* 1867.]

বঙ্গদেশের রেলওয়ে সম্পর্কীয় পবলিক ওর্কস ডিপার্টমেন্ট।

ফোর্ট উলিয়ম ১৮৬৭ সাল ৭ মে।

বিজ্ঞাপন।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ময়ুর নদীর উত্তরদিগের রেলওয়ের বাঁধ রক্ষা করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে বীরভূম জিলার অন্তর্গত শাহীক মোরেশ্বর পরগনার আমুয়া গ্রামে, রেলওয়ের ২০০ ফুট পশ্চিমে স্থিত ন্যূনাধিক ১০৸৵১৷— ছটাক পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির দক্ষিণ সীমা ময়ুর নদী, পূর্ব্ব সীমা রেল পথের খাদা, উত্তর সীমা পুরাতন পাঁজা, পশ্চিম সীমা বাবু নবীনচন্দ্র ঘোষের ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এফ, এস, টেলর, কাপ্তান, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে, বঙ্গদেশের গবর্ণমেণ্টের
জাইণ্ট সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিক্রয়ক ইশ্তিহার।

NOTICE.

NOTICE is hereby given, under Section VI. of Act XI. of 1859, that the undermentioned Estates, in Zillah Burdwan, will be put up to public and unreserved sale, at the Collector's Office of that District, on Thursday, the 16th May 1867, corresponding with the 3rd Joysto 1274 *(B. S.,)* for arrears of Revenue and other demands due on the 28th March 1867, which, by the Regulations and Acts in force, are directed to be realized in the same manner as arrears of Revenue :—

No. I. —Permanently-settled Estates.

No. 117.—Chooteepore, Pergunnah Chooteepore; recorded Proprietor, Radhagobind Chowdhery; Government Revenue Rupees 553-8-8.

No. 123.—Chooteepore, &c, Pergunnah Chooteepore; recorded Proprietors, Goureepressad Mookerjee and others; Government Revenue Rupees 2,014-5-8.

No. 158 —Soomudhurgureeah, Pergunnah Shatsyka; recorded Proprietors, Roheemonessa Bebee and Kylash Chundra Dey Chowdhry; Government Revenue Rupees 2,710-8-11.

No. 174.—Goarah, Pergunnah Mamdanipore; recorded Proprietor, Kristodeb Vattacharjee; Government Revenue Rupees 727-14-7.

No. 5537.—Bahadoorpore, Pergunnah Choumooah; recorded Proprietor, Akbarn Nissa *alaias* Akala Bebee; Government Revenue Rupees 508-0-10.

A. J. R. BAINBRIDGE,
Collector.

BURDWAN COLLECTORATE,
The 26th April 1867.

জিলা বৰ্দ্ধমান।

হুকুম ইস্তাহার নামা কাছারি কালেকুটরি জেলা বৰ্দ্ধমান

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা পূর্ব্বাংশ বৰ্দ্ধমানের নীচের লিখিত মহাল্লাত সন ১৮৬৭ সালের নাগাদী ২৮ মার্চ মোতাবক সন ১২৭৩ সালের নাগাদী ১৬ চৈত্র তলবের সরকারী বাকী রাজস্ব আদায় জন্য সন ১৮৬৭ সালের ১৬ মে মোতাবক সন ১২৭৪ সালের ৩ জ্যৈষ্ঠ বৃহস্পতিবার দিবসে দিবা দুই প্রহরের পর অত্র জিলার কালেকুটরী কাছারিতে নীলামে ধরা যাইবে ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭ সাল তারিখ ২৫ আপ্রিল।

প্রথম শ্রেণীর ইস্তমরারি জমা ধার্য্য হওয়া মহাল।

১১৭ নং ছোটীপুর পং ছোটীপুর মালিক রাধাগোবিন্দ চৌধুরী সদর জমা ৫৫৩৷।৮

১২৩ নং ছোটীপুরদিং পং ছোটীপুর মালিক গৌরীপ্রসাদ মুখোপাধ্যায়দিং সদর জমা ২০৪৪।/৮

১৫৮ নং সমুদ্রগড়ি পং সাতশৈকা মালিক রহিমন নেছা বিবি ও কৈলাসচন্দ্র দে চৌধুরী সদর জমা ২৭১০॥১১

১৭৪ নং গোয়াড়া পং মামদানিপুর মালিক কৃষ্ণদেব ভট্টাচার্য্য সদর জমা ৭২৭৸৴৭

৫৫৩৭ নং বাহাদুরপুর পং চোম্মহা মালিক আকবরণ নেছা ওরফে আকেলা বিবি সদর জমা ৫০৮৻১০

A. J. R. BAINBRIDGE,
Collector.

জিলা নদীয়া।

এস্তেহারনামা কাছারি কালেকুটরী জেলা নদীয়া।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নিম্নের লিখিত মহাল সন ১৮৬৭ সালের ২৮ মার্চ পর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আকুটের দ্বারা অন্য২ যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে এবং চলিত আইনমতে সন ১৮৬৭ সালের ২০ মে মোতাবেক সন ১২৭৪ সালের ৭ জ্যৈষ্ঠ সোমবার দিবসে এই জেলার কালেকুটরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭ সাল তারিখ ২৩ আপ্রিল মোং সন ১২৭৪ সন বাঙ্গলা ১১ বৈশাখ।

এস্তমুরারি ধার্য্যহওয়া মহাল।

১৬৭ নং ডিহি ছুবরা পং পাঁজনউর মালিক ঈশ্বরচন্দ্র মজুমদারদিগর সদর জমা স্বতন্ত্র হিসাবের জমাবাদে ... [illegible]

পুখিনী ... [illegible]

২১৪ নং তং গাস্তুরাডাঙ্গা পং রাজপুর মালিক গোলোকচন্দ্র মুখোপাধ্যায়দিগর সদর জমা স্বতন্ত্র হিসাবের জমাবাদে ... [illegible]

২৪১ নং তং হুদা রায়পুর পং সাহউজিয়াল মালিক গোলোকচন্দ্র মুখোপাধ্যায়দিগর সদর জমা স্বতন্ত্র হিসাবের জমাবাদে ... [illegible]

৩৬৯ নং তং নিশ্চিন্তীপুর পং আজীরাবাদ মালিক [illegible] গৌরীপ্রসাদ [illegible] প্রসাদ মুখোপাধ্যায় ও [illegible] দেব্যা সদর জমা

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১৪ মে।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 21, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ২১ মে।

FOREIGN DEPARTMENT.

NOTIFICATION.
POLITICAL.
The 6th May 1867.

No. 432.

In recognition of the liberality of Baboo Guddadhur Banerjee of Bancoorah, towards the destitute during the late famine in Bengal, His Excellency the Viceroy and Governor General in Council is pleased to confer upon him the title of "Rae Bahadoor."

W. MUIR,
Secy. to the Govt. of India

ফরিন্ ডিপার্টমেণ্ট।

বজ্ঞাপন।
পোলিটিকাল।
১৮৬৭ সাল ৬ মে।
৪৩২ নম্বর।

বাঁকুড়ার শ্রীযুত বাবু গদাধর বন্দ্যোপাধ্যায় বঙ্গদেশে ভূতপূর্ব্ব দুর্ভিক্ষকালীন দরিদ্র লোকের প্রতি বদান্যতা প্রকাশ করাতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেব তাঁহাকে রায় বাহাদুর উপাধি প্রদান করিলেন।

ডবলিউ মুয়র।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 2000.
APPOINTMENTS.
The 8th May 1867.

Mr. T. Norman to be an Assistant to the Magistrate and Collector of Hooghly, and to exercise the powers of a Magistrate and Deputy Collector in that District.

The 10th May 1867.

Lieutenant M. O. Boyd, Assistant Commissioner, to have charge of the Sub-Division of

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

২০০০ নম্বর।
নিয়োগ।
১৮৬৭ সাল ৮ মে।

শ্রীযুত টি নর্ম্মান্ সাহেব হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন, এবং ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ১০ মে।

শ্রীযুত এচ ডবলিউ মাকেঞ্জি সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত

Burpettah, during the absence, on leave, of Mr. H. W. Mackenzie, or until further orders.

The following gentlemen to be Members of the Committee for the management of the Charitable Dispensary recently established at Sherepore in the District of Mymensing, *viz.:*—

The Civil Surgeon of the District.

The Assistant Magistrate of Jamalpore.

The Moonsiff of Sherepore.

The Head Master of the Government School, Sherepore.

Baboo Hur Chunder Chowdry.

" Gobind Kumar Chowdry.

" Juggut Chunder Mitter.

The 11th May 1867.

The following gentlemen to be Members of the Local Committee for the management of the Charitable Dispensary at Pubna, *viz.:*—

Mr. J. M. E. Gouldsbury.

Baboo Kali Prosono Sircar.

The following officers are promoted from the Second to the First Grade of Moonsiffs, *viz.:*—

Baboo Bhyrub Chunder Mitter, Moonsiff of Dinagepore.

Baboo Peary Loll Banerjee, Moonsiff of Sylhet.

Baboo Soorja Kant Banerjee, Moonsiff of West Burdwan.

Baboo Promotho Nath Mookerjee, Moonsiff of Beerbhoom.

Baboo Munnoo Lal Chatterjee, Moonsiff of Moorshedabad.

Baboo Anuntobullub Nundee, Officiating Tehseeldar of Ungool, is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class, and with those of a Deputy Collector, and Moonsiff in the Tributary Mehals of Cuttack.

Baboo Protap Chunder Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Bagirhaut, and to exercise the powers of a Magistrate in Jessore.

Baboo Luchmeenarain Pundit, Deputy Magistrate and Deputy Collector of the 24-Pergunnahs, is transferred to Jessore, and vested with the powers of a Magistrate in the latter District and in Furreedpore.

Baboo Brohmonath Sen, Deputy Magistrate and Deputy Collector of Jessore, is transferred to Nuddea, and vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in the latter District.

Lieutenant W. G. Maitland to officiate, until further orders, as an Assistant Commissioner in Assam, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in that Province.

Moulvy Willyat Hossein, Deputy Magistrate and Deputy Collector of Gya, to have charge of

আসিষ্টান্ট কমিসনের লেপ্টেনেন্ট শ্রীযুত এম ও বয়ড সাহেব বড়পেটা শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

ময়মনসিংহ জিলার শেরপুরে সম্প্রতি যে দাতব্য ঔষধালয় স্থাপিত হইয়াছে নিম্নলিখিত মহাশয়েরা তাহার কার্য্যসম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

ঐ জিলার সিবিল চিকিৎসক।

জামালপুরের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট সাহেব।

শেরপুরের মুনসেফ।

শেরপুরের গবর্ণমেন্টের বিদ্যালয়ের প্রধান শিক্ষক।

শ্রীযুত বাবু হরচন্দ্র চৌধুরী।

" বাবু গোবিন্দকুমার চৌধুরী।

" বাবু জগচ্চন্দ্র মিত্র।

১৮৬৭ সাল ১১ মে।

নিম্নলিখিত মহাশয়েরা পাবনার দাতব্য ঔষধালয়ের কর্ম্ম সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত জে এম ই গুল্‌সবরী সাহেব।

" বাবু কালীপ্রসন্ন সরকার।

নিম্নলিখিত কার্য্যকারকেরা মুনসেফেরদের দ্বিতীয় শ্রেণীহইতে প্রথম শ্রেণী ভুক্ত হইয়াছেন।

দিনাজপুরের মুনসেফ শ্রীযুত বাবু ভৈরবচন্দ্র মিত্র।

শ্রীহট্টের মুনসেফ শ্রীযুত বাবু পেয়ারীলাল বন্দ্যোপাধ্যায়।

পশ্চিম বর্দ্ধমানের মুনসেফ শ্রীযুত বাবু সূর্য্যকান্ত বন্দ্যোপাধ্যায়।

বীরভূমের মুনসেফ শ্রীযুত বাবু প্রমথনাথ মুখোপাধ্যায়।

মুরশিদাবাদের মুনসেফ শ্রীযুত বাবু মন্নুলাল চট্টোপাধ্যায়।

অঙ্গুলের একটিং তহসীলদার শ্রীযুত বাবু অনন্তবল্লভ নন্দী কটকের পেশকশী মহালে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ও মুনসেফের ক্ষমতা পাইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রতাপচন্দ্র চট্টোপাধ্যায় বাগিরহাট শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন ও যশোহরের মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

২৪ পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ পণ্ডিত যশোহরে নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে ও ফরীদপুরে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ব্রহ্মনাথ সেন নদীয়ার নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ জি মেটলাণ্ড সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত আসামে আসিষ্টান্ট কমিস্যনরের কর্ম্ম করিবেন ঐ প্রদেশে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে এক ষ্টিবন্স সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত গয়ার

the Sub-Division of Aurungabad, during the absence, on leave, of Mr. J. F. Stevens, or until further orders.

Mr. J. A. Crawford to be a Member of the Committee of the Justices for the improvement of the Port of Calcutta, under Section 4, Act X. (B. C.) of 1866.

Mr. A. V. Palmer to officiate temporarily as Civil and Sessions Judge of Midnapore, until the arrival of Mr. C. E. Lance, or until further orders.

Mr. G. G. Morris to officiate as Civil and Sessions Judge of Patna, during the absence, on leave, of Mr. W. Ainslie, or until further orders.

Mr. H. Muspratt to officiate as Additional Judge of Hooghly, Burdwan, and the 24-Pergunnahs, and to exercise the powers of a Sessions Judge in Howrah.

Mr. G. S. Park to officiate as Magistrate and Collector of Hooghly.

Mr. T. Norman to officiate as Joint-Magistrate and Deputy Collector of Hooghly.

Mr. W. H. Verner, Assistant Magistrate and Deputy Collector, Sealdah, is vested with the powers of a Magistrate in the 24-Pergunnahs.

Third Grade Sub-Assistant Surgeon Gobind Chunder Chatterjee to be an Assistant House Physician to the Calcutta Medical College Hospital.

Mr. K. H. Stephen, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Khoolnah, and to exercise the powers of a Magistrate in Jessore, during the absence, on leave, of Baboo Rashbehary Bose, or until further orders.

Baboo Poorno Chunder Ghose, Deputy Magistrate and Deputy Collector, to have temporary charge of the Sub-Division of Khoolnah, until Mr. Stephen's arrival, or until further orders.

The 14th May 1867.

Baboo Gopaul Chunder Sen, Deputy Magistrate and Deputy Collector of Bagirhaut, is transferred to Beerbhoom, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the latter District.

Mr. Henry Handley to officiate as Judge of the Court for the trial of officers of the Pilot Service, under Act XII. of 1859, during the deputation of Captain Howe, or until further orders.

LEAVE OF ABSENCE.

The 8th May 1867.

Mr. A. C. Woodward, Deputy Magistrate and Deputy Collector of Balasore, for two

[*Government Gazette*, 21st May 1867.]

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী বিলায়ৎ হুসেন অরঙ্গাবাদ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

শ্রীযুত জে, এ ক্রাফোর্ড সাহেব ১৮৬৬ সালের বঙ্গদেশীয় ১০ আইনের ৪ ধারামতে কলিকাতা বন্দরের শ্রীবৃদ্ধি সাধনার্থ জষ্টিসদের কমিটীর এক জন মেম্বর হইবেন।

শ্রীযুত সি ই লান্স সাহেবের না পঁহুছন কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ বি পামর সাহেব কিয়ৎকালের নিমিত্তে মেদিনীপুরের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ ঐন্‌সলি সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে কি অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত জি জি মরিস সাহেব পাটনার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ মসপ্রাট সাহেব হুগলী বর্দ্ধমান ও চব্বিশ পরগণার আডিসনল জজের কর্ম্ম করিবেন ও হাবড়ায় সেশন জজের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি এস পার্ক সাহেব হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত টি নরমান সাহেব হুগলীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

সিয়ালদহের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ বার্ণার্ড সাহেব চব্বিশ পরগনায় মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত গোবিন্দচন্দ্র চট্টোপাধ্যায় কলিকাতা মেডিকাল কলেজ হাস্পাতালে এক জন আসিষ্টান্ট হৌস ফিজিস্যান হইবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত কে এচ ষ্টিবেন সাহেব খুলনা শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং শ্রীযুত বাবু রাসবেহারি বসুর ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত যশোহরে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

34. The Commander-in-Chief will forward to the Government of India, in the Military Department, an abstract statement of the estimated income and expenditure of all the Cantonment Funds, after his review of the same, with such observations as he may think fit. The local Government will also furnish the Government of India, in the Military Department, with a copy of its final review of the Budget Estimates of this class of Local Funds.

[Preparation, &c., of Accounts.]

35. After the Accounts of actual expenditure shall have been prepared in each Province, an abstract thereof will be forwarded from the Local Fund Account Department to the Commander-in-Chief, by whom a copy will be sent to the Government of India in the Military Department, with any remarks thought necessary.

[Rules regarding Forms of Accounts, &c., to be laid down by local Government.]

36. The local Government will lay down special Rules for the guidance of the Cantonment Committee on the following points:—

(1.) As to the mode of collecting and depositing in safe custody the Cantonment Fund.

[টাকা ব্যয় করিবার অনুমতি দিতে প্রধান সেনাপতি সাহেবের ক্ষমতার কথা।]

৩১। প্রধান সেনাপতি সাহেব যদি কান্টনমেণ্ট ফণ্ডের টাকা কোন কার্য্যে ব্যয় করিবার অনুমতি দেন, তবে সেই অনুমতি আইন বিপক্ষ কিম্বা রাজস্বসংক্রান্ত নিয়ম বিপক্ষ না হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট তাহার অন্যথা করিতে পারিবেন না।

[দুই শত টাকার অধিক ব্যয় সাধ্য কর্ম্মের কথা।]

৩২। ইঞ্জিনিয়রের কর্ম্মসংক্রান্ত কোন বিষয় প্রস্তুত করিতে হইলে যদি তাহাতে ২০০ শত টাকার অধিক ব্যয়ের সম্ভাবনা থাকে, তবে তাহার উপযুক্ত আলেখ্য ও ব্যয়ের অনুমানপত্র না দেওয়া গেলে ও কান্টনমেণ্ট কমিটীর যে সাহেব ইঞ্জিনিয়র আছেন, তিনি তাহার অনুমোদন না করিলে সেই কর্ম্মের আরম্ভ হইবে না। যদি কমিটী ইচ্ছা করেন, তবে সেই বিষয়ে সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবেরও মত লওয়া যাইতে পারিবে। তদ্রূপ কর্ম্মে যদি ২০০০ টাকার অধিক ব্যয় হইবার সম্ভাবনা হয়, তবে সেই আলেখ্যেতে ও অনুমানপত্রে সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবের অনুমতিপ্রাপ্ত হওয়া আবশ্যক।

[ব্যয়ের হিসাব প্রধান সেনাপতি সাহেবের প্রতি অর্পণ করিবার কথা।]

৩৩। কান্টনমেণ্ট ফণ্ডের যে টাকা ব্যয় হয় কান্টনমেণ্ট কমিটীর সাহেবেরা প্রধান সেনাপতি সাহেবের জ্ঞানার্থে কুয়ার্টর মাস্টর জেনরল সাহেবকে ছয়২ মাসান্তর সেই হিসাব দিবেন। প্রধান সেনাপতি সাহেব যে২ তারিখ ও যে পাঠ নিরূপণ করেন ও সেই হিসাবে যত কথা বিস্তারিত করিয়া লিখিবার আজ্ঞা করেন, তদনুসারে ঐ হিসাব লেখা যাইবে।

[ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকটে ঐ বিবরণ পাঠাইবার কথা।]

৩৪। প্রধান সেনাপতি সাহেব সকল কান্টনমেণ্ট ফণ্ডের আনুমানিক আয় ব্যয়ের পত্র দৃষ্টি করিলে পর, তদ্বিষয়ে আপনার মন্তব্য কথা সমেত ঐ অনুমানপত্রের সারাংশ মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টে পাঠাইবেন। স্থানীয় গবর্ণমেণ্টও ঐ শ্রেণীর স্থানীয় ফণ্ডসংক্রান্ত আয়ব্যয়ের অনুমানপত্র দৃষ্টি করিয়া যাহা শেষ নির্ণয় করেন তাহার প্রতিলিপি মিলিটারি ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকটে পাঠাইবেন।

[হিসাব প্রভৃতি প্রস্তুত করিবার কথা।]

৩৫। প্রত্যেক প্রদেশে ঐ ফণ্ডসংক্রান্ত যত টাকা ব্যয় হইয়াছে তাহার হিসাব প্রস্তুত হইলে পর হিসাবের সারাংশ স্থানীয় ফণ্ডের হিসাবের কর্ম্মবিভাগ হইতে ঐ প্রধান সেনাপতি সাহেবের নিকটে পাঠান যাইবে। তিনি তদ্বিষয়ের যে মন্তব্য কথা আবশ্যক বোধ করেন তাহা লিখিয়া মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকটে ঐ হিসাবের প্রতিলিপি পাঠাইবেন।

[হিসাব প্রভৃতি লিখিবার পাঠের বিধি স্থানীয় গবর্ণমেণ্টের করিবার কথা।]

৩৬। স্থানীয় গবর্ণমেণ্ট কান্টনমেণ্ট কমিটীর উপদেশার্থে নিম্নলিখিত বিষয়ের বিশেষ বিধি করিবেন।

(১) কান্টনমেণ্ট ফণ্ডের টাকা আদায় করিবার ও নির্বিঘ্নে রাখিবার বিধি।

(2.) As to the mode of withdrawing from the Public Treasury, or other place of deposit, the funds required to meet the disbursements of the Committee.

(3.) As to the Forms in which the Accounts of all receipts and expenditure shall be kept and shall be rendered to the local Government.

(4.) As to the system of audit of the actual expenditure.

[Returns to be furnished.]

37. The Cantonment Committee will furnish such periodical Returns and Reports as may, from time to time, be prescribed.

[All matters of sanitary importance to be laid before the Committee.]

38. It will be the duty of the Officer Commanding the Cantonment, of the Principal Medical Officer, and of the other Members of the Committee, as well as of all other persons residing in the Cantonment, to bring to the immediate notice of the Cantonment Committee every matter of importance affecting the health of the troops or of the public which may come to their notice.

[Weekly Reports to be submitted by Commanding Officers of Regiments to be laid before the Committee.]

39. The Weekly Reports regarding matters which affect the public health, which the Commanding Officers of Regiments are required to submit to the Officer Commanding the Cantonment, will be regularly laid before the Committee.

[Weekly Reports to be submitted by other Officers.]

40. The following Officers will submit a Weekly Report to the Officer Commanding the Cantonment, to the effect that the parts of the Cantonment over which they have control, and for which they are responsible, have been inspected, and are kept in a proper sanitary state, or, when necessary, they will state the defects the removal of which is required; these Rports will be regularly laid before the Cantonment Committee :—

The Chaplains, regarding the state of the enclosures of the Church or Chapel and of the burial grounds.

The Executive Engineer and Barrack-Master, regarding all Public Establishments and works under their charge.

The Commissariat Officer, regarding the Bakery, Slaughter-house, Cattle-yards, and other Establishments under his charge.

The Cantonment Magistrate, regarding the general conservancy and sanitary administra-

(২) কমিটীর খরচের জন্যে টাকার আবশ্যক হইলে রাজকীয় খাজানাখানাহইতে কিম্বা অন্য যে স্থানে টাকা গচ্ছিত থাকে সেই স্থানহইতে আনাইবার বিধি।

(৩) আয়ব্যয়ের হিসাব যে পাঠে রাখিতে ও স্থানীয় গবর্ণমেণ্টে দিতে হইবে তাহার বিধি।

(৪) ব্যয়ের হিসাব আডিট করিবার বিধি।

[রিটর্ণ দিবার কথা।]

৩৭। সময়ে২ সাময়িক যে রিটর্ণ ও রিপোর্ট পাঠাইবার আদেশ হয় কান্টনমেণ্ট কমিটী তাহা দিবেন।

[কমিটীর সম্মুখে স্বাস্থ্যজনক সমস্ত বিষয় অর্পণ করিবার কথা।]

৩৮। সৈন্যাবাসের কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেব ও প্রধান চিকিৎসক সাহেব ও কমিটীর অন্তর্গত অন্য সাহেবেরা এবং সৈন্যাবাসস্থানের মধ্যবাসি অন্য কোন ব্যক্তি সৈন্যদের কি সাধারণের স্বাস্থ্যের হানি কি বৃদ্ধি জনক কোন গুরুতর বিষয় জানিতে পাইলে, তাহা কান্টনমেণ্ট কমিটীকে তৎক্ষণাৎ জ্ঞাত করা তাঁহারদের কর্ত্তব্য।

[প্রতি সপ্তাহে সৈন্যদলের সেনাপতি সাহেবেরদের যে রিপোর্ট হইয়া থাকে তাহা কমিটীর সম্মুখে অর্পণ করিবার কথা।]

৩৯। যাহাতে সাধারণের স্বাস্থ্যের হানি কি বৃদ্ধি হয় সেনাদলের সৈন্যাধ্যক্ষ সাহেবেরা তাহার সাপ্তাহিক রিপোর্ট সৈন্যাবাসের কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেবের নিকটে অর্পণ করিয়া থাকেন। তাহা নিয়মিতরূপে ঐ কমিটীর সম্মুখে অর্পিত হইবে।

[অন্যং কার্য্যকারক সাহেবেরদের সাপ্তাহিক রিপোর্ট দিবার কথা।]

৪০। সৈন্যাবাসের যেং স্থানের উপর নিম্নলিখিত কার্য্যকারকদের কর্ত্তৃত্ব থাকে ও তাঁহারা যেং স্থানের নিমিত্তে দায়ী তাহা পরিদর্শন করা গিয়াছে ও উপযুক্ত স্বাস্থ্যাবস্থায় রাখা যাইতেছে এই মর্ম্মের রিপোর্ট তাঁহারা সৈন্যাবাসের কর্ত্তৃত্ব কারি সেনাপতি সাহেবের নিকটে সপ্তাহেং অর্পণ করিবেন, অথবা যদি আবশ্যক হয়, তবে যে দোষ নিবৃত্ত করা প্রয়োজন তাহা জানাইবেন। ঐ সকল রিপোর্ট কান্টেনমেণ্ট কমিটীর সম্মুখে নিয়মিতরূপে অর্পণ করা যাইবে। বিশেষতঃ

ধর্ম্মোপদেশকেরা গির্জ্জা ঘরের বাড়ীর ও সমাধি স্থানের অবস্থার রিপোর্ট করিবেন।

একসেকিটিব ইঞ্জিনিয়র সাহেব ও বারীক মাষ্টর সাহেব আপনাদের অধীন রাজকীয় সকল বিষয়ের ও কার্য্যের রিপোর্ট করিবেন।

কমিসেরিয়েট আফিসের সাহেব আপনার অধীন রোটীর দোকান ও কশাইখানা ও খোঁয়াড় প্রভৃতি সকল বিষয়ের রিপোর্ট করিবেন।

কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব সদর বাজারের সাধারণ পারিপাট্যের ও স্বাস্থ্যজন্য কার্য্য নিরূপণের এবং

tion of the Sudder Bazar and of all parts of the Cantonment for the maintenance of which in a proper sanitary condition he is responsible.

[Monthly Report to be furnished by Committee.]

41. The Cantonment Committee will report monthly on the sanitary state of the Cantonment generally, for the information of the Officer Commanding the Division or District.

CHAPTER III.

Offences affecting the Public Health, Safety, Convenience, and Decency, punishable under the Rules and Regulations of the Cantonment.

[Penalty for breach of Rules and Regulations.]

1. Any person who, within the limits of the Cantonment, shall commit a breach of any of the Rules and Regulations contained in this Chapter shall be liable, under Clause 11, Section 19 of Act XXII. of 1864, to a fine not exceeding fifty Rupees, or to imprisonment not exceeding eight days with or without labour.

[Depositing dirt in public roads, &c.]

2. No person shall throw or put or permit his servants to throw or put any dirt, refuse, rubbish, or filth of any description, in any road, street, or public place, or on any waste or unoccupied public ground, or into any sewer or drain, except in such places and in such manner and at such times as shall be fixed by the Cantonment Magistrate with the approval of the Cantonment Committee.

[Allowing sewage to flow on public road, &c.]

3. No person shall cause or allow the water of any sink, sewer, privy, urinal, cess-pool or drain, or any other offensive liquid matter belonging to him, or being upon his premises to run, drain, or be thrown or put upon any road, street, or public place, or into any surface drain in any road, street, or public place.

[Removal of night soil along public roads.]

4. Except within such hours and by such route as may, from time to time, be fixed by public notice by the Cantonment Magistrate with he approval of the Cantonment Committee no person shall remove any night soil or any other noxious or offensive matter along any road or thoroughfare within the limits of the Cantonment, and whether such hours have been fixed or not, no person shall use for any such purpose any cart, carriage, or other receptacle or vessel not having a covering proper for preventing the escape of the

সৈন্যাবাসের যে সকল স্থানের স্বাস্থ্যাবস্থার রক্ষার জন্যে তিনি দায়ী হন তাহার রিপোর্ট করিবেন।

[মাসেং কমিটীর যে রিপোর্ট দিতে হইবে তাহার কথা।]

৪১। যে সেনাপতি সাহেব দেশখণ্ডের কি প্রদেশের উপর কর্ত্তৃত্ব করেন, কান্টনমেন্ট কমিটী তাঁহার জ্ঞানার্থে মাসেং সৈন্যাবাসের সাধারণ স্বাস্থ্যাবস্থার রিপোর্ট করিবেন।

তৃতীয় অধ্যায়।

সৈন্যাবাসের বিধিমতে সাধারণের স্বাস্থ্য ও নিরাপদ ও স্বচ্ছন্দতা ও লজ্জাবিপক্ষ যেং অপরাধ দণ্ডনীয় তাহার কথা।

[বিধি লঙ্ঘনের দণ্ডের কথা।]

১। যদি কোন ব্যক্তি সৈন্যাবাসের সীমার মধ্যে এই অধ্যায়ের লিখিত কোন বিধি কি নিয়ম লঙ্ঘন করে, তবে ১৮৬৪ সালের ২২ আইনের ১৯ ধারার ১১ প্রকরণমতে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা পরিশ্রম সহিত কি তদ্ভিন্ন তাহার আট দিন পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে।

[সরকারী রাস্তা প্রভৃতি স্থানে আবর্জ্জনা ফেলিবার কথা।]

২। সৈন্যাবাসের মাজিষ্ট্রেট সাহেব কান্টনমেন্ট কমিটীর অনুমোদনক্রমে যে স্থান ও যে নিয়ম ও যে সময় নিরূপণ করেন, কোন ব্যক্তি সেই স্থান ও নিয়ম ও সময়ভিন্ন কোন পথে কি রাস্তায় কি প্রকাশ স্থানে কিম্বা পতিত কি খালিং রাজকীয় ভূমিতে কি কোন পয়োনালাতে কি নর্দ্দমায় আপনি কোন জঞ্জাল কি আবর্জ্জনা কি রাবিশ কি মল ফেলিবে কি রাখিবে না ও আপনার চাকরদিগকে ফেলিতে কি রাখিতে দিবে না।

[রাজপথ প্রভৃতিতে ময়লা জল পড়িতে দিবার কথা।]

৩। কোন ব্যক্তি আপনার কি আপন বাড়ীর মধ্যস্থিত আঁস্তাকুড়ের কি মুলির, কি মলমূত্র ত্যাগ করিবার স্থানের কি ময়লা গর্ত্তের কি নর্দ্দমার জল কি দুর্গন্ধদ্রবদ্রব্য কোন পথে কি রাস্তায় কি সরকারী স্থানে কিম্বা পথের কি রাস্তার কি সরকারী স্থানের ধারের খোলা নর্দ্দমায় যাইতে কি পড়িতে কি ফেলিতে কি রাখিতে দিবে না।

[রাজপথ দিয়া বিষ্ঠা লইয়া যাইবার কথা।]

৪। কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব কান্টনমেন্ট কমিটীর সম্মতি গ্রহণপূর্ব্বক সাধারণ জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যেং ঘণ্টা ও যেং পথ অবধারণ করেন, কোন ব্যক্তি তদ্ভিন্ন ঐ সৈন্যাবাসের সীমাগত কোন পথ কিম্বা অপ্রতিরোধ পথ দিয়া বিষ্ঠা কিম্বা অনিষ্টজনক কি দুর্গন্ধময় কোন দ্রব্য স্থানান্তর করিবে না। ও সময় অবধারিত হউক কি নাই হউক উক্ত কর্ম্মের নিমিত্তে যে গাড়ী কি আধার কি পাত্র ব্যবহার হয়, তাহা হইতে কোন বিষ্ঠাদি না পড়ে ও দুর্গন্ধ বাহির না হয় এই নিমিত্তে সেই গাড়িপ্রভৃতির উপযুক্ত ঢাকনি না থাকিলে কোন ব্যক্তি তাহাতে বিষ্ঠাদি লইয়া যাইতে

contents thereof, or of the stench therefrom. If, in the course of removing night soil or other noxious or offensive matter, any such matter shall fall upon any road or thoroughfare, the person or persons who are engaged in effecting such removal shall well and carefully sweep and cleanse the place on which such matter shall have fallen, and shall effectually remove such sweepings therefrom. No person shall suffer to stand, or remain, or shall place or set down in any public place or thoroughfare any cart, carriage, receptacle or vessel for the removal of night soil or any other noxious or offensive matter, for any longer time than shall be necessary.

[Construction of private latrines.]

5. The owner of any house, building, or premises within the limits of the Cantonment, to which, in the opinion of the Cantonment Committee, this Rule may properly be applied, shall cause to be constructed, within a reasonable time after due notice has been given to him by the Cantonment Magistrate, for the use of the persons residing upon the ground appertaining thereto, a latrine or latrines according to such plans as may be prescribed or approved by the Cantonment Committee.

[Removal of dirt from premises, and provision of receptacles.]

6. Every owner or occupier of any house, building, or premises, within the limits of the Cantonment, shall cause to be removed therefrom, with such precautions, and at such times, as shall from time to time be ordered, all dirt, filth, refuse, rubbish, or noxious or offensive matter, and shall provide receptacles for the temporary deposit of such dirt, filth, refuse, rubbish, or matter, in such manner and in such places as may be prescribed or approved by the Cantonment Magistrate with the sanction of the Cantonment Committee.

[Keeping dirt on premises.]

7. No owner or occupier of any house, building, or premises, within the limits of the Cantonment, shall allow to be kept for more than twenty-four hours, or otherwise than in some proper receptacle, any dirt, filth, refuse, rubbish, or noxious or offensive matter, in or upon the roof of any such house or building, or in any out-house, yard or ground attached to, and occupied with such house, building, or premises, or shall suffer such receptacle to be in a filthy or noxious state, or shall neglect to employ proper means to remove the filth therefrom, and to cleanse and purify the same.

[Filthy premises, &c.]

8. No owner or occupier of any house, building, premises, or land within the limits of the

পারিবে না। ঐ বিষ্ঠা কিম্বা অনিষ্টজনক কি দুর্গন্ধময় অন্য দ্রব্য স্থানান্তর করিবার সময়ে যদি কোন পথে কি অপ্রতিরোধ পথে পড়ে তবে যে স্থানে পড়ে যে ব্যক্তি কি ব্যক্তিরা তাহা লইয়া যাইতেছে, তাহারা ঐ স্থান উত্তমরূপে ও সাবধানে ঝাঁট দিয়া পরিষ্কার করিবে ও সেই ঝাটনি সম্পূর্ণরূপে তুলিয়া লইবে। বিষ্ঠা কিম্বা ঘৃণাজনক কি দুর্গন্ধময় অন্য দ্রব্য লইয়া যাইবার কোন গাড়ী কি আধার কি পাত্র কোন প্রকাশ স্থানে কি রাজপথে নামাইবার কি রাখিবার আবশ্যক হইলে, যত কাল নিতান্ত আবশ্যক তত কাল থামাইবে কি রাখিবে অধিক কাল নয়।

[ব্যক্তি বিশেষের পাইখানা করিবার কথা।]

৫। সৈন্যাবাসের কমিটীর বিবেচনায় যে সৈন্যাবাসস্থানের প্রতি এই বিধি বর্ত্তান যাইতে পারে, তাহার সীমার অন্তর্গত ঘরের কি কোটার কি বাড়ীর স্বামী কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবের স্থানে উপযুক্ত জ্ঞাপনপত্র পাইলে পর, যুক্তিসিদ্ধ কালের মধ্যে ঐ বাড়ীসংক্রান্ত ভূমি নিবাসি ব্যক্তিদের ব্যবহারের জন্যে ঐ সৈন্যাবাসের কমিটীর অবধারিত কি অনুমোদিত নিয়মানুসারে এক কি অধিক পাইখানা প্রস্তুত করিবেন।

[বাড়ীহইতে জঞ্জাল স্থানান্তর করিবার ও আধারের বিধি করিবার কথা।]

৬। সৈন্যাবাস স্থানের সীমার মধ্যে যে ঘর কি কোটা কি বাটী থাকে, কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব কান্টনমেন্ট কমিটীর সম্মতিক্রমে যদ্রূপ সতর্কতার আজ্ঞা করেন ও যে সময় নিরূপণ করেন, ঐ গৃহাদির স্বামী কি নিবাসী তদ্রূপে সতর্ক হইয়া সেই সময়ে জঞ্জাল ও আবর্জ্জনা ও ওঁচলা ও রাবিশ ও ঘৃণাজনক ও দুর্গন্ধময় দ্রব্য স্থানান্তর করাইবেন এবং উক্ত সাহেব যদ্রূপে ও যে স্থান অবধারণ কি অনুমোদন করেন, ঐ স্বামী তদ্রূপে সেই জঞ্জাল ও আবর্জ্জনা ও ওঁচলা ও রাবিশ ও দ্রব্য কিয়ৎকালের নিমিত্তে রাখিবার আধার প্রস্তুত করাইয়া সেই স্থানে রাখিবেন।

[বাড়ীতে জঞ্জাল রাখিবার কথা।]

৭। সৈন্যাবাস স্থানের সীমার অন্তর্গত কোন ঘরের কি কোটার কি বাটীর স্বামী কি নিবাসি আপনার ঘরে কি কোটায় কি তাহার ছাদে কিম্বা তৎসংক্রান্ত কোন বাহিরের ঘরে কি প্রাঙ্গণে কি ভূমিতে উপযুক্ত কোন আধারভিন্ন কোন স্থানে চব্বিশ ঘণ্টার অধিক কাল কোন জঞ্জাল কি আবর্জ্জনা কি ওঁচলা কি রাবিশ কিম্বা ঘৃণাজনক কি দুর্গন্ধময় দ্রব্য রাখিতে পারিবেন না, এবং ঐ আধার ময়লা কি দুর্গন্ধ অবস্থায় থাকিতে দিবেন না, ও সেই আধারহইতে জঞ্জাল ফেলিতে ও সেই আধার পরিষ্কার ও নির্ম্মল করিবার সদুপায় করিতে শৈথিল্য করিবেন না।

[ময়লা বাটী প্রভৃতির কথা।]

৮। সৈন্যাবাস স্থানের সীমার মধ্যস্থিত কোন ঘর কি কোটা কি বাটী লোকনিবাসের যোগ্য হইলে কি

Cantonment, whether tenantable or otherwise, or of any private drain, privy, or cesspool, shall suffer the same or any part thereof to be in a filthy or unwholesome state, or over-grown with rank and objectionable vegetation, or shall suffer any offensive smell to proceed from the same, and every such owner or occupier shall cleanse, white-wash, or purify the same as the case may require, when called upon to do so by the Cantonment Magistrate.

[Privies to be shut out from public view.]

9. The owner or occupier of any house, building, or land, having a privy on his premises, shall have such privy shut out by a sufficient roof, wall, or fence, from the view of persons passing by, or residing in the neighbourhood, and except with the permission of the Cantonment Magistrate, given with the approval of the Cantonment Committee, when no nuisance will be caused thereby, no owner or occupier shall keep any privy with a door or trap-door opening on to any street.

[Houses unfit for human habitation.]

10. If, in consequence of the want of proper means of drainage or ventilation or privy accommodation, or other sufficient reason, any house, building or premises shall be declared by the Cantonment Magistrate, with the sanction of the Cantonment Committee unfit for human habitation, and he shall prohibit its use for such purpose, no owner or occupier of such house, building, or premises shall use or suffer the same to be used for such purposes until, in the opinion of the Cantonment Committee, the causes rendering it unfit for human habitation have been removed.

[Spreading infection of any disease.]

11. No person shall do, within the limits of the Cantonment, any act which he knows or has reason to believe to be likely to spread the infection of any disease. This rule shall not apply to persons performing or causing to be performed the operation of vaccination.

[Cultivation of prohibited crops.]

12. No person shall cultivate within the limits of the Cantonment any crop which is prohibited by the Cantonment Committee, or by the Officer Commanding the Cantonment, on sanitary or other grounds.

[Trimming hedges and trees, and destroying trees.]

13. Every owner or occupier of any ground within the limits of the Cantonment shall trime or prune the hedges and trees thereon in such manner as the Cantonment Committee may from time to time prescribe; and no person shall cut

নাই হইলে তাহার স্বামী কি নিবাসী, কিম্বা বিশেষ কোন নর্দ্দমা কি পায়খানা কি আঁস্তাকুড় যে ব্যক্তির হয় সেই ব্যক্তি তাহা কি তাহার কোন অংশ ময়লা কি অস্বাস্থ্যজনক অবস্থায় থাকিতে কিম্বা বন কি অনুপযুক্ত জঙ্গলে আবৃত হইতে কিম্বা তাহা হইতে দুর্গন্ধ নির্গত হইতে দিবেন না। এবং সৈন্যবাসের মাজিষ্ট্রেট সাহেব আজ্ঞা করিলে সেই স্বামী কি নিবাসী ঐ গৃহাদি পরিষ্কার কি তাহাতে চুনকাম করিবেন কিম্বা বিষয় বিশেষে নির্ম্মল করিবেন।

[পায়খানা সাধারণের দৃষ্টিহইতে গুপ্ত রাখিবার কথা।]

৯। কোন ঘরের কি কোটার কি ভূমির পায়খানা থাকিলে সেই স্থান দিয়া যাতায়াতকারি কি ওন্নিকট নিবাসি লোক তাহা দেখিতে না পায় এই কারণে সেই গৃহাদির স্বামী কি নিবাসি উপযুক্ত ছাদ কি প্রাচীর কি বেড়া দিয়া তাহা আবৃত করিবেন। এবং যাহার দ্বার কি ক্ষুদ্র দ্বার পথের দিগে খোলে এমত পায়খানা রাখিবেন না। কিন্তু যদি কান্টনমেন্ট কমিটীর অনুমোদনক্রমে সৈন্যবাসের মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি পান এবং যদি তাহাতে কোন অনিষ্ট না হয়, তবে তাহা রাখিতে পারিবেন।

[লোকনিবাসের অযোগ্য ঘরের কথা।]

১০। কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব কোন ঘরের কি কোটার কি বাড়ীর জলনির্গত হইবার উপযুক্ত নর্দ্দমা কিম্বা বাতাস খেলিবার সদুপায় কি পাইখানা না থাকাপ্রযুক্ত কিম্বা উপযুক্ত অন্য কারণে যদি কান্টনমেন্ট কমিটীর সম্মতিক্রমে সেই গৃহাদি লোকনিবাসের অনুপযুক্ত প্রকাশ করেন, ও তদর্থে ঐ গৃহাদি ব্যবহার হইবার নিষেধ করেন, তবে সেই কারণে তাহা লোকনিবাসের অনুপযুক্ত হইল কান্টনমেন্ট কমিটীর বিবেচনায় সেই কারণ যত কাল নিবৃত্ত না হয় তত কাল ঐ গৃহের কি কোটার কি বাড়ীর কোন স্বামী কি অধিকারী তাহা মনুষ্যের বাসার্থে ব্যবহার করিবেন না ও করিতে দিবেন না।

[কোন রোগ সঞ্চারণ করিবার কথা।]

১১। যে কোন ক্রিয়ার দ্বারা রোগ সঞ্চারণ হইতে পারে কোন ব্যক্তি ইহা জানিয়া কি বুঝিবার কারণ পাইয়া সৈন্যাবাসস্থানের সীমার মধ্যে সেই কর্ম্ম করিবেন না। যাঁহারা গোবীজের টীকা দেন কি দেওয়ান তাহাদের প্রতি এই বিধি বর্ত্তিবে না।

[নিষিদ্ধ শস্যের চাষ করিবার কথা।]

১২। যদি কান্টনমেন্ট কমিটী কিম্বা সৈন্যাবাসস্থানের কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেব স্বাস্থ্য হেতুক কি অন্য কারণে ঐ সৈন্যাবাসস্থানের সীমার মধ্যে কোন শস্য উৎপন্ন করিতে নিষেধ করেন, তবে কেহ সেই শস্য উৎপন্ন করিবেন না।

[বেড়া ও বৃক্ষ ঝুড়িয়া দিবার ও বৃক্ষ নষ্ট করিবার কথা।]

১৩। কান্টনমেন্ট কমিটী সময়ে২ যেরূপ নির্দ্ধার্য্য করেন, সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত ভূমির স্বামী কি অধিকারী সেইরূপে ঐ ভূমির বেড়া ও বৃক্ষ ছাটিয়া ও ঝুড়িয়া দিবেন এবং কান্টনমেন্ট কমিটীর অনুমতি না হইলে কোন ব্যক্তি আপনার ভূমিতে কি অন্য

down or destroy any trees of mature growth, whether on private premises or otherwise, without the sanction of the Cantonment Committee.

[Keeping swine.]

14. No person shall keep any swine within the limits of the Cantonment, except with the permission, signified in writing through the Cantonment Magistrate, of the Committee, and under such restrictions as the Committee shall think fit to impose.

[Keeping animals so as to be a nuisance.]

15. No person shall keep any animals so as to be a nuisance or injurious to health, or in any place in which, in the opinion of the Cantonment Committee, such animals cannot be kept without danger to the public health or convenience.

[Keeping unlicensed public latrine.]

16. No person shall keep any latrine or urinal for public use within the limits of the Cantonment, unless he shall have received permission in writing from the Cantonment Committee through the Cantonment Magistrate, nor unless he shall observe all rules laid down regarding the construction and management of public latrines and urinals.

[Performing offices of nature in places other than those appointed.]

17. When, in the opinion of the Cantonment Committee, a sufficient number of latrines and urinals has been provided for the use of the inhabitants of the Cantonment, and due notice of the intention to enforce this rule has been given by the Cantonment Magistrate, no person shall perform the offices of nature in any other places within the limits of the Cantonment than such as may be appointed, whether on public or private ground.

[Committing nuisance on public ground.]

18. No person shall commit a nuisance by easing himself in or by the side of or near to any public road or thoroughfare or place or by indecently exposing his person.

[Bathing in prohibited places.]

19. No person shall bathe in any public place, within the limits of the Cantonment, the use of which for such purpose has been prohibited by the Cantonment Committee, or at times at which bathing in such places has been prohibited by the said Committee.

[Bathing in place set apart for other sex.]

20. No person of one sex shall bathe in any public bathing place, within the limits of the Cantonment, if such place has been set aside by the Cantonment Committee for the use of persons of the other sex.

স্থানে সম্পূর্ণ পরিমাণের কোন বৃক্ষ কাটিয়া ফেলিতে কি নষ্ট করিতে পারিবেন না।

[শূকর রাখিবার কথা।]

১৪। কমিটীর অনুমতি না পাইলে কোন ব্যক্তি সৈন্যবাসস্থানের সীমার মধ্যে শূকর রাখিবে না। কমিটীর অনুমতি হইলে কান্টনমেন্ট মাজিষ্ট্রেট তাহা লিখিয়া জানাইবেন ও কমিটী যে নিয়ম করেন কেবল সেই নিয়মানুসারে শূকর রাখিতে পারিবে।

[পশুদ্বারা যাহাতে অনিষ্ট হয় এমন ভাবে রাখিবার কথা।]

১৫। যে পশুদ্বারা অনিষ্ট কি স্বাস্থ্যের ব্যাঘাত হয়, কোন ব্যক্তি এমন ভাবে সেই পশু রাখিবে না। এবং যে স্থানে রাখিলে কান্টনমেন্ট কমিটীর বিবেচনায় সাধারণের স্বাস্থ্যের কি স্বচ্ছন্দতার আশঙ্কা হইতে পারে এমন স্থানে পশু রাখিবে না।

[অনুমতিপত্র বিনা সাধারণ পাইখানা রাখিবার কথা।]

১৬। কোন ব্যক্তি কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা কান্টনমেন্ট কমিটীর লিখিত অনুমতি না পাইলে সৈন্যাবাসস্থানের সীমার মধ্যে সাধারণের ব্যবহারের জন্যে মলমূত্র ত্যাগ করিবার স্থান রাখিবে না। এবং অনুমতি পাইলেও সাধারণের মলমূত্র ত্যাগ করিবার সেই স্থান প্রস্তুত করিবার ও তাহার কার্য্য হইবার যে বিধি করা যায় সেই সমস্ত বিধি না মানিলে তাহা রাখিবে না।

[নিরূপিত স্থানভিন্ন অন্য স্থানে মলমূত্র ত্যাগ করিবার কথা।]

১৭। সৈন্যাবাস স্থানে যত জনের বসতি আছে তাহা বুঝিয়া কান্টনমেন্ট কমিটীর বিবেচনায় নিবাসিদের মলমূত্র ত্যাগ করিবার প্রচুর স্থান প্রস্তুত করা গেলে পর, এবং কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব এই বিধি প্রবল করিবার অভিপ্রায় থাকার উপযুক্ত সম্বাদ দিলে পর, কোন ব্যক্তি সৈন্যাবাসস্থানের সীমার মধ্যে সেই নিরূপিত স্থানভিন্ন সাধারণ কি বিশেষ ব্যক্তির ভূমির কোন স্থানে মলমূত্র ত্যাগ করিবে না।

[রাজকীয় ভূমিতে ঘৃণাজনক কার্য্য করিবার কথা।]

১৮। কোন ব্যক্তি কোন রাজপথে কি অপ্রতিরোধ পথে কি স্থানে কি তাহার নিকটে মল ত্যাগ করণ কিম্বা নির্লজ্জরূপে অঙ্গ প্রকাশ করণদ্বারা ঘৃণাজনক কর্ম্ম করিবে না।

[নিষিদ্ধস্থানে স্নান করিবার কথা।]

১৯। কান্টনমেন্ট কমিটী যদি সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত কোন প্রকাশ স্থানে কি কোন সময়ে লোকদের স্নান করিবার নিষেধ করেন, তবে কোন ব্যক্তি সেই স্থানে কি সেই সময়ে স্নান করিবে না।

[স্ত্রীলোকদিগের স্নান করিবার ঘাটের কথা।]

২০। কান্টনমেন্ট কমিটী যদি স্ত্রীলোকদিগের স্নান করিবার জন্য ঐ সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত কোন স্থান নিরূপণ করেন, তবে পুরুষেরা তথায় স্নান করিবে না এবং পুরুষদিগের স্নান করিবার নিরূপিত স্থানে স্ত্রীলোকেরা স্নান করিবে না।

[Diseased persons not to bathe in public bathing places.]

21. No person suffering from any contagious disease shall bathe in any public bathing place within the limits of the Cantonment.

[Defiling the water used for public purposes]

22. No person shall construct or keep any latrine, urinal, or place for the deposit of filth or refuse, in the vicinity of any river, spring, tank, reservoir, well, or other source from which water is derived for public use, within the limits of the Cantonment, or shall do any act which shall corrupt or foul such water so as to render it less fit for the purpose for which it is ordinarily used.

[Washing animals, clothing, &c., in prohibited places.]

23. No person shall wash or cleanse or cause to be washed or cleansed in any public road or thoroughfare, or in, or upon, or by the side of, any river, spring, tank, reservoir, well, or other source from which water is derived for public use, within the limits of the Cantonment, any animal, or any wool, cloth, or wearing apparel, or any utensil for cooking or other purposes, or leather, or skins of any animals, or other foul or offensive thing, in any places the use of which for such purposes shall be prohibited by the Cantonment Magistrate with the approval of the Cantonment Committee.

[Killing animals except at public slaughter-house.]

24. No person shall kill, within the limits of the Cantonment, any animal for public sale except at the public slaughter-house, or at such other place as may be allowed by the Cantonment Magistrate with the sanction of the Cantonment Committee.

[Allowing slaughter-houses or markets to be in a filthy state.]

25. No owner or occupier or farmer of any place used as a slaughter-house or market, within the limits of the Cantonment, shall keep or allow the same to be kept in a filthy or unclean state, or suffer any offensive smell to arise therefrom, or shall neglect to carry out any of the Rules laid down for the management of slaughter-houses or markets.

[Slaughtering diseased animals.]

26. No owner or occupier of any place used as a slaughter-house, within the limits of the Cantonment, shall slaughter or suffer to be slaughtered therein any diseased or unsound animal, and every owner or occupier of such place, in case of any diseased or unsound animal being brought thereto, shall forthwith give information thereof to the Cantonment Magistrate.

[সাধারণের স্নান করিবার স্থানে রুগ্ন ব্যক্তিদের স্নান না করিবার কথা।]

২১। কোন ব্যক্তির স্পর্শাক্রামক রোগ থাকিলে সে সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত সাধারণ লোকদের স্নান করিবার ঘাটে স্নান করিবে না।

[সাধারণের ব্যবহার্য্য জল ময়লা করিবার কথা।]

২২। সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত যে নদী কি উত্‌স কি পুষ্করিণী কি জলাশয় কি কূপ কি অন্য যে স্থানহইতে সাধারণের ব্যবহার্য্য জল তোলা গিয়া থাকে, কোন ব্যক্তি তাহার নিকট কোন পাইখানা কি মূত্রকুণ্ড কিম্বা জঞ্জাল কি আবর্জ্জনা ফেলিবার স্থান করিবে কি রাখিবে না। এবং ঐ জল সাধারণমতে যে কর্ম্মে ব্যবহার করা গিয়া থাকে, যাহাতে সেই কর্ম্মের তাদৃশ উপযুক্ত না হয় এমতে জল নষ্ট কি ময়লা করিবার কোন কার্য্য করিবে না।

নিষিদ্ধ স্থানে পশু নাওয়াইবার ও কাপড় কাচিবার কথা।]

২৩। কোন ব্যক্তি সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত কোন রাজপথে কি অপ্রতিরোধ পথে কিম্বা যে নদী কি উত্‌স কি পুষ্করিণী কি জলাশয় কি কূপ কি অন্য যে স্থানহইতে সাধারণের ব্যবহারের জন্যে জল তোলা যায়, তাহাতে কি তাহার নিকটে কি ধারে কোন পথে কি অপ্রতিরোধ পথে কোন পশু কি পশম ধুইবে না ও কাপড় কি পরিবার বস্ত্র কাচিবে না এবং পাক করিবার কি অন্য কার্য্যের কোন হাঁড়ী কি অন্য বস্তু কিম্বা চামড়া কি পশুর চর্ম্ম কিম্বা ময়লা কি দুর্গন্ধময় কোন দ্রব্য ধুইবে না। এবং কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব কান্টনমেন্ট কমিটীর অনুমতিতে সেই কর্ম্মের নিমিত্তে অন্য যে স্থানের ব্যবহার করিতে নিষেধ করেন সেই স্থানে তাহা করিবে না।

[কশাইখানাভিন্ন অন্য স্থলে পশু মারিবার কথা।]

২৪। কশাইখানাভিন্ন এবং কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব কান্টনমেন্ট কমিটীর সম্মতিক্রমে অন্য যে স্থানের অনুমতি দেন তদ্ভিন্ন কোন ব্যক্তি সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত অন্য স্থানে পশু মারিবে না।

[কশাইখানা কি বাজার ময়লা হইতে দিবার কথা।]

২৫। সৈন্যাবাসস্থানের সীমার মধ্যে যে স্থান কশাইখানা কি বাজার বলিয়া ব্যবহার হয়, তাহার স্বামী কি অধিকারী কি ইজারদার তাহা ময়লা কি অপরিষ্কার অবস্থায় রাখিবে না ও থাকিতে দিবে না, এবং তাহাতে দুর্গন্ধ হইতে দিবে না। এবং কশাইখানার কি বাজারের কর্ম্মসম্পাদনের বিধিমতে কর্ম্ম করিতে শৈথিল্য করিবে না।

[রুগ্ন পশুকে মারিবার কথা।]

২৬। সৈন্যাবাসস্থানের সীমার মধ্যে যে স্থান কশাইখানামতে ব্যবহার হয়, সেই স্থানের স্বামী কি অধিকারী ঐ স্থানে রুগ্ন কি অসুস্থ কোন পশু মারিবে না কি মারিতে দিবে না। আর যদি কোন রুগ্ন কি অসুস্থ পশু সেই স্থানে আনা যায়, তবে ঐ স্বামী কি অধিকারী কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবকে তত্‌ক্ষণাত্‌ সেই কথা জানাইবেন।

[Allowing nuisance in market.]

27. No owner, occupier, or farmer of any market, within the limits of the Cantonment, shall knowingly allow the commission of any nuisance within such market.

[Markets to be provided with proper places of retirement.]

28. Every owner, occupier, or farmer of any market, to which, in the opinion of the Cantonment Committee, this rule ought to be made applicable, shall, within a reasonable time, to be fixed by the Cantonment Magistrate, after he shall have received notice to do so, provide such places of retirement for the purposes of nature as, in the opinion of the said Committee, may be necessary for the cleanliness and health of the said market.

[Allowing exposure in market of unwholesome articles of food.]

29. No owner, occupier, or farmer any market, shop, or stall, within the limits of the Cantonment, shall permit to be exposed for sale, or admit or permit to remain therein, any article intended for food or drink for man, which is noxious or unfit for use as food or drink for man, and he shall forthwith cause any such article to be removed.

[Sale of unwholesome food or drink.]

30. No person shall knowingly sell as food or drink for man, or offer or expose for such sale, or keep in his possession for the purpose of such sale, any article which is noxious or unfit for use as food or drink for man.

[Adulterating food or drink.]

31. No person shall adulterate any article of food or drink so as to make such article noxious as food or drink, intending to sell such article as food or drink, or knowing it to be likely that the same will be sold as food or drink.

[Selling pork.]

32. No person, within the limits of the Cantonment, shall sell any pork except under such conditions as may be prescribed by the Cantonment Committee.

[Burying or burning corpses in prohibited places.]

33. No person shall bury, or cause to be buried, or shall burn, or cause to be burned, any corpse in any place within the limits of the Cantonment, if the use of such place as a burial or burning-ground has been prohibited by lawful authority.

[বাজারে ঘৃণাজনক বিষয় হইতে দিবার কথা।]

২৭। সৈন্যাবাসের স্থানের সীমার অন্তর্গত কোন বাজারের স্বামী কি অধিকারী কি ইজারদার ঐ বাজারের মধ্যে জ্ঞানপূর্ব্বক কোন ঘৃণাজনক কর্ম্ম করিতে দিবেন না।

[বাজারে মলমূত্র ত্যাগ করিবার উপযুক্ত স্থান নিরূপণ করিবার কথা।]

২৮। সৈন্যাবাসের কমিটীর বিবেচনায় এই বিধি যে বাজারে বর্ত্তান উচিত সেই বাজারের স্বামী কি অধিকারী কি ইজারদার ঐ বাজার পরিষ্কার ও স্বাস্থ্যজনক ভাবে রাখিবার জন্যে উক্ত কমিটীর বিবেচনায় মলমূত্র ত্যাগ করিবার যদ্রূপ স্থান আবশ্যক হয় সেই স্থান করিবার আজ্ঞা পাইলে পর কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবের নিরূপিত যুক্তিসিদ্ধ সময়ের মধ্যে তাহা প্রস্তুত করাইবে।

[পীড়াজনক আহারীয় দ্রব্য বাজারে দেখাইতে দিবার কথা।]

২৯। মনুষ্যের আহারীয় কি পানীয় যে দ্রব্য পীড়াজনক কিম্বা মনুষ্যের আহারের কি পানের অযোগ্য, সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত কোন বাজারের কি দোকানের কি স্থানের স্বামী কি অধিকারী কি ইজারদার সেই দ্রব্য বিক্রয়ার্থে প্রকাশ করিতে কিম্বা তথায় থাকিতে অনুমতি দিবে না ও তদ্রূপ দ্রব্য তৎক্ষণাৎ স্থানান্তর করাইবে।

[অস্বাস্থ্যজনক আহারীয় কি পানীয় দ্রব্য বিক্রয় করিবার কথা।]

৩০। যে দ্রব্য পীড়াজনক কি মনুষ্যের আহারের কি পানের অনুপযুক্ত কোন ব্যক্তি সেই দ্রব্য জ্ঞানপূর্ব্বক মনুষ্যের আহারীয় কি পানীয় বলিয়া বিক্রয় করিবে না কিম্বা বিক্রয় করিতে প্রস্তাব করিবে না ও দেখাইবে না ও বিক্রয়ার্থে নিকটে রাখিবে না।

[আহারীয় কি পানীয় দ্রব্যের সহিত অন্য দ্রব্য মিশাইবার কথা।]

৩১। আহারীয় কি পানীয় দ্রব্য যাহাতে পীড়াজনক হয় কোন ব্যক্তি তাহা আহারীয় কি পানীয় দ্রব্য বলিয়া বিক্রয় করিবার অভিপ্রায়ে কিম্বা বিক্রয় হইবার সম্ভাবনা জানিয়া সেই আহারীয় কি পানীয় দ্রব্যের সহিত এমত কোন বিষয় মিশাইবে না।

[শূকরের মাংস বিক্রয়ের কথা।]

৩২। কান্টনমেন্ট কমিটী যে নিয়ম নিরূপণ করেন সেই নিয়ম ব্যতীত কোন ব্যক্তি সৈন্যাবাসস্থানের সীমার মধ্যে শূকরের মাংস বিক্রয় করিবে না।

[নিষিদ্ধ স্থানে কবর দেওন কি শব দাহ করণের কথা।]

৩৩। যদি আইন সিদ্ধ ক্ষমতাক্রমে সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত কোন স্থানে সমাধি কি দাহ করিবার নিষেধ হয়, তবে কোন ব্যক্তি সেই স্থানে সমাধি দিবে ও দেওয়াইবে না এবং শবদাহ করিবে ও করাইবে না।

[Depth of graves.]

34. No person shall bury, or cause to be buried, any corpse in any burial-ground, within the limits of the Cantonment, in a grave not constructed of masonry which shall be less than six feet deep, or in a grave constructed of masonry which shall be less than four feet deep.

[কবর যত গভীর করিতে হইবে তাহার কথা।]

৩৪। সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত কোন সমাধিস্থানে কাঁচা কবরে সমাধি হইলে ছয় ফুটের ন্যূন গভীর কবরে, কিম্বা পাকা কবর হইলে চারি ফুটের ন্যূন গভীর কবরে সমাধি দিবে ও দেওয়াইবে না।

[Distance between graves.]

35. No person shall make, or cause to be made, a grave in any such burial-ground at a less clear distance than three feet from any other existing grave.

[ভিন্ন২ কবরের ব্যবধানের কথা।]

৩৫। কোন ব্যক্তি উক্ত কোন সমাধিস্থানে নূতন কবর করিলে পূর্ব্বকৃত কোন কবরহইতে তিন ফুটের ন্যূন ব্যবধানে করিবে কি করাইবে না।

[Graves to be made only in prescibed lines or situations.]

36. No person shall make or cause to be made a grave in any such burial-ground in any other lines or situations than those which may be marked out by competent authority for that purpose.

[অবধারিত শ্রেণীতে কি স্থানে কবর করিবার কথা।]

৩৬। উপযুক্ত ক্ষমতাপন্ন কোন কার্য্যকারক পূর্ব্বোক্ত কোন সমাধিস্থানে যে শ্রেণীর ও যে স্থানের চিহ্ন করেন, কোন ব্যক্তি তদ্ভিন্ন কোন শ্রেণীমতে কি স্থানে কবর করিবে কি করাইবে না।

[Corpses to be reduced to ashes.]

37. No person when burning, or causing to be burnt, any corpse in any burning-ground within the limits of the Cantonment, shall permit the same or any part thereof to remain without being completely reduced to ashes, or to be removed until the same be so reduced.

[শব দাহ করিলে ভস্ম করিতে হইবার কথা।]

৩৭। কোন ব্যক্তি সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত কোন শ্মশানে শবদাহ করিলে কি করাইলে শবের সমুদয় অংশ ভস্ম না হওন পর্য্যন্ত ঐ শব কি তাহার কোন অঙ্গ ত্যাগ করিবে না ও স্থানান্তর করিবে না।

[Corpses to be burned within four hours after arrival at burning-ground.]

38. Every person who shall bring, or convey, or cause to be brought or conveyed, any corpse to any such burning-ground, shall burn or cause the same to be burnt within four hours after its arrival at the said burning ground.

[শ্মশানে আনিলে পর চারি ঘণ্টার মধ্যে দাহ করিবার কথা।]

৩৮। কোন ব্যক্তি পূর্ব্বোক্ত কোন শ্মশানে শব আনিলে কি প্রেরণ করিলে কি আনাইলে কি প্রেরণ করাইলে, উক্ত শ্মশানে আনা গেলে পর চারিঘণ্টার মধ্যে তাহা দাহ করিবেন কি করাইবেন।

[Throwing corpses into rives.]

39. No person shall throw any corpse into any river within the limits of the Cantonment, when such practice shall have been declared by the Cantonment Magistrate, with the approval of the Magistrate of the District, to be a public nuisance.

[নদীতে শব ফেলিবার কথা।]

৩৯। সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত নদীতে শব নিক্ষেপ করা সাধারণের অনিষ্ট জনক ব্যাপার, যদি কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব জিলার মাজিষ্ট্রেট সাহেবের অনুমোদন ক্রমে ইহা প্রকাশ করেন তবে কেহ সেই নদীতে শব ফেলিবে না।

[Offensive or obnoxious trades.]

40. No person shall use any place within the limits of the Cantonment for any of the following purposes, if such use of such place has been declared by the Cantonment Magistrate, with the sanction of the Cantonment Sanitary Commission, to be a nuisance, and has been prohibited as such, namely, as a butcher's shop, or for melting tallow, or for boiling offal or blood, or for making soap, oil-boiling, dyeing, or as a tannery, brick-pottery, or lime-kiln, or for any manufactory or place of business from which offensive or unwholesome smells arise, or as a yard or depôt for hay, straw, wood, or coal.

[দুর্গন্ধযুক্ত কি ঘৃণাজনক ব্যবসায়ের কথা।]

৪০। কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব যদি সৈন্যাবাস স্থানের স্বাস্থ্যবিধায়ক কমিস্যনের অনুমতিক্রমে, নিম্নলিখিত কোন কার্য্যের নিমিত্তে সৈন্যাবাস স্থানের সীমার অন্তর্গত কোন স্থানের ব্যবহার করা অনিষ্টজনক প্রকাশ করেন ও তদ্ধেতুক যদি সেই স্থানের তদ্রূপ ব্যবহার নিষিদ্ধ হয়, তবে কেহ সেই২ কর্ম্মে সেই স্থানের ব্যবহার করিবে না। অর্থাৎ, কশাইর দোকানস্বরূপে ও চরবি গলাইবার ও উচ্ছিষ্ট মাংস ও রক্ত সিদ্ধ করিবার ও সাবান প্রস্তুত করিবার ও তৈল পাক করিবার ও রঙ্গ প্রস্তুত করিবার ও চামড়া কশাইবার কর্ম্মে ও ইটের পাঁজা ও চূণের পোয়ান এবং অন্য যে কারখানা কি কর্ম্মস্থানহইতে দুর্গন্ধময় কি পীড়াজনক ভাপ উঠে তাহার, এবং ঘাস, বিচালি, কাষ্ঠ কি কয়লা রাখিবার স্থান কি আড়ৎ।

[Quarrying stone and cutting wood or grass on public ground.]

41. No person shall quarry stone or kunkur or dig up bricks, or cut wood or grass, on any public ground, except in places which may be set apart for such purposes by the Cantonment Committee.

[Depositing building materials, or making excavations in public roads.]

42. No person shall deposit any building materials, or make a hole or excavation, in any road, thoroughfare, or public place, without the permission in writing of the Cantonment Magistrate, given with the approval of the Cantonment Committee, and when such permission is granted to any person, he shall, at his own expense, whenever the Cantonment Magistrate may so direct, cause such materials, or such hole or excavation, to be sufficiently fenced and enclosed, until the materials are removed, or the hole or excavation is filled up, or otherwise made secure, and shall cause the same to be sufficiently lighted during the night.

[Excavations, &c., in private or public ground.]

43. No person shall make any tank, hole, or excavation, in any private or public ground of a character which appears to the Cantonment Committee to be objectionable on sanitary or other grounds.

[Dangerous places to be repaired or enclosed.]

44. The owner of every building, tank, well, hole, or other place within the limits of the Cantonment, the repair, protection, or enclosure of which is necessary for the prevention of danger to the public, shall cause the same to be repaired, protected, or enclosed so as to prevent danger therefrom.

[Making roofs or external walls of inflammable materials.]

45. No person shall make or suffer to remain any external roof or wall of any hut or other building of grass, leaves, mats, or other such inflammable materials, in any place within the limits of the Cantonment in which the use of such materials for such purposes shall have been prohibited by the Officer Commanding the Cantonment, or by the Cantonment Magistrate, with the approval of the Cantonment Committee.

[Causing obstruction by building, &c., in public roads.]

46. No person shall build any wall, or erect or set up any fence, rail, posts, or cause any other obstruction, encroachment, or injury in any public road or thoroughfare, or in or over any drain, sewer, or aqueduct.

[রাজভূমিতে পাতর খনন করিবার ও বৃক্ষ ঘাসপ্রভৃতি কাটিবার কথা।]

৪১। কান্টনমেন্ট কমিটী পাতর কি কাঁকর খনন করিবার কি ইট খুঁড়িবার কিম্বা কাষ্ঠ চিরিবার কি ঘাস কাটিবার যেং স্থান নিরূপণ করেন, কোন ব্যক্তি তদ্ভিন্ন রাজকীয় কোন ভূমিতে তাহা করিবে না।

[রাজপথে গৃহ নির্ম্মাণের সরঞ্জাম কি গর্ত্ত করিবার কথা।]

৪২। কান্টনমেন্ট কমিটীর অনুমোদনপূর্ব্বক কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবের লিখিত অনুমতি না পাইলে কোন ব্যক্তি কোন পথে কি অপ্রতিরোধ পথে কি প্রকাশস্থানে গৃহনির্ম্মাণ করিবার সরঞ্জাম রাখিবেন না ও গহ্বর ও গর্ত্ত করিবেন না। কোন ব্যক্তিকে সেই অনুমতি দেওয়া গেলে, তিনি কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাপ্রাপ্ত হইলে, ঐ সরঞ্জাম যত কাল স্থানান্তর না করেন, কিম্বা ঐ গর্ত্ত কি গহ্বর যত কাল বুজাইয়া না দেন ও প্রকারান্তরে নিরাপদজনক না করেন তত কাল তিনি আপনার খরচে ঐ সরঞ্জাম ও গর্ত্ত ও গহ্বর উপযুক্ত বেড়া দিয়া ঘেরিয়া রাখিবেন ও রাত্রি কালে তাহাতে উপযুক্ত আলো দেওয়াইবেন।

[বিশেষ ব্যক্তির কি সাধারণের ভূমিতে গর্ত্তাদি করিবার কথা।]

৪৩। কান্টনমেন্ট কমিটী স্বাস্থ্যসংক্রান্ত কি অন্য হেতুতে যে প্রকার পুষ্করিণী কি গর্ত্ত কি ডোবা বিষয়ে আপত্তি করেন, কোন ব্যক্তি সাধারণের কি বিশেষ ব্যক্তির ভূমিতে তদ্রূপ পুকুরপ্রভৃতি করিবেন না।

[আশঙ্কাজনক স্থান সারাইবার কি ঘেরিয়া রাখিবার কথা।]

৪৪। সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত যে ঘর কি পুকুর কি কূপ কি গর্ত্ত কি অন্য স্থান সাধারণ লোকদের আশঙ্কা নিবারণের জন্যে সারাণ কি রক্ষা করা কি ঘেরিয়া রাখা আবশ্যক সেই গৃহাদির স্বামী তাহা এমতে সারাইবেন ও রক্ষা করিবেন ও ঘেরিয়া রাখিবেন, যে তদ্দ্বারা আপদ না হয়।

[ছাদ কি ঘরের বেড়া দহনীয় দ্রব্যে নির্ম্মাণ করিবার কথা।]

৪৫। সৈন্যাবাসস্থানে যিনি কর্ত্তৃত্বকারি সেনাপতি হন, তিনি কিম্বা কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব কান্টনমেন্ট কমিটীর সম্মতি গ্রহণপূর্ব্বক যখন সৈন্যাবাসস্থানের সীমার মধ্যস্থিত কোন স্থানে ঘাস, পাতা, দরমাপ্রভৃতি দহনীয় দ্রব্যেতে কোন গৃহাদির উপরের ছাদ কি বেড়া করিতে নিষেধ করেন, তখন কোন ব্যক্তি সেই দ্রব্যেতে ঐ ছাদ কি বেড়া করিবে না।

[গাঁথনিপ্রভৃতিদ্বারা রাজপথ অবরোধ করিবার কথা।]

৪৬। কোন ব্যক্তি কোন রাজপথে কি অপ্রতিরোধ পথে কিম্বা কোন পয়োনালা কি জুলী কি জলপ্রণালীতে কি তদুপরে কোন প্রাচীর গাঁথিবে না কিম্বা কোন বেড়া কি রেল কি থাম বসাইবে কি স্থাপন করিবে না, ও অন্য প্রকারে পথাদির অবরোধ ও অতিক্রম ও হানি করিবে না।

[Inflammable materials, &c., near public buildings.]

47. No person shall stack or collect dry grass, straw, or other inflammable materials, or place mats, thatched huts, or cooking places within one hundred yards of any barrack or stable, or other public building having a thatched roof, or in any other place in which the collection or placing of inflammable materials or buildings shall be prohibited by the Officer Commanding the Cantonment, or by the Cantonment Magistrate, with the approval of the Cantonment Committee.

[রাজকীয় গৃহের নিকট দহনীয় দ্রব্যাদি রাখিবার কথা।]

৪৭। কোন বারিক কি আস্তাবল কিম্বা খড়ের ছাদ যুক্ত রাজকীয় অন্য ঘরহইতে এক শত গজের মধ্যে এবং সৈন্যাবাসস্থানের কর্তৃত্বকারি সেনাপতি সাহেব কিম্বা কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব কান্টনমেণ্ট কমিটীর অনুমোদনক্রমে অন্য যে স্থানে দহনীয় দ্রব্য কি গৃহাদি যন করিয়া করিতে কি রাখিতে নিষেধ করেন, সেই স্থানে কোন ব্যক্তি শুষ্ক তৃণ কি খড় কি দহনীয় অন্য দ্রব্যের গাদি করিবে না ও তাহা সঞ্চয় করিবে না ও দরমা ও খড়ুয়া ঘর ও রন্ধনাগার রাখিবে না।

[Displacing pavement of public road.]

48. No person such displace, take up, or make any alteration in the pavement or road way or fences or posts, of any public road or thorouhgfare, without the consent in writing of the Cantonment Magistrate, given with the approval of the Cantonment Committee.

[রাজপথের পাতর উঠাইবার কথা।]

৪৮। কোন ব্যক্তি কান্টনমেণ্ট কমিটীর সম্মতিক্রমে কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেবের লিখিত অনুমতি প্রাপ্ত না হইলে, রাজপথে ও অপ্রতিরোধ পথে বসান কোন পাতর কি পথ কি বেড়া কি থাম স্থানান্তর করিবে না ও উঠাইবে না ও তাহার কোন প্রকারে পরিবর্ত্তন করিবে না।

[Repair of boundaries.]

49. Every person shall keed in proper repair the foundary walls, fences, or other enclosures or his estate or premises.

[সীমা সরাইবার কথা।]

৪৯। প্রত্যেক জন আপনার ভূমির ও বাটীর সীমান্ত প্রাচীর ও বেড়া ও অন্য বেষ্টন উপযুক্তমতে সারাইয়া রাখিবেন।

[Re-building houses and huts.]

50. Every person intending to build or re-build any house or hut within the limits of the Cantonment shall give previous notice in writing to the Cantonment Magistrate, and shall obey all Rules and Regulations which may be laid down by the Cantonment Committee, with respect to the sufficiency of the space to be left about such buildings or huts to secure a free circulation of air, or with respect to their ventilation or drainage.

[কোটা ও ঘর পুনঃনির্ম্মাণের কথা।]

৫০। যদি কোন ব্যক্তি সৈন্যাবাসস্থানের সীমার মধ্যে কোন কোটা কি ঘর নির্ম্মাণ কি পুনঃনির্ম্মাণ করিতে মনস্থ করেন, তবে তিনি কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেবকে প্রথমে সেই কথা লিখিয়া জানাইবেন। এবং চতুঃদিগে অবাধিতরূপে বাতাস চলিতে পারে এই নিমিত্তে ঐ গৃহাদির চতুঃদিগে যত ফাঁক রাখিতে হইবে এই বিষয়ের ও ঘরের মধ্যে বাতাস খেলিতে ও জল নিঃসরিতে পারিবার জন্যে কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেবকর্ত্তৃক যে সকল নিয়ম ও বিধান করা যায়, তাহা পালন করিবেন।

[Erecting building in objectionable situations.]

51. No person shall make any new permanent or temporary building, hut, shed, enclosure, awning, or chubootra, in any situation in which such building or other construction shall be declared by the Cantonment Magistrate, with the sanction of the Cantonment Committee, to be objectionable on sanitary grounds, or on account of causing encroachment or obstruction to a public thoroughfare.

[অনুপযুক্ত স্থানে ঘর নির্ম্মাণ করিবার কথা।]

৫১। স্থানবিশেষে গৃহাদি নির্ম্মাণ করিলে স্বাস্থ্যের হানিহওয়া সম্ভাবনা, অথবা রাজকীয় পথের অবরোধ কি অতিক্রম হয় কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব যদি কান্টনমেণ্ট কমিটীর অনুমোদনক্রমে ইহা প্রকাশ করেন, তবে কোন ব্যক্তি সেই স্থানে কিয়ৎকালের কি চিরকালের নিমিত্তে কোটা কি কুড়ে কি চাল কি আবরণ কি চাঁদওয়া কি চবুতরা প্রস্তুত করিবেন না।

[Rash or negligent driving or riding.]

52. No person shall drive or ride any animal, or drive any vehicle, within the limits or the Cantonment, in a manner so rash of negligent as to indicate a want of due regard for the safety of others, or shall drive except upon the proper side of the road in meeting and passing other vehicles.

[গাড়ী কি ঘোড়া অতিবেগে কি অমনোযোগে চালাইবার কথা।]

৫২। যাহাতে অন্যের নিরাপদের বিষয়ে উপযুক্ত মনোযোগ না থাকা প্রকাশ হয়, সৈন্যাবাসের সীমান্তর্গত স্থানে কোন ব্যক্তি এমত সহসা কি অমনোযোগে কোন ঘোড়া কি কোন গাড়ী চালাইবে না ও ঘোড়ার পিঠে চড়িয়া যাইবে না এবং অন্য গাড়ীর নিকট আইলে কি পশ্চাৎ ছাড়িতে গেলে রাস্তার উপযুক্ত পার্শ্বে থাকিবে।

[Driving vehicles without sufficient light.]

53. No person shall drive within the limits of the Cantonment any vehicle at any time between three quarters of an hour after sun-set and one hour before sun-rise without a sufficient light except when, in the opinion of the Cantonment Magistrate, there may be sufficient moon-light to render such light unnecessary.

[উপযুক্ত আলো না দিয়া গাড়ী চালাইবার কথা।]

৫৩। সৈন্যাবাসস্থানের সীমার মধ্যে কোন ব্যক্তি সূর্য্যাস্ত হইবার পর তিন পোয়া ঘন্টা অবধি সূর্য্যোদয়ের পূর্ব্ব এক ঘন্টা পর্য্যন্ত উপযুক্ত আলো না লইয়া গাড়ী চালাইবে না। কিন্তু জ্যোৎস্না প্রযুক্ত আলোর আবশ্যক নাই মাজিষ্ট্রেটের এমত বিবেচনা হইলে, আলো জ্বালিবে না।

[Training animals.]

54. No person shall train, or break, or lead out for exercise any animal, within the limits of the Cantonment, except in such places and at such times as may be allowed by the Officer Commanding the Cantonment.

[পশুদিগকে শিক্ষা দেওনের কথা।]

৫৪। সৈন্যাবাসের কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেব সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত যে স্থানের এবং যে সময়ের অনুমতি দেন, কোন ব্যক্তি তদ্ভিন্ন স্থানে কি সময়ে কোন পশুকে অভ্যাস করাইতে কি শিক্ষা দিতে পারিবে না কি শিক্ষার্থে বাহিরে লইয়া যাইতে পারিবে না।

[Taking elephants, &c., along public roads.]

55. No person shall take elephants, camels, or loaded carts, along any public road within the limits of the Cantonment, during such times as the use of such road for such purpose shall have been prohibited by the Officer Commanding the Cantonment.

[রাজপথ দিয়া হস্ত্যাদি লইয়া যাইবার কথা।]

৫৫। সৈন্যাবাসের কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেব সৈন্যাবাসের সীমার অন্তর্গত স্থানের কোন রাজপথ দিয়া হস্তি কি উষ্ট্র কি বোঝাই গরুর গাড়ী যে সময়ে লইয়া যাইতে নিষেধ করেন, সেই সময়ে কেহ সেই পশ্বাদি লইয়া যাইবে না।

[Suffering ferocious dogs to be at large, and keeping dangerous animals.]

56. No person shall suffer to be at large, within the limits of the Cantonment, any ferocious dog without a muzzle, and no person shall keep any dangerous animals, such as tigers, bears, &c., unless securely caged.

[রাগাল কুকুরকে ছাড়িবার ও মারাত্মক পশু রাখিবার কথা।]

৫৬। কোন ব্যক্তি রাগাল কুকুরের মুখে মুখোস না দিয়া তাহাকে সৈন্যাবাসের সীমার অন্তর্গত স্থানে ছাড়িয়া দিবে না। ও ব্যাঘ্র ভল্লুক প্রভৃতি মারাত্মক পশুকে খাঁচায় দৃঢ়মতে বদ্ধ না করিয়া রাখিবে না।

[Picketing animals and collecting carts, &c.]

57. No person shall picket animals or collect carts on any public ground, or shall use such ground as a halting place for vehicles or cattle of any description, unless the use thereof for such purpose shall be prescribed or permitted by the Officer Commanding the Cantonment.

[পশুদিগকে বাঁধিবার ও গাড়ীপ্রভৃতি সংগ্রহ করিবার কথা।]

৫৭। সৈন্যাবাসের কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেব ঘোড়াপ্রভৃতি বাঁধিবার কি গাড়ীপ্রভৃতি সংগ্রহ করিবার যে স্থান নিরূপণ করেন কি যে স্থানের অনুমতি দেন, কোন ব্যক্তি তদ্ভিন্ন রাজকীয় কোন ভূমিতে ঘোটকাদি বাঁধিবে না ও গাড়িপ্রভৃতি সংগ্রহ করিবে না ও গাড়ী থামিয়া রাখিবার কি কোন প্রকারের পশুর বিশ্রাম করিবার স্থানস্বরূপ তাহা ব্যবহার করিবে না।

[Causing obstructions by vehicles in public road.]

58. No person shall cause any obstruction in any thoroughfare by causing or permitting any vehicle or animal to remain therein longer than is required for loading or unloading or for taking up or setting down passengers, or shall leave any vehicle or animal in such a manner as to cause inconvenience or damage to the public.

[রাজকীয় পথ গাড়ী কি পশুরদ্বারা অবরোধ করিবার কথা।]

৫৮। বোঝাই দ্রব্য গাড়ীতে তুলিবার কি নামাইবার ও চড়নদারদিগকে লইবার কি নামাইবার জন্যে রাজপথে যতক্ষণ থামা উচিত কোন ব্যক্তি কোন গাড়ী কি পশুকে তদধিককাল রাখিয়া কি রাখিতে দিয়া পথ অবরোধ করিবে না, এবং যাহাতে সাধারণের ক্লেশ কি হানি হইতে পারে, কোন গাড়ী কি পশুকে এমতে রাখিবে না।

[Exposing articles for sale on public road.]

59. No person shall expose any articles for sale upon any stall, booth, or otherwise, so as to cause obstruction in any thoroughfare.

[রাজপথে দ্রব্য বিক্রয়ার্থে সাজাইবার কথা।]

৫৯। কোন ব্যক্তি মাচায় কি চালায় কি অন্য স্থানে বিক্রয়ার্থ দ্রব্য সাজাইয়া কোন রাজপথ অবরোধ করিবে না।

[Beating drums or tom-toms.]

60. No person shall beat a drum or tom-tom, or blow or sound any instrument at any time

[ঢোল কি ঢাক বাজাইবার কথা।]

৬০। সৈন্যাবাসের কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেব কিম্বা কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব যে স্থানে ও যে

or in any place which shall be prohibited by the Officer Commanding the Cantonment, or by the Cantonment Magistrate.

[Discharging fire-arms, fire-works. &c.]

61. No person shall discharge any fire-arms or air-gun, or fire-works, or send up any fire-balloon, or light any bon-fire in or near any public road or thoroughfare, except with the permission of the Officer Commanding the Cantonment.

[Destroying lamp-posts, &c.]

62. No person shall destroy, injure, or disturb any sign-board or sign-posts, or any lamp-post, lamp bracket, or lamp, in any public road or thoroughfare, or extinguish any light therein without due authority.

[Begging, exposing deformities, or being drunk or riotous.]

63. No person in any public road, thoroughfare, or place, shall beg or apply for alms, or expose or exhibit any sores, wounds, bodily ailment or deformity, with the object of exciting charity or of obtaining alms, or shall be drunk or riotous.

[Cruelty to Animals.]

64. No person shall cruelly beat, abuse, or torture any animal.

[Processions and music in the streets.]

65. No person shall disobey any rules made by lawful authority for regulating the conduct of assemblies and processions in the public roads or thoroughfares, or with regard to the use of music in the streets.

[Permitting disorderly behavior in places of public resort.]

66. No person, being the keeper of any house or place of public resort or entertainment, shall knowingly permit drunkenness or other disorderly behaviour in such house or place, or shall suffer any gaming therein, or shall permit prostitutes or persons of notoriously bad character to meet or remain therein.

[Public gaming.]

67. No person shall keep or use, or knowingly permit to be kept or used, any place as a common gaming house, or shall in any manner assist in conducting the business of any place so used, or shall game or be present for the purpose of gaming in any such place, or shall game in any public street, place, or thoroughfare.

[Appointing Agents.]

68. Every owner of any house, building, or premises, or other immovable property, within

সময়ে ঢোল কি ঢাক কিম্বা কোন বাদ্য বাজাইতে নিষেধ করেন, কোন ব্যক্তি সেই সময়ে সেই স্থানে তাহা বাজাইবে না।

[বন্দুক আতশবাজী প্রভৃতি ছুড়িবার কথা।]

৬১। কোন ব্যক্তি সৈন্যাবাসস্থানের কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেবের অনুমতি না পাইলে, কোন রাজপথে কি অপ্রতিরোধ পথে কি তন্নিকটে কোন আগ্নেয় অস্ত্র ও বায়ুপুরিত বন্দুক ও আতশবাজী ছুড়িবে না, ও অগ্নির বেলুন উড়াইবে না ও অগ্নিরাশি করিবে না।

[লাম্পপোষ্ট অর্থাৎ বাতির থামপ্রভৃতি নষ্ট করিবার কথা।]

৬২। কোন ব্যক্তি রাজপথের কি অপ্রতিরোধ কোন পথের কোন সাইন বোর্ড কি সাইন পোষ্ট কি লাম্পপোষ্ট কি লাম্পব্রাকেট কি লাম্প নষ্ট কি হানি করিবে না ও সরাইবে না, ও উপযুক্ত ক্ষমতাপন্ন কার্য্যকারকের আজ্ঞা না পাইলে তাহা নিবাইয়া ফেলিবে না।

[ভিক্ষা করণের ও অঙ্গদোষ দেখাইবার ও মাতাল ও হাঙ্গামা হইবার কথা।]

৬৩। কোন ব্যক্তি রাজপথে কি অপ্রতিরোধ কোন পথে কি স্থানে ভিক্ষা করিবে ও ভিক্ষা মাগিবে না ও লোকদের দয়া জন্মাইবার আশয়ে কোন ক্ষত কি ঘা কি অঙ্গের রোগ কি দোষ প্রকাশ করিবে ও দেখাইবে না, ও মাতাল ও হাঙ্গামা হইবে না।

[পশুদের প্রতি নিষ্ঠুরাচারের কথা।]

৬৪। কোন ব্যক্তি কোন পশুকে নির্দ্দয়রূপে মারিবে না ও তাহার প্রতি অত্যাচার করিবে না ও যন্ত্রণা দিবে না।

[পথে যাত্রা ও বাদ্যের কথা।]

৬৫। আইনমত ক্ষমতাপন্ন কার্য্যকারক রাজপথে কি অপ্রতিরোধ পথে লোক সমাগমের ও যাত্রার কালে সুধারা পালনের ও পথে বাদ্য বাদনের যে নিয়ম করেন কোন ব্যক্তি সেই নিয়ম অমান্য করিবে না।

[সাধারণ লোকদের গমনীয় স্থানে অনিয়মিতাচার হইতে দিবার কথা।]

৬৬। কোন ব্যক্তি সাধারণ লোকদের গমনের ও আমোদ করণের কোন ঘরের কি স্থানের রক্ষক হইয়া সেই ঘরে কি স্থানে সুরাপানে উন্মত্ত কি অন্য অনিয়মিত আচার হইতে ও তাহাতে জুয়া খেলা করিতে দিবে না, ও বেশ্যাদিগকে ও প্রসিদ্ধ কুচরিত্র লোকদিগকে তথায় একত্র হইতে ও থাকিতে দিবে না।

[প্রকাশ্য দ্যূত ক্রীড়ার কথা।]

৬৭। কোন ব্যক্তি সামান্য দ্যূতগৃহ স্বরূপে কোন ঘর রাখিবে না ও ব্যবহার করিবে না ও জ্ঞানপূর্ব্বক অন্যকে রাখিতে কি ব্যবহার করিতে দিবে না, ও যে স্থানের তদ্রূপ ব্যবহার হয় সেই স্থানের কার্য্য সম্পাদনে সাহায্য করিবে না, ও তদ্রূপ কোন স্থানে দ্যূতক্রীড়া করিবে না ও করিবার জন্যে উপস্থিত হইবে না, ও কোন রাজপথে কি প্রকাশ্য স্থানে কি অপ্রতিরোধ পথে জুয়াখেলা করিবে না।

[এজেণ্টদিগকে নিযুক্ত করিবার কথা।]

৬৮। যে ব্যক্তি সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত কোন ঘরের কি কোটার কি বাটির স্বামী হইয়া স্বয়ং

the limits of the Cantonment, not residing within the Cantonment, or in its immediate vicinity, shall, within one month after these Rules have been declared to be in force, or within such time as may be specially ordered by the Cantonment Magistrate, appoint a duly authorized Agent, resident within the Cantonment, or in its immediate vicinity, who shall be answerable for the observance of all the present Rules and Regulations which refer to the owners of houses or other property as aforesaid.

CHAPTER IV.

Provisions for the enforcement of the Rules and Regulations of the Cantonment.

[Officer Commanding Cantonment, Cantonment Committe, and Cantonment Magistrate, to see to the enforcement of Rules and Regulations.]

1. It will be the duty of the Officer Commanding the Cantonment, of the Cantonment Committee, and of the Cantonment Magistrate, to take all lawful measures for causing the enforcement of the Rules and Regulations contained in the preceding Section.

[Actual execution of Rules and Regulations to be the duty of the Cantonment Magistrate.]

2. Except when it shall be otherwise provided, the Cantonment Magistrate will be responsible for the actual execution, in the manner provided by law, of all the Rules and Regulations laid down for ensuring the maintenance of the Cantonment in proper sanitary condition, and for the prevention of nuisances.

[Or of other Officer invested with powers under Section 20 of Act XXII. of 1864.]

3. All of the present Rules which refer to the duties and responsibilities of the Cantonment Magistrate will be applicable, unless it be otherwise ordered by the Local Government, to any person invested under Section 20 of Act XXII. of 1864, with powers to try breaches of the Rules and Regulations of the Cantonment.

[General Conservancy Establishment what to consist of and how fixed.]

4. The Establishment maintained in each Cantonment, under the Cantonment Magistrate for the General Conservancy and Sanitary Administration, will vary in strength according to circumstances. It will ordinarily consist of one or more Conservancy Sergeants, or Inspectors of Nuisances, with the necessary Sanitary Police and other Subordinates.

[Establishment to be paid from Cantonment Fund.]

5. The cost of the General Conservancy Establishment will be defrayed from the Cantonment Fund.

ঐ সৈন্যাবাসস্থানে কি তন্নিকটে বাস না করেন, এই বিধি প্রবল হইবার কথা প্রকাশ হইলে পর এক মাসের মধ্যে কিম্বা কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব যে সময়ে বিশেষমতে আজ্ঞা করেন তন্মধ্যে তিনি ঐ সৈন্যাবাসস্থান কি তন্নিকট নিবাসি কোন ব্যক্তিকে আপনার এজেন্টস্বরূপ কর্ম্ম করণার্থে উপযুক্তমতে ক্ষমতা দিবেন। পুর্ব্বোক্ত ঘরের কি অন্য সম্পত্তির স্বামির প্রতি বর্ত্তমান যে বিধি ও নিয়ম বর্ত্তে, ঐ এজেণ্ট তাহার পালন করিবার বিষয়ে দায়ী হইবেন।

চতুর্থ অধ্যায়।

সৈন্যাবাসস্থানের নিয়ম ও বিধি প্রবল করিবার বিধান।

[এই বিধির পালন বিষয়ে সৈন্যাবাসস্থানের কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেবের ও সৈন্যাবাসের কমিটীর ও কান্টনমেণ্ট মাজিষ্ট্রেটের দৃষ্টি রাখিবার কথা।]

১। ইহার পুর্ব্ব অধ্যায়ে যে সকল নিয়ম ও বিধি আছে তাহা প্রবল করিবার আইনসিদ্ধ উপায় করা সৈন্যাবাসস্থানের কর্ত্তৃত্বকারি সেনাপতির ও কান্টনমেণ্ট কমিটীর ও কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেবের কর্ত্তব্যের মধ্যে হইবে।

[নিয়ম ও বিধি সাধনকার্য্য কান্টনমেণ্ট মাজিষ্ট্রেটের কর্ত্তব্য হইবার কথা।]

২। সৈন্যাবাসস্থানের স্বাস্থ্যবস্থা উপযুক্তমতে রক্ষা করিবার ও অনিষ্ট নিবারণ করিবার যে সকল নিয়ম ও বিধি হইয়াছে, তাহা আইনের অবধারিতমতে নিষ্পাদন হয়, তদ্বিষয়ে প্রকারান্তরের বিধি না হইলে কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব দায়ী আছেন।

[অথবা ১৮৬৪ সালের ২২ আইনের ২০ ধারার ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের কর্ত্তব্যের কথা।]

৩। যে কোন কার্য্যকারক ১৮৬৪ সালের ২২ আইনের ২০ ধারামতে সৈন্যাবাসস্থানের বিধি ও নিয়ম লঙ্ঘনাপরাধের বিচার করিতে ক্ষমতাপন্ন হন, এই বিধির যে সকল কথাতে কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেবের কর্ত্তব্য কর্ম্মের ও দায়ের উল্লেখ হইয়াছে, স্থানবিশেষের গবর্ণমেণ্ট প্রকারান্তরের আজ্ঞা না করিলে, সেই কথা সেই কার্য্যকারকের প্রতি বর্ত্তিবে।

[পারিপাট্য রক্ষা করণকার্য্যে সাধারণমতে যত আমলা যদ্রূপে নির্দ্ধারিত হইবেন তাহার কথা।]

৪। প্রত্যেক সৈন্যাবাসস্থানে সাধারণ পারিপাট্য ও স্বাস্থ্য বিধান নিরূপণার্থে যে সকল কর্ম্মকারক কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেবের অধীনে নিযুক্ত হন, গতিকবিশেষে তাঁহারদের সংখ্যাও বিশেষ হইবে। কিন্তু সাধারণমতে পরিপাটী করণার্থ এক কি অধিক জন সারজন অথবা অনিষ্ট পরিদর্শক থাকিবেন ও প্রয়োজন হইলে স্বাস্থ্যবিধায়ক পোলীস ও অধীন অন্য কর্ম্মকারক নিযুক্ত হইবেন।

[কান্টনমেণ্ট ফণ্ডহইতে কর্ম্মকারকদের বেতন দিবার কথা।

৫। পরিপাটী করণার্থ সাধারণ কর্ম্মকারকদের বেতনাদি কান্টনমেণ্ট ফণ্ড হইতে দেওয়া যাইবে।

[General executive management rests with the Cantonment Magistrate.]

6. Except when it shall be otherwise provided, the Cantonment Magistrate will be the executive Head of the Establishments entertained at the charge of the Cantonment Fund, and the management of the General Conservancy and Executive Sanitary Administration of the Cantonment will rest with him, subject to the general control of the Officer Commanding the Cantonment, and of the Cantonment Committee.

[Duties of the General Conservancy Establishment.]

7. The duties of the General Conservancy Establishment consist in—the carrying into effect all arrangements connected with the conservancy of the Bazaars, and of every part of the Cantonment, the conservancy of which is not provided for by means of Regimental or other special Establishments; the removal, to the places set apart for the purpose, of all filth and rubbish from the public roads and streets from public latrines, slaughter-houses, and other places, and from receptacles provided for filth and rubbish from public or private premises; and generally the execution of all the Rules and Regulations laid down by lawful authority for the protection of the public health.

[General duties of Cantonment Magistrate.]

8. It will be the duty of the Cantonment Magistrate personally to inspect all parts of the Cantonment at least once in every month, especially those parts of which the sanitary supervision is important, and to require his subordinates frequently to do the same; to enforce strictly in every part of the Cantonment the observance of all Sanitary Rules and Regulations that have been laid down; to carry into effect all necessary measures within his own authority, and to make to the Officer Commanding the Cantonment, and to the Cantonment Committee, an immediate report of every case in which the orders of superior authority may be required.

[Establishments to be appointed, &c., by Cantonment Magistrate.]

9. Except when otherwise provided, all servants belonging to the General Conservancy Establishment of the Cantonment will be entertained, suspended, or dismissed under the orders of the Cantonment Magistrate alone.

[Use of Commissariat cattle for conservancy purposes.]

10. The use of Commissariat cattle, if any are available at the Station, will be allowed for any conservancy purposes on which the Executive Commissariat Officer may consider their employ-

[কান্টনমেন্ট মাজিষ্ট্রেটের প্রতি কার্য্য নিষ্পাদনের চেষ্টা করিবার ভার থাকিবার কথা।]

৬। প্রকারান্তরের বিধান না করা গেলে কান্টনমেন্ট ফণ্ডহইতে যে কর্ম্মচারিদের বেতনাদি দেওয়া যায়, কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব কর্ম্ম সম্পাদনসম্পর্কে তাঁহারদের প্রধান হইবেন। এবং সৈন্যাবাসস্থানের সাধারণমতে পারিপাট্য রক্ষার্থ ও স্বাস্থ্য বিধান নিরূপণার্থ কার্য্য কর্তৃত্ব করিবার ভার তাঁহার প্রতি থাকিবে। কিন্তু তাঁহার উপর সৈন্যাবাসস্থানের কর্তৃত্বকারি সেনাপতি সাহেবের ও কান্টনমেন্ট কমিটীর সাধারণ কর্তৃত্ব থাকিবে।

[সাধারণ পারিপাট্য সংক্রান্ত কর্ম্মচারিদের কর্ত্তব্য কর্ম্মের কথা।]

৭। স্থান পরিপাটী করণার্থে যে কর্ম্মচারিগণ সাধারণমতে নিযুক্ত হন, তাঁহারদের কর্ত্তব্য কর্ম্মের মধ্যে এইং। সৈন্যসংক্রান্ত কি অন্য বিশেষ কর্ম্মকারকদ্বারা যেং বাজারের এবং সৈন্যাবাসস্থানের যেং অংশের পারিপাট্যের বিধান করা যায় নাই তাহা পরিপাটীরূপে রাখণসংক্রান্ত সকল নিয়ম নিষ্পাদন করা। রাজপথ ও রাস্তাহইতে এবং সাধারণ টাটী ও কশাইখানা ও অন্য স্থানহইতে, এবং রাজকীয় কিম্বা বিশেষ ব্যক্তির বাটীর গলিজ ও রাবিশ রাখিবার যে আধার নিরূপণ হয়, তাহাহইতে গলিজ ও রাবিশ স্থানান্তর করিয়া তাহা ফেলিবার নিরূপিত স্থানে ফেলা, এবং সাধারণের স্বাস্থ্য রক্ষা করিবার জন্যে আইনসিদ্ধ ক্ষমতাক্রমে যে সকল বিধি ও নিয়ম করা যায়, সাধারণমতে তৎসমুদয় নিষ্পাদন করা।

[কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবের সাধারণ কর্ত্তব্য কর্ম্মের কথা।]

৮। কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবের কর্ত্তব্যের মধ্যে এইং, মাসে ন্যূনকল্পে একবার সৈন্যাবাসস্থানের সকল স্থান স্বয়ং দৃষ্টি করিবেন, বিশেষতঃ স্বাস্থ্য রক্ষার জন্যে যে সকল স্থানের পরিদর্শন করা আবশ্যক তাহা দৃষ্টি করিবেন, এবং আপনার অধীন সকল কর্ম্মকারককেও তাহা পুনঃং করিতে আজ্ঞা করিবেন। এবং স্বাস্থ্য রক্ষার জন্যে যে সকল বিধি ও নিয়ম করা গিয়াছে সৈন্যাবাসস্থানের সর্ব্বখণ্ডে তাহা দৃঢ়মতে প্রবল করিবেন। ও আপনার ক্ষমতাগত যে সকল কার্য্য আবশ্যক তাহা নিষ্পাদন করিবেন, এবং যে সকল কার্য্যের উপলক্ষে উপরিস্থ কর্তৃপক্ষের অনুমতিপ্রাপ্ত হওয়া আবশ্যক সেই বিষয় সৈন্যাবাসস্থানের কর্তৃত্বকারি সেনাপতি সাহেবকে ও কান্টনমেন্টকমিটীকে অবিলম্বে জ্ঞাত করিবেন।

[কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবকর্তৃক আমলাগণের নিয়োগভৃতির কথা।]

৯। যদি অন্য প্রকারের নিয়ম না করা যায়, তবে সৈন্যাবাসস্থানের সাধারণ পারিপাট্যসম্পর্কীয় সকল কর্ম্মচারী কেবল কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞামতে নিযুক্ত হইবে ও কিয়ৎকাল কি চিরকালের নিমিত্তে কর্ম্মচ্যুত হইতে পারিবে।

[পারিপাট্যের কার্য্যার্থে সরকারী গোরু ব্যবহারের কথা।]

১০। যদি কোন স্থানে সরকারী গবাদি কোন কর্ম্মের নিমিত্তে পাওয়া যাইতে পারে এবং যে কমিসেরিয়েট কার্য্যকারক সাহেব সেই কার্য্যে নিযুক্ত থাকেন তিনি যদি বোধ করেন যে সেই কার্য্যে ঐ গবাদির ব্যব-

ment unobjectionable. The expenses of tending and feeding the cattle when thus employed will be chargeable to the Barrack Department or to the Cantonment Fund, as the case may be.

[Provision to be made for daily cleansing of streets, &c.]

11. The Cantonment Magistrate shall provide, in such manner as may be approved by the Cantonment Committee, for the daily surface cleansing of all streets, roads, and public places of every description within the limits of the Cantonment, for the daily collection and removal of all filth, refuse, and rubbish of every description, for preventing the deposit thereof in any places not especially assigned for the purpose, and for regulating the times and manner of such collection, removal, and deposit.

[Receptacles for dirt, &c., to be provided]

12. Places or fixed or moveable receptacles will be provided in such situations as the Cantonment Magistrate, with the approval of the Cantonment Committee, may appoint, in which all filth, refuse, and rubbish of every description from public or private premises, houses, or buildings, is to be periodically removed, and in which all cattle, carts, and implements required for such removal and for other purposes of conservancy, shall be kept.

[Failure of owner of premises to construct latrines and receptacles.]

13. If the owner of any house, building, or premises shall fail to cause to be constructed a latrine or latrines and to provide receptacles for the temporary deposit of dirt, filth, and refuse in the manner prescribed by these Rules, the Cantonment Magistrate may cause such latrines or receptacles to be constructed or provided at the expense of such owner, and may recover such expenses by distress and sale of his personal property.

[Manure, &c., removed at expense of Cantonment Fund to be considered public property.]

14. All filth, rubbish, filter, and manure, which shall be removed at the expense of the Cantonment Fund, shall be held to be public property, and any sum that may be realized therefrom shall be credited to the Cantonment Fund.

[Encouragement of vaccination]

15. The Cantonment Committee shall take such measures as, with the approval of the Local Government, it may consider desirable for the encouragement of vaccination among the inhabitants of the Cantonment.

[Appearance of epidemic or contagious disease.]

16. It will be the duty of all Medical Officers, and of all persons residing within the Cantonment,

হার করিবার আপত্তি নাই, তবে তাহা সেই কার্য্যেতে ব্যবহার হইতে পারিবে। তদ্রূপে যত কাল ব্যবহার হইয়া থাকে তত কাল তাহার রক্ষা করিবার ও আহারের খরচ বারিক ডিপার্টমেন্টহইতে অথবা বিষয়বিশেষে কান্টনমেণ্ট ফণ্ডহইতে দেওয়া যাইবে।

[প্রতিদিন পথাদি পরিষ্কার করিবার বিধানের কথা।]

১১। কান্টনমেণ্ট কমিটী যদ্রূপ বিধানের অনুমোদন করেন, কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত সকল রাস্তার ও পথের এবং রাজকীয় প্রত্যেক প্রকার স্থানের উপরিভাগ প্রতিদিন পরিষ্কার করণের ও সকল প্রকারের আবর্জ্জনা ও ওঁচলা ও রাবিশ প্রতিদিন সংগ্রহ ও স্থানান্তর করণের এবং তজ্জন্যে যে স্থান বিশেষমতে নির্দ্দিষ্ট থাকে তদ্ভিন্ন স্থানে তাহার নিক্ষিপ্ত না হওনের এবং ঐ সংগ্রহ ও স্থানান্তর ও নিক্ষেপ করণের সময়ের ও নিয়মের তদ্রূপ বিধান করিবেন।

[আবর্জ্জনা প্রভৃতি রাখিবার আধার করিবার কথা]

১২। রাজকীয় কি বিশেষ ব্যক্তিদের বাটীর কি ঘরের কি কোটার কোন প্রকারের সকল আবর্জ্জনা ও ওঁচলা ও রাবিশ যাহাতে রাখিয়া সময়েং স্থানান্তর করা যাইবে এমত কোন স্থান কিম্বা স্থায়ী কি অস্থায়ী আধার এবং ঐ আবর্জ্জনা প্রভৃতি স্থানান্তর করিবার ও স্থান পরিপাটী রাখিবার জন্যে যে সকল গোরু ও গাড়ী ও যন্ত্রের আবশ্যক হয় কান্টনমেণ্ট কমিটীর অনুমোদনক্রমে কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব তাহার থাকিবার স্থান নিরূপণ করিবেন।

[বাটীর স্বামী পাইখানা ও জঞ্জালের আধার না করিলে তাহার কথা।]

১৩। যদি কোন ঘরের কি কোটার কি বাটীর স্বামী এক কি অধিক পাইখানা প্রস্তুত না করান এবং এই বিধি নির্দ্দিষ্টমতে জঞ্জাল ও মল ও ওঁচলা কিয়ৎকাল রাখিবার আধার প্রস্তুত না করান, তবে কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব ঐ স্বামির খরচে ঐ পাইখানা কি আধার প্রস্তুত করাইয়া দিতে পারিবেন ও তাহার অস্থাবর দ্রব্য ক্রোক ও বিক্রয় করিয়া ঐ খরচ আদায় করিতে পারিবেন।

[কান্টনমেণ্ট ফণ্ডের খরচে যে সারাদি স্থানান্তর করা যায় তাহা রাজকীয় সম্পত্তি জ্ঞান হইবার কথা।]

১৪। কান্টনমেণ্ট ফণ্ডের খরচে যে সকল মল ও রাবিশ ও ময়লা জল ও সার স্থানান্তর করা যায় তাহা রাজকীয় সম্পত্তির মধ্যে গণ্য হইবে ও তাহা বিক্রয় করিয়া যে টাকা পাওয়া যায় তাহা কান্টনমেণ্ট ফণ্ডের হিসাবে জমা হইবে।

[গোমসূরাধানের উৎসাহদানের কথা।]

১৫। সৈন্যাবাসস্থান নিবাসিদের মধ্যে টীকা দেওন কার্য্যের উৎসাহ দানার্থ কান্টনমেণ্ট কমিটী স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে যে উপায় উপযুক্ত বোধ করেন তাহা করিবেন।

[সঞ্চারক কি স্পর্শাক্রামক রোগ প্রকাশ হইলে তাহার কথা।]

১৬। কোন সঞ্চারক কি স্পর্শাক্রামক যে রোগদ্বারা সাধারণের স্বাস্থ্যের ক্ষতি হইতে পারে তাহা প্রকাশ

to make known without delay to the Cantonment Magistrate, for the information of the Cantonment Committee, the appearance of any epidemic or contagious disease which may be dangerous to the public health.

[No general destruction of trees to be allowed.]

17. No order shall be given in the Cantonment for any general destruction of trees, on the ground of any sanitary advantages which it is supposed will follow therefrom, without the approval of the Commander-in-Chief. But this rule will not prevent the trimming, to a moderate and reasonable extent, of trees and hedges, or the removal of particular trees or portions of trees, when this is considered necessary by the Cantonment Committee.

[Public latrines and urinals to be provided.]

18. The Cantonment Committee shall cause a sufficient number of public latrines and urinals to be constructed for the use of the Native Troops, Camp-followers, and inhabitants of the Cantonment, according to such plans as may be approved by the local Government, and shall take the necessary measures for ensuring the maintenance at all times of such places in a proper state of cleanliness. Unless for special reasons, no payment shall be demanded from any person making use of a public latrine or urinal.

[Licenses to construct public latrines, &c.]

19. The Cantonment Magistrate, with the approval of the Cantonment Committee, may grant, under any conditions which the Committee prescribe a license to any person to construct a latrine or urinal for public use within the limits of the Cantonment, subject to the rules laid down in the last preceding paragraph.

[Places may be set apart for supply of drinking-water, for bathing, &c.]

20. The Cantonment Magistrate, with the approval of the Cantonment Committee, may set apart any place on the bank of any river or any tanks, reservoirs, or wells, within the limits of the Cantonment, not being private property, for the purpose of being used for the supply of drinking-water, or for the inhabitants to bathe in, or for washing animals or clothes, or for any other purpose connected with the health, cleanliness, or comfort of the inhabitants, and the Committee may make rules for regulating all matters connected with the use of water for such purposes, and for regulating the time and places of bathing for persons of each sex, making due allowance for the habits and customs of the country.

হইলেই সৈন্যাবাস স্থান নিবাসি সকল চিকিৎসকের ও সকল ব্যক্তির কর্ত্তব্য যে কান্টনমেন্ট কমিটীতে জানাইবার নিমিত্তে কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেবকে সেই কথা অবিলম্বে জ্ঞাত করেন।

[বিস্তারিতরূপে বৃক্ষ নষ্ট করিবার অনুমতি না হইবার কথা।]

১৭। প্রধান সেনাপতি সাহেব অনুমোদন না করিলে স্বাস্থ্যজনক কোন ফল উৎপাদনের আশয়ে সৈন্যাবাসস্থানের মধ্যে বিস্তারিতরূপে বৃক্ষ বিনাশের আজ্ঞা দেওয়া যাইবে না। কিন্তু কান্টনমেন্ট কমিটী যখন আবশ্যক বোধ করেন তখন উপযুক্ত ও যুক্তিসিদ্ধমতে গাছ ও বেড়া ছাঁটিয়া দিবার কিম্বা বিশেষ বৃক্ষ কি বৃক্ষের বিশেষ অংশ নষ্ট করিবার আজ্ঞা করিতে পারিবেন এই বিধিতে তাহার বাধা হইবে না।

[সাধারণের পাইখানা ও মূত্রকুণ্ড করিবার কথা।]

১৮। স্থানীয় গবর্ণমেন্ট যে আলেখ্য অনুমোদন করেন কান্টনমেন্ট কমিটী সেই আলেখ্যানুসারে সিপাহীদের ও পল্টনের অনুগামিলোকদের ও সৈন্যাবাসস্থান নিবাসিদের ব্যবহারের জন্যে যত পাইখানা ও মূত্রকুণ্ড আবশ্যক হয় তত প্রস্তুত করাইয়া তাহা সর্ব্বদাই পরিষ্কারভাবে রাখিবার প্রয়োজনমত উপায় করিবেন। যাহারা রাজকীয় পাইখানা কি মূত্রকুণ্ড ব্যবহার করে তাঁহাদের স্থানে কেবল বিশেষ হেতুতে পয়সা লওয়া যাইবে নতুবা নয়।

[রাজকীয় পাইখানা প্রভৃতি প্রস্তুত করিবার অনুমতি পত্রের কথা।]

১৯। কান্টনমেন্ট কমিটীর অনুমতি প্রাপ্ত হইলে কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব কান্টনমেন্ট কমিটীর অবধারিত কোন নিয়মানুসারে সৈন্যাবাসস্থানের সীমার মধ্যে কোন ব্যক্তিকে সাধারণের ব্যবহারার্থ পাইখানা কি মূত্রকুণ্ড প্রস্তুত করাইবার অনুমতি দিতে পারিবেন। কিন্তু ইহার পূর্ব্ব দফাতে যে বিধি আছে সেই বিধি পালন করিতে হইবে।

[খাইবার জল ও স্নানাদি করিবার স্থান নিরূপণ করিতে পারিবার কথা।]

২০। কান্টনমেন্ট মাজিষ্ট্রেট সাহেব কান্টনমেন্ট কমিটীর অনুমোদনক্রমে লোকদের খাইবার জলের নিমিত্তে কিম্বা স্নান করিবার কি পশুদিগকে নাওয়াইবার কি কাপড় কাচাইবার কিম্বা নিবাসিদের স্বাস্থ্য ও পরিষ্কৃততা ও স্বচ্ছন্দতা সংক্রান্ত কোন কার্য্যের নিমিত্তে কোন নদীতীরস্থ কোন স্থান কিম্বা সাধারণ লোকের সম্পত্তিভিন্ন সৈন্যাবাস স্থানের সীমার অন্তর্গত কোন পুষ্করিণী কি জলাশয় কি কূপ নিরূপণ করিতে পারিবেন, এবং সেই কার্য্যের নিমিত্তে যে জলের ব্যবহার হয় কমিটী দেশস্থ লোকদের রীতি ও আচারের প্রতি বিহিতমত লক্ষ্য করিয়া তৎসংক্রান্ত সকল বিষয়ের বিধান করিবেন এবং পুরুষদের ও স্ত্রীলোকদের স্নান করিবার সময়ের ও স্থানের বিধান করিবেন।

[Construction of public slaughter-houses and markets.]

21. The Cantonment Committee shall whenever it appear necessary, cause to be constructed, in accordance with such plans as, may be approved by the local Government, slaughter-houses and markets for the use of the inhabitants of the Cantonment, or may grant, under any conditions which the said Committee may prescribe, a license to any person to construct such slaughter-houses and markets, and may prohibit the slaughter of any animals for public sale in any places in which, in the opinion of the said Committee, such slaughter is objectionable, and shall take all necessary measures and lay down all necessary rules for maintaining at all times all slaughter-houses and markets in a proper state of cleanliness.

[Inspection and seizure of unwholesome food and drink.]

22. The Cantonment Magistrate and any Officers duly empowered by him may, at all reasonable times, with or without assistants, enter into and inspect any market, building, shop, stall, or place used for the sale of food or drink for man, or as a slaughter-house and may examine any food or drink or any animal which may be therein, and in case any food or drink or animal appear to be intended for the food of man and to be unfit for such food may seize the same, and if it appear to the Cantonment Magistrate, upon sufficient evidence, that such food or drink or animal is unfit for the food of man, he shall order the same to be destroyed, or to be so disposed of as to prevent its being exposed for sale or used for such food. Such arrangements shall be made by the Cantonment Magistrate and by the Cantonment Committee as will ensure a constant and vigilant inspection of all food and drink sold or offered for sale within the limits of the Cantonment.

[Burial and burning-grounds.]

23. The Cantonment Magistrate, with the sanction of the Cantonment Committee, and with the approval of the local Government, but not otherwise, may prohibit the use of any place within the limits of the Cantonment as a burial or burning ground, or, with such sanction and approval, may provide fitting places to be used for such purposes.

[Unwholesome tanks, excavations, &c., to be filled up.]

24. If it appear to the Cantonment Committee that any private tank or hole, or excavation, or low marshy ground or any waste or stagnant water

[রাজকীয় কশাইখানা ও বাজার প্রস্তুত করাইবার কথা।]

২১। কান্টনমেণ্ট কমিটী যখন আবশ্যক বোধ করেন তখন সৈন্যাবাসস্থান নিবাসিদের ব্যবহারার্থে কশাইখানা ও বাজার প্রস্তুত করাইবেন। স্থানীয় গবর্ণমেণ্ট যে আলেখ্যের অনুমোদন করেন তদনুসারে তাহা প্রস্তুত করা যাইবে। অথবা উক্ত কমিটী যে নিয়ম নির্দ্ধারণ করেন তদনুসারে কোন ব্যক্তিকে তদ্রূপ কশাইখানা ও বাজার প্রস্তুত করিবার অনুমতিপত্র দিতে পারিবেন। এবং সাধারণ লোকদের নিকটে বিক্রয় করিবার জন্যে যে পশুকে মারা যায় উক্ত কমিটীর বিবেচনায় সেই পশু মারিবার যে স্থান অনুপযুক্ত সেই স্থানে তাহা মারিতে নিষেধ করিতে পারিবেন এবং সকল কশাইখানা ও বাজার সর্ব্বদা উপযুক্তমতে পরিষ্কার থাকে ইহার যে উপায় প্রয়োজন ও যে বিধি আবশ্যক তাহাই করিবেন।

[পীড়াজনক আহারীয় ও পানীয় দ্রব্য দৃষ্টি করিয়া কাড়িয়া লইবার কথা।]

২২। কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব এবং তাহার স্থানে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক সহায়-সহকারে কি তদ্ভিন্ন উপযুক্ত সকল সময়ে কোন বাজারে কি ঘরে প্রবেশ করিয়া মনুষ্যদের আহারীয় কি পানীয় দ্রব্য বিক্রয়ার্থে যে দোকানের কি মাঁচার কি স্থানের ব্যবহার হয় কিম্বা কশাইখানাস্বরূপে যে স্থানের ব্যবহার হয় তাহা দৃষ্টি করিতে পারিবেন এবং তাহাতে যে আহারীয় ও পানীয় দ্রব্য ও যে পশু থাকে তাহা পরীক্ষা করিতে পারিবেন, এবং আহারীয় ও পানীয় যে দ্রব্য ও যে পশু মনুষ্যের আহারের অভিপ্রায়ার্থে বোধ হয় তাহা যদি আহারের অনুপযুক্ত দৃষ্ট হয় তবে তাহা কাড়িয়া লইতে পারিবেন এবং সেই আহারীয় কি পানীয় দ্রব্য কি সেই পশু মনুষ্যের আহারের উপযুক্ত নয় কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব পর্য্যাপ্ত প্রমাণক্রমে এমত জ্ঞান করিলে তাহা নষ্ট করিবার আজ্ঞা করিতে পারিবেন কিম্বা বিক্রয়ার্থে প্রকাশ না হয় কি আহারার্থে ব্যবহার না হয় এমত সদুপায় করিবেন। সৈন্যাবাসস্থানের সীমার মধ্যে আহারীয় ও পানীয় যে সকল দ্রব্য বিক্রয় করা যায় কি বিক্রয়ার্থে প্রকাশ করা যায় কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব এবং কান্টনমেণ্ট কমিটী সর্ব্বদাই সতর্কভাবে তাহার পরিদর্শন করিবার সুনিয়ম করিবেন।

[সমাধিস্থান ও শ্মশানের কথা।]

২৩। কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব কান্টনমেণ্ট কমিটীর অনুমতি এবং স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে সৈন্যাবাসস্থানের সীমার মধ্যে কোন স্থান সমাধিস্থানের কি শ্মশানের ন্যায় ব্যবহার হইবার নিষেধ করিতে পারিবেন. এবং সেই কার্য্যের নিমিত্তে উপযুক্ত স্থান নিরূপণ করিতে পারিবেন। কিন্তু কমিটীর অনুমতি ও গবর্ণমেণ্টের অনুমোদন ভিন্ন পারিবেন না।

[পীড়াজনক পুষ্করিণী ও ডোবা প্রভৃতি বুজাইয়া দিবার কথা।]

২৪। সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত সাধারণ কোন ব্যক্তির ভূমির মধ্যে কোন পুষ্করিণী কি গর্ত্ত কি ডোবা কি নিম্ন জলা ভূমি কিম্বা অকর্ম্মণ্য কি বদ্ধ

being within any private enclosure within the limits of the Cantonment, is injurious to health, or offensive to the neighbourhood, the Cantonment Magistrate may require, by notice in writing, the owner of the said premises to cleanse or fill up such tank or hole, or excavation, or to drain off and remove such stagnant water; and if the owner fail to comply with the requisition within such time as shall be specified in the said notice, the Cantonment Magistrate may cause the necessary work to be executed at the expense of the person upon whom the notice was served, and may realize such expenses by distress and sale of the personal property of the person aforesaid. Provided that if the work required be so extensive that, in the opinion of the Cantonment Committee, it is unreasonable to throw the whole expense upon the owner or occupier, a portion or the whole of the expense may be defrayed from the Cantonment Fund.

[Drain bridges to be made.]

25. When paths or roads specially leading to any private estate or premises shall cross any line of drainage, the Cantonment Magistrate, with the sanction of the Cantonment Committee, may call upon the owner of such estate or premises to provide, within a reasonable time, proper drain bridges, on designs approved by the Executive Engineer, and if the person to whom notice is so given, fail to comply therewith within such time as shall be specified in the said notice, the Cantonment Magistrate may, subject to the proviso in the last preceding paragraph, cause such drain bridges to be constructed at the expense of the person upon whom the notice was served, and may realize such expenses by distress and sale of the personal property of the person aforesaid.

[Height of boundary walls and fences to be regulated.]

26. The Officer Commanding the Cantonment, or, with the sanction of the Cantonment Committee, the Cantonment Magistrate may order that the boundary walls, hedges or fences of estates and premises in any part of the Cantonment shall not exceed a certain specified height, and if the owner or occupier of such estate or premises neglect, after due dotice has been given him, to carry out such order, the Cantonment Magistrate may order the necessary work to be performed at the expense of such owner or occupier, and may realize such expenses by distress and sale of his personal property.

[Buildings may be set back.]

27. When any building projecting beyond the regular limit of a public street has been taken down for repair, the Cantonment Magistrate,

জল প্রতিবাসিদের স্বাস্থ্যের বিঘ্নজনক কি অনিষ্টজনক কান্টনমেণ্ট কমিটী ইহা দৃষ্টি করিলে কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব ঐ ভূমির স্বামির নিকটে জ্ঞাপনপত্র লিখিয়া তাঁহাকে সেই পুকুর কি ডোবা কি গর্ত্ত পরিষ্কার করিতে কিম্বা বুজাইয়া দিতে ও সেই বদ্ধ জল সেঁচিয়া ফেলিতে ও স্থানান্তর করিতে আজ্ঞা করিতে পারিবেন। ঐ জ্ঞাপনপত্রে যে সময় নির্দ্দিষ্ট হইয়াছে যদি স্বামী সেই সময়ের মধ্যে ঐ আজ্ঞানুযায়ী কর্ম্ম না করেন, তবে যাঁহার নামে ঐ জ্ঞাপনপত্র দেওয়া গিয়াছিল কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব তাঁহার খরচে সেই কর্ম্ম সম্পাদন করাইবেন এবং সেই ব্যক্তির অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণদ্বারা ঐ খরচ আদায় করিতে পারিবেন। কিন্তু যে কর্ম্ম করিবার আজ্ঞা হয় কান্টনমেণ্ট কমিটীর বিবেচনায় যদি অতি বিস্তারিত হওয়াপ্রযুক্ত সমুদয় খরচের ভার স্বামির কি অধিকারির উপর দেওয়া অবিহিত হয় তবে কান্টনমেণ্ট ফণ্ডহইতে সেই খরচের একাংশ অথবা সমুদয় দেওয়া যাইতে পারিবে।

[নর্দ্দমার উপর সাঁকো করিবার কথা।।

২৫। যখন কোন সাধারণ ব্যক্তির সম্পত্তিতে কি বাটীতে যাইবার বিশেষ পথ নর্দ্দমার উপর দিয়া করিতে হয় তখন কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব কান্টনমেণ্ট কমিটীর সম্মতিক্রমে ঐ সম্পত্তির কি বাটীর স্বামিকে যুক্তিসিদ্ধ কালের মধ্যে নর্দ্দমার উপর সাঁকো করিতে আজ্ঞা করিবেন। সেই সাঁকোর আলেখ্য একসেকিউটিব ইঞ্জিনিয়র সাহেবের দ্বারা প্রথমে গ্রাহ্য হইবে। যাঁহাকে সেই জ্ঞাপনপত্র দেওয়া গেল তিনি যদি ঐ পত্রে নিরূপিত সময়ের মধ্যে তদনুযায়ি কার্য্য না করেন, তবে ইহার পূর্ব্ব ধারার লিখিত বিধানমতে যে জ্ঞাপনপত্র যাঁহার নামে দেওয়া গিয়াছে কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব তাঁহারই অর্থ ব্যয়ে ঐ নর্দ্দমার উপর সাঁকো প্রস্তুত করাইবেন এবং ঐ ব্যক্তির অস্থাবর সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া ঐ খরচ আদায় করিতে পারিবেন।

[প্রাচীর ও বেড়া যত উচ্চ হইবে তাহার বিধানের কথা।]

২৬। সৈন্যাবাসস্থানের কোন অংশে যে সম্পত্তি ও বাটী থাকে তাহার প্রাচীর কি বেড়া অবধারিত পরিমাণ অপেক্ষা উচ্চ না করা যায় সৈন্যাবাসের কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেব অথবা কান্টনমেণ্ট কমিটীর অনুমতিক্রমে কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব এমত আজ্ঞা করিতে পারিবেন। ঐ সম্পত্তির কি বাটীর স্বামী কি অধিকারী উপযুক্ত জ্ঞাপনপত্র প্রাপ্ত হইলে পর যদি সেই আজ্ঞাক্রমে কার্য্য না করেন, তবে কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব ঐ স্বামির কি অধিকারির খরচে সেই প্রয়োজনীয় কর্ম্ম সাধন হইবার আজ্ঞা করিতে পারিবেন এবং তাঁহার অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করিয়া ঐ খরচ আদায় করিতে পারিবেন।

[গৃহাদি পিছাইয়া দিবার কথা।]

২৭। গৃহাদির কোন অংশ রাজপথের অবধারিত সীমা লঙ্ঘন করিয়া নির্ম্মিত হইলে যখন তাহা সারাইবার জন্যে ভাঙ্গিয়া ফেলা যায় তখন কান্টনমেণ্ট

with the sanction of the Cantonment Committee, may order such building to be set back, provided that due compensation be made to the owner.

[Doors to open inwards.]

28. In any Bazar or public street within the limits of the Cantonment to which, in the opinion of the Cantonment Committee, this rule can properly be made applicable, the Cantonment Magistrate may order that all gates, door, windows, or shutters on the ground floors of any buildings shall be made so as not to open outwards, excepting where, in the opinion of the Cantonment Magistrate, no obstruction shall be caused thereby; he may also order the removal or alteration of any roof-spout which he may consider to cause obstruction or annoyance to passers-by or otherwise, if such obstruction or annoyance shall be declared to exist, and the owner of the premises shall fail to cause the required alterations to be made within a reasonable time after notice has been given to him to do so, the Cantonment Magistrate may cause such obstruction or annoyance to be removed, or may cause the required alteration to be made at the expense of such owner, and may realize such expenses by distress and sale of his personal property.

[Projections and obstructions to be removed.]

29. The Cantonment Magistrate, with the sanction of the Cantonment Committee, may give notice in writing to the owner or occupier of any house or building to remove or alter, within a reasonable time to be stated in the notice, any projection, encroachment, or obstruction which has been made in front of any building, if the same juts into, overhangs, or in any ways encroaches upon, or is an obstruction to, safe and convenient passage along any public street, or projects over any uncovered drain or sewer, or to repair any house, building, or wall, or anything affixed thereto, in any public street or thoroughfare, which is in a ruinous state, or likely to fall or in any way dangerous to the public or to passers-by. If the owner shall fail to comply with such injunction, the Cantonment Magistrate may cause the necessary work to be done at the expense of the person upon whom the notice was issued, and may realise such expenses by distress and sale of his personal property.

[Untenanted buildings to be secured or enclosed.]

30. If any building or land, by reason of abandonment, or of disputed ownership, or other cause, shall remain untenanted, and thereby become a resort of idle and disorderly persons, or otherwise become a nuisance, the Cantonment Magistrate,

কমিটীর অনুমতিক্রমে কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব সেই গৃহাদি পিছাইয়া করিবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু ইহাতে স্বামির যে ক্ষতি হয় তাহা উপযুক্ত মতে পূরণ করা যাইবে।

[দ্বার ভিতরে খুলিবার কথা।]

২৮। কান্টনমেণ্ট কমিটীর বিবেচনায় সৈন্যাবাসস্থানের সীমার অন্তর্গত যে বাজারের কি রাজপথের প্রতি এই বিধি উপযুক্তমতে বর্ত্তান যাইতে পারে কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব সেই বাজারের মধ্যে কি রাজপথের ধারে কোন ঘরের প্রথম তালার সকল খিড়কি দ্বার ও দ্বার ও খিড়কি দ্বার রাস্তার উপর না খোলে এমত নির্ম্মাণ করিতে আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু পথের উপর খুলিলেও যদি কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনায় বাধা না জন্মে, তবে তাহার পরিবর্ত্তনের আজ্ঞা করিবেন না। আরো ছাদের কোন নল হইতে জল পড়িলে যদি তাঁহার বিবেচনায় পথিক প্রভৃতির বাধা কি ক্লেশ হয়, এবং বাধা কি ক্লেশ হইয়া থাকে যদি এই কথা প্রকাশ হয়, তবে তিনি সেই নল পরিবর্ত্তন কি স্থানান্তর করিবার আজ্ঞা করিবেন। তদ্রূপ করিবার আজ্ঞাপত্র পাইলে পর উপযুক্ত সময় গত হইলেও যদি বাটীর স্বামী প্রয়োজনমতে পরিবর্ত্তন না করান, তবে কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব ঐ স্বামির খরচে ঐ বাধা কি ক্লেশজনক বিষয় স্থানান্তর করাইবেন কি প্রয়োজনমতে পরিবর্ত্তন করাইবেন এবং তাঁহার অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করিয়া ঐ খরচ আদায় করিতে পারিবেন।

[ঘরের একাংশ আগিয়া থাকাতে যদি বাধা হয় তবে তাহা স্থানান্তর করিবার কথা।]

২৯। যদি কোন ঘরের সম্মুখভাগে কোন বিষয় আগিয়া থাকে কি স্থান যোড়া করে কি বাধাজনক হয় ও তাহা যদি কোন রাজপথের উপর আগিয়া পড়ে কি ঝুলিয়া থাকে কিম্বা কোন প্রকারে রাজপথের উপর স্থান যোড়া করে এবং নিরাপদে ও অক্লেশে গমনাগমনের বাধা জন্মায় কিম্বা কোন খোলা নর্দ্দমা কি জুলির উপর আগিয়া থাকে, তবে কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব কান্টনমেণ্ট কমিটীর অনুমতিক্রমে ঐ ঘরের কি কোটার স্বামিকে কি অধিকারিকে জ্ঞাপনপত্র লিখিয়া দিয়া ঐ পত্রে যুক্তিসিদ্ধ সময় লিখিয়া দিয়া সেই সময়ের মধ্যে ঐ বিষয় স্থানান্তর যায় পরিবর্ত্তন করিবার আজ্ঞা করিতে পারিবেন। কোন রাস্তার কি অপ্রতিরোধ পথের ধারে ... ঘর কি কোটা কি প্রাচীর কি তৎসংলগ্ন যে বিষয় পতনশীল অবস্থায় থাকে এবং সাধারণ লোকদের কি পথিকদের আশঙ্কাজনক ভাবে পতন হইবার সম্ভাবনা হয় তাহাও সারাইবার আজ্ঞা করিতে পারিবেন। স্বামী যদি সেই আজ্ঞামতে কর্ম্ম না করেন, তবে ঐ জ্ঞাপনপত্র যাঁহার নামে দেওয়া গেল কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব তাঁহার খরচে প্রয়োজনমত কর্ম্ম সম্পাদন করিবেন এবং তাঁহার অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করিয়া ঐ খরচ আদায় করিতে পারিবেন।

[খালি ঘর নিরাপদে ঘেরিয়া রাখিবার কথা।]

৩০ যদি কোন ঘর কি ভূমি ত্যাগ করা যায় কিম্বা স্বামিত্বের বিবাদ হেতু কি অন্য কারণে শূন্য ও তদ্যুক্ত নিষ্কর্ম্মা ও অনিয়মিতাচারি ব্যক্তিদের আশ্রয় কি প্রকারান্তরে অনিষ্ট জন্মায়, তবে কান্টনমেণ্ট কমিটীর অনুমতিক্রমে কান্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেব ঐ [illegible]